যোগিনীতন্ত্রম্

শ্রীকালীমোহন ভট্টাচার্য্য ।

সানুবাদ

যোগিনীতন্ত্রম্।

ভগবন্ দেবাদিদেব মহাদেব প্রণীতম্।

"যদ্‌গৃহে নিবসেত্তন্ত্রং তত্র লক্ষ্মীঃ স্থিরায়তে।
রাজদ্বারে শ্মশানে চ সভায়াং রণমধ্যতঃ॥
নির্জ্জনে চ জলে ঘোরে শ্বাপদৈঃ পরিভূষিতে।
মাহাত্ম্যাত্তস্য দেবেশি চমৎকারী ভবেৎ প্রিয়ে॥

শ্রীকালীমোহন ভট্টাচার্য্য দ্বারা
সংশোধিত।

চতুর্থ সংস্করণম্।

প্রকাশক—শ্রীতারাচাঁদ দাস
৮২নং আহিরীটোলা ষ্ট্রীট,
কলিকাতা।

সন ১৩৩৩ সাল।

মূল্য দুই টাকা।

Printed by—M. N. GHOSE,

GHOSE PRESS,

38, Sibnarayan Dass's Lane, CALCUTTA.

যোগিনীতন্ত্রম্।

প্রথমঃ পটলঃ।

ওঁ নমো মহাভৈরবায়।

কৈলাসশিখরারূঢ়ং শঙ্করং পরমেশ্বরম্।
পপ্রচ্ছ গিরিজাকান্তং পার্ব্বতী বৃষভধ্বজম্ ॥১

শ্রীদেব্যুবাচ।

ভগবন্ সর্ব্বধর্ম্মজ্ঞ সর্ব্বজ্ঞানময় প্রভো।
সূচিতং যোগিনীতন্ত্রং তন্মে বদ জগদ্গুরো ॥২
মাহাত্ম্যং কীর্ত্তিতং তস্য পুরা শ্রীশৈলমন্দিরে।
বারাণস্যাং কামাখ্যায়াং নেপালে মন্দরাচলে ॥৩

মনোহর কৈলাসশিখরে গিরিজাপতি বৃষভধ্বজ পরমেশ্বর শঙ্কর উপবিষ্ট আছেন, সেই সময়ে ভগবতী পার্ব্বতী তাঁহাকে জিজ্ঞাসা করিলেন ॥ ১

হে ভগবন্! সর্ব্বধর্ম্মজ্ঞ-সর্ব্বজ্ঞানময় প্রভো! আপনি পূর্ব্বে শ্রীশৈলমন্দিরে, বারাণসীতে, কামরূপে, নেপালে ও মন্দরশৈলে যাহার মাহাত্ম্য কীর্ত্তনের সূচনামাত্র করিয়াছিলেন, সেই যোগিনীতন্ত্র আমার নিকট কীর্ত্তন করুন। হে জগদ্গুরো! তাহা শ্রবণ করিতে আমার বাসনা বলবতী হইয়াছে। ২—৩

যোগিনীতন্ত্রম্।

প্রথমঃ পটলঃ।

ওঁ নমো মহাভৈরবায়।

কৈলাসশিখরারূঢ়ং শঙ্করং পরমেশ্বরম্।
পপ্রচ্ছ গিরিজাকান্তং পার্ব্বতী বৃষভধ্বজম্॥১

শ্রীদেব্যুবাচ।

ভগবন্ সর্ব্বধর্ম্মজ্ঞ সর্ব্বজ্ঞানময় প্রভো।
সূচিতং যোগিনীতন্ত্রং তন্মে বদ জগদ্গুরো॥২
মাহাত্ম্যং কীর্ত্তিতং তস্য পুরা শ্রীশৈলমন্দিরে।
বারাণস্যাং কামাখ্যায়াং নেপালে মন্দরাচলে॥৩

মনোহর কৈলাসশিখরে গিরিজাপতি বৃষভধ্বজ পরমেশ্বর শঙ্কর উপবিষ্ট আছেন, সেই সময়ে ভগবতী পার্ব্বতী তাঁহাকে জিজ্ঞাসা করিলেন॥ ১

হে ভগবন্! সর্ব্বধর্ম্মজ্ঞ-সর্ব্বজ্ঞানময় প্রভো! আপনি পূর্ব্বে শ্রীশৈলমন্দিরে, বারাণসীতে, কামরূপে, নেপালে ও মন্দরশৈলে যাহার মাহাত্ম্য কীর্ত্তনের সূচনামাত্র করিয়াছিলেন, সেই যোগিনীতন্ত্র আমার নিকট কীর্ত্তন করুন। হে জগদ্গুরো! তাহা শ্রবণ করিতে আমার বাসনা বলবতী হইয়াছে। ২—৩

ঈশ্বর উবাচ।

শৃণু দেবি প্রবক্ষ্যামি যোগিনীতন্ত্রমুত্তমম্‌।
পাবনং পরমং ধন্যং মোক্ষৈকফলদায়কম্‌ ॥৪
গোপিতব্যং প্রযত্নেন মম ত্বং প্রাণবল্লভে।
যথান্যো লভতে নৈবং তথা কুরু প্রিয়ংবদে ॥৫
এতত্তন্ত্রং বরারোহে সুরাসুরসুদুর্ল্লভম্‌।
কাঙ্ক্ষন্তি দেবতাঃ সর্ব্বাঃ শ্রোতুং তন্ত্রমনুত্তমম্‌।
যক্ষাদ্যাঃ পরমেশানি ন তেভ্যঃ কথিতং ময়া ॥
কথয়ামি তব স্নেহাদ্বদ্ধোঽহং পরমং ত্বয়া ॥ ৬
বিদ্যুৎকান্তিসমানাভ-দন্তপংক্তিবলাকিনীম্‌ ॥
নমামি তাং বিশ্বমাতাং কালমেঘসমদ্যুতিম্‌। ৭
মুণ্ডমালাবলীরম্যাং মুক্তকেশীং দিগম্বরাম্‌। ৮

ঈশ্বর কহিলেন,—হে দেবি! মোক্ষফলপ্রদ, পরমধন্য পরমপাবন ও পর মোৎকৃষ্ট যোগিনীতন্ত্র আমি তোমাকে বলিব। হে প্রিয়ম্বদে! প্রাণবল্লভে! পরম যত্নে তোমার ও আমার এই তন্ত্রের গোপন কর্ত্তব্য এবং যাহাতে ইহা অন্যে লাভ করিতে না পারে, তুমি তাহা করিবে। হে বরারোহে! সুরা-সুরসুদুর্ল্লভ এই অনুত্তম তন্ত্র সমস্ত দেবগণই শ্রবণ করিতে বাসনা করেন। হে পরমেশ্বরি! আমি ইহা যক্ষাদিরও নিকট বলি নাই, এক্ষণে আমি তোমার পরমস্নেহপাশে আবদ্ধ, অতএব তোমার নিকট কহিতেছি শ্রবণ কর। ৪—৬।

যাহার বদনমণ্ডলে বলাকবলীতুল্য বিদ্যুৎকান্তির ন্যায় আভাযুক্ত দন্তপংক্তি শোভা পাইতেছে, যাহার দেহ মুণ্ডমালাবলীদ্বারা সুশোভিত,

লোলজিহ্বাং ঘোররাবামারক্তলোচনত্রয়াম্।
কোটিকোটিকলানাথবিগলন্মুখমণ্ডলাম্ ॥৯
অমাকলাসমুল্লাসকিরীটোজ্জ্বলমণ্ডলাম্।
শবদ্বয়কর্ণভূষাং নানামণিবিভূষিতাম্ ॥১০
সূর্য্যকান্তেন্দুকান্তৌঘপ্রোল্লাসকর্ণভূষণাম্।
মৃতহস্তসহস্রৈস্তু কৃতকাঞ্চীং হসন্মুখীম্ ॥১১
সৃক্কদ্বয়গলদ্রক্তধারাবিস্ফুরিতাননাম্।
খড়্গমুণ্ডবরাভীতিসংশোভিতচতুর্ভুজাম্ ॥১২
দন্তুরাং পরমাং নিত্যাং রক্তমণ্ডিতবিগ্রহাম্।
শিবপ্রেতসমারূঢ়াং মহাকালোপরিস্থিতাম্ ॥১৩

যিনি দিগম্বরা মুক্তকেশী, যিনি বিশ্বমাতা, বিশ্বেশ্বরী ও কালমেঘের ন্যায় কান্তিবিশিষ্টা, সেই কালীদেবীকে নমস্কার করি। ৭—৮

যিনি লোলজিহ্বাযুক্ত, যাঁহার লোচনত্রয় অলক্তকবর্ণ এবং রব ঘোরতর, যাহার মুখমণ্ডল হইতে কোটি কোটি শশধর বিগলিত হইতেছে। যাঁহার শিরোদেশে সমুজ্জ্বল কিরীটমণ্ডল উল্লসিত হইয়া শোভাবিস্তার করিতেছে; যাহার শ্রবণযুগলে শবদ্বয় বিভূষিত হইতেছে, যাঁহার অঙ্গ সকল নানাবিধ মণিদ্বারা বিভূষিত এবং সূর্য্যকান্ত ও চন্দ্রকান্ত মণি যাঁহার উল্লাসিত কর্ণভূষণ, যাঁহার কটিতট শবহস্ত সহস্র দ্বারা বিরচিত কাঞ্চীমালার ন্যায় পরিবেষ্টিত, যাঁহার মুখমণ্ডলে অট্ট অট্টহাস শোভা পাইতেছে, যাঁহার সৃক্কণীযুগল হইতে শোণিতধারা বিগলিত হইয়া মুখমণ্ডল বিস্ফুরিত করিতেছে, যাঁহার ভুজচতুষ্টয় খড়্গ মুণ্ড এবং বর ও অভয়দ্বারা সুশোভিত; যাহার বিগ্রহ শোণিতচ্ছটায়

বামপাদং শবহৃদি দক্ষিণে লোকলাঞ্ছিতম্ ।
কোটিসূর্য্যপ্রতীকাশং সমস্তভুবনোজ্জ্বলম্ ॥১৪
বিদ্যুৎপুঞ্জসমানাভোজ্জ্বলজ্জটবিরাজিতম্ ।
রজতাদ্রিনিভং দেবং স্ফটিকাচলবিগ্রহম্ ॥১৫
দিগম্বরং মহাঘোরং চন্দ্রার্কপরিমণ্ডিতম্ ।
নানালঙ্কারভূষাঢ্যং ভাস্বৎস্বর্ণতনূরুহম্ ॥
যোগনিদ্রা ধরং শম্ভুং স্মেরাননসরোরুহম্ ॥১৬
বিপরীতরতাসক্তাং মহাকালেন সন্ততম্ ॥১৭
অশেষব্রহ্মাণ্ডভাণ্ডপ্রকাশিতমহোজ্জ্বলাম্ ।
শিবাভির্ঘোররবাভির্ব্বেষ্টিতাং প্রলয়োদিতাম্ ॥১৮

মণ্ডিত, দন্তপংক্তি উচ্চ ও বিকট, যিনি শিবপ্রেতোপরি আরূঢ়া এবং মহাকালোপরি সংস্থিতা, সেই পরমা নিত্যা সনাতনী দেবীকে নমস্কার । ৯—১৩

তাঁহার বামপদ শবহৃদয়ে সংস্থিত এবং দক্ষিণ চরণ লোকলাঞ্ছিত কোটিসূর্য্যতুল্যপ্রভ সমস্ত ভুবন উজ্জ্বলকারী বিদ্যুৎপুঞ্জনিভ সমুজ্জ্বল জটাজাল মণ্ডিত রজতগিরির ন্যায় ধবল স্ফটিকাচলতুল্য, দিগম্বর, মহাঘোর দর্শন, চন্দ্র-সূর্য্য পরিভূষিত, এবং নানাবিধ ভূষণ শোভিত, প্রদীপ্ত সুবর্ণ-সদৃশ লোমরাজি বিশিষ্ট যোগনিদ্রারত, ঈষৎ হাস্যযুক্ত মুখকমল, অখিলব্রহ্মাণ্ডভাণ্ডপ্রকাশকারী মহাকাল শঙ্কর বিদ্যমান । ১৪—১৬

মহাকালের সহিত যিনি বিপরীত সুরতে আসক্তা, ঘোররাবী শিবাগণে পরিবেষ্টিতা, যিনি প্রলয়কালের ন্যায় সংহার মূর্ত্তি, যিনি নখমণ্ডল দ্বারা

কোটিকোটিশরচ্চন্দ্রন্যক্কৃতানখমণ্ডলাম্।
সুধাপূর্ণশীর্ষহস্তযোগিনীভির্বিরাজিতাম্ ॥১৯
আরক্তমুখমণ্ডাভির্ম্মদাভিরস্বগাঃ চ বৈ।
ঘোররূপৈর্ম্মহানাদৈশ্চণ্ডতাপৈশ্চ ভৈরবৈঃ ॥২০
গৃহীতশবকঙ্কালজয়শব্দপরায়ণৈঃ।
নৃত্যদ্ভির্ব্বাদনপরৈরনিশঙ্ক দিগম্বরৈঃ।
শ্মশানালয়মধ্যস্থাং ব্রহ্মাদ্যুপনিষেবিতাম্ ॥২১
অধুনা শৃণু দেবেশি তন্ত্ররাজং সুদুর্ল্লভম্।
কথয়ামি তব স্নেহান্ন প্রকাশ্যং কথঞ্চন।
অতীব স্নেহবন্ধেন ভক্ত্যা দাসোঽস্মি তে প্রিয়ে ॥২২
গুরুমূলমিদং শাস্ত্রং গুরুমূলমিদং জগৎ।
গুরুরেব পরং ব্রহ্ম গুরুরেব শিবঃ স্বয়ম্।
গুরুর্যস্য বশীভূতো দেবাস্তং প্রণমন্তি চ।২৩

কোটি কোটি শরচ্চন্দ্রকে নাক্কৃত করিতেছেন, যিনি মস্তকমণ্ডলে ও করসমূহে সুধাধারিণী আরক্তমুখমণ্ডলা ও মদমত্তা যোগিনীগণে বিরাজিতা এবং যিনি মহানাদ, ঘোররূপ প্রচণ্ড প্রতাপ দিগম্বর নিরন্তর নৃত্য-বাদ্য-নিরত শবকঙ্কালজালগ্রাহী ও জয়শব্দপরায়ণ ভৈরবনিকরে অনুগতা, শ্মশানালয়মধ্যস্থা, ব্রহ্মাদি দেবগণে পরিসেবিতা, সেই মহাকালী দেবীকে নমস্কার করি। ১৭—২১

হে দেবেশ্বরি! এক্ষণে সুদুর্ল্লভ তন্ত্ররাজ যোগিনীতন্ত্র শ্রবণ কর। হে প্রিয়ে! তোমার অতিশয় ভক্তি ও স্নেহনিবন্ধন আমি তোমার দাস, অতএব তোমার প্রতি প্রণয়বশত এই শ্রেষ্ঠ তন্ত্র তোমার নিকট কীর্ত্তন করিতেছি, কিন্তু কদাচিৎ ইহা প্রকাশ করিও না।২২

অপি ব্যাধিগলৎপাদপ্রক্ষালনজলং যদি ।
পিবেদমৃতভাবেন যঃ স দেবীপুরং ব্রজেৎ ॥২৪
সুরাং যদ্যপ্যসংস্কারাং গুর্ব্বনুজ্ঞাবিধঃ পিবেৎ ।
প্রায়শ্চিত্তং ন তত্রাপি বেদেঽপি স্থিত এব হি ॥২৫
অপি তন্ত্রবিরুদ্ধং বা গুরুণা কথ্যতে যদি ।
অথবা স্বমতং বেদৈর্ম্মহারুদ্রবচো যথা ।
সর্ব্বং গুর্ব্বাজ্ঞয়া কার্য্যং তত্ত্বস্যাগমনং বিনা ॥২৬
অদ্বৈতং দেবতৈশ্বর্য্যং ন দ্বৈতং গুরুণা সহ ।
নাদ্বৈতং প্রবতে কার্য্যং ন সমোঽস্তীহ ভুবনে ॥২৭
গুরুর্গতির্গুরুর্দ্দেবো গুরুর্দ্দেবী তথা প্রিয়ে ।
স্বর্গলোকে মর্ত্ত্যলোকে নাগলোকে চ বর্ত্ততে ॥২৮
অল্পজ্ঞো নাল্পবিজ্ঞো বা গুরুদেবঃ সদাগতিঃ ।
গুরুবদ্‌গুরুপুত্রেষু গুরুবত্তৎসুতাদিষু ॥২৯

হে দেবি ! এই শাস্ত্র গুরুমূলক এবং এই জগৎ ও গুরুমূলক ; গুরুই পরম ব্রহ্ম এবং গুরুই সাক্ষাৎ শিবস্বরূপ । গুরু যাহার বশীভূত হন, দেবতাগণ তাঁহাকে প্রণাম করিয়া থাকেন। গুরু ব্যাধিবিগলিত হইলেও যদি তাঁহার পাদ-প্রক্ষালনবারি পান করে, তবে সেই মানব দেবীপুরে গমন করিয়া থাকে। গুরুর আজ্ঞাবিধির বশবর্ত্তী হইয়া অসংস্কার সুরাপান করিলেও তাহাতে প্রায়শ্চিত্ত নাই এবং তদ্দ্বারা বেদবিধির অমর্য্যাদা হয় না। ২৩-২৫

গুরু নিজমতে যাহা ব্যক্ত করিবেন, তন্ত্রবিরুদ্ধ হইলেও তাহা বেদতুল্য এবং মহারুদ্রদেবের বাক্যতুল্য জানিবে। তত্ত্বাগম ব্যতিরেকেও গুরু

গুরুপত্নী মহেশানি গুরুরেব ন সংশয়ঃ।
গুরোরুৎচ্ছিষ্টবৎ দেবি তৎসুতোচ্ছিষ্টমেব চ।
ভোজনীয়ং ন সন্দেহো বিকারশ্চেদধোগতিঃ ॥৩০
গুরূচ্ছিষ্টং মহাদেবি ব্রহ্মাদীনাং সুদুর্ল্লভম্।
গুরূচ্ছিষ্টং তথা প্রোক্তং মহাপূতং পরাৎপরম্ ॥৩১
গুরুণা গুরুপত্ন্যা বা গুরুপুত্রেণ বা প্রিয়ে।
ভুক্তান্নং মুষ্টিমাত্রং বা যো হ্যদ্যাদ্বর্ষবিংশতি।
চিরজীবী জরারোগবিমুক্তোঽন্তে শিবো ভবেৎ ॥৩২

আজ্ঞায় সর্ব্বকার্য্যই কর্ত্তব্য। দেবতৈশ্বর্য্য অদ্বৈত, গুরুর সহিত তাহার দ্বৈতভাব নাই। অদ্বৈত, গুরুকে ও গুরুকার্য্য অতিক্রম করিতে পারে না. ত্রিভুবনে গুরুর সমান কেহই নাই। হে প্রিয়ে। স্বর্গলোকে মর্ত্ত্যলোকে ও নাগলোকে গুরুই গতি, গুরুই দেব এবং গুরুই দেবী। গুরু অল্পজ্ঞানসম্পন্নই হউন বা বহুজ্ঞানসম্পন্নই হউন, গুরু সততই গতি। হে মহেশ্বরি! গুরুপুত্র এবং গুরুপুত্রের পুত্র সকল গুরুতুল্য ভাবনা করিবে। ২৬–২৯

হে মহেশানি। গুরুপত্নী, গুরুর তুল্য তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই। হে প্রেয়সি! গুরুর উচ্ছিষ্টের ন্যায় গুরুপুত্রের উচ্ছিষ্টও ভোজনীয়, তাহাতে সন্দেহ নাই. ইহাতে বিকার জন্মিলে অধোগতি হয়। হে মহাদেবি! গুরুর উচ্ছিষ্ট ব্রহ্মাদিরও দুর্লভ, গুরুর উচ্ছিষ্ট মহাপবিত্র ও পরাৎপর বস্তু। হে প্রিয়ে! গুরু, গুরুপত্নী বা গুরুপুত্র কর্ত্তৃক দত্ত মুষ্টিমাত্র ভুক্তাবশিষ্ট অন্নও যে ব্যক্তি বিংশতি বৎসর ভক্ষণ করে, সে জরা ও ব্যাধি হইতে বিমুক্ত হইয়া চিরজীবী হয় এবং অন্তকালে শিব হইয়া থাকে. সন্দেহ নাই। ২৭—৩২।

গুরোর্বন্তিকে যদি বসেৎ পঞ্চাশদ্বর্ষমুত্তমে।
ভৈরবাচারসম্পন্নস্তৎপাদপরিচারকঃ॥
ইহ ভুক্ত্বা বরান ভোগানন্তে দেবগণো ভবেৎ॥ ৩৩
রূপযৌবনসম্পন্নৈ রুদ্রকন্যাগণৈঃ সহ।
অসৌ বিহরতি বীরো যাবচ্চন্দ্রার্কতারকম্॥৩৪
প্রাতরুত্থায় যো নিত্যং গুরৌ দণ্ডনতিঞ্চরেৎ।
তৎসুতং তত্তনয়াং বা প্রণমেদ্বিধিপূর্ব্বকম্।
স সিধ্যতি বরারোহে নাত্র কার্য্যা বিচারণা ৩৫
যত্রাশায়াং গুরোঃ স্থানং নিত্যং প্রাতশ্চ তন্মুখঃ।
গুরুং তদ্দয়িতাপুত্রপুত্রীরুদ্দিশ্য মানবঃ।
প্রণমেদ্ভক্তিসংযুক্তঃ স সিদ্ধো নাত্র সংশয়ঃ॥৩৬

হে সত্তমে! যে মানব, ভৈরবাচারসম্পন্ন এবং গুরুপাদপদ্মের পরিচারক হইয়া গুরুর সন্নিধানে পঞ্চাশৎ বৎসর বাস করে, সে ইহকালে উৎকৃষ্ট ভোগ্য সম্ভোগ করিয়া অন্তকালে দেবগণ মধ্যে গণ্য হইয়া থাকে। এবং সেই বীর, যে পর্য্যন্ত চন্দ্র সূর্য্য ও তারকা বিদ্যমান থাকে,তাবৎকাল রূপ-যৌবনসম্পন্ন রুদ্রকন্যাগণের সহিত বিহার করিয়া থাকে। হে বরারোহে! যে মানব প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া, গুরুকে, গুরুতনয়কে এবং গুরুতনয়াকে বিধিপূর্ব্বক দণ্ডবৎ প্রণাম করিয়া থাকে, সে অবশ্যই সিদ্ধ হয়, তাহাতে কিছুমাত্র সংশয় নাই। যে দিকে গুরুর স্থান, প্রতিদিন প্রাতঃকালে সেইদিকে মুখ করিয়া গুরুপত্নীকে বা তাঁহার পুত্র কন্যাকে উদ্দেশ করিয়া, যে মানব ভক্তি-সংযুক্তচিত্তে প্রণাম করে, সে ইহলোকে সিদ্ধ হয়, সন্দেহ নাই। কৈলাসই গুরুর স্থান, চিন্তামণির

গুরোঃ স্থানং হি কৈলাসং গৃহং চিন্তামণেগৃর্হম্ ।
বৃক্ষালী কল্পবৃক্ষালী লতা কল্পলতা স্মৃতা ।
জলখাতং স্বর্গগঙ্গা সর্ব্বং পুণ্যময়ং শিবে ॥৩৭

গুরুগৃহে স্থিতা দাস্যো ভৈরব্য পরিকীর্ত্তিতাঃ ।
ভৃত্যা ভৈরবরূপাশ্চ ভাবয়েন্মতিমান্ সদা ॥৩৮

প্রদক্ষিণং কৃতং যেন গুরোঃ স্থানং মহেশ্বরি ।
প্রদক্ষিণীকৃতা তেন সপ্তদ্বীপা বসুন্ধরা ॥৩৯

শ্রীদেব্যুবাচ ।

গুরুঃ কো বা মহেশান বদ মে করুণাময় ।
তত্ত্বাপ্যধিক এবায়ং গুরুস্ত্বয়া প্রকীর্ত্তিতঃ ॥৪০

গৃহই গুরুর গৃহ, কল্পবৃক্ষাবলীই গুরুর বৃক্ষাবলী, কল্পলতাই গুরুর লতা ; স্বর্গ গঙ্গাই গুরুর জলখাত, অতএব হে শিবে ! গুরুর সকলই পুণ্যময় ; মহেশ্বরি ! মতিমান্ ব্যক্তিগণ বিবেচনা করেন যে, গুরুগৃহে স্থিতা দাসীগণ ভৈরবীতুল্য, ভৃত্যগণ ভৈরবস্বরূপ, যে গুরুর স্থান প্রদক্ষিণ করে, সে ব্যক্তি সপ্তদ্বীপা বসুন্ধরা প্রদক্ষিণ করার ফলপ্রাপ্ত হয় জানিবে ॥ ৩৭—৩৯ ॥

দেবী কহিলেন,- হে মহেশান ! হে করুণাময় ! গুরু কে ? তাঁহার স্বরূপ আমার নিকট কীর্ত্তন করুন, আপনি তত্ত্বজ্ঞান হইতেও গুরুর আধিক্য কীর্ত্তন করিলেন, অতএব তাঁহার বিশেষ বিবরণ শ্রবণ করিতে বাসনা হয় ॥ ৪০

ঈশ্বর উবাচ।

আদিনাথ মহাদেবি মহাকালো হি যঃ স্মৃতঃ।
গুরুঃ স এব দেবেশি সর্ব্বমন্ত্রেঽধুনা পরঃ ॥৪১
শৈবে শাক্তে বৈষ্ণবে চ গাণপত্যে তথৈন্দবে।
মহাশৈবে চ সৌরে চ স গুরুর্নাত্র সংশয়ঃ।
মন্ত্রবক্তা স এব স্যান্নাপরঃ পরমেশ্বরি ॥৪২
মন্ত্রপ্রদানকালে হি মানুষো নগনন্দিনি।
অধিষ্ঠানং ভবেত্তস্য মহাকালস্য শঙ্করি।
অতস্তু গুরুতা দেবি হ্যমানুষী ন সংশয়ঃ ॥৪৩
মন্ত্রদাতা শিরঃপদ্মে যজ্জ্ঞানং কুরুতে গুরুঃ।
তজ্জ্ঞানং কুরুতে দেবি শিষ্যোঽপি শীর্ষপঙ্কজে ॥৪৪
অতএব মহেশানি এক এব গুরুঃ স্মৃতঃ।
অধিষ্ঠানং ভবেত্তস্য মানুষস্য মহেশ্বরি ॥
মাহাত্ম্যং কীর্ত্তিতং তস্য সর্ব্বশাস্ত্রেষু শঙ্করি ॥৪৫

ঈশ্বর কহিলেন,—হে মহাদেবি! যিনি আদিনাথ মহাকাল, তিনিই এক্ষণে পরম গুরু। শৈব, শাক্ত, বৈষ্ণব, গাণপত্য, ঐন্দব, মহাশৈব, সৌরাদি মন্ত্রে তিনিই মন্ত্রবক্তা, গুরু অপর কেহই নন, তাহাতে সন্দেহ নাই। হে পরমেশ্বরি! হে নগনন্দিনি; মন্ত্র প্রদানকালে তিনিই মানুষরূপে মন্ত্র প্রদান করেন হে শঙ্করি! তৎকালে সেই গুরুরূপে মহাকালেরই অধিষ্ঠান হইয়া থাকে। হে দেবি! এই হেতু গুরুর সমস্ত কর্ম্ম অমানুষ জানিবে, তাহাতে সংশয় নাই। শিবস্বরূপ মন্ত্রদাতা গুরু সহস্রার পদ্মে বিরাজিত। হে দেবি। শিষ্য নিজ শীর্ষ পঙ্কজে

বিশেষমনুবক্ষ্যামি মাহাত্ম্যং গুরুগোচরম্ ।
পশুমন্ত্রপ্রদানে তু মর্য্যাদা দশপৌরুষী ॥৪৬
বীরমন্ত্রপ্রদানে তু পঞ্চবিংশতিপৌরুষী ।
মহাবিদ্যাসু সর্ব্বাসু পঞ্চাশৎপৌরুষী মতা ॥৪৭
ব্রহ্মযোগপ্রদানে তু মর্য্যাদা শতপৌরুষী ।
ব্রহ্মযোগো মহাদেবি ভেরুণ্ডায়াং প্রকীর্ত্তিতঃ ॥৪৮
গুরুপাদোদকং পুণ্যং সর্ব্বতীর্থাবগাহনম্ ।
সর্ব্বতীর্থাবগাহে তু যৎ ফলং প্রাপ্নুয়ান্নরঃ ॥৪৯
তৎফলং প্রাপ্নুয়ান্মর্ত্ত্যো গুরুপাদোদকাৎ কণাৎ ।
স স্নাতঃ সর্ব্বতীর্থেষু যোঽভিষেকং সমাচরেৎ ॥৫০
পীতঃ পূতঞ্চ কুরুতে সর্ব্বপাপেভ্য এব হি ।
বিশেষতো মহামায়ে তৎক্ষণাচ্ছিবতাং ব্রজেৎ ॥৫১
গুরোঃ পদরজোশীর্ষে ধারয়েদ্যস্তু মানবঃ ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ স শিবো নাত্র সংশয়ঃ ॥৫২

সেই গুরুর ধ্যান করিবে। অতএব হে মহেশানি। গুরুই একমাত্র প্রধান জানিবে। হে মহেশ্বরি! মন্ত্রদানকালে সেই অমানুষ দেবের অধিষ্ঠান হয়। হে শঙ্করি! সেই গুরুর মাহাত্ম্য সর্ব্বশাস্ত্রেই কীর্ত্তিত হইয়াছে।৪১—৪৫

হে মহাদেবি! আমি তোমার নিকট গুরুমাহাত্ম্য বিশেষরূপে কীর্ত্তন করিয়াছি। পশুমন্ত্র প্রদানে গুরুর দশপৌরুষীমর্য্যাদা, বীরমন্ত্র প্রদানে পঞ্চবিংশতিপৌরুষী, সর্ব্বমহাবিদ্যামন্ত্র প্রদানে পঞ্চাশৎপৌরুষী, ব্রহ্মমন্ত্র প্রদানে শতপৌরুষী মর্য্যাদা জানিবে। ভেরুণ্ডাতন্ত্রে ব্রহ্মযোগ

তেনৈব রজসা দেবি তিলকং যস্তু কারয়েৎ।
চতুর্ভুজো ন সন্দেহঃ স বৈকুণ্ঠপতির্ভবেৎ ॥৫৩

তদ্রজো ভক্ষ্যতে যেন একস্মিন্ দিবসেঽপি চ।
কোটিযজ্ঞমহাফলং লভতে স ন সংশয়ঃ ॥৫৪

ইতি তে কথিতং দেবি রহস্যং গুরুগোচরম্।
গোপনীয়ং প্রযত্নেন স্বকীয়ং কুলপৌরুষম্ ॥৫৫

ইতি শ্রীযোগিনীতন্ত্রে সর্ব্বতন্ত্রোত্তমোত্তমে দেবীশ্বরসংবাদে
চতুর্ব্বিংশতিসাহস্রে প্রথমঃ পটলঃ।

পরিকীর্ত্তিত হইয়াছে। সর্ব্বতীর্থাবগাহনে যে পুণ্য, গুরুর পাদোদক পান করিলেও সেই পুণ্য হয়। সকল তীর্থে অবগাহন করিয়া মানবগণ যে ফল পায়, গুরুপাদোদকের কণামাত্র পান করিয়াই সে ফলপ্রাপ্ত হইয়া থাকে। যে নর গুরুপাদোদকে স্নান করে, তাহার এককালেই সকল তীর্থস্নানের ফলপ্রাপ্তি হয়, এবং পান করিলে সর্ব্বপাপ হইতে মুক্ত হইয়া পবিত্র হয়। হে মহামায়ে! বিশেষতঃ এই পাদোদক পানফলে সে শিবত্বলাভ করে। যে মানব, নিজ মস্তকে গুরুপাদপদ্ম ধূলি ধারণ করে, সে সর্ব্বপাপ হইতে মুক্ত হইয়া শিব তুল্য হয় সন্দেহ নাই।৪৬-৫২

হে দেবি! গুরুপদরজোদ্বারা যে তিলক করে, সে চতুর্ভুজ হইয়া বৈকুণ্ঠপতি হয়, তাহাতে সংশয় নাই। যে মানব একদিন মাত্র গুরুপাদধূলি ভক্ষণ করে, সে কোটি মহাযজ্ঞের ফললাভ করে, সন্দেহ নাই। হে দেবি! এই আমি তোমার নিকট গুরুর রহস্য কহিলাম. স্বকীয় কুলপৌরুষস্বরূপ এই গুরুতত্ত্ব গোপনীয় জানিবে।৫৩-৫৫

প্রথম পটল সমাপ্ত।

দ্বিতীয়ঃ পটলঃ।

শ্রীদেব্যুবাচ।

পরমানন্দসন্দোহ চরাচরজগদ্গুরো।
শ্রুতং তে গুরুমাহাত্ম্যং গুহ্যাৎগুহ্যতরং হি যৎ ॥১
অহঞ্চ শ্রোতুমিচ্ছামি কালীং সকলতারিণীম্।
কথিতা সা মহাবিদ্যা সিদ্ধবিদ্যা চ যামলে ॥২
মহামহাব্রহ্মবিদ্যা চামুণ্ডা তন্ত্রগোচরে।
আজ্ঞাপয় মহাদেব রহস্যং কৃপয়া শিব ॥৩

ঈশ্বর উবাচ।

মহামহাব্রহ্মবিদ্যা বিদ্যেয়ং কালিকা মতা।
যামাসাদ্য চ নির্ব্বাণমুক্তিমেতি নরাধমঃ ॥৪
অস্যা উপাসকাশ্চৈব ব্রহ্মবিষ্ণু-শিবাদয়ঃ।
রহস্যং কথ্যতে দেবি সর্ব্বলোকা উপাসকাঃ ॥ ৫

দ্বিতীয় পটল।

দেবী কহিলেন,—হে পরমানন্দসন্দোহ চরাচরজগদ্গুরো মহাদেব! আপনার নিকটে আমি গুহ্য হইতে গুহ্যতম গুরুমাহাত্ম্য শ্রবণ করিলাম। হে দেব! এক্ষণে আমি অখিলতারিণী কালিকাবিদ্যার কথা শ্রবণ করিতে অভিলাষ করিতেছি। সেই মহাবিদ্যার ও সিদ্ধবিদ্যার বিষয় যামলতন্ত্রে কথিত হইয়াছে, তন্ত্রশাস্ত্রে মহামহাব্রহ্মবিদ্যার ও চামুণ্ডার বিষয় কীর্ত্তিত হইয়াছে। হে মহাদেব! আমার প্রতি করুণাপ্রকাশ করিয়া এই কালীরহস্য কীর্ত্তন করুন। ১—৩

কালিকায়াঃ প্রসাদেন সর্ব্বে মুক্ত্যাদিভাগিনঃ ।
সা কালীনাং সহস্রাণি জপ্যানি চ হি কোটিশঃ ॥৬
তস্মাৎ সুভগো ভবতি কালীসাধনতৎপরঃ ।
কালী চ জগতাং মাতা সর্ব্বশাস্ত্রেষু নিশ্চিতা ॥৭
কালীমন্ত্রং জপেদ্ যোহি কালীপুত্রো ন সংশয়ঃ ॥৮
ত্যজসি ত্বং পরশ্চৈতং পুমাংসং পরমং ভগা ।
সদৃশত্বং ক্বচিৎকালে ত্যজসি ত্বং জগন্ময় ।
কালীবিদ্যা সমাসাদ্য ন ত্যজতি কদাচন ॥৯

ঈশ্বর কহিলেন,—এই মহামহা-ব্রহ্মবিদ্যাই কালিকাবিদ্যা ; নরাধম ব্যক্তিও এই বিদ্যাপ্রাপ্ত হইয়া নির্ব্বাণমুক্তি লাভ করিতে সমর্থ হয়। হে দেবি ! ব্রহ্মা বিষ্ণু ও শিবাদি সকলে ঐ মহামহাবিদ্যার উপাসক। হে দেবেশি ! এক্ষণে কালিকাদেবীর উপাসনা-রহস্য কহিতেছি—সকল লোকেই উপাসক হইতে পারে ; কালিকার প্রসাদে সকলেই মুক্তিভাগী হইতে পারে। সেই কালিকাবিদ্যা-মন্ত্র সহস্রবার বা কোটিবার জপ করিলে কালীসাধনতৎপর মানব সেই পুণ্যফলে ভাগ্যবান্ হয়। কালী জগতের মাতা, ইহা সকল শাস্ত্রে সুনিশ্চিত হইয়াছে। যে নর কালীমন্ত্র জপ করে, সে কালীর পুত্র তাহাতে সন্দেহ নাই। হে জগন্ময়ি ! কালীমন্ত্রতৎপর এই পরমপুরুষকে তুমিও কদাচিৎ ত্যাগ করিতে পার এবং কথনও স্বরূপত্ব ত্যাগ করিতে পার, কিন্তু কালীবিদ্যা এই পুরুষকে প্রাপ্ত হইয়া কদাচিৎ ত্যাগ করিতে পারেন না। ৪—৯।

গতং শূদ্রস্য শূদ্রত্বং ব্রাহ্মণানাঞ্চ বিপ্রতা।
মন্ত্রগ্রহণমাত্রে তু সর্ব্বে শিবসমাঃ কিল॥১০
বারাণসীং নগরীং বা গঙ্গাং প্রাপ্য যথৈব তে।
তন্মন্ত্রগ্রহণাদেব সর্ব্বে শিবসমাঃ কিল॥১১
অপি চেৎ তৎসমা নারী মৎসমঃ পুরুষোঽস্তি চেৎ।
তস্যৈব জননী ধন্যা পিতা তস্য সুরোত্তমঃ॥১২
তস্যৈব পিতরঃ স্বর্গং যান্তি যস্মাৎ সুদুর্ল্লভম্‌।
যেন ভাগ্যবশাদ্দেবি সা বা ভক্ত্যা সমাশ্রিতা॥১৩
আশংসন্তি হি পিতরো নরাণাং পুণ্যকর্ম্মণাম্‌।
কদাস্মাকং কুলে পুত্রঃ কালীমন্ত্রমুপাশ্রয়েৎ।
তদা মুক্তিপুরীং প্রাপ্য বিররাম সদৈব হি॥১৪

যদিও শূদ্রের শূদ্রত্ব এবং ব্রাহ্মণের বিপ্রত্ব গত হইয়া থাকে, তথাপি কালীমন্ত্র গ্রহণমাত্রেই তাহারা শিবতুল্য হয়। ঐ সকল শূদ্রগণ ও বিপ্রগণ বারাণসীনগরীতে বা গঙ্গাতটে যদি কালীমন্ত্র গ্রহণ করে, তবে তৎক্ষণাৎ তাহারা শিবত্ব প্রাপ্ত হয়। হে দেবি! যদি তোমার সমান নারী ও আমার তুল্য পুরুষ থাকেন, তবে তাঁহারা ঐ কালীমন্ত্ররত মানবের জননী ও জনক হইতে পারেন। এবং তাঁহার জননী ধরণীতে ধন্যা ও তাঁহার পিতা সুরোত্তম হয়েন। ১০—১২

হে দেবি! যে ব্যক্তি ভাগ্যবশে ভক্তিপূর্ব্বক কালীর আশ্রয় গ্রহণ করে, তাহার পিতৃগণ দুর্ল্লভ স্বর্গলাভ করেন। পুণ্যকারী নরগণের পিতৃগণ কামনা করেন যে, আমাদের কুলপুত্রগণ কখন কালীমন্ত্র আশ্রয় করিবে, তাহা হইলে আমরা মুক্তিপুরী প্রাপ্ত হইয়া নিত্য বিরাম উপভোগ করিব। ১৩—১৪

কালী তারা তথা ছিন্না গুরুশ্চ ভূপতিস্তথা।
একত্বেন চ বোদ্ধব্যং ভেদেন নরকং ব্রজেৎ ॥১৫
তারাশিষ্যস্ত্যজেৎ কালীং কালীশিষ্যস্তু তারিণীম্।
ছিন্নামহিষমর্দ্দিন্যোঃ কদাচিৎ পূজনং স্মৃতম্ ॥১৬
যদি বা পূজ্যতে দেবি নান্যদ্বৈ ন প্রপূজয়েৎ।
কালীত্বেন চ সংভাব্য অন্যত্র পূজয়েচ্ছিবে ॥১৭
যা কালী পরমা বিদ্যা সৈব তারা ন সংশয়ঃ।
এতয়োর্ভেদভাবেন নানামন্ত্রা ভবন্তি হি।
উক্তং তৎ কালিকাকল্পে তারাকল্পে চ তে ময়া ॥১৮

শ্রীদেব্যুবাচ।

নানাবিধানাং দেবেশ কথয়স্ব প্রিয়ংবদ।
বিশেষতো মহাদেব রহস্যং জপকর্ম্মণঃ ॥১৯

ঈশ্বর উবাচ।

বর্ণমালা শুভা প্রোক্তা সর্ব্বমন্ত্রপ্রদীপনী।
তস্যাঃ প্রতিনিধির্দ্দেবী মহাশঙ্খময়ী শুভা ॥২০

কালী এবং তারা ও অন্যান্য মহাবিদ্যা গুরু ও ভূপতি এই সকলকেই একরূপ জ্ঞান করিবে, ভেদজ্ঞান করিলে নরকে গতি হয়। কিন্তু তারাশিষ্য কালী পূজা না করিয়া তারারই এবং কালীশিষ্য তারার পূজা না করিয়া কালীরই পূজা করিবে, কদাচিৎ ছিন্না ও মহিষমর্দ্দিনীর পূজাও করিতে পারে। ১৫—১৬

হে দেবি! যদিই বা অন্য দেবতার পূজা করে তবে অপরের পূজা না করিয়া তারাকে কালীরূপে এবং কালীকে তারারূপে ভাবনা করিয়া

মহাশঙ্খং করে যস্য তস্য সিদ্ধিরদূরতঃ।
তদভাবে বীরবন্দ্যে স্ফাটিকী সর্ব্বসিদ্ধিদা ॥২১
মণিসঙ্খ্যাং মহাদেবি মালায়াঃ কথয়ামি তে।
পঞ্চবিংশতিভির্ম্মোক্ষঃ পুষ্টিস্তু সপ্তবিংশতিঃ ॥২২
ত্রিংশদ্ভির্ধনসিদ্ধিঃ স্যাৎ পঞ্চাশন্মন্ত্রসিদ্ধয়ে।
অষ্টোত্তরশতৈঃ সর্ব্বা সিদ্ধিরেব মহেশ্বরি ॥২৩

পূজা করিবে। যিনি পরমা বিদ্যা কালী, তিনিই পরমা বিদ্যা তারা, তাহাতে সংশয় নাই। এই উভয় মন্ত্রের ভেদে নানাবিধ মন্ত্র হইয়াছে। হে দেবি! আমি তোমাকে কালিকাকল্পে ও তারাকল্পে তৎসমুদায়ই কহিয়াছি। ১৭—১৮

দেবী কহিলেন,—হে দেবেশ! হে প্রিয়ম্বদ! আপনি আমার নিকট নানাবিধ বিধান প্রকাশ করুন; হে মহাদেব! বিশেষতঃ জপকর্ম্মের রহস্য আমার শুনিতে বাসনা হয়। ১৯

ঈশ্বর কহিলেন, হে দেব! কল্যাণদায়িনী বর্ণমালাই সর্ব্বমন্ত্রের উদ্দীপনকারিণী বলিয়া শাস্ত্রে উক্ত হইয়াছে। হে মহাদেবি! সেই বর্ণমালার প্রতিনিধি মহাশঙ্খময়ী মালাই মঙ্গলদায়িনী। যাহার করদেশে মহাশঙ্খমালা তাহার সিদ্ধি অদূরেই বিদ্যমান। হে বীরবন্দ্যে! তদভাবে স্ফাটিকমালাই সর্ব্বসিদ্ধিপ্রদায়িনী বলিয়া জানিবে। হে দেবি! মালার মণিসংখ্যা কহিতেছি শ্রবণ কর। পঞ্চবিংশতি সংখ্যায় মোক্ষলাভ, সপ্তবিংশতি সংখ্যায় পুষ্টিলাভ, ত্রিংশৎ সংখ্যায় ধনসিদ্ধি, পঞ্চাশৎ সংখ্যায় মন্ত্রসিদ্ধি, হে মহেশ্বরি! অষ্টোত্তরশত সংখ্যায় সর্ব্বকামনাই সিদ্ধ হইয়া থাকে। ২০—২৩

শ্রীদেব্যুবাচ।

এতৎ সাধারণং প্রোক্তং বিশেষং কামিনাং বদ ॥২৪

শ্রীশিব উবাচ।

দন্তমালা জপে কার্য্যা গলে ধার্য্যা নৃষু শুভা।
দশনৈর্যদি কর্ত্তব্যা মন্ত্রসংখ্যা তথা প্রিয়ে ॥২৫
সর্ব্বসিদ্ধিপ্রদা মালা রাজদন্তেন মেরুণা।
অন্যত্রাপি চ দেবেশি মেরুত্বেনৈবমাদিশেৎ ॥২৬
সঙ্কল্পবাক্যে যৎসংখ্যা সংখ্যা তু জপহোমযোঃ।
তৎ শৃণুষ্ব মহেশানি ক্রমেণ কথয়ামি তে ॥২৭
শতং সহস্রমযুতং লক্ষং কোটিস্তথৈব চ।
সর্ব্বত্র পরিসংখ্যেয়মবিশেষং মহেশ্বরি ॥২৮
বিশেষে তু মহেশানি বিশেষমাচরেৎ ক্বচিৎ।
শতাদিপ্রতিসংখ্যায়ামষ্টোত্তরং জপেৎ প্রিয়ে ॥২৯

দেবী কহিলেন, হে দেব! ইহা সাধারণতই কহিলেন, কাম্যকর্ম্মি-গণের পক্ষে বিশেষ করিয়া বলুন।২৪

ঈশ্বর কহিলেন—হে প্রিয়ে! জপ বিষয়ে দন্তমালা কর্ত্তব্য, তাহা গলে ধারণ করিলে মানবগণের শুভসাধিনী হয়। যদি দশন দ্বারা মন্ত্রসংখ্যা কর্ত্তব্য হয়, তবে সর্ব্ব প্রধান দন্তটিকে মেরু করিলে সেই মালা দ্বারা সর্ব্বকামনা সিদ্ধ হয়। হে দেবি! অন্য মালাতেও মেরুস্থলে সর্ব্ব প্রধান মালাটীকে গ্রহণ করিবে হে মহেশ্বরি! সঙ্কল্পবাক্য এবং জপ ও হোমে যে সংখ্যা নিরূপিত আছে তাহা ক্রমশঃ কহিতেছি শ্রবণ কর।২৫—২৭

হে মহেশানি! শত সহস্র অযুত লক্ষ ও কোটি সর্ব্বত্রই এই সাধারণ সংখ্যা নিরূপিত আছে; হে দেবি! জপ বিষয়ে কোথাও

আদ্যন্তপর্ব্বদ্বিতয়ং হিত্বা চাষ্টকপর্ব্বভিঃ।
জপান্তে চ তথা মালাং শিরসি ধারয়েত্ততঃ ॥৩০
রক্তপুষ্পার্ঘতোয়েন ঘণ্টাবাদ্যপুরঃসরম্।
দেব্যৈ সমর্পয়েদ্ধীমান্ ফলং তজ্জপকর্ম্মণঃ ॥ ৩১
সাঙ্গোপাঙ্গেন দেবেশি রহস্যং জপকর্ম্মণঃ।
উক্তং সরস্বতীতন্ত্রে তস্মাৎ জানীহি কামিনি ॥৩২
করমালা মহেশানি শিবশক্তিক্রমেণ চ।
শৃণুষ্ব পরমেশানি সর্ব্বমন্ত্রপ্রসিদ্ধয়ে ॥৩৩
অনামামধ্যমারভ্য কনিষ্ঠাদিত এব চ।
তর্জ্জনীমূলপর্য্যন্তং প্রজপেদ্দশপর্ব্বভিঃ ॥ ৩৪
মধ্যমামূলে পর্ব্বণি মেরুত্বেন সমাচরেৎ।
অষ্টোত্তরং জপেদ্দেবি আদ্যন্তদ্বিতয়ং ত্যজেৎ।

বিশেষ এই যে, শতাদি সংখ্যায় অষ্টসংখ্যা অধিক জপ করিতে হয়। আদি ও অন্ত এই পর্ব্বদ্বয় পরিত্যাগ পূর্ব্বক অষ্ট পর্ব্বদ্বারা জপ করিতে হয়। জপান্তে মালা একবার মস্তকে ধারণ কর্ত্তব্য। ২৮—৩০

হে দেবি! ধীমান্ ব্যক্তি রক্তপুষ্পযুক্ত অর্ঘ্য কিঞ্চিৎ জলের সহিত ঘণ্টা বাদ্য সহকারে জপকর্ম্মের ফল দেবীকে সমর্পণ করিবে। হে দেবেশি! জপকর্ম্মের সাঙ্গোপাঙ্গ রহস্য সরস্বতীতন্ত্রে উক্ত হইয়াছে, তাহা হইতে অবগত হইবে। হে মহেশানি! হে পরমেশ্বরি! সর্ব্বমন্ত্র সিদ্ধির নিমিত্ত শিব ও শক্তিক্রমে করমালার বিবরণ শ্রবণ কর। ৩০—৩৩

অনামিকার মধ্যপর্ব্ব হইতে আরম্ভ করিয়া কনিষ্ঠাদিক্রমে তর্জ্জনীর মূল পর্য্যন্ত দশ পর্ব্বদ্বারা জপ করিবে। মধ্যমার মূলপর্ব্ব মেরুতস্বরূপে বিবেচনা করিবে। হে দেবি! অষ্টোত্তরজপকালে আদ্য ও অন্ত এই

শিবমালা সমাখ্যাতা শক্তিমালাং শৃণুষ্ব মে ॥৩৫
অনামামধ্যমারভ্য কনিষ্ঠাদিক্রমেণ চ ।
মধ্যমামূলপর্য্যন্তং প্রজপেদ্দশপর্ব্বসু ॥৩৬
তর্জ্জনীদ্বিতয়ং পর্ব্ব তর্জ্জন্যাঃ পরমেশ্বরি ।
মেরুং জানীহি দেবেশি তদ্দ্বয়ং ন স্পৃশেৎ ক্বচিৎ ॥৩৭
অষ্টোত্তরজপে পর্ব্ব আদ্যন্তদ্বিতয়ং ত্যজেৎ ।
নিত্যং জপং করে কুর্য্যাৎ ন তু কাম্যং কদাচন ।
কাম্যমপি করে কুর্য্যান্মালাভাবে চ মৎ প্রিয়ে ॥৩৮
নিত্যকর্ম্মার্চ্চিতজপো নিত্যজাপঃ স ঈরিতঃ ।
স্নানং সতর্পণং হোমো বলিস্তৃপ্তিশ্চ নিত্যভাক্ ॥৩৯
অনুলোমবিলোমেন সর্ব্বমালাসু সংজপেৎ ।
কেবলঞ্চানুলোমেন প্রজপেৎ করমালয়া ॥৪০

দুইটী পরিত্যাগ করিবে। শিবমালা কহিলাম এক্ষণে শক্তিমালা শ্রবণ কর। ৩৪—৩৫

অনামিকার মধ্যপর্ব্ব হইতে আরম্ভ করিয়া কনিষ্ঠাদিক্রমে মধ্যমার মূলপর্য্যন্ত দশপর্ব্ব দ্বারা জপ করিবে। হে পরমেশ্বরি! তর্জ্জনীর পর্ব্বদ্বয় মেরু স্বরূপ জানিবে, সেই দুইটী কদাচ স্পর্শ করিবে না। অষ্টোত্তর জপকালে আদ্য ও অন্তপর্ব্ব পরিত্যাগ করিবে। নিত্য জপ করে করাই কর্ত্তব্য, কিন্তু কাম্যজপ করদ্বারা কর্ত্তব্য নহে। হে প্রিয়ে! কিন্তু মালাভাবে কাম্যজপ করদ্বারা করাও করা যাইতে পারে। নিত্যকর্ম্মে যে জপ কর্ত্তব্য, তাহাই নিত্যজপ বলিয়া কথিত হয়। স্নান, তদঙ্গ তর্পণ, হোম, বলি ও তর্পণ এই সকল নিত্য কর্ম্ম বলিয়া অভিহিত হইয়াছে। সকল মালাতেই অনুলোম ও বিলোম দ্বারা জপ কর্ত্তব্য। করমালায় কেবল অনুলোমক্রমেই জপ করিবে।৩৬—৪০

পুমন্ত্রং প্রজপেদ্দেবি শিবসম্ভবমালয়া।
শক্তিমন্ত্রং জপেদ্দেবি শক্তিসবম্ভমালয়া ॥৪১

চন্দ্রমন্ত্রং জপেদ্দেবি করেণ শক্তমালয়া।
সাবিত্রীং প্রজপেদ্দেবি করেণ শিবমালয়া ॥৪২

সাবিত্রীজপনে শস্তা সর্ব্বদা করমালয়া।
স্ফাটিকী মৌক্তিকী কৌষী শস্তাপি শঙ্খসম্ভবা ॥৪৩

বৈষ্ণবে তুলসীমালা গজদন্তৈর্গণেশ্বরে।
ত্রিপুরাজপনে শস্তা রুদ্রাক্ষৈ রক্তচন্দনৈঃ ॥৪৪

শ্মশানধুস্তুরবীজৈঃ শস্তা ধূমাবতীজপে।
করপর্ব্বসমুদ্ভূতা নাড়্যা সংগ্রথিতা সতী ॥৪৫

শস্তা চ বগলামুখ্যাঃ সত্যং সত্যং মহেশ্বরি।
অসঙ্কল্পিতে চ যন্ন্যূনাধিকমথাপি বা ॥৪৬

হে দেবি! শিবমালা দ্বারা পুংমন্ত্র এবং শক্তিমালা দ্বারা শক্তিমন্ত্র জপ কর্ত্তব্য। হে দেবি! চন্দ্রমন্ত্র কর দ্বারা শক্তি মালায় করিবে। ও সাবিত্রীমন্ত্র কর দ্বারা শিবমালায় জপ করিবে। সাবিত্রী মন্ত্রজপে করমালা অথবা স্ফাটিকী, মৌক্তিকী, কৌষী এবং শঙ্খসম্ভবা মালাও প্রশস্ত। ৪১—৪৩

বৈষ্ণবমন্ত্র জপে তুলসীমালা এবং গণপতি মন্ত্রজপে গজদন্ত রচিত মালাই প্রশস্ত। রুদ্রাক্ষ ও রক্তচন্দন নির্ম্মিত মালা ত্রিপুরাজপে এবং ধূমাবতী মন্ত্র জপে শ্মশানজাত ধুস্তুরমালাই প্রশস্ত হয়। হে মহেশ্বরি! নর-করপর্ব্ব নির্ম্মিত মালা নাড়ীদ্বারা গ্রথিতা হইয়া বগলামুখীমন্ত্র জপে প্রশস্ত

ন সম্যক্ ফলভাগ্ ভূয়াৎ তস্মান্নিয়মাচরেৎ ॥৪৭
তাম্রপাত্রং সদূর্ব্বঞ্চ সতিলং জলপূরিতম্।
সকুশং সফলং দেবী গৃহীত্বাচম্য কল্পতঃ ॥৪৮
অভ্যর্চ্চ্য চ শিরঃপদ্মে শ্রীগুরুং করুণাময়ম্।
যক্ষাশাবদনো বাপি দেবেন্দ্রবদনোঽপি বা ॥৪৯
মাসং পক্ষং তিথিঞ্চৈব দেবপর্ব্বাদিকন্তথা।
আদ্যন্তকালমুচ্চার্য্য গোত্রং নাম চ কামিনাম্।
ক্রিয়াদ্বয়ং করিষ্যেঽহমৈশান্যামুৎসৃজেৎ পয়ঃ ॥৫০
চান্দ্রঃ সৌরস্তু সর্ব্বত্র চান্দ্রঃ স্যাত্তিথিচোদনে।
চান্দ্রোঽপি মুখ্যঃ সর্ব্বত্র গৌণস্তু ক্রূরকর্ম্মণি ॥৫১

হয়। হে দেবি! ইহা আমি তোমাকে সত্য করিয়া কহিলাম। সঙ্কল্প না করিয়া যে জপ, অথবা নিয়মিতের ন্যূন্যাধিক করিয়া জপ, তাহাতে সম্যক্ ফলভাগী হয় না, সেই হেতু নিয়ম-বন্ধন পূর্ব্বক জপ করিবে। ৪৪—৪৭

সতিল, সদূর্ব্বাদল, সকুশ ও ফল সহিত জলপূরিত তাম্রপাত্র গ্রহণ-পূর্ব্বক বিধি অনুসারে আচমন এবং শিরঃপদ্মে করুণাময় গুরুর অর্চ্চনা করিয়া কৌবেরী অর্থাৎ উত্তরদিক বা দেবেন্দ্রাশয় অর্থাৎ পূর্ব্বদিকে মুখ করিয়া মাস, পক্ষ, তিথি ও দেবপর্ব্বাদি এবং আদ্যন্ত কাল এবং যজমানের গোত্র ও নাম উচ্চারণ পূর্ব্বক, "আমি ক্রিয়াজপ করিব" এই বলিয়া ঈশানকোণে নিক্ষেপ করিবে ৪৮—৫০।

হে মহেশানি! চান্দ্র ও সৌরকাল উভয়ই প্রশস্ত, কিন্তু তিথি ঘটিত ক্রিয়ায় চান্দ্রকাল সর্ব্বত্র মুখ্য, কিন্তু ক্রূরকর্ম্মে সৌরই মুখ্য হয়। ঋণদানে ও ঋণগ্রহণে এবং পুষ্যাদি নক্ষত্র ঘটিত কার্য্যে নাক্ষত্রিক মাস উক্ত

ঋণদানে তথাদানে পৌষ্ণপর্ব্বাদিষু প্রিয়ে।
মাসো নাক্ষত্রিকঃ প্রোক্তঃ সাবনো বর্ষপর্ব্বণি ॥৫২
এবং যুগে যুগে প্রোক্তঃ কলৌ সৌরস্তু সর্ব্বতঃ ॥
সৌরে মাসি শুভা দীক্ষা ন চান্দ্রে ন চ তারকে ॥
ন সাবনো মহেশানি যস্মাৎ সা বিফলা ভবেৎ ।৫৩
ক্রিয়াবতী বেদময়ী চান্দ্রমাসেঽপি শস্যতে ॥
শুক্লপক্ষে শুভং সর্ব্বমশুভঞ্চ সিতেতরে ।৫৪
প্রাতঃকালং সমারভ্য যাবন্মধ্যংদিনং রবেঃ।
তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত যঃ সম্যক্ ফলমীহতে ॥৫৫
ক্রূরকর্ম্মাণি কুর্ব্বীত শেষেঽপি পরমেশ্বরি।
গতে তু প্রথমে যামে তৃতীয়প্রহরাবধি ॥৫৬
কালো নক্তং জপস্যোক্তং পূজাকালমিতি শৃণু।
অর্দ্ধযামে গতে নক্তং অর্দ্ধযামে স্থিতে সদা।

হয়, আর বৎসর ঘটিত কার্য্যে সাবন মাস গৃহীত হইয়া থাকে। এইরূপে ক্রিয়াভেদে মাসভেদ যুগে যুগে উক্ত হয়। বিশেষতঃ কলিযুগে সর্ব্বত্রই সৌরমাস উক্ত হইয়া থাকে। সৌরমাসে দীক্ষা কল্যাণদায়িনী হয়, কিন্তু চান্দ্র বা নাক্ষত্রিক কিম্বা সাবনমাসে দীক্ষা কর্ত্তব্য নহে, ঐ সকল সময়ে দীক্ষা গ্রহণ করিলে তাহা বিফল হইয়া থাকে। ৫০—৫৩

বেদময়ী ক্রিয়া চান্দ্রমাসেও প্রশস্ত, কিন্তু শুক্লপক্ষ সর্ব্বত্রই শুভ এবং কৃষ্ণপক্ষ সর্ব্বত্র অশুভ জানিবে। যে ব্যক্তি সম্যক্ ফল কামনা করে, সে প্রাতঃকাল হইতে আরম্ভ করিয়া রবির মধ্যাহ্ন পর্য্যন্ত কর্ম্মই করিবে। হে পরমেশ্বরি! ক্রূরকর্ম্ম অতঃপরও করিতে পারিবে। প্রথম

পূজাকালো ভবেদ্‌যামশ্চতুর্ব্বর্গপ্রদঃ সদা ॥৫৭
শ্লিষ্টে দ্বে ঘটিকে যে তু রাত্রের্মধ্যমযাময়োঃ।
সা মহারাত্রিরুদ্দিষ্টা তৎকৃতমক্ষয়ং ফলম্ ॥৫৮
যদ্‌যজ্জপ্তং হুতং যদ্‌যৎ কৃতঞ্চ মোক্ষসাধনম্।
তৎসর্ব্বমক্ষয়ং যাতি তথানন্তায় কল্প্যতে ॥৫৯
ন নক্তং বৈষ্ণবে সৌরে মহাসৌরে চ পৈতৃকে।
মধ্যাহ্নং চ বিনা দেবি শশাঙ্কগ্রহণাদ্বিন।
দীক্ষা কার্য্যা প্রযত্নেন শুক্লপক্ষ বিভেদতঃ ॥৬০
মুক্তিকামঃ কৃষ্ণপক্ষে ভুক্তিকামঃ সিতে তথা।
ভুক্তিকামে চ কর্ত্তব্যঃ কৃষ্ণে আ পাঞ্চমাদ্দিনাৎ ॥৬১
শুভকালে শুভং সর্ব্বমশুভঞ্চাত্তিভিশ্চরেৎ।
উপরাগে মহাতীরে কালদোষো ন বিদ্যতে ॥৬২

প্রহরের পর তৃতীয় যাম পর্যন্ত ক্রূর কার্য্যের প্রশস্ত কাল উক্ত হয়, জপের প্রশস্ত কাল রাত্রি, এক্ষণে পূজাকাল শ্রবণ কর। রাত্রির অর্দ্ধযাম গত হইলে অর্দ্ধযাম স্থিতিপর্যন্ত পূজাকাল উক্ত হয়। এই কালে পূজা করিলে চতুর্বর্গ প্রাপ্ত হয়, সন্দেহ নাই। রাত্রির মধ্যযামের শেষ দুই দণ্ডের নাম মহারাত্রি। মহারাত্রিতে যে কর্ম্ম করা যায়, তাহা অক্ষয় ফলজনক হয়। এই মহারাত্রিকালে কৃত জপ, হোম প্রভৃতি যাবতীয় ক্রিয়া মোক্ষসাধক, অক্ষয় ফলদ ও অনন্ত পুণ্যফল প্রদান করিয়া থাকে। ৫৪—৫৯

বৈষ্ণবকর্ম্ম, রাত্রিকালে কর্ত্তব্য নয়। সৌরকর্ম্ম ও মহাসৌরকর্ম্ম এবং পৈত্রকর্ম্ম মধ্যাহ্নে কর্ত্তব্য। হে দেবি! চন্দ্র সূর্য্য গ্রহণে দীক্ষা প্রশস্ত। শুক্ল ও কৃষ্ণপক্ষভেদে দীক্ষাকার্য্য কর্ত্তব্য। মুক্তিকামী ব্যক্তি কৃষ্ণপক্ষে

বারাণস্যাং বিশেষেণ সর্ব্বদা সর্ব্বমাচরেৎ।
সদা কৃতযুগস্তত্র সর্ব্বদা উত্তরায়ণম্‌॥ ৬৩
অবিশেষং দিবারাত্রৌ সন্ধ্যায়াঞ্চ মহানিশি।
প্রত্যক্ষং দৃশ্যতে বহ্নৌ মূর্ত্ত্যাবর্ত্তে পুনঃ শিবে।
কাশ্যাঞ্চ নোদেতি কদা সন্ধিযোগো বরাননে। ৬৪
দ্বিত্রিভ্যাং ক্রোশতঃ কাশী পঞ্চক্রোশী ভবান্তরে॥
আয়ামপ্রস্থতো দেবি নিত্যেয়ং নিত্যদা শুভা॥ ৬৫
ইয়ং নির্ব্বাণনগরী পরং জ্যোতির্ম্ময়ী শিবে।
ব্রহ্মাণ্ডং স্থাপয়েত্তত্র সকূটং বস্তুমানবম্‌॥ ৬৬
যত্র ভ্রমণতো দেবি স নির্ব্বাণ মবাপ্নুয়াৎ।
সর্ব্বস্বেনাপি কর্ত্তব্যং বারাণস্যাং দ্বিজার্পণম্‌॥ ৬৭

এবং ভুক্তিকামী ব্যক্তি শুক্লপক্ষে, দীক্ষা গ্রহণ করিবে। ভুক্তিকামীও কৃষ্ণপক্ষে দীক্ষা গ্রহণ করিতে পারে, কিন্তু তাহার কাল পঞ্চমী পর্য্যন্ত। শুভকালে কার্য্য করিলেই সকলই শুভ হয়। আতুর ব্যক্তি অশুভ কালেও করিতে পারে। গ্রহণকালে ও মহাতীর্থে কালদোষ নাই. বিশেষতঃ বারাণসীতে সর্ব্বদাই সর্ব্বকর্ম্মের অনুষ্ঠান করিবে। তথায় সততই সত্যযুগ এবং সর্ব্বদাই উত্তরায়ণ। তথা দিবা, রাত্রি সন্ধ্যা ও মহানিশা এ সকল তথায় অবিশেষে গৃহীত হইয়া থাকে। হে শিবে! তথায় বহ্নিতে ও জলে মূর্ত্তি প্রত্যক্ষ দৃষ্ট হয়। হে বরাননে! নিত্যশুভ কাশীতে কখন সন্ধি যোগাদির আদর দেখা যায় না। দুই তিন ক্রোশ ব্যাপিয়া কাশীর অবস্থান; তদ্‌ভিন্ন দীর্ঘ প্রস্থে পাঁচ ক্রোশ (পঞ্চক্রোশী) জানিবে। হে দেবি! এই কাশী নিত্যা ও নিত্যকাল শুভদায়িনী। হে শিবে! এই কাশী নির্ব্বাণনগরী এবং পরমজ্যোতির্ম্ময়ী। ইহাতে

বারাণস্যাং দ্বিজস্থানং ব্রহ্মযোগারতিস্তথা ।'
নিষ্কামো কর্ম্মবন্ধশ্চ সর্ব্বং নির্ব্বাণকারণম্ ॥৬৮
গঙ্গাদিমুক্তিক্ষেত্রাদৌ জ্ঞানযোগাদিভিস্তথা ।
মৃতং পূতং নয়েৎ কাশ্যাং মুক্তো মমোপদেশতঃ ॥৬৯
ন বাসোঽন্যত্র মে যস্মান্ন মুক্তিঃ কাশিকাং বিনা ।
তত্র যদ্‌যৎ কৃতং কর্ম্ম তদনন্তফলং লভেৎ ॥৭০
অক্ষয়ং হি ভবেৎ সর্ব্বং দৃঢ়াসিদ্ধিমবাপ্নুয়াৎ ।
তত্র সাংযোগিকং পুণ্যং তত্র চৈব বিমুচ্যতে ॥৭১
তত্রাহং তৎস্বরূপেণ পুষ্যামি নান্যথা শিবে ।
স্বল্পত্বে তিথিকালত্বে ক্রিয়াকালগতির্ভবেৎ ।
কালে খলু সমারভ্য অকালেঽপি সমাপয়েৎ ॥৭২

পর্ব্বত মানব প্রভৃতি সর্ব্ব বস্তুর সহিত ব্রহ্মাণ্ড সংস্থাপিত আছে। ইহাতে ভ্রমণ করিলে নরগণ নির্ব্বাণ মুক্তিপ্রাপ্ত হয়। বারাণসীতে সর্ব্বস্ব দান করিয়াও দ্বিজগণের সন্তোষ বিধান কর্ত্তব্য। বারাণসীতে ব্রাহ্মণ প্রতিষ্ঠা ব্রহ্মযোগ জনক। এখানে নিষ্কামকর্ম্মে নির্ব্বাণমুক্তি হইই, কাশীতে সকাম কর্ম্মও নির্ব্বাণ কারণ। গঙ্গাদি মোক্ষপ্রদ ক্ষেত্রাদিতে জ্ঞানাদিযোগেতে মুক্তি পায়; কিন্তু আমার আদেশে কাশীমৃত ব্যক্তিমাত্রকেই পবিত্র করিয়া মুক্তি প্রদান করে। কাশীতে আমার বাস, কাশী ব্যতিরেকে কেহই মুক্তিদানে সমর্থ হয় না। তথায় যে যে কর্ম্ম করা যায়, তদ্দ্বারা অনন্ত ফললাভ করিতে পারা যায়। কাশীতে কৃত সকল কর্ম্মই অক্ষয় হয়, কাশীতেই দৃঢ়সিদ্ধি প্রাপ্ত হওয়া যায়। হে শিবে! সেই স্থানেই সাংযোগিক পুণ্য, সেই স্থানেই মুক্তি, সেই স্থানেই আমি তদ্‌ব্রহ্মরূপে পুষ্ট হই, তাহাতে অন্যথা নাই। যদি

সন্ধ্যায়াং পতিতায়ান্তু গায়ত্রীং দশধা জপেৎ।
ততঃ কালোচিতাং সন্ধ্যাং কৃত্বা কর্ম্ম সমাপয়েৎ ॥৭৩
ইত্যেবং কথিতং তুভ্যং যৎ পৃষ্টং গিরিসম্ভবে।
ইতঃ পরতরং কিঞ্চিৎ তদ্ ব্রূয়াস্তব মানসে ॥৭৪

ইতি শ্রীযোগিনীতন্ত্রে সর্ব্বতন্ত্রোত্তমোত্তমে দেবীশ্বর সংবাদে চতুর্বিবংশতিসাহস্রে দ্বিতীয়ঃ পটলঃ।

তিথিকাল স্বল্প থাকে এবং সেই কাল মধ্যে ক্রিয়া সমাপ্তি অসম্ভব হয়, তবে কালে আরম্ভ করিয়া অকালে সমাপন করিলে তাহাতে দোষস্পর্শ হয় না। সন্ধ্যা পতিতা হইলে দশবার গায়ত্রী জপ করিবে; তদনন্তর কালোচিতা সন্ধ্যা করিয়া কর্ম্ম সমাপন কর্ত্তব্য। —হে গিরিনন্দিনি! তুমি যাহা জিজ্ঞাসা করিয়াছিলে, তৎসমুদায় কহিলাম, ইহার অধিকতর যাহা তোমার মানসে বিদ্যমান থাকে, তাহা প্রকাশ করিয়া বল। ৬০—৭৪

দ্বিতীয় পটল সমাপ্ত।

তৃতীয়ঃ পটলঃ

শ্রীদেব্যুবাচ।

ভগবন্ প্রমথাধীশ দেবদেব জগদ্গুরো।
যুদ্ধস্য বারণং দেব জ্বরাদিবারণং তথা ॥১
ক্ষিপ্রং ভবেৎ কথং নাথ কৃপয়া পরমং বদ।
নাশুত্রাতা চ জগতাং ত্বাং বিনা পরমেশ্বর ॥২

শ্রীঈশ্বর উবাচ

কথয়ামি তব স্নেহাৎ কবচং বারণং মহৎ।
যুদ্ধস্য চ জ্বরাদেশ্চ ক্ষিপ্রং হি নগনন্দিনি।
প্রাকৃতেনৈব বাক্যেন কথয়ামি শৃণুষ্ব তৎ।৩

"ওঁ নমো ভগবতি বজ্রশৃঙ্খলে হন্ত ভক্ষতু খাদতু অহো রক্তং পিব কপালেন রক্তাক্ষি রক্তপটে ভস্মাঙ্গি ভস্মলিপ্তশরীরে বজ্রায়ুধপ্রকারনিচিতে পূর্ব্বাং দিশং বন্ধতু, দক্ষিণাং দিশং বন্ধতু, পশ্চিমাং দিশং বন্ধতু' নাগার্থং ধনায় গ্রহনক্ষত্রান্ বন্ধতু, নাগপতিং বন্ধতু, যক্ষরাক্ষসপিশাচান্ বন্ধতু, প্রেতভূতগন্ধর্ব্বা যে যে কেচিৎ পুত্রিকাস্তেভ্যো রক্ষতু, ঊর্দ্ধং রক্ষতু, অধো রক্ষতু, স্বনিকাং বন্ধতু, জলমহাবলে এহ্যেহি তুলোটিলেষ্টিশতাবলিবজ্রাগ্নিব্রজপ্রকারে হুং ফট্ হ্রাঁ হ্রীঁ শ্রীঁ ফট্ হুঁ ঔঁ ক্রঁ [illegible] সর্ব্বগ্রহেভ্যঃ সর্ব্বজন্তোপদ্রবেভ্যো হ্রীঁ অশেষেভ্যো মাং রক্ষতু"।৪

ইতীদং কবচং দেবি সুরাসুরসুদুর্লভম্।
গ্রহজ্বরাদিভূতেষু সর্ব্বকর্ম্মসু যোজয়েৎ ॥৫

ন দেয়ং যত্র কুত্রাপি কবচং মন্মুখাচ্চ্যুতম্।
দত্তে চ সিদ্ধিহানিঃ স্যাদ্ যোগিনীনাং ভবেৎ পশুঃ ॥৬
দদ্যাচ্ছান্তায় ধীরায় সৎকুলীনায় যোগিনে।
সদাচারপ্রসক্তায় নির্জ্জিতাশেষশত্রবে ॥৭

শ্রীদেব্যুবাচ।

শ্রুতং হি কবচং দিব্যং ত্বন্মুখাম্ভোজনির্গতম্।
ইদানীং শ্রোতুমিচ্ছামি জগদ্বশ্যকরং পরম্ ॥৮

তৃতীয় পটল।

দেবী কহিলেন, হে ভগবন্! প্রমথাধীশ দেবদেব জগদ্গুরো শঙ্কর! যুদ্ধের বারণ এবং জ্বরাদি বারণ কিরূপে সত্বর সম্পাদিত হয়, তাহা আমার নিকট বিশেষ কৃপা প্রদর্শন পূর্ব্বক প্রকাশ করুন। হে নাথ! হে পরমেশ্বর! আপনি ভিন্ন জগতের আশু ত্রাণকর্ত্তা কেহই নাই। ১ - ২

ঈশ্বর কহিলেন,—হে নগেন্দ্রনন্দিনি! আমি তোমার প্রতি স্নেহবশতঃ যুদ্ধের এবং জ্বরাদির আশুনিবারণ মহৎ কবচ কহিতেছি। তাহা অতি সহজ বাক্যেই বলিব শ্রবণ কর। ৩

হে দেবি! [মূলের লিখিত মন্ত্রই কবচ] এই কবচ সুরাসুরদুর্লভ। ইহা গ্রহজ্বরাদি ও ভূতগণের পীড়া প্রভৃতি সর্ব্বকার্য্যেই প্রযোজ্য। হে শিবে! আমার মুখবিনির্গত এই কবচ যাকে তাকে প্রদান করা কর্ত্তব্য নয়, দিলে সিদ্ধি হানি হয় এবং সেই ব্যক্তি যোগিনীগণের পশু হইয়া থাকে। ইহা শান্ত ধীর সৎকুলজ, যোগী, সদাচারনিরত, এবং শত্রুজয়ীজনকে প্রদান করিবে। ৪ ৭

দেবী কহিলেন—হে দেব! আপনার মুখপদ্ম-বিনির্গত দিব্য কবচ শ্রবণ করিলাম, এক্ষণে উৎকৃষ্টতর জগদ্বশ্যকর কর্ম্মাদি শ্রবণ করিতে অভিলাষ করি। ৮

ঈশ্বর উবাচ।

শৃণু দেবি প্রবক্ষ্যামি জগন্মোহকরং মহৎ।
নারদেন পুরা পৃষ্টং ময়ি কৈলাসমূর্দ্ধনি।
কথিতং কবচং তস্মৈ সর্ব্বমোহকরং ময়া ॥৯
তেনৈব কবচেনৈব নারদো ব্রহ্মসম্ভবঃ।
মোহয়ামাস ত্রৈলোক্যং ভিত্ত্বা হি কলহপ্রিয়ঃ ॥১০
তদসম্ভবমালোক্য বিষ্ণুরাহ বিধেঃ সুতম্।
কথং বা মোহিতং সর্ব্বং বদ মে কারণং মুনে ॥
তৎসর্ব্বমভবদ্বিষ্ণৌ বিষ্ণুরাহ সমুদ্রজাম্ ॥১১
কৈলাসশিখরাসীনং মহাদেবং জগদ্গুরুম্।
পপ্রচ্ছ নারদো ধীমান্ সর্ব্বলোকহিতে রতঃ ॥১২

ঈশ্বর কহিলেন,—হে দেবি! সেই মহৎ জগৎমোহকর বশীকরণ কহিতেছি, শ্রবণ কর। পূর্ব্বে কৈলাসশিখরে নারদ ঋষি আমাকে এই বিষয় জিজ্ঞাসা করিয়াছিলেন। তাহাকে আমি সর্ব্বমোহকর কবচ কহিয়াছি। সেই কলহপ্রিয় ব্রহ্মসম্ভব দেবর্ষি নারদ, সেই কবচ দ্বারাই ত্রৈলোক্যমণ্ডল ভেদ করিয়া মোহিত করিয়াছিলেন। তাঁহার সেই অসম্ভব কার্য্য দর্শন করিয়া বিষ্ণু, সেই ব্রহ্মনন্দন নারদকে কহিলেন, হে মুনে! তুমি কি প্রকারে এই অখিল জগৎ মোহিত করিলে, তাহার কারণ কীর্ত্তন কর। বিষ্ণু সেই মুনির নিকট হইতে তৎ সমস্ত প্রাপ্ত হইয়া ক্ষীরোদনন্দিনীকে কহিয়াছিলেন। ৯—১১

সর্ব্বলোকহিতনিরত ধীমান্ নারদ কৈলাসশিখরে সমাসীন জগদ্গুরু মহাদেবকে জিজ্ঞাসা করিলেন। ১২

নারদ উবাচ।

কালিকায়া-মহাবিদ্যা কথ্যতাং মহতী প্রভো।
কিমেতস্যাঃ ফলং দেব কিমেতন্মোহনং ভবেৎ।
কেনোপায়েন সমরে ত্রাণং মে বদ শঙ্কর ॥১৩

ঈশ্বর উবাচ।

ত্রিকালে গোপিতং দেবী কলিকালে চ প্রকাশিতম্।
কালী দিগম্বরা দেবী জগন্মোহনকারিণী।
তচ্ছৃণুষ্ব মুনিশ্রেষ্ঠ ত্রৈলোক্যমোহনন্ত্বিদম্ ॥ ১৪

"অস্য কালভৈরব-ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ শ্মশানকালী দেবতা সর্ব্বত্র মোহনে বিনিয়োগঃ ॥১৫ ঐঁ হ্রীঁ হুঁ হ্রঃ স্বাহা বিবাদে পাতু মাং সদা। ক্লীং দক্ষিণকালিকাদেবতায়ৈ সভামধ্যে জয়প্রদা ॥১৬ হ্রীং হ্রীং শ্যামাঙ্গি শত্রুং মারয় মারয় ক্রীং ক্লীং ত্রৈলোক্যং বশমানয় হ্রীং শ্রীং ক্রীং মাং রক্ষ রক্ষ বিবাদে রাজগেহে চ দ্বাবিংশত্যক্ষরা পরা ॥১৭ ব্রহ্মরাক্ষস বেতাল সর্ব্বত্র রক্ষ মাং সদা। কবচৈর্ব্বর্জ্জিতং যত্র তত্র মাং পাতু কালিকা। সর্ব্বত্র রক্ষ মাং পাতু দেবি মমাগ্রস্বরূপিণী ॥"১৮॥

নারদ কহিলেন,- হে প্রভো! শঙ্কর! মহতী কালিকা মহাবিদ্যার বিষয় বলুন। হে দেব! ইহার ফল কি? কিরূপে এই মোহন হয়? কি উপায়ে সমরে পরিত্রাণ হয়, এই সমস্ত আমাকে কীর্ত্তন করুন। ১৩

ঈশ্বর কহিলেন, এই মহাবিদ্যা সত্য, ত্রেতা ও দ্বাপর এই তিনযুগে গুপ্ত ছিল, কলিকালে প্রকাশিত হইয়াছে। ইনি দিগম্বরী জগন্মোহনকারিণী কালিকা। অতএব হে মুনীন্দ্র! এই সেই ত্রৈলোক্যমোহিনী বিদ্যা শ্রবণ কর।১৪

মূলের লিখিত মন্ত্রগুলিই কবচ ১৫—১৮

ইত্যেতৎ পরমং মোহং ভবদ্ভাগ্যে প্রকাশিতম্।
সদা যস্তু পঠেদ্বাপি ত্রৈলোক্যং বশমানয়েৎ ॥১৯
ইদং কবচমজ্ঞাত্বা পূজয়েদ্বীরকামিনীম্।
সর্ব্বদা স মহাব্যাধিপীড়িতোঽনাত্র সংশয়ঃ ॥
অল্পায়ুঃ স ভবেদ্রোগী কথিতং তব নারদ ॥২০
ধারণং কবচস্যাস্য ভূর্জ্জপত্রে বিশেষতঃ।
সমন্ত্রকবচং ধৃত্বা ইচ্ছাসিদ্ধিঃ প্রজায়তে ॥২১
শুক্লাষ্টম্যাং লিখেন্মন্ত্রী ধারয়েৎ স্বর্ণপত্রকে।
কবচস্যাস্য মাহাত্ম্যং নালং বক্তুং মহামুনে ॥২২
শিখায়াং ধারয়েদ্‌যোগী ফলার্থী দক্ষিণে ভুজে।
ইদং কল্পদ্রুমং দেব তব স্নেহাৎ প্রকাশ্যতে।
গোপনীয়ং প্রযত্নেন পঠয়েচ্চ মহামুনে ॥২৩

হে নারদ! তোমার ভাগ্যবশে এই পরম মোহিনীবিদ্যা প্রকাশিত হইল। যে ব্যক্তি সর্ব্বদা ইহা পাঠ করে, সে ত্রৈলোক্য বশীভূত করিতে সমর্থ হয়। এই কবচ না জানিয়া যে বীরকামিনীর পূজা করে, সে মহাব্যাধি গ্রস্ত হইয়া অল্পায়ু হয় সন্দেহ নাই, হে নারদ! আমি ইহা তোমাকেই কহিলাম। বিশেষতঃ ভূর্জ্জপত্রে লিখিয়া এই কবচ মন্ত্রসহিত ধারণ করিলে ইষ্টসিদ্ধি হয়। মন্ত্রবান ব্যক্তি শুক্লাষ্টমীতে এই কবচ লিখিয়া স্বর্ণস্থ করিয়া ধারণ করিবে। হে মহামুনে! এই কবচের মাহাত্ম্য অনির্ব্বচনীয়। যোগীব্যক্তি শিখায় এবং ফলকামী ব্যক্তি ইহা দক্ষিণভুজে ধারণ করিবে। হে দেবর্ষে! এই কল্পদ্রুমতুল্য কবচ তোমার স্নেহে প্রকাশিত হইল, ইহা যত্নপূর্ব্বক গোপন রাখিয়া নিয়তই পাঠ করিবে।১৯—২৩

বিষ্ণুরুবাচ।

ইত্যেবং কবচং নিত্যং মহালক্ষ্মীঃ প্রপঠ্যতাম্ ॥২৪
অবশ্যং বশমায়াতি ত্রৈলোক্যং তে চরাচরম্ ॥২৫
শিবেন কথিতং পূর্ব্বং নারদে চ ফলেপ্সিতে।
তৎপাঠান্নারদেনাপি মোহিতঞ্চ চরাচরম্ ॥২৬

শ্রীদেব্যুবাচ।

পরমেশ জগদ্বন্দ্য প্রমথেশ বরপ্রদ।
নরাণামুপকার্য্যায় ব্রূহি যোগং সুবিস্তরম্।
যেনাশু লভতে রাজ্যং যেনাশু লভতে সুতম্।
যেনাশু লভতে জ্ঞানং যেনাশু লভতে ধনম্।
যেনাশু লভতে কীর্ত্তিং যেনাশু লভতেঽখিলম্ ॥ ২৭-২৯

ঈশ্বর উবাচ।

শৃণু দেবী প্রবক্ষ্যামি যন্মাং ত্বং পরিপৃচ্ছসি।
উক্তং ফেৎকারিণীতন্ত্রে নীলতন্ত্রে চ বিস্তরম্ ॥৩০

বিষ্ণু কহিলেন, হে মহালক্ষ্মি! এই কবচ তুমি সর্ব্বদা পাঠ কর, চরাচর ত্রৈলোক্য অবশ্য তোমার বশীভূত হইবে। পূর্ব্বে মহাদেব ইহা ফলকামী নারদকে কহিয়াছিলেন, নারদ এই কবচ পাঠ করিয়া চরাচর মোহিত করিতেন। ২৪—২৬।

দেবী আরও কহিলেন, হে পরমেশ! চরাচর-জগদ্বন্দ্য বরপ্রদ প্রমথেশ! নরগণের উপকারার্থ যদ্দ্বারা আশু রাজ্যলাভ, পুত্রলাভ, জ্ঞানলাভ, ধনলাভ, কীর্ত্তিলাভ এবং যদ্দ্বারা অখিল বস্তুই লাভ হয়, সেই যোগ সুবিস্তাররূপে বলুন। ২৭—২৯

ইদানীং বিস্তারদ্দেবি কথায়ামি শুচিস্মিতে।
উদেতি ভানুশ্চন্দ্রো বা পশ্চিমে বা পতেদ্ ভুবি।
যদি শুষ্যতি পয়োধির্ন মিথ্যা চ কদাচন॥৩১
যোগরাজো মহেশানি অব্যর্থোঽয়ং সদৈব হি।
বিষ্ণুচক্রং যথাব্যর্থং ত্রিশূলঞ্চ যথা মম।
কুলিশং দেবরাজস্য তথা যোগো ময়োদিতঃ॥৩২
যথৈব নিশ্চিতং দেবি ব্রহ্মণঃ কমলাসনম্।
তথৈব নিশ্চিতো দেবি যোগোঽয়ং নাত্র সংশয়ঃ॥৩৩
কল্পবৃক্ষো যথাদেবি আকাঙ্ক্ষাপরিপূরকঃ।
অয়ং যোগবরো দেবি তথৈব পরিকীর্ত্তিতঃ॥৩৪

ঈশ্বর কহিলেন, হে দেবি! তুমি আমাকে যাহা জিজ্ঞাসা করিলে, তাহা কহিতেছি, শ্রবণ কর। ফেৎকারিণীতন্ত্রে এবং নীলতন্ত্রে ইহা বিস্তারিতরূপে উক্ত হইয়াছে। হে শুচিস্মিতে! এক্ষণে আমি তোমার নিকটে ইহা বিস্তারিতরূপে বর্ণন করিতেছি, শ্রবণ কর। যদিও পশ্চিমদিকে সূর্য্যের উদয় হয়, চন্দ্র যদি ভূতলে পতিত হয়, সমুদ্র শুষ্ক হইয়া যায়; তথাপি এই সকল বাক্য কদাচিৎ মিথ্যা হয় না। হে মহেশ্বরি! এই যোগরাজ নিয়তই অব্যর্থ। বিষ্ণুর চক্র, আমার ত্রিশূল, দেবরাজের বজ্র যেমন অব্যর্থ, সেইরূপ মদুক্ত এই যোগও অব্যর্থ জানিও। হে দেবি! ব্রহ্মার কমলাসন যেমন অটল, সেইরূপ এই যোগও নিশ্চিত সুদৃঢ় জানিবে, তাহাতে সন্দেহ নাই। হে দেবি! কল্পবৃক্ষ যেমন আকাঙ্ক্ষার পরিপূরক, এই যোগবরও সেইরূপ বাসনাপূরক জানিবে। ৩০-৩৪

রাজ্যার্থঞ্চ কুলার্থঞ্চ সুতার্থং স্বর্ণপত্রকে।
আয়ামপ্রস্থতোদেবি ষোড়শাঙ্গুলসম্মিতে ॥৩৫
যজ্ঞার্থঞ্চ ধনার্থঞ্চ কীর্ত্ত্যর্থং রাজতে শুভে ॥৩৬
তথা মানমিতোদেবি তদ্বত্তাম্রে বিনাশনে।
স্বর্ণে বা পরমেশানি অন্যথা ভূর্জ্জপত্রকে ॥৩৭
লিখেন্মন্ত্রং বরারোহে তারিণ্যাঃ সর্ব্বসিদ্ধিদম্।
রাজ্যার্থী চ ধনার্থী চ পুত্রার্থী কীর্ত্তিকাম্যকঃ ॥৩৮
বৃদ্ধ্যর্থী বিলিখেদ্দেবি লেখন্যা সুমনোহরম্ ॥৩৯
স্বর্ণষষ্ঠাঙ্গুলায়াশ্চ কনিষ্ঠায়াঃ প্রমাণতঃ।
জ্ঞানার্থং কুশমূলেন চান্যর্থ দূর্ব্বয়া লিখেৎ ॥৪০
আচম্য পুরতো দেবি নত্বা চ গুরুপাদুকাম্।
উত্তরাশামুখো ভূত্বা পূজয়িত্বা চ তারিণীম্ ॥৪১
কুঙ্কুমং রোচনাজটামাংসী চন্দনমেব চ।
কাশ্মীরং কস্তুরীং লাক্ষাং সিন্দূরঞ্চ বরাননে ॥৪২

হে দেবি! রাজ্যার্থ, কুলার্থ ও সুতনিমিত্ত, দৈর্ঘ্য প্রস্থে ষোড়শাঙ্গুল পরিমিত স্বর্ণ পত্রে (পাতে) যজ্ঞার্থ ধনার্থ ও কীর্ত্তিনিমিত্ত রাজতপত্রে, মারণ নিমিত্ত উক্ত পরিমিত তাম্রপত্রে এবং অন্য কার্য্যসিদ্ধির নিমিত্ত স্বর্ণপত্রে বা ভূর্জ্জপত্রে সর্ব্বসিদ্ধিপ্রদ তোমার এই মন্ত্র লিখিবে। হে বরারোহে! রাজ্যার্থী, ধনার্থী ও কীর্ত্তিকামী এবং ঐশ্বর্য্যার্থী কনিষ্ঠ ষষ্ঠাঙ্গুলি প্রমাণ স্বর্ণ লেখনী দ্বারা ঐ সর্ব্বসিদ্ধিপ্রদ তারিণীমন্ত্র মনোহররূপে লিখিবে। জ্ঞানার্থী কুশমূলে এবং অন্যকর্ম্মার্থী দূর্ব্বা দ্বারা লিখিবে।৩৫—৪০

হে বরাননে। প্রথমে আচমন করিয়া গুরুপাদুকার নমস্কার পুরঃসর

সর্ব্বমেকীকৃতেনাদৌ ষট্‌কোণচক্রমালিখেৎ ।
তন্মধ্যে বিলিখেত্তারাং সার্দ্ধবেদাক্ষরীং পরাম্ ॥৪৩
সার্দ্ধপঞ্চাক্ষরীং বাপি তন্ময়ো বেদমধ্যগম্ ।
সাধ্যং লিখেত্তচ্চ সাধ্যং শৃণুষ্ব শম্ভুবল্লভে ॥ ৪৪
"অমুকস্যামুকং বাক্যং বশীকুরু চ কুর্ব্বিতি ।
অমুকস্যামুকং জ্ঞানং সিদ্ধিং কুরু চ কুর্ব্বিতি ।।৪৫
অমুকীনাং শুভং পুত্রমুৎপাদয়োৎপাদয়েতি চ ।
অমুকস্যামুকং ধনং দেহি দেহীতি কামিনি" ॥৪৬
এবমেব ক্রমেণৈব সাধ্যং সংলিখ্য যত্নতঃ ।
ক্লীবহীনান্ দীর্ঘবর্ণান্ ষট্‌কোণে ষট্‌সমালিখেৎ ॥৪৭
বৃত্তমষ্টদলং পদ্মং সুদৃষ্টং সুমনোহরম্ ।
অষ্টপত্রং লিখেত্তত্র কিঞ্জল্কযুগলং যুগম্ ॥৪৮
অষ্টপত্রে অষ্টবর্ণান্ বক্ষ্যমাণান্ লিখেত্ততঃ ।
বাগ্‌ভবং ভুবনেশানি কামং হুং প্রণবং তথা ॥৪৯

উত্তরমুখে তারিণীর পূজা করিবে। তদনন্তর কুঙ্কুম, রোচনা, জটামাংসী, চন্দন, কাশ্মীর, কস্তূরী, লাক্ষা ও সিন্দূর এই সকল বস্তু একত্র করিয়া প্রথমে ষট্‌কোণচক্র লিখিবে। তন্মধ্যে উৎকৃষ্টতর সার্দ্ধচতুরক্ষরী অথবা সার্দ্ধপঞ্চাক্ষরী তারামন্ত্র লিখিবে। তদন্তর তদ্‌গতচিত্তে ঐ চক্রমধ্যে (বেদিমধ্যে) সাধ্য বিষয় অর্থাৎ বাঞ্ছিত বিষয় লিখিত হইবে সেই সাধ্য বিষয় শ্রবণ কর। (মূলের লিখিত মন্ত্রই সাধ্যমন্ত্র।) ৪১—৪৬।

হে শম্ভুবল্লভে! এইরূপ ক্রমে যত্নপূর্ব্বক সাধ্য লিখন করিবে। ঐ ষট্‌কোণে ক্লীব বিহীন ছয়টা দীর্ঘবর্ণ লিখিবে। তদনন্তর অষ্টদল বৃত্তাকার

মায়ামন্ত্রং ততঃ স্বাহা পূর্ব্বাদিক্রমতোলিখেৎ ।
চতুরস্রং চতুর্দ্বারমেবং যন্ত্রং সমালিখেৎ ॥৫০
জ্ঞানাপ্তৌ চ সিদ্ধয়েঽপি অন্যত্র স্বমৃতোদয়ে ।
গুরৌ শুক্রে তথা সোমে মঙ্গলে বা বুধেঽহ্নি চ ।
তারায়াং সানুকূলায়াং ভজেন্মন্ত্রং সমাহিতঃ ॥৫১
পীতবস্ত্রেণ সংবেষ্ট্য জতুনা পরিবেষ্টয়েৎ ।
পট্টবস্ত্রেণ রক্তেণ বগ্নীয়াৎ সাধকোত্তমঃ ॥৫২
স্বর্ণপীঠেষু সংস্থাপ্য সংখ্যানমাচরেৎ কৃতী ।
ভূমিপৃষ্ঠে নৈব কুর্য্যাৎ ন নির্ম্মাল্যেন স সংস্মৃতম্ ॥ ৫৩
বিদীর্ণং লঙ্ঘনং বাপি নৈব কুর্য্যাৎ কদাচন ।
আয়ামে প্রস্থতো দেবি ষোড়শাঙ্গুলমানতঃ ।
ঘটং কুর্য্যাৎ প্রযত্নেন সর্ব্বদৃষ্টিমনোহরম্ ॥ ৫৪

যুগলে যুগল কিঞ্জল্কবিশিষ্ট মনোহর পদ্ম এবং অষ্টপত্রে অষ্টবর্ণ লিখিবে। হে ভুবনেশি ! পূর্ব্বাদিক্রমে বাগ্ভব, (ঐং) কাম, (ক্লীং) হুং প্রণব (ওঁ) এবং মায়ামন্ত্র (হ্রীং) ও স্বাহা লিখিতে হইবে। তৎপরে চতুষ্কোণ চতুর্দ্বার বিশিষ্ট যন্ত্র লিখিবে। জ্ঞানপ্রাপ্তি ও অন্যসিদ্ধি বিষয়ে এবং অন্যান্য শুভকার্য্যে গুরু, শুক্র, সোম, মঙ্গল বা বুধবারে, সানুকূল তারায়, সমাহিতচিত্তে মন্ত্রজপ কর্ত্তব্য। ৪৭ – ৫১

হে শিবে! সাধকসত্তম পীতবস্ত্র ও জতুদ্বারা ঐ মন্ত্রাধারপাত্র বেষ্টন করিবে। তারপর তাহা রক্তবর্ণ পট্টবস্ত্রে বন্ধন করিবে। অনন্তর কৃতি ব্যক্তি স্বর্ণপীঠে তাহা সংস্থাপন করিয়া "সংখ্যান" অর্থাৎ যোগ বা জপসংখ্যা আরম্ভ করিবে। কখন ভূমিপৃষ্ঠে রেখাদি অঙ্কন দ্বারা বা নির্ম্মাল্য দ্বারা সংখ্যা রাখিবে না। জপকালীন; মালার মেরু বিদীর্ণ বা

রাজ্যার্থী কাঞ্চনেনৈব পুত্রার্থী রজতেন চ ।
তাম্রেণ চৈব যুদ্ধার্থী মৃদাপ্যন্যত্র কারয়েৎ ॥৫৫
তত্র মুক্তাং প্রবালঞ্চ মণিং রজতকাঞ্চনে ।
ধান্যং ক্ষিপ্ত্বা মুখং তস্য পল্লবৈঃ প্রতিপাদয়েৎ ॥৫৬
ক্ষৌমযুগ্মেন রক্তেন প্রচ্ছাদ্য প্রযতঃ সুধীঃ ।
অষ্টাঙ্গুলস্বর্ণপত্রে চতুরস্রং সমন্ততঃ ॥৫৭
তত্র মন্ত্রং লিখেচ্চৈব ঘটে সংস্থাপ্য যত্নতঃ ।
চতুঃষষ্ট্যুপচারেণ যজেত্তারাং পরাং শিবাম্‌ ॥৫৮
হোমস্থানে কৃতে চতুর্ব্বিংশত্যঙ্গুলকল্পিকে ।
অব্জকং পুষ্পকং দেবি ষোড়শচ্ছদনং কুলে ॥৫৯
কিঞ্জল্কৈর্ম্মণ্ডিতং দেবি বলিমাদায় পূর্ব্ববৎ ।
নিবেদয়েন্মহাভক্ত্যা বলিমন্ত্রেণ মন্ত্রবিৎ ॥
পঞ্চামৃতৈঃ পঞ্চগব্যৈঃ স্নাপয়িত্বা চ পূজয়েৎ ।

লঙ্ঘন করিবে না। হে দেবি! দৈর্ঘ্য ও বিস্তারে ষোড়শাঙ্গুল পরিমাণ দৃষ্টি-মনোহর ঘট যত্নপূর্ব্বক সংস্থাপন করিবে। রাজ্যার্থী কাঞ্চন দ্বারা, পুত্রার্থী রজতদ্বারা, যুদ্ধার্থী তাম্রদ্বারা, অন্য কামার্থী মৃত্তিকা দ্বারা ঘট প্রস্তুত করাইবে। ঐ ঘটে মণি, মুক্তা, প্রবাল, রজত ও কাঞ্চন, ধান্য নিক্ষেপণ পূর্ব্বক মুখভাগে পল্লব প্রদান করিয়া রক্তবর্ণ ক্ষৌমবসন যুগলে ঐ ঘট যত্নপূর্ব্বক আচ্ছাদন করিবে। তৎপরে অষ্টাঙ্গুল স্বর্ণপত্রে চারিদিকে চতুষ্কোণাকারে মন্ত্র লিখিয়া, ঐ ঘটে সংস্থাপনপূর্ব্বক, চতুঃষষ্টি উপচার দ্বারা, পরমা শিবরূপিণী তারার আরাধনা করিবে। ৫২—৫৮

হে দেবি! অনন্তর চতুর্ব্বিংশত্যঙ্গুল পরিমাণ হোমস্থান বিরচিত করিয়া ষোড়শচ্ছন্দ কিঞ্জল্কমণ্ডিত অব্জকপুষ্প ও বলি দ্বারা পূর্ব্ববৎ মহাভক্তি

অষ্টোত্তরসহস্রন্তু হুত্বা সাধকসত্তমঃ।
তৎপুটোপরি দেবেশি পুষ্পাক্ষতং বিনিক্ষিপেৎ ॥৬১
ভূমিং গ্রামমিতাং দত্যাদ্‌রাজ্যমিচ্ছতি কামুকঃ।
দক্ষিণাং যুদ্ধকামী চ কাঞ্চনাশ্বৌ মহেশ্বরি ॥৬২
শালগ্রামশিলামেকাং স্বর্ণরেখাত্মলঙ্কৃতাম্‌।
জ্ঞানসিদ্ধ্যৈঃ প্রদত্যাত্তু অন্যত্র গাঞ্চ কাঞ্চনম্‌ ॥৬৩
ভোজয়েদ্‌ব্রাহ্মণান্‌ ধীরঃ কুমারীঃ কল্পপল্লবি।
ততস্তু ধারয়েদ্‌যন্ত্রং পুরুষো দক্ষিণে ভুজে ॥৬৪
নারী বামভুজে চৈব শিশুশ্চ কণ্ঠগোচরে ॥৬৫
ইত্যেবং কথিতং রম্যং ন দেয়ং প্রাণ সঙ্কটে ॥৬৬

ইতি যোগিনীতন্ত্রে সর্ব্বতন্ত্রোত্তমোত্তমে দেবীশ্বরসংবাদে
চতুর্ব্বিংশতিসাহস্র্যে তৃতীয়ঃ পটলঃ ॥৩

সমন্বিত হইয়া মন্ত্রজ্ঞ ব্যক্তি বলিমন্ত্র দ্বারা পূর্ব্ববৎ নিবেদন করিবে। পঞ্চগব্য ও পঞ্চামৃত দ্বারা স্নান করাইয়া পূজা কর্ত্তব্য। সাধকসত্তম, অষ্টোত্তর সহস্রবার হোমাহুতি প্রদান করিবে। হে দেবেশি! সেই পুটের উপরে পুষ্পাক্ষত নিক্ষেপ করিবে। অনন্তর রাজ্যাভিলাষী গ্রামপরিমিতা ভূমি, যুদ্ধার্থী কাঞ্চন নির্ম্মিত অশ্বযুগল, জ্ঞানার্থী স্বর্ণরেখাদি দ্বারা অলঙ্কৃত শালগ্রামশিলা এবং অন্যকামী গো এবং কাঞ্চন দক্ষিণা প্রদান করিবে। হে কল্পপল্লবি! তদন্তর ধীরব্যক্তি, ব্রাহ্মণ ও কুমারীগণকে ভোজন করাইয়া ঐ যন্ত্র পুরুষগণ দক্ষিণভুজে, নারীগণ বামভুজে এবং শিশুগণ কণ্ঠে ধারণ করিবে। হে শিবে! এই আমি তোমাকে রাজ্যলাভাদি যোগ কহিলাম, ইহা প্রাণান্তেও অপাত্রে প্রদান করিবে না। ৫৯-৬৬

যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে তৃতীয় পটল সমাপ্ত।৩

চতুর্থঃ পটলঃ

দেব্যুবাচ।

দেবদেব জগদ্বন্দ্য সুরাসুরনমস্কৃত।
ইদানীং শ্রোতুমিচ্ছামি বীরষট্‌কর্ম্মসাধনম্‌ ॥১
ধন্যং পুণ্যবতাং রাজ্ঞাং রাজ্যাদিকবয়োযুষাম্‌।
স্ত্রিয়াস্তু সিদ্ধসংস্থানাং সর্ব্বভোগবিলাসিনাম্‌ ॥২

ঈশ্বর উবাচ॥

শান্তিবশ্যস্তম্ভনানি বিদ্বেষোচ্চাটনে তথা।
মারণং পরমেশানি ষট্‌ কর্ম্মেদং প্রকীর্ত্তিতম্‌ ॥২
তারিণীং কালিকাং ছিন্নামধিকৃত্য জগন্ময়ি।
কথয়ামি তব স্নেহাৎ দ্রুতসিদ্ধিকরং পরম্‌ ॥৪
রতির্ব্বাণী রমা জ্যেষ্ঠা মাতঙ্গী কুলকামিনী।
দুর্গা চৈব ভদ্রকালী কর্ম্মাদৌ কর্ম্মসিদ্ধয়ে ॥৫

দেবী কহিলেন,—হে সুরাসুরনমস্কৃত জগদ্‌বন্দ্য দেবদেব! এক্ষণে আমি পুণ্যবান্‌ রাজগণের, রাজ্যযৌবনাদি বয়োভোগিগণের, স্ত্রীগণের সিদ্ধগণের এবং সর্ব্বভোগবিলাসিগণের মধ্যে ধন্য ও গ্রহণীয় বীরভাবান্বিত ষট্‌কর্ম্ম-সাধন শ্রবণ করিতে বাসনা করি।১-২

ঈশ্বর কহিলেন, হে পরমেশি! শান্তি, বশ্য, স্তম্ভন, বিদ্বেষণ, উচ্চাটন ও মারণ এই ছয়টাই ষট্‌কর্ম্ম বলিয়া উক্ত হয়। হে জগন্ময়ি! তোমার প্রতি স্নেহবশতঃ তারিণী, কালিকা ও ছিন্নমস্তা সম্বন্ধীয় শীঘ্রসিদ্ধিকর পরম বিষয় আমি তোমাকে কহিতেছি।৩—৪

ষোড়শৈরুপচারৈশ্চ যজেদ্বীরঃ স্বশক্তিতঃ।
শূন্যাগারে মহারণ্যে দেবতায়তনেঽপি বা ॥৬
পঞ্চকর্ম্ম প্রকুর্ব্বীত মারণন্তু শবোপরি।
তদভাবে পিতৃভূমৌ বাসাংসি কথয়ামি তে ॥৭
মুখ্যং দিগম্বরং জ্ঞেয়ং দ্বীপিচর্ম্ম দ্বিতীয়কম্।
তদভাবে রক্তক্ষৌমং নান্যদ্বস্ত্রং প্রকল্পয়েৎ ॥৮
স্বর্ণমাদৌ দ্বিতীয়ে চ রাজতং স্তম্ভনে শিলা।
বিদ্বেষোচ্চাটনে তাম্রং কপালং মারণে শুভম্ ॥৯
বিপ্রাদন্যো নরঃ প্রক্তো যুবা চ কৃষ্ণবর্ণকঃ।
অদুর্ভিক্ষাব্যাধিমৃতো মালা তস্য শুভাবহা।১০
অভাবে স্ফাটিকী জপ্যা ইন্দ্রাক্ষৈর্ব্বা জপেৎ প্রিয়ে।
মৃদি বা কোমলে বাপি বিষ্টরে বা সুরেশ্বরি ॥১১

রতি, বাণী, রমা, জ্যেষ্ঠা, মাতঙ্গী, কুলকামিনী, দুর্গা, ভদ্রকালী বীর-সাধক ক্রিয়ারম্ভে কর্ম্মসিদ্ধির নিমিত্ত ইহাদিগকে নিজশক্তি অনুসারে ষোড়শোপচার দ্বারা পূজা করিবে। শূন্যাগার, মহারণ্য অথবা দেবায়-তনে প্রথমোক্ত পঞ্চকর্ম্ম করিবে, কিন্তু মারণকর্ম্ম শবোপরি কর্ত্তব্য; তদভাবে শ্মশানভূমে মারণ করিবে। এক্ষণে এই ক্রিয়ায় বসনের বিষয় বলিতেছি শ্রবণ কর। ৫—৬

দিগম্বরই মুখ্য, ব্যাঘ্রচর্ম্ম দ্বিতীয়, তদভাবে রক্তবর্ণ ক্ষৌম বস্ত্র গ্রহণ করিবে, অন্যবস্ত্র নিষিদ্ধ। শান্তিতে স্বর্ণ, বশীকরণে রজত, স্তম্ভনে শিলা, বিদ্বেষে ও উচ্চাটনে তাম্র এবং মারণে নর কপাল শুভকর। বিপ্র ভিন্ন জাতীয় কৃষ্ণবর্ণ যুবা অদুর্ভিক্ষপীড়িত বা ব্যাধিহীন মৃত ব্যক্তির অস্থিমালাই শুভদায়িনী। তদভাবে স্ফটিক মালা, বা ইন্দ্রাক্ষ

মুণ্ডে বা যোনিকে দেবি ত্বচে ব্যাঘ্রস্য বা প্রিয়ে।
একহস্তে দ্বিহস্তে বা চতুর্হস্তে সমন্ততঃ ॥১২
স্থিরাসনশ্চরেৎ সম্যক্ স্বাভয়ং তত্র চিন্তয়েৎ।
ভয়ে জাতে মহেশানি ভৈরবোক্তমনুং জপেৎ ॥ ১৩
বিষযুগ্মং বজ্রজালে হনযুগ্মমতঃপরম্।
সর্ব্বভূতানুতঃ কূর্চ্চমন্ত্রান্তো ভৈরবো মনুঃ ॥ ১৪
ততোভূতবলিং দদ্যাৎ সাধকো ধর্ম্মসম্মিতম্।
অশ্বত্থেন মহেশানি তদ্ধর্ম্মকীলকঞ্চরেৎ ॥ ১৫
সূর্য্যবারাদিয়োগেন পঞ্চকর্ম্ম সমাচরেৎ।
শনৌ চ মারণং দেবি নিশ্চিতং বীরবন্দিতে ॥ ১৬
রাত্রিযোগে চ কর্ত্তব্যং সর্ব্বকর্ম্ম শুচিস্মিতে।
প্রাগিদ্বান্ প্রজপেৎ সম্যক্ স্বমন্ত্রমযুতং শবে।
প্রয়োগস্য ফলাবাপ্তৌ স্ব স্ব রক্ষাকরং মহৎ ॥ ১৭

দ্বারা জপ করিবে। হে প্রিয়ে! হে সুরেশ্বরি! মৃত্তিকায় অথবা কোমল কুশাসনে, মুণ্ডে বা যোনিতে কিম্বা ব্যাঘ্রচর্ম্মে; একহস্ত বা দ্বিহস্ত অথবা চারিদিকে চতুর্হস্ত স্থানে সম্যক্‌রূপে স্থিরাসন করিয়া সাধক আপনার অভয় চিন্তা করিবে। হে মহেশ্বরি! ভয় জন্মিলে ভৈরবোক্ত মন্ত্রজপ করিবে ৮—১৩

হে মহেশানি। বজ্রজালে বিষযুগ্ম, হনযুগ্ম এবং কুর্চ্চমন্ত্র যোগ করিলে ভৈরবমন্ত্র হয়। এই মন্ত্র সর্ব্ব প্রাণীর পূজ্য। তদনন্তর সাধক ব্যক্তি যথাশাস্ত্র ভূতবলি প্রদান করিবে। অশ্বত্থবৃক্ষের শাখা দ্বারা যথাবিধি কীলক সংস্থাপন কর্ত্তব্য। সূর্য্যবারাদিযোগে পঞ্চকর্ম্মের আচরণ করিবে। হে বীরবন্দিতে দেবি! তন্মধ্যে শনিবারে মারণ ক্রিয়া প্রশস্ত।

ততঃ সাধ্যদিনে মন্ত্রী যামমত্রে গতে নিশি।
গণাদিপঞ্চভির্দ্দেবৈ র্যজেৎ কুলবিনাশিনীম্॥ ১৮
দিগ্বাসা গলিতাশেষচিকুরঃ কুলকৌলিকঃ।
শক্তিযুক্তো জপেদ্বিত্থাং সদা ত্বাং মনসা স্মরেৎ॥ ১৯
লক্ষসঙ্খ্যং মহেশানি শক্তিপূজাপুরঃসরঃ।
প্রত্যহং ভোজয়েদ্বিপ্রান্ কৌলিকাদীন্ দিনান্তরে॥ ২০
মাংসং মদ্যং তথা মৎস্যং হুনেদ্বহ্নৌ শতং শতম্।
দক্ষিণাং গুরবে দদ্যাদ্গুরুরূপেণ শাম্ভবি॥ ২১
এবমুক্তবিধানেন দিগ্ভ্যো বা বীরপুঙ্গবঃ।
যদি কুর্য্যান্মহেশানি দেবানপি তথা নয়েৎ॥ ২২

হে শুচিস্মিতে! উক্ত পঞ্চকর্ম্ম রাত্রিতেই কর্ত্তব্য। বিচক্ষণ সাধক স্বীয় মন্ত্র রাত্রিযোগে শবোপরি অযুত সংখ্যক জপ করিবে। হে শুচিস্মিতে প্রয়োগের ফলপ্রাপ্তি নিমিত্ত নিজ নিজ রক্ষাবিধান কর্ত্তব্য। তদনন্তর উক্ত মন্ত্র সাধনের দিনে মন্ত্রবান্ ব্যক্তি রাত্রিকালে প্রহরমাত্র গত হইলে গণাদি পঞ্চদেবতাসহিত কুলবিনাশিনী দেবীর পূজা করিবে। দিগ্বসন প্রমুক্ত সমস্ত কেশ, কুলকৌলিক ও শক্তিযুক্ত হইয়া নিরন্তর নিজমনে মন্ত্র স্মরণপূর্ব্বক জপ করিবে। হে মহেশ্বরি! লক্ষবার শক্তিপূজা করণানন্তর প্রত্যহ বিপ্রগণকে এবং দিনান্তরে কুলকৌলিকগণকে ভোজন করাইবে। মাংস, মদ্য ও মৎস্য দ্বারা অনলে দুই শত বার হোম করিয়া গুরুকে প্রচুরতররূপে দক্ষিণা দান করিবে। ১৪—২১

হে শাম্ভবি! এইরূপে উক্ত বিধানক্রমে বীরশ্রেষ্ঠগণ এই সকল কার্য্য সমাধা করিলে, দেবতাগণকেও সেই স্থানে আনয়ন করিতে

নাপেক্ষা জায়তে কান্তে চাবশ্যং ফলভাগ্‌ভবেৎ।
মহাপ্রয়োগে দেবেশি কৃষ্ণছাগং বলিং হরেৎ ॥ ২৩
পূজান্তে সততং দেবি তন্মাংসৈর্ব্বহ্নিমর্চ্চয়েৎ।
বিধিঃ সর্ব্বত্র কথিতে দিব্যবীরপশুক্রমাৎ ॥ ২৪
ক্রমেণ ফলমাপ্নোতি ব্যত্যয়ে পাতকী ভবেৎ।
ইত্যেবং কথিতং তুভ্যং সম্যক্ ষট্‌কর্ম্মগোচরম্ ॥ ২৫
গোপনীয়ং খলে দুষ্টে পশুপামরসন্নিধৌ ॥ ২৬

দেব্যুবাচ।

সুরাত্থাঃ কিংবিধা দেব শক্তির্ব্বা কীদৃশী শুভা।
ষট্‌কর্ম্মসু যথাযোগ্যং বদ মে করুণানিধে ॥ ২৭

সমর্থ হয় অধিক কি এই ক্রিয়া আংশিক অনুষ্ঠিত হইলেও উক্ত ফল প্রত্যক্ষ দৃষ্ট হয়। হে কান্তে! যদি ইহাতে উপেক্ষা না থাকে তবে অবশ্যই ইহার ফলভাগী হইবে। হে দেবেশি! মহাপ্রয়োগে কৃষ্ণছাগ বলি আহারণ কর্ত্তব্য। হে দেবি! পূজার পর তাহার মাংসে অগ্নির অর্চ্চনা করিবে। দিব্য বীর পশুক্রমে সর্ব্বত্র বিধি কথিত হইয়াছে। ক্রম অনুসারে কার্য্য করিলে ফলপ্রাপ্ত এবং ব্যত্যয় করিলে পাপভাগী হয়। এই আমি তোমাকে ষট্‌কর্ম্মের বিষয় সম্যক্ কহিলাম। খল, দুষ্ট ও পশুতুল্য পামর ব্যক্তির নিকট ইহা গোপন করা কর্ত্তব্য। ২২—২৬

দেবী কহিলেন,—হে করুণানিধে! ষট্‌কর্ম্ম বিষয়ে কোন্ কোন্ সুরা শুভকরী এবং কিরূপ শক্তিই বা কল্যাণকরী হয়, যথাযোগ্য এই সকল কীর্ত্তন করুন।২৭

ঈশ্বর-উবাচ।

মাধ্বী শান্তিকরী প্রোক্তা বৈশ্যে চ স্ফাটিকী শুভা।
স্তম্ভনে ডাকিনী জ্ঞেয়া বিদ্বেষে পৈষ্টিকী মতা ॥ ২৮
উচ্চাটনে তথা গৌড়ী মারণে ভৈরবী মতা।
এতাসাং লক্ষণং দেবি কথিতং কুলমোহনে ॥ ২৯
পদ্মিনী শান্তিদাপ্রোক্তা বশ্যে চ শঙ্খিনী মতা।
স্তম্ভনোচ্চাটনে দেবি প্রশস্ত নাগবল্লভা ॥ ৩০
মারণে চ তথা শস্তা ডাকিনী শত্রুমৃত্যুদা।
গৌরাঙ্গি দীর্ঘকেশী যা সদা চামৃতভাষিণী ॥ ৩১
রক্তনেত্রা সুশীলা চ পদ্মিনী সাধনে শুভা।
মন্ত্রসিদ্ধিকরী হ্যেষ্য শঙ্খিনী সাপি ভাবিনী ॥ ৩২
দীর্ঘাঙ্গী সা শঙ্খিনী স্যাজ্জগদ্রঞ্জনকারিণী।
সমাঙ্গী শূদ্রদেহী চ ন খর্ব্বা নাতিদীর্ঘিকা ॥ ৩৩

ঈশ্বর কহিলেন,- শান্তি বিষয়ে মাধ্বী, বশীকরণে স্ফাটিকী, স্তম্ভনে ডাকিনী, বিদ্বেষে পৈষ্টিকী, উচ্চাটনে গৌড়ী ও মারণে ভৈরবী শুভকরী হয়। হে দেবি! এই সকল শক্তির লক্ষণ কুলমোহনতন্ত্রে কথিত হইয়াছে। শান্তিকার্য্যে পদ্মিনী, বশ্যে শঙ্খিনী, স্তম্ভনে ও উচ্চাটনে-নাগবল্লভা প্রশস্তা। মারণে ডাকিনী প্রশস্তা, অধিক কি এই ডাকিনী শত্রুমৃত্যুপ্রদা হইয়া থাকে। গৌরাঙ্গ', দীর্ঘকেশী, সর্ব্বদা অমৃতভাষিণী রক্ত নেত্রা পদ্মিনী সাধন বিষয়ে শুভদায়িনী হয়। হে ভাবিনি। শঙ্খিনী মন্ত্র সিদ্ধিকরী। শঙ্খিনী ও দীর্ঘাঙ্গী নিখিল জনরঞ্জনকারিণী। সমাঙ্গী শূদ্রতুল্যদেহধারিণী নাতিখর্ব্বা এবং নাতিদীর্ঘা, দীর্ঘকেশী, মধ্যপুষ্টা

দীর্ঘকেশী মধ্যপুষ্টা মৃদুভাষা চ নাগিনী ।
কৃষ্ণাঙ্গী কৃশাঙ্গী চ দন্তুরা মদতাপিতা ॥ ৩৪

হ্রস্বকেশী দীর্ঘঘোণা সদা নিষ্ঠুরবাদিনী ।
সদা ক্রুদ্ধা দীর্ঘদেহা মহারাবপরায়ণা ॥
নির্লজ্জা হাস্যহীনা চ নিদ্রালুর্ব্বহুভক্ষিকা ।
ইয়ং সা ডাকিনী প্রোক্তা মৃত্যুযোগে প্রশস্যতে ॥৩৫।৩৬

এতাস্তু শক্তয়ো দেবি সর্ব্বজাতিসমুদ্ভবাঃ ।
সাপত্যাশ্চ সুরত্যশ্চ জাতপুত্রাদিকাঃ শুভাঃ ।
গ্রাহ্যা কুলরসৈঃ পূজ্যা ভক্তিভাবেন কামিনী ॥ ৩৭ ॥

দেব্যুবাচ ।

কেন কেন চ মন্ত্রেণ মন্ত্রী ষট্‌কর্ম্মভাগ্‌ ভবেৎ ।
তত্তন্মন্ত্রং মহেশান যদ্যহং তব বল্লভা ॥ ৩৮ ॥

ও নাগিনী মৃদুভাষিণী হয়। কৃষ্ণাঙ্গী ও কৃশাঙ্গী দন্তুরা, মদতাপিতা, হ্রস্বকেশী, দীর্ঘনাসা, নিরন্তর নিষ্ঠুরবাদিনী, সদাক্রুদ্ধা, দীর্ঘদেহা, মহারাবিণী, নির্লজ্জা, হাস্যহীনা, নিদ্রালু ও বহুভক্ষিণী ইনিই ডাকিনী বলিয়া উক্তা হন, এই ডাকিনীই মৃত্যুযোগে প্রশস্তা। হে দেবি! সর্ব্বজাতিসমুদ্ভব এই সকলই শক্তি, সসন্তানা, সুরতিবিশিষ্টা ও জীববৎসা শুভকারিণী। এই সকলই শক্তিই গ্রাহ্য, এই সকল কামিনীকে কুলরসদ্বারা ভক্তি ভাবে পূজা করিবে। ২৮—৩৭

দেবী কহিলেন,—হে মহেশ! যদি আমি আপনার বল্লভা হই, তবে মন্ত্রবান্ ব্যক্তি কোন্ কোন্ মন্ত্র দ্বারা ষট্‌কর্ম্মসেবী হয়, সেই সেই মন্ত্র আমার নিকট বলুন।৩৮

ঈশ্বর-উবাচ।

একাক্ষরং কালিকায়াস্তারায়াস্ত ত্রিবীজকম্।
বজ্রবৈরোচনী যোঘোমন্থুরেকাদশাক্ষরঃ ॥ ৩৯
সর্ব্বতেজোঽপহারী চ মন্থুরাখ্যাত এব চ।
বহুনাত্র কিমুক্তেন শৃণু মৎপ্রাণবল্লভে ॥ ৪০
কেবলং শক্তিযুক্তশ্চ জপেদ্দেবীং সমাহিতঃ।
অবশ্যং ফলমাপ্নোতি নান্যথা বীরবন্দিতে ॥ ৪১
খলো যদি ফলপ্রাপ্তঃ সবলো যদি নিষ্ফলঃ।
ভবেদেতন্মহেশানি তদা সর্ব্বং বৃথা ভবেৎ ॥ ৪২
অহং ধাতা তথা পাতা রক্ষানুদ্‌যোগিনঃ শিবে।
তথাপি নহি সিদ্ধিঃ স্যাচ্চিত্রমেতন্নগাত্মজে ॥ ৪৩
এবস্তু মারণং দেবি বিশেষাৎ কথয়ামি তে।
সান্তং বহ্নিসমাযুক্তং বামনেত্রবিভূষিতম্ ॥ ৪৪

ঈশ্বর কহিলেন,—কালিকার বীজ একাক্ষর, তারার বীজ ত্র্যক্ষর, বজ্রবৈরচনীর বীজ একাদশাক্ষর। এই সকল সর্ব্বতেজোবিনাশী মন্ত্র কহিলাম। অয়ি প্রাণবল্লভে! বহু কথার প্রয়োজন নাই। কেবল শক্তিযুক্তা হইয়া সমাহিতচিত্তে দেবীকে জপ করিবে, হে বীরবন্দিতে! তাহা হইলে অবশ্যই ফলপ্রাপ্ত হইবে সন্দেহ নাই, ফল প্রাপ্তির ইহা ভিন্ন অন্য উপায় নাই। যদি খলব্যক্তি ফলপ্রাপ্ত হয় এবং সবল যদি নিষ্ফল হয়, তবে এই সকল বৃথা অর্থাৎ এই সকল বৃথা প্রযুক্ত হইয়াছে বুঝিতে হইবে। ৩৯—৪২

হে শিবে! আমি ধাতা, পাতা, এবং উদ্‌যোগিগণের রক্ষক; তবে যদি সিদ্ধি না হয়, তবে তাহা আশ্চর্য্যের বিষয় বলিতে হইবে। হে

হ্রাঁ হুঁ হুঁ অমুক মারয় মারয় স্বাহা ।
কূর্চ্চযুগ্মং ততোদেবি অমুকং মারয় মারয় ॥ ৪৫
চতুর্দ্দশাক্ষরোমন্ত্রঃ স্বাহান্তঃ শত্রুনাশকঃ ।
খদিরাঙ্গারমাদায় কুজাষ্টম্যাং বিশেষতঃ ॥৪৫
লেখয়েৎ পুত্তলীং শত্রুস্বরূপাং লৌহপত্রকে ।
নিশায়াং মস্তকে নেত্রে ললাটে হৃদয়ে করে ॥ ৪৭
নাভৌ গুহ্যে কটৌ পৃষ্ঠে ক্রমোক্তেন পাদদ্বয়ে ।
মন্ত্রবর্ণান্ সমালিখ্য প্রতিষ্ঠাং তত্রকারয়েৎ ॥৪৮
সংহারমুদ্রাং বধ্বা তু ধ্যায়েদ্দেবীং জয়প্রদাম্ ।
দীর্ঘাকারাং কৃষ্ণবর্ণাং সদোর্দ্ধস্তনমস্তকাম্ ॥৪৯
নৃমুণ্ডযুগলং হস্তে চর্ব্বয়ন্তী দিগম্বরীম্ ।
শত্রুনাশকরীং দেবীং ধ্যায়েচ্ছত্রুক্ষয়ায় চ ॥৫০

নগনন্দিনি দেবি! আমি তোমাকে প্রকরণ বিশেষভাবে বলিতেছি। সান্ত, বহ্নিসংযুক্ত চন্দ্রান্বিত মন্ত্র মারণ বিষয়ে প্রশস্ত। হে দেবি! হ্রীং হুং হুং অমুকং মারয় মারয় স্বাহা। ঐ মন্ত্র কূর্চ্চযুক্ত করিয়া অমুকং মারয় মারয় বলিতে হইবে। চতুর্দ্দশাক্ষর স্বাহান্ত মন্ত্র শত্রুনাশক জানিবে। খদিরের অঙ্গার আহরণ করিয়া বিশেষতঃ কুজবারযুক্ত অষ্টমীতে লৌহপাত্রে শত্রুর স্বরূপ পুত্তলিকা লিখিত করিয়া রাত্রিকালে মস্তকে, নেত্রে ললাটে, হৃদয়ে, করে, নাভিতে, গুহ্যে, কটিতে, পৃষ্ঠে, পাদদ্বয়ে ক্রমশঃ মন্ত্রবর্ণ লিখিয়া তথায় প্রতিষ্ঠা করিবে। তদনন্তর সংহারমুদ্রা বন্ধনপূর্ব্বক জয়প্রদা দেবীকে ধ্যান করিবে। দীর্ঘাকারা, কৃষ্ণবর্ণা, সততোদ্গতস্তনা ও উদ্গতমস্তক দিগম্বর, করধৃত নরমুণ্ডযুগল

এবং ধ্যাত্বেষ্টকাচূর্ণৈর্ব্বামহস্তেন শঙ্করি ।
ওঁ শত্রুনাশকর্ত্র্যৈ নম ইতি দত্ত্বা মহেশ্বরি ॥ ৫১
হরিদ্রাচূর্ণসহিতাং ধারাং দদ্যাননেন তু ।
অমুকস্য শোণিতং পিব পিবেতি তৎপরম্ ।
মাংসং খাদয় খাদয় হ্রীঁং নম ইতি মন্ত্রতঃ ॥ ৫২
মধ্যাহ্নে মধ্যরাত্রৌ তু পূজয়িত্বাশতাষ্টকম্ ।
জপেদেকাদশাহে চ রোগঃ স্যান্নাত্র সংশয়ঃ ॥ ৫৩
দণ্ডাধিকৈকবিংশাহে মৃত্যুরেব রিপোর্ধ্রুবম্ ।
কথবান্যপ্রকারেণ শত্রুক্ষয়মহং বদে ॥ ৫৪
পুংগোশকৃৎ সমাদায় পূজয়েদুষ্ণবারিণা ।
বিপরীতক্রমেণৈব জপপূজাদিকঞ্চরেৎ ॥ ৫৫
মহাদেবায় নম ইতি পুংগোশকৃৎ সমাহরেৎ ।
শিবায় নম ইতি মন্ত্রেণ গঠনঞ্চ সমাচরেৎ ॥ ৫৬

এইরূপে চর্ব্বণ করিতেছেন। শত্রুক্ষয়ের নিমিত্ত শত্রুনাশকরী দেবীকে ধ্যান করিবে। ৪৩—৫০

হে শঙ্করি ! এই ধ্যান করিয়া ইষ্টকাচূর্ণ দ্বারা বামহস্তে ওঁ শত্রুনাশকর্ত্র্যৈ নমঃ এই মন্ত্রে হরিদ্রা চূর্ণ সহিত ধারা প্রদান করিবে। তৎপরে "অমুকস্য শোণিতং পিব পিব মাংসং খাদয় খাদয় হ্রীং নমঃ" এই মন্ত্রে মধ্যাহ্নে বা মধ্যরাত্রে একশত অষ্টবার পূজাপূর্ব্বক জপ করিবে। এইরূপ করিলে একাদশ দিবসে শত্রুর রোগ হইবে সন্দেহ নাই। একবিংশতি দিন একদণ্ডে রিপুর নিশ্চয় মৃত্যু হইবে। অথবা অন্যপ্রকারে আমি শত্রুমারণ কহিতেছি, শ্রবণ কর। বৃষের গোময় আনিয়া উষ্ণবারি দ্বারা তাহার পূজা

পশুপতয়ে নম ইতি প্রাণান্ সংস্থাপয়েত্ততঃ।
লৌহপাত্রে মহেশানি খাদিরাঙ্গারযোগতঃ॥
শত্রুপ্রতিকৃতিং লিখ্য তত্র সংস্থাপয়েচ্ছিবম্॥ ৫৭
ততোধ্যায়েন্মহারুদ্রং ধ্যানং শৃণু সমাহিতঃ।
শত্রোর্ব্বক্ষঃ স্থিতং রুদ্রং জলদগ্নিসমপ্রভম্॥ ৫৮
বামহস্তধরং কেশং দক্ষিণ প্রাণকর্ষণম্।
নরচর্ম্মাম্বরং দেবং মহাব্যালাদিবেষ্টিতম্॥ ৫৯
পিণাকধৃগিহাগচ্ছ ইত্যাদিনাবাহ্য যত্নতঃ।
শূলপাণয়ে নম ইতি স্নাপয়েৎ সাধকোত্তমঃ॥ ৬০

করিবে। বিপরীত ক্রমে জপ পূজাদির অনুষ্ঠান কর্ত্তব্য। মহাদেবায়ঃ নমঃ এই মন্ত্রে বৃষগোময় আহরণ করিয়া শিবায় নমঃ এই মন্ত্রে গঠন সম্পাদনপূর্ব্বক পশুপতয়ে নমঃ এই মন্ত্রে প্রাণ প্রতিষ্ঠা করিবে।৫১—৫৬

হে মহেশ্বরি! লৌহপাত্রে খাদিরাঙ্গার দ্বারা শত্রুর প্রতিকৃতি লিখিয়া তথায় স্থাপন করিবে। তদনন্তর মহারুদ্রের ধ্যান কর্ত্তব্য। এই ধ্যান সমাহিতচিত্তে শ্রবণ কর। শত্রুর বক্ষঃস্থলস্থিত প্রজ্জ্বলিত অগ্নিপ্রভ বাম হস্তে শত্রুর কেশধারী এবং দক্ষিণহস্তে শত্রুর প্রাণকর্ষী, নরচর্ম্মাম্বর মহাসর্পাদিবেষ্টিত রুদ্রদেবকে ধ্যান করিবে। পিণাকধৃক্ ইহাগচ্ছ ইত্যাদি মন্ত্রে যত্নপূর্ব্বক আহ্বান করিয়া শূলপাণয়ে নমঃ এই মন্ত্রে স্নান করাইবে। সাধকোত্তম ব্যক্তি মহেশ্বরায় নমঃ এই মন্ত্রে পাদ্যাদি দ্বারা পূজা করিবে। তদনন্তর অগ্নিকোণাদি পর্য্যন্ত ঈশানায় সূর্য্যমূর্ত্তয়ে নমঃ হইতে সর্ব্বায় ক্ষিতিমূর্ত্তয়ে নমঃ এইরূপ ভাবে বিপরীতক্রমে পূজা কর্ত্তব্য। ওঁ শিবায় নমঃ, ওঁ মূলমন্ত্র অষ্টাবিংশতি বার জপ কর্ত্তব্য। হুঁ ক্ষমস্ব এই

মহেশ্বরায় নম ইতি পাদ্যাদিনা প্রপূজয়েৎ।
ঈশানাদিস্তথা মূর্ত্তিং ব্যুৎক্রমেণ প্রপূজয়েৎ ॥ ৬১
অগ্নিকোণাদিপর্য্যন্তং সূর্য্যরীত্যা মহেশ্বরি।
ওঁ শিবায় নমঃ ওঁ মূলমষ্টাবিংশতি সংজপেৎ ॥ ৬২
হুং ক্ষময়েতি বামেন করেণ তু বিসর্জ্জয়েৎ।
অজিত কেশব বিষ্ণো হরে সত্য জনার্দ্দন।
হংস নারায়ণায় স্বাহা মন্ত্রমেব সকৃজ্জপেৎ ॥ ৬৩
হুং নমো ভগবতে বাসুদেবায় স্বাহা।
ইতি যঃ শিবঃ নমঃ ইত্যপি সকৃজ্জপেৎ ॥ ৬৪
এবমেকাদশাহেন শত্রুন্মাদনমঞ্জসা।
অবশ্যং জায়তে দেবি সত্যং সত্যং ত্রিলোচনে ॥ ৬৫
কথয়ামি মহাদেবি বৈরস্তম্ভনমুত্তমম্।
কুম্ভকারস্য পয়নাদানয়েৎ পিঠরং শূলম্।
একং দ্বয়ং ত্রিকস্ফুটং যৎ কৃতং সাধকোত্তমঃ ॥৬৬

মন্ত্রে বাম কর দ্বারা বিসর্জ্জন করিবে। অজিত কেশব বিষ্ণো হরে সত্য জনার্দ্দন। হংস নারায়ণায় স্বাহা এই মন্ত্র একবার জপ্তব্য। "হুং নমো ভগবতে বাসুদেবায় স্বাহা" এই মন্ত্র এবং "ওঁ নমঃ শিবায়" এই মন্ত্র একবার জপ করিবে। এইরূপ করিলে একাদশ দিবসে একেবারে শত্রু উন্মাদিত হইয়া উঠিবে। হে দেবি! ইহা সত্য সত্যই ঘটিবে, তাহাতে সন্দেহ নাই। ৫৭—৬৫

হে ত্রিলোচনে! উত্তম শত্রুস্তম্ভন কহিতেছি, শ্রবণ কর। কুম্ভকারের পয়ন হইতে পিঠরশূল আনয়ন করিবে। হে মহেশ্বরি! সাধকো-

আনীয় চ উখামধ্যাদ্ভস্ম পর্য্যুসিতস্তথা ।
নিক্ষিপ্য পিঠরে শুষ্কনালিকাপত্রবিস্তরং ।
ভস্মপরি চ সংস্থাপ্য বাটিকায়াঃ সুরেশ্বরি ।
ঐশান্যাং বিবরং কৃত্বা শনৈর্ব্বারে মহেশ্বরি । ৬৭
পুনর্ম্মধ্যাহ্নকালে চ নির্জ্জনে সতি ভাবিনি ।
চতুর্দ্দিক্ষু বাটিকায়াগর্ত্তস্য নিকটাৎ প্রিয়ে ॥৬৮
তত্তাবতীমহং ভূমিং চৌরেভ্যোরক্ষয়ামি চ ।
প্রফুল্লমনসা দেবী ভূমৌ পরিগ্রহঞ্চরেৎ ॥ ৬৯
তাবতাঞ্চ ততোভূমিং বামাবর্ত্তনে ভাবিনি ।
পরিক্রম্য পুনস্তত্র গর্ত্তস্য নিকটং ব্রজেৎ ॥ ৭০
তত্রৈব নির্জ্জনে গর্ত্তে শলাকাং লৌহনির্ম্মিতান্ ।
রোপয়িত্বা তদুপরি পিঠরং সশরাবকং ।
সংস্থাপ্য মৃত্তিঃ সংপূর্য্য তদ্গর্ত্তং গৃহমাব্রজেৎ ॥ ৭১

—ত্তম তাহাতে এক দুই তিন স্ফুট করিয়া ঐ পিঠরে উখামধ্যস্থিত পর্য্যুষিত ভস্ম নিক্ষেপপূর্ব্বক বিস্তর শুষ্ক নালীকাপত্র ভস্মোপরি সংস্থাপন করিয়া বাটীর ঈশানকোণে শনিবারে গর্ত্ত করিবে। হে ভাবিনি! অনন্তর মধ্যাহ্নকালে নির্জ্জন হইলে বাটিকার চারিদিকে গর্ত্তের নিকট হইবে, হে প্রিয়ে! ইহার চতুঃপার্শ্বস্থ ভূমি চোর হইতে রক্ষা রাখিতেছি । এইরূপ মনে মনে স্থির করিয়া রক্ষিত ভূমির একটী সীমা মনে মনে নির্দ্দেশ করিবে। হে দেবি মহেশ্বরি! সেই তাবতী-ভূমি বামাবর্ত্তে পরিক্রমণ করিয়া পুনর্ব্বার গর্ত্তের নিকট গমন করিবে। গোপনে সেই গর্ত্তেই লৌহনির্ম্মিত শলাকা প্রোথিত করিয়া তদুপরি

গতিস্তম্ভ ভবেদ্দেবি চৌরাদীনাং তথা খলু ॥
অয়ং যোগবরোদেবি দুর্ল্লভোবসুধাতলে ॥ ৭২
পিশাচভূতবেতালকুষ্মাণ্ডব্রহ্মরাক্ষসাং।
দানবানাং তথান্যেষাং গতিস্তত্র নজায়তে ॥ ৭৩
ধনপুত্রসমৃদ্ধিস্তু বর্দ্ধতেঽহর্নিশন্তথা।
দিনে দিনে ধর্ম্মবৃদ্ধির্জায়তে নাত্র সংশয়ঃ ॥ ৭৪

শ্রীদেব্যুবাচ।

ভগবন্ সর্ব্বধর্ম্মজ্ঞ লোকানুগ্রহকারক।
সাধনং সর্ব্বমন্ত্রস্য সর্ব্বাশাপরিপূরকম্।
তদহং শ্রোতুমিচ্ছামিতদ্বদস্বমহেশ্বর ॥ ১

শ্রীঈশ্বর-উবাচ।

শয্যায়াং সাধনমাদৌ বক্ষ্যেঽহং পরমাদ্ভুতম্।
সার্দ্ধযামগতায়ান্তু নিশায়াং সাধকোত্তমঃ ॥ ২

শরাবসহিত পিঠর সংস্থাপন পূর্ব্বক মৃত্তিকা দ্বারা সেই গর্ত্ত পূরিত করিয়া গৃহে গমন করিবে। হে দেবি! এইরূপ করিলে চৌরাদির গতি স্তম্ভ হইবে। হে দেবি! এই উৎকৃষ্টযোগ বসুধাতলে দুর্ল্লভ। এই যোগ করিলে পিশাচ, ভূত, বেতাল, কুষ্মাণ্ড, ব্রহ্মরাক্ষস, দানব ও অন্যান্য ভূতগণের তথায় গতি হয় না। অহর্নিশ ধন পুত্র ও সমৃদ্ধি বৃদ্ধি ও দিন দিন ধর্ম্মবৃদ্ধি বর্দ্ধিত হইতে থাকে, সংশয় নাই।৬৪—৭৪

দেবি কহিলেন, হে সর্ব্বধর্ম্মজ্ঞ লোকানুগ্রাহক ভগবন্! সকল মন্ত্রের সর্ব্বাশাপরিপূরক সাধন শ্রবণ করিতে আমার ইচ্ছা হইতেছে, হে মহেশ্বর! আপনি তাহা কীর্ত্তন করুন। ঈশ্বর কহিলেন, প্রথম পরমাদ্ভুত শয্যাসাধন

ভূত্বা দিগম্বরঃ সম্যগাচম্য বিধিবত্তদা।
অভ্যুক্ষ্য মূলমন্ত্রেণ শয্যায়াস্তত্র সংবিশেৎ ॥ ৩
গুরুং পরগুরুঞ্চৈব পরাপরগুরুস্তথা।
পরমেষ্ঠিগুরুঞ্চৈব বামেঽভ্যর্চ্চ্য গণেশ্বরম্ ॥ ৪
দক্ষিণে চ ভ্রুবেরূর্দ্ধ্বে শ্মশানবাসিনে নমঃ।
ততোমায়মাসনায় নমঃ ইত্যর্চ্চয়েচ্ছিবে ॥ ৫
শয্যাং শয্যা তলে দেবি প্রণবং বাগ্‌ভবঞ্চ ফট্।
লিখিত্বাচম্য যত্নেন সমন্ত্রোক্তবিধানতঃ ॥ ৬
প্রণবং মণিধরিঞ্চৈব বজ্রণি চেন্মহাপদম্।
প্রতিসরে রক্ষ রক্ষ মাং হুং ফট্ স্বাহয়াযুতম্ ॥ ৭
অনেন মনুনা দেবি শিখাং বধ্বা বিধানতঃ।
অঙ্গন্যাসকরন্যাসৌ মাতৃকান্যাসমেব চ ॥ ৮
ভূতশুদ্ধ্যাদিকং কৃত্বা হৃৎপদ্মে পরমাং শিবাম্।
ধ্যাত্বা ভক্ত্যা সমভ্যর্চ্চ্য মানসৈঃ সাধকোত্তমঃ ॥ ৯

বলিব। সাধকোত্তম, রাত্রির সার্দ্ধেক প্রহর গত হইলে, দিগম্বর হইয়া যথাবিধি আচমন পুরঃসর মূল মন্ত্রে ও শয্যায় অভ্যুক্ষণ করিয়া সেই শয্যায় গমন করিবে। অনন্তর বামভাগে, গুরু, পরমগুরু, পরাপরগুরু, পরমেষ্ঠিগুরু এই সকল গুরুকে এবং গণেশ্বরকে দক্ষিণে ভ্রূর উর্দ্ধভাগে শ্মশানবাসীকে প্রণাম করিবে "আয়ামাসনায় নমঃ" এই মন্ত্রে অর্চ্চনা করিবে। হে শিবে! শয্যাতলে প্রণব এবং ফড়ন্ত বাগ্‌ভব মন্ত্র লিখিয়া আচমনান্তে নিজমন্ত্রোক্ত বিধানে "ওঁ মণিধরি বজ্রিণি চেন্মহাপদং প্রতিসরে রক্ষ রক্ষ মাং হুং ফট্ স্বাহা", এই মন্ত্র দ্বারা বিধিপূর্ব্বক শিখাবন্ধন করিবে।

শয্যাতলে প্রণীয়তাং মন্ত্রোপরি বরাননে।
প্রণবঞ্চ ততোদেবি বটুকৈভ্যোনমস্তথা॥ ১০
ইতি মন্ত্রেণ মনসা বটুকং পাদ্যাদিভির্যজেৎ।
ততস্তু বহ্নিবীজেন সমন্তাজ্জলধারয়া॥ ১১
বহ্নিপ্রাচিরমাচিন্ত্য সংকল্পঞ্চ সমাদরাৎ।
জপং কৃত্বা সমর্প্যাথ বিধিনা পরমেশ্বরি।
পুনঃ সঙ্কল্প্য দেবেশি কুর্য্যাৎ সর্ব্বক্রমং শিবে॥ ১২
হোমঞ্চ তর্পণঞ্চৈব অভিষেকং ততঃপরম্‌।
বিপ্রস্য ভোজনঞ্চৈব অভাবে দ্বিগুণং জপেৎ॥ ১৩
কাঞ্চনং দক্ষিণাং দত্বাচ্ছিদ্রাবধারণঞ্চরেৎ।
সংপ্রোচ্য বটুকং দেবি ক্ষমস্বেতি বিসর্জ্জয়েৎ॥ ১৪

অনন্তর অঙ্গন্যাস করন্যাস মাতৃকান্যাস ও ভূতশুদ্ধ্যাদি সমাপন পূর্ব্বক হৃৎপদ্মে ভক্তিপূর্ব্বক মানস পূজা করিয়া পরমা শিবার ধ্যান করিবে।১—৯

হে বরাননে! তদনন্তরে শয্যাতলে প্রণবযুক্ত মন্ত্র বিন্যাস করিয়া তৎপরে "বটুকেভ্যো নমঃ" মন্ত্রে পাদ্যাদি দ্বারা বটুকের মানস পূজা কর্ত্তব্য। তৎপরে বহ্নিবীজ দ্বারা চারিদিকে জলধারায় বহ্নি প্রাচীর চিন্তা করিয়া বিধিপূর্ব্বক সঙ্কল্প করিবে। হে পরমেশ! অনন্তর জপ ও জপ সমর্পণ করিয়া পুনর্ব্বার সঙ্কল্প পূর্ব্বক অন্যান্য যাবতীয় পূজাক্রম অনুষ্ঠান করিবে। হোম, তর্পণ ও অভিষেক ও ব্রাহ্মণ ভোজন. এই সকল অনুষ্ঠানে অসমর্থ হইলে দ্বিগুণ জপ করিবে। হে শিবে! পরমেশ্বরি! তদনন্তর কাঞ্চন দক্ষিণা প্রদানপূর্ব্বক অচ্ছিদ্রাবধারণ করিবে। তৎপরে "হে বটুকস্তং ক্ষমস্ব" এই মন্ত্রে বটুককে বিসর্জ্জন করিবে। হে দেবি!

এবমুক্তং মহাদেবি শয্যাসাধনমুত্তমম্ ।
মন্ত্রসিদ্ধিকরং শীঘ্রমস্মৎসাযুজ্যদায়কম্ ॥ ১৫
অথ শৃণু ত্রিবাটস্য চতুর্ব্বাটস্য সাধনম্ ।
গত্বা তু ত্রিপথং বাপি চতুষ্পথং বরাননে ॥ ১৬
প্রণমেদ্ গুরুমভ্যর্চ্চ মণিধরীতি চ মন্ত্রতঃ ।
বধ্বা গ্রন্থিস্তু বজ্রান্তে নির্ভয়ঃ সাধকোত্তমঃ ॥ ১৭
শ্মশানবাসিনো যে যে দেবাদেব্যশ্চ ভৈরবাঃ ।
দয়াং কুর্ব্বন্তু তে সর্ব্বে সিদ্ধিদাশ্চ ভবন্তু মে ॥ ১৮
প্রণমেৎ প্রণবাদ্যেন মনুনানেন ভক্তিতঃ ।
ততঃ পূর্ব্বমুখোবাপি উত্তরাশামুখোঽপি বা ॥ ১৯
উপবিশ্য সমাচম্য স্বস্তিবাচ্য মহেশ্বরি ।
স্থানং সম্মার্জ্জ্য তত্রৈব প্রেতবীজং লিখেৎ সুধীঃ ॥ ২০
বীজোপরি মহাদেবি বিহিতাসনমাস্তরেৎ ।
তত্রোপবিশ্য দেবেশি হৃদীষ্টদেবতাং স্মরেৎ ॥ ২১

এই আমি তোমাকে মন্ত্রসিদ্ধিকর আমার সাযুজ্য সাধক উত্তম শয্যাসাধন কহিলাম। এক্ষণে ত্রিবাট ও চতুর্ব্বাটের সাধন শ্রবণ কর।১০—১৫

হে বরাননে! ত্রিপথ বা চতুষ্পথে গমনপূর্ব্বক গুর্ব্বাদিকে প্রণাম করিয়া, মণিধরী এই মন্ত্রে গ্রন্থিবন্ধন পূর্ব্বক বজ্রমন্ত্রোচ্চারণকরত সাধক নির্ভয় হইবে। তদনন্তর "ওঁ শ্মশানবাসিনো যে যে দেবা দেব্যাশ্চ ভৈরবাঃ। দয়াং কুর্ব্বন্তুতে সর্ব্বে সিদ্ধিদাস্ত ভবন্তুমে।" এই মন্ত্রে ভক্তিপূর্ব্বক প্রণাম করিবে। হে মহেশ্বরি! তদনন্তর সুধী সাধক পূর্ব্বমুখ বা উত্তরমুখ হইয়া উপবেশনপূর্ব্বক আচমনান্তে স্বস্তিবাচনপুরঃসর স্থান

যথেষ্টমনসারাধ্যং অষ্টাসু চ বলিং হরেৎ।
কালাদিভ্যো মহেশানি পূজয়িত্বা বিধানতঃ ॥ ২২
কালী কপালিনী কুল্বা কুরুকুল্বা বিরোধিনী।
বিপ্রচিত্তা তথা নীলা বলাকা চ ধনম্বিষঃ ॥ ২৩
প্রণবাদি নমোঽন্তেন পূজাবল্যাদিনা স্মৃতাঃ।
সঙ্কল্প্যাষ্টোত্তরশতং জপ্ত্বাচ্ছিদ্রাবধারণম্।
কৃত্বা স্থানং পরিত্যজ্য দেবীং স্মরন্ গৃহং ব্রজেৎ ॥ ২৪
এবমুক্তং সাধনন্তে সর্ব্বসিদ্ধনিষেবিতম্।
যস্মৈ কস্মৈ ন দাতব্যং সাধকানাং পরং হিতম্ ॥ ২৫
অতঃপরমহং বক্ষ্যে বিল্বমূলস্য সাধনম্।
বিল্বমূলং মহেশানি সমন্তাৎ ষোড়শঙ্করম্ ॥ ২৬

মার্জ্জনা করিয়া, সেই স্থানেই প্রেতবীজ লিখিবে। হে দেবি! বীজোপরি বিহিত আসন আস্তরণপূর্ব্বক তাহাতে উপবেশন করিয়া হৃদয়ে ইষ্টদেবতার স্মরণ কর্ত্তব্য। মানসাদি আরাধনা করিয়া অষ্টদিকে বলি আহরণপূর্ব্বক যথাবিধি কালাদির পূজা করিয়া প্রণবাদি নমোঽন্তমন্ত্রে কালী, কপালিনী, কুল্বা, কুরুকুল্বা, বিরোধিনী, বিপ্রচিত্তা, নীলা, ঘনা ও বলাকার যথাবিধি পূজা পূর্ব্বক বলি প্রদান করিবে। পরে সংকল্প করিয়া অষ্টোত্তরশতবার জপ করিয়া অচ্ছিদ্রাবধারণ করিবে তদনন্তর সেই স্থান পরিত্যাগপূর্ব্বক দেবীকে স্মরণ করিতে করিতে গৃহে গমন করিবে। হে দেবি! এই আমি তোমাকে সিদ্ধ সাধকগণের সাধনের বিষয় কহিলাম, ইহা যাহাকে তাহাকে দাতব্য নয়, ইহা সাধকগণের পরম হিতজনক জানিও ॥১৬ – ২৫

এক্ষণে আমি তোমাকে বিল্বমূল সাধন বলিব। হে মহেশানি!

মম জটাস্বরূপং হি পর্ণং জানীহি সুন্দরি ।
ঋগ্যজুঃসামসদৃশং পত্রত্রয়ং বরাননে ॥ ২৭
শাখা হি সর্ব্বশাস্ত্রাণি জানীহি মীনলোচনে ।
কল্পবৃক্ষসমো বিল্বো ব্রহ্মবিষ্ণুশিবাদয়ঃ ।
মহালক্ষ্মীর্ব্বিল্ববৃক্ষোজাতঃ শ্রীশৈলপর্ব্বতে ॥ ২৮

শ্রীদেব্যুবাচ ।

কথং সা বিষ্ণুবনিতা বিল্ববৃক্ষো বভূব হি ।
বৃত্তান্তং পরমাশ্চর্য্যং বদ মে করুণাময় ॥ ২৯

শ্রীঈশ্বর উবাচ ।

শৃণু দেবি প্রবক্ষ্যামি বৃত্তান্তং পরমাদ্ভুতম্ ।
সত্যে তু পূজয়ামাস লিঙ্গং রামেশ্বরাতিধম্ ॥ ৩০
জ্যোতিরূপং মদীয়াংশং প্রার্থ্য ব্রহ্মাদিভিঃ সহ ।
তত্র মেঽনুগ্রহাদ্ বাণী সর্ব্বেষাং প্রিয়তাং গতা ॥ ৩১

বিল্বমূলের চারিদিকে ষোড়শহস্ত পরিমিত স্থানই বিল্বমূল বলিয়া অভিহিত। হে সুন্দরি! তাহার পত্র আমার জটা স্বরূপ, হে বরাননে! তাহার ত্রিপত্র ঋক্ যজুঃ ও সামবেদ। শাখা সর্ব্বশাস্ত্র জানিবে। হে মীনলোচনে! বিল্ববৃক্ষ কল্পবৃক্ষ তুল্য এবং ব্রহ্মা বিষ্ণু শিবস্বরূপ। মহালক্ষ্মী বিল্ববৃক্ষ হইয়া শ্রীশৈলপর্ব্বতে জন্মগ্রহণ করিয়াছিলেন। ২৬—২৮

দেবী কহিলেন, হে করুণাময়! বিষ্ণু বনিতা কিরূপে বিল্ববৃক্ষ হইয়া জন্মিলেন, এই পরমাশ্চর্য্য বৃত্তান্ত শ্রবণ করিতে ইচ্ছা হয়, বর্ণন করিয়া আমার কৌতূহল চরিতার্থ করুন। ২৯

ঈশ্বর কহিলেন, হে দেবি! এই পরমাদ্ভুত বৃত্তান্ত কহিতেছি শ্রবণ

বিষ্ণোরতিপ্রিয়া নিত্যং সাভূৎ সরস্বতী সদা ।
তাদৃক্ প্রীতি র্ন লক্ষ্ম্যাঞ্চ জায়তে কেশবস্য চ ॥ ৩২
ইতি চিন্তাপরা লক্ষ্মীর্যযৌ শ্রীশৈলমুত্তমম্ ।
প্রাপ্তামাল্লিঙ্গমেকান্তে তপস্তেপেঽতিদারুণম্ ॥ ৩৩
তথাপি হৃদি নৈবাভূৎ কৃপা মে পরমেশ্বরি !
তদা সা বৃক্ষরূপেণ স্থিতা লিঙ্গ্যগ্রতঃ সতী ॥ ৩৪
পত্রৈঃ পুষ্পৈঃ ফলৈঃ স্বীয়ৈঃ পূজয়ামাস সন্ততম্ ।
কোটিবর্ষে মহেশানি ততোমেঽনুগ্রহো ভবেৎ ॥ ৩৫
তেনৈবানুগ্রহেণৈব বিষ্ণোর্ব্বক্ষঃস্থিতা ভবেৎ ।
সদৈব পরমেশানি বিহরেৎ সা সদৈব হি ॥ ৩৬

কর। সত্যযুগে জ্যোতীরূপ মদীয়াংশ রামেশ্বর নামক লিঙ্গ, ব্রহ্মাদি দেবতাসহিত দেবীগণ পূজা করিয়াছিলেন। তাহাতে আমার অনুগ্রহ-বশে বাণীদেবী সকলের প্রিয়া হইলেন। এবং সেই সরস্বতী, বিষ্ণুর সতত প্রিয়া হইলেন। তৎকালে কেশবের লক্ষ্মীর প্রতি তাদৃশী প্রীতি জন্মিল না। এই হেতু লক্ষ্মীদেবী চিন্তান্বিতা হইয়া উত্তম শ্রীশৈলপর্ব্বতে গমন করিলেন। তথায় আমার এক লিঙ্গ প্রাপ্ত হইয়া অতি দারুণ তপস্যা আরম্ভ করিলেন। হে পরমেশ্বরি! তথাপিও আমার কৃপা হইল না দেখিয়া, লক্ষ্মীদেবী আমার লিঙ্গের অগ্রস্থিত স্থানে বৃক্ষরূপে অবস্থান করিয়া আপনার পত্রপুষ্প ও ফলদ্বারা নিরন্তর আমার পূজা করিতে লাগিলেন। হে মহেশানি! তদনন্তর কোটিবর্ষপরে আমার অনুগ্রহ হইলে সেই অনুগ্রহবলে লক্ষ্মী বিষ্ণুর বক্ষঃস্থলস্থিতা হইলেন এবং তিনি নিরন্তর তাঁহার সহিত বিহার করিতে লাগিলেন।৩০—৩৬

অতস্তু কারণাদ্দেবি তদ্রূপেণ হরিপ্রিয়া ।
সদৈব পূজয়েন্মাং সা মদ্ভক্তা সাতুলা শিবে ॥ ৩৭
অতস্তু বৃক্ষমাস্থায় তিষ্ঠামি চ দিবানিশম্ ।
সর্ব্বতীর্থময়ো দেব সর্ব্বদেবময়ঃ সদা ॥ ৩৮
শ্রীবৃক্ষঃ পরমেশানি অতএব ন সংশয়ঃ ।
তৎফলৈস্তৎপ্রসূনৈর্ব্বা তত্তপত্রৈর্যঃ প্রপূজয়েৎ ॥ ৩৯
তৎকাষ্ঠ চন্দনৈর্ব্বাপি স মে ভক্তঃ স মে প্রিয়ঃ ॥ ৪০
তৎকাষ্ঠচন্দনং ভালে যো ধারয়তি সংভ্রমাৎ ।
মত্তনুং শিববুদ্ধ্যা সা নমেদ্দেবি মুদান্বিতা ॥ ৪১
অতস্তচ্চন্দনং দেবি ধারয়েন্ন কদাচন ।
তৎপত্রং তৎপ্রসূনং বা কদাপি ধারয়েন্ন হি ॥ ৪২
বিল্বমূলে মহেশানি প্রাণাস্ত্যজতি যোনরঃ ।
রুদ্রদেহো ভবেৎ সত্যং পাপকোটিযুতোহি সঃ ॥ ৪৩
অতস্তৎসাধনং দেবি সর্ব্বেষাং প্রিয়কারকম্ ।
তত্র গত্বা বিল্বমূলং প্রাপ্যদ্ গুরুচতুষ্টয়ম্ ।

হে পরমেশানি ! দেবি ! এই কারণেই সেই হরিপ্রিয়া সেই বৃক্ষরূপে সর্ব্বদাই অত্যন্ত ভক্তিপূর্ব্বক আমার পূজা করিয়া থাকেন। হে শিবে! তিনি সর্ব্বদাই আমার প্রতি একান্ত ভক্তিমতী. এই কারণে আমি অহর্নিশ বিল্ববৃক্ষ আশ্রয় করিয়া অবস্থান করি· হে পরমেশ্বরি ! দেবি ! অতএব বিল্ববৃক্ষ সর্ব্বদাই সর্ব্বতীর্থময় ও সর্ব্ব দেবময় তাহাতে সংশয়মাত্র নাই ॥ বিল্বপত্রে বা বিল্বপুষ্পে বা বিল্বফলে বা বিল্বকাষ্ঠের চন্দনে যে আমার পূজা করে, হে দেবি ! সে আমার প্রিয় সে আমার ভক্ত। হে দেবি !

অভ্যর্চ্চ্য যত্নতোদেবি ক্ষেত্রপালং প্রপূজ্য চ॥ ৪৪
ক্ষেত্রপাল মহাভাগ শ্মশানাধিপ সুব্রত।
সিদ্ধিং দেহি জগৎকর্ত্তা স্থানং দেহি নমোঽস্তুতে॥ ৪৫
অনেন প্রণবাদ্যেন মনুনা প্রণমেত্ততঃ।
ততঃ স্থানস্তু সংপূজ্য লিখেত্তত্র বরাননে॥ ৪৬
বাগ্ভবং প্রেতবীজঞ্চ পুনর্ব্বাগ্ভবমেব চ।
তদন্তে মূলমন্ত্রঞ্চ বিলিখেৎ সাধকোত্তমঃ॥ ৪৭
পূজয়িত্বা চ কাল্যাদ্যাঃ পূর্ব্ববৎ পরমেশ্বরি।
সংকল্প্যাষ্টোত্তরযুতং জপ্ত্বাচ্ছিদ্রাবধারয়েৎ॥ ৪৮
পরিত্যজ্য ততঃ স্থানং গুরুং স্মরন্ গৃহং ব্রজেৎ।
ইত্যেবং কথিতং তুভ্যং সারাৎসার পরাৎপরা॥ ৪৯
গোপনীয়ং সদা ভদ্রে বিশেষাৎ পশুসংকুলে॥ ৫০

বিল্ববৃক্ষ শিবসদৃশ, বিল্বতরু আমার তনু এই বুদ্ধিতে আমার প্রতি গৌরব প্রদর্শন মানসে ললাটে বিল্ববৃক্ষের চন্দনধারী মানবকে রমা সানন্দে নমস্কার করিয়া থাকেন। অতএব হে দেবি! সেই চন্দন নরগণ কদাচ ধারণ করিবে না। এবং তাহার পত্র বা পুষ্প ধারণ কর্ত্তব্য নয়। হে মহেশানি! যে নর বিল্বমূলে প্রাণত্যাগ করে, সে যদি কোটিপাপ সংযুতও হয় তথাপি সে রুদ্রদেহ ধারণ করে। হে দেবি! অতএব তাঁহার সাধন সর্ব্বদেবতার প্রিয়কর। সেই বিল্বমূলে গমন করিয়া পূর্ব্ববৎ গুরুচতুষ্টয়ের পূজাপূর্ব্বক পরমযত্নে ক্ষেত্রপালের পূজা করিবে। তদনন্তর —"ক্ষেত্রপাল, মহাভাগ, শ্মশানাধিপ, সুব্রত, তুমি জগৎকর্ত্তা আমাকে স্থান দাও এবং সিদ্ধি প্রদান কর, তোমাকে নমস্কার"। প্রণবাদি এই

ইদানীং শৃণু দেবেশি মুণ্ডসাধনমুত্তমম্।
যৎ কৃত্বা সাধকো যাতি মহাদেব্যাঃ পরং পদম্॥ ৫১
নরমহিষমার্জ্জারমুণ্ডত্রয়ং বরাননে।
অথবা পরমেশানি নৃমুণ্ডত্রয়মাদরাৎ॥ ৫২
শিবাসর্পসারমেয় বৃষভানাং মহেশ্বরি।
পঞ্চমুণ্ডং তথা মধ্যে পঞ্চমুণ্ডানি হীরিতম্॥ ৫৩
অথবা পরমেশানি নরাণাং পঞ্চমুণ্ডকান্।
তথা শতং সহস্রং বাযুতং লক্ষং তথৈব চ॥
নিযুতঞ্চাথবা কোটিং নৃমুণ্ডান্ পরমেশ্বরি।
নরমুণ্ডং স্থাপয়িত্বা প্রোথয়িত্বা ধরাতলে॥ ৫৪—৫৫

মন্ত্রে প্রণাম করিবে। হে বরাননে! তদনন্তর সেই স্থান পূজা করিয়া বাগ্ভববীজ, প্রেতবীজ, পুনর্ব্বার বাগ্ভববীজ তৎপরে মূলমন্ত্র লিখিবে। হে পরমেশ্বরি! সাধকোত্তম, তৎপরেই কালাদির পূজা পূর্ব্ববৎ সমাপন করিয়া সংকল্পপূর্ব্বক অষ্টোত্তরশত জপ সমাপনান্তে অচ্ছিদ্রাবধারণ করিবে। তদন্তর গুরুকে স্মরণ করিতে করিতে সেইস্থান পরিত্যাগ পূর্ব্বক নিজগৃহে গমন করিবে। এই আমি তোমাকে সারাৎসার পরাৎপর চিতাসাধন কহিলাম, হে ভদ্রে! ইহা সততই বিশেষতঃ পশুসংকুলস্থানে গোপনীয়॥৩৭—৫০

হে দেবেশি! এক্ষণে উত্তম মুণ্ডসাধন শ্রবণ কর। নরগণ এই মুণ্ডে সাধন করিয়া মহাদেবীর পরমপদ প্রাপ্ত হইয়া থাকে। হে বরাননে! নরমুণ্ড, মহিষমুণ্ড ও মার্জ্জারমুণ্ড অথবা নৃমুণ্ডত্রয় যত্নপূর্ব্বক আহরণ করিবে। শিবামুণ্ড, সর্পমুণ্ড, কুক্কুরমুণ্ড, বৃষমুণ্ড, নরমুণ্ড, এই

বিতস্তিপ্রমিতাং বেদীং তস্যোপরি প্রকল্পয়েৎ ।
আয়ামপ্রস্থতো দেবি চতুর্হস্তৌ সমাচরেৎ ॥ ৫৬
সহস্রলক্ষপর্য্যন্তং ষোড়শীং হস্তসম্মিতাং ।
ততঃপরং মহাদেবি শতহস্তমিতাঞ্চরেৎ ॥ ৫৭
তস্যাস্তু ভূতনাথাদীন্ চতুর্দ্দিক্ষু সমর্চ্চয়েৎ ॥ ৫৮
পূর্ব্বোক্তভূতনাথায় নমোমন্ত্রেণ দেশিকঃ ।
পাদ্যাদিভিঃ পূজয়িত্বা বলিং দদ্যাৎ প্রযত্নতঃ ॥ ৫৯
এবন্তু দক্ষিণে দেবি শ্মশানাধিপমাদরাৎ ।
তদ্বচ্চ পশ্চিমে ভাগে কালভৈরবমুত্তমম্ ॥ ৬০
শ্মশানমুত্তরে তদ্বৎ পূজয়িত্বা বলিং দদেৎ ।
বেদীমধ্যে প্রেতবীজং ফট্কারং তদনন্তরম্ ॥ ৬১
পাদ্যাদিভিরনেনৈব কুণ্ডেভ্যঃ পরিপূজয়েৎ ॥ ৬২

কয়েকটিই পঞ্চমুণ্ড বলিয়া অভিহিত। অথবা হে মহেশ্বরি! পঞ্চ নরমুণ্ডই পঞ্চমুণ্ডরূপে গৃহীত হয়। অথবা শত সহস্র, অযুত লক্ষ, নিযুত বা কোটি যত অধিক সংখ্যক নৃমুণ্ড সংগৃহীত হয়, হে শুভঙ্করি! পরমেশ্বরি! তাহা ধরাতলে প্রোথিত করিয়া তাহার উপরে উর্দ্ধে বিতস্তি পরিমিত বেদী প্রস্তুত করিবে। দৈর্ঘ্য ও প্রস্থে তাহা চারিহস্ত পরিমিত হইবে। সহস্র অবধি লক্ষমুণ্ড পর্য্যন্ত ষোড়শহস্ত বেদী এবং নিযুত অবধি কোটিসংখ্যকমুণ্ডে শতহস্ত পরিমিত বেদী প্রস্তুত কর্ত্তব্য। সেই বেদীতে চারিদিকে ভূতনাথাদির পূজা করিবে। সাধকব্যক্তি, পূর্ব্বোক্ত ভূতনাথকে নমোমন্ত্রে পাদ্যাদি দ্বারা পূজা করিয়া যত্নপূর্ব্বক বলি প্রদান করিবে। ৫১—৫৯

এইরূপে দক্ষিণদিকে শ্মশানাধিপতিকে এবং পশ্চিমদিকে উক্ত

নৈঋর্ত্যাং হ্রীঁ চণ্ডিকায়ৈ বীজং বিলিখ্য সাধকোত্তমঃ।
তত্রৈব পূজয়েদ্ভক্ত্যা ভারতীং শুভ্রবিগ্রহাম্॥ ৬৩
বাগ্‌দেবতা মঙ্গযুতা নমোঽস্তুবাগ্‌ভবাদিনা।
অনেন মনুনাভ্যর্চ্চ বলিস্তস্মৈ নিবেদয়েৎ॥ ৬৪
হে বীরসর্ব্ব দেবেশ মুণ্ডরূপ জগৎপতে।
দয়াং কুরু মহাভাগ সিদ্ধিদোভব মজ্জপে॥ ৬৫
বেদিকাপর্য্যনেনৈব পুষ্পাঞ্জলিত্রয়ং ক্ষিপেৎ।
শবং কুর্য্যাদ্‌বহ্নিসংস্থং পাশমিন্দুকলান্বিতম্॥ ৬৬
মায়াবীজং কুর্চ্চবীজং ফট্‌কারঃ তদনন্তরম্।
পাদ্যাদি ভরনেনৈব কুণ্ডেভ্যঃ পরিপূজয়েৎ॥ ৬৭
নৈঋর্তাং হ্রীং চণ্ডিকায়ৈ নমোমন্ত্রেণ দেশিকঃ।
বায়ব্যে হ্রাং ভদ্রকাল্যৈ নমোমন্ত্রেণ তৎপরং॥ ৬৮

কালভৈরবকে। উত্তরে শ্মশানের পূজা করিয়া আদর পূর্ব্বক বলিপ্রদান কর্ত্তব্য। বেদীমধ্যে প্রেতবীজ ও ফট্‌কার মন্ত্রে পাদ্যাদি দ্বারা কুণ্ড সকলের পূজা করিবেন। সাধকোত্তম নৈঋর্ত কোণে "হ্রীঁ চণ্ডিকায়ৈ" এই বীজমন্ত্র লিখিয়া সেই স্থানেই শ্বেতবর্ণা সরস্বতীর ভক্তি-পূর্ব্বক অর্চ্চনা করিবে। অঙ্গযুত বাগ্‌দেবতাকে নমোঽস্তু বাগ্‌-ভবাদিমন্ত্রে অর্চ্চনা করিয়া তাঁহাকে বলি নিবেদন কর্ত্তব্য। "হে মুণ্ডরূপিন্ সর্ব্বদেবেশ! হে বীর জগৎপতে! দয়া করিয়া আমার এই জপে সিদ্ধি প্রদান কর।" এই মন্ত্র দ্বারা বেদিকার উপরিভাগে পুষ্পাঞ্জলিত্রয় প্রদান করিবে। পরে শবকে বহ্নিসংস্থ এবং পাশকে ইন্দু-কলান্বিত করিয়া মায়াবীজ ও কুর্চ্চবীজ ফট্‌কারমন্ত্রে পাদ্যাদি দ্বারা কুণ্ড পূজা করিবে। ৬৩—৬৭

ঈশানে হ্রীং দয়ায়ৈ নমোমন্ত্রেণ শাম্ভবি।
অগ্নৌ হ্রীং চণ্ডোগ্রায়ৈ নমোমন্ত্রেণ সাধকঃ ॥৬৯
পূজয়িত্বা বলিং দত্ত্বা উত্থায় সন্মুখে ততঃ।
শশ্মানবাসিনো যে যে দেবাদেব্যশ্চ ভৈরবাঃ।
দয়াং কুর্ব্বন্তু তে সর্ব্বে সিদ্ধিদাস্তে ভবন্তু মে।
অনেন প্রণবাদ্যেন পুষ্পাঞ্জলিত্রয়ং ক্ষিপেৎ ॥৭০।৭১
ততঃ স্থানন্তু সংস্পৃশ্য বশোভব বদেদিতি।
বিষ্টরাসনমাস্তীর্য্য উপবিশ্য মহেশ্বরি ॥৭২
অষ্টাধিকাযুতং জপং কৃত্বাচ্ছিদ্রাবধারয়েৎ।
স্থানং পরিষ্কৃত্য নত্বা দেবীং ধ্যায়ন্ গৃহং ব্রজেৎ ॥৭৩
পুরশ্চর্য্যাবিধৌ দেবি শেষং শৃণুষ্ব শাম্ভবি ॥
কীলকং নৈব কুর্য্যাত্তু ত্রিমুণ্ডোপরি কর্হিচিৎ ॥৭৪

সাধক হ্রীং চণ্ডিকায়ৈ নমঃ এই মন্ত্রে নৈঋর্তকোণে, তৎপরে হ্রীং ভদ্রকাল্যৈ নমঃ এই মন্ত্রে বায়ুকোণে, হ্রীং দয়ায়ৈঃ নমঃ এই মন্ত্রে, ঈশাণকোণে, হ্রীং চণ্ডোগ্রায়ৈ নমঃ এইমন্ত্রে অগ্নিকোণে পূজা করিয়া বলি প্রদানপূর্ব্বক উঠিয়া দণ্ডায়মান হইয়া সন্মুখে "শ্মশান বাসিনো" ইত্যাদি মূলের লিখিত প্রণবাদি মন্ত্রদ্বারা পুষ্পাঞ্জলিত্রয় নিক্ষেপ করিবে। তদনন্তর স্থান স্পর্শপূর্ব্বক বশীভব এই বাক্য বলিবে। হে মহেশ্বরি! তৎপরে কুশাশন আস্তীর্ণ করিয়া তদুপরি উপবেশনপূর্ব্বক অষ্টাধিক অযুত জপ করিয়া অচ্ছিদ্রাবধারণ করিবে। তদনন্তর স্থান পরিষ্কারপূর্ব্বক দেবীকে প্রণাম এবং ধ্যান করিয়া গৃহগমন করিবে। ৬৮—৭৩

হে শাম্ভবি দেবি! অনন্তর পুরশ্চরণ বিধি শ্রবণ কর। তাহাতে

শূন্যাগারে নদীতীরে পর্ব্বতে বা চতুষ্পথে ।
বিল্বমূলে শ্মশানে বা নির্জ্জনে চৈকলিঙ্গকে ॥৭৫
এতেষু প্রোথয়েন্মুণ্ডান্ সর্ব্বকামার্থসিদ্ধয়ে ।
এবম্বিধ প্রোথয়িত্বা চ নরং মুণ্ডং বিধানতঃ ॥৭৬
অনেন সর্ব্বসিদ্ধিঃস্যাদ্ বহুভিঃ কিমু সুব্রতে ।
ইত্যেবং কথিতং দেবি মুণ্ডানাং সাধনং শিবে ।
যৎকৃত্বা সর্ব্বসিদ্ধানামধিপোভুবি জায়তে ॥৭৭
ইতি যোগিনীতন্ত্রে সর্ব্বতন্ত্রোত্তমোত্তমে দেবীশ্বর-
সংবাদে চতুর্ব্বিংশতিসাহস্রে পঞ্চমঃ পটলঃ ।

ত্রিমুণ্ডোপরি কদাচিৎ কীলকও করিবে না । হে দেবি ! সর্ব্বকামার্থসিদ্ধির নিমিত্ত শূন্যাগারে, নদীতীরে, পর্ব্বতে, চতুষ্পথে বা বিল্বমূলে অথবা শ্মশানে, নির্জ্জনে বা একলিঙ্গে সর্ব্বকামনাসিদ্ধির নিমিত্ত এই সকল স্থানে মুণ্ড-সকল প্রোথিত করিবে । এইরূপে যথাবিধি নরমুণ্ড প্রোথিত করিয়া এই বিধানে পূজা করিলে সর্ব্বসিদ্ধ হয়, হে সুব্রতে ! অধিক বাক্যে প্রয়োজন কি ? হে দেবি ! হে শিবে ! এই আমি তোমাকে মুণ্ডসাধন কহিলাম । ইহা সাধন করিয়া অবনিতলে সর্ব্বসিদ্ধগণের ঈশ্বর হইতে পারে । ৭৪—৭৭

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে পঞ্চম পটল সমাপ্ত ।

ষষ্ঠঃ পটলঃ।

দেব্যুবাচ।

ভগবন্ সর্ব্বধর্ম্মজ্ঞ সর্ব্বাগমবিশারদ।
গুরুস্ত্বং সর্ব্বমন্ত্রাণাং করুণাময়সাগর ॥১
সর্ব্বধর্ম্মকৃতাযুরং যোগিহৃৎপদ্মভাস্করাঃ।
দিব্যভাবোবীরভাবোমহত্বেন প্রদর্শিতঃ।
ত্বয়া তত্র বিশেষণ বদ মে চন্দ্রশেখর ॥২

ঈশ্বরউবাচ।

দিব্যবীরবিভেদেন যোগদ্বয়ং সমীরিতং।
তদ্‌যোগাদভবত কৌলোদিব্যবীরোমহেশ্বরি ॥৩
তদ্‌যোগং হি বিনা দেবি তৎকর্ম্ম যঃ সমাচরেৎ।
স নো যোগী ভবেদ্দেবি মুমুক্ষুঃ কুলকামিনি ॥৪

দেবী কহিলেন,—হে সর্ব্বজ্ঞ সর্ব্বাগমবিশারদ ভগবন্ ভব! আপনি সর্ব্বমন্ত্রের গুরু ও করুণার সাগর। আপনারা সর্ব্বধর্ম্ম সাধন করিয়াছেন, যোগিহৃৎপদ্মের ভাস্কর, আপনি দিব্যভাব ও বীরভাব প্রদর্শিত করিয়াছেন. হে চন্দ্রশেখর! এক্ষণে তাহা বিশেষরূপে বর্ণন করুন। ১—২

ঈশ্বর কহিলেন,—দিব্য ও বীরভেদে যোগ দুই প্রকার। হে মহেশ্বরি! সেই যোগ প্রভাবে দিব্যবীরভাবী কৌল বলিয়া উক্ত হয়। হে দেবি! তদযোগ ব্যতিরেকে যে সেই কর্ম্ম আচরণ করে, সে মুমুক্ষু যোগী হয় না।

তাবত্তেহহং প্রবক্ষ্যামি শ্রুত্বা কর্ণেহবতংসয় ।
আত্মানং পরম ব্রহ্ম চিন্তয়েদথবা নচেৎ ॥ ৫
আত্মদেহং স্বেষ্টরূপং সদৈব পরিচিন্তয়েৎ ।
ব্রহ্মাণ্ডঞ্চ তথা সর্ব্বং স্বরূপেণ বিভাবয়েৎ ॥৬
দিব্যযোগমিমং দেবি সাবধানেন গোপয় ।
বীরযোগং শৃণুষ্বেমং সর্ব্বদেব নমস্কৃতং ॥৭
বিন্দুত্রয়ং কলাক্রান্তং প্রথমং পরিচিন্তয়েৎ ।
ততস্তস্মাদ্ভাবয়েজ্জাতং স্ত্রীরূপং ষোড়শাব্দিকং ॥৮
বালার্ককোটিসংজ্যোতিঃপ্রকাশিতদিগন্তরং ।
মূর্দ্ধাদি স্তনপর্য্যন্ত-মূর্দ্ধবিন্দোঃ সমুদ্ভবম্ ॥৯
বিন্দুযাবন্মধ্যদেহং কণ্ঠাদিকটিশীর্ষকম্ ।
স্তনদ্বয়েণ ভাষন্তং ত্রিবলীপরিমণ্ডিতম্ ॥১০

হে কুলকামিনি! আমি তৎসমুদায় তোমাকে কহিব, শ্রবণ করিয়া কর্ণভূষণ কর। আত্মাকে পরমব্রহ্মরূপে চিন্তা করিবে, অথবা, আত্মদেহই ইষ্টরূপ এইরূপ নিরন্তর চিন্তা করিবে। আর সমস্ত ব্রহ্মাণ্ড স্বেষ্টরূপ এইরূপ ভাবনা কর্ত্তব্য। হে দেবি! ইহাই দিব্যযোগ, তুমি ইহা সাবধানে গোপন রাখিবে। ৩—৬

হে পরমেশ্বরি! সর্ব্বদেবনমস্কৃত বীরযোগ শ্রবণ কর। প্রথমে কলাযুক্ত বিন্দুত্রয় চিন্তা করিবে। তদনন্তর তাহা হইতে ষোড়শবর্ষীয় স্ত্রীরূপ ভাবনা করিবে। ঐ স্ত্রীর কোটি বালসূর্য্যসম জ্যোতির্ম্মণ্ডলে দিঙ্মণ্ডল প্রকাশিত হইয়াছে। মূর্দ্ধাদি স্তন পর্য্যন্ত উর্দ্ধবিন্দু হইতে ঐ জ্যোতিঃ প্রকাশিত হইয়াছে। উহার মধ্যদেহই মধ্যবিন্দু তাহা কণ্ঠ হইতে

যে স্যাদিকঞ্চ পাদান্তং কামস্তৎ পরিচিন্তয়েৎ ॥১১
নানালঙ্কারভূষাঢ্যং ব্রহ্মেশবিষ্ণুবন্দিতম্।
এবং কামকলারূপং স্বাত্মদেহং বিচিন্তয়েৎ ॥১২
সদৈব পরমেশানি বীরযোগমিদম্ শৃণু।
সংক্ষেপাৎ কথয়িষ্যামি তয়োরাচারমুত্তমম্ ॥১৩
মদ্যং মাংসং তথা মৎস্যং মুদ্রা মৈথুন মেব চ।
ইদমাচরণং দেবি পশোর্ন দিব্যবীরয়োঃ ॥১৪
স দেবাচারবান্ ভূয়াৎ দিব্যোবীরোমহেশ্বরি।
যদি দৈবান্মহেশানি মদ্যাদি চ ন লভ্যতে ॥১৫
কস্মিন্নহনি দেবেশি তদাত্মানং সমাচরেৎ।
তথাপি ন হি ত্যক্তব্যমিদমাচরণং শিবে ॥১৬

কটির ঊর্দ্ধভাগ পর্য্যন্ত ; ঐ ভাগ স্তনদ্বয়ে দীপ্তিমান এবং ত্রিবলি দ্বারা পরিশোভিত। অনন্তর যোনি আদি পাদান্ত পর্য্যন্ত একান্তচিত্তে চিন্তা করিবে। ঐ স্ত্রীরূপ নানাভূষণাঢ্য এবং ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরের বন্দিত। আত্মদেহকে এইরূপ কামকলারূপে চিন্তা করিবে। হে জগদীশ্বরি! ইহাই বীরযোগ। এক্ষণে সংক্ষেপে ঐ উভয়যোগের উত্তম আচার কহিব শ্রবণ কর।৭ - ১৩

মদ্য, মাংস, মৎস্য, মুদ্রা ও মৈথুন এই আচার পশু ভাবের নহে,—পরন্তু দিব্য ও বীরভাবের জানিবে। হে মহেশ্বরি! দিব্যযোগী ও বীরযোগী দেবাচারবান্ হইবে। হে মহেশানি! যদি কোন দিনে দৈবযোগে মদ্য প্রাপ্ত হওয়া না যায়, তবে আত্মাকে তদাদিরূপে ভাবনা করিবে। তথাপি এই আচরণ ত্যাগ করিবে না।

মহামন্তং বিনা কৌলঃ ক্ষণাদূর্দ্ধং ন তিষ্ঠতি ।
তস্মান্মদ্যাদিকং দেবি সেবিতব্যং দিনে দিনে ॥১৭
অনুষ্ঠানবিধিং বক্ষ্যে শৃণু ত্বং পর্ব্বতাত্মজে ।
গুরুণা দীক্ষিতা ভূত্বা কৌলন্যাসং সমাচরেৎ ॥১৮
তদ্বিধিশ্চোত্তরে তন্ত্রে এতৎ স্যাত্তু কুলার্ণবে ।
ময়োক্তং তৎক্রমেণৈব অভিষেকদ্বয়ঞ্চরেৎ ॥১৯
নাম লব্ধা গুরোশ্চাপি বৃণুয়াদ্‌যোগমুত্তমঃ ।
দিব্যস্থা বীরযোগস্থা যথা কর্ম্মানুসারতঃ ॥২০
তৎক্ষণাৎ প্রিয়তামেত্য মুক্তোভবতি কালতঃ ।
যস্তু দিব্যোভবেৎ সত্যং স বিষ্ণুর্নাত্র সংশয়ঃ ॥ ২১
যো রুদ্রো ভবিতা শেষে বীর-এব ন সংশয়ঃ ।
যত্রদেশে নরস্তিষ্ঠেদ্‌দিব্যোবা বীরপুঙ্গবঃ ॥২২

মহামদ্য ব্যতিরেকে কৌল ক্ষণোর্দ্ধকাল অবস্থিত হয় না, হে দেবি ! সেই হেতু প্রতিদিন মদ্যাদি সেবা করিবে। হে পার্ব্বতি ! এক্ষণে অনুষ্ঠান-বিধি শ্রবণ কর। গুরুকর্ত্তৃক দীক্ষিত হইয়া কৌলন্যাস কর্ত্তব্য, সেই বিধি উত্তরতন্ত্রে এবং এই বিধি কুলার্ণবে আমি কহিয়াছি। তদনুসারে দুইবার অভিষেকান্তে উত্তমযোগী গুরুর নাম লইয়া দিব্যই হউক বা বীরই হউক, অধিকার অনুসারে অবলম্বন করিবে, তৎক্ষণাৎ ঐ যোগ প্রিয় হইয়া কালানুসারে মুক্তি প্রদান করে। যিনি দিব্য যোগী, তিনি বিষ্ণু তাহাতে সন্দেহ নাই, যিনি বীরযোগী তিনিও রুদ্র তাহাতে সংশয় নাই। হে দেবেশি ! যে দেশে দিব্যযোগী বা বীরযোগী অবস্থান

তত্তৎকুলস্থা দেবেশি স দেশঃ ক্ষিতিরাট স্বয়ং।
সিদ্ধিক্ষেত্রং সমুদ্দিষ্টং সমন্তাদ্দশযোজনম্ ॥২৩
তত্রৈব সর্ব্বতীর্থানি তত্র গঙ্গা সরিদ্বরা।
যোগিনীদুর্ল্লভাপ্যেতড্ডাকিনীভিঃ সরীসৃপৈঃ ॥২৪
ব্রহ্মরাক্ষসবেতালৈঃ কুষ্মাণ্ডৈর্ভৈরবৈঃ শিবৈঃ।
গুহ্যকৈর্দানবৈর্ব্বাপি মারীভির্যক্ষকিন্নরৈঃ ॥২৫
রোগৈর্দুষ্টৈর্মৃগৈশ্চৈব দুর্ভিক্ষৈঃ সর্পসংকুলৈঃ।
অবশ্যং মঙ্গলং তত্র তৎপুরীপরিবর্দ্ধনম্ ॥ ২৬
সুভিক্ষ্যং ক্ষেমমারোগ্যমেবং তে ধর্ম্মকোষকঃ।
স্ফুরন্তি সর্ব্বশাস্ত্রাণি সর্ব্বস্মাদপি নিত্যশঃ ॥ ২৭
ব্রহ্মাবিষ্ণুশিবাদীনাং সুপ্রিয়ঃ সাধকোত্তমঃ।
তরবোঽপি হি জীবন্তে পশুঃ পক্ষী স জীবতি ॥২৮

করেন, সেই দেশ এবং সেই কুল সর্ব্বক্ষিতির মধ্যে উত্তম ও পুণ্যজনক হয়। যেখানে দিব্য বা বীরযোগী বাস করেন, তাহার চারিদিকের দশ যোজনস্থান সিদ্ধক্ষেত্র হয়। সেই স্থানেই সর্ব্বতীর্থ এবং সেইখানেই সরিদ্বরা গঙ্গা অবস্থান করেন। ঐ স্থান যোগিনীগণের দুর্ল্লভ এবং ডাকিনী, সরীসৃপ, ব্রহ্মরাক্ষস, বেতাল, কুষ্মাণ্ড ভৈরব, গুহ্যক, দানব, মায়া, যক্ষ, কিন্নর, রোগ, দুষ্টজন্তু, দুর্ভিক্ষ, সর্পকুল, এই সকলেরই দুর্গম্য। তথায় অবশ্যই মঙ্গল বিরাজ করে। যে পুরে দিব্যবীর যোগী অবস্থান করেন, সেই পুরীর শ্রীবৃদ্ধি ও সমৃদ্ধি বৃদ্ধি হয়, তথায় সুভিক্ষ, ক্ষেম আরোগ্য এবং সকল ধর্ম্ম অবস্থিত হয়, তথায় সর্ব্বজনহিতকর সর্ব্ববিধ শাস্ত্র স্ফূর্ত্তিপ্রাপ্ত হয়। ১৪—২৭

কুলধর্ম্মে মনোযস্য স্বধর্ম্মশ্চ ব্যবস্থিতঃ।
যত্র কুত্র মৃতৌ দেবি দিব্যো বা বীরপুঙ্গবঃ ॥ ২৯
তত্রৈব পরমং জ্ঞানং কর্ণমূলে দদাম্যহম্।
কুলধর্ম্মমিদং দেবি সংসেব্যং স নরন্তরম্ ॥
কুলধর্ম্মপরা দেবি সর্ব্বে চ ত্রিদিবৌকসঃ।
মুনয়োমামানবানাগাঃ সিদ্ধিগন্ধর্ব্বকিন্নরাঃ ॥ ৩০
ঋষয়োবসবো দৈত্যা যেঽপি স্যুঃ কুলপুঙ্গবাঃ।
কুলধর্ম্মপ্রসাদেন তে সর্ব্ব কুলনায়কঃ ॥ ৩১
ইন্দ্রাদ্যাঃ খেচরারূঢ়া ভবেয় শ্চিরজীবিনঃ।
যে যথা মাং প্রপদ্যন্তে তে তথা ফলভাগিনঃ ॥৩২
ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যো ব্রহ্মচারী গৃহী তথা।
বানপ্রস্থোতশ্চৈব ভবেয়ুস্তে কুলানুগাঃ ॥ ৩৩

হে প্রিয়ে! এই দিব্য ও বীরসাধক ব্রহ্মা, বিষ্ণু শিবাদির সুপ্রিয় হন। হে দেবি! তথায় তরুগণ মৃত হয় না, পশুপক্ষী জীবিত থাকে, যাহার কুলধর্ম্মে মন আছে, যাহার স্বধর্ম্ম ব্যবস্থাসঙ্গত, সেই দিব্য বা বীর পুরুষ যেখানে সেখানে মৃত হইলেও তাহার কর্ণমূলে আমি পরমজ্ঞান প্রদান করিয়া থাকি। হে দেবি! এই কুলধর্ম্ম নিরন্তর সেবা কর্ত্তব্য, হে শিবে! কুলধর্ম্মনিরত দেবগণ, মুনিগণ, মানবগণ, নাগগণ, সিদ্ধগণ, গন্ধর্ব্বগণ, কিন্নরগণ, ঋষিগণ, বসুগণ, দৈত্যগণ, যে কেহ কুলশ্রেষ্ঠ আছেন, তাঁহারা ধর্ম্ম কর্ম্মের প্রসাদে কুলনায়ক হইয়া থাকেন। ইন্দ্রাদি দেবগণ ও খেচরগণ ইহাতে চিরজীবী হইয়াছেন। আমাকে যে, যেরূপে ভজনা করে সে সেইরূপেই ফলভাগী হয়, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, ব্রহ্মচারী, গৃহী, বানপ্রস্থ,

তেষাং বিধিং শৃণুম্বাদ্যমতস্ত্বং কুলনায়িকে।
গুড়াদ্র্ককরসেনৈব সুরা তু ব্রাহ্মণস্য চ ॥৩৪
নারিকেলোদকং কাংস্যে ক্ষত্রিয়স্য বরাননে।
বৈশ্যস্য মাক্ষিকং প্রোক্তং কাংস্যস্থং বরবর্ণিনি ॥৩৫
মাংসং মৎস্যস্তু সর্ব্বেষাং লবণার্দ্রকমীরিতম্।
ভৃষ্টধান্যাদিকং যদ্যচ্চর্ব্বণীয়ং প্রচক্ষতে ॥৩৬
সা মুদ্রা কথিতা দেবি সর্ব্বেষাং নগনন্দিনী।
ব্রাহ্মণী ব্রহ্মণস্যৈব ক্ষত্রিয়া ক্ষত্রিয়স্য চ ॥৩৭
বৈশ্যা বৈশ্যস্য দেবেশি মৈথুনে যদ্বিধিঃ স্মৃতঃ।
বৈশ্যা বা ব্রাহ্মণঃ ক্ষত্রিস্ত্রিবর্ণমাং মহেশ্বর।
ক্ষত্রিয়া ব্রাহ্মণস্যাপি কথিতা বরবর্ণিনি ॥৩৮
শূদ্রা বা ব্রাহ্মণাদীনাং ত্রিবর্ণানামভাবতঃ ॥৩৯
ব্রহ্মক্ষত্রবিশাঞ্চৈব আশ্রমিণামিদং ব্রতম্।
ত্রিবর্ণবিহিতানাঞ্চ যতীনাং শৃণুসম্প্রতি ॥৪০

যতি প্রভৃতি সকলেই কুলানুগামী হইবে। হে কুলনায়িকে! তাহাদের বিধি শ্রবণ কর। ২৮—৩৪

গুড় ও আদ্র্ককরস মিশ্রিত করিলে ব্রাহ্মণের সুরা হয়। কাংস্য-পাত্রে নারিকেলোদক ক্ষত্রিয়ের, বৈশ্যের কাংস্যস্থ মাক্ষিক মধুসুরা কল্পিত হয়, লবণাক্ত আদ্র্ক, মৎস্য ও মাংস সকলের পক্ষেই সমান। হে নগনন্দিনি! ভৃষ্ট ধান্যাদি যে চর্ব্বণীয়দ্রব্য তাহাই মুদ্রা বলিয়া কথিত হয়, ব্রাহ্মণী ব্রাহ্মণের, ক্ষত্রিয়া ক্ষত্রিয়ের, বৈশ্যা বৈশ্যের, মৈথুন বিষয়ে প্রশস্তা। তদভাবে বৈশ্যা, ব্রাহ্মণ ও ক্ষত্রিয়ের এবং ক্ষত্রিয়া ব্রাহ্মণের এবং শূদ্রা ব্রাহ্মণাদির ত্রিবর্ণের মৈথুন যোগ্য হয়, বর্ণাশ্রমী বিপ্র, ক্ষত্র ও

সহস্রারোপরি বিন্দৌ কুণ্ডল্যা মেলনং শিবে ।
মৈথুনং শয়নং দিব্যং যতীনাং পরকীর্ত্তিতম্ ॥৪১
অবধুতাশ্রমী যো হি তস্য বক্ষ্যে বিধিং শৃণু ।
পৌষ্টিকাদৌ ন সর্ব্বাণি মদ্যানি তস্য শাম্ভবি ॥৪২
মৎস্যমাংসং তস্য দেবি জলভূচর খেচরম্ ।
পূর্ব্বোক্তা চ ভবেন্মুদ্রা দেবতা সারান্বিতা ॥৪৩
মাতৃযোনিং পরিত্যজ্য মৈথুনং সর্ব্বযোনিষু ।
ক্ষতযোনি স্তাড়িতব্যা অতাং নৈব তাড়য়েৎ ॥৪৪
অক্ষতাতাড়নাদ্দেবি সিদ্ধিহানিঃ প্রজায়তে ।
দ্বাদশব্দাধিকা যোনির্য্যাবৎ ষষ্ঠী প্রজায়তে ।
তাবত্তু মৈথুনং তস্যাৎ স্বয়ম্ভবা ॥৪৫
অবধূতসাচারাঃ শূদ্রে সর্ব্বাঃ প্রকীর্ত্তিতাঃ ।
বিশেষং মৈথুনং তস্য কথয়ামি শৃণুষ্ব মে ॥৪৬

বৈশ্যগণের এই বিধি উক্ত হইল। এক্ষণে ত্রিবর্ণ বিহিত যতিগণের বিধি শ্রবণ কর। ৩৫—৪০

হে শিবে! সহস্রার পদ্মোপরি বিন্দুতে যে কুলকুণ্ডলিনীর মিলন, তাহা যতিগণের পরম মৈথুন পরিকীর্ত্তিত হইয়াছে, অবধুতাশ্রমীর বিধি শ্রবণ কর। পৌষ্টিকাদি সর্ব্ববিধ মদ্য, জলচর, ভূচর ও খেচর মৎস্য ও মাংস তাহার সেবনীয়। পূর্ব্বোক্ত মুদ্রাই তাহার পক্ষে সেবনীয়া, সে মাতৃযোনি পরিত্যাগ করিয়া সর্ব্বযোনিতেই মৈথুনাচরণ করিবে। কিন্তু ক্ষতযোনিই গ্রাহ্য করিবে, অক্ষতযোনি সেব্য নয়, হে দেবি! অক্ষতযোনি গ্রহণ করিলে সিদ্ধি হানি হয়। দ্বাদশ বর্ষ হইতে ষষ্টি বর্ষ পর্য্যন্ত যোনি পুষ্টা জানিবে; এই কালে যোনি স্বয়ম্ভবা অর্থাৎ স্বয়ং প্রবৃত্তা হয়, অতএব

ব্রাহ্মণীং ক্ষত্রিয়াং বৈশ্যাং ত্যক্ত্বা তু সর্ব্বজাতিষু।
মৈথুনং প্রচরেদ্ধীমান্ দেবতাভাবচেষ্টিতম্ ॥৪৭

গৃহমেধী ভবেচ্ছুদ্রোনান্যাশ্রমা ভবেৎ কদা।
শূদ্রবদন্যজাতীনামাচারোঽয়ং প্রকীর্ত্তিতঃ ॥৪৮

গুরুবদ্বে ত্রিবর্ণে তু তথা মাতামহে কুলে।
মৈথুনং সুসমুদ্দিষ্টমবধূতাশ্রমেঽপি চ ॥৪৯

কালী তারা ছিন্নমস্তা সুন্দরী ভৈরবী তথা।
মাতঙ্গী চ তথা বিদ্যা বিদ্যাধূমাবতী তথা ॥৫০

এতাসাং সাধকাচারশ্চাবধূতসমঃ স্মৃতঃ।
সর্ব্বাশ্রমে সর্ব্ববর্ণে সর্ব্বযোগে তথা শিবে ॥৫১

সর্ব্বস্থানেষু সর্ব্বত্র ন বিশেষঃ ক্বচিদ্ভবেৎ।
আনন্দং ব্রহ্মণোরূপঃ তচ্চ দেহে ব্যবস্থিতম্ ॥৫২

তাবৎ কালেই মৈথুন প্রশস্ত। অবধূতাচার সমস্তই শূদ্রে পরিকীর্ত্তিত হইয়া থাকে। মৈথুনে তাহার বিশেষ শ্রবণ কর। ধীমান্ ব্যক্তি ব্রাহ্মণী ক্ষত্রিয়া ও বৈশ্যা পরিত্যাগ করিয়া সর্ব্বজাতিতেই দিব্যাচার বিহিত মৈথুন করিবে, শূদ্র সর্ব্বদা গৃহাশ্রমী হইবে, কদাচ অন্যাশ্রমী হইবে না। শূদ্রেতর অন্যজাতিরও শূদ্রবৎ আচার কীর্ত্তিত হয়। অবধূতাশ্রমেও গুরুর ন্যায় দুই ও তিনবর্ণে এবং মাতামহকুলে মৈথুন উক্ত হইয়াছে, কালী, তারা, ছিন্নমস্তা, সুন্দরী, ভৈরবী, মাতঙ্গী, বিদ্যা, বিদ্যাধূমাবতী, ইহাঁদের সাধকগণের আচার অবধূতের তুল্য। ৪১—৫০

হে শিবে! সর্ব্বাশ্রমে, সর্ব্ববর্ণে সর্ব্বযোগে, সর্ব্বস্থানে সর্ব্বত্রই ইহার বিশেষ কোথাও নাই। আনন্দ, ব্রহ্মের স্বরূপ, তাহা দেহে ব্যবস্থিত

এবং বিপ্রোদেবতায়ৈঃ স্বগাত্ররুধিরং দদেৎ।
শক্তিনাশবিকারোঽস্তি স্বদেহ রুধিরার্পণে ॥৫৩
তস্যাভিব্যঞ্জনং দ্রব্যং দীয়তে কুলযোগিভিঃ।
দ্রব্যাদিসকলং দেবী ব্যঞ্জকস্যাপরার্দ্ধকম্ ॥৫৪
কেবলেনাদ্যযোগেন মাধ্যঃ কাল্যাদ্যুপাসকঃ।
ভৈরবায় দ্বিতীয়েন শিবত্বঞ্চ তৃতীয়কম্ ॥৫৫
চতুর্থে সর্ব্বসিদ্ধীশাশ্চত্রমেতন্নগাত্মজে।
পরেণ পরতারং যাতি মম তুল্যো ন সংশয় ॥৫৬
সেবিতে কুলতত্ত্বে তু কুলতত্ত্ব সুদর্শিনঃ।
জায়তে ন ভৈরবাস্তে বেশাস্তৎসমদর্শিন ॥৫৭
তমঃ পরিবৃতং বেশ যথা দীপেন দৃশ্যতে।
তথা মায়াবৃতে বৃত্তে জ্ঞানদাপেন দৃশ্যতে ॥৫৮

আছে, অতএব বিপ্রগণ দেবতাকে আত্মগাত্রের রুধির প্রদান করিবে। নিজদেহের রুধির অর্পণ করিলে শক্তিনাশ ও বিকারাদি হয়, অতএব কুলযোগিগণ ঐ রুধিরের অভিব্যঞ্জক দ্রব্যও প্রদান করিতে পারেন। হে দেবি! দ্রব্যাদি সকল ব্যঞ্জক দ্রব্য, তাহার অপরার্দ্ধ স্বরূপ উক্ত হয়, কেবল আদ্যযোগ দ্বারাই কালী আদি মহাবিদ্যার উপাসক হয়। দ্বিতীয় যোগে ভৈরবের, তৃতীয় যোগে শিবের এবং চতুর্থযোগে সর্ব্বসিদ্ধ হয়, হে নাগাত্মজে! ইহা আশ্চর্য্যের বিষয়। পরপর দ্বারা শ্রেষ্ঠতর প্রাপ্ত হইয়া আমার তুল্য হয় সন্দেহ নাই। কুলতত্ত্বদর্শীগণ, কুলতত্ত্বের সেবা করিলে ভৈরব ও তৎসমবেশ ও তদসমদর্শী হয়, অন্ধকারাবৃত গৃহ যেমন, দীপ দ্বারা দৃষ্ট হয়, সেইরূপ মায়াবৃত বিষয়জ্ঞানদীপ দ্বারা দৃষ্ট হইয়া

নিরস্তভেদবস্তু স্যান্মেধ্যামেধ্যাদিবস্তুষু।
জীবমুক্তোদেহভাবোদেহান্তে ক্ষেমমাপ্নুয়াৎ ॥৫৯
পীত্বা কুলরসং বীরোব্রহ্মধ্যানমুপাশ্রয়েৎ।
ব্রহ্মধ্যানং মহেশানি ব্রহ্মনির্ব্বাণকারণম্ ॥৬০
তচ্ছৃৎ শৃণু মহেশানি সারাৎসারং পরাৎপরম্।
স্বকায়জীবদেহাদিব্রহ্মাণ্ডোহনন্তমেব চ ॥৬১
এবং হি সকলং দেবি দেহে মহার্ণবাদি যৎ।
ন চিন্তনীয়ং তৎ সর্ব্বং নাস্তীতি পরিভাবয়েৎ ॥৬২
মাৎস্যীয়কং মহাতেজশ্চৈতন্য বাপকং যথয়া।
অহমেবং জালরূপশ্চাধারদেহবর্জ্জিতঃ ॥৬৩
আত্মানমপি দেবেশি তদভেদেন চিন্তয়েৎ।
ব্রহ্মধ্যানং মিদং প্রোক্তমেতৎ স্থিরতরায় চ ॥৬৪

থাকে, জ্ঞান প্রদীপ প্রজ্বলিত হইলে, বস্তুর প্রভেদ নিরস্ত হয়, মেধ্য ও অমেধ্য অর্থাৎ পবিত্র ও অপবিত্র বস্তু সমুদায়ের প্রভেদ বুদ্ধি তিরোহিত হয়। এ রূপে জীবন্মৃত দেহভার প্রাপ্ত হইয়া দেহনাশে পরম মঙ্গলরূপ মুক্তিলাভ করে। বীরযোগী কুলরস পান করিয়া ব্রহ্মধ্যান আশ্রয় করিবে। হে মহেশানি! ব্রহ্মধ্যান ও ব্রহ্মনির্ব্বাণ প্রাপ্তির কারণ, সেই সেই সারাৎসার পরাৎপর বিষয় শ্রবণ কর। ৫১—৬১

স্বকীয় জীবাত্মা ও দেহাদি অখিল ব্রহ্মাণ্ড, মহার্ণবাদি যাহা কিছু এই সমস্তই অলীক এইরূপ ভাবনা করিয়া তাহা চিন্তা করিবে না, মাৎস্যীক তেজঃ মহাতেজঃ তাহা চৈতন্য ব্যাপক, আমি জলরূপ দেহবর্জ্জিত আধার, হে মহাদেবি! আত্মাকে ও তদভেদে চিন্তা করিবে, এই আমি স্থিরতর

সেবন্তে যোগিনোদ্রব্যং নান্যথা তু কদাচন।
ক্ষণং ব্রহ্মাহমস্মীতি যঃ কুর্য্যাদাত্মচিন্তনম্ ॥৬৫
তত্র দদ্যাৎ ফলং দেবি তস্যান্তে নৈব গম্যতে।
ময়া বা ব্রহ্মণাবাপি বিষ্ণুমাপি কথঞ্চন ॥৬৬
অতএব মহেশানি নিত্যকর্ম্ম ন লোপয়েৎ।
দ্রব্যাভাবে মহেশানি জলেনাপি সমাচরেৎ ॥৬৭
অথবা মনসা নিত্যং কুলযোগং সমাচরেৎ।
বক্ষ্যেঽহযুতবিধিং ভদ্রে শৃণুষ্ব কমলাননে ॥৬৮
কুণ্ডল্যামিলনাদ্বিন্দোঃ স্রবতে যঃ পরামৃতম্।
পিবেদ্‌যোগী মহেশানি সত্যং সত্যং বরাননে ॥৬৯
কুলযোগং মহাদেবি মহাপানমিদং স্মৃতম্।
পাপপুণ্যং পশুং হত্বা জ্ঞানখড়্গেন শাম্ভবি ॥৭০

ব্রহ্মধ্যান কহিলাম, এই ব্রহ্ম ব্যতিরেকে যোগিগণ অন্যকোন বস্তু চিন্তা করিবেন না। ব্রহ্মাহমস্মি, আমিই ব্রহ্ম এইরূপ যে ব্যক্তি ক্ষণকাল আত্ম-চিন্তা করে, দেবী তাহাকেই ফল প্রদান করেন। তাহা না হইলে, আমি ব্রহ্মা কিম্বা বিষ্ণু কেহ তাহা জানিতে পারেন না। অতএব হে মহেশ্বরি! নিত্যকর্ম্মের লোপ করিবে না। হে মহেশানি! দ্রব্যাভাবে জলদ্বারাও নিত্যকর্ম্ম কর্ত্তব্য; অথবা মনে মনে প্রতিদিন কুলযোগের আচরণ করিবে, হে কমলাননে! আমি অযুতবিধি বলিতেছি শ্রবণ কর। ৬২—৬৮

হে বরাননে! হে ভদ্রে! কুলকুণ্ডলিনীর মিলনে বিন্দু হইতে যে উৎকৃষ্ট অমৃত শ্রুত হয়, তাহা যোগিগণ পান করিবে, আমি তোমাকে সত্য সত্যই কহিলাম, হে পরেশি! এই মহাপাপই কুলযোগ জানিবে, হে শাম্ভবি! জ্ঞানরূপ খড়্গদ্বারা পাপ পুণ্যরূপ পশু হনন করিয়া

পরমাত্মনি নয়েচ্চিত্তং পলানীতে নিগদ্যতে
মনসা স্বেন্দ্রিয়ং সর্ব্বং সংযম্যাত্মনি যোজয়েৎ ॥৭১
মৎস্যাশী স ভবেদ্ যোগী মুক্তবন্ধস্তব প্রিয়ে।
অশেষব্রহ্মাণ্ডভাণ্ডং পরংব্রহ্মণি সংনয়েৎ ॥৭২
পরশক্ত্যাত্মসংযোগো ন বীর্য্যে মৈথুনং মতম্।
এবন্তে কথিতং দেবি সারাৎসার পরাৎপরম্।
গোপনীয়ং গোপনীয়ং মম সর্ব্বস্বসাধনম্ ॥৭৩
ইতি যোগিনীতন্ত্রে সর্ব্বতন্ত্রোত্তমোত্তমে দেবীশ্বরসংবাদে
চতুর্ব্বিংশতিসাহস্র্যে ষষ্ঠ পটলঃ।

চিত্তরূপ মাংস পরমাত্মায় নিয়োজিত করিবে, আপনার ইন্দ্রিয়গণকে সংযমিত করিয়া আত্মায় যোজিত করিলে, সেই মৎস্যাশী যোগী বন্ধন মুক্ত হইয়া তোমার প্রিয় হয়। হে প্রিয়ে! অশেষ ব্রহ্মাণ্ডভাণ্ড পরমাত্মায় সংনীত করিবে। পরশক্তির সহিত আত্মার সংযোগেই মৈথুন, বীর্য্য দ্বারা মৈথুন—মৈথুন নহে। হে দেবি! এই আমি তোমাকে সারাৎসার পরাৎপর আমার সর্ব্বস্ব সাধন কহিলাম, ইহা গোপনীয় জানিবে॥ ৬৯— ৭৩

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে ষষ্ঠ পটল সমাপ্ত।

সপ্তম পটলঃ।

শ্রীদেব্যুবাচ।

নমস্তুভ্যং মহাদেব সংসারার্ণবতারক।
জয়াশেষজগন্নাথ ভক্তবৎসল ঈশ্বর ॥ ১
পরামন্দসন্দোহ কারাণানাঞ্চ কারণ।
দিব্যবীরপ্রভেদেন শ্রুতং যোগদ্বয়ং মায়া।
ইদানীং শ্রোতুমিচ্ছামি বিদ্যাং স্বপ্নবতীং শুভাম্ ॥
মৃতসঞ্জীবনীং বিদ্যাং তথা মধুমতীমপি।
আসফলং সাধনঞ্চ বদ মে পরমেশ্বর ॥৩

শ্রীঈশ্বর উবাচ।

শৃণু দেবি প্রবক্ষ্যামি যস্মাৎ ত্বং পরিপৃচ্ছসি ॥ ৪
ওঁ হ্রীঁ স্বপুরাবাহি কালি স্বপ্নে কথয়ামুকস্যামুকম্
দেহি ক্রীং স্বাহা ॥৪

দেবী কহিলেন, হে সংসারসাগরতারক মহাদেব! তোমাকে নমস্কার। হে পরমানন্দসন্দোহকারণ শঙ্কর! আপনি জয়যুক্ত হউন। দিব্য ও প্রভেদে যোগদ্বয় শ্রবণ করিলাম, এক্ষণে শুভকরী স্বপ্নবতী বিদ্যা মৃত-সঞ্জীবনী বিদ্যা ও মধুমতী বিদ্যা শ্রবণ করিতে অভিলাষ হয়, সেই সকলের সাধন ও সাফল্য সহিত কীর্ত্তন করিয়া আমার কৌতূহল চরিতার্থ করুন। ১—৩

ঈশ্বর কহিলেন, হে দেবি! তুমি আমাকে যাহা জিজ্ঞাসা করিলে তাহা শ্রবণ কর। "ওঁ হ্রীং স্বপুরাবাহি! কালিস্বপ্নে কথয়ামুকস্যমুকং

প্রণবং পূর্ব্বমুদ্ধৃত্য মায়াবীজং তদন্তরম্ ।
তদন্তে স্বপুরাবাহি কালি সম্বোধনদ্বয়ম্ ॥৬
স্বপ্নে কথয় তৎপশ্চাদমুকস্ততঃ ।
দেহিপদাৎ কালীবীজমন্তে বহ্নিবধূস্তথা ॥ ৭
ইয়ং স্বপ্নাবতীবিদ্যা ত্রৈলক্যে চাতিদুর্ল্লভা ।
মহ চমমকারকরী মহাকালেন ভাষিতা ॥ ৮
অষ্টোত্তরশতং নিত্যং জপেদ্বর্ষচতুষ্টয়ম্ ।
ততঃ সিদ্ধা ভবেদ্বিদ্যা স্বপ্নে তিষ্ঠতি নিত্যশঃ ॥৯
স্বপ্নে দর্শয়তে সর্ব্বং যদ্‌যন্মনসি কল্পতে ।
মৃতসঞ্জীবনীং বিদ্যামিতঃ শৃণু নগাত্মজে ॥ ১০
অমৃতং বীজমাভাষ্য মৃতসঞ্জীবনী ত চ ।
স্বমন্ত্রাচ্চ ততঃ পশ্চান্মৃতমুত্থাপয়ত্বিমম্ ॥ ১১
বৃহদ্ভানুবধূমন্তে ত্রৈলোক্যে চাপি বিশ্রুতা ।

দেহি ক্রীং স্বাহা ।" প্রথম প্রণব, তৎপরে মায়াবীজ, তদনন্তর স্বপুরাবাহি এই সম্বোধন দ্বয়, পরে স্বপ্নে কথয় অমুকস্যামুকং দেহি, পরে দেহি এই পদের পর কালীবীজ তৎপরে বহ্নিবধু অর্থাৎ স্বাহা মন্ত্র পদ উচ্চারণ করিবে, ইহাই স্বপ্নবতী বিদ্যা এই বিদ্যা ত্রৈলোক্যে দুর্ল্লভ, ইহা মহাকাল কর্ত্তৃক কথিতা এবং মহাচমৎকারিণী, ইহা চারিবৎসরকাল একশত অষ্টবার জপ করিলে তবে এই বিদ্যা সিদ্ধা হয় এবং প্রতিদিনই স্বপ্নে প্রত্যক্ষ হ'ন। যাহা যাহা মনে কল্পনা করা যায় তাহাই স্বপ্নে দেখাইয়া থাকে। হে নগনন্দিনি ! অতঃপর মৃতসঞ্জীবনী বিদ্যা শ্রবণ কর। ৩—১০

অমৃতবীজ উক্ত করিয়া মৃতসঞ্জীবনীর এই বাক্য উচ্চারণ পূর্ব্বক স্বমন্ত্র

সম্সুপ্তেয়ং মহাবিদ্যা সারাৎসারংতরং স্মৃতম্ ॥ ১২
নত্যমষ্টোত্তরশতং জপমাত্রেন শাম্ভবি ।
সিদ্ধিদা সা ভবেদ্বিদ্যা মৃতসঞ্জীবনী ভতম্ ॥১৩
কালালয়ং গতো যো বা চিতাধূমাগতোঽপি বা ।
মন্ত্রং জপন্ স্পৃশেচ্ছবং তদা দেবি বরাননে ॥ ১৪
চিরঞ্জীবী ভবেৎ সত্যং নাত্র কার্য্য বিচরণা ।
বক্ষে মধুমতীং বিদ্যাং সর্ব্বরঞ্জনকারিণীম্ ॥১৫
শ্রীমধুমতি ইত্যুক্ত্বা দিশঃ স্থাবরজঙ্গমাঃ ।
সাগরোপুররত্নানিসর্ব্বেষাং কর্ষিণীভি চ ॥১৬

উচ্চারণের পর মৃতমুত্থাপয়ত্বিমং অর্থাৎ এই মৃতকে উত্থাপিত করে, এইমন্ত্র, তৎপরে অগ্নিজায়া মন্ত্র উচ্চারণ করিবে। এই মহাবিদ্যা বাক্য বিখ্যাত, ইহা সুষুপ্তা থাকেন। এই বিদ্যা সারাৎসার তরা জানিবে, প্রতি-দিনই অষ্টোত্তর শতবার জপ করিলে এই মৃতসঞ্জীবনী মহাবিদ্যা সিদ্ধিপ্রদা হন, যে যমালয়ে গমন করিয়াছে, অথবা যাহার চিতাধুম উত্থিত হইয়াছে; এই বিদ্যা জপ করিলে তাহার শব স্পর্শ করিলে সে চিরঞ্জীবী হয়। হে বরাননে! ইহাতে কার্য্য বিচরণা বা সংশয় কিছুই নাই।১১—১৪

হে দেবি! এক্ষণে সর্ব্বরঞ্জনকারিণী মধুমতী বিদ্যা বর্ণন করিব, "শ্রীমধুমতী দিশঃস্থাবরজঙ্গমাঃ সাগরপুররত্নানি সর্ব্বেষাং কর্ষিণি, ঠং ঠং স্বাহা" এই বসুচন্দ্রাক্ষরী মহাবিদ্যা উৎকৃষ্টতরা জানিবে। এই মন্ত্র ত্রৈলোক্যের আকর্ষণী দেবদুর্ল্লভা মহাবিদ্যা আমি তোমাকে কহিলাম, ! যে নর ইহা একবৎসরকাল একশত অষ্টবার করিয়া নিত্য নিত্য জপ করে, তাহার এই বিদ্যা সিদ্ধ হয়। এই মহাবিদ্যা সর্ব্বজ্ঞান-প্রকাশিনী, ইহা সুমেরু, দিক, সাগর, নদী, রত্ন, পুরী, স্ত্রী, শৈল, বনস্পতি

ঠং ঠং স্বাহা মহাবিদ্যা বসুচন্দ্রাক্ষরী পরা ।
ত্রৈলোক্যাকর্ষিণী বিদ্যা প্রোক্তেয়ং দেবদুর্ল্লভা ॥ ১৭

একবর্ষং জপেন্নিত্যং শতমষ্টোত্তরং নরঃ ।
ততঃ সিদ্ধা মহাবিদ্যা সর্ব্বজ্ঞান প্রকাশিন ॥ ১৮

আকর্ষয়েৎ সুমেরুঞ্চ দিশঃ সাগরমেব চ ।
নদীং রত্নানি চ পুরীং স্ত্রিয়ঃ শৈলান বনস্পতীন্ ॥১৯

অলভ্যানি চ দ্রব্যাণি পাতাল দিস্থিতীন্যপি ।
পুরস্থানঞ্চ বৃত্তান্তং রাজ্ঞাঞ্চ বিদ্বিষামপি ।
নক্তং তল্পশতজপাৎ সিদ্ধিং প্রাপ্নোতি সাধকঃ ॥২০

শ্রীদেব্যুবাচ ।

দেব দেব জগদ্ধাম প্রসীদ সুমুখ প্রভো ।
যৎ পৃষ্টং যচ্ছ তং নাথ শ্রোতুমিচ্ছাসম্প্রতি ।
পদ্মাবতীমহাবিদ্যাং সর্ব্ববিদ্যাবিনোদিনীম্ ॥

এবং পাতালস্থিত অলভ্য সমুদায়ও আকর্ষণ করিয়া থাকে, ইহা দ্বারা রাজগণের পুরস্থানবৃত্তান্ত সমুদায় জানিতে পারা যায়। সাধক ব্যক্তি রাত্রিকালে শয্যায় শতবার জপ করিলে সিদ্ধি প্রাপ্ত হয় । ১৫—২০

দেবী কহিলেন, হে দেবদেব ! জগন্নাথ ! হে সুমুখ ! হে প্রভো ! হে নাথ। যাহা জিজ্ঞাসিয়াছিলাম, তাহা শুনিলাম, এক্ষণে সর্ব্ববিদ্যাবিনোদিনী পদ্মাবতী মহাবিদ্যা শ্রবণ করিতে বাসনা হয়। ২১

শ্রীঈশ্বর উবাচ।

কথয়ামি বরারোহে বিদ্যাং পদ্মাবতীং শুভাম্।
প্রণবং পূর্ব্বমুদ্ধৃত্য মায়াবীজং তদনন্তরম্।
পদ্মাবতীপদং দেবী সম্বুদ্ধ্যন্তং সমুদ্ধরেৎ ॥১
ত্রৈলোক্যবার্ত্তামন্তে চ কথয়দ্বন্দ্ব মুচ্চরেৎ।
স্বাহান্তেয়ং মহাবিদ্যা কথিত কল্পবল্লরী ॥২
অষ্টোত্তরশতং নিত্যং জপেদ্বর্ষদ্বয়ং প্রিয়ে।
ততঃ সিদ্ধা মহাবিদ্যা সর্ব্বং বদতি সাধকে ॥৩
তল্পে স্থিত্বা নক্তযোগে জপেন্মন্ত্রং শতাষ্টকং।
জগদ্ধিতস্য বৃত্তান্তং তজ্জানাতি দিনে দিনে ॥২
ব্রহ্মবিষ্ণ্বাদিকানাঞ্চ ত্রৈলোক্যস্যাপি শঙ্করি!
বৃত্তান্তং কথয়েৎ স্বপ্নে বিদ্যাপদ্মাবতী শুভা ॥

শ্রীদেব্যুবাচ।

শ্রুতঞ্চ সাধনং পুণ্যং মহাকালেন ভাষিতম্।
ইদানীং শ্রোতুমিচ্ছানি বশীকরণমুত্তমঃ।
অল্পসাধ্যং মহাদেব দ্রুতসিদ্ধিকরং মহৎ ॥ ৫

শ্রীঈশ্বর উবাচ।

তবানুরোধাদ্দেবেশি কথয়ামি শৃণুষ্ব তৎ।
পুরা তে কথিতং দেবি যোগিনাং জ্ঞানসম্ভবে ॥

শ্রীঈশ্বর কহিলেন, হে বরারোহে! শুভদায়িনী পদ্মাবতী বিদ্যা কহিব। প্রথমে প্রণব উচ্চারণপূর্ব্বক তৎপরে মায়াবীজ উক্ত করিয়া সম্বোধনান্ত

সংক্ষেপাদধুনা দেবি বিস্তরাৎ কথয়ামি তে ।
গোপিতব্যং প্রযত্নেন সর্ব্বদা পশুসঙ্কুলে ।৭।৮
কুজবারে নক্তযোগে অমায়াঞ্চ তিথৌ নরঃ ।
শত্রুনাম লিখিত্বা তু বামপদতলে ন্যসেৎ ॥৯

পদ্মাবতী দেবীর পদসমুদ্ধার করিবে। পরে ত্রৈলোক্যবার্ত্তা উচ্চারণ করিয়া কথয় কথয় এই পদদ্বয় উচ্চারণপূর্ব্বক অন্তে স্বাহা পদ সমুদ্ধার করিবেন। এই আমি তোমাকে কল্পলতাতুল্য মহাবিদ্যা কহিলাম, হে প্রিয়ে! এই মন্ত্র প্রতিদিন একশত অষ্টবার ক্রমান্বয়ে দুই বৎসর জপ করিলে সিদ্ধ হইয়া সাধক সর্ব্ববিষয়েই বলিতে সমর্থ হন, যে মানব শয্যায় অবস্থিত হইয়া রজনীযোগে একশত অষ্টবার এই মন্ত্র জপ করে, তিনি দিনে দিনে জগতের হিতবৃত্তান্ত সকল জানিতে পারেন, এবং ব্রহ্মা, বিষ্ণু প্রভৃতি ও ত্রৈলোক্যের বৃত্তান্তও বিদিত হন। শুভদায়িনী পদ্মাবতী বিদ্যা তাহাকে স্বপ্নযোগে ঐ সমস্ত বৃত্তান্ত কহিয়া থাকেন।২২—২৬

দেবী কহিলেন, মহাকালকর্তৃক কথিত পবিত্র সাধন সমুদায় শ্রবণ করিলাম, এক্ষণে উত্তম বশীকরণ শ্রবণে অভিলাষ করিতেছি; হে মহাদেব! যাহা স্বল্পসাধ্য এবং আশুসিদ্ধিকর, তাহাই কীর্ত্তন করিয়া আমার কৌতূহল চরিতার্থ করুন। ২৭

পরমেশ্বর কহিলেন, হে দেবেশি! তোমার অনুরোধবশে আমি বশীকরণ কহিতেছি, শ্রবণ কর, হে যোগিজ্ঞানপ্রদে! পূর্ব্বে আমি তোমাকে এই বশীকরণ সংক্ষেপে কহিয়াছি, এক্ষণে তাহা তোমাকে বিস্তারিতরূপে কহিব। ইহা পশুসংকুল স্থানে সর্ব্বদাই গোপন কর্ত্তব্য।৭-৮ কুজবাসরে অমারাত্রে উদ্দিষ্ট শত্রুর নাম লিখিয়া বামপদতলে স্থাপন করিবে। সুধীব্যক্তি সেই পদের উপরিভাগে বাগ্‌ভব বীজ এক শত আট বার জপ করিলে, সেই

তৎপাদোপরি দেবেশি বগ্‌ভবং প্রজপেৎ সুধীঃ।
অষ্টোত্তরশতং দেবি তদা বাদী বশোভবেৎ।
অতিমূকোভবেচ্ছক্রুর্ব্বিবাদে ব্যবহারকে।
ত্যক্ষর্ং দৃষ্ট্বা যথা সর্পোজড়োভবতি কামিনি।
তথৈব তৎ সমালোক্য জড়ো বাদী ন সংশয়॥ ১০
তথান্যৎ সংপ্রবক্ষ্যামি বশীকরণমুত্তমম্।
যেন যোগপ্রভাবেন ভুবনং বশমানয়েৎ॥ ১১
প্রণবং পূর্ব্বমুদ্ধৃত্য সুন্দরী ভৈরবী তথা।
যোগিনীপদতো দেবি রাজা প্রজা মহারথী॥ ১২
বশঙ্করী তথাপ্রোচ্য অং ইং উং তথা বদেৎ।
ষড়্‌বিংশত্যক্ষরোমন্ত্রঃ কথিং কল্পপাদপঃ॥১৩
অনেন মনুনা দেবি তৈলঞ্চ চন্দনঞ্চ বা।
শতাষ্টং জপ্তবং তত্তৈলং মুখে দদ্যাদ্বরাপনে॥১৪

প্রতিদ্বন্দ্বী ব্যক্তি বশীভূত হয়! বিবাদ এবং ব্যবহার বিষয়ে বাদী অতিশয় মুগ্ধ হয়। হে দেবি! গরুড় দর্শনে সর্প যেমন জড় হয়, বাদী তাহাকে দেখিয়া সেই রূপ জড় হয় সন্দেহ নাই॥১০ এক্ষণে উৎকৃষ্টতর অন্য বশীকরণ বলিব। সেই বশ্যযোগ প্রভাবে ত্রিভুবন বশে আনিতে সমর্থ হয়॥১১ প্রথম প্রণবোদ্ধার, তৎপরে সুন্দরী ভৈরবী, তদনন্তর যোগিনী এই পদের অন্তে রাজা প্রজা, মহারথী॥১২ তারপর বশঙ্করি এই পদ উক্ত করিয়া অং ইং উং ঋং এই সকল বীজ উচ্চারণ কর্ত্তব্য। এই মন্ত্র ষড়্‌ বিংশত্যক্ষর, ইহা কল্পতরু তুল্য ফলপ্রদ॥১৩ হে নগাত্মজে! এই মন্ত্র তৈল ও চন্দনে একশত অষ্টবার জপ করিয়া সেই তৈল মুখে ভ্রক্ষণ॥১৪

তচ্চন্দনেন তিলকং ভালে দদ্যনগাত্মজে।
জগদ্বশ্যক্রিয়ামেতাং কৃত্বা সাধকসত্তমঃ ॥১৫
চেত্তু পশ্যতি তং দেবি স বশো নাত্রসংশয়ঃ।
এবমেব বিধানেন দেবেন্দ্রমপি মোহয়েৎ।
কিং পুনর্ম্মানবান্ দেবি সার্ব্বভৌমান্ নরাধিপান্ ॥ ১৬
অথোচ্যতে মহাদেবি বশীকরণমুত্তমম্।
সর্ব্বেষাং জগতাং দেবি মোহনং পরমাদ্ভুতং ॥ ১৭
মন্ত্রমাদৌ প্রবক্ষ্যামি সর্ব্বতন্ত্রেষু গোপিতং ॥১৮
প্রণবং পূর্ব্বমুদ্ধৃত্য বদেদ্রাজমুখীপদং।
পুনারাজমুখী প্রোচ্য মায়াবীজদ্বয়ং বদেৎ।
কামবীজ ততঃ পশ্চাদ্দেবি দেবীপদদ্বয়ম্।
মহাদেবি পদং পশ্চাদ্দেবি দেবাধিদেবি চ।
সম্বোধনান্তং দেবেশি পদমেতচ্চতুষ্টয়ম্।
সর্ব্বজনস্যাভিমুখং মম বশং কুরু কুর্ব্বিতি।
স্বাহান্তোয়ং মহামন্ত্রঃ সর্ব্ববশ্যাপ্রদোমহান্ ॥ ১৯।২০।২১

এবং সেই চন্দনে কপালে তিলক করিলে তাহা জগদ্বশীকরণের কারণ হয়। ঐরূপ করিয়া যাহাকে দর্শন করিবে, সেই বশে আসিবে সংশয় নাই ॥১৫ হে দেবি! সামান্য মানবগণ এবং সার্ব্বভৌম নৃপতিগণের কথা কি কহিব।১৬ ইহা দ্বারা দেবেন্দ্রকেও মোহিত করিতে পারা যায়। হে মহাদেবি! এক্ষণে অন্য উত্তম বশীকরণ বলিতেছি, ইহাদ্বারা সর্ব্ব-জগতের পরমাদ্ভুত রূপে মোহ হইয়া থাকে ॥১৭ সর্ব্বতন্ত্রে গোপতি মন্ত্র

ইতি মন্ত্রেণ শয্যাস্থঃ প্রাতঃকালে মহেশ্বরি ।
ত্রিবারং দক্ষহস্তেন মুখং সংমার্জ্জয়েৎ কৃতি ॥২২
এবন্তু প্রত্যহং কুর্য্যাজ্জগদ্বশ্যায়কামিনি ।
অবশ্যং জায়তে বশ্যং জগদেতর্চ্চরাচরম্ ॥২৩

শ্রীদেব্যুবাচ ।

শ্রুতমেতন্মহাদেব ত্বৎপ্রসাদাৎ পুরাতনম্ ।
স্বপ্নাবতী চ যা বিদ্যা কথিতা বিগতোময়া ।২৪
ইদানীং শ্রোতুমিচ্ছামি বিশেষং যত্র যদ্ভবেৎ ।
তয়দস্ব মহাদেবি যদি তেঽনুগ্রহোময়ী ॥২৫

শ্রীঈশ্বর উবাচ ।

কথয়ামি শৃণু প্রাজ্ঞি বিদ্যাং স্বপ্নাবতীং পরাম্ ॥২৬
প্রণবং পূর্ব্বমুদ্ধৃত্য বধূবীজং সমুদ্ধরেৎ ।

প্রথমেই বলিব ॥১৮ প্রথমে প্রণব উচ্চারণ করিয়া পরে রাজমুখী এই পদ উক্ত করিবে, তৎপরে রাজমুখী এই পদ বলিয়া মায়াবীজদ্বয় উক্ত করিবে, তদনন্তর কামবীজ, তার পর দেবী এই পদদ্বয় কহিয়া তদন্তে মহাদেবী পদ, তৎপশ্চাৎ দেবাদিদেবি। সম্বোধনান্ত এই পদচতুষ্টয় উচ্চারণ করিবে। সর্ব্বজনাভিমুখং মম বশং কুরু কুরু, তদন্তে স্বাহাপদ উচ্চারণ করিবে। ইহা সর্ব্ববশ্যকর মহামন্ত্র ॥১৯।২০।২১ হে মহেশ্বরি! কৃতী ব্যক্তি শয্যায় থাকিয়া প্রাতঃকালে তিনবার দক্ষিণ হস্তে মুখ মার্জ্জন করিবে। হে শিবে! জগৎবশীকরণের নিমিত্ত প্রত্যহ এই রূপ করিবে। ইহাতে এই চরাচর জগৎ অবশ্য বশ্য হইবে, সন্দেহ নাই ॥২২।২৩

স্বপ্নাবতী পদান্তে চ স্বপ্নং কথয় চোদ্ধরেৎ ।
মায়াবীজং ততঃ স্বাহা মন্ত্রমেতন্নগাত্মজে ।
দিবা ভুক্ত্বা হবিষ্যান্নং রাত্রৌ জপ্ত্বা সহস্রকং ॥ ২৭-২৮
ততঃ শুদ্ধায়াং শয্যায়াং তদা স্বপ্নে হি পশ্যতি ।
মনসা চিন্তিতং যদ্‌যত্তৎ সর্ব্বং পরমেশ্বরি ॥ ২৯
অথাপরং প্রবক্ষ্যামি স্বপ্নপ্রবোধমুত্তমম্ ।
যেন বিজ্ঞানমাত্রেণ সর্ব্বং জানাতি নিশ্চিতম্ ॥ ৩০
প্রণবং প্রাক্ সমুচ্চার্য্য হিলি হ্রূং শূলপাণয়ে ।
স্বাহান্তোঽয়ং মহামন্ত্রঃ প্রোক্তন্তে কমলেক্ষণে ॥ ৩১

দেবী কহিলেন, হে মহাদেব ! আমি আপনার প্রসাদে এই পুরাতন কথা শ্রবণ করিলাম । আপনি, আমাকে যে স্বপ্নবতী বিদ্যা কহিলেন, তাহা আমি অবগতি করিলাম ॥ ২৪ কিন্তু তাহার বিশেষ বিধি এক্ষণে শ্রবণ করিতে বাসনা করি ; যদি আমার প্রতি আপনার অনুগ্রহ থাকে, তাহা হইলে কীর্ত্তন করুন ॥ ২৫ ঈশ্বর কহিলেন, হে প্রাজ্ঞি ! উৎকৃষ্টতর স্বপ্নবতী বিদ্যা কহিতেছি শ্রবণ কর ॥২৬ প্রথমে প্রণবোদ্ধার পরে বধূ-বীজ, তৎপরে স্বপ্নাবতী পদান্তে স্বপ্নং কথয় এই পদোদ্ধার করিবে, তদনন্তর মায়াবীজ, পরে স্বাহা প্রয়োগ করিবে । হে নগাত্মজে ! ইহাই মন্ত্র । দিবায় হবিষ্যান্ন ভোজনপূর্ব্বক রাত্রিকালে ঐ মন্ত্র সহস্রবার জপ করিয়া, শুদ্ধশয্যায় স্বপ্নে তাহাই অবলোকন করিয়া থাকে ।২৭।২৮ যাহা যাহা মানসে চিন্তা করে, স্বপ্নে সেই সমস্তই দর্শন করে ॥২৯ হে পরমেশ্বরি ! এক্ষণে অপর উত্তম স্বপ্ন প্রবোধ কহিতেছি, তাহার জ্ঞান

বিধানং পূর্ব্ববৎ সর্ব্বং জপান্তে প্রার্থনং শৃণু॥ ৩২
ওঁ নমো জগত্ত্রিনেত্রায় পিঙ্গলায় মহাত্মনে।
বামদেবস্বরূপায় স্বপ্নাধিপতয়ে নমঃ॥
স্বপ্নে কথয় মে তত্ত্বং সর্ব্বং কার্য্যং শুভাশুভং॥ ৩৩
ইতি মন্ত্রেণ সংপ্রার্থ্য সর্ব্বং জানাতি তাবতঃ।
এতত্তে কথিতং দেবি স্বপ্নবোধমনুত্তমম্॥ ৩৪
রহস্যং পরমং রম্যং বশীকরণমুত্তমং।
সর্ব্বস্মেতন্মহাদেবি সর্ব্বজ্ঞানপ্রদায়কম্॥ ৩৫
নিরন্তরং মহাদেবি সেবিতঃ সিদ্ধিশঙ্করৈঃ।
মধুমত্যাঃ প্রসাদেন সর্ব্বেত্তং সর্ব্বযোনিষু॥ ৩৬

মাত্রেই মানবগণ নিশ্চিতই সকল বিষয় জানিতে পারে॥৩০ হে কমলেক্ষণে! প্রথমে প্রণবোঙ্কার করিয়া তৎপরে হিলি হ্রীং শূলপাণয়ে তৎপরে স্বাহা উচ্চারণ করিবে। হে দেবি! এই আমি তোমাকে মহামন্ত্র কহিলাম॥৩১ ইহার বিধান পূর্ব্বের ন্যায় জানিও। এক্ষণে জপান্তে প্রার্থনা শ্রবণ কর॥৩২ ওঁ নমো জগত্ত্রিনেত্রায় পিঙ্গলায় মহাত্মনে। বামদেব স্বরূপায় স্বপ্নাধিপতয়ে নমঃ। স্বপ্নে কথয়মেত্ত্বং সর্ব্বকার্য্যং শুভাশুভং॥৩৩ এই মন্ত্র দ্বারা প্রার্থনা করিলে সকলই জানিতে পারে। হে দেবি! এই আমি তোমাকে অত্যুত্তম স্বপ্ন বোধ এবং পরম রহস্য মনোহর বশীকরণ কহিলাম॥৩৪ হে মহাদেবি! ইহা সর্ব্বজ্ঞান প্রদান করিয়া থাকে। সিদ্ধি শঙ্করগণ, ইহার সততই সেবা করেন॥৩৫ মধুমতীর প্রসাদে সর্ব্বযোনির বিষয় সর্ব্বথা

যাচন্তং পরমেশানি তস্মাত্বাং সমুপাশ্রয়েৎ ।
স্বপ্নাবত্যাদিবিদ্যায়া যো জপঃ কথিতঃ প্রিয়ে ॥ ৩৭
বর্ষসংখ্যা ক্রমেণৈব সিদ্ধকামস্য শাম্ভবি ।
ত্বং জপস্তু বিনা দেবি ফলসিদ্ধিঃ সমীরিতা ।
সিদ্ধবিদ্যাপ্রভাবেন তাং সুসিদ্ধাঃ সুরাসুরৈঃ ॥ ৩৮
ইতি তে কথিতং সম্যগ্ রহস্যং পরমাদ্ভুতঃ ।
গোপনীয়ং খলে দুষ্টে পশুপামরসন্নিধৌ ॥ ৩৯
অন্যথা কুরুতে যস্তু স ভক্ষ্যো ডাকিনীগণৈঃ ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন গোপনীয়ঃ বিশেষতঃ ॥৪০
দদ্যাচ্ছান্তায় দান্তায় সৎকুলীনায় যোগিনে ।
ভক্তায় পাপ হীনায় সাধকায় মহাত্মনে ॥৪১

ইতি যোগিনীতন্ত্রে মহাতন্ত্ররাজে দেবীশ্বরসম্বাদে চতুর্ব্বিংশতিসাহস্রে্য সপ্তমঃ পটলঃ ।

উক্ত হইয়াছে ॥৩৬ হে পরমেশানি! তোমার জিজ্ঞাসার এই সমস্ত কহিলাম। হে শাম্ভবি! স্বপ্নবত্যাদি বিদ্যাদি জপের যে প্রকার কহিয়াছি ॥৩৭ তাহা বর্ষসংখ্যা ক্রমে সিদ্ধি হইয়া থাকে। সেইরূপ জপ ব্যতিরেকে ফল সিদ্ধির সম্ভাবনা নাই। সুরাসুরগণ সিদ্ধবিদ্যার প্রভাবেই সেই সকল বিদ্যা সুসিদ্ধ করিতে পারেন॥৩৮ এই আমি তোমাকে পরমাদ্ভুত সমস্ত রহস্যই কহিলাম। ইহা খল, দুষ্ট, পশু এবং পামর সন্নিধানে সততই গোপনীয়॥৩৯ ইহার যে অন্যথা করে ডাকিনীগণ তাহাকে ভক্ষণ করিয়া থাকেন॥ ৪০ সেই হেতু ইহা বিশেষরূপে গোপন

অষ্টমঃ পটলঃ ।

শ্রীদেব্যুবাচ ।

শ্রুতং হি সাধনং সর্ব্বং ত্বন্মুখাম্ভোজনির্গতম্‌ ।
দেবদানবগন্ধর্ব্বসিদ্ধচারণসেবিতম্‌ ॥ ১
পরমানন্দসন্দোহং সান্দ্রানন্দবিভূতিদম্‌ ।
পরং পারং পরং পুণ্যং পবিত্রং পরমং মহৎ ॥২
যোগিন্যুৎপত্তিকথনং ত্রৈলোক্যস্যাপি দুর্ল্লভম্‌ ।
কথয়স্ব মহাদেব কেবলানন্দবৃংহিতম্‌ ॥৩

ঈশ্বর উবাচ ।

পূর্ব্বং যদাবয়োর্ব্বৃত্তং সর্ব্বং তদ্বিস্মৃতং শিবে ।
অত্যন্তগুহ্যং পরমং দেবাসুরভয়ঙ্কর ॥৪

রাখিবে । শান্ত, দান্ত, কুলীন, যোগী, ভক্ত, পাপহীন, মহাত্মা সাধককে ইহা প্রদান করিবে ॥৪১

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে সপ্তম পটল ।

শ্রীদেবী কহিলেন, হে দেব ! আমি আপনার বদন সরোজ বিনির্গত, দেবদানবগন্ধর্ব্বসিদ্ধচারণগণ নিষেবিত, পরমানন্দ সন্দোহ, সান্দ্রানন্দ বিভূতিপ্রদ পরপাররূপ, পরমপুণ্যস্বরূপ, পবিত্র ও পরমমহৎ সর্ব্ববিধ শ্রবণ করিলাম, এক্ষণে উপরিউক্ত গুণসমূহসংযুক্ত এবং ত্রৈলোক্যেরও দুর্ল্লভ, কেবলানন্দবর্দ্ধন যোগিনীগণের উৎপত্তি কথন কীর্ত্তন করুন ॥১।২।৩

ঈশ্বর কহিলেন, হে শিবে ! পূর্ব্বে আমাদের উভয়ের যাহা যাহা ঘটিয়াছিল, তাহা কি ভুলিয়া গিয়াছ ? যাহা হউক, অত্যন্ত গুহ্য, দেবা-

প্রাচীনমতিগোপ্যং হি সারাৎসারং পরাৎপরম্ ।
শৃণু বক্ষ্যামি চার্ব্বঙ্গি সমাসেন শিবপ্রিয়ে ॥৫
গোপনীয়ং ত্বিদং ভদ্রে যোনি পরনরে যথা ॥৬
ব্রহ্মাণ্ডস্যায়ুষঃ শেষে সর্ব্বসত্ত্ববিবর্জ্জিতম্ ।
ভূম্যাদিপঞ্চতত্ত্বং তু কেবলে সংস্থিত শিবে ॥৭
ত্বাং মাং বিনা মহেশানি নাসীৎ কিঞ্চিজ্জগত্ত্রয়ে ।
এতস্মিন্নন্তরে ত্বাং বৈ পপ্রচ্ছাহং প্রহাসতঃ ॥৮
মমাধিকা যোগ্যতা বা তবাপি বা মহেশ্বরি ।
ইদানীং পরমেশানি নতো ব্রহ্মাণ্ডমণ্ডলম্ ॥৯
স্থাতুং স্থানং ন কুত্রাস্তি কুত্র স্থাস্যামি ভাবিনি ।
যদ্যন্ময়া, কতং সর্ব্বং তৎ সর্ব্বং গতমেব হি ॥১০
বিবিক্তোঽহং সদা দেবি ভবসংসারকর্ম্মণি ।
স্থাতুং স্থাগমিদানীং ত্বং কল্পয়স্ব মহেশ্বরি ॥১১

সুরগণের ভয়ঙ্কর ও প্রাচীন, অতি গোপনীয়, সারাৎসার পরাৎপর পরম বিষয় বলিতেছি। হে চার্ব্বঙ্গি! তুমি তৎসমস্তই শ্রবণ কর ॥৫ হে শিবপ্রিয়ে! হে ভদ্রে, পরপুরুষ সন্নিধানে যোনি যেমন গোপনীয়, ইহাও সেইরূপ গোপনীয় জানিবে ॥৬ ব্রহ্মাণ্ডের আয়ুশেষে সংসার সর্ব্বতত্ত্ববিবর্জ্জিত হইলে এবং ভূম্যাদি পঞ্চতত্ত্বমাত্র কেবলাত্মায় অবস্থিত হইলে ॥৭ হে মহেশ্বরী। তুমি আর আমি ব্যতীত এই ত্রিজগতে আর কিছুই ছিল না। এই অবসরে আমি হাস্য করিয়া তোমাকে জিজ্ঞাসা করিলাম ॥৮ হে মহেশ্বরী! আমা অপেক্ষা বোধ হয় বা তোমার যোগ্যতা অধিক।

ইতি শ্রুত্বা তদা দেবি ক্রোধে নারুণলোচনা।
উবাচ মাং সুনিষ্ঠুরং দুরাচারাদিদারুণা ॥১২
যদ্‌যৎ কৃতং ত্বয়া দেব মামুপাশ্রিত্য সর্ব্বদা।
মাং বিনা তে মহাদেব শবত্বমিতি নিশ্চিতম্ ॥১৩
যোগে হি তে মহেশান ময়া সর্ব্বমিদং ততম্।
কল্পিত বৎসরূপেণ যোগ্যতা কা তবাস্তি তে ॥১৪
কারণা বস্থয়াপন্না সদাহং ধাত্রীরূপিণী।
না কার্য্যং মেহি বৎ কিঞ্চিৎ সদাহংহ্যক্ষরাপরা ॥ ১৫
কার্য্যভাবসমাপন্না সদা প্রকৃতিরূপিণী।
তদা ব্রহ্মাদয়ঃ সর্ব্বে সর্ব্বেহপারির্ভবন্তি হি ॥১৬

এই দেখ, এক্ষণে ব্রহ্মাণ্ডমণ্ডল শূন্যাকার, কোথাও থাকিবার স্থান নাই, হে ভাবিনি! এখন কোথায় থাকিব। আমি যাহা করিয়াছিলাম, তৎসমস্তই বিগত হইয়াছে; তুমি জানই যে, আমি সংসারকর্ম্মে সংস্পর্শ-শূন্য থাকিতে সর্ব্বদাই ইচ্ছা করিয়া থাকি। হে মহেশ্বরি! এক্ষণে তুমি অবস্থানের নিমিত্ত স্থান কল্পনা কর ॥৯।১০।১১ হে দেবি! তুমি তাহা শ্রবণান্তর ক্রোধে লোহিতলোচনা ও দুরাচারদারুণা হইয়া অতি নিষ্ঠুরাক্ষর বচন আমাকে বলিতে আরম্ভ করিলে ॥১২ তুমি যাহাই কর তাহাতেই সর্ব্বদা আমার উপর নির্ভর করিয়া থাক, আমা ব্যতিরেকে তুমি শব হইয়া থাক ॥১৩ তোমার যোগমাত্রে আমি এই সংসার বিস্তা-রিত করিয়া তোমাকে বৎসরূপে কল্পনা করিয়াছি, তোমার যোগ্যতা কিছুই নাই ॥১৪ আমি সর্ব্বদাই কারণাবস্থপন্না বিধাতৃরূপিণী। আমার কিছুই অকার্য্য নাই, আমি সততই অক্ষরা ও পরমারূপে বিদ্যমান আছি ॥১৫ আমি নিয়তই কার্য্যাভাব সম্পন্না প্রকৃতিরূপিণী। তৎকালে ব্রহ্মাদি সকলেই আবির্ভূত হয় ॥১৬ এই চরাচর বিশ্ব আমারই মায়ায়

মম মায় ময়মিদং বিশ্বং দেব চরাচরম্।
বিক্ষেপাববণে মাসারম্ভো হে পরমেশ্বর ॥১৭
ইতি শ্রুত্বা বচস্তেঽহং বজ্রতুল্যং সুদারুণম্।
নোবাচ কিঞ্চিত্তাং দেবী স্থিরত্বমভবত্তদা ॥১৮
পরীতোঽহং সদা দেবি দুঃখেনান্তরজেন চ।
ততঃ স্থিরীকৃত্য হৃদি উপায়ং ভব নিগ্রহে ॥১৯
জগাম পশ্চিমে ভাগে ব্রহ্মাণ্ডস্য বরাননে।
গত্বা তত্র মহাদেবি নির্জ্জনে দারুণং পুরা
স্বদেহভস্মনা দৈত্যং প্রাগদৃষ্টং শ্রুতং মৃদম্।
দানবেন্দ্রং মহাঘোরং ঘোরনামানমদ্ভুতম্॥ ২০।২১
কোটিযোজনবিস্তীর্ণং দ্বাত্রিংশল্লক্ষপ্রস্থিতম্।
কোটিহস্তং মহারৌদ্রং কোটিলোচনসমুজ্জ্বলম্ ॥২২

বিনির্ম্মিত। হে পরমেশ্বর! আমার বিক্ষেপ ও আবরণ নামক শক্তি দ্বয়েই জগতের সমস্ত কার্য্যই সাধিত হইয়া থাকে ॥১৭ তোমার এইরূপ বজ্রতুল্য দারুণ বাক্য শ্রবণ করিয়া আমি তোমাকে তখন কিছুই না বলিয়া তূষ্ণীম্ভূত হইয়া থাকিলাম ॥১৮ হে দেবি! আমি নিয়ত আন্তরিক দুঃখভরে তাপিত হইয়া, তোমার নিগ্রহের নিমিত্ত মনে মনে এক উপায় অবধারিত করিলাম ॥১৯ অনন্তর আমি ব্রহ্মাণ্ডের পশ্চিমভাগে গমন করিয়া নির্জ্জনে নিজ দেহের ভস্মদ্বারা এক দারুণ মহা ঘোর ঘোরনামক এক অপূর্ব্ব অদ্ভুত দানবেন্দ্রের সৃষ্টি করিলাম ॥২০।২১ ঐ দৈত্য, দৈর্ঘ্যে কোটিযোজন এবং প্রস্থে বত্রিশলক্ষযোজন হইবে তাহার হস্ত কোটিসংখ্যক, লোচন উজ্জ্বল ॥২২ বদন পঞ্চাশৎ লক্ষ, ঐ বদন জ্বালাবলি দ্বারা আচ্ছন্ন।

পঞ্চাশল্লক্ষবদনং জ্বালাবলিসমাকুলং।
তস্মৈ দত্ত্বা মহাসিদ্ধীরণিমাদ্যা মহেশ্বরি ॥ ২৩
সর্ব্বভাবে মৎসদৃশে বিধায় তং সুদারুণম্।
উল্লাসমনসা দেবি আগতোঽহং তবান্তিকম্ ॥২৪
সোঽপি তস্থৌ দানবেন্দ্রঃ গ্রাসং কৃত্বা জনার্ণবম্।
গেণ্ডুকে দ্বে বিধায়ৈব সুবেলবেল পর্ব্বতৌ ॥ ২৫
তদা মম মনোজ্ঞাত্বা ত্বমবাদীশ্চ মাং প্রতি।
ইদানীং ব্রহ্মাণ্ডভাণ্ডং জীবহীন মজায়ত ॥২৬
আজ্ঞাপয় মহাদেব পশ্যামি সকলং শিব।
তদা বিহস্য মনসা তবোৎকণ্ঠানুবর্দ্ধয়ন্ ॥২৭
উবাচ ত্বামহং ভদ্রে আগচ্ছ পশ্চিমাং দিশং।
সর্ব্বত্রাস্তত্র দেবেশি দৃষ্ট্বা পশ্চাতং ময়ি ॥২৮
স্ত্রীণাং স্বভাবো দেবেশি য এবাধঃ স্থিতো ভবেৎ।
তত্রৈব মহতী শ্রদ্ধা দৃষ্ট্বা যাতুং সদা ভবেৎ ॥২৯।৩০

তাহাকে আমি অণিমাদি অষ্টসিদ্ধি প্রদানপূর্ব্বক সেই দারুণ দৈত্যকে সর্ব্বতোভাবে আমার সদৃশ করিয়া উল্লাসিত মানসে তোমার নিকট আগমন করিলাম ॥২৩।২৪ সেই দানবের জনার্ণব গ্রাস এবং সুবেল ও বেল পর্ব্বতে দুই গণ্ডুষে অবস্থাপিত করিয়া রহিল।২৫ তখন তুমি আমার মনোভাব জানিতে পারিয়া আমাকে কহিয়াছিলে যে, হে মহাদেব! এক্ষণে ব্রহ্মাণ্ডভাণ্ড জীবহীন হইল।২৬ হে শিব! আজ্ঞা কর, আমি সকলই দর্শন করিব। তখন আমি মনে মনে হাস্য করিয়া

ইতি জ্ঞাত্বা ময়োক্তং তন্নিষেধবচনং শিবে।
ততঃ প্রয়োজনাভাবাৎ তব স্বভাবতঃ শিবে ॥৩১।৩২
ন গতান্যত্র দেবেশি স্থিতা ত্বঞ্চ মমান্তিকে।
মহাদ্ধামে চ কান্তারে যত্র কেদারকেশ্বরঃ ॥৩৩।৩৪
তত্র গত্বা মহাদেবী জগন্মোহনকারিণা।
বিব্যাধ দৈত্যরাজেন্দ্রং কামবাণান্ সহস্রশঃ ॥৩৫
অত উত্থায় দৈত্যেন্দ্রঃ কামবাণেন বিহ্বলঃ।
করান্ প্রসার্য্য সকলান্ আহ চাটুবচো ভৃশম্ ॥৩৬

ঘোর উবাচ।

মে ক্রোড়ে ত্বং সমাগচ্ছ ভব সর্ব্বেশ্বরী।
মুদা ত্র্যাহি মাং কামজলধৌ নিমগ্নং স্বাঙ্গদানতঃ।

তোমার উৎকণ্ঠাবর্দ্ধনপূর্ব্বক ২৭ করিলাম, হে ভদ্রে! আইস পশ্চিমদিকে গমন করি। হে দেবেশি! আমার পশ্চাৎ পশ্চাৎ অন্যত্র সর্ব্বত্রই দর্শন করিয়া গমন করিয়াছিলে।২৮ সর্ব্বদাই স্ত্রীগণের স্বভাব অধিষ্ঠিতঃ হয়। সেই স্থান দর্শন করিয়া তোমার তথায় গমন করিতে মহতী শ্রদ্ধা হইল।২৯।৩০ তাহা আমি জানিয়া তোমাকে তথায় যাইতে নিষেধ করিলাম, তদনন্তর প্রয়োজনাভাবে এবং তোমার স্বভাববশে ।৩১।৩২ তুমি অন্যত্র গমন না করিয়া আমার নিকটেই অবস্থান করিয়াছিলে। কিয়ৎকাল অবস্থিতি করিয়া পরে যে মহৎ কান্তার স্থানে কেদারকেশ্বর আছেন।৩৩।৩৪ জগন্মোহনকারিণী! সেই স্থানে তুমি গমন করিয়া, সেই দৈত্যরাজকে সহস্র সহস্র কামবাণে বিদ্ধ করিয়াছিলে। সেই দৈত্য কামবাণে বিহ্বল ও উত্থিত হইয়া সমস্ত কর প্রসারণ করিয়া অনেকপ্রকার চাটুবচন বলিতে আরম্ভ করিল।৩৫।৩৬

ঘোর কহিল, তুমি তখন আমার ক্রোড়ে আসিয়া আনন্দে

কিঞ্চিৎ কালং ন জীবামি ত্বাং বিনাহং কথঞ্চন।
আলিঙ্গ্য পতিভাবেন জীবনং রক্ষ সুন্দরি ॥৩৬
ইত্যাদি চাটুবাকৈস্ত্বাং মুহুর্ম্মুহুর্জগাদ চ।
ততঃ সা ত্বমবাদীশ্চ সকটাক্ষং শুচিস্মিতম্ ॥ ৩৭

শ্রীদেব্যুবাচ।

ত্বঃ সর্ব্বদৈত্যেন্দ্রঃ সর্ব্বভোক্তা ত্বং বৈ বলী দেবনিকায় এব।
ত্বং বীর্য্যবান্ সর্ব্ববিনাশনশ্চ ত্বাং বৈ বরামোষদি তৎ করোষি॥৩৮
মদীয় বৃত্তান্তমিহ শৃণুষ্ব নাবস্থিতিঃ কাপি ভবেন্ন যস্মাৎ।
পুরা প্রতিজ্ঞা হি ময়া কৃতা যা তাং পালয় ত্বং যদি মাং গ্রহীতুং ॥৩৯
মনস্তু চৈবং খলু দৈত্যরাজ যো মাং বিনির্জ্জিত্য রণে স্থিতঃ স্যাৎ।
স মে তু ভর্ত্তা ন চান্য এব তদাদিতো যুদ্ধমিতঃ শ্রয়স্ব ॥৪০

হইয়া থাক। আমি, কামসাগরে নিমগ্ন হইয়াছি, এক্ষণে আলিঙ্গন দান করিয়া আমাকে পরিত্রাণ কর। হে সুন্দরি! আমি তোমা ব্যতিরেকে কদাপি ক্ষণকালও জীবিত থাকিতে পারিব না। প্রিয়ে! তুমি আমাকে পতিভাবে আলিঙ্গন প্রদান করিয়া জীবন রক্ষা কর ॥৩৭ এইরূপ বহুপ্রকার চাটুবাক্য তোমাকে বারবার বলিতে লাগিল। তখন তুমি তাহাকে কটাক্ষ সহিত সস্মিতবচনে বলিতে আরম্ভ করিয়াছিলে।৩৮

দেবী কহিলেন, তুমি সকল দৈত্যের ইন্দ্র, সর্ব্বভোগী, তুমি দেবগণ অপেক্ষাও বলবান্, তুমি বীর্য্যবান ও সকলেরই বিনাশকারক, যদি তুমি আমার সেই কার্য্য সাধন কর, তবে আমি তোমাকে বরণ করিব। তুমি আমার বৃত্তান্ত শ্রবণ কর। সেই কার্য্য পরিপূর্ণ না হওয়াতেই কোথাও আমার অবস্থিতি হয় নাই। আমাকে যদি গ্রহণ করিতে তোমার অভিলাষ থাকে, তবে আমি পূর্ব্বে যে প্রতিজ্ঞা করিয়া

শ্রীঈশ্বর-উবাচ।

এবং ব্রুবানাং ত্বাং দেবি ক্রোধেন মহতা যত।
উচ্চৈর্নির্ভৎ সয়ামাস প্রলয়াম্ভোধিঘর্ঘরং ॥
ততঃ সমুত্থিতোঘোরঃ কালরুদ্রঞ্চ হ্যকৃতঃ।
সমাহর্ত্তুং তদা দৈত্যোধাবতিস্মাখিলং জগৎ ॥৪১
তথাপি ত্বং গৃহীতুং স ক্ষমোমাভূৎ কথঞ্চন।
তদা বেগেন মহতা গন্তুং প্রাস দানবেশ্বরঃ ॥৪২
হস্তামর্ষবশাত্তে চ পর্ব্বতাঃ চূর্ণতাং গতাং।
পদাঘাতাদুপরমা মগ্নাহিস্তু জলার্ণবে ॥৪৩
তদ্বহভ্রমবাতেন প্রোচ্ছলজ্জলমণ্ডলং।
উর্দ্ধাধশ্চ কটহান্তং মহাভীমতরঙ্গকং ॥৪৪

ছিলাম তাহা পালন কর। আমার প্রতিজ্ঞা এই, যে ব্যক্তি রণে আমাকে পরাজয় করিতে পারিবে, সেই আমার ভর্ত্তা, ইহা ব্যতীত অন্য কেহই আমার ভর্ত্তা হইতে পারিবে না। অতএব প্রথমেই আমার সহিত তুমি যুদ্ধ কর।৩৯।৪০

ঈশ্বর কহিলেন হে দেবি! তুমি যখন এই রূপ বলিতেছিলে, তখন সেই ভয়ঙ্কর দৈত্য প্রলয়পয়োধির ন্যায় মহা ভয়ঙ্কর ঘর্ঘররবে তোমাকে ভর্ৎসনা করিতে লাগিল। তৎপরে সেই মহাঘোরতর ঘোর দৈত্য মহাকাল রুদ্রকে নক্কার করিয়া, অখিল জগৎ সংহার করিবার নিমিত্ত উত্থিত হইয়া ধাবিত হইল ॥৪১ তথাপিও সে তোমাকে কোন প্রকারে ধরিতে সমর্থ হইল না। সেই দানবেন্দ্র তখন বেগে গমন করিতে লাগিল ॥৪২ তাহার হস্ত স্পর্শে পর্ব্বত সকল চূর্ণীভূত হইতে লাগিল পদাঘাতে প্রক্ষিপ্ত হইয়া জলার্ণবে মগ্ন হইতে লাগিল ॥৪৩ তাহার অঙ্গবাত ভ্রমে জলধিমণ্ডল উচ্ছলিত হইয়া মহা-

ব্রহ্মাণ্ডং পরিসংব্যাপ্য ভ্রমতে স নিরন্তরং ।
ধর্ত্তুং কামোমহামায়ে ত্বাং ধর্ত্তুং ত্ব ক্ষমোভবেৎ ॥৪৫
অগ্রেঽগ্রে ত্বাং পশ্যতিস্ম কেবলং দৈত্যপুঙ্গবঃ ।
যদ্‌যদ্‌যুদ্ধং কৃতং তেন কথিতুং নৈব শক্যতে ॥৪৬
যদ্ যৎ ক্ষিপ্তং ত্বয়ি শিবে তৎ সর্ব্বং তস্মসাদ্‌গতং ।
যত্তেজসা মহেশানি তত্রাপি ক্রোধমূর্চ্ছিতঃ ॥৪৭
ভবন্নিরন্তরং দৈত্যোঘোরোঘোরপরাক্রমঃ ।
আশ্চর্য্যং শৃণু দেবেশি যুদ্ধবৃত্তং মহোজ্জলং ॥৪৮
জল জাতাৎ কটাহাত্তু ধুলিরুৎপদ্যতে ভৃশং ।
এবমেকাহতো যুদ্ধং কোটিবর্ষনভূত্তদা ॥৪৯
এবং তত্র মহেশানি যুদ্ধকালে ভয়াতুরঃ ।

ভীম তরঙ্গ সংকারে ব্রহ্মাণ্ডের উর্দ্ধাধঃ কটাহ পর্য্যন্ত নিরন্তর পরিভ্রমণ করিতে লাগিল। হে মহামায়ে! সে তোমাকে ধরিবার ইচ্ছা করিয়া ধাবিত হইলেও ধরিতে পারিল না ৪৪।৪৫ তোমাকে অগ্রে অগ্রে কেবল গমন করিতে দেখিতে লাগিল। সে যেভাবে যেরূপ যুদ্ধ করিল, তাহা বর্ণন করিতে পারা যায় না॥ ২৬ হে শিবে! তোমার প্রতি সে যে যে অস্ত্র নিক্ষেপ করিল, তৎসমস্তই ভস্মসাৎ হইয়া গেল। হে মহেশনি! তথাপি তেজোভরে ক্রোধমূর্চ্ছিত হইয়া, সেই ঘোরদৈত্য ক্রমে ক্রমে ঘোর পরাক্রম প্রকাশ করিতে লাগিল। হে সুন্দরী! অতি আশ্চর্য্য শ্রবণ কর ॥৪৭॥৪৮ সেই মহা তুমুল যুদ্ধকালে জলজাত কটাহ হইতে ভূরি ভূরি ধূলি উত্থিত হইতে লাগিল। একাহ হইতে আরম্ভ করিয়া কোটিবৎসর যুদ্ধ হইয়াছিল ॥৪৯। হে মহেশানি! এইরূপ যুদ্ধকালে আমি ভয়াতুর হইয়া, যোগ

অহং যোগং সমাশ্রিত্য অতি সূক্ষ্মতরং বপুঃ ।
বিধায় পরমেশানি ত্বামাশ্রিত্য স্থিতঃ সদা ॥৫০
কথঞ্চিদপি প্রাপ্য ত্বাং ধর্ত্তুং দৈতরাট্ তদা ।
চিন্তয়ামাস চ খলু ত্বাং হন্তুং বিবিধক্রমং ॥ ৫১
বর্দ্ধয়িত্বা শরীরং স্বং ঘর্ষয়িত্বা চ বাহুনা ।
কটাহে মারয়িষ্যামি মহাদুষ্টাহি ত্বামহং ॥৫২
ইতি সঞ্চিন্ত্য মনসা বর্দ্ধয়িত্বা কলেবরং ।
পুরিতং তেন ব্রহ্মাণ্ডং ঘোরেহর্ষমুপাগমৎ ॥৫৩
উবাচ ত্বাং তদা দৈত্যঃ হতা যাস্যসি কুত্র বা ।
ভবতী ভৃশমালোক্য দৈত্যং ব্রহ্মাণ্ডপূরিতং ॥৫৪
ত্বয়োক্তোঽসৌ ঘোরদৈত্যস্তিষ্ঠ তিষ্ঠ সুদুর্ম্মতে ।
কথং ব্যস্তো ভবান্ জাতোনিহন্মি ত্বামহং মুদা ॥৫৫

অবলম্বনপূর্ব্বক সূক্ষ্মতর শরীর ধারণ করিয়া তোমাকেই আশ্রয় করিয়া অবস্থিত রহিলাম ॥৫০ দৈত্যরাজ তোমাকে কোনরূপেই ধরিতে না পারিয়া তোমাকে হনন করিবার জন্য বহুবিধ উপায় চিন্তা করিতে লাগিল ॥৫১ অবশেষে স্বীয় শরীর সম্বর্দ্ধিত করিয়া এবং বাহুদ্বারা তাহা ঘর্ষণ করিয়া সে চিন্তা করিতে লাগিল। যে আমি মহাদুষ্টস্বভাবা নারীকে এই কটাহে নিক্ষিপ্ত করিয়া সংহার করিব ॥৫২ মনে মনে এইরূপ চিন্তা করিয়া, আপন কলেবর বর্দ্ধিত করিতে লাগিল তদ্দ্বারা ব্রহ্মাণ্ড পরিপূরিত হইল দেখিয়া, ঘোর দৈত্য অত্যন্ত আনন্দিত হইল ॥৫৩ তখন সেই দৈত্যরাজ তোমাকে কহিল, এখন আপনাকে হত প্রায় দেখিয়া কোথায় পলায়ন করিবে। তুমি দৈত্যকে নিজ কলেবরে ব্রহ্মাণ্ড পরিপূরিত করিতে দেখিয়া ॥৫৪ কহিয়াছিলে, রে দুর্ম্মতি ঘোর দৈত্য ! থাক্ থাক্, তুই ব্যস্ত

অধুনৈব মহাদুষ্ট জানাসি নহি মাং কদা ।
মত্তঃ সৃষ্টিঃ সমুৎপন্না ময্যেব প্রবিলীয়তে ॥৫৬
ময়ৈব পাল্যতে সর্ব্বং মম মায়াময়ং জগৎ ।
মত্তোনান্যৎ কিঞ্চিদস্তি ব্রহ্মৈবাহং সনাতনঃ ॥৫৭
শৃণু মূঢ়বরাস্মাকং পরমং মঙ্গলং মহৎ ।
দুষ্টভাবেন বা দৈত্য শিষ্টভাবেন বা পুনঃ ॥
ভজন্তে মাং যথা যোহি তথা কামং দদামি তে ।
নিদানন্তু প্রযচ্ছামি মহাফল মনুত্তমং ॥৫৮॥৫৯
ত্বয়াহং সেবিতা দৈত্য বহুকালং ন সংশয়ঃ ।
সমাপ্তু মেকচিত্তেন মমৈষা ত্বকরোদ্যতঃ ॥৬০

হইতেছিস্ কেন ? এখনি তোমাকে আমি অবলীলায় সংহার করিতেছি । ৫৫
রে মহাদুষ্ট ! এখনও আমাকে তুই জানিতে পারিতেছিস্ না কেন ? জানিস্
আমা হইতেই সৃষ্টি সমুৎপন্ন এবং আমাতেই তাহা লয় পাইয়া থাকে ।
আমিই এই অখিল সংসার পালন করিয়া থাকি ; এই জগত আমারই
মায়াময় জানিও ॥৫৬ আমা হইতে ভিন্ন অন্য কিছুই নাই, আমিই সনাতন
ব্রহ্ম ॥৫ রে মূঢ়মতি ! পরম মহৎ মঙ্গলভাব আমার শ্রবণ কর ! রে দৈত্য ।
মন্দভাবেই হউক, আর সুভাবেই হউক, আমায় যে যে ভাবে ভজনা
করে, আমি তাহার সেই কামনা পূর্ণ করিয়া থাকি ; আমিই অনুত্তম
মহাফল ॥৫৮।৫৯ নিদানরূপ ব্রহ্ম নির্ব্বাণ প্রদান করি। হে দৈত্য ! তুমি
বহুকাল আমার সেবা করিয়াছ, সন্দেহ নাই। তুমি আমার প্রতি একান্ত-
চিত্ত হইয়া আমাকে, প্রাপ্ত হইবার বাসনা করিয়াছ, অতএব তুমি শিব
তুল্য সন্দেহ নাই ॥৬০

শিবোঽহি নাত্র সন্দেহো মৎকৃতে যদ্শ্রমস্তব।
ইদানীং পশ্য মদ্রূপং ব্রহ্মানন্দং পরং পদং ॥৬১
যদ্দৃষ্টবান পুনঃ কোঽপি কদাপ্যাবির্ভবেৎ কিল।
ধ্যাত্বা যৎ পরমং রূপং শিবং ন্যূনমিতি প্রভো ॥৬২
তদ্রূপং পরমং ধাম কালীরূপমিত শৃণু।
ইতং পরতরং রূপং ব্রহ্মণোনাস্তি কুত্রচিৎ ॥৬৩
ইত্যুক্ত্বাবং তদা দেব ভবানী ভবমোচনী।
ধ্যাত্বা যৎ পরমং রূপং অহং কালীতি বাদিনী ॥৬৪
অসকৃৎ পরমেশানি জাতা ত্বং কালিকা তদা।
কৃষ্ণবর্ণ মহাঘোরা মহাকালাপরিস্থিতা ॥৬৫
মুণ্ডমালাবলীরম্যস্থ মুক্তকেশী স্মিতাননা।
লোলজিহ্বাং রক্তঘোরলোচনত্রয়রাজিতা ॥ ৬৬

যেহেতু আমার নিমিত্ত তুমি বহুতর শ্রম করিতেছ। অতএব এক্ষণে তুমি আমার পরমপদ ব্রহ্মানন্দরূপ অবলোকন কর ॥

এই শিবময় পরমপদ ধ্যান করিয়াও কেহ দেখিতে পায় না ॥৬২ সেই পদ তুমি সত্বর অবলোকন কর, যেহেতু তাহা দেখিবার নিমিত্ত অন্য কেহও আবির্ভূত হইতে পারে। সেইরূপ পরমধাম, তাহা কালীরূপ জানিবে। পরব্রহ্মে ইহা অপেক্ষা আর উৎকৃষ্টতর রূপ কোথাও নাই ॥৬৪ হে দেবি! তখন হে ভবানি ভবমোচনী! তুমি এই সকল বাক্য বলিয়া পরমরূপ ধ্যানপূর্ব্বক আমি কালী আমি কালী এই বাক্য বলিতে বলিতে বারবার কালিমূর্ত্তি ধারণ করিয়াছিলে ॥৬৪।৬৫ সেই কালী কৃষ্ণবর্ণা মহাঘোররূপা, মহাকালের উপরি সংস্থিতা, মুণ্ডমালাবলিদ্বারা শোভিতা, মুক্তকেশী, স্মিতাননা, লোলজিহ্বা এবং রক্তবর্ণ লোচনত্রয়ে বিরাজিতা ॥৬৬

অমাকলাসমুল্লাসা কিরীটোজ্জ্বলবিগ্রহা ।
শিবা কোটিসহস্রৈস্তু তেজোমণ্ডল সম্ভবৈঃ ।
মহারাবৈশ্চতুর্দ্দিক্ষু যতোঘোরপরাক্রমৈঃ ।
রশ্মিবৃন্দসমুদ্ভূতা যোগিন্যঃ কোটি কোটিশঃ ॥
সমন্তাদ্ঘোররূপস্থা মহাযুদ্ধমহোৎসুকাঃ ।
প্রতিলোমকূপমধ্যে ব্রহ্মাণ্ডং কোটিকোটিশঃ ॥
ভাসন্তে সততং দেবি সর্ব্বাঃ সূর্য্যময়াঃ পুনঃ ॥৬৭।৬৮।৬৯
এবং ত্বাং কালিকাং দৃষ্ট্বা মুর্চ্ছিতোদানবেশ্বরঃ ।
প্রতীতোহসৌ মহাকাল্যা দৃষ্ট্বা শ্রীমুখমণ্ডলং ॥৭০
তৎক্ষণাদ্দানবাধীশে ব্রহ্মজ্ঞানমতবাপ্তবান্ ।
ততস্তং দানবাধীশং জ্ঞানে ভক্তং সুনির্ম্মলং ।
জিহ্বয়া লোলয়া কালী চকর্ষচ রণান্তরে ॥৭১

কিরীট দ্বারা উজ্জ্বল বিগ্রহা এবং অমাকলার ন্যায় উদ্ভাসিত তেজোমণ্ডল-সম্ভূত, ঘোররব, ঘোরপরাক্রম, কোটিসহস্র শিবাগণ দ্বারা পরিবেষ্টিতা। মহাকালীর রশ্মিবিন্দুসমূহ হইতে ঘোররূপা মহাযুদ্ধ সমুৎসুকা কোটি কোটি যোগিনীগণ চারিদিক হইতে উৎপন্ন হইল। হে দেবি! সেই সমস্ত যোগিনীগণ সূর্য্যের দীপ্তি পাইতে লাগিল। মহাকালীর প্রতি লোমকূপে কোটি কোটি ব্রহ্মাণ্ড প্রকাশ পাইতে লাগিল ॥৬৮।৬৯ সেই দানবেশ্বর এবম্ভূতা সেই কালীকে অবলোকন করিয়া মূর্চ্ছিত হইল। মহাকালীর শ্রীমুখমণ্ডল দর্শনে ঐ দানব প্রীতি প্রাপ্ত হইল। সেই দানবেশ্বর তৎক্ষণাৎ ব্রহ্মজ্ঞান প্রাপ্ত হইল ॥৭০ তদনন্তর মহাকালী সেই সুনির্ম্মল ভক্ত ব্রহ্মজ্ঞানবান দানবরাজকে লোলজিহ্বা দ্বারা রণমধ্যে

ব্রহ্মাণ্ড সহিতাং মাতা চর্চ্চয়িত্বামৃতৎক্ষণাৎ।
চকর লীলায় কালী ঘোরবাদ্যমহোৎস্থকা।
নানাযন্ত্রস্থ বৃহতঃ পতাকা ব্যাপিকা তনা ॥৭২

নবম পটলঃ।

ঈশ্বর উবাচ।

তদ্দাস্থ্যাত্ মহাশ্চর্য্যং ভয়বিহ্বলমানসঃ।
অহং জগাব সহসা তত্র কান্তারমুত্তমং ।১
সুষুম্নাবর্ত্মনা দেবি তত্র গত্বা ময়া কিল।
সমুদ্দিষ্টং শ্রুতং যদযৎ কথিতুং নৈব শক্যতে ॥২

আকর্ষণ করিলেন ॥৭১ এবং জগন্মাতা ব্রহ্মাণ্ডসহিত তাহাকে চর্ব্বণ করিয়া ক্ষণমধ্যেই সংহার করিয়া ফেলিলেন। অনন্তর মহাকালী লীলায় বৃহৎ বৃহৎ যন্ত্রের ঘোর বাদ্য মহোৎসব করিলেন এবং নভোব্যাপিনী পতাকাবলী উত্তোলন পূর্ব্বক আন্দোলিত করিলেন ॥৭২

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে অষ্টম পটল।

ঈশ্বর কহিলেন, সেই মহাশ্চর্য্য ব্যাপার অবলোকন করিয়া, ভয়বিহ্বলচিত্তে আমি সেই উত্তম কান্তারে সহসা আগমন করিলাম ॥১ হে দেবি! সুষুম্নাবর্ত্মদ্বারা সেই স্থানে আগমন করিয়া যাহা যাহা আমি শ্রবণ করি-

সর্ব্বাশ্চর্য্যময়ং দেবি ন দৃষ্টং ন শ্রুতং ক্বচিৎ।
অতীব বৃহদাকারাঃ ব্রহ্মাণ্ডাঃ কোটিকোটিশঃ ॥৩
চরন্তি সর্ব্বদা দেবি কঃ সংখ্যাতুং ক্ষমোভবেৎ।
কোটিকোটিমুখা দেবি কোটিকোটিভুজা স্তথা ॥৪
এবঞ্চ বিবিকারা ব্রহ্মাবিষ্ণুশিবাদয়ঃ।
মহদৈশ্চর্য্যসম্পন্নাঃ প্রতিব্রহ্মাণ্ডবাসিনঃ ।৫
সর্ব্বাশ্চর্য্যময়ং দেবি দৃষ্ট্বা কুশলমানসঃ।
সর্ব্বং মে বিস্মৃতং জাতং কোহহং চিন্তাপরায়ণঃ ॥৬
অহং কঃ কুত্র আয়াতঃ কেন পৃচ্ছতি কুত্রচিত্র।
এবং নানাবিথং দেবি ভুবনে বিস্মৃতঃ সদা ॥৭
নানাস্থানসম্ভ্রমঞ্চ স্মর্য্য নাস্তি মে কদা।
ততশ্চ কোটিবর্ষান্তে প্রাপ্তং তে হৃদয়াম্বুজং ॥৮

লাম, সে সমুদয় প্রকাশ করিতে আমার সামর্থ্য হইতেছে না ॥২ হে দেবি! তাহা সর্ব্বাশ্চর্য্যময়, সেরূপ কোথাও দর্শন বা শ্রবণও করি নাই। অতীব বৃহৎদাকার কোটি কোটি ব্রহ্মাণ্ডমণ্ডল সততই বিচরণ করিতেছে ॥ তাহার সংখ্যা কে করিতে পারে? তথায় কোটি কোটি মুখ, কোটি কোটি ভুজবিশিষ্ট বিবিধ প্রকার আকারধারী, প্রতিব্রহ্মাণ্ডনিবাসী ব্রহ্মা বিষ্ণু, শিবাদি মহদৈশ্বর্য্য সম্পন্নগণ সুখে বিচরণ করিতেছে।৪।৫ হে দেবি! ঐ সর্ব্বাশ্চর্য্যময় ব্যাপার নয়নগোচর করিয়া, আমি হিহ্বলমানস হইলাম, আমি সকলই বিস্মৃত হইলাম, আমি কে? এই চিন্তা তখন আমার মানসে উদয় হইল।৬ আমি কে কোথা হইতে আগমন করিলাম, কোথাও কেহ কিছুই জিজ্ঞাসা করিতেছে না। এইরূপে চিন্তা দ্বারা আমি ভুবনের সমস্তই ভুলিয়া গেলাম।৭

তত্র গত্বা ময়া সর্ব্বং দৃষ্টকাশ্চর্য্যঃসুন্দরং।
তৎ সর্ব্বং পরমেশানি কথিতুং নৈব শক্যতে ॥৯
স্বধর্ম্মার্থোদয়ং শাস্ত্রং কারণং সুখ মোক্ষয়োঃ।
পরাত্মাগমোবেদা জীবেদর্শনমিন্দ্রিয়ঃ ॥১০
দেহঃ পুরাণমঙ্গানি স্মৃতয়যানি মানি চ।
তত্রৈব সর্ব্বশাস্ত্রানি লোমাদীনি বরাননে ॥১১
জীবাত্মনো যথা ভেদ স্তথা বেদাগমেষ্বপি।
পত্রাগ্রে পত্রমধ্যে চ পত্রান্তে হৃদয়াম্বুজে ॥১২
দৃষ্ট্বা বর্ণাবলী যাতু তীব্রতেজোময়ী শুভা।
শিক্ষা কল্পো ব্যাকরণং নিরুক্তশ্ছন্দ এব বা ॥১৩
অন্যানি সর্ব্বশাস্ত্রাণি ক্ষুদ্রাণি যানি কানি চ।
কিন্তু পূর্ণবলালোকে জ্ঞাত্বতাহহং কথিতং তব ॥১৪

আমি নানাস্থানে ভ্রমণ করিতে লাগিলাম, আমার কিছুই স্মরণ হইল না, তাহার পর কোটিবর্ষ পরে তোমার হৃদয়াম্বুজ প্রাপ্ত হইয়া আমি পরিতৃপ্ত হইলাম।৮ হে পরমেশানি! আমি, সেখানে গমন করিয়া যে যে পরমসুন্দর আশ্চর্য্য অবলোকন করিলাম, সেই সমস্ত বর্ণন করিবার শক্তি আমার নাই।৯ যৎসামান্য বর্ণন করিতেছি শ্রবণ কর। সুখ ও মোক্ষের কারণ ধর্ম্মার্থময় শাস্ত্র, পরমাত্মা সামবেদ, জীবাত্মা দর্শন, ইন্দ্রিয় ॥১০ দেহ, পুরাণ অঙ্গসকল, স্মৃতিশাস্ত্র সমুদায় হোমাদি সর্ব্বশাস্ত্র সন্দর্শন করিলাম।১১ বেদাগম সকলে জীবাত্মার যেরূপ ভেদ, তাহা হৃদয়াম্বুজে পত্রাগ্রে, পত্রমধ্যে ও পত্রান্তে ॥১২ দর্শনান্তর, তীব্রতেজোময়ী শুভকরী বর্ণাবলী দর্শন করিলাম। শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ ॥১৩ ও জ্যোতিষ এবং

ততোময়া শতংদেবি কর্ণিকান্তর্মহোজ্জ্বলং।
কোটিকোটিদিবানাথনিশানাথসমুজ্জ্বলং ॥১৫
কোটীকোটীমহাবহ্নিতেজোমণ্ডলমণ্ডিতং।
তন্মধ্যে তু ময়া দৃষ্টং বর্ণপুঞ্জং মহোজ্জ্বলং ॥১৬
সূর্য্যকোটিসমাভাসয়ং চন্দ্রকোটীসুশীতলং।
বহ্নিকোটিমহোজ্জ্বলং পরংব্রহ্মময়ং ধ্রুবং ॥
সর্ব্বজ্ঞানময়ং দেবি সর্ব্বাশ্চর্য্যময়ং সদা।
সর্ব্বযজ্ঞময়ং দেবি সর্ব্বতীর্থময়ং সদা॥ ১৭
সর্ব্বপুণ্যময়ং দেবি সর্ব্বধর্ম্মময়স্তথা।
ব্রহ্মজ্ঞানময়ং তথা দেবি ব্রহ্মানন্দময়ং তথা।
প্রমাণং সর্ব্বশাস্ত্রাণাং বেদাদীনাং মহেশ্বরি ॥১৮
প্রমাণং সর্ব্বসত্ত্বানাং ব্রহ্মতেজঃ পরং হিতং।
সর্ব্বমায়াবহির্ভূতং সর্ব্বংমায়ানিকৃন্তনাং ॥১৯

অন্যান্য যে কত ক্ষুদ্র ক্ষুদ্র শাস্ত্র দেখিলাম॥১৪ তদনন্তর আমি পূর্ণালোকে জ্ঞাত হইলাম, যে কর্ণিকা সর্ব্বং তৎক্ষণান্মাত্র সংশয়ঃ॥১৬ ততঃ কিঞ্জল্কপুঞ্জেষু গত্বা দৃষ্টং ময়া কিল। বর্ণ মধ্যে এবং কোটি কোটি সূর্য্য ও চন্দ্রের ন্যায় সমুজ্জ্বল এবং কোটি কোটি মহাবহ্নি তেজোমণ্ডলে মণ্ডিত মহোজ্জ্বল বর্ণপুঞ্জ রহিয়াছে। হে মহেশ্বরি! তন্মধ্যে কোটিসূর্য্য সমান দীপ্তিময়, কোটি চন্দ্রের ন্যায় সুশীতল, কোটি বহ্নির ন্যায় মহোজ্জ্বল, নিত্য পরব্রহ্মময়, সর্ব্বজ্ঞানময় সর্ব্বাশ্চর্য্যময় সর্ব্বযজ্ঞময়, সর্ব্বতীর্থময়, সর্ব্বপুণ্যময়, সর্ব্বধর্ম্মময়, ব্রহ্মজ্ঞান, ব্রহ্মানন্দময়, বেদাদি সর্ব্বশাস্ত্রের প্রমাণ এবং সর্ব্ববিধ সত্ত্বের ব্রহ্মতেজময় পরম ও হিতকর প্রমাণ

সর্ব্বানন্দময়ং দেবি ব্রহ্মানময়ং সদা।
পূর্ণানন্দময়ং দেবি ব্রহ্ম সর্ব্বাণমুক্তমং ॥২০
সর্ব্বমায়াময়ং দেবি সর্ব্ববিদ্যাময়া পুনঃ।
সর্ব্বতপোময়ং দেবি সর্ব্বসিদ্ধিময়স্তথা ॥২১
সর্ব্বমুক্তিময়ং দেবি সর্ব্ববেদময়ং তথা।
সর্ব্বলোকময়ং দেবি সর্ব্বভোগময়ং তথা ॥২২
সর্ব্বশাস্ত্রময়ং দেবি সর্ব্বযোগময়ং তথা।
দৃষ্ট্বাগমমিমং তত্র মম জ্ঞানান্ধসাগরে।
গযশকষাথোহদ্রাক্ষ্যং যথা সূর্য্যোদয়োজ্জ্বলং ॥২৩।২৫
অভ্যস্তং হি ময়া সর্ব্বং মহাকালীপ্রসাদতঃ।
দৃষ্ট্বাভ্যস্তং ময়া পুঞ্জময়ং দেবি সূর্য্যান্তিসমপ্রভং ॥২৭
ন্যায়োমীমাংসকং সাংখ্যং পাতঞ্জলং কথা পুনঃ।
বৈশেষিকং যথাপূর্ব্বং ময়া জ্ঞাতং হি তৎক্ষণাৎ।

অবলোকন করিয়া আনন্দ লাভ করিলাম। সর্ব্বমায়া বহির্ভূত, সর্ব্বমায়ার নিবর্ত্তক, সর্ব্বানন্দময়, ব্রহ্মানন্দময়, পূর্ণানন্দময়, উত্তম ব্রহ্ম নির্ব্বাণ এবং সর্ব্বমায়াময়, সর্ব্ববিদ্যাময়, সর্ব্বতপোময়, সর্ব্বসিদ্ধিময়, সর্ব্বমুক্তিময়, সর্ব্ব-বেদময়, সর্ব্বলোকময় সর্ব্বভোগময়, সর্ব্বশাস্ত্রময়, সর্ব্বযোগময়, আগম অব-লোকন করিলাম। তাহাতে আমার অজ্ঞানান্ধসাগরের শর্ব্বরী বিগতা হইয়া গেল। আমি সূর্য্যোদয়োজ্জ্বল জ্ঞান দর্শন করিলাম। আমি মহা-কালীর প্রসাদে তৎসমস্ত শাস্ত্রাদি অভ্যাস করিলাম।১৬.২৫ সে সকল দর্শন করিয়া আমি তৎক্ষণাৎ সমস্তই অভ্যাস করিলাম, তাহাতেসন্দেহ নাই।২৬ তদনন্তর কিঞ্জল্কপুঞ্জে গমন করিয়া দেখিলাম, সূর্য্যকান্তি সমান প্রভাসম্পন্ন ।২৭ বর্ণপুঞ্জময় ন্যায়, মীমাংসা সাংখ্য, পাতঞ্জল বৈশেষিক শাস্ত্র সকল

ততোবর্ণাবলীং দৃষ্ট্বা কর্ণিকাপ্রান্তদেশতঃ।
শতসূর্য্যসমাভাসাং সর্ব্বরঞ্জন কারিণীং ॥২৮
আয়ুর্ব্বেদভিষগ্বেদা মহাভ্যস্তাদৈব হি।
তদন্তরে মহাদেবি দৃষ্ট্বা বর্ণাবলীং শুভাং।
সহস্রাদিত্যসঙ্কাশা শুদ্ধবর্ণা সকোলা॥
স্মৃতীতিহাসৌ দেবেশি পুরাণানি ময়া পুনঃ॥
ময়াভ্যস্তং হি তৎ সর্ব্বং তৎক্ষণান্নাত্র সংশয়ঃ২৯।৩১
তথাপি ভ্রমেদেহোমে ন শুদ্ধতি কদাচন ॥৩২
তদন্তরে ময়া দৃষ্টং সূর্য্যকোটিসমপ্রভা।
ব্রহ্মজ্ঞানং ময়া দেবি ব্রহ্মতেজঃপরীবৃতং ॥৩৩
বেদান্তামতি বিখ্যাতং বর্ণপুঞ্জমহৎপ্রভং।
ময়াভ্যস্তং তৎক্ষণাত্তন্মহদেভ্যশ্চ মোহতঃ ॥৩৪
তদন্তরে ময়া দৃষ্টং বর্ণপুঞ্জসমুজ্জ্বলং।
কোটিসূর্য্যপ্রতীকাশং চন্দ্রকোটিসুশীতলং।

আমি যথাপূর্ব্বক তৎক্ষণাং অবগত হইলাম।২৮ তদনন্তর কর্ণিকার প্রান্তদেশে শতসূর্য্য সমান দীপ্তিশালিনী সর্ব্বরঞ্জনকারিণী বর্ণাবলী দর্শনানন্তর আয়ুর্ব্বেদ ও ভিষগ্বেদ তখনি অভ্যাস করিলাম হে মহাদেবি! বর্ণাবলী দর্শনানন্তর সহস্রাদিত্যসঙ্কাশ মহোজ্জ্বল শুদ্ধ বর্ণসকল দর্শনান্তর, স্মৃতি, ইতিহাস ও পুরাণ সকল তৎক্ষণাৎ অভ্যাস করিলাম ২৯।৩১ তদন্তর হোমপদ্ধতি অবলোকন করিয়া, তদনন্তর, কোটি সূর্য্যসমান প্রভাসম্পন্ন ব্রহ্মতেজঃ পরিবৃত ব্রহ্মজ্ঞানসম্পন্ন ।৩২।৩৩ বর্ণপুঞ্জ মহাপ্রভ সমন্বিত বেদান্ত এই নামে বিখ্যাত মহাশাস্ত্র আমি অবিলম্বেই অভ্যাস করিলাম।৩৪ তার পর বর্ণপুঞ্জে সমুজ্জ্বল, কোটিসূর্য্য সমান দীপ্তিমান্

সর্ব্বজ্ঞানময়ং দেবি সর্ব্বতীর্থময়ং সদা।
সর্ব্বযজ্ঞময়ং দেবি সর্ব্বধর্ম্মময়ং তথা।
প্রমাণং সর্ব্বসত্ত্বানাং শাস্ত্রাদীনাং মহেশ্বরী।
বেদচতুষ্টয়ং সামাথর্ব্বঋগ্‌যজুরুত্তমং॥
মারভ্যস্তং হি তৎ সর্ব্বং তৎক্ষণান্নাত্র সংশয়ঃ।
তথাপি ন চ তৃপ্তির্শ্মে জায়তে ন চ তৎক্ষণাৎ॥৩৫।৩৭
সর্ব্বজ্ঞানসর্ব্বতত্ত্বসর্ব্ব সিদ্ধিময়োহ্যহং।৩৮
তদা নমস্কৃতাং দেবি তৈ স্ত্বাং কালীং সনাতনীং।
শিবাভির্যোগনীভিশ্চ নৃত্যন্তীং ব্রহ্মরূপিণীং।৩৯
স্থিত্বা স্থিত্বা স মুখে মে দৃষ্ট্বা শ্রীমুখমণ্ডলং।
তত উড্ডীনমাসাদ্য বিদলে চাগতং ময়া॥৪০
আজ্ঞাচক্রে ভ্রুবোর্ম্মধ্যে মহাকাল্যা মহেশ্বরি।
তদা মম স্মৃতির্জ্জাতো ব্রহ্মবিষ্ণুকৃতে পুনঃ।৪১

কোটি চন্দ্রতুল্য সুশীতল, সর্ব্বজ্ঞানময়, সর্ব্বতীর্থময় সর্ব্বযজ্ঞময়, সর্ব্বধর্ম্মময়, সর্ব্বসত্ত্বের এবং সর্ব্বশাস্ত্রের প্রমাণ স্বরূপ সাম, অথর্ব্ব ঋক্ যজুঃ এই অনুক্রম বেদ চতুষ্টয়, তৎক্ষণাৎ আমি অভ্যাস করিলাম। তথাপিও তাহাতে আমার তৃপ্তি হইল না।৩৫।৩৭ তারপর আমি সর্ব্বজ্ঞানময়, সর্ব্বসত্ত্বময়, সর্ব্বসিদ্ধিময় হইয়া॥৩৮ বেদবেদান্তাদি দ্বারা নমস্কৃতা, যেই সনাতনী ব্রহ্মরূপিণী মহাকালী দেবিকে শিবাগণ ও যোগিনীগণের সহিত নর্ত্তনশীলা অবলোকন করিতে লাগিলেন। থাকিয়া থাকিয়া তিনি আমার সম্মুখে নৃত্য করিতে লাগিলেন। অনন্তর তাঁহার শ্রীমুখ দর্শনপূর্ব্বক আমি, উড্ডীয়মান হইয়া দ্বিদলপদ্মে গমন করিলাম।৪০ হে মহেশ্বরি! ভ্রূদ্বয়ের

তন্নৃতসময়ে কালাদ্বয়োশ্চিবুকয়োশ্চিতৌ ।
চ্যুতে স্বেদৌ মাহেশানি তাভ্যাং জাতো গুণোচিতৌ ॥ ৪২
ব্রহ্মাবিষ্ণুশ্চ তৌ দৃষ্ট্বা ভয়কম্পিত বিগ্রহৌ ।
তদা তৌশ্চ গতৌ তূর্ণং নাসিকারন্ধ্রয়োদ্বয়োঃ ।
কাল্যাস্তদায়াতাধাতা পিঙ্গলায়াং মহেশ্বরি ।
ডড়ায়াঞ্চ ততো বিষ্ণু স্তত্র গত্বা চ তৌ শুভৌ ॥
মহাবিড়ম্বতৌ ভূতৌ দৃষ্ট্বাশ্চমনেকশঃ ।
রুদন্তৌ সততং দেবি বিস্মৃতং কিং ভবিষ্যতি ।৪৩ ৪৫
এবমাদ রুদন্তৌ তৌ প্রধাবতাস্তিন্তঃ ।
তারীশ্বরো মহেশ্বরি মহাদুঃখেন দুঃখিতৌ । ৪৬

মধ্যস্থিত মহাকালীর আজ্ঞাচক্রে অবস্থিতিকালে, ব্রহ্মা ও বিষ্ণু আমার স্মৃতিপথে উদিত হইলেন।৪১ হে দেবি! সেই নৃত্য কালীন কালীর চিবুক হইতে স্বেদবিন্দু পতিত হইল। ঐ বিন্দুদ্বয় হইতে গুণ ও চিত জন্মগ্রহণ করিল ।৪২ ব্রহ্মা ও বিষ্ণু ঐ দুইজনকে দর্শন করিয়া ভয়ে কম্পিত কলেবর হইলেন। তাঁহারা শীঘ্রই নাসিকার রন্ধ্রদ্বয় মধ্য দিয়া বহির্গত হইয়া গেলেন।

তারপর বিধাতা মহাকালীর পিঙ্গলায় এবং বিষ্ণু ঈড়া নাড়ীতে গমন করিলেন। তাঁহারা উভয়ে মহা বিড়ম্বিত হইয়া এবং অনেক আশ্চর্য্য দর্শন করিয়া অনন্তর ব্রহ্মা ও বিষ্ণু রোদন করিতে লাগিলেন, হে মহাদেব! তুমি এ সকল বিস্মৃত হইতেছ কেন? ৪৩ ৪৫ এইরূপে মহাদুঃখে দুঃখিত হইয়া, উভয় রোদন করিতে করিতে ইতস্ততঃ ধাবিত

জ্ঞাত্বা মহা মহেশানি প্রাণ্গতংবিষ্ণুমন্দিরং ।
তস্মৈ দত্তং ময়া জ্ঞানং মন্ত্রং পরিমঙ্গলম্ ॥৪৭
তৎক্ষণান্মম তুল্যোঽহসৌ বামাঙ্গে কেবলো মম ।
তস্মৈ দত্তং সর্ব্বশাস্ত্রং বাক্সাত্রের্ণাগমং বিনা ॥৪৮
গরুড়স্থো মহাবিষ্ণু হৃষ্ট পুষ্টো বভূব হ ।
তমাদায় গতস্তত্র ব্রহ্মাণ্ডে পরমেশ্বরি ॥৪৯
গত্বা তস্মৈ ময়া দত্তং মন্ত্রং পরমদ্ভুতং ।
মহাজ্ঞানী মহাদেবী তৎক্ষণাৎ স পিতামহঃ ॥৫০
মম তুল্যো, জায়তেঽসৌ দক্ষাঙ্গে মম কেবলঃ ।
স বিধিঃ পরমেশানি মম শাসনতস্তদা ।
দত্তং তস্মৈ সর্ব্বশাস্ত্রং বেদশাস্ত্রঞ্চ বিষ্ণুনা ॥৫১
গতব্যর্থঃ স্তদাব্রহ্মা হৃষ্টঃ পুষ্টঃ সদৈব হি ।
অতআদিগুরুস্ত্বং হি বর্ত্ততে মম সর্ব্বদা ॥৫২

হইতে লাগিলেন।৪৬ হে মহেশানি! ইহা আমি জানিতে পারিয়া প্রথমে বিষ্ণুমন্দিরে প্রবেশ করিয়া তাহাকে পরমমঙ্গল জ্ঞানমন্ত্র প্রদান করিলাম।৪৭ এই তিন আমার তুল্য হইয়া বামাঙ্গে রহিলেন, আমি তাঁহাকে আগম ব্যতীত সমস্ত শাস্ত্র বাক্সাত্রে প্রদান করিলাম।৪৮ সেই বিষ্ণু গরুড়স্থিত হইয়া হৃষ্টপুষ্ট হইতে লাগিলেন, হে পরমেশ্বরি! আমি বিষ্ণুকে গ্রহণ করিয়া, ব্রহ্মান্দে প্রবেশপূর্ব্বক ॥৪৯ ব্রহ্মকে পরমাদ্ভুত মন্ত্র প্রদান করিলাম। হে মহাদেবি! তৎক্ষণাৎ তাহাতে সেই পিতামহ মহাজ্ঞানী হইলেন ৫০ ব্রহ্মা আমার তুল্য হইয়া, দক্ষিণাঙ্গে অবস্থিত করিলেন। হে মহেশানি! আমার শাসনবশতঃ তখন বিষ্ণু বিধাতাকে

তদঙ্গীকৃত্য তজ্জ্ঞানং সহ তাভ্যাং মহেশ্বরি ।
পরং কাল্যা ময়া যাতং তন তেন পথা ময়া ॥৫৩
শিবাভিযোগিনীভিশ্চ মহানৃত্যপরায়ণা ।
শতকোটিদিব্যবর্ষং নৃত্যতিস্ম পরাত্মিকা ॥৫৪
নানাবাদ্যমহোল্লাসা নানালঙ্কারগাথিকা ॥৫৫
চন্দ্রসূর্য্যবহ্নিসৌম্যৈর্ব্বিচিত্রৈশ্চ প্রসূনকৈঃ
উত্থিতৈঃ পতিতৈঃ পুষ্পৈর্দ্দিব্যগন্ধৈর্ম্মহোৎসুকা ।
বীক্ষণাগো চরের্দ্দেবি সদানৃত্যপরে রহ ॥৫৬
শতশো ব্রহ্মাণ্ডসমা পাতকাভিশ্চ রঞ্জিতা ।
বিচিত্রাভিশ্চ বহুভির্দৃষ্টাক্রান্তাভিরেব চ ॥৫৭
অতস্তোতুলং সমারব্ধাবয়ং কালীং করালিকাং ॥ ৫৮

সর্ব্বশাস্ত্র ও বেদশাস্ত্র প্রদান করিলেন ।৫১ তারপর ব্রহ্মা গতব্যথ হইয়া, সর্ব্বদা হৃষ্টপুষ্ট হইতে লাগিলেন। অতএব তুমি সর্ব্বদাই আমার আদিগুরু ।৫২ হে মহেশ্বরি! ব্রহ্মা সেই জ্ঞান অঙ্গীকার করিলেন, আমি তাহাদের সহিত কালীর সেই সেই পথ দ্বারা গমন করিলাম ।৫৩ মহাকালী, শিবা ও যোগিনীগণের সহিত শতকোটি দিব্যবৎসর মহানৃত্যে অনসক্তা রহিলেন ।৫৪ সেই পরাত্মিকা কালী নানাবাদ্যযোগে মহোল্লাস করিতে লাগিলেন ।৫৫ চন্দ্রসূর্য্য ও বহ্নির ন্যায় বিচিত্র দিব্যগন্ধ উত্থিত ও পতিত এবং বীক্ষণের আগোচর কুসুমসমূহ দ্বারা শোভাশালিনী এবং নানাবিধ অলঙ্কারে বিভূষিতা হইয়া, নির্জ্জনে নিরন্তর নৃত্য করিতে লাগিলেন ।৫৬ শত শত ব্রহ্মাণ্ডসম বিচিত্র বহুতর পতাকাবলিদ্বারা বেষ্টিত হইয়া, শোভা পাইতে লাগিলেন ।৫৭ তারপর আমরা সজলনেত্রে গদগদবচনে করপুটে নতশীর্ষ হইয়া সেই করালী কালীর স্তব করিতে আরম্ভ

সাশ্রুপ্লুতাগদ্‌গদোক্ত্যা নতশীর্ষাঃ পুটৈঃ করৈঃ।
তদাদৌ বিধিরস্তোষাৎ সর্ব্বশাস্ত্রেণ ভক্তিতঃ॥
কোটিবর্ষং মহেশানি তমুবাচ তদা পরাঃ॥ ৫৯
যদ্‌গুনস্ত্বমহো ধাতঃ সর্ব্বশাস্ত্রার্থবিজ্ঞাতঃ।
অনুসন্ধান বেত্তাসি সৃজকস্ত্বং সদা ভব॥৬০
ইত্যাজ্ঞপ্ত স্ততোধাতা কৃতকৃত্যোঽভবত্তদা।
ততোঽনন্তো যৌম্মহাবিষ্ণুঃ সর্ব্ববেদেন শাম্ভবি॥৬১
দশকোট্যয়নাঞ্চ ততস্তমব্রবীচ্ছিবা॥৬২
বেদজ্ঞোহসি মহাবিবেজ্ঞো মদ্ভক্তোঽসি গুনালয়ঃ।
ধর্ম্মজ্ঞোঽসিলোক শ্ব-দেব সৃষ্টৌবিবর্দ্ধকঃ॥৬৩
ইত্যাজ্ঞাস্ত্র শিরে কৃত্বাকৃত্যর্থোঽসৌ জগদ্ধিতঃ।
ততোঽহং পুরমাং নিত্যাং কালী ব্রহ্মসনাতনীং॥
তুষ্টাব পরয়া ভক্ত্যা আগমেন মহেশ্বরি।
বিংশকোটি বৎদরাণাং মামুবাচ তদা তুয়া॥৬৪

করিলাম।৫৮ প্রথমে বিধাতা ভক্তিপূর্ব্বক সর্ব্বশাস্ত্র দ্বারা স্তব করিতে লাগিলেন। মহাকালী কোটিবর্ষ পরে আমাকে কহিলেন॥৫৯ হে ধাতঃ! তুমি অনুসন্ধানবেত্তা, এবং সর্ব্ব শাস্ত্রার্থজ্ঞ, অতএব তুমি সৃষ্টিকর্ত্তা হও॥৬০ বিধাতা এইরূপে আজ্ঞাপ্রাপ্ত হইয়া কৃতকৃত্য হইলেন। তাহপর মহাবিষ্ণু, সর্ব্ববেদদ্বারা সেই পরমা মহাকালীর স্তব করিতে আরম্ভ করিলেন॥৬১ হে মহেশানি! দশকোটি বৎসর পরে শিবা তাঁহাকে কহিলেন।৬২ হে মহাবিষ্ণো! তুমি বেদজ্ঞ, মদ্ভক্ত এবং গুণালয় ও ধর্ম্মজ্ঞ অতএব তুমি পালক হইয়া সৃষ্টি বর্দ্ধন কর॥৬৩ এ জগতের হিতকারী বিষ্ণু কালীর

কাল্যুবাচ।

আগমজ্ঞো মহাপ্রাজ্ঞো নির্ম্মায়োঽসি সদাশিব।
সগুণস্ত্বং মহাযোগী স্থষ্টিসংহারকোভব ॥৬৫
এবমাজ্ঞাং শিরে কৃত্বা পুনস্তুষ্ঠাব তামহং।
পঞ্চকোটিদিব্যবর্ষং মামুবাচ ততস্তু সা ॥
আগমে সংস্তুতা তেঽহং তুষ্টা তেঽস্মি সদাশিব।
কিং প্রার্থ্যতে মহাদেব দদামি নাত্র সংশয়ঃ ॥৬৬

ঈশ্বর উবাচ।

তিষ্ঠামি সততং মাত দীয় চরণাম্বুজে ॥

শ্রীকাল্যুবাচ।

ঘোরনাম্না দানবেন যাদৃগ্ যুদ্ধং কৃতং ময়া ॥
তৎকোটিকোট্যংশযুদ্ধং করিষ্যত্যেব যো ময়া ॥৬৭

এই আজ্ঞা মস্তকে ধারণ করিয়া কৃতার্থ হইলেন। তদনন্তর আমি, সেই পরমা নিত্যা, ব্রহ্মসনাতনী কালীকে আগমদ্বারা পরম ভক্তি সমন্বিত হইয়া স্তব করিতে আরম্ভ করিলাম। বিংশতি কোটি বৎসর পরে সেই মহাকালী আমাকে কহিলেন ॥৬৪

মহাকালী কহিলেন, হে সদাশিব! তুমি আগমজ্ঞ মহাপ্রাজ্ঞ, নির্ম্মায়া সগুণ এবং মহাযোগী, অতএব তুমি স্থষ্টির সংহারক হও ॥৬৫ এইরূপ মস্তকে ধারণ করিয়া পুনর্ব্বার তাঁহার স্তব করিতে আরম্ভ করিলাম। আমাকে পঞ্চকোটি দিব্য বৎসর পরে কহিলেন, যে আমি তোমাকর্ত্তৃক আগমদ্বারা সংস্তুত হইলাম, হে সদাশিব! তুমি কি প্রার্থনা করিতেছ, তোমাকে আমি তাহা দান করিব সন্দেহ নাই ॥৬৬

ঈশ্বর কহিলেন, হে মাতঃ! আমি তোমার চরণাম্বুজে সততই অবস্থান করিব আমার এই বাসনা ॥৬৭

মহিষীগর্ভসংভূতস্তব রেতঃ সমুদ্ভবঃ।
ভবিষ্যামি ত্বং দেবেশ মহিষাসুরনামধৃক্।
আসুরং ভাবমাসাদ্য মহাযুদ্ধং করিষ্যসি॥ ৬৮
তদা ত্বং নাশয়িত্বাহং ভদ্রকালীস্বরূপতঃ।
বামাঙ্গুষ্ঠং পদাব্জস্য স্থাপয়িষ্যাসি তে হৃদে॥ ৬৯
ইদানীং ত্বাং মহাদেব মম পদতলে সদা।
তিষ্ঠ তং শবরূপেণ মম মানসতাং ব্রজ॥৭০
ইত্যাজ্ঞপ্তোং মহাদেব্যা পতিতাঃ পদসন্নিধৌ।
দণ্ডবৎ প্রণিপাতেন লক্ষবর্ষং গতস্তদা॥৭১
তত্রৈবান্তরগাৎ কালীচিদ্রূপা ব্রহ্মনিষ্কলা॥
ইত্যেবং কথিতং ভুভ্যং যোগিন্যুৎপত্তিবিস্তরং।
গোপনীয়ং প্রযত্নেন সর্ব্বেষাং সাধনোত্তমং॥৭২

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে চতুর্ব্বিংশতিসাহস্রে্য
নবমঃ পটলঃ।

মহাকালী কহিলেন, আমি ঘোরনামক দানবের সহিত যেরূপ যুদ্ধ করিলাম, তোমার শুক্রসম্ভুত, মহিষীর গর্ভোৎপন্ন যে অসুর, ঐ যুদ্ধের কোটী কোটী অংশ মাত্র যুদ্ধ করিবে, মহিষাসুর নামধারী সেই মহাসুর হইবে॥৬৮ আমি তখন তাহাকে ভদ্রকালীরূপে বিনাশ করিয়া পদাব্জের বামাঙ্গুষ্ঠ তোমার হৃদয়োপরে স্থাপন করিব॥৬৯ হে মহাদেব! এক্ষণে শবরূপে তুমি আমার আসনস্বরূপ হইয়া থাক॥৭০ দেবী কর্ত্তৃক এইরূপ আজ্ঞাপ্রাপ্ত হইয়া আমি দেবীর পদসন্নিধানে নিপতিত হইয়া রহিলাম। দণ্ডবৎ প্রতিপাতে লক্ষ বৎসর গত হইল॥৭১ তদনন্তর চিৎস্বরূপা ব্রহ্মবিগ্রহা কালী সেই স্থানেই অন্তর্দ্ধান করিলেন! হে দেবি! এই আমি তোমাকে যোগিনীর উৎপত্তিবিবরণ বিস্তার ক্রমে কহিলাম, সর্ব্বপ্রযত্নে সর্ব্বদা ইহা গোপন করা কর্ত্তব্য॥৭২

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে চতুর্ব্বিংশতিসাহস্রো
নবমঃ পটলঃ।

দশম পটলঃ।

ঈশ্বর উবাচ।

উত্থায় চ পুনর্দ্দেবী ন তাং দৃষ্ট্বা বয়ং পুনঃ।
বদন্তো ভৃশদুঃখার্ত্তানিগ্নাঃ শোকসাগরে ॥১
হা মাতস্তে মুখাম্ভোজং কোটিচন্দ্রার্কন্যক্কৃতং।
কীদৃক্ চরণরাজস্তে কৃপাসাগরসঞ্চয়ং ॥২
বিস্তৃতং পরমং রূপং মহামায়াবমোহং।
কিম্ভূতং নখচন্দ্রানাং জ্যোতিপরমমঙ্গলং ॥
কোটী কোটি নিশানাথবিগলন্মুখমণ্ডলং।
কিংভুতং কিং ভবেন্মাতঃ কঃ যাতমিদমদ্ভুতং।
হাহা মাত রদং রূপং সচ্চিদানন্দমব্যয়ং।
অস্মাকং মাতৃভাবেন ন পশ্যাম পুনশ্চ তাং।৩।৪

ঈশ্বর কহিলেন, হে দেবি! উত্থিত হইয়া আমি সেই মহাকালীকে দেখিতে পাইলাম না। অনন্তর শোকসাগরে নিমগ্ন হইলাম॥১ এবং অত্যন্ত দুঃখার্ত্ত হইয়া, তাঁহাকে কহিতে আরম্ভ করিলাম! হা মাতঃ! আপনার মুখপদ্ম কোটী কোটীচন্দ্রকে ন্যক্কৃত করিয়া থাকে, আপনার চরণ, করুণার সাগর ও বিসারিত॥২ মহামায়ারও বিমোহন এবং পরম রূপসম্পন্ন। আপনার নখচন্দ্র সকলের মঙ্গলকর জ্যোতিঃ অনির্ব্বচনীয়। হে মাত কি হইল? কি হইবে? সেই অদ্ভুতরূপ কোথায় গেল? হা হা মাতঃ! তোমার সেই রূপ, সচ্চিদানন্দ ও অব্যয়। আমরা মাতৃভাবে আর তাঁহাকে দেখিতে পাইতেছি না॥৩৪ পিতৃমাতৃহীন বালকগণ, যেমন

পিতৃমাতৃবিহীনাশ্চ ভ্রমন্তি বালকা যথা।
রুদিত্বা রুদিত্বা চ বয়ং সর্ব্বে তথাহ্ব্বয়ন্॥
ইত্যাদি বিবিধৈর্দেবি বিলাপৈঃ পরমেশ্বরি।
নীত্যবয়ং পঞ্চলক্ষং বর্ষাণামম্বুজেক্ষণে।
রুদিত্বা পুনরুত্থায় রুদন্তো তৃশমুচ্চকৈঃ।
মাতর্মাত ক্ব যাতা অস্মাকং কিং ভবিষ্যতি॥৫।৬
বয়ন্তে কথমুৎপাদ্য নিঃক্ষিপ্তাদুস্তরার্ণবে।
দয়া নাস্তি অহো মাতর্ব্বয়ন্তে দানবালকঃ।
ন পালয়সি চেদস্মান্ কোবাস্মান্ পালয়িষ্যতি॥
ত্বাং বিনা জননী নাস্তি নাস্মাকং তাত এব চ।
ত্বামদৃষ্ট্বা মরিষ্যামঃ সত্যমেব সুনিশ্চিতং॥
মাতৃতাতবিহীনস্য বালকস্য চ জীবনং।

কাঁদিয়া কাঁদিয়া ভ্রমণ করে, সেইরূপ আমরাও হইয়াছি ৬॥ হে পরমেশ্বরি! দেবি! হে বরাননী! এই রূপ বিবিধ বিলাপে আমাদের পঞ্চ লক্ষ বৎসর গত হইল। রোদন করিয়া একবার পতিত হই, আবার উত্থিত হইয়া মাতঃ! মাতঃ! তুমি কোথায় গিয়াছ? আমাদের কি হইবে, এইরূপে চিৎকার পূর্ব্বক রোদন করিতে আরম্ভ করিলাম॥৫।৬ আমাদিগকে আপনি উৎপাদিত করিয়া দুস্তর দুঃখসাগরে নিক্ষেপ করিলেন কেন? অহো! মাতঃ তোমার দীন-বালক আমরা, তোমার কি কিছুমাত্র দয়া নাই। যদি আপনি আমাদিগকে পালন না করেন, আমাদিগকে কে তবে প্রতিপালন করিবে? তোমা বিনা আমাদের জনক জননী কেহই নাই, তোমাকে না দেখিলে সত্য সত্য আমরা নিশ্চয় মরিব

কথং ভবতি হে মাতর্জ্জায়তাং স্বয়মেব হি।
নিরুৎসুকহৃদস্মাকং কৃপা তস্যাস্তদা ভবেৎ॥
সোবাচ যোগিনী বাণীং মহামৃত প্রবর্ষিণী॥৭

কাল্যুবাচ।

মা ভয়র্ত্তা মহেশানি ব্রহ্মবিষ্ণুমহেশ্বরঃ।
তিষ্ঠামি সততং দেবানিত্যাহ্বরহমব্যয়া॥৮
সচ্চিদানন্দরূপাহং ব্রহ্মৈবাহং স্ফুরৎপ্রভং।
মম নাশোনাস্তি কদা নিঃসন্দোহাস্ত তিষ্ঠতঃ॥৯
যদ্রূপং দৃষ্টমস্মাকং যুষ্মাভিঃ পরমং মতং।
ধ্যাত্বা যদ্রূপ মমলং জপং কুরুত মে মনুং॥১০
তদেব মঙ্গলং লাভং ভবিষ্যতি মহাপ্রভং।
ইদানীং ব্রহ্মণোদেহে বিশ বিষ্ণো স্থিরোভব॥১১
অহো মহেশ দেবেশ ব্রহ্মদেহে প্রবিশ্যতি।
যাবৎ সৃষ্টিং করোতীশ ইমাং জ্ঞানক্রিয়ময়ীং॥১২

সন্দেহ নাই। হে মাতঃ! স্বয়ং আপনি বিবেচনা করিয়া দেখুন, পিতৃমাতৃবিহীন বালকের জীবন কিরূপে থাকিতে পারে? আমাদিগের হৃদয়, এইরূপে শোক সন্তপ্ত ও নিরুৎসুক নিরীক্ষণ করিয়া সেই যোগিনী মহাকালী মহামৃত বর্ষিণী বাণী, বলিতে আরম্ভ করিলেন॥৭

কালী কহিলেন, হে ভগবন্! হে বিষ্ণো! হে মহেশ্বর! তোমরা ভীত হইও না; আমি সর্ব্বদাই রহিয়াছি॥ আমি নিত্যা ও অব্যয়া। আমিই সচ্চিদানন্দরূপ, আমিই স্ফুরৎপ্রভ ব্রহ্ম॥৯ তোমরা আমার যে পরম নির্ম্মল রূপ দর্শন করিয়াছ, সেইরূপ ভাবনা করিয়া আমার মন্ত্র জপ কর॥১০ তাহা হইলে তোমাদের পরম মঙ্গল লাভ হইবে। এক্ষণে হে

ঈশ্বর উবাচ।

ইত্যুক্ত্বা সা মহাকালী দদাবস্মাস্থ শাম্ভবি।
ইচ্ছাজ্ঞানক্রিয়াশক্তিঃ সর্ব্বকার্য্যার্থসাধনীঃ ॥১৩
ইচ্ছা তু বিষ্ণবেদত্বা ক্রিয়াশক্তিস্তু ব্রহ্মণে।
মহ্যং দত্ত্বা জ্ঞানশক্তিঃ সর্ব্বশক্তিস্বরূপিণা ॥১৪
তদোবাচমহাকালী শৃণুধ্বং পরমেশ্বরি।
অহং মিশামি যুষ্মাসু পূর্ণরূপেণ শঙ্করে ॥ ১৫
অয়মেব গুরুর্দ্দেব গুরুর্দ্দেবঃ শ্রীশিবঃ পরমেশ্বরঃ।
অয়ং হি বক্তা শাস্ত্রাণাং নাপ্যন্যোহপি বিধির্হর ॥১৬
শ্রোত্রিয়াহং হি যুষ্মাকং সর্ব্বেষাং নাত্র সংশয়ঃ।
মোহয়িষ্যামি ব্রহ্মাণং বিষ্ণুং যাপি মহেশ্বরং ॥১৭

বিষ্ণো! তুমি ব্রহ্মার দেহে প্রবেশ কর ॥১১ অহো! মহেশ! দেবেশ! তুমিও ব্রহ্মার দেহে প্রবেশ কর, যে পর্য্যন্ত ঈশ্বর জ্ঞানক্রিয়াময়ী হইয়া সৃষ্টি আরম্ভ না করেন ততদিন ইহার দেহে অবস্থান কর ॥১২

ঈশ্বর কহিলেন হে সাম্ভবি! এই বলিয়া সেই মহাকালী আমাদিগকে সর্ব্ব কার্য্যার্থসাধিকা ইচ্ছাজ্ঞান ও ক্রিয়াময়ী শক্তি প্রদান করিলেন ॥১৩ বিষ্ণুকে ইচ্ছাশক্তি, ব্রহ্মাকে ক্রিয়াশক্তি এবং আমাকে জ্ঞানশক্তি সম্প্রদান করিয়া সেই সর্ব্বশক্তি স্বরূপিণী আমাদিগকে কহিলেন, ॥১৪ হে পরমেশ্বরগণ আমি তোমাদের সকলের মধ্যেই প্রবেশ করিতেছি। কিন্তু মহাদেব শঙ্করে পূর্ণরূপে প্রবেশ করিলাম ॥১৫ এই শঙ্করই গুরুদেব শ্রীশিব ও পরমেশ্বর, ইনিই সর্ব্বশাস্ত্রের বক্তা; বিধাতা হরি বা অন্য কেহই নয় ॥১৬ আমি তোমাদের সকলেরই শ্রোত্রিয়া সংশয় নাই আমি ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরকে মোহিত করিব ॥১৭

ঈশ্বর উবাচ।

ইত্যুক্তা স মহাকালী অষ্মাসু প্রবিবেশ হ।
অহঞ্চ মাধবেদেহে প্রবিষ্টো ব্রহ্মণস্তদা॥ ১৮
ততস্তং মোহয়ামাস ব্রহ্মাণং ব্রহ্মবিগ্রহম্।
ততো ব্রহ্মা স্বয়ং জ্ঞাত্বা স্বয়ং জুহোতি চাব্যয়ং॥১৯
স্বয়ম্ভুরিতিবিখ্যাতং তদা প্রাপ্তো ন সংশয়ঃ।
কিং করোমি ক্ব গচ্ছামি ইতি চিন্তাসমাকুলঃ॥ ২০
এবমেব বিধাতাসাব্যুষিত্বা পরিবৎসরম্।
জলমেবসসর্জ্জাদৌ ব্যাপকং পরমং মহৎ॥ ২১
গুণাভিমানং তত্তোয়ং কারণার্ণবমুৎঘণম্।
তত্রস্থিতা হেমরূপমসৃজদ্বর্গসঞ্চয়ম্॥ ২২

ঈশ্বর কহিলেন, সেই মহাকালী ইহা কহিয়া আমাদের অন্তঃপ্রবিষ্টা হইলেন। তখন মাধবের ও বিধাতার দেহে আমি প্রবিষ্ট হইলাম॥১৮ তাহার পর ব্রহ্মা জ্ঞানপ্রাপ্ত হইয়া স্বয়ং অব্যয়া মহাকালীর হোম করিলেন সেই হেতু ব্রহ্মা স্বয়ম্ভু বলিয়া বিখ্যাত হইয়াছেন সন্দেহ নাই। ১৯ ইহার পর কোথায় যাই, কি করি এইরূপ চিন্তায় ব্রহ্মা পর্য্যাকুল হইয়া সংবৎসর এইরূপে বাস করিয়া, সর্ব্বপ্রথমে সর্ব্বব্যাপক পরম মহৎ জলের সৃষ্টি করিলেন॥২০ সেই জল গুণাভিমানসম্পন্ন এবং সেই জলই মহোদ্ধত কারণার্ণব। সেই কারণার্ণবে থাকিয়া, ব্রহ্মা হেমরূপ বীর্য্যসঞ্চয় সৃজন করিলেন॥২১ বুদ্বুদাকারে সেই বীর্য্য তৎসন্নিধানে উৎপন্ন হইল। ব্রহ্মাণ্ড-নামে তাহাই বিখ্যাত হইয়া, কারণার্ণবে প্লবমান হয়।২২ হে দেবি! স্বয়ং রুদ্রমূর্ত্তি আমি ধারণ করিয়া ব্রহ্মাণ্ডের রক্ষণ ও বিয়োগকার্য্য সর্ব্বদা

তদ্বীর্য্যং বুদ্‌বুদং যাবদনীকং জাতমাস্তকে।
তত্তদ্‌ব্রহ্মাণ্ডমাখ্যাতং প্লবতে কারণার্ণবে ॥ ২৩
তত্তদ্‌ব্রহ্মাণ্ডরক্ষার্থং ব্রহ্মাণ্ডানাং বিয়োগতাম্।
করোমি সততং দেবি রুদ্রমূর্ত্তিধরঃস্বয়ম্ ॥ ২৪
শূলপাণির্ম্মহাদেবি প্রতিব্রহ্মাণ্ডপার্শ্বতঃ।
একৈকরুদ্ররূপেণ তিষ্ঠামি সততং শিবে ॥২৫
যথা ব্রহ্মাণ্ডয়োশ্চাপি সংযোগো জায়তে নহি।
তথা করোমি সততং স্থিত্বা তৎকারণার্ণবে।
এবমেব বয়ং সর্ব্বে ব্রহ্মাবিষ্ণুমহেশ্বরাঃ ॥ ২৬
প্রতিব্রহ্মাণ্ডমধ্যে মধ্যে তু প্রতিষ্ঠান্নাত্র সংশয়।
ততো ব্রহ্মা জগদ্ধাতা প্রতিব্রহ্মাণ্ডমধ্যতঃ ॥ ২৭
প্রবিশ্যৈকৈকরূপেণ অন্যতত্ত্বচতুষ্টয়ম্।
ভূমিমগ্নি স্তথা বায়ুমাকাশঞ্চ সসর্জ্জ সঃ ॥ ২৮
এতৈস্তু পঞ্চভিস্তত্ত্বৈঃ সর্ব্বং সৃষ্টিমকারয়ৎ।

সম্পাদন করিয়া থাকি।২৩ হে মহাদেবি শিবে! আমি প্রতি ব্রহ্মাণ্ডের পার্শ্বদেশে এক এক রুদ্রমূর্ত্তি ধারণ করিয়া শূলপাণি হইয়া সব সময়েই অবস্থিতি করি।২৪ আর সেই কারণার্ণবে অবস্থান করিয়া যাহাতে ব্রহ্মাণ্ডদ্বয়ের নাশ না হয়, সতত তাহাই সম্পন্ন করিয়া থাকি।২৫ ব্রহ্মা বিষ্ণু ও মহেশ্বর আমরা সকলে প্রতি ব্রহ্মাণ্ড মধ্যেই এইভাবে অবস্থান করিয়া থাকি, তাহাতে সংশয় নাই।২৬ তদনন্তর জগদ্বিধাতা ব্রহ্মা প্রতি ব্রহ্মাণ্ডের মধ্যে প্রবেশপূর্ব্বক এক একরূপে অন্যতত্ত্ব চতুষ্টয় অর্থাৎ ভূমি, অগ্নি বায়ু ও আকাশ সৃজন করিলেন ॥৭ এই পঞ্চতত্ত্ব অর্থাৎ পঞ্চ পরমাণু দ্বারা এই সমস্ত সৃষ্টিকার্য্য সম্পন্ন হইয়া থাকে ॥২৮ তাহার পর ভগবান্ বিষ্ণু, আপন

ততস্তু ভগবান্ বিষ্ণুরিচ্ছয়া ব্রহ্মণস্তদা।
ব্রহ্মদেহাৎ সমুদ্ভূয় পালয়ামাস তাং সদা॥ ২৯
সৃষ্টিব্রহ্মাজ্ঞয়া দেবি প্রতিব্রহ্মাণ্ডমধ্যতঃ।
পৃথক্ পৃথক্ সমাস্থায় বিষ্ণুরূপং মহাভুজং।
প্রতিব্রহ্মাণ্ড মধ্যে তু সংহরামি পুনঃ পুনঃ॥ ৩০
অহং হি পরমেশানি ব্রহ্মদেহং সমাশ্রিতঃ।
এবং কিঞ্চিন্নস্মরসি ত্বং হি কিঞ্চিন্মহেশ্বরি॥ ৩১
সর্ব্বকার্য্যং মমৈবৈতজ্জানাতি হি জগন্নিধিঃ।
জলাদি সকলং তত্ত্বং ব্রহ্মাণ্ডাদিকবিস্তরঃ॥ ৩২
দেবাদি সকলং দেবি দিগ্বিদিক্ চ চরাচরং।
কার্য্যঞ্চ কারণং দেবি তথা বিষ্ণো সমুদ্ভবঃ।
সর্ব্বং জানাতি হি ব্রহ্মা মৎকৃতং মায়য়া পুনঃ॥ ৩৩
কিন্তু সর্ব্বং হি মিথ্যৈব মাতুর্মায়াহি কেবলং।
তাং মায়াং হি ভজন্তে তৎপরং যাস্তি তে নয়াঃ॥ ৩৪

ইচ্ছার দ্বারা ব্রহ্মের ব্রহ্মদেহ হইতে উৎপন্ন হইয়া, সেই সৃষ্টিপালন করেন॥২৯ হে দেবি! ব্রহ্মার আজ্ঞায় সৃষ্টি হইল। প্রতি ব্রহ্মাণ্ডের মধ্যে আমি পৃথক্ পৃথক্ মহাভুজ, বিষ্ণুরূপে অবস্থান করিয়া পালন আর রুদ্ররূপে পুনঃ পুনঃ সংহার করিয়া থাকি। হে পরমেশানি! আমিই ব্রহ্মদেহ সমাশ্রয় করিয়া থাকি॥৩০ হে মহেশ্বরি! তোমার কি কিছুই স্মরণ হয় না। হে দেবি! এই সমস্ত কার্য্য আমারই জানিবে। আমাতেই জগৎ অবস্থিত আছে॥৩১ জলাদিতত্ত্ব সকল ও ব্রহ্মাণ্ডাদি বিস্তার সকল দেবাদি সমুদায় দিক্ বিদিক্ ও চরাচর কার্য্য ও কারণ এবং বিষ্ণুর উৎপত্তি এই সমস্তই ব্রহ্মামৎকৃত মায়াধারী অবগত আছেন॥৩২।৩৩ কিন্তু

তুষ্টা সা পরমামায়া মুক্তিমাত্রং প্রযচ্ছতি।
রুষ্টা সা পরমামায়া ভূমিযোগং প্রযচ্ছতি ॥ ৩৫
তস্যাঃ পাদাম্বুজে দেবি বশ্যা মুক্তিঃ সমাশ্রিতা।
যস্য তুষ্টা মহাদেবী মম মাতা মহেশ্বরী।
দদৌ তস্যৈ চ তাং মুক্তিং মহামায়া চ শঙ্করি ॥ ৩৬
শ্রুতং হি সকলং দেব ত্বৎপ্রসাদাৎ মহেশ্বর।
অশ্রুতং পরমং তত্ত্বং ব্রহ্মাদীনামগোচরং ॥ ৩৭
ইদানীং শ্রোতুমিচ্ছামি যৎ প্রোক্তং কারণার্ণবং।
কিমাধারং মহাদেব তদাধারঞ্চ কিম্বদ ॥
সীমানং বদ দেবেশ যদি স্নেহোঽপি মাং প্রতি ॥৩৮

ঈশ্বর উবাচ।

শৃণু দেবি প্রবক্ষ্যামি গুহ্যাদ্‌গুহ্যতরং শুভং।
অতিগোপ[illegible]প্যং হি ব্রহ্মবিষ্ণ্বাদ্যগোচরং ॥ ৩৯

হে দেবি! এই সমস্তই মিথ্যা, কেবল শক্তিমাতার মায়া জানিবে। যে মানব সেই মায়াকে ভজনা করে, সে এই মায়া পার হইতে পারে।৩৪ যদি পরমা মায়া তুষ্ট হন, তবে সে মুক্তি পায় তাহাতে সন্দেহ নাই। যদি সেই মায়া রুষ্ট হন, তবে ভূমিযোগ অর্থাৎ যোনিগণ প্রদান করিয়া থাকেন।৩৫ তাঁহার পাদপদ্মে মুক্তিবশ্যা থাকিয়া, তাহা আশ্রয় করিয়া আছে। সেই মহামায়া মমতা মহাকালী যাহার প্রতি পরিতুষ্টা হন, তাহাকেই সেই মুক্তি প্রদান করিয়া থাকেন।৩৬।৩৭

দেবী কহিলেন, হে মহেশ্বর! আপনার প্রসাদে আমি সকলই শ্রবণ করিলাম; এক্ষণে ব্রহ্মাদির অগোচর, অশ্রুত বৃত্তান্ত সকল শুনিতে আমার বাসনা হয়।৩৮ আপনি যে কারণার্ণবের কথা পূর্ব্বে কহিলেন;

মহার্ণবো ভবেদ্দেবি মহাকালো মহেশ্বরঃ।
তুল্যরূপং হি ক্রীড়ার্থং ভর্ত্তারং পর্য্যকল্পয়েৎ॥ ৪০
সৈবকালী জগন্মাতা মহাকালতুল্যা তু সা।
ভূত্বার্দ্ধতেজসী রূপা মহাকালঞ্চ বিভ্রতী॥ ৪১
শূন্যরূপা কৃষ্ণবর্ণা মত্তা স্যাদূর্দ্ধ তেজসী।
সীমা পৃষ্টা ত্বয়া দেবি সৈবা ব্রহ্মৈব কেবলং॥ ৪২
তেজো রূপং ব্রহ্মতেজঃপ্রকাশরূপকং তথা।
তত্ব প্রকাশ মহাদেবি ব্যাপ্যব্যাপকবর্জ্জিত॥ ৪৩
নাধেয়ঞ্চৈব নাধারমদ্বিতীয়ং নিরন্তরং।
ইদং হি সকলং দেবি সর্ব্বং মায়াময়ং পুনঃ॥ ৪৪

তাহা বিদ্যমান রহিয়াছে, কোন আধারে আর সেই আধারের সীমা বর্ণন করুন। হে দেব! আমার প্রতি যদি স্নেহ থাকে, তবে ঐ সমস্ত কহিয়া, আমার কৌতূহল নিবারণ করুন।৩৯

ঈশ্বর কহিলেন, হে দেবি! ব্রহ্মাদির অগোচর, গুহ্যাদপি গুহ্য, অতি-গোপ্য সুযোগ্য, ও শুভকর বিষয় বলিব, শ্রবণ কর হে দেবি মহার্ণব! মহাকাল মহেশ্বরের স্বরূপ।৪০ সেই জগন্মাতা কালী ক্রীড়ার নিমিত্ত শূন্যরূপে ভর্ত্তাকে কল্পনা করিয়াছেন। সেই জগন্মাতাই মহাকাল সামান্য হইয়া অর্দ্ধতেজোরূপা হইয়া মহাকালকে ধারণ করিতেছেন।৪১ তিনিই শূন্যারূপা, কৃষ্ণবর্ণা উর্দ্ধতেজে মত্তা। দেবি! তুমি সীমা জিজ্ঞাসা করিতেছ? সীমা কেবল ব্রহ্মাই জানিবে।৪২ তেজোরূপ, ব্রহ্মতেজঃ এবং প্রকাশস্বরূপ। সেই প্রকাশ ব্যাপক ও অব্যাপক বর্জ্জিত।৪৩ সেই

মিথ্যৈব সকলং দেবি সত্যং ব্রহ্মৈব কেবলং।
ইদং হি কথিতং তুভ্যং সারাৎসারাং পরাৎপরাং ॥ ৪৫
গুহ্যাদ্‌গুহ্যতরং গুহ্য গুহ্যাদ্‌গুহ্যং মহেশ্বরি।
ইদং হি পরমং জ্ঞানং সর্ব্বমায়ানিকৃন্তনং ॥ ৪৫।৪৬
সর্ব্বজ্ঞানমতং ভেদং মহামার্ত্তণ্ডবিগ্রহঃ।
কোটি কোটি মহাদানাৎ কোটি কোটি মহাতপাৎ।
কোটি কোটি মহাজ্ঞানাৎ কোটি কোটি মহাব্রতাৎ ॥৪৭
কোটি কোটিমহাতীর্থাদ্বগাহেন মহেশ্বরি।
বহুজন্মব্যতীতে তু যদি শৃণোতি কহিচিৎ।
তদা মুক্তোভাবদ্দেবি সংসারে ন পুনর্ভবেৎ ॥৪৮।৪৯
ইত্যেব, কথিতং তুভ্যং গোপয়স্ব স্বযোনিবৎ।
যথান্যো লভতে নৈব তথা কুরু প্রযত্নতঃ ॥ ৫০

প্রকাশের আধেয় নাই, আধার নাই, তাহা নিরন্তর অদ্বিতীয়। হে দেবি! সকলই মিথ্যা, কেবল ব্রহ্মই সত্য। এই আমি তোমাকে সারাৎসার, পরাৎপর, গুহ্য হইতেও গুহ্যতর, সর্ব্বমায়ানিকৃন্তন পরমজ্ঞানের বিষয় বলিলাম।৪।৪৬ মহামার্ত্তণ্ডবিগ্রহ সর্ব্বজ্ঞানময় ভেদমাত্র। হে মহেশ্বর! কোটী কোটী মহাদান হইতে, কোটী কোটী মহাতপ হইতে, কোটী কোটী মহাজ্ঞান হইতে, কোটী কোটী মহাব্রত হইতে, কোটি কোটি মহাতীর্থে অবগাহন হইতে এই জ্ঞান উৎকৃষ্টতম জানিও। বহুজন্ম অতীত হইলে, যদি কেহ শ্রবণ করে,তবে সে মুক্ত হয় তাহাকে আর পুনর্ব্বার সংসারে আসিয়া জন্মগ্রহণ করিতে হয় না।৪৭।৪৯ এই আমি তোমাকে সমস্ত কহিলাম, ইহা নিজযোনির ন্যায় গোপন করিবে। যাহাতে ইহা অন্য কেহ লাভ

গোপনীয়ং গোপনীয়ং গোপনীয়ং প্রযত্নতঃ।
গোপনীয়ং প্রযত্নেন মম সর্ব্বস্ব মুত্তমং ॥ ৫১
দদ্যাচ্ছান্তায় ধীরায় যোগিনে কুলযোগিনে।
জ্ঞানিনে দেবদেবেশি অন্যথা নরকং ব্রজেৎ ॥ ৫২
কথিত সারভূতং তে খেলৎ খঞ্জননয়নে।
ব্রহ্মজ্ঞানং ময়া দেবি কিং ভূয়ঃ শ্রোতুমিচ্ছসি ॥ ৫৩
নাতপরতরং কিঞ্চিৎ বিদ্যতে মম মানসে।
গোপনীয় সদা ভদ্রে পশুপামরসন্নিধৌ ॥ ৫৪

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে চতুর্ব্বিংশতি সাহস্রে দশমঃ পটলঃ।

করিতে না পারে, তাহাই যত্নপূর্ব্ব করিবে।৫০ ইহা যত্নপূর্ব্বক গোপনীয়, গোপনীয়, গোপনীয় জানিবে। আমার এই সর্ব্বস্বধন গোপনীয় জানিবে।৫১ শান্ত সুধীর, যোগী কুলযোগী জ্ঞানী, সেই সকল ব্যক্তিকেই দান করা কর্ত্তব্য, ইহার অন্যথা হইলে নরকে গমন করে। ৫২ হে খেলৎখঞ্জননয়নে হে মহাদেবি! হে দেবদেবেশি! আমি সারভূত ব্রহ্মজ্ঞান তোমাকে কহিলাম, অধিক আর কি শুনিতে ইচ্ছা হয়? ৫৩ ইহা অপেক্ষা উৎকৃষ্টতর অন্য কিছুই আমার হৃদয়ে নাই, ইহা পশু ও পামর সন্নিধানে গোপনীয়।৫৪

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে দশম পটল।

একাদশ পটলঃ।

শ্রীদেব্যুবাচ।

দেবদানবগন্ধর্ব্বসুরেশসুরপূজিত।
গণেশনন্দিচন্দ্রেশগোবিন্দবিধিবন্দিত ॥১
যোগীন্দ্রবন্দিতপদ সর্ব্বলোকগুরো হর।
যা প্রোক্তা পরমা বিদ্যা কালী কলুষনাশিনী ॥২
যদ্‌যন্মন্ত্রং সাধনঞ্চ পূজনঞ্চ পুরশ্চিক্রয়াং।
মুদ্রাঃ বলিং তথা হোমং ভাবাঃ স্থানং তথৈবচ ॥
ধ্যানং স্তোত্রঞ্চ কবচং অস্যাঃ শ্রুতং পুরা ময়া।
ইদানীং শ্রোতুমিচ্ছামি স্থানং ভেদং মহেশ্বর ॥৩।৪
কুত্র বা প্রাপ্যতে মোক্ষঃ কুত্র বা সিদ্ধিরুত্তমা।
ঝটিতৈতাব মহাদেব কৃপয়া বদ শঙ্কর ॥৫

দেবী কহিলেন, হে দেব দানব গন্ধর্ব্ব ও সুরবন্দিত! হে সুরেশপূজিত গণেন্দ্রনন্দিচন্দ্রের-গোবিন্দ-বিধি বন্দিত ১ যাহার পাদপদ্ম যোগীন্দ্রবন্দিত সর্ব্বলোকগুরো পরমেশ্বর শঙ্কর! হর! আপনি যে কলুষনাশিনী পরমকালী বিদ্যা ২ এবং যে যে মন্ত্র পুরশ্চিক্রয়া, সাধন পূজন, মুদ্রা, হোম বলি, ও ভাব স্থান ধ্যান, স্তোত্র এবং কবচ ইত্যাদি যাহা যাহা বলিলেন, তৎসমুদয় আমি শ্রবণ করিলাম। এক্ষণে হে মহেশ্বর! আমি স্থানভেদ শ্রবণ করিতে ইচ্ছা করি।৩।৪ মোক্ষপ্রাপ্ত কোথায় বা হওয়া যায় আর কোথায় বা শিঘ্র উত্তম সিদ্ধিলাভ হয়, তাহা আপনি কৃপা করিয়া কীর্ত্তন

যদাশ্রিতো দ্রুতং লোকঃ স্বকার্য্যফলভাগ্ ভবেৎ ।
প্রয়াসস্য চ বাহুল্যং হিত্বা তৎ পরমেশ্বর ॥৬

ঈশ্বর উবাচ ।

শৃণু দেবি প্রবক্ষ্যামি স্থানং পরমদুর্ল্লভং ।
দ্রুতসিদ্ধিকরং দেবি মহামোক্ষ ফল প্রদং ॥৭
কালিকায়াঃ শ্মশানাদ্ধি নান্যৎ স্থানং প্রশস্যতে ।
তত্র যদ্‌যদ্ কৃতং কর্ম্ম তদনন্তফলং লভেৎ ॥৮
তত্র চৈকা পুরশ্চর্য্যা কৃতা চেৎ পরমেশ্বরি ।
নতু মৈবং মহাদেবি ভাবযুক্তঃ সশক্তিকঃ ॥৯
অবশ্যং মন্ত্রসিদ্ধিঃ স্যান্নাত্র চিত্রং কথঞ্চন ।
অনন্তফলদা পূজা সর্ব্বত্রৈব জলে স্থলে ॥১০
দিব্য ভাবেন বা দেবি বীরভাবেন চেদ্ভবেৎ ।
শক্তিং বা বৈষ্ণবং বাপি শৈবং বাপ্যা তথা পুনঃ ॥

করুন ।৫ হে শঙ্কর ! প্রয়াসবাহুল্য ব্যতিরেকেই লোক সকল যাহা আশ্রয় করিয়া শীঘ্রই স্বকার্য্যের ফল লাভ করে, তাহা বলিতে অনুমতি হউক ।৬

ঈশ্বর কহিলেন, হে দেবি ! মহামোক্ষফলপ্রদ, শীঘ্রসিদ্ধিকর পরম দুর্ল্লভস্থান তোমাকে বলিতেছি শ্রবণ কর ।৭ কালিকার শ্মশান হইতে প্রশস্ত স্থান অন্য আর নাই, তথায় যে যে কর্ম্ম করা যায়, তাহাই অনন্তফল প্রদ হইয়া থাকে ।৮ হে পরমেশ্বরি ; মহাদেবি ! ভক্তি সমন্বিত ও ভাবযুক্ত হইয়া তথায় পুরশ্চরণ করিলে তাহার তুল্য কার্য্য আর

বারাণস্যাং জপেদ্‌যোহি মাসমাত্রং বরাননে ।
প্রাতঃকালং সমারভ্য যাবন্মধ্যন্দিনম্ভবেৎ ॥
অবশ্যং মন্ত্রসিদ্ধিস্যাৎ সত্যমেব সুসিদ্ধিদে ॥
নির্ব্বাণং তস্য দেবেশি অবশ্যং জায়তে শিবে ॥১১-১৩
মহাশ্মশানং দেবেশি আনন্দকানন তথা ।
অবিমুক্তং মহাদেবি তথা গৌরমুখং পুনঃ ॥১৪
বারানসী মহাক্ষেত্রং কালীরূপং পরাৎপরঃ ।
তত্র যদ্‌যৎ কৃতং দেবি কিং তস্য কথয়ামি তে ॥১৫
কামরূপে মহাপূজা সর্ব্বসিদ্ধিফল প্রদা ।
নেপালস্য কাঞ্চাদ্রিঃ ব্রহ্মপুত্রস্য সঙ্গমঃ ॥১৬
করতোয়াং সমাশ্রিত্য যাবদ্দিক্করবাসিনী ।
উত্তরাস্যাং কঞ্জগিরিঃ কর তোয়াত্তু পশ্চিমে ।১৭

নাই, তাহার দ্বারা নিশ্চয়ই মন্ত্রসিদ্ধি হয়, তাহাতে কিছুমাত্র সংশয় নাই। জলে বা স্থলে সর্ব্বত্রই দিবাভাগে বীরভাবে পূজা করিলে তাহা অনন্ত ফল প্রদান করিয়া থাকে। ।৯।১০ হে সর্ব্বসিদ্ধি প্রদে! শঙ্করি! বৈষ্ণব শাক্ত বা যে মন্ত্রই হউক যদি কেহ বারাণসীতে প্রাতঃকাল হইতে আরম্ভ করিয়া মধ্যাহ্ন পর্য্যন্ত তিনমাস জপ করে তাহা হইলে অবশ্যই তাহার মন্ত্রসিদ্ধি হয়, ইহা নিশ্চয়ই সত্য জানিবে। হে দেবেশি! শিবে! তাহার অবশ্যই নির্ব্বাণ মোক্ষ হয়।১১।১৩ হে অমরেশ্বরি! মহাদেবি! বারাণসীর মহাশ্মশান আনন্দকানন, অবিমুক্ত ও গৌরীকানন।১৪ তাহা পরাৎপর কালীরূপ মহাক্ষেত্র। যেই যেই কর্ম্ম তথায় করা যায়, তাহার ফল প্রকাশ করিবার আমার সামর্থ্য নাই।১৫ কামরূপে মহাপূজা করিলে সর্ব্ববিধ সিদ্ধি ও সর্ব্বফল লাভ হয়। নেপালের কাঞ্চন-গিরি, ব্রহ্মপুত্রের সঙ্গম।১৬ করতোয়া অবধি দিকরবাসিনী পর্য্যন্ত এবং

তীর্থশ্রেষ্ঠাদিক্ষুনদী পূর্ব্বস্যাং গিরিকন্যকে।
দক্ষিণে ব্রহ্মপুত্রস্য লাক্ষায়াঃ সঙ্গমাবধি॥
কামরূপ ইতি খ্যাতঃ সর্ব্বশাস্ত্রেষু নিশ্চিতঃ।১৮
ঋণানি ত্রীণ্যপাকর্ত্তুং যস্য চিত্তং প্রদদতি।
স গচ্ছেৎ পরয়া ভক্ত্যা কামাখ্যাযোনিসন্নিধিং॥১৯
তীর্থযাত্রা সমাসাদ্য যদেকোঽপ্যত্র গচ্ছিত।
পদে পদেঽশ্বমেধস্য ফলং প্রাপ্নোতি মানবঃ॥২০
ত্রিংশদ্‌যোজনবিস্তীর্ণা দীর্ঘেণ শত যোজনং।
কামরূপং বজানীহি ত্রিকোণাকার মুত্তমং॥২১
ঈশানে চৈব কেদারো বায়ব্যাং গজশাসনঃ।
দক্ষিণে সঙ্গমে দেবি লাক্ষায়াব্রহ্মরেতসঃ॥২২
ত্রিকোণ মেবং জানীহি সুরাসুরনমস্কৃতং।
তত্র যে মানবাঃ সন্তি তে দেবানাত্র সংশয়ঃ॥২৩

উত্তরে কাঞ্চনগিরি ও তীর্থশ্রেষ্ঠ করতোয়ার পশ্চিমে।১৭ ইক্ষুনদী পর্য্যন্ত, পূর্ব্বদিকে গিরিকন্যকা পর্য্যন্ত এবং দক্ষিণে ব্রহ্মপুত্রের ও লাক্ষানদীর সঙ্গম পর্য্যন্ত স্থান কামরূপ বলিয়া সর্ব্বশাস্ত্রে নিশ্চিত আছে।১৮ পিতৃঋণ, ঋষিঋণ ও দেবঋণ এই তিন ঋণত্রয় পরিশোধ করিতে যাহার মানস প্রসন্ন হয়, সে পরমভক্তি সহকারে কামাখ্যার যোনি সন্নিধানে গমন করিবে।১৯ তীর্থযাত্রা অবলম্বন করিয়া যে কোন মানব এই তীর্থে গমন করে, পদে পদে তাহার অশ্বমেধের ফল লাভ হয়।২০ হে দেবি! কামরূপ ত্রিকোণাকার, দৈর্ঘ্যে শতযোজন এবং বিস্তারে ত্রিংশৎ যোজন জানিবে। ঈশানে কেদার, বায়ু কোণে গজশাসন, দক্ষিণে ব্রহ্মরেতঃ অর্থাৎ ব্রহ্মপুত্রের লাক্ষানদীর সঙ্গম।২১।২২ কামরূপ এইরূপ ত্রিকোণ, এই স্থান

তত্র যদ্জ্জলং দেবি তৎ সর্ব্ব তীর্থমেব হি ।
উপবীবিশ্চ বীথিশ্চ উপপীঠ পীঠকং ॥২৪
সিদ্ধপীঠং মহাপীঠং ব্রহ্মপীঠং তদনন্তরং ।
বিষ্ণুপীঠং মহাদেবি রুদ্রপীঠং তদন্তর ॥২৫
নবযোনি রিতি খ্যাতা চতুর্দ্দিক্ষু সমন্ততঃ ।
তত্র তত্র মহাপূজোত্তরোফলাধিকা ॥২৬
দ্বিগুণং দ্বিগুণং ভদ্রে ফলমেব্য সুনিশ্চিত ।
সর্ব্বেষাঞ্চৈব বিদ্যানাং সর্ব্বমন্ত্রসং শম্ভবি ॥২৭
পূজনে জপনে চৈব দ্বিগুণং দ্বিগুণং ফলং ।
নবযোনিঃ সমাখ্যাতা কামাখ্যা যোনিমণ্ডলং ॥২৮
অযোনিমহিপর্য্যন্ত যা বিন্ধ্যগন্ধমাদন ।
পঞ্চক্রোশনিদং দেবি সর্ব্বেষামেব দুর্লভং ॥২৯

সুরাসুর সকলেরই নমস্কৃত। যে সকল মানব তথায় আছে, তাহারা দেবতা তাহাতে সন্দেহ নাই ।২৩ সেখানে যত জল আছে, । সে সমুদায়ই তীর্থ। হে মহাদেবি! তথায় উপবীথি, বীথি, পীঠ, উপপীঠ, সিদ্ধপীঠ, ব্রহ্মপীঠ, মহাপীঠ, বিষ্ণুপীঠ ও রুদ্রপীঠ, এই নবপীঠ নবযোনি বলিয়া বিখ্যাত এবং ইহার চারিদিকেই অবস্থিত ।২৫ সেই সেই মহাপূজা, উত্তরোত্তর স্থান সকলের অধিক অধিকফল প্রদান করিয়া থাকে। ঐ সকলে ক্রমশঃ দ্বিগুণ দ্বিগুণ ফল অবধারিত আছে ।২৬ তথায় সর্ব্ববিধ বিদ্যার এবং সর্ব্ববিধ মন্ত্রের পূজা ও জপ করিলে দ্বিগুণ দ্বিগুণ ফল লাভ হয় ।২৭ কামাখ্যা যোনিমণ্ডল নবযোনি দ্বারা আখ্যাত হয় ।২৮ যোনি অবধি মহি পর্য্যন্ত এবং বিন্ধ্য হইতে গন্ধমাদন পর্য্যন্ত এই

ব্রহ্মা বিষ্ণুসুরোশাদ্যৈঃ সেবিতং পরমাদ্ভুতং ।
দেবামরণমিচ্ছন্তি কা কথা মানুষেষুচ ॥৩০
যোনীপীঠে মহেশানি পঞ্চক্রোশমিতে শিবে ।
যে গচ্ছন্তি শিবাকারা যে মৃতাস্তেহপুনর্ভবা ॥৩১
তে চ সূর্য্যকরং ক্লেশ ন প্রাপ্নাবন্ত কর্হিচিৎ !
যোনিপীঠে চ নিস্পাপ বসন্তি নরোত্তমাঃ ।
তে সর্ব্বে শঙ্করাজাতা স্ত্রিনেত্রাশ্চমূর্দ্ধজাঃ ॥৩২
সর্ব্বেষাঞ্চৈব বিদ্যানাং সর্ব্বমন্ত্রস্য চেশ্বরি ।
পূজনং জপনঞ্চৈব কুরুতে সাধকোত্তমঃ ।
অণিমা দ্যষ্ট সিদ্ধিনামাশ্রয়ো জায়তে নরঃ ॥৩৩
তন্মধ্যে চ মহাদেবি গিরিনীলাচলোজ্জ্বলঃ ।
ব্রহ্মা বিষ্ণু শবাকারঃ সর্ব্বশক্তিময় পুনঃ ॥৩৪

পঞ্চক্রোশস্থান সকলেরই দুর্লভ ।২৯ পরমাদ্ভুত এবং ব্রহ্মা বিষ্ণু সুরেশ্বরাদি কর্ত্তৃক সেবিত। মানুষের কথা কি কহিব দেবগণ ও এইস্থানে মরণ কামনা করেন ৩০ হে মহেশানি ! পঞ্চক্রোশ পরিমিত যোনিপীঠে যে মানব গমন করে, সে শিবতুল্য হয় এবং মরনান্তে আর জন্মগ্রহণ করিতে হয় না ।৩১ সেই নর সূর্য্যাত্মজের ক্লেশ কিছুমাত্র প্রাপ্ত হয় না। যে নরত্তমগণ যোনিপীঠে বাসকরে, তাহারা চন্দ্রমুক্কজ ও ত্রিনেত্র শঙ্কর তুল্য হয় ।৩২ সাধকোত্তমগণ, সর্ব্ববিধ বিদ্যার এবং সর্ব্ববিধ মন্ত্রের পূজা এবং জপ করিয়া থাকে। নরগণ এইস্থানে অনিমাদি অষ্টবিধ ঐশ্বর্য্যলাভ করিতে পারে ৩৩ হে মহাদেবি॥ সেই যোনি পীঠমধ্যে ব্রহ্মা বিষ্ণুশবাকার

তন্মধ্যে পরমেশানি মনোভবগুহাশরা।
মনোভবগুহামধ্যে রক্তপানিয়রূপিণী ॥৩৫
কোটিলিঙ্গসমাকীর্ণা কামাখ্যা কল্পবল্লরী।
তত্তেজসা তু সংদীপ্তা মনোভবগুহা সদা ॥৩৬
অস্যাঃ স্পর্শনমাত্রেণ লৌহোযাতি সুবর্ণতা।
চতুর্হস্তপ্রমণানি সমন্তাৎ সর্ব্বতাত্মজে।
অস্যাঃ স্পর্শনমাত্রেণ শিবতত্ত্বমিতি মানব।
নিস্পাপোজায়তে দেবি তৎক্ষণাত্র সংশয়ঃ ॥৩৭।৩৮
অত্র যদ্‌যৎ কৃতং কর্ম্ম তদনন্তফলং লভেৎ ॥৩৯
তন্মধ্যে পরমেশানি সমন্তাদ্দ্বাদশাঙ্গুলং।
আপাতলন্ধ্রদং দেবি প্রোচ্ছলজ্জলমণ্ডল ॥৪০
তজ্জলং পরমেশানি ব্রহ্মবিষ্ণুশিবাত্মকং।
ঐশ্বরং তজ্জলং দেবি কারণার্ণবসংজ্ঞকম্ ॥৪১

সদাশক্তিময় নীলাচলোজ্জ্বলগিরি বিদ্যমান আছে।৩৪ হে পরমেশ্বরি। তাহার মধ্যে উৎকৃষ্টতর মনোভবগুহা। মনোভবগুহার মধ্যে রক্ত পানীয় —রূপিণী।৩৫ কোটিলিঙ্গসমাকীর্ণা কামাখ্যা বল্লরী বিদ্যমান। ঐ মনোভব তাহার তেজে নিরন্তর সংদীপ্ত রহিয়াছে।৩৭ উহার স্পর্শ মাত্রেই লৌহ সুবর্ণ হয়। হে পর্ব্বতাত্মজে! উহা চারিদিকে চারিহস্ত পরিমিত হইবে। উহার স্পর্শমাত্রেই, নরগণ শবত্ব প্রাপ্ত হয় এবং তৎক্ষণাৎ নিস্পাপ হয় তাহাতে সন্দেহ নাই।৩৭-৩৮ ইহাতে যে যে কর্ম্মকৃত হয়, তৎ-সমস্তই অনন্তফলপ্রদ হইয়া থাকে।৩৯ হে পরমেশানি! তাহার মধ্যে চারি দিকে দ্বাদশাঙ্গুল পরিমিত, পাতাল পর্য্যন্ত বিস্তৃত প্রোচ্ছলিতজলমণ্ডল

বহু কিং কথ্যতে দেবি তজ্জলং পরমমৃতং ।
শঙ্কিতেনৈব কথিতং নাত্তর্জানীহি সুন্দরি ॥৪২
কাঞ্চিস্তি সন্ততং দেবি তজ্জলং সচরাচরং ।
তজ্জলস্পর্শমত্রেণ তদ্ধ্রদস্পর্শনেন চ ।
তৎক্ষণান্মানবোদি দেবোভব ত নিশ্চিতং ।
পুণ্যপাপবিনির্মুক্তো জীবন্মুক্তোভবেদক্রুবং ॥৪৩ ৪৪
তদ্ধ্রদ পূজয়েদ্‌যোহি রজ্জলেন মহেশ্বরি ।
জিহ্বাকোটিসহস্রৈস্তু বক্ত্রকোটিশতৈরপি ।
বর্ণিতুং নৈব শক্যেন তৎফলং গিরিনন্দিনি ॥৪৫
হ্রদে হস্তং বিনিক্ষিপ্য জলমধ্যে মহেশ্বরি
অষ্টোত্তরশতজপান্মহা সিদ্ধিশ্বরো ভুবি ।
মন্ত্রসিদ্ধির্ভবেত্তস্য তৎক্ষণান্নাত্র সংশয়ঃ ॥৪৬

হ্রদ বিদ্যমান আছে, সেই জল ব্রহ্মা, বিষ্ণু, শিবাত্মক ।৪১ হে দেবি ! সেই জল ঐশ্বরীয় এবং কারণার্ণব নামে বিখ্যাত ।৪১ হে দেবি ! বহু বাক্যব্যয়ে কি ফল ? সেই জল পরমঅমৃত, ও সুন্দর ! আমি শঙ্কিত হইয়া ইহা কহিলাম। চরাচর অখিল ব্রহ্মাণ্ডমণ্ডল সেই জলের আকাঙ্ক্ষা করিয়া থাকে। সেই হ্রদ ও সেই জলস্পর্শ করিবামাত্রেই মানবগণ দেবতা হয় এবং পাপপুণ্য হইতে নির্ম্মুক্ত হইয়া জীবন্মুক্ত হয়, তাহাতে সন্দেহ নাই ।৪৩।৪৪ হে গিরিনন্দিনি ! যে নর, সেই হ্রদে সেই জল দ্বারা পূজা করে, তাহার যে কি ফল হয় তাহা আমি সহস্র কোটি জিহ্বা এবং শতকোটি আনন পাইলেও তাহা বর্ণন করিতে সমর্থ হই না ।৪৫ হে মহেশ্বরি। সেই হ্রদের জলমধ্যে হস্ত নিক্ষেপ করিয়া অষ্টোত্তর শতবার জপ করিলে, সেই ব্যক্তি পৃথিবী তলে মহাসিদ্ধিশ্বর হয় এবং তৎক্ষণাৎ তাহার

শৈবোবা বৈষ্ণবো বাপি শাক্তোরান্যোমহেশ্বরি।
জপ্যতে যৈস্তু মন্ত্রোঽতৎক্ষণাৎ সিদ্ধিমৃচ্ছতি ॥৪৭
অষ্টোত্তরশতেনাপি নাত্র কার্য্যা বিচরণা ॥৪৮
কুশাগ্রোথিতং তদ্দেবি পিতৃভ্যো যঃ প্রযচ্ছতি।
গয়াশ্রাদ্ধং কৃতং তেন নিযুতাব্দং মহেশ্বরি ॥৪৯
এতত্তে কথিতং দেবি কামাখ্যাযোনিমণ্ডলং।
সংক্ষেপেণ মহেশানি বক্ষামেবং বিশেষতঃ ॥ ৫০
কিন্ত্বস্য কথ্যতে দেবি মাহাত্ম্যন্তে যশস্বিনি।
তত্র কোটিযোগিনীভিঃ কালী বসতি তারিণী॥ ৫১
ছিন্নমস্তা ভৈরবী সা সপ্তসত্ত্ববিভেদিতা।
ধূমা চ ভুবনেশানি মাতঙ্গী কমলালয়া।
ভগক্লিনা ভগধারা তথা চৈব ভগন্দরি।
দুর্গা চ জয়দুর্গা চ তথা মহিষমর্দ্দিনী ॥ ৫২।৫৩

মন্ত্র সিদ্ধি হয় সন্দেহ নাই।৪৬ হে মহেশানি! শক্তিই হউক বৈষ্ণবই হউক বা শৈবই হউক বা অন্যই যাহাই হউক, তথায় যে, অষ্টোত্তর শতবার মন্ত্র জপ করে, তাহার তৎক্ষণাৎ মন্ত্রসিদ্ধি হয়, সে বিষয়ে সন্দেহ নাই।৪৭ যে মানব, তথায় কুশের অগ্র দিয়া সেইজল পিতৃগণকে প্রদান করে, তাহার দ্বারাই তাহার নিযুতাব্দব্যাপি গয়া শ্রাদ্ধের ফল হয়।৪৮।৪৯ হে দেবি! এই আমি তোমাকে কামাখ্যা যোনিমণ্ডল কহিলাম। এক্ষণে সংক্ষেপে তাহার মাহাত্ম্য বলিতেছি শ্রবণ কর।৫০ হে যশস্বিনি। সেখানে কোটি কোটি যোগিনীর সহিত জগত্তারিণী কালিকা সদা বাস করেন। ।৫১ সপ্ত সত্ত্ব বিভেদ ছিন্নমস্তা, ভৈরবী, ধূমাবতী, ভুবনেশ্বরি মাতঙ্গী কমলালয়া

উপবিষ্ঠাশ্চ যাঃ প্রোক্তাঃ সর্ব্বাভিস্তাভিরেব চ।
ব্রহ্মাবিষ্ণুমহেশাদ্যৈর্মহাকালী বসেৎ সদা॥ ৫৪
ব্রহ্মমুখাশ্রয়ং পীঠং উগ্রতারাভিদৈবতঃ।
তৎপীঠং দ্বিবিধং প্রোক্তং গুপ্তং ব্যক্তং মহেশ্বরি॥ ৫৫
ব্যক্তাদ্‌গুপ্তং পুণ্যতরং দুরাপং সাধকোত্তমৈঃ।
সর্ব্বত্র লভ্যতে দেবি কুলদ্বয়বিশারদৈঃ॥ ৫৬
মনোভবগুহাবহ্নৌ দেবশিখরমুন্নতং।
তন্মহোগ্রমিতি খ্যাতং পীঠং পরমদুর্লভং॥ ৫৭
সিদ্ধিকালী ব্রহ্মরূপা দেবতা ভুবনেশ্বরী।
নিবসেত্তত্র যা কালী ঘোরদৈত্যবিনাশিনী॥ ৫৮
তৎপীঠোপরি সংবিশ্য দশধা চ জপেন্মনুং।
তদা মন্ত্র বিশুদ্ধিঃ স্যাৎ তদ্দেহেন শিবো ভবেৎ॥৫৯

ভগক্লিনা, ভবাধারা, ভগন্দরী, দুর্গা, জয়দুর্গা, মহিষমর্দ্দিনী।৫২।৫৩ এবং যে সকল উপবিষ্ঠা আছেন, সেই সকলেরই সহিত এবং ব্রাহ্মণ, বিষ্ণু, ও মহেশাদি দেবগণের সহিত মহাকালি সদাসর্ব্বদা তথায় বাস করিতেছেন।৫৪ হে দেবি! উগ্রতারা যাহার অধিদেবতা, সেই ব্রহ্মমুখাশ্রয় পীঠ বিদ্যমান আছে। সেই পীঠ দুই প্রকার, গুপ্ত ও ব্যক্ত।৫৫ ব্যক্ত অপেক্ষা গুপ্ত-পীঠ, সাধককে অধিকতর পুণ্য প্রদান করে। ঐ গুপ্তপীঠ দুর্লভ, কিন্তু কুলদ্বয় বিশারদ অর্থাৎ বিদ্যাবীরভাবাপন্ন ব্যক্তিগণ, সর্ব্বত্রই তাহা লাভ করিতে পারেন।৫৬ মনোভব গুহায় অনলে দেবীর শিখর সমুন্নত রহিয়াছে সেই পীঠ মহোগ্রনামে বিখ্যাত এবং পরম দুর্লভ।৫৭ সেই পীঠে ঘোরদৈত্য বিনাশিনী, ব্রহ্মরূপা, ভুবনেশ্বরী দেবতা, সিদ্ধিকালী বাস করেন।৫৮ সেই পীঠের উপরিভাগে উপবেশন পূর্ব্বক দশবার জপ

যৎফলং তে ময়া প্রোক্তং হ্রদমধ্যে সুলোচনে।
পাদহীনং তৎফলং স্যাৎ পূর্ণং শিবজপার্চ্চনে॥ ৬০
অর্দ্ধং জালন্ধরে জ্ঞেয়মুড্ডীয়ানে তদর্দ্ধকং।
অবশ্যং মন্ত্রসিদ্ধিঃ স্যান্নেপালে তিথিবাসরে॥ ৬১
নীলকণ্ঠসমীপে তু নাত্র কার্য্যা বিচারণা।
জপেন দেবদেবেশি কথিতং তে ময়া মুদ্রা॥ ৬২
ত্রয়োদশাহে মহাসিদ্ধিরেকাম্রকাননে তথা।
দশলক্ষেণ গঙ্গায়াং সিদ্ধিরাবশ্যকং শিবে॥ ৬৩
রাঢ়ায়াং বিকটাক্ষায়াং ক্রতঞ্চ পর্ব্বতাত্মজে।
লক্ষত্রয়েণ সিদ্ধিঃ স্যাৎ সত্যমেব সুসিদ্ধিদে॥ ৬৪
পুষ্করাখ্যে চ লক্ষেণ প্রয়োগে বিংশলক্ষতঃ।
কোটিজপাদ্‌দ্রোণাগিরৌ জ্বালায়াঞ্চ দ্বিলক্ষতঃ।

করিলে, তাহার মন্ত্র সিদ্ধি হয় এবং সে দেহাবচ্ছেদে শিবতুল্য হইয়া থাকে।৫৯ হে সুলোচনে! আমি তোমাকে হ্রদমধ্যে যে ফল হয় তাহা কহিয়াছি, সেই ফল পাদহীন হয় এবং শিবের জপ ও অর্চ্চনায় সংপূর্ণ হইয়া থাকে।৬০ হে দেবি! জালন্ধরে তাহার অর্দ্ধফল উড্ডীয়ানে তাহার অর্দ্ধেক জানিবে। নেপালে নীলকণ্ঠ সমীপে তিথিবাসরে মন্ত্র জপ করিলে মন্ত্রসিদ্ধি হয়, তাহাতে বিন্দু মাত্র সংশয় নাই ৬১।৬২ হে দেবি! দেবেশ্বরি! একাম্রকাননে ত্রয়োদশাহ জপ করিলে মহাসিদ্ধি লাভ হয়। হে শিবে! গঙ্গায় দশলক্ষ জপ করিলে অবশ্যই সে সিদ্ধিলাভ করে।৬৩ হে পর্ব্বত-নন্দিনি! রাঢ়ায় এবং বিকটাক্ষায় তিন লক্ষজপ করিলে সিদ্ধি হয়।৬৪ হে সুসিদ্ধিপ্রদে! পুষ্করেতে লক্ষ জপে এবং প্রয়াগে বিশলক্ষ জপে। ৬৫

তত্রৈব বিরজা ক্ষেত্রে লক্ষদ্বাদশতঃ শিবে।
হিমালয়ে দ্বিলক্ষেণ কেদারে পঞ্চলক্ষতঃ।
কৈলাসে দশলক্ষেণ জয়ন্ত্যাং পঞ্চলক্ষতঃ।
উজ্জয়িন্যাং দশাহেন মানসে মন্দরাচলে।
অবশ্যং মন্ত্রসিদ্ধিঃ স্যাৎজপনাৎ পূজনাচ্ছিবে॥ ৬৫।৬৮
ইত্যেবং কথিতং তুভ্যং যৎ পৃষ্টং গিরিসম্ভবে।
মাতৃজারসমং দেবি সর্ব্বদা পরিগোপয়েৎ॥ ৬৯

শ্রীদেব্যুবাচ।

ভো স্বামিন্ পরমানন্দ যোগিনামভয়প্রদ।
কামাখ্যাযোনিমাহাত্ম্যং যদুক্তং মে ত্বয়া শিব॥ ১
সত্যং সত্যং ন সন্দেহো আশ্চর্য্যং সর্ব্বমেব হি।
তত্তেন তন্ময়া জ্ঞাতং কলৌ কিং ন সুসিদ্ধিদম্॥ ২

দ্রৌ-গিরিতে কোটিজপে জ্বালামুখীতে দুইলক্ষ জপে বিরজা ক্ষেত্রে দ্বাদশলক্ষ জপে, হিমালয়ে ত্রিশলক্ষ জপে, কেদারে পঞ্চলক্ষ জপে, কৈলাসে দশলক্ষ জপে, জয়ন্তীতে পঞ্চলক্ষ জপে, উজ্জয়িনীতে দশাহ জপে, মন্দরাচলে মাস মাত্র জপে ও পূজায় অবশ্যই সিদ্ধি লাভ হয় ৬৫।৬৮ হে শিবে! এই আমি তোমাকে তোমার জিজ্ঞাসিত বিষয়ের উত্তর সমস্ত প্রদান করিলাম। ইহা মাতৃজার তুল্য সর্ব্বদাই গোপনীয়।৬৯

দেবী কহিলেন, হে স্বামিন্! পরমানন্দবিগ্রহ! যোগিগণের অভয় প্রদ শিব! আপনি যে কামাখ্যাযোনি মহাত্ম্য বর্ণন করিলেন।১ তাহা সত্য ও পরমাশ্চর্য্য, তাহা আমি সমস্তই অবগত হইলাম। হে করুণাময়!

ন পশ্যামঃ শিবজ্ঞানং মন্ত্রসিদ্ধিস্তথৈব চ।
কিমমেৎ কারণং নাথ বদ মে করুণাময় ॥ ৩

ঈশ্বর উবাচ।

নরকাসুরনামা তু বিষ্ণুবীর্য্যসমুদ্ভবঃ।
পৃথিবীগর্ভসম্ভূতো দানবানামধীশ্বরঃ।
তস্মৈ বিষ্ণুর্দ্দদৌ রাজ্যং কামরূপং মহাফলং।
পৃথিবীবচনাৎ সোঽপি দানবোযুদ্ধদুর্দ্ধরঃ ॥৪।৫
কিরাতৈর্ঘটিতং জিত্বা রণে কামনৃপো ভবেৎ।
পুনশ্চ ভগবান্ তস্মৈ নিবাসায় দদৌ মুদা ॥ ৬
প্রাগ্জ্যোতিষ পুরং খ্যাতং কামাখ্যাযোনিমণ্ডলং।
জিত্যাভিষেচনং রাজা বিষ্ণুঃ শক্তিং দদাবপি ॥ ৭
ততস্তু দর্শয়ামাস মনোভবগুহাং হরিঃ।
সুস্নাতং নারকং তদ্বদ্বিধেয়ামাস বৈ তদা ॥ ৮

কলিতে তাহা কি হেতু সুপ্রসিদ্ধ প্রদ হয় না।২ এইকালে কি জ্ঞাত, কি মন্ত্রসিদ্ধি দেখিতে পাই না। হে নাথ! ইহার কারণ বর্ণন করিয়া, চরিতার্থ করুন ৩

ঈশ্বর কহিলেন, হে দেবি! পৃথিবীর গর্ভসম্ভূত, বিষ্ণুর বীর্য্য সমুৎপন্ন নরকাসুর নামে এক দানব ছিল। বিষ্ণু তাহাকে মহাফলভুক্ত কামরূপ রাজ্য প্রদান করেন ৪.৫ পৃথিবীর বরে যুদ্ধ দুর্দ্ধর্ষ সেই দানব কিরাতের সহিত সংঘটিত যুদ্ধে জয়লাভ করিয়া নৃপতি শ্রেষ্ঠ হইয়াছিল।৬ ভগবান্ বিষ্ণু প্রীত হইয়া, তাহাকে বাস করিবার নিমিত্ত পুনর্ব্বার প্রাগ্জ্যোতিষ-পুর নামে বিখ্যাত কামাখ্যা যোনিমণ্ডল প্রদান করেন! সে তাহাতে অভিষিক্ত রাজা হইলে, বিষ্ণু তাহাকে শক্তিপ্রদান করিলেন!৭ তদনন্তর হর

বিষ্ণুরুবাচ।

কামাখ্যায়াশ্চ মাহাত্ম্যং সর্ব্ববেদার্থসম্মতং।
ব্রহ্মত্বং ব্রহ্মণা প্রাপ্তং বিষ্ণুত্বঞ্চ ময়া পুনঃ।
শিবত্বঞ্চ শিবেনৈব কামাখ্যায়াঃ প্রসাদতঃ।
তস্মাদ্‌যোনিং পূজয়স্ব যত্নাৎ সর্ব্বাত্মভিস্ত্বমু ॥৯।১০
যদা তে সুমুখী মাতা তদা তে সর্ব্বসম্পদঃ।
যদা তে বিমুখী মাতা তদা তেনাশুভং ধ্রুবং॥ ১১
তদৈবাহঞ্চ ত্যক্ষ্যামি পুত্রত্বং বেদ্ম্যহং পুনঃ।
ইতি জ্ঞাত্বা পূজয়স্ব বিশেষেণ বদামি কিং ॥ ১২

ঈশ্বর উবাচ

ইত্যুক্ত্বা স যযৌ বিষ্ণুর্ব্বৈকুণ্ঠং স্বনিকেতনং।
নরকঃ পালয়ামাস বিষ্ণুক্তং যদ্যদেব হি ॥ ১৩

তাহাকে মনোভব গুহা দেখাইলেন, নরকাসুর তাহাতে স্নান করিয়া পাপপরিশূন্য হইল।৮

বিষ্ণু কহিলেন, কামাক্ষার মাহাত্ম্য সর্ব্ব বেদার্থ সম্মত। কামাখ্যার প্রসাদে ব্রহ্মা ব্রহ্মত্ব, বিষ্ণু বিষ্ণুত্ব, শিব শিবত্ব প্রাপ্ত হইয়াছেন, অতএব সর্ব্বাত্মায় সর্ব্বপ্রথমে যোনিপূজা কর্ত্তব্য ৯।১০ যখন কামাখ্যামাতা তোমার প্রতি প্রসন্ন হইয়া সুমুখী হইবেন, তখন তোমার সম্পদলাভ এবং যখন তিনি বিমুখী হইবেন, তখন তোমার অমঙ্গল জানিবে।১১ তখন আমি ও ত্যাগ করিব। আমি পুত্রত্ব প্রভৃতি সমস্তই অবগত আছি। ইহা জানিয়া তাঁহার পূজা কর, অধিক আর কি বলিব।১২

ঈশ্বর কহিলেন, সেই বিষ্ণুদেব ইহা কহিয়া নিজনিকেতন বৈকুণ্ঠপুরে

এতস্মিন্নন্তরে দেবি বৃত্তান্তং শৃণু দারুণং ॥ ১৪
ব্রহ্মণোমানঃ পুত্রোবশিষ্ঠোঽতীবসদ্যতিঃ।
তারামারাধয়ামাস তদা নীলাচলে মুনিঃ ॥ ১৫
তত্রৈবৈকদিনে দেবি জয়িত্বা স সুরেশ্বরী।
কামাখ্যামণ্ডলে তারাং পুরদ্বারে সমাগমঃ।
তত্র তং বারয়ামাস নরকো ব্রহ্মসম্ভবং ॥ ১৬

নরক উবাচ।

ইদানীং তিষ্ঠ বিপ্র ত্বং নায়াহি মণ্ডলান্তরে।
এতর্হি পূজ্যতে দেবী পূজান্তে ত্বং গমিষ্যসি ॥ ১৭
ইত্যাদীরিতমাকর্ণ্য নরকস্য মুনীশ্বরঃ।

গমন করিলেন। বিষ্ণু যেরূপ আজ্ঞা করিলেন, নরকাসুর সমস্তই সেই প্রতিপালন করিতে লাগিল। হে দেবি! এইকালে এক দারুণ দুর্ঘটন উপস্থিত হইল, তাহা শ্রবণ কর। ১৩।১৪ ব্রহ্মার মানসপুত্র বশিষ্ঠ ঋষি অতিশয় যতিবিশিষ্ট সেই মুনি একদিন তারার আরাধনা করিবার নিমিত্ত নীলাচলে আগমন করিলেন। ১৫ হে দেবি! একদিন সেই মুনি সেই কামাখ্যামণ্ডলে সুরেশ্বরী তারাকে অর্চনা করিবার নিমিত্ত পুরদ্বারে উপস্থিত হইলেন, সেখানে নরকাসুর সেই ব্রহ্মসম্ভব মুনিবরকে বারণ করিল। ১৬

নরক বলিল হে বিপ্র! তুমি ঐ স্থানেই অবস্থান কর, এইমণ্ডলে আসিও না, এই দেখ এইখানে দেবীর পূজা করিতেছেন, পূজান্তর তুমি আগমন করিবে। ১৭ মুনীশ্বর নরকের এই বাক্য শ্রবণ করিয়া ক্রোধে দ্বাদশাদিত্যের ন্যায় জাজ্বল্যমান হইলেন এবং লোহিত হইয়া নরকাসুরকে কহিতে লাগিলেন। ১৭

দ্বাদশাদিত্যসঙ্কাশো বভূব ক্রোধমূর্চ্ছিত।
উবাচ নরকং বিপ্রো বশিষ্ঠস্তাম্রলোচনঃ॥ ১৮

বশিষ্ঠ উবাচ।

রে পাপিষ্ঠ কিমুক্তন্তে অযোগ্যোঽহং সুদুর্ম্মতে।
কামাখ্যাপূজনে কালে মা লভেম গৃহান্তরে॥ ১৯
গন্তুং যোন্যন্তরে মূঢ় ভূত্বাপি ব্রহ্মসম্ভবঃ।
ইদানীং পশ্য বীর্য্যং মে তব নাশকরং মহৎ॥ ২০
ইত্যুক্ত্বা চ বশিষ্ঠোঽসৌ জগ্রাহ পানিনা জলং।
কমণ্ডলোর্ম্মহাদেবীং শশাপ দারুণং মুনিঃ॥ ২১

বশিষ্ঠ উবাচ।

অথঞ্চ ব্রাহ্মণো মাতঃ কামাখ্যে ব্রহ্মসম্ভবঃ।
হিত্বা ত্বাং হি ব্রজাম্যদ্য হ্যন্যথ চেৎ ক্রিয়তে ত্বয়া।
ব্রহ্মবধোদ্ভবং পাপং সত্যং তেঽদ্য ভবিষ্যতি॥ ২২

বশিষ্ঠ কহিলেন, রে! পাপিষ্ঠ! তুই কি বলিলি! রে দুর্ম্মতে আমি অযোগ্য? কামাখ্যার পূজার নিমিত্ত আমি যথাকালে গৃহান্তর গমন করিতে পারিব না? রে মূঢ়! আমি ব্রহ্মনন্দন ঋষি হইয়াও অন্য-যোনিতে পূজার্থ গমন করিতে পারিব না? এক্ষণে তুই আমার বীর্য্য অবলোকন কর।২০ এই মহৎ বীর্য্য অবশ্যই তোমার বিনাশ সাধন করিবে। এই বলিয়া মহর্ষি বশিষ্ঠ কমণ্ডলু হইতে কর দ্বারা জল গ্রহণ করিয়া মহাদেবীকে নিদারুণ অভিশাপ প্রদান করিলেন।২১

বশিষ্ঠ কহিলেন, হে মাতঃ কামাখ্যে! আমি ব্রাহ্মণ এবং ব্রহ্মার পুত্র আমি তোমাকে পরিত্যাগ করিয়া গমন করিতেছি, তুমি আমার পূজার অন্যথা করিলে, অতএব অদ্য তোমার ব্রহ্মবধপাপ হইবে।২২ আর

এবমত্র মহাপীঠে জপনাৎ পূজনাদপি।
সিদ্ধির্ন জায়তে কর্হি কালে মদ্বচনাৎ পুনঃ॥ ২৩

ঈশ্বর উবাচ।

দত্ত্বেয়ং দারুণঃ শাপং ত্যক্ত্বা তজ্জলমুত্তমং।
নীলাচলং পরিত্যজ্য গতোঽসৌ খাণ্ডবং গিরিম্॥২৪
ততং সা পরমা বিদ্যা কামাখ্যা বিশ্ব বন্দিতা।
মহাজ্যোতির্ম্ময়ী দেবি সর্ব্বপ্রকাশরূপিণী॥
তাপ্যত্যেঽহর্নিশং দেবি সর্ব্বং হি স্বাঙ্গতেজসা।
তৎক্ষণাৎ পরিসংদহ্য গতা কৈলাসমন্দিরং॥২৫।২৬
তদৈব পরমেশানি মনোভবগুহা পুনঃ।
মহান্ধকারপটলৈরাবৃতা তদ্বিয়োগতঃ॥২৭

আমার বচনে এই মহাপীঠে জপ ও পূজা করিলে কোনকালেও তাহা সিদ্ধ হইবে না।২৩

ঈশ্বর কহিলেন, ঐ মুনি এই নিদারুণ অভিশাপ প্রদান পূর্ব্বক, সেই পুণ্যবারি পরিহার পুরঃসর নীলাচল পরিত্যাগ করিয়া; খাণ্ডবগিরিতে গমন করিলেন।২৪ তাহার পর সেই বিশ্ববন্দিতা মহাজ্যোতির্ম্ময়ী সর্ব্ব-প্রকাশ স্বরূপিণী, পরমাবিদ্যা, কামাখ্যা স্বীয়তেজে নিরন্তর প্রদীপ্ত হইয়া উঠিলেন এবং তৎক্ষণাৎ সেই তেজে নির্দগ্ধা হইয়া কৈলাসমন্দিরে গমন করিলেন।২৫।২৬ হে পরমেশানি! দেবি! তাঁহার বিয়োগে সেই মনোভব গুহা অন্ধকারমণ্ডলে আবৃত হইয়া উঠিল।২৭ সর্ব্বলোক হাহাকার করিতে লাগিল। এবং সেই দানবেশ্বর মূর্চ্ছিত হইয়া রহিল। তদনন্তর আমি সেই পরমামায়া কামাখ্যা দেবীকে বিষণ্ণবদনা দর্শন করিয়া।২৮ আদর পূর্ব্বক জিজ্ঞাসা করিলাম। হে শিবে! তুমি সেই

হাহাকারং সর্ব্বলোকে মূর্চ্ছিতোদানবেশ্বরঃ।
ততস্তাং পরমাং মায়াং বিষণ্ণবদনাং পুনঃ ॥২৮
দৃষ্ট্বাহং পরিপ্রপচ্ছ কামাখ্যাং পরিসাদরং।
কথং শিবে সমায়াতা তক্ত্বা তদ্‌যোনি মণ্ডলং ॥২৯
বিষণ্ণবদনা ভূত্বা কামাখ্যে বদ কারণং।
ত্বং দেবি পরমারাধ্যা মে হৃদি ত্বয়ং ॥
সর্ব্বং প্রতিকরোম্যেব বিষণ্ণবদনে কথং ॥৩০

কামাখ্যোবাচ।

বশিষ্ঠোব্রহ্মণঃ পুত্র স্তারামারাধিতুং মুনিঃ।
মদ্‌যোনিমণ্ডলে নাথ দ্বারং মে সমুপাগতঃ ॥৩১
প্রাতস্তস্মিন্ ব্রাহ্মণো মাং যজতে মানবেশ্বরঃ।
দ্বারপালোভবেদ্ব্রজাযাবন্মে পূজনং ভবেৎ ॥
তাবৎ কোহপি ন ক্ষমো হি গন্তুং মদ্‌যোনিমণ্ডলং ॥৩২

যোনিমণ্ডল পরিত্যাগ করিয়া কেন আগমন করিলে।২৯ হে কামাখ্যে দেবি! বদনমণ্ডল তোমার বিষণ্ণ অবলোকন করিতেছি, ইহার কারণ প্রকাশ কর। হে দেবি! তুমি পরমারাধ্যা, তুমি আমার হৃদয়ে অবস্থান কর, তুমি বিষণ্ণবদন কেন হইলে, আমি সকলেরই প্রতীকার করিতেছি।৩০

কামাখ্যা কহিলেন, হে নাথ! ব্রহ্মার পুত্র বশিষ্ঠ, তাহার আরাধনার নিমিত্ত, আমার যোনিমণ্ডলে আগমন করিয়াছিলেন।৩১ প্রাতঃকালে মানব প্রবর ব্রাহ্মণ যখন আমার পূজা করেন, তখন আমার যোনিমণ্ডলে কেহই গমন করিতে সক্ষম হয় না।৩২ যে পর্য্যন্ত আমার পূজা

এবং নিত্যং নিয়মতং নরকেনাস্থরেণ চ।
ততস্তং বারয়ামাস নরকোব্রহ্মনন্দনং॥৩৩
ততস্তেনৈব মুনিনা শাপোদত্তঃ সুদারুণঃ।
শাপং শৃণু মহাদেব কথনে রোদনং মমং॥৩৪
ব্রহ্মবিষ্ণুস্থরেশাদ্যৈঃ কাঙ্খ্যতে যৎ পরং স্থলং।
তন্ময়া বিহিতং দেব কোবাপায়োহস্তি মে বদ॥৩৫
হিত্বা ত্বং হি ব্রজেতেহ্যন্যথা চেৎ ক্রিয়তে ত্বয়া।
ব্রহ্মবধোদ্ভবং পাপং সত্য তেহস্য ভবিষ্যতি॥৩৬
এবমত্র মহাপীঠে জপনাৎ পূজনাদপি পূজনাৎ।
সিদ্ধির্ন জায়তে কর্হি কালে মদ্বচনাৎ পুনঃ॥৩৭
এবমেব মুনেঃ শাপাদাগতোহহং তবান্তিকং।
কিমুপায়ং করিষ্যামি বদ মে করুণাময়॥৩৮

হয়, তাবৎ রাজা নরকাস্থর দ্বারপালরূপে অবস্থিত করে। নরকাস্থর এইরূপ নিত্য নিয়ম করিয়াছে।৩৩ নরকাস্থর সেই সমাগত ব্রহ্মনন্দন বশিষ্ঠকে বারণ করিয়াছিল, সেই হেতু সেই মুনি স্থদারুণ অভিশাপ প্রদান করিয়াছেন! হে মহাদেব। কহিতে আমার ক্রন্দন আসিতেছে, তুমি আমার অভিশাপ শ্রবণ কর।৩৪ ব্রহ্মাবিষ্ণু স্থরাদি সকলেই যে পরম স্থলের আকাঙ্ক্ষা করেন, আমি সেই পরম স্থল কামনা করিয়া বিহিত কার্য্যই করিয়াছি, ইহাতে আমার কি দোষ হইতে পারে? ।৩৫ আমি এইস্থান পরিত্যাগ করিয়া গমন করিতেছি, এক্ষণে আমার পূজার অন্যথা করিলে, অতএব আজি তোমার ব্রাহ্মণ বধের পাপস্পর্শ হইবে। ।৩৬ আর আমার বচনে, মহাপীঠে জপ পূজা করিলে ও তাহা কোন কালেই সিদ্ধ হইবে না।৩৭ মুনির এইরূপ

ঈশ্বর উবাচ।

এবমুক্ত্বা রুদন্তীং তামাশ্বাস্য চ পুনঃ পুনং ।
আগত্যাহং যোনিপীঠে জজাপ কালিকামন্ত্রং ।৩৯
শাপোদ্ধারায় দেবেশি তস্মাচ্ছাপাদ্বিমোচিতা ।
কামাখ্যাং স্থাপয়ামাস পূর্ব্ববদ্‌যোনিমণ্ডলে ॥৪০
ততঃ সা পরমা মায়া মহাহর্ষমুপাগতা ।
কিন্তু কলৌ মহেশানি বর্ষাণাঞ্চ শতত্রয়ং ।
ব্রহ্মশাপোমহেশানি ফলিষ্যতি সুনিশ্চিতং ॥৪১

দেব্যুবাচ।

বশিষ্টেন পুরা শপ্তা কামাখ্যা কামবাসিনী
নরকস্য প্রসঙ্গেন তৎ সর্ব্বং কথিতং ময়ি ॥৪২

অভিশাপে আমি তোমার নিকট আগমন করিয়াছি, করুণাময়! ইহার কি উপায় বিধান করিব বল।৩৮

ঈশ্বর কহিলেন, তিনি এই সকল বাক্য বলিয়া রোদন করিতে লাগিলেন, আমি পুনঃ পুনঃ তাহাকে আশ্বাস প্রদান করিয়া যোনিপীঠে আগমন পূর্ব্বক শাপোদ্ধারের নিমিত্ত কালিকামন্ত্র জপ করিতে লাগিলাম।৩৯ হে দেবি! তদ্দ্বারা সেই শাপ হইতে বিমোচিতা করিয়া কামাখ্যাদেবীকে পূর্ব্বের ন্যায় সেই যোনিমণ্ডলে অবস্থান করিলাম।৪০ তদনন্তর সেই পরমায়া মহাহর্ষ যুতা হইলেন। কিন্তু হে মহেশানি! কলিযুগে তিন শত বৎসর ব্রহ্মশাপ নিশ্চয়ই ফলিবে সন্দেহ নাই।৪১

দেবী কহিলেন, পুরাকালে বশিষ্ঠ ঋষি, কামবাসিনী কামাখ্যাদেবীকে অভিশাপ প্রদান করিয়াছিলেন, তাহা নরকাসুরের কথা প্রসঙ্গে কহিলেন একণে আমি তোমার শাপোদ্ধারের কথা শ্রবণ করিতে বাসনা করি।

ইদানীং শ্রোতুমিচ্ছামি শাপোদ্ধারস্য তে কথা ॥
কথ, শাপশ্চ জ্ঞাতব্য স্তস্যাপি লক্ষণং বদ ॥
যচ্ছ্রুত্বা সাধবঃ সর্ব্বে দয়ামেষ্যন্তি সর্ব্বদা ॥৪২

ঈশ্বর উবাচ।

কুমতেঃ পূরভূপস্য রাজ্যনাশো যদা ভবেৎ।
তদ্দিনাৎ পরমেশানি ব্রহ্মশাপঃ প্রবর্ত্ততে ॥৪৩
ততোহতীবদুরাচারো কামরূপে ভবিষ্যতি।
প্রজাপীড়া রোগঃকৃতাঃ বহু দোষো ভবিষ্যতি ॥ ৪৪
সদা যুদ্ধ মহামারে যদা দুর্ব্বত্তমেবচ।
দেবদানবগন্ধর্ব্বঃ সদা পীড়াপরায়ণাঃ ॥৪৫
কুপুর্ব্বকুলচন্দ্রেণ তে শাকে চ দিবা নিশিং।
সৌমারৈশ্চ কুবাচৈশ্চহ্বনৈর্যুদ্ধমূল্বণং ॥

কিরূপে শাপ অবগত হওয়া যায়, তাহার লক্ষণ বলুন, সাধুগণ যাহা শ্রবণ করিয়া সর্ব্বদাই দয়ান্বিত হইবেন।৪২

ঈশ্বর কহিলেন, যখন দুর্ম্মতি পুরভূপের রাজ্যনাশ হয়, সেই সময় হইতেই ব্রহ্মশাপ প্রবৃত্ত হইয়াছে।৪৩ সেইহেতু কামরূপে অত্যন্ত দুরাচার সংঘটিত হইবে। এবং প্রজাপীড়া, রোগ প্রভৃতি বহুদোষাকর ব্যাপার উপস্থিত হইবে।৪৪ হে মহামায়ে নিরন্তর যুদ্ধ ও দুর্বৃত্ততা প্রবর্ত্তিত হইবে। দেবতা দানব ও গন্ধর্ব্বগণ সতাই পীড়া প্রাপ্ত পাইবে।৪৫ স্বলুর্ব্বকুল চন্দ্র মতেশাকে কামরূপপৃষ্ঠে সৌমারগণের সহিত কুবাচ ও যবনদিগের বহুসৈন্যসঙ্কুল ঘোরতর যুদ্ধ হইবে, সেই সময়ে মকারাদি মহীপতি যবন সৌমারগণকে পরাজিত করিয়া এক বৎসর রাজ্য করিবে। ৪৬। ৪৭ কুবাচরাজ, তাহাকে সহাপ্রাপ্ত হইয়া নিজরাজ্য

ভবিষ্যতি কাম পৃষ্ঠে বহুসৈন্যসমাকুলং।
ততোরণে চ সৌমারং জিত্ব যবন ঈপ্সিতং ॥৪৬
বর্ষমে বাকরোদ্রাজ্যং মকরাদির্ম্মহীপতিঃ ॥৪৭
তৎ সহায়ং সমাসাদ্য কুবাচঃ স্বীয়রাজ্যভাক্।
বর্ষান্তে যবনং জিত্বা সৌমারো রাজ্যনায় কঃ ॥৪৮
কুমারীচন্দ্রকালেন্দৌ গতে শাকে মহেশ্বরি।
কামরূপে পুনঃ যুদ্ধসংযোগং সম্ভবিষ্যতি ॥৪৯
কামরূপে তথা রাজ্যং দ্বাদশাব্দা মহেশ্বরি।
কুবাচসংগতো ভূত্বা যবনশ্চ করিষন্তি।
যষ্টবর্গপঞ্চমাদি স্তুতঃ শরীর মিচ্ছতি।
শামিব্যং কামরূপং সৌমারৈশ্চ কুবাচকৈঃ ॥৫০
যবনশ্চ কুবাচশ্চ সৌমারশ্চ তথাপ্লবঃ ॥
কামরূপাধিপো দেবি শাপমধ্যেন চান্যক ॥৫১
এবমেব বহুবিধং বক্ষ্যে লক্ষণমরীশ্বরি।
ক্রিয়তে সংকারকরং প্রত্যেকং পরমেশ্বরি ॥৫২

প্রাপ্ত হইবে। অনন্তর একবর্ষান্তে সৌমারগণ, যবনগণকে পরাজয় পূর্ব্বক দূরীভূত করিয়া রাজ্যনায়ক হইবে।৪৮ হে মহেশ্বরি। কুমারী কালেন্দু শোক বিগত হইলে কামরূপে পুনর্ব্বার যুদ্ধ সংযোগ সংঘটিত হইবে।৪৯ তদনন্তর কুবাচের সহিত মিলিত হইয়া যবনগণ দ্বাদশ বৎসর কামরূপে রাজ্য করিবে। তদনন্তর, কিছুকাল পরে সৌমার ও কুবাচগণের মধ্যে সন্ধি সংঘটিত হইয়া কামরূপে শান্তি সংস্থাপিত হইবে।৫০ শাপকাল মধ্যে যবন কুবাচ সৌমার প্লবগণ কামরূপের অধিপতি হইয়া রাজত্ব

বশিষ্ঠস্য তপোবাদাবহ্নি শাম্যতি কামিনী।
ভবিষ্যন্তি চ তরবঃ শালাখ্যপর্ব্বতোপরি ॥৫৩
স্বর্গদ্বারে শিলাপাতে চৈকে বেপুরসন্নিধৌ।
কামাখ্যায়ামঠে ভগ্নে উর্ব্বশ্যা সদৃশঙ্গমঃ।
ব্রহ্মপুত্রস্য দেবেশি সুক্ষ্মধারা তু তস্য চ।
ষোড়শাব্দে গতে শাকে ভূমহারিপুচুম্বকে।
বিগোতা ভবিতা নূনং সৌমার কামপৃষ্ঠয়োঃ ॥৫৪
যন্মাসং তত্র সংস্থার উত্তরাকালকোষয়োঃ।
গমিষ্যন্তি চ রাজানঃ সর্ব্বে যুদ্ধ বিশারদ ॥৫৫
কুশাচৈর্যবনৈশ্চান্দ্রৈর্ব্ববহুসৈন্যসমাকুলৈঃ।
ত্রিভির্ম্লেচ্ছৈঃ সমাকীর্ণং মহাযুদ্ধং ভবিষ্যতি ॥৫৬
অশ্বমুণ্ডৈর্নরমুণ্ডৈর্গজমুণ্ডৈর্বিশেষতঃ।
লোহিত্যারক্তপূর্ণশ্চ ভবিষ্যতি ন সংশয়ঃ ॥৫৭

করিবে।৫১ হে দেবেশি! এইরূপ বহুবিধ লক্ষণ বলিতেছি শ্রবণ কর। হে পরমেশ্বরি! এই সকল বিষয় তুমি প্রত্যক্ষ করিও।৫২ তদনন্তর বশিষ্ঠের তপোদাববহ্নি প্রশমিত হইবে। শল্যাখ্য পর্ব্বতোপরি তরুগণের উৎপত্তি হইবে।৫৩ বেপুর সন্নিধানে স্বর্গদ্বারে শিলপাত হইয়া কামাখ্যার মঠ ভগ্ন হইবে। উর্ব্বশীর সহিত উর্ব্বশীং সঙ্গম হইয়া ঐ নদের ধারা সূক্ষ্মা হইবে। ষোড়শব্দ শাক গত হইলে রাজগণ সৌমার ও কামরূপ পৃষ্ঠ হইতে ভূমহারী রিপু চুম্বকে গমন করিবে সন্দেহ নাই।৫৪ তথায় ছয়মাস অবস্থান পুর্ব্বক বহুসৈন্য সমাকুল চন্দ্র যবন ও কুবাচগণের সহিত যুদ্ধ বিশারদ রাজগণ উত্তরাকালও কোষদেশে গমন করিবে।৫৫ তথায় তিমজন ম্লেচ্ছের সহিত এক সমাকুল মহাতুমুল যুদ্ধ হইবে।৫৬ সেই যুদ্ধে অশ্বমুণ্ড, নরমুণ্ড ও গজমুণ্ড কর্ত্তিত হইয়া ধরাতল লোহিত

তদৈব পরমা মায়া যোগিনীগণবন্দিতা।
কামাখ্যা কণকশ্চ মা বলিহন্তা হসন্মুখী।
লম্লজিহ্বা মুণ্ডমালা দিগ্বস্ত্রা পরমাস্থিতা।
পর্ব্বতাগ্রং সমাশ্রিত্য রক্তপানং করিষ্যতি ॥৫৮।৫৯
ততঃ কুবাচো যবনং হিত্বা সৌম্যবিনাশিতঃ।
করতোয়ানদংযাবৎ করিষ্যতি মহদ্রণং ॥৬০
দশাহং তত্র সংস্থায় যাস্যন্তি পুনরালয়ং।
ততোবিপ্রোনৃপো ভূত্বা কামরূপনিবাসিনঃ।
করিষ্যতি জানন্ দেবি জপপূজাদিতৎপরান্ ॥৬১
এবং বর্ষত্রয়ং রাজ্যং কৃত্বা দণ্ডী দ্বিজোনৃপঃ।
ভবিষ্যতি মহামায়ে যোনিমণ্ডলসন্নিধৌ।৬২
ততোদ্বাদশদলে নাভিঃ কল্পতে পূর্ব্বভূমপঃ।
ঐশানি মাগতঃ কামানেকচ্ছত্রং করিষ্যতি।
তদ্রাজ্যং সকলং দেবি ধর্ম্মেণ পালয়িষ্যতি ॥৬৩।৬৪

শোনিতে পরিপূর্ণ হইবে। ৫৭ তখন যোগিগণ বন্দিতা, শ্যামবর্ণা, দিগ্-বসনা, লোলজিহ্বা বলিহন্তা ও হাস্যোন্মুখী পরমামায়া কামাখ্যা পর্ব্বতাগ্র আশ্রয় করিয়া রক্তপান করিবেন। ৫৮ ৫৯ তদনন্তর কুবাচগণ, সৌমগণকে বিনাশিত করিয়া, যবনগণকে পরিত্যাগ পূর্ব্বক করতোয়া নদী পর্য্যন্ত ভূভাগে মহাযুদ্ধ করিবে।৬০ তথায় দশদিবস অবস্থান করিয়া পুনর্ব্বার নিজালয়ে গমন করিবে। তদনন্তর কামরূপনিবাসী বিপ্রগণ রাজা হইয়া, জনগণকে জপ পূজাদি নিরত করিবেন।৬১ দণ্ডীবিপ্র নরপতি হইয়া এইরূপে তিন বৎসর রাজত্ব করিয়া যোনিমণ্ডল সন্নিধানে অবস্থিত হইবেন।৬২ তদনন্তর পূর্ব্বভূমিপতি ঈশান দিক্ হইতে আগমন করিয়া

তৎপত্নী শ্যামবর্ণা স্যাৎ সদারাধিতপার্ব্বতী ।
সরিতং তনয়ং সাধ্বী রাজানং রাজপুত্রকং ॥৬৫
তজ্জন্মদিবসাদ্দেবি যাবৎ স্যাদ্দ্বাদশং দিনং।
তাবৎ স্পর্শাচলে স্পর্শমণিরাবির্ভবিষ্যতি ॥৬৬
তেনৈব ধননঃ সর্ব্বে কামরূপনিবাসিনঃ।
ভবিষ্যন্তি তদৈব স্যাৎ বশিষ্ঠশাপমোচনং ॥৬৭
তত স্তেজাংস ভূয়াংসি কামাখ্যাযোনিমণ্ডলে।
কামাখ্যাসন্নিধানে চ ভবিষ্যতি কলৌযুগে ॥৬৮
মন্ত্রসিদ্ধি ভবতা তদৈব যোনিমণ্ডলে।
যথোক্তফলদা দেবি কামাখ্যা হি ভবিষ্যতি ॥৬৯
জড়ীতবদ্ধ্রহ্মশাপাদ বর্ষণাঞ্চ শতত্রয়ং।
কামাখ্যা দেববন্দ্যাঙ্ঘ্রিকমলা লজ্জিতা স্বয়ং ॥৭০

দ্বাদশদলে নাভিকল্পনা এবং কামরূপে একছত্রের অন্তর্গত করিবেন।৬৩।৬৪ হে দেবি! তখন তিনি এই রাজ্য ধর্ম্মানুসারে পালন করিবেন। তাঁহার পত্নী শ্যামবর্ণা সাধ্বী হইয়া সততই পার্ব্বতীর আরাধনা করিবেন।৬৫ সেই সতী এক বিনীত রাজতনয় প্রসব করিবেন। হে দেবি! তাহার জন্মদিন হইতে দ্বাদশদিনে স্পর্শাচলে স্পর্শমণির আবির্ভাব হইবে।৬৬ তদ্দ্বারা কামরূপনিবাসী সকলেই ধনশালী হইবে। হে দেবি! বশিষ্ঠের তখন শাপমোচন হইবে।৬৭ তাহার পর কামাখ্যার যোনিমণ্ডলে ভূরি তেজের আবির্ভাব হইবে। কলিযুগে তখন কামাখ্যার নিকট যোনিমণ্ডলে মন্ত্রসিদ্ধিঃ হইবে॥৬৮ এবং কামাখ্যায় যথোক্তফলপ্রদা হইবেন।৬৯ দেবগণ যাঁহার চরণকমল বন্দনা করেন, সেই কামাখ্যা দেবী তিনশত বৎসর ব্রহ্মশাপে জড়ীভূতা থাকিয়া, আপনি

পূর্ব্ববৎ সকলং দেবি ততস্তু সম্ভবিষ্যতি,
এবং কামপরিত্রাণং সংক্ষেপাৎ কথিতং ময়া।
কিং শ্রোতব্যমিতো দেবি গিরিজে কথ্যতং ত্বয়া ॥৭১
ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে চতুর্ব্বিংশতি সাহস্র্যে
একাদশ পটলঃ।

দ্বাদশঃ পটলঃ।

শ্রীদেব্যুবাচ।

দেবেশ পরমেশানি সর্ব্বজ্ঞ সর্ব্বপূজিত।
ক্কগচ্ছসি মুহুর্নাথ কৃপয়া বদশঙ্কর ॥১

ঈশ্বর উবাচ।

কোঁচাখ্যানে চ দেশে চ যোনিগর্ত্তসমীপতঃ।
সাধ্বী সতী ব্রাহ্মিকা হি রেবতী জলবিস্মৃতা ॥২

লজ্জিতা হইলেন ।৭০ তাহার পর হে দেবি! পূর্ব্ববং সকলই ফলসিদ্ধি প্রদা হইবে। হে গিরিজে! দেবি! এই আমি তোমাকে কামরূপের পরিত্রাণ কথা সংক্ষেপে কহিলাম, তোমার যদি এক্ষণে আর কোন শুনিবার থাকে, বল।৭১

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বর সংবাদে একাদশ পটল!

দেবি কহিলেন, হে পরমেশান! সর্ব্বপূজিত সর্ব্বজ্ঞ শঙ্কর! আপনি কোথায় কোথায় গমন করেন তাহা কৃপা করিয়া আমাকে বলুন।১

ঈশ্বর কহিলেন; যোনিগর্ত্তের সন্নিধানে কোচক নামে এক দেশ আছে তথায় ব্রাহ্মিকা সাধ্বীসতী জলবিস্মৃতা ম্লেচ্ছদেহোদ্ভবা রেবতী, যোগিনী

ম্লেচ্ছদেহোদ্ভবা যাতু যোগিনী সুন্দরী মতা।
তৎকুচৌ বঠিনৌ দ্বন্দৌ যোনৌ তস্যাশ্চ পীনতা ॥৩
ভিক্ষাচার প্রসঙ্গেন গচ্ছামি চ দিবানিশ।
তৎসন্নিধৌ মহেশানি ত্বয়া মে মরণং মহৎ ॥৪

শ্রীদেব্যুবাচ।

কুত্রাসীৎ কিং তপস্তপ্তং কথং প্রাপ্তং মহীতলং।
ত্বয়া সার্দ্ধং রতির্যস্য নাল্পস্য তপসং ফলং ॥৫
তথাপি চ কৃপা তস্যাং লক্ষ্যতে মহতী ময়া।
ইদানিং কিমভূৎ সা হি কৃপয়া পরয়া বদ ॥৬

ঈশ্বর উবাচ।

নগেন্দ্রতনয়ে বালে শৃণু মৎপ্রাণবল্লভে।
তৎ সাধ্বীচরিতং কিঞ্চিৎ কথয়ামি শুচিস্মিতে ॥৭

নামে সুন্দরী রমণী ছিলেন।২ তাহার কুচযুগল কঠীন এবং যোনিমণ্ডল পীন ও মনোহর। আমি ভিক্ষাচার প্রসঙ্গে দিবানিশি তাহার নিকট গমন করি। হে মহেশানি! তোমার নিকটে আমার এ সকল মহৎমরণ তুল্যবোধ হইতেছে।৩।৪

দেবী কহিলেন, সেই রমণী কোথায় ছিল, সে তপস্যা কিরূপ করিয়া ছিল, কিরূপে সে মহীতল প্রাপ্ত হইল? হে দেব! তোমার সহিত যাহার রতিক্রিয়া তাহার তপের ফল অল্প নহে। তাহার প্রতি আপনার মহতীকৃপা দেখিতেছি এক্ষণে তিনি কি হইয়াছেন? হে নাথ! কৃপা করিয়া আমাকে বলুন।৫।৬

ঈশ্বর কহিলেন হে আমার প্রাণবল্লভে বালে! নগেন্দ্রনন্দিনি। হে শুচিস্মিতে! সেই সাধ্বীর চরিত সামান্য কহিব, তুমি শ্রবণ কর।৭ তিনি হৃষ্ট-

রসক্রীড়া কৃতা সার্দ্ধমেকাননে মুদা।
বেদাঙ্গসম্ভবা সাধ্বী যোগিনী সানুরী মতাম ॥৮
নাভূত্তস্যাঃ সুতৃপ্তির্ম্মেমৎ ক্রিয়ায়াং নগাত্মজ।
মানাপ্তু মুৎকটং তপং স্থিয়ং মে ক্ষেত্রকামদা ॥৯
একাম্রগহনে দেবি পর্ব্বতে তীর্থসংকুলে।
তত্রৈকো ব্রাহ্মণো যাতো ভিক্ষার্থং তামুবাচ হ ॥১০
ন দত্তমুত্তরং তস্মৈ ভিক্ষা তিষ্ঠতু দূরতঃ।
ততঃ শশাপ বিপ্রস্তাং ম্লেচ্ছতাং যাহি দুর্ম্মদে ॥১১
ইতুক্ত্বা স যযৌ বিপ্রেম্লেচ্ছত্বমাপ যোগিনী।
অতোহর্থিনং সমর্থশ্চেৎ যাচিতং ন দদাতি চেৎ ॥১২

চিত্তে একাম্রকাননে আমার সহিত রসক্রীড়া করিয়াছিলেন।৮ দেবাঙ্গসম্ভবা যোগিনী সুরী ছিলেন। হে নগনন্দিনি! আমার সহিত রতিক্রিয়ায় তাঁহার সুতৃপ্তি হয় নাই। তিনি আমার নিমিত্ত উৎকট তপস্যা করিয়াছিলেন। এই যোগিনী আমার ক্ষেত্রকামদায়িনী ছিলেন।৯ হে দেবি! একাম্রকাননে তীর্থসংকুল পর্ব্বতে তিনি তপোনিরতা আছেন, এমন সময়ে ভিক্ষা করিবার জন্য এক ব্রাহ্মণ সেখানে উপস্থিত হইয়া, তাঁহার নিকট ভিক্ষা চাহিলেন ॥১০ ভিক্ষা দূরে থাকুক, তিনি তাঁহাকে উত্তর প্রদান করিলেন না। তাহাতে ঐ বিপ্র তাঁহাকে শাপ প্রদান করিলেন। রে দুর্ম্মতে! তুমি ম্লেচ্ছা হও।১১ ব্রাহ্মণ এই বাক্য বলিয়া চলিয়া গেলেন; যোগিনী ম্লেচ্ছত্ব প্রাপ্ত হইলেন। অতএব হে দেবি! সমর্থ ব্যক্তি যাচিত হইয়া যদি যাচককে যথা শক্তি দান না করে, সে অবশ্যই দুর্গতি প্রাপ্ত হয়।১২ সমর্থ ব্যক্তি যাচকের প্রতি বিনীতের আচরণ করিবেন। হে দেবি! আমি তাঁহার তপস্যায় সততই ক্রীত

স দুর্গতি মবাপ্নোতি সমর্থো বিনয়ং চরেৎ।
তস্যাস্তু তপসা দেবি ক্রীতোহমভবং সদা ॥১৩
অসন্তয়া রতির্যাতা মম কামিনী সর্ব্বদা।
তস্যাং পুত্রো বিনুসিংহো মদৌরসসমুদ্ভবং ॥১৪
একেন জিতবান্ কামান্ সৌমারান্ গৌড়পঞ্চমান্।
বিনির্জ্জিত্য নৃপান্ সর্ব্বান্ একশ্রীমান মহামতিঃ ॥১৫
তস্যাপি বহবং পুত্রাঃ পৃথিবীপরিপালকাঃ।
কুবাচা ধার্ম্মিকাঃ সর্ব্বে রাজানোযুদ্ধদুর্ম্মদাঃ ॥১৬
তেঽপি ত্বং স বিনুসিংহো যোগমাশ্রিত্য বিহ্বলে।
তিষ্ঠতংব্যক্তরূপেণ পট্ট আকল্পমম্বিকে ॥১৭
কালাৎ সা মাধবী দেবী মদ্দেহে লীনতাং গতা ॥১৮
যথা জায়া নন্দিমাতা তপেয়ং যোগিনী মাতঃ।
যথা পুত্রোভৃঙ্গরীটস্তথা বিনুর্ম্মামাত্মজঃ ।১৯

রহিয়াছি।১৩ এই হেতুই তাঁহার সহিত আমার সর্ব্বদা রতিভাব সম্বন্ধ রহিয়াছে। তাঁহার গর্ভে আমার ঔরসে বিনুসিং নামে এক পুত্র উৎপন্ন হয়।১৪ সেই মহামতি বিনুসিংহ একাকী সৌমারগণকে এবং গৌড় পঞ্চমগণকে ও নৃপতি সমুদায়কে পরাজিত করিয়া, এক প্রধান শ্রীমান রাজা হইয়াছিল।১৫ সেই বিনুসিংহের পৃথিবীপালক বহু পুত্র উৎপন্ন হয়, তাহাদের মধ্যে কুবাচগণ সকলকেই ধার্ম্মিক রাজা ও যুদ্ধ-দুর্ম্মদ হইয়াছিল।১৬ সেই বিনুসিংহ বিহ্বলে যোগাশ্রয় করিয়া আকল্প-পর্য্যন্ত অব্যক্তরূপে অবস্থান করিতেছে।১৭ হে অম্বিকে! সেই মাধবী দেবী কালবশে আমার দেহে লীন হইয়াছিল।১৮ নন্দিমাতা আমার

বিন্দুসিংহোঽপি কল্পান্তে পরাং সিদ্ধিমবাপ্স্যতি ॥২০
তদ্বংশজাস্তু রাজানঃ সর্ব্বে কৈলাসবাসিনঃ।
ভবিষ্যন্তি মহাত্মানো ধণেশাঃ সর্ব্বশালিনঃ ॥২১
রূপযৌবনসম্পন্নৈর্দেবকন্যাগণৈঃ সহ।
বিহরন্তি সদাদেবি ক্রীড়ন্তে ভৈরবী যথা ॥২২
যদা যদা ব্রহ্মশাপঃ কামাখ্যায়াং ভবেৎ পুনঃ।
তদা তদাবতীর্য্যাসৌ স্বস্য কামস্য পালকঃ।
তথা তদ্বংশজাঃ সর্ব্বে ভবেয়ুঃ কামপালকাঃ ॥২৩
কল্পান্তমেবং দেবেশি যাবচ্ছাপে বিমুচ্যতে।
তাবদেব মহামায়ে তদ্বীর্য্যে ক্রীড়িত ধ্রুবং ॥২৪
কল্পমেবং মহেশানি কলৌ বর্ষশতত্রয়ং।
প্রাণাংশ্চ পরমেশানি ভুঙ্‌ক্তেশাপং পরাত্মিকা।

যেরূপ জায়া, এই যোগিনীও সেইরূপ জানিবে। ভৃঙ্গরীট আমার যেরূপ পুত্র, এই বিন্দুসিংহও সেইরূপ জানিও।১৯ বিন্দুসিংহও কল্পান্তকালে পরমাসিদ্ধ প্রাপ্ত হইবে।২০ তাহার বংশজাত রাজারা সকলেই কৈলাসবাসী হইবে এবং সর্ব্বসমৃদ্ধিশালীগণ ধণেশ্বর হইবে এবং তাহারা রূপযৌবনসম্পন্ন দেবকন্যাগণের।২১ সহিত ভৈরব দিগের ন্যায় আনন্দে বিহার করিয়া থাকে।২২ যখন যখন কামাখ্যায় ব্রহ্মশাপ হইবে, তখন তখনই ঐ বিন্দুসিংহ অবতার হইয়া আপনার কামরূপ পালন করিবে। তদ্বংশীয়গণ সকলেই কামরূপপালক হইবে।২৩ আর কল্পান্ত পর্য্যন্ত যাবৎ শাপ মোচন না হয় ততদিন হে মহামায়ে! তোমারই প্রভাবে তাহারা ক্রীড়া করিবে। হে মহেশানি! কলিতে তিনশতবৎসরে এইরূপ কল্প হয়। হে পরমেশ্বরি! মহামায়ে! শঙ্করি! পরমাত্মিকা

কাম্যখ্যা হি মহামায়ে তদন্তে সকলং ভবেৎ
এবন্তে কথিতং দেবি ব্রহ্মশাপবিমোচনং ॥২৫
কামাখ্যায়া মহেশানি সাফল্যেন ময়া ধ্রুবং।
তাবদ্যস্য ব্রহ্মশাপো নিষ্কৃতিস্তস্য দূরতঃ ॥২৬
তক্ষকেণাপি দংষ্টস্য প্রতিকারোহি তৎক্ষণাৎ।
ব্রহ্মশাপপ্রসক্তস্য কল্পান্তে স্যাৎ প্রতিক্রিয়া ॥২৭
নরকান্নিষ্কৃতির্নাস্তি তস্যাভাবান্ন সংশয়।
এবং তদ্বংশজাঃসর্ব্বে পাড্যান্তেহহর্নিশং প্রিয়ে ॥২৮
নানাবিধমহোৎপাতৈ যাবৎ স্যাৎ সাপ্তপৌরুষং
তস্মাত্তু ব্রাহ্মণং দেবি নামমন্যেত কুত্রচিৎ ॥২৯
সর্ব্বদেবময়ো বিপ্রো ব্রহ্মবিষ্ণুশিবাত্মকঃ।
ব্রহ্মতেজঃসমুদ্ভূতঃ সদা প্রাকৃতিকো দ্বিজঃ ॥৩০

কামাখ্যা বিপ্রশাপ ভোগ করিতেছে; শাপান্তে তাঁহার সকলই সফল হইবে। হে দেবি! এই আমি তোমাকে কামাখ্যার শাপবিমোচন-বৃত্তান্ত সকলই কহিলাম।২৫ হে ঈশানি! ব্রহ্মশাপ যাহার ঘটিয়াছে; তাহার নিষ্কৃতি দূরে অবস্থিত করিতেছে।২৬ তক্ষকে দংশন করিলেও তৎক্ষণাৎ তাহার প্রতিকার হইতে পারে; কিন্তু ব্রহ্মশাপগ্রস্ত ব্যক্তির কল্পান্তে না হইলে প্রতীকার হয় না।২৭ হে দেবি! প্রলয়ব্যতিরেকে তাহার নিষ্কৃতি নাই। হে প্রিয়ে! ব্রহ্মশাপগ্রস্ত ব্যক্তির বংশধরগণ ও সপ্তপুরুষ পর্য্যন্ত বিবিধ উৎপাতে অহর্নিশি প্রপীড়িত হয়।২৮ সেই হেতু হে দেবি! ব্রাহ্মণের কথনই অবমাননা করিবে না।২৯ ব্রাহ্মণ সর্ব্বদেবময় এবং ব্রহ্মবিষ্ণু শিবস্বরূপ। দ্বিজগণ যদিও প্রাকৃতিক অর্থাৎ পঞ্চভূতময়, তথাপি তাঁহারা ব্রহ্মতেজ হইতে উদ্ভূত হইয়াছেন।৩০ যেখানে

ব্রাহ্মণৈ র্ভুজ্যতে যত্র তত্র ভুঙ্‌ক্তে হরিঃ স্বয়ং ।
তত্র ব্রহ্মা চ রুদ্রশ্চ খেচরা ঋষয়ো মুনিঃ ।
পিতরোদেবতা সর্ব্বে ভুঞ্জতে নাত্র সংশয় ॥৩১
সর্ব্বদেবময়োবিপ্র স্তস্মাত্তং নাবমানয় ।
ব্রাহ্মণঞ্চ কুমারীঞ্চ শক্তি মগ্নিং শ্রুতিঞ্চ গাং ।
নিত্যমিচ্ছন্তি তে দেবাযজিতুং কর্ম্মভূমিষু ॥৩২
পূজিতৈকা কুমারী চেদ্‌দ্বিতীয়ং পূজনং ভবেৎ ।
কুমারীপূজনফলঃ ময়া বক্তুং ন শক্যতে ॥৩৩
কুমার্য্যশ্চ শক্তশ্চ সর্ব্বমেতচ্চরাচরং ।
একা চেদ্‌যুবতী দেবী পূজিতা স্বাত্মলোকিতা ।
সর্ব্বাস্তব পরাদেব্যাঃ পূজিতা স্যান সংশয় ॥৩৪
হুতএকগুণং বহ্নৌ দত্তমেকগুণং দ্বিজে ।

ব্রাহ্মণগণ ভোজন করেন, সেখানে হরি স্বয়ং ভোজন করিয়া থাকেন, এবং তথায় ব্রহ্মা, রুদ্র, খেচরগণ, ঋষিগণ, মুণিগণ, পিতৃগণ, দেবগণ সকলেই ভোজন করেন, সন্দেহ নাই ।৩১ অতএব হে দেবি! ব্রাহ্মণ সর্ব্বদেবময়, অতএব তুমি কখনই তাঁহাদের অবমাননা করিও না। হে দেবি! দেবগণ সততই কামনা করেন যে, কর্ম্মভূমিতে ব্রাহ্মণ, কুমারী শক্তি; অগ্নি শ্রুতি এবং গো এই সকলের নিত্যই পূজা হউক ।৩২ যদি নরগণ একটি কুমারীর পূজা করে। তবে তাহার মহৎফল হয়। হে দেবি! কুমারী পূজনের ফল আমি ব্যক্ত করিতে অক্ষম। হে অম্বিকে! কুমারীগণ ও শক্তিগণ এই চরাচরস্বরূপ) হে দেবি! যদি একটি যুবতীর পূজা করা যায়, তবে তদ্বারাই সমস্ত দেবীগণই পূজিত হইয়া থাকেন, সন্দেহ নাই। ৩৪ বিশ্বাসপূর্ব্বক বহ্নিতে একগুণ হোম এবং বিপ্রগণকে

লভ্যতে কোটিগুণিতং বিশ্বাসান্নাত্র সংশয়ঃ।
অবিশ্বাসে শত গুণং ফলমেব সুনিশ্চিতং॥৩৫
গোগ্রাসং পাবনং লোকে সর্ব্বপাপনিকৃন্তনং।
কুমার্য্যৈ চৈব যদ্দত্তং তথা শক্ত্যৈ মহেশ্বরি॥৩৬
ননশ্যতিকদাপিতৎ কল্পকোটিশতাযুতৈঃ।
ধর্ম্মযোনির্হিতে দেবা ধর্ম্মো যজ্ঞাদকো মতঃ॥৩৭
পরলোকে মহাবন্ধু ধর্ম্মোহত্র ন সংশয়।
কর্ম্মণ্যেব কৃতত্ত দেবি বৈদিক বহুজন্মনি।
ততশ্চাগমকে ধর্ম্মে ধর্ম্মেনৈব প্রবর্ত্ততে॥৩৮
তত্র সম্প্রাপ্যতে মুক্তিঃ কর্ম্মবন্ধবিনাশিনী।
ততস্তু বহুজন্মান্তে জ্ঞানমাসাদ্য মুচ্যতে॥৩৯
কর্ম্মণা লভতে ভক্তির্ভক্ত্যা জ্ঞান মুপালভেৎ।
জ্ঞানান্মুক্তি মহাদেবি সত্যং সত্যং ময়োচ্যতে॥৪০

একগুণ দান করিলে, কোটিগুণ ফল লাভ করিয়া থাকে তাহাতে সংশয় নাই। অবিশ্বাস করিয়া হোম ও দান করিলে, শতগুণমাত্রায় ফলপ্রাপ্ত হয়, ইহা সুনিশ্চিত জানিবে। হে মহেশ্বরি! ইহলোকে গোগ্রাসদান পরম পবিত্র কর্ম্ম, তদ্দ্বারা সমস্ত পাপ বিনষ্ট হইয়া যায়॥৩৬ কুমারীকে ও শক্তিকে যাহা দেওয়া যায় তাহা কল্পকোটি শতযুত বৎসরেও তাহা বিনষ্ট হয় না। দেবগণই ধর্ম্মযোনি, যজ্ঞাদিই ধর্ম্ম, পরলোক ধর্ম্মই মহাবন্ধু; তাহাতে আর কিছুমাত্র সন্দেহ নাই॥৩৭ হে দেবি। বহুজন্ম বৈদিককর্ম্ম করিয়া; তারপর আগমধর্ম্মে প্রবৃত্ত হইবে॥৩৮ তাহাতে কর্ম্মবন্ধবিনাশিনী মুক্তি প্রাপ্তি হয়। আগমধর্ম্মে প্রবৃত্ত থাকিয়া বহুজন্মান্তে মুক্তিলাভ হইবে॥৩৯ কর্ম্ম দ্বারা, ভক্তি দ্বারা জ্ঞান, জ্ঞান দ্বারা মুক্তিলাভ হয়। হে মহাদেবি

জ্ঞানভাবে সমুৎপন্নে সংপ্রাপ্য জ্ঞানমুক্তং ।
তদা যোগী বিমুক্তঃ স্যাদিত্যাহ ভগবান্ শিবঃ ॥৪১
ন কর্ম্মণঃ সমারম্ভা নৈষ্ফলং পুরষোঽশ্নুতে ।
তস্মাৎ কর্ম্ম মহামায়ে সর্ব্বদা সমুপাচরেৎ ॥৪২
বৈদিকং তান্ত্রিকং বাপি যদি ভাগ্যে ন লভতে ।
ন বৃথা গময়েৎ কালঃ দ্যূতক্রীড়াদিনা সুধীঃ ॥৪৩
সময়ে দেবতাপূজাজপযজ্ঞস্তপাদিনা ।
দ্বিধিকৈব তৎ কর্ম্ম বাহ্যান্তরবিভেদতঃ ॥৪৪
বাহ্যঞ্চানিয়মাসক্তং মানসং ন তথা পুনঃ ।
অশুচির্ব্বা শুচির্ব্বাপি যত্র কুত্র স্থলেঽপি বা ।
গচ্ছং স্তিষ্ঠন্ স্বপন্ বাপি যদ্বা যদ্বা বরাননে ।
কুর্য্যাচ্চ মানসং ধর্ম্মং ন দোষো মানসে ক্বচিৎ ॥৪৫।৪৬

ইহা আমি তোমাকে সত্য সত্যই কহিলাম ॥৪০ ভগবান শিব কহিয়াছেন যখন জ্ঞানভাব উৎপন্ন হয়, তখন যোগিজন উত্তম জ্ঞান লাভ করিয়া মুক্ত হইয়া থাকেন ॥৪১ কর্ম্ম করিলে পুরুষগণ নিস্ফলতা লাভ করে না অবশ্যই তাহার ফলপ্রাপ্ত হইয়া থাকে। অতএব হে দেবি! সর্ব্বদা কর্ম্ম আচরণ করা কর্ত্তব্য ॥৪২ যদি দুর্ভাগ্যবশে বৈদিক বা তান্ত্রিককর্ম্ম করিতে না পারে, তথাপি সুধীগণ দ্যুতঅক্ষাদি দ্বারা কালাতিপাত করিয়া, বৃথা সময় নষ্ট করিবেন না ॥৪৩ দেবতাপূজা জপ যজ্ঞ ও স্তবাদি দ্বারা কালক্ষয় করিবেন, কর্ম্ম দ্বিবিধ, বাহ্য ও আন্তরিক॥৪৪ বাহ্যকর্ম্ম অনিয়ম দ্বারা করিতে পারা যায় না। কিন্তু মানসিক বা আন্তরিক কর্ম্ম সেরূপ নহে। অশুচিই হউক বা শুচিই হউক, যে কোনও স্থলেই হউক,

ফলমেতদ্বাচিকস্য জপং পরকীর্ত্তিতঃ।
তস্মাচ্ছতগুণোপাংশুং সহস্রো মানসো মতঃ ॥৫৩
মন্ত্রমুচ্চারয়েবাচা বাচিকো জপ ঈরিতঃ।
কিঞ্চিৎ স্যু শ্রবণোপেত উপাংশুঃ পরকীর্ত্তিতঃ ॥৫৪
নিজকর্ণা গোচরো যো মানসঃ পরিকীর্ত্তিতঃ।
বাচিকস্তু জাপা বাহ্যো মানস্যোঽভ্যন্তরো মতঃ ॥৫৫
উপাংশুঃর্ম্মিশ্রএব স্যাস্ত্রিবিধোঽয়ং জপঃ স্মৃতঃ।
জপেন দেবতা নিত্যং স্তুয়মানা প্রসীদতি ॥৫৬
প্রসন্না বিপুলান্ কামান্ দদ্যান্মুক্তিঞ্চ শাশ্বতীং।
সাধনঞ্চ জপঞ্চৈব ধ্যানঞ্চৈব বরাননে।
নাল্পেন তপসা দেবি কেনাপি কুত্র লভ্যতে ॥৫৭

ভয়বিহ্বল হইয়া জপকারী ব্যক্তিকে দর্শন করিতে পারে না। হে প্রিয়ে! পাপসকল, সাধক ব্যক্তিকে কদাচই স্পর্শ করিতে পারে না ॥৫২ আমি তোমাকে বাচক জপের ফল কহিয়াছি, উপাংশু জপে তাহার শতগুণ, মানসিক জপে তাহার সহস্রগুণ ফললাভ হয় ॥৫৩ উচ্চবাক্য দ্বারা মন্ত্রের উচ্চারণ করিলে তাহাকে বাচক জপ, কিঞ্চিৎ শ্রবণযোগ্য জপই উপাংশু জপ ॥৫৪ এবং যাহা নিজের কর্ণগোচর না হয়, তাহাই মানসিক জপ, বাচিক জপই বাহ্যজপ এবং মানসিক জপকে আভ্যন্তর জপ ॥৫৫ এবং উপাংশু জপকে মিশ্র জপ কহে, এইরূপে জপ তিন প্রকার হয়। জপ দ্বারা স্তূয়মান দেবতাগণ প্রসন্ন হইয়া বিপুল কাম্যবিষয় এবং পরিশেষে শাশ্বতী মুক্তি প্রদান করিয়া থাকেন ॥৫৬ হে বরাননে! সাধন জপ ও ধ্যান অল্প তপস্যা দ্বারা কোথাও পাওয়া যায় না ॥৫৭ হে দেবেশি! যদি

যদি ভাগ্যেন দেবেশি বহুজন্মার্জ্জিতেন চ।
প্রাপ্যতে যত্র তচ্চেতু জন্মনাপ্যেকমোক্ষভাক্ ॥৫৮
ব্রহ্মজ্ঞানঞ্চ যৎ প্রোক্তং সমাধিস্তৎ প্রকীর্ত্ত্যতে।
ইত্যেবং কথিত রম্যং সমাসেন মহেশ্বরি।
ইতঃপরং মহাদেবি কিং পুনঃ শ্রোতু মিচ্ছসি ॥৫৯
ইতি শ্রীযোগিনীতন্ত্রে দেবীশ্বরসম্বাদে চতুর্ব্বিশতি
সহস্রো ত্রয়োদশঃ পটলঃ।

শ্রীদেব্যুবাচ।

ভো দেব পরমানন্দ মহাযোগেশ্বর প্রভো।
শুশ্রূষা যত্র মে দেব কৃপয়া কথ্যতাং গুরো ॥১
শ্রুতং বিপ্রস্য চরিতং রেতসস্তে সনাতন।
প্লবশ্চ যবনশ্চৈব সৌমরিশ্চ মহেশ্বর।
তেষাং রেতঃসমুদ্ভূতা ম্লেচ্ছাস্তে কামপালকাঃ।
কথং জাতা কহদেব বদ মে করুণাময়ঃ ॥২।৩

বহুজন্মার্জ্জিত পুণ্যবলে সেই সকল প্রাপ্ত হয়, তবে একজন্মেই মোক্ষলাভ হইতে পারে ॥৫৮ যাহা ব্রহ্মজ্ঞান কহিয়াছি, তাহা ইসমাধি বলিয়া কীর্ত্তিত হয়। হে মহাদেবি! এই আমি তোমাকে সংক্ষেপে মনোরম গুহ্যবিষয় সকল কহিলাম। ইহারপর আর তোমার কি শুনিতে বাসনা হয় আমার বল ॥৫৯

ইতি যোগিনী তন্ত্রে দেবীশ্বরসংবাদে ত্রয়োদশ পটলঃ।

দেবী কহিলেন, হে, মহাযোগেশ্বর! পরমানন্দ, দেব-প্রভো! আমি যাহা শ্রবণ করিতে বাসনা করি, আপনি কৃপা করিয়া তাহা কীর্ত্তন করুন ॥১ হে·সনাতন! গুরো! আমি বিপ্রচরিত এবং আপনার

ঈশ্বর উবাচ।

শান্তপুত্রাশ্চ বাহ্লীকাস্ম্ৎস্যঃ কৌরবসংযুগে।
নান্যোবংশধরঃ কশ্চিত্তদ্বংশে তু ত্রিলোচনে ॥৪
তদা বাহ্লীকরমণী কীর্ম্মি গুণবতী শুভা।
যুবতী সুন্দরী রম্যা তপঃশীলা মহামতি ॥৫
পুত্রেচ্ছয়াগতাকাশীং তপ স্তপে দিবানিশং।
স্থিত্বাবিশ্বেশ্বরাগ্রে তু দ্বারে মে মুক্তিমণ্ডপে ॥৬
তদা বলিসুতো বাণো মহাকালো মহাবল।
তদ্দ্বারপালকো দেবি শুশুভে তাং নিরীক্ষ চ ॥৭
মদধীকারমাদায় ভৈরবঃ কামমোহিতঃ।
কপালমালী মদিরামোদিতন্মত্তবেশবান ॥৮

বীর্য্যতেজ শ্রবণ করিলাম। প্লব যবন. সৌমারগণের রেতঃসমুৎপন্ন ম্লেচ্ছ কামরূপের পালক, তাহা। কিরূপে কোথা হইতে জন্মগ্রহণ করিল, আপনি করুণা করিয়া তৎসমুদয় বর্ণন করুণ ॥২।৩

ঈশ্বর কহিলেন, হে দেবি। শান্তপুত্র বহ্লীকগণ কৌরব সমরে নিহত হইয়াছে। হে ত্রিলোচনে! সেই বংশে অন্য কেহই বংশধর ছিল না ॥৪ সেই সময় পরমা সুন্দরী মনোরমা সুন্দরী যুবতী মহামতী তপঃশীলা গুণবতী বাহ্লীকরমণী কল্যাণী কীর্ম্মি ॥৫ পুত্রলাভ আশায় কাশীতে আগমন করিয়া বিশ্বেশ্বরের অগ্রদ্বারে মুক্তিমণ্ডপে ॥৬৫ দিবারাত্র তপস্যা করিতে আরম্ভ করিল। সেই সময়ে বলিপুত্র বাণ এবং মহাবল মহাকাল বিশ্বেশ্বরের দ্বার পালক ছিলেন। তন্মধ্যে আমার অধিকারস্থিত ভৈরব সুশোভিনী কীর্ম্মিকে দেখিয়া কামমোহিত হইল ॥৭।৮ কপালমালাধারী

তপস্বিবেশমাবস্থায় নির্লজ্জোরতিনায়কঃ।
কীর্ম্মের্জাতা মহাদেবি বন্ধুকা মলকাসুতঃ॥৯
ভৈরবো বিপুলস্তত্র ততোজাতো মহাঙ্কুশঃ।
কীর্ম্মেঃ সুতোমহাদেবি মহাকালস্য রেতসঃ॥১০
বাৎসল্যং তত্র দৃষ্ট্বাহং তৎপুত্রে ভৈরবস্য চ।
তয়ানিশং রতিশ্চাপি মহাকুশমহাভুজঃ।
রাজ্যাপ্তিং সহ তস্যাপি কীর্ম্মিশ্চেষ্টাঞ্চ শাম্ভব।
কামরূপান্তকঃ শাল্বঃ রাজ্যং প্রাপ্তো মহাঙ্কুশঃ॥১১।১২
কীর্ম্মিযোগিনিং সমামাদ্য কুলাচারপরায়ণঃ।
সমর্চ্চয়ন্ যথা কাশ্যাং তথা তথাপি সর্ব্বদা॥১৩

মদিরামত্ত, উন্মত্ত বেশধারী নির্লজ্জ রতিনায়ক ভৈরব কীর্ম্মির সহিত প্রেমাবেশে সহবাস করিল॥৯ হে মহাদেবি! তাহাতে কীর্ম্মির মহাঙ্কুশ নামে এক পুত্র জন্মিল। বন্ধু কামলকের ন্যায় ঐ পুত্রের কান্তি দর্শনে কীর্ম্মি অতিশয় আহ্লাদিত হইল। মহাকালের বীর্য্যে ঐ কীর্ম্মির পুত্র উৎপন্ন হইল। ভৈরবের সেই পুত্রদর্শনে আমারও অত্যন্ত বাৎসল্য জন্মিল। হে শাম্ভবি! মহাভুজশালী মহাঙ্কুশ অত্যন্ত যত্নসহকারে লালিত পালিত হইতে লাগিল। কীর্ম্মির তপশ্চর্য্যায় তাহার রাজ্যলাভ হইল। কামরূপান্তক পাল এই প্রকারে মহাঙ্কুশরূপে রাজ্য প্রাপ্ত হইল। ॥১১।১২ সেই শাল্ব কীর্ম্মির গর্ভে জন্মলাভ করিয়া কুলাচারপরায়ণ হইল, এবং সব সময়ে কাশীতে থাকয়া তোমার অর্চ্চনা করিতে লাগিল। ॥১৩ হে দেবি! তথায় অহর্নিশা তোমার মহতীপূজা হইবে সন্দেহ নাই। মহাঙ্কুশের উৎপত্তির পর আর কাশীতে আক্রমণ ও আতঙ্কাদি কিছুই নাই. তদনন্তর সে প্লব নামে বিখ্যাত হইয়া মণিমণ্ডপে গমন

তৎপূজা তত্র মহতী ভবিষ্যতি দিবানিশং।
মহাস্কুশ সমুদ্ভব কাশ্যামাতঙ্কনং কৃতঃ।
ততঃ প্লবেতি নামাচ জগাম মনিমণ্ডপং।
এবন্তে কথিতং দেবি চরিতং প্লবসম্মতং ॥১৪।১৫
যবনং চরিতং কিঞ্চিৎ কথয়ামি শৃণুস্ব তৎ।
অসী ত্রেতাযুগে রাজা বহুধর্ম্মপরায়ণঃ।
মহাধীশো মহাযোদ্ধা সূর্য্যবংশসমুদ্ভবঃ ॥১৬
পিতৃশক্রু ন বিনির্জ্জিত্য সপ্তদ্বীপাং বসুন্ধরাং।
বুভজে পরমং কামং যোগধ্যানং সবিস্মৃতং ॥১৭
বহুকালে মহামায়ে ততঃ স্বমদমোহিতঃ।
মত্তোধিকো রাজা নাসাস্তুমণ্ডলেহধুনা।
নিপাত্য পিতৃশক্রুন্ যঃ পিতৃশ্রাদ্ধং কৃতং হি যৎ।
এবং জাতঃ স্বাহঙ্কারঃ সর্ব্বনাশকরো হি যৎ ॥১৮।১৯

করিল। হে দেবি! এই আমি তোমার নিকট প্লব চরিত বর্ণন করিলাম।১৪।১৫

হে শাকম্ভরি! কিঞ্চিৎ যবনচরিত বর্ণন করিব শ্রবণ কর। ত্রেতা-যুগে বাহু নামে মহাবুদ্ধি মহাযোদ্ধা ধর্ম্মপরায়ণ এক সূর্য্যবংশীয় রাজা ছিলেন, তিনি পিতৃশক্রু সমুদয় পরাজিত করিয়া সপ্তদ্বীপা বসুন্ধরার পরম ভোগ্য বিষয় সকল সম্ভোগ করিতে লাগিলেন। কিন্তু যোগধ্যানাদি সমস্তই বিস্মৃত হইলেন।১৬।১৭ হে মহামায়ে! তদনন্তর বহুকাল পরে বাহুরাজ নিজমদে মোহিত হইয়া বিবেচনা করিতে লাগিলেন। যে এক্ষণে অবনীমণ্ডলে আমার অপেক্ষা বলবান বৈভবাদি সম্পন্ন নরপতি আর কে

তস্মাত্তু পাপসঞ্চারে আতঙ্কস্য মহীভুজঃ।
পাপাত্মা যো ভবেদ্রাজা রাজতাং ন কদাচন ॥২০
অহঙ্কারোযুদ্ধচর্য্যঃ সদা নৈবস্থিতি।
মহাপানি সর্ব্বানি সাঙ্গাঙ্গেতানি নিশ্চিতং ॥২১
তস্য তেনৈব ভাবেন রাজলক্ষ্মীর্ব্বিনিচ্যুতা।
আবির্ভূতো হৈহশ্চ তালজঙ্ঘানৃপোত্তমাঃ ॥২২
মন্ত্রয়িত্বা চ রাজানোলঙ্ঘয়িত্বাম্বুধিং তদা।
ব্যতিত করদানস্য প্রাপুরুত্তর কোশলং ॥২৩
অদৌ পরাজিত স্তেভ্যোবাহুমাসেন নিক্রমঃ।
হৃতরাজ্যোবাহুরাজঃ সস্ত্রীকো বনমাযোযৌ ॥২৪

আছে? আমি পিতৃশত্রুগণকে নিপাত করিয়া তবে পিতৃশ্রাদ্ধ করিয়াছি। এইরূপ সর্ব্বনাশকর, অহঙ্কার তাঁহার মানসে উৎপন্ন হইল ॥১৮।১৯ সেই হেতু সে মহাভূজ মহারাজের পাপের সঞ্চার হইল। যে রাজা পাপাত্মা হয় তাহার রাজত্ব কখনই থাকে না ॥২০ অহঙ্কার ও নিরন্তর যুদ্ধ, চর্চ্চা উপযুক্ত নহে, এই সকল বীরগণের নিন্দনীয়, বিনাশের হেতু এবং মহাদোষকর বলিয়া জানিবে ॥২১ সেই হেতু বাহুরাজের রাজলক্ষ্মী শীঘ্রই বিচ্যুতা হইলেন। অবিলম্বেই তালজঙ্ঘ ও হৈহয় রাজগণ আবির্ভূত হইল ॥২২ সমস্ত রাজগণ একত্র মিলিত হইয়া মন্ত্রণা করিয়া সমুদ্র লঙ্ঘন করিয়া বাহুরাজকে পরাজয় করিয়া উত্তরকোশল অধিকার করিয়া লইল ॥২৩ অতএব বাহুরাজ একমাস মধ্যেই পরাজিত হইলেন। হৃতরাজ্য হইয়া বাহুরাজ সস্ত্রীক বনগমন করিলেন ॥২৪ তথায় তিনি প্রাণত্যাগ করিলেন, তাহাতে সমস্তই নিষ্প্রভ হইল। বাহুর পুত্র সগর, ধীর মহাবীর্য্য ও মহাপরাক্রমশালী ছিলেন। তিনি

মমার ভুবনে বাহুঃ সমস্তং নিস্প্রভং ভবেৎ।
তৎপুত্রং সগরোধীরো মহাবীর্য্য পরাক্রমঃ।
তেন বিসজ্জতৌ ভুপৌ তালজঙ্ঘাহৈহয়ৌ।
অবমানঞ্চ বশিষ্ঠস্য তত্তয়োরীদৃশী গতিঃ।
পুনশ্চ তৌ রাজানৌ যবনৌ প্রাণকারতৌ ॥২৫
বশিষ্ঠং শরণং যাতৌ রক্ষরক্ষেতি বাদিনৌ।
ততস্তান্ বিপ্রো বশিষ্ঠস্ত্বভয়ং দদৌ ॥২৬
এতস্মিন্নন্তরে ভূপঃ সগরঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
তান্ হন্তুকামো নৃপন্তি বশিষ্ঠান্তিকমাযযৌ।
তত্তথা ভূপমালোক্য বশিষ্ঠো ব্রহ্মসম্ভবঃ।
উবাচ সগরং দেবি ধর্ম্মজ্ঞং বাহুনন্দনং ॥২৮
মা হিংসী র্বাহুনন্দন অভয়ং দত্তমামহং।
তচ্ছ্রুত্বা স্থগিতো রাজা বাহুজো ভবিষ্যা কৃতী ॥২৯

ভুজবলে, তালজঙ্ঘ ও হৈহয়দিগকে রাজ্য হইতে দূরীকৃত করিয়া দিলেন।২৫ উহারা বশিষ্ঠের অবমাননা করিয়াছিল, সেই হেতুই তাহাদের এরূপ দুর্দ্দশা ঘটিল। ঐ যবনরাজদ্বয় প্রাণে কাতর হইয়া ॥২৬ বশিষ্ঠের নিকট আগমন করিয়া রক্ষ রক্ষ বলিয়া আশ্রয় চাহিয়াছিল। বশিষ্ঠ ঋষি ঐ যবনগণকে অভয় প্রদান করিলেন ॥২৭ এই সময়ে সগর রাজ ক্রোধান্ধ হইয়া তাহাদিগকে বিনাশ করিবার মানসে বশিষ্ঠ সন্নিধানে উপস্থিত হইলেন। ব্রহ্মসম্ভব বশিষ্ঠ ঋষি ধর্ম্মজ্ঞ বাহুনন্দন সগর রাজকে সমাগত দেখিয়া কহিলেন ॥ ২৮ হে বীর! বাহুনন্দন! তুমি ইহাদের হিংসা করিও না, আমি ইহাদিগকে অভয় দান করিয়াছি, সেই কথা শুনিয়া বাহুরাজ কৃতিবর সগর স্থগিত হইয়া বিবেচনা

ব্রহ্মবাক্যং বৃথা ন স্যাৎ প্রতিজ্ঞা মেঽপি পূর্ব্বজা।
ইদানীং কিং করোমাত্মসঙ্কটং সমুপস্থিতং ॥৩০
ইতি সঞ্চিন্ত্য তৎসর্ব্বং বশিষ্ঠমভ্যবেদয়াৎ।
হন্মিতান্ মানুষগণান্ প্রতিজ্ঞা মে কৃতা পুরা ॥৩১
তত্র তদ্বচনং শ্রুত্বাহতোঽস্মি কিং করোম্যতঃ।
তদ্বাক্য মন্যথা কর্ত্তুং ময়ানোক্ত সদা মনে ॥৩২
যদ্যুপায়ং ন করোষি শ্রেয়ামে মরণং তদা।
এবং শ্রুত্বা বশিষ্ঠোঽসৌ সত্বরং প্রত্যভাষত ॥৩৩

বশিষ্ঠ উবাচ।

মা বিষাদং গচ্ছ সখে কর্ত্তব্যং যচ্ছৃণুষ্ব যে।
তব ঘাতী নমান্ সর্ব্বান্ মুণ্ডয়িত্বা শিরাংসি তু।
বেদাচারবহির্ভূতান্ কারয়ামাস দূরতঃ ॥৩৪

করিলেন ॥২৯ আমি পূর্ব্বে প্রতিজ্ঞা করিয়াছি যে কদাচই ব্রহ্মবাক্যের অবমাননা করিব না, এক্ষণে আমি কি করিব, আমার বিষম সঙ্কটস্থল উপস্থিত হইল ॥৩০ এই সকল চিন্তা করিয়া বশিষ্ঠকে নিবেদন করিলেন, আমি পূর্ব্বে প্রতিজ্ঞা করিয়াছি এই সকল যবনগণকে হনন করিব ॥৩১ এক্ষণে আপনার বাক্য শ্রবণ করিয়া আমি হতবুদ্ধি হইয়াছি। কি করি কিছুই অবধারণ করিতে পারিতেছি না। হে মুনিবর! আমি আপনার বাক্যের ও অন্যথা করিতে পারিব না ॥৩২ যদি আপনি ইহার উপায় বিধান না করেন, তবে আমার মরণই শ্রেয়স্কর। এই বাক্য শ্রবণ করিয়া বশিষ্ঠ সত্বরই প্রত্যুত্তর প্রদান করিলেন ॥৩৩

বশিষ্ঠ কহিলেন, হে সখে! তুমি বিষণ্ণ হইও না, আমার নিকট

হিমাদ্রি পশ্চিমে ভাগে দেশে তু যবনোনৃপঃ।
ইত্থং মে বচনং তিষ্ঠেৎ প্রতিজ্ঞাপি চ তে বিভো ॥৩৫
শিরসং কৃন্তনং যদ্ধি মুণ্ডনং তদ্বদেব হি।
বেদেঽপি স্থিরমেবং হি সমানং সমুদাহৃতং ॥৩৬

ঈশ্বর উবাচ।

ইত্থং তদ্বচনং শ্রুত্বা সগরোঽপি তথাকরোৎ।
তেঽপি বৈ ক্ষত্রিয়াঃ সর্ব্বে হৈহয়া স্তালজঙ্ঘকাঃ।
বিড়ম্বিতা বিহীনাস্তে সদা মুণ্ডিতমস্তকাঃ ॥৩৭
সুষণ্ণমুনি মাশ্রিত্য সদাচারবিবর্জ্জিতঃ।
সুষণ্ণস্যোপদেশাত্তে তপস্তেপে সদাশ্রিতঃ ॥৩৮

কর্ত্তব্য শ্রবণ কর। তোমার এই সকল অরাতিগণের শিরোমুণ্ডন এবং ইহাদিগের বেদাচার বহিষ্কৃত করিয়া দেশ হইতে দূরে নির্ব্বাসিত করিয়া দাও ॥৩৪ হিমাচলের পশ্চিমভাগে যবনদেশ, তথায় ইহাদিগকে নির্ব্বাসিত কর। তাহা হইলে তোমার প্রতিজ্ঞার অন্যথা হইবে না, যেহেতু শিরশ্ছেদন ও শিরোমুণ্ডন একরূপই কার্য্য; বেদে এই উভয় কার্য্যই সমান বলিয়া উক্ত হইয়াছে ॥৩৫।৩৬

ঈশ্বর কহিলেন, বশিষ্ঠের এই বাক্য শ্রবণ করিয়া সগরও তাহাদের প্রতি সেইরূপ আচরণ করিলেন। ক্ষত্রিয় হৈহয় ও তালজঙ্ঘগণ এইরূপে মণ্ডিতমস্তক ও বিড়ম্বিত ও হীন হইয়া ॥৩৭ সুষণ্ণ মুনির আশ্রয় গ্রহণ পূর্ব্বক সদাচার বর্জ্জিত হইয়া রহিল। অনন্তর মুনির উপদেশে তাহারা সতত তপস্যা করিতে আরম্ভ করিল ॥৩৮ হে মহাদেবি! তাহারা

যামাশ্রিত্য মহাদেবি ম্লেচ্ছাচারপরায়ণাঃ।
তামসাস্তে মহাদেবি তামসাং ভাবমাশ্রিতাঃ ॥৩৯
সংযোগঞ্চ বিয়োগঞ্চ মন্ত্রণাঞ্চ দ্বিধা গতিঃ।
সাত্ত্বিকে রাজসে দেবি সংযোগকেফলদায়কঃ।
বাহ্যান্তরবিয়োগেন সংযোগোহি অনুত্তমঃ।
তামসে তু বিয়োগঃস্যাদ বাহ্যসিদ্ধিফলপ্রদঃ ॥৪০
তামসঃ পরলোকস্য বাহ্যস্ত্বদ্ধর্ম্মঈরিতঃ।
তেষান্তেনৈব ভাবেন প্রাসদো মেঽভিজায়তে ॥৪১
ময়া দত্তো বর স্তেভ্যো শৃণু কাময়িতু বরং।
ভুঙ্ক্তে্দানীমিদং রাজ্যং যবন তিষ্ঠ এব চ ॥৪২
কালে ভথেন্দ্বষ্টনবান্ গতে শাকে কলৌ যুগে।
পুণ্যদেশাধিপাযুয়ং ভবিষ্যথ সুনিশ্চিতং ॥৪৩

ম্লেচ্ছাচার পরায়ণ। অতএব তামস ভাব গ্রহণ পূর্ব্বক, তামসধর্ম্মী হইল। মন্ত্র সকলের গতি সংযোগও বিয়োগভেদে দুইপ্রকার। হে দেবি! সাত্ত্বিক ও রাজসধর্ম্মের সংযোগ ফলদায়ক এবং বাহ্যান্তর বিয়োগ সহিত সংযোগও উত্তম তামসে বিয়োগ, বাহ্য ও সিদ্ধিফলপ্রদ হয় ॥৪০ তামস পরলোক বাহ্যধর্ম্ম বলিয়া উদীরিত হইয়া থাকে। তাহাদের সেই তামসভাব দ্বারাই আমার প্রসন্নতা হয়, আমি তাহাদিগকে বর প্রদান করিয়াছিলাম, তাহা শ্রবণ কর। হে যবনগণ! তোমরা এক্ষণে এই রাজ্য ভোগ করিয়া অবস্থান কর ॥৪২ আর কলিযুগে ইন্দু অষ্ট নব শাকগত হইলে তোমরা নিশ্চিতই পুণ্যদেশের অধিপতি হইবে ॥৪৩ হে মহেশ্বরি! শিবে! এইরূপে যবনগণ কামরূপের অধীশ্বর হইয়াছিল, যবনেরা

এবমেব মহেশানি কামরূপাধিপঃ শিবে।
যবনোমৎ-প্রসাদেন তথান্য পুণ্য ভুমিষু।
বহুভূপ সমাকীর্ণঃ কলৌ ভুঙক্তে মহীঃ মুদা ॥৪৪
এবন্তে কথিতং দেবি বৃত্তান্তং যাবং সদা।
ইদানী শ্রূয়তাং যুদ্ধে সৌমারচরিতং তথা ॥৪৫
একদামরবাজস্য খাণ্ডবং বন মাষযৌ।
বিহার দেবরাজ্যং চ কৌশঙ্গ্যা সহিতঃ স্বয়ং ॥৪৬
গতেষু বহুকালেষু ক্রীড়ায়া দেবভূভৃজঃ।
তৌর্য্যত্রিকে সম্যগিচ্ছা জাতা বহুবিধা স্তথা ॥৪৭
রম্ভাং তিলোত্তমাং কাঞ্চী কুরঙ্গাক্ষীং মনোহরাং।
আদিদেশ সমানীয় নৃত্যং কর্ত্তঞ্চ রম্ভয়া ॥৪৮
ততস্তেন তাং স্বর্গাবেশ্যা জগ্মুমিদান্বিত্যঃ।
নানাবিধ বিধানেন ইন্দ্রা তুষোত মোহিনী ॥৪৯

আমার প্রসাদে কলিকালে অন্যান্য বহুতর পুণ্যভূমির অধীশ্বর হইয়া, বহুতর যবনরাজ প্রফুল্লিত চিত্তে অবনীসম্ভোগ করিবে ॥৪৪ হে দেবি! এই আমি তোমাকে যাবনিক বৃত্তান্ত কহিলাম। সৌমারগণের চরিত কথা শ্রবণ কর ॥৪৫ একদিবস অরমরাজ ইন্দ্র দেবরাজ্য পরিহার করিয়া কৌশাঙ্গীর সহিত ॥৪৬ খাণ্ডববনে গমন করিলেন। দেবরাজ তথায় বহুকাল ক্রীড়া করিলেন। তদনন্তর তাঁহার তৌর্য্যত্রিকাদিত বিষয়ে সম্যক বাসনা জন্মিল ॥৪৭ তদনন্তর দেবেন্দ্র, রম্ভা, তিলোত্তমা, কাঞ্চী, কুরঙ্গাক্ষী, মনোহরা, এই সকলই স্বর্গ কামনীকে আনয়ন করিয়া নৃত্য করিতে আদেশ করিলেন ॥৪৮ তাহারা দেবরাজকে বেষ্টন করিয়া নৃত্য আরম্ভ করিল। নানাবিধ বিধান দ্বারা স্বর্গবেশ্যাগণ ইন্দ্রকে সন্তুষ্ট

মোহিতা চাপি কৌশাঙ্গি দেবরাজেন সঙ্গতা।
তাসাং নৃত্যং প্রগীতেন কামোপেকোহ ভবেত্তদা ॥৫০
এতস্মিন্নন্তরে দেবি স্বর্গবেশ্যা মনোহরা।
তয়া রতিং সমাকরোৎ দেবেন্দ্রো বল সূদনং ॥৫১
ইন্দ্রং তদ্বিধমালোক্য মনো দধে তথা তু সা।
কামকরুপেযু বিভ্রান্তাঃ স্খলিতা নৃত্যগীতয়োঃ ॥৫২
রতিধৈর্য্যং তয়োর্জাতং তস্যাস্তৎস্খলনে পুনঃ ॥৫৩
ততস্তস্যা মনোজ্ঞাত্বা কৌশাঙ্গী ক্রোধমূর্চ্ছিতা।
উবাচ নিষ্ঠুরাং বাণীং শৃণু দেবী মনোহরা ॥৫৪
ভূত্বা বেস্যা মহাদুষ্টা মত্ততং দেবমীহসে।
অতঃ প্রচলিতং চিত্তমাবয়োর তকর্ম্মান ॥৫৫

করিল।৪৯ অনন্তর কৌশাঙ্গী মোহিত হইয়া দেবরাজের সহিত সঙ্গতা হইল। অনন্তর, তাহাদের নৃত্যগীত দ্বারা ইন্দ্রের কাম উদ্দীপিত হইলে।৫০ সেই সুরাসুরপ্রণম্য, দুর্দ্দান্ত দনুজশাস্তা, বলঘাতন ইন্দ্র, মনোহরা নাম্নী স্বর্গবেশ্যার প্রতি অনুরাগ প্রকাশ করিলেন।৫১ ইন্দ্রকে অনুরক্ত অবলোকন করিয়া, সেই মনোহরা-স্বর্গবেশ্যাও ইন্দ্রের প্রতি মনোধারণ করিল। তাহাতে কামাবেশবশে বিভ্রান্তা হইয়া মনোহরার নৃত্যগীত স্খলিত হইতে লাগিল।৫২ তদ্দর্শনে, তাহাদের উভয়ের রতি জন্মিয়াছে জানিয়া কৌশাঙ্গী।৫৩ ক্রোধমূর্চ্ছিতা হইয়া নিষ্ঠুর বচনে মনোহরাকে কহিল, মনোহরে! তুমি শ্রবণ কর!৫৪ তুমি মহাদুষ্টা স্বর্গবেশ্যা হইয়াছ, তোমার অতিশয় মত্ততা জন্মিয়াছে, এই হেতু আমাদের রতিকর্ম্মের বিঘ্ন জন্মাইয়া তাহা ভগ্ন করিয়া দিলে।৫৫ অতএব তুমি মর্ত্তলোকে গমন করিয়া নরপতিকে পতিলাভ কর। কৌশাঙ্গীর মুখ হইতে নিঃসৃত এই-

অহো যাহি ভুবি বেস্যে রাজানং পতিমাপ্নুহি।
এবমুক্তং দুষ্টশাপং কৌশাঙ্গী মুখনিঃসৃতং॥
শ্রুত্বা চ মূর্চ্ছিতা ভুত্বা কৌশাঙ্গীচরণেঽপতৎ॥৫৬
বিললাপ বহুবিধং ধৃত্বা চ চরণে মুহুঃ।
রতো জগাদ কৌশাঙ্গীং দ্বাত্রিংশদ্বারনং ভুবি॥
ভুক্ত্বা শাপং মনোহরে পুর্ণ দৌস্থং গমিষ্যষি॥৫৭
মন্দাকিন্যাং ত্যক্ততনুং ততস্তাং গানবীশ্রিতাম্‌।
কঙ্কতী মোহিনী রম্যা ধার্ত্তারাষ্টং পতিংগদা॥৫৮
কৌরবে চ কুরুক্ষেত্রে হতে মারীশতাঽমৃতাঃ।
তুর্ণঞ্চকঙ্কতী মাগাচ্চন্দ্রচুড়ং গিরিং ভিয়া॥
অত্যুচ্চশিখরে তস্য স তস্তৌ ভৃশদুঃখিতা॥৫৯
প্রাপ্তার্ত্তুঃ স্বর্গবেশ্যা সা দ্বিতীয়দিবসে নিশি।
কামবাণে সদা বিদ্ধামূর্চ্ছিতা তাপমাগতা॥৬০

রূপ দুষ্ট শাপ শ্রবণ করিয়া, মনোহরা মূর্চ্ছিতা হইয়া কৌশাঙ্গীর চরণে নিপতিত হইল ৫৬। বারবারচরণে ধরিয়া বিলাপ করিতে লাগিল, তদ্দর্শনে কৌশাঙ্গীর করুণাসঞ্চার হইলে কহিলেন, তুমি দ্বাত্রিংশদ্‌বৎসর ভূতলে শাপ ভোগান্তে পুনর্ব্বার সুস্থতা লাভ করিবে ৫৭ তদনন্তর তুমি মন্দাকিনীতে মানবী তনু পরিত্যাগ করিয়া স্বর্গপুরে পুনরাগমন করিবে। সেই মনোহরা মর্ত্তলোকে কঙ্কতী নামে মোহিনী কামিনী হইয়া ধৃতরাষ্ট্রকে পতিলাভ করিল।৫৮ অনন্তর কুরুক্ষেত্র সমরে কৌরবগণ নিহত হইলে শতনারী প্রাণত্যাগ করিল। কঙ্কতী ভীতা হইয়া দ্রুতমনে চন্দ্রচূড়গিরিতে পলায়ন করিলেন। কঙ্কতী অত্যন্ত দুঃখিতা হইয়া সেই পর্ব্বতের অত্যুচ্চ শিখরে বাস করিতে লাগিলেন।৫৯ একসময়ে সেইস্বর্গবেশ্যা ঋতু-

ইন্দ্রোরথ সমারূঢ় যাত্যপশ্যত্তু সুন্দরীং ।
সালঙ্কারাং কুশদ্বীপাৎ স্মৃত্বা সংপূর্ব্ব কারণং ॥
বেধেষিত্বা চ সর্ব্বাং তাং কান্তাং কাম বিমোহিতাং ।
রতিং ধৃত্বা গতস্তস্যাঃ সুতোহভূচ্চ অরিন্দম ॥৬১।৬২
কঙ্কত্যাঃ পরমেশানি পর্ব্বতে গন্ধমাদনে ।
যতো জগ্রাহ তামিন্দ্রো দ্বিতীয়দিবসে ঋতৌ ।
ততঃ সোহরিন্দমশ্চাভূন ম্লেচ্ছাচারপরায়নঃ ।
ব্যধবৃত্তিরতো ঘোরঃ সর্ব্বদা প্রাণহিংসকং ॥
সর্ব্বমাংসাদনো দেবি কিরাতো ঘটিতো যথা ।
সর্ব্বপুণ্যবহির্ভূতঃ সর্ব্বপাপসমাকুলঃ ।
মদ্যমাংসভগামোদী কদাচারপরায়ণঃ ।
ইদৃশস্তং সুতং দৃষ্টা কঙ্কতী ভৃশদুঃখিতা ৬৩।৬৬

মতী হইয়া দ্বিতীয় দিবসে কামসায়কে সবিদ্ধা হইয়া অত্যন্ত সন্তাপিতা হইলেন।৬০ এই কালে দেবরাজ রথে আরোহণ করিয়া কুশদ্বীপ হইতে গমন করিতে করিতে সালঙ্কারা সেই সুন্দরীকে দেখিতে পাইলেন। তাহার পূর্ব্ব কারণ স্মরণ পূর্ব্বক সেই কামমোহিতা কান্তাকে সমস্ত অবগতি করাইলেন। তদনন্তর, আসক্ত হইয়া তাহার সহিত সংবাস করিলেন। তাহাতেই গন্ধমাদন পর্ব্বতে কঙ্কতীর অরিন্দম নামে এক পুত্র জন্মিল।৬১।৬২ ইন্দ্র, ঋতুর দ্বিতীয় দিবসে তাহার সহিত সহবাস করিয়াছিলেন, সেই হেতু অরিন্দম ম্লেচ্ছাচার পরায়ণ, ব্যাধবৃত্তি নিরত, ঘোরতর সর্ব্বপ্রাণীর হিংসক, মদ্যমাংস সম্ভোগ আমোদী এবং কিরাতের ন্যায় সর্ব্বমাংস ভক্ষ্যক, কদাচারপরায়ণ ও সর্ব্বপ্রকার পাপে আসক্ত হইয়া

ততস্তেপেহাত গাঢ়ঞ্চ সারাৎসারাৎ পরাৎপরং।
তপস্তাং দেবরাজাহসবুবাচ তৎপুরস্থিতঃ ॥৬৭

ইন্দ্র উবাচ।

কথং তপ্তুং তপোবাচং ত্বয়া কঙ্কতি মে বদ।
তপসা তেহতি সন্তুষ্টো যাদচ্ছসি দদামি চ ॥৬৮

কঙ্কত্যুবাচ।

সুতস্তে ইদৃশো জাতঃ সদাপাপপরায়ণঃ।
দ্রষ্টুং ন শক্তা দেবেশ যথেচ্ছসি তথা কুরু ॥৬৯
দেবাধিদেব দেবেশ সুতস্তেহয়ং সুরাধিপ।
ভয়বৎ সত্যঃ ন সন্দেহ স্ত্বয়স্তু চ নরাধমঃ ॥৭০

উঠিলে কঙ্কতী, পুত্রের এইরকম আচরণ দেখিয়া অত্যন্ত দুঃখিতা হইয়া।৬৩।৬৬ ঘোরতর তপ আরম্ভ করিল। তাহা দেখিয়া দেবরাজ, তাহার সম্মুখে উপস্থিত হইয়া কহিলেন।৬৭

ইন্দ্র কহিলেন, হে কঙ্কতি! তুমি তপস্যাচরণ করিতেছ কেন? আমাকে বল, আমি তোমার তপে সাতিশয় সন্তুষ্ট হইয়াছি, যাহা ইচ্ছা করিবে তাহাই প্রদান করিব।৬৮

কঙ্কতী কহিল, আমার গর্ভে তোমার যে সন্তান জন্মিয়াছে, সে সর্ব্বদাই পাপাচারে নিরত, হে দেব! আমি তাহার পাপাচার দর্শনে সমর্থা নহি, আপনি এ বিষয়ে যাহা উত্তম হয় তাহাই করুন॥৬৯ হে দেবাধিদেব! দেবেশ! তোমার এই পুত্র নরাধম হইবে, তাহাতে সন্দেহ নাই।৭০ হে ইন্দ্র! আপনি দেবতাদিগের অধিনাথ, আপনার পুত্র এরূপ নরাধম

অতস্ত্বং দেবতানাথ পিতৃশ্চায়ং সুতস্তব।
যথেচ্ছসি কুরু তথা মাং তু নয় দ্রুতং প্রভো ॥৭১
কিঙ্করী ত্বৎ পার্শ্বদেশে কিঙ্করীকে নিয়োজয়।
দেবাধীশ এব কাম্যো নান্যঃ কাম্যঃ কদাচন ॥৭২

ইন্দ্র উবাচ।

শৃণু প্রেয়সি মদ্বাক্যং শাপকালো গতস্তব।
ত্বরিতো নেবামাধুনা ত্বামহং সুস্থিরা ভব ॥৭৩
পুত্রস্য পাপযোগেন বংশনাশ করোহভভৎ।
অতঃ শতাষ্টাবিংশে চ পুরুষে ক্ষয়িতে সতি ॥
সৌমারবাসিনো ভূত্বা বংশ মে যদি পুঙ্গবাঃ।
ন্যায়বুদ্ধিমহোৎসাহাদেববিপ্রপরায়ণাঃ।
ভবিষ্যন্তি ন সন্দেহোব্রহ্মদ্বস্তু ময়াধুন ॥
গচ্ছন্তি চাপি বৈকুণ্ঠে সর্ব্বে স্যুর্ব্বিষ্ণুবল্লভাঃ।
লয়মেষ্যন্তি তত্রৈব যা দাহুতসংপ্লবং ॥ ৭৪॥৭৭

হইবে, এ বিষয়ে আপনার যাহা ইচ্ছা হয় করুন।৭১ আমাকে সত্বরই যথায় ইচ্ছা লইয়া চলুন। এই কিঙ্করীকে লইয়া কিঙ্করীকার্য্যে নিয়োজিত করুন, হে দেবাধিপ এই আমার কামনা, অন্য কামনা, আমার নাই।৭২

ইন্দ্র কহিলেন, হে প্রেয়সি! শ্রবণ কর, তোমার শাপকাল গত হইয়াছে, তোমাকে শীঘ্রই লইয়া যাইব স্থির হও।৭৩ পুত্রের পাপযোগে বংশ নাশ হয়; অতএব একশত অষ্টাবিংশতি পুরুষ ক্ষয় পাইলে তদীয় গভজ মদ্‌বংশ্যগণ সৌমারদেশে বসতি করিয়া রাজশ্রেষ্ঠ হইবে। তাহারা সকলেই পুণ্যশ্লোক, ধর্ম্মরত, সদাচার পরায়ণ, ন্যায়বুদ্ধিসম্পন্ন, মহোৎশালা,

অহঙ্কারঃ সর্ব্বনাশকরঃ সর্ব্বস্য চেশ্বরি।
ত্বমহঙ্কারমাদায় স্থিতোব্রহ্মা জগদ্বিধিঃ ॥৫
বিস্মৃতঃ সর্ব্ববৃত্তান্তং কালিকোক্তং হি যৎ পুরা।
কেবলাহঙ্কারযুতো ধাতা ভূতোহি সর্ব্বদা ॥৬
সর্ব্বকালময়ং বিশ্বং কস্য বা কিং কৃতং ভবেৎ।
তথাপি মায়য়া দেবি ব্রহ্মাহঙ্কারমোহিতঃ ॥৭
তস্তথাভূতমালোক্য ব্রহ্মাণং পরমেশ্বরী।
তদ্দেহাৎ কল্পয়ামাস তদহঙ্কারতঃ শিবে ॥৮
দৈত্যং পরমদুর্দ্ধর্ষং কেশিনামানমুদ্যতং।
নিঃসৃত্য ব্রহ্মণো দেহাদ্দৈত্যঃ পরমদারুণঃ ॥৯
ধাবতিস্ম তদা দেবি ব্রহ্মাণং গ্রাসিতুং ততঃ।
ততঃ পলায়নঞ্চক্রে বিষ্ণুনা প্রপিতামহঃ ॥১০

অবস্থিত ছিলেন।৫ পূর্ব্বে মহাকালী যাহা বলিয়াছিলেন, তৎসমুদায় বিস্মৃত হইয়া রহিলেন। বিধাতা কেবল অহঙ্কারেই মত্ত রহিলেন।৬ সর্ব্বকামভোগালয় বিশ্ব কাহার? কার বা কি হইতেছে, এ সকলের কিছুই তত্ত্বাবধারণ করিলেন না, কেবল মায়াবশে অহঙ্কারে পরিপূর্ণ হইয়াই রহিলেন।৭ হে শিবে! পরমেশ্বরী কালী, ব্রহ্মাকে অহঙ্কার মগ্ন নিরীক্ষণ করিয়া, ব্রহ্মার দেহস্থিত অহঙ্কার হইতেই পরম দুর্দ্ধর্ষ কেশিনামক এক দৈত্যকে সৃষ্টি করিলেন ৮।৯ ঐ দৈত্য ব্রহ্মাকে গ্রাস করিবার নিমিত্ত ধাবিত হইল, তাহা দেখিয়া ব্রহ্মা বিষ্ণুর সহিত পলায়নপর হইলেন।১০ তদনন্তর কেশিদৈত্য ভারতে এক পুর নির্ম্মাণ করিল। ইহা কেশিপুর

ততঃ কেশী মহাদৈত্যঃ পুরঞ্চক্রে চ ভারতে।
কেশিপুরমিদং খ্যাতং তত্র স্থিত্বা হি দানবঃ ॥১১
বুভুজে সকলং দেবি ভূর্ভুর্বঃস্বশ্চরাচরং।
ব্রহ্মাণং জহি শব্দ সদা ব্রহ্মাণ্ডমণ্ডলে ॥১২
ততোব্রহ্মা জগদ্ধাতা বিষ্ণুনা নিরহঙ্কৃতিঃ।
অস্তৌষীজ্জগতাং মাতাং কালীং বিঘ্নবিনাশিনীং ॥১৩

ব্রহ্মাবিষ্ণু উচতুঃ।

নমঃ পরমকল্যাণীং প্রণবাত্মানমীশ্বরীং।
নিজবীজস্বরূপাঞ্চ কামবীজস্বরূপিণীং ॥১৪
মুণ্ডমালাবলীরম্যাং লোলজিহ্বাং সনাতনীং।
মায়াবীজস্বরূপাঞ্চ কূর্চ্চবীজস্বরূপিণীং ॥১৫
বন্দেহং জগতাং মাতাং কালীং কমললোচনাং।
ঘোররবাং শিবাশব্দাং মুক্তকেশীং দিগম্বরীং ॥১৬

নামে বিখ্যাত। ঐ মহা দানব তথায় অবস্থানপূর্ব্বক ভূর্ভুবঃস্বঃ আদি, অখিল চরাচর ভোগ করিতে লাগিল।১১ ব্রহ্মাকে বধ কর এই শব্দ ব্রহ্মামণ্ডলে নিয়তই উত্থিত হইতে লাগিল।১২ জগদ্বিধাতা ব্রহ্মা এক্ষণে অহঙ্কারশূন্য হইয়া বিষ্ণুর সহিত জগন্মাতা বিঘ্নবিনাশিনী কালীর স্তব করিতে আরম্ভ করিলেন।১৩

ব্রহ্মা বিষ্ণু কহিতে লাগিলেন, হে পরম কল্যাণী প্রণবাত্মা ঈশ্বরীকে নমস্কার। যিনি নিজ বীজ, স্বরূপ ও কামবীজ স্বরূপিণী সেই মুণ্ডমালা বলি যাহা মনোরমা সেই মহাকালীকে নমস্কার। যিনি মায়াবীজ স্বরূপা ও কূর্চ্চবীজস্বরূপিণী, সেই লোলজিহ্বা সনাতনী জন্মদাতা কমললোচনা

নমামি কালিকাং মাতাং মহাবিঘ্নবিনাশিনীং।
প্রণমামি সদা রুদ্গাং তাং মাতাং ত্রিভুবনেশ্বরীং ॥১৭

ঈশ্বর উবাচ।

এবং স্তুতা ততো দেবি ব্রহ্মণা বিষ্ণুনাপি চ।
সহসাকাশবাণীং বৈ কিমিচ্ছসি পিতামহ।
ভো বিষ্ণো ত্বং মহাবাহো কিমিচ্ছসি চ তদ্বদ ॥১৮

ব্রহ্মাবিষ্ণু উচতুঃ।

জাতোদৈত্যবরশ্চৈকঃ কোশিনামা মহাসুরঃ।
আবয়োঃ সকলং নীত্যং নিত্যং তং তেন মণ্ডলং ॥১৯
হত্বেদানীং তমসুরমাবাং স্থাপয় পূর্ব্ববৎ।
দেহি দাস্যং পদাম্ভোজে মম ত্বেতন্নিবেদনং ॥২০

কালীমাতাকে বন্দনা করি। যিনি ঘোররবা, অখিল শিবা যাহার সঙ্গিনী, যিনি মুক্তকেশী ও দিগম্বরা, সেই মহাবিঘ্ন বিনাশিনী কালিকা মাতাকে নমস্কার করি। যিনি, ভুবনেশ্বরী সেই বিশ্বজননী মহাকালীকে ভক্তি পূর্ব্বক প্রণাম করিতেছি।১৪।১৭

ঈশ্বর কহিলেন, ব্রহ্মা ও বিষ্ণু এইরূপে মহাকালীর স্তব করিলে, সহসা আকাশবাণী হইল, হে পিতামহ! তুমি কি কামনা করিতেছ, ভো বিষ্ণো! তুমিই বা কি বাসনা করিতেছ? বল।

ব্রহ্মা বিষ্ণু কহিলেন, কেশিনামক এক দৈত্যবর মহাসুর আমাদের অখিল জগন্মণ্ডল হরণ করিয়াছে, এক্ষণে সেই অসুরকে হনন করিয়া আমাদিগকে পূর্ব্বের ন্যায় স্থাপন করুন। হে দেবি! আপনার পদাম্বুজে আমাদের এই নিবেদন।১৮।২০

শ্রীকাল্যুবাচ উবাচ।

শৃণু ব্রহ্মন্মহোবাক্য মহঙ্কারো গতস্তব।
ইদানীং পরিসন্তুষ্ট তচ্চায়াতি তবাস্তিকং ॥২১
সর্ব্বমায়াময়ং বিশ্বং কিন্তে বান্যস্য পঙ্কজ।
অহঙ্কারাপ্ত মীক্ষিত্বা বিঘ্নং দত্তং দুরাসদং ॥২২
ময়া তুভ্যং জগদ্ধাতস্তবাহঙ্কারনির্ম্মিতং।
কেশিদৈত্যস্বরূপোহি হন্মি তস্তু স্থিতোভব।
মা ভয়ং কুরু ভো বিষ্ণো স্থিরো ভব মহামতে ॥২৩

ঈশ্বর উবাচ।

এবমাসাদ্য আশ্বাস্য ব্রহ্মবিষ্ণুপরাত্মিকা।
হুঙ্কারেণৈব তং ভস্ম চকার দানবোত্তমং।
কেশিমহাসুরং কালী বিধিমাহ ততস্তু সা ॥২৪

কালী কহিলেন, হে ব্রাহ্মণ! শ্রবণ কর, তোমার অহঙ্কার বিগত হইয়াছে, এক্ষণে তাহা অবগত হইলাম, সেই জগৎও তোমার অধিকৃত হইবে।২১ এই মায়াময়বিশ্ব অন্যের নহে। হে পদ্মজ? তোমার অহঙ্কার দর্শন করিয়া তোমার প্রতি দুর্দ্ধর্ষ বিঘ্ন প্রদান করিয়াছিলাম, হে জগদ্ধাতঃ, ঐ বিঘ্ন তোমারই অহঙ্কার নির্ম্মিত কেশি দৈত্যস্বরূপ, যাহা হউক আমি তাহাকে হনন করিব, তুমি স্থির হও। ভো মহামতে। বিষ্ণো! তুমি ভয় করিও না স্থির হও ২২।২৩

ঈশ্বর কহিলেন, পরাত্মিকা মহাকালী এইরূপে ব্রহ্মা ও বিষ্ণুকে আশ্বাস করিয়া হুঙ্কার দ্বারাই সেই দানবেন্দ্র মহাসুর কেশিকে সংহার করিলেন। তদনন্তর দনুজকুলবিঘাতিনী উগ্রতন্বী মহাকালী জীবকুলের

কাল্যুবাচ।

অহঙ্কারাৎ পাতকং তে জাতং ব্রহ্মণ মহত্তরং।
তৎপাপস্যাপনোদায় ক্রিয়তাং পর্ব্বতোত্তমঃ।
কেশিদৈত্যং ভস্মনা চ গোগ্রাসংবহুনা ধৃতং।
তদ্‌গ্রাসভস্মনা নিত্যং গৌস্তে পাপং ক্ষয়িষ্যতি ॥২৫।২৬

ঈশ্বর উবাচ।

একী কৃত্য চ তদ্‌ভস্ম কেশিদৈত্যশরীরজং।
কমণ্ডলুজলক্ষেপাচ্চকার পর্ব্বতং বিধিঃ ॥২৭
নাত্যুচ্ছ্রিতং নাতিনিম্নং গোগ্রাসং বহুনাবৃতং।
তদ্‌গ্রাসভস্মনা গৌশ্চ তুষ্টঃ পুষ্টের্ভবেদ্‌ধ্রুবং ॥২৮

জনয়িতা পিতামহ ব্রহ্মাকে স্নেহময়, প্রীতিময়, মঙ্গলময়, উদারবাক্যে কহিতে লাগিলেন।২৪

মহেশ্বরী কহিলেন, হে ব্রাহ্মণ! অহঙ্কারের জন্য তোমার মহত্তর পাপ উৎপন্ন হইয়াছে, অতএব ত্বদীয় উপার্জ্জিত সেই পাপরাশির আপনোদনের নিমিত্ত কেশিদৈত্যের ভস্ম দ্বারা একটি তৃণলতাপূর্ণ পর্ব্বতের সৃষ্টি কর, ঐ পর্ব্বত বহুতর গোগ্রাস ধারণ করিবে, গোগণ তৃণলতারূপ সেই গ্রাস ভক্ষণ করিলে, তোমার পাপক্ষয় হইবে।২৫।২৬

ঈশ্বর কহিলেন, বিধাতা, কেশীদৈত্যের শরীরজাত ভস্ম সমূহ একত্র করিয়া কমণ্ডলু জলক্ষেপন দ্বারা পর্ব্বত সৃষ্টি করিলেন।২৭ ঐ পর্ব্বত অতিশয় উচ্চ ও নয় এবং অতিশয় নিম্নও নয়। উহা বহুতর গোগ্রাস ধারণ করিয়া থাকে। সেই ভস্মজাত গোগ্রাস দ্বারা গোগণ হৃষ্টপুষ্ট হইতে লাগিল।২৮ এই হেতু বিধাতা ঐ পর্ব্বতের নাম

অনো গোর্দ্ধনং নাম পর্ব্বতায় দদৌ বিধিঃ।
যথা যথা স্নাতি গৌশ্চ তদ্গ্রাসং সর্ব্বতোত্তমা ॥
তথা তথা ক্ষয়ং যাতি পাতকং ব্রহ্মণং শিবে।
তাবত্তু নিষ্কৃতির্ধাতুর্য্যাবদ্গোবর্দ্ধনো গিরিঃ ॥
ততস্তে নিষ্কৃতিস্তস্য ব্রহ্মণঃ পরমেশ্বরি ॥২৯॥৩০
এবমেবাপরাধস্তে প্রাধান্যে যদি জায়তে।
তৎফলং পীড়নন্তস্য সর্ব্বেষাঞ্চ ত্রিলোচনে ॥৩১
ততোব্রহ্মা জগদ্ধাতা বিষ্ণুশ্চ জগতাং পতিঃ।
পুনশ্চ তৎমেনৈব অস্তৌষীৎ পরমেশ্বরীং ॥৩২
ততঃ কালী জগন্মাতা তামুবাচ কিমিচ্ছথ।
দদামি বৎসৌ তৎ সর্ব্বং ভবন্তৌ কাতরৌ কথং ॥৩৩

রাখিলেন গোবর্দ্ধন। হে শিবে! গোগণ যে পরিমাণে গ্রাস ভক্ষণ করিতে লাগিল, ব্রহ্মার ও সেই পরিমাণে পাপক্ষয় হইতে লাগিল। এইরূপে গোবর্দ্ধন গিরি দ্বারা ব্রহ্মা সমস্ত পাপ হইতে নিষ্কৃতি পাইলেন।২৯.৩০ হে শিবে! যদি এইরূপে প্রধান ব্যক্তির নিকট তোমার কোন অপরাধ হয় তবে এইরূপে গোগ্রাস দ্বারা সেই পাপের পীড়ন হইতে রক্ষা পাইতে পারে।৩১ তদনন্তর জগদ্বিধাতা ব্রহ্মা ও জগৎপতি বিষ্ণু পুনর্ব্বার সেইরূপে পরমেশ্বরী কালীর স্তব করিলেন।৩২ জগন্মাতা তাঁহাদিগকে কহিলেন, হে বৎসদ্বয়! তোমরা কি ইচ্ছা করিতেছ? বল, আমি তোমাদিগকে ইচ্ছামত প্রদান করিতেছি, কাতর হইও না।৩৩

ব্রহ্মাবিষ্ণু উচতুঃ।

অবয়োর্জ্জগতাঞ্চৈব মঙ্গলায় পদাম্বুজং।
মহামুক্তিপ্রবঞ্চৈব ত্বদীয়মতিনির্ম্মলং ॥৩৪
অদৃশ্যমপি গোপ্যং হি মাতুরাকার বর্জ্জিতং।
কথন্তৎ পূজয়িষ্যাবঃ সর্ব্বমঙ্গলদায়কং ॥৩৫
ভূমৌ স্থানং কল্পয়স্ব যজিতুং ত্বৎপদাম্বুজং।
সর্ব্বদা পূজয়িষ্যাবো মহামঙ্গলকারণং।
আধারোশ্চৈব সর্ব্বেষাং মহামুক্তিফলায় চ।
তদাবয়োর্দানবাদ্যৈরশুভৈঃ কিং করিষ্যতি ॥৩৬
অবশ্যং নৌ তরিষ্যাবোদুস্তরাত্বৎ পদার্চ্চনাৎ ॥৩৭

কাল্যুবাচ।

শৃণু বৎস মহাবিষ্ণো বচনং পরমং মহৎ।
যেন হুঙ্কার বীজেন চকার ভস্ম দানবং।

ব্রহ্মাবিষ্ণু কহিলেন, হে মাতঃ! আমাদের এবং জগতের মঙ্গলের নিমিত্ত আপনার।৩৪ মহামুক্তিপ্রদ অতি নির্ম্মল, অদৃশ্য, আকার বর্জ্জিত, গোপ্য ও মঙ্গলদায়ক অচ্যুতপদ আমরা কিরূপে পূজা করিব ৩৫ আপনি ত্বৎপদাম্বুজের পূজনার্থ ভূমিতলে স্থান কল্পনা করুণ, সেইস্থানে আমরা, মহামঙ্গলের কারণস্বরূপ মহামুক্তি ফলপ্রদ আপনার পাদপদ্ম পূজা করিব।৩৬ ইহা দ্বারা আমাদের দৈত্যগণের এবং অখিল জীবগণের মঙ্গল সাধন হইবে। তাহা হইলে অশুভকর দানবাদি সকল আমাদের কি করিতে পারিবে? আমরা আপনার চরণার্চ্চন হেতু দুস্তর হইতেও নিস্তার পাইব সন্দেহ নাই।৩৭

কালী কহিলেন হে বৎস মহাবিষ্ণো! আমার পরম মহৎ বচন

কেশিমন্ত্রং মহাবীজং শব্দব্রহ্মস্বরূপকং।
মহাতেজোময়ং বিদ্ধি তদ্বীয়ং পরমং পদং ॥৩৮
কেশিপুরে চ তদ্বীজং কেশীং হত্বা ব্যবস্থিতং।
আপাতালং ক্রোশমাত্রং তদ্বীজং তেজসাবৃতা ॥৩৯
অতোহি পূজ্যং তৎস্থানং মহাতেজোময়ং ধ্রুবং।
তৎস্থানং ত্বং সমাদায় পূজয় যথোপ্সিতং ॥৪০
অতি সংগুপ্তভাবেন ঈপ্সিতং প্রাপ্যতে ফলং।
দেবদাবগন্ধর্ব্বৈরন্যৈরপি মহামতে ॥৪১
যথা ন জ্ঞায়তে কৈশ্চিৎ কথার্চ্চনং কুরুষ্ব মে।
সর্চ্চাপদ্ভ্যঃ পরিত্রাণং ত্বাং করিষ্যামি সর্ব্বদা ॥৪২

শ্রবণ কর। হুঙ্কারবীজ দ্বারা দানবকে ভস্ম করিয়াছি। কেশিমন্ত্র মহাবীজ ও শব্দ ব্রহ্মস্বরূপ। সেই বীজ মহাতেজোময় ও পরমপদ।৩৮ কেশীকে হনন করিয়া কেশিপুরে সেই ব্যবস্থাপিত করিয়াছি। এবং তাহা ক্রোশমাত্র পাতাল পর্য্যন্ত তেজোদ্বারা ধৃত হইয়াছে,।৩৯ এইহেতু সেই স্থান পূজ্য এবং নিশ্চিতই মহাতেজোময়। তুমি সেই স্থানে গমন করিয়া যথেচ্ছারূপে আমার পূজা কর ॥৪০ তথায় অতিশয় সংগুপ্তভাবে পূজা করিলে অভিলষিত ফললাভ হয়। হে মহামতে! দেবতাগণ দানবগণ গন্ধর্ব্বগণ ও অন্যান্য সকলেই পূজা করিলে সেইরূপ ফল পাইবে সন্দেহ নাই।৪১ যাহাতে অন্যে জানিতে না পারে সেইরূপেই আমার পূজা করিবে। তাহাতে আমি তোমাকে সর্ব্ববিধ আপদ্ হইতে সর্ব্বদাই পরিত্রাণ করিব ৪২ এই স্থান বিষ্ণুর ক্রীড়াস্থান, ইহা আমি তোমাকে

ক্রীড়াস্থানমিদং বিষ্ণো উক্তং তুভ্যমিদং সদা।
ইচ্ছাশক্তিস্তু যা দত্তা যঞ্চেব মায়য়া পুরা।
মহালক্ষ্মীস্বরূপেণ সেবতে ব্রহ্মসংস্থিতা।
সৈব বৃন্দাস্বরূপেণ পুরেঽত্র সম্ভবিষাতি ॥৪৩।৪৪
কেশিপুর সমাব্যপ্যততো বৃন্দাবনাভিধং।
কেশিপুরেচ ভবিতা তথা ত্বংক্রীড়নং ধ্রুবং।
ভুত্বা বৃন্দাতরুলক্ষ্মীরেত্র স্থাস্যতি সর্ব্বদা।
দৈত্যবিঘ্ন হি ভবিতা সর্ব্বদৈত্য নিসূদনী।
ভো ব্রহ্মন্ শৃণু বৎসৈতদ্বচনং মে শুভোদয়ং।
কেশিদৈত্য বধাথায় যত্র মে পূজনং কৃতং ॥৫৫
যুবাভ্যাং তত্র পশ্যত্বয়ং জাতং মে যোনিমণ্ডলং।
মম তেজঃসমুদ্রদ্ভুতজানীহিং যোনিমণ্ডলং।

নিশ্চিতরূপে কহিলাম আমি পূর্ব্বে বিষ্ণুকে ইচ্ছাশক্তি প্রদান করিয়াছি, সেই ব্রহ্মসংস্থিতা শক্তিই মহালক্ষ্মীরূপে বিষ্ণুর সেবা করিবে। তিনি বৃন্দাস্বরূপে এই পুরে অবস্থান করিবেন।৪৩ ৪৪ বৃন্দাকেশিপুরে অবস্থিত হইলে তাহার নাম বৃন্দাবন হইবে। কেশিপুরে বৃন্দার সহিত তোমার বিবাহ হইবে! লক্ষ্মী, বৃন্দা তরুরূপে এইস্থানে নিরন্তর অবস্থান করিবেন। তথায় দৈত্যবিঘ্নও ঘটিবে বটে. কিন্তু আমি সকল দৈত্যর বিনাশ করিব। ৪৫ ভো ব্রহ্মন্! তুমি আমার শুভকর বাক্য শ্রবণ কর। কেশিদৈত্যের বিনাশার্থ যে স্থানে আমার পূজা করিবে, তোমরা চাহিয়া দেখ, সেই স্থানে আমার যোনিমণ্ডল উৎপন্ন হইয়াছে। এই যোনিমণ্ডল আমার

সর্ব্বেমুদ্ভবস্থানং যোনিরেবং ন সংশয়ঃ।
জানিহী প্রকৃতিং দেবযোনিং মে যাস্তু মামকীং ॥৪৬।৪৭
সংপূজ্য যোনিং দেবেশ সৃষ্টিং কুরু যথার্থতঃ।
সব্যোঽপিচ ভয়ং ন স্যাত্তবক্কপি পিতামহ ॥
অধিষ্ঠানমস্তি মম তত্র পীঠে ন সংশয়ঃ।
জানীহি তদধিষ্ঠত্রীরূপং মেঽতিসুশোভনং ॥৪৯
নিত্যং পূজয় তদ্রূপং কামাখ্যাযোনি মণ্ডলে।
যোনিমণ্ডলমাসাদ্য কামাখ্যাং যস্তু পূজয়েৎ।
সর্ব্বসিদ্ধীশ্বরো ভুত্বা পরত্রেহ চ মোদত্যেং।
ন ভয়স্তস্য কুত্রাপি কস্মাদপি প্রজায়তে।৫০।৫১
তবান্যেষাং হিতার্থায় স্থাপিতং যোনিমণ্ডলং।
পৃথিব্যাং ভারতে বর্ষে কামরূপং মহাফলং ॥৫২

তেজঃ সমুৎপন্ন, ইহা সকলেরই উদ্ভব স্থান জানিও ৪৬।৪৭ আমার যে প্রকৃতি, তাহাই যোনিমণ্ডল। এই যোনিমণ্ডলের পূজা করিয়া তুমি সৃষ্টি কর। হে পিতামহ! তোমার কোথাও ভয় নাই।৪৮ সেই পীঠে আমার অধিষ্ঠান আছে সন্দেহ নাই, সেই অধিষ্ঠাতৃস্বরূপ আমার সুশোভন রূপ যোনিমণ্ডলে।৪৯ নিত্য নিত্য পূজা কর। যোনিমণ্ডলে গমন করিয়া যে ব্যক্তি কামাখ্যার পূজা করে, সে সর্ব্বসিদ্ধির ঈশ্বর হইয়া ইহকালে ও পরকালে আনন্দ লাভ করে। তাহার কোথাও, কাহা হইতেও ভয় হয় না।৫০।৫১ তোমার এবং অন্য সকলের কল্যাণের নিমিত্ত এই যোনিমণ্ডল স্থাপিত হইয়াছে। এই মহাস্থান কামরূপ নামে পৃথিবীতলে ভারতবর্ষে অবস্থিত।৫২ এই মহালয় নবযোনি সমাকীর্ণ এবং

নবযোনিসমাকীর্ণং মহামুক্তিফলপ্রদং ॥
নবযোন্যাত্মকে ব্রহ্মণ্ কামরূপে মনোহরং।
কামাখ্যাতেজা দেবী দীপ্যতে যোনিমণ্ডলং।
কিন্ত্বিদানীং ভবৎপাপং ন পশ্যামি কথঞ্চন ॥৫৩,৫৪
অহঙ্কারাৎ সমুৎপন্নং ত্রিবিধং পাতকং তব।
কায়িকং বাচিকঞ্চৈব মানসঞ্চ তথা পুনঃ ॥৫৫
তৎপাপদ্ যোনিপীঠং মে ন পশ্যসি কদাচন।
তৎপাপধ্যানধারাভিবন্ধীভূতঃ দিবানিশং ॥৫৬
তত্রবাচনিকং পাপং গোবর্দ্ধনাৎ প্রশাম্যতি।
তদ্দ্বয়স্য প্রশমনং বদামি তচ্ছৃণুষ্ব মে ॥৫৭
নক্ষত্রঃলোকান্নক্ষত্রমেকন্তত্র নিপাত্য চ।
শ্রেষ্ঠন্তজ্জ্যোতিষা দেব দৃষ্টা পীঠং তপঃ কুরু ॥৫৮

মহাফলপ্রদ। হে ব্রাহ্মণ! নবযোন্যাত্মকে কামরূপে কামাখ্যাতেজে ঐ মনোহর যোনিমণ্ডল দীপ্তি পাইতেছে। কিন্তু এক্ষণে তোমার পাপ দর্শন করিতেছি ৫৩।৫৪ অহঙ্কার হইতে তোমার কায়িক বাচিক ও মানসিক এই ত্রিবিধ পাপ উৎপন্ন হইয়াছে।৫৫ সেই পাপ হেতু তুমি আমার যোনিপীঠ দেখিতে পাইতেছ না। সেই পাপের ধ্যানধারায় দিবানিশি অন্ধীভূত হইয়া রহিয়াছে।৫৬ তথায় গোবর্দ্ধন হইতে দুই বাচনিক পাপ প্রশমিত হয়॥ অন্য পাপদ্বয়ের প্রশমন কহিতেছি শ্রবণ কর।৫৭ নক্ষত্রলোক হইতে ধ্যানযোগে একটি নক্ষত্র তথায় নিপতিত করিয়া যোনিপীঠকে উৎকৃষ্ট জ্যোতিঃ সম্পন্ন দর্শন করিয়া সেখানে তপসা চরণ কর। ৫৮ যে পর্য্যন্ত না যোনিতেজে সেই জ্যোতিঃ মিলিত হইতেছে

যাবদ্রক্ষসি জ্যোতিস্তু মিলিতে যোনিতেজসি।
তাবৎ কুরু তপোঘোরং তদন্তে পাতকদ্বয়ং।
প্রশামাতি ন সন্দেহো বসিতং কুরু সত্বরং।
তত্র তপোবশত্তত্ত কেনাপি ন হি বীক্ষতে ॥৫৯।৬০
অপরাধং শ্রেয়সস্তু ভবেদ্বৈগতিরীদৃশী।
নক্ষত্রস্থাপনাত্তত্র পৃথগজাতিষু বারিতঃ।
স্থানন্তদগম্যতে বৎস সর্ব্বলোকনিরন্তরং।
ইত্যুক্তা বিরবরামাসৌ গগনস্থা পরাত্মিকা ॥৬১।৬২
কালীং পরমকল্যাণী নত্বা নত্বা বিধিকেশবৌ।
বিস্ময়াবিষ্টমনসৌ রাজ্যং তচ্চক্রতুস্তু তৌ ॥৬৩
ইত্যেবং কথিতং গুহ্যং যৎ পৃষ্টং গিরিসম্ভবে।
প্রাচীনত্তিগোপ্যং হি বৃত্তান্তং কুলনায়িকে ॥৬৪
ইতি যোগিনীতন্ত্রে দেবিশ্বরসম্বাদে চতুর্ব্বিংশতিসাহস্রে
পঞ্চদশঃ পটলঃ।

দেখিবে, সেই পর্য্যন্ত ঘোরতর তপস্যা করিবে; তদনন্তর সেই পাপদ্বয় বিনষ্ট হইবে, সন্দেহ নাই। অতএব সত্বর তথায় গিয়া বাস কর। তথায় তপোবলে তাহা কেহ দেখিতে পায় না; ৫৯।৬০ অপরাধের পর শ্রেয়োলাভের উপায় এইরূপ জানিবে। তথায় নক্ষত্র স্থাপন অন্যান্য জাতির মধ্যে নিষিদ্ধ। হে বৎস! অন্য সকল স্থানেই অন্যলোক সকল গমন করিতে পারে! পরাত্মিকা গগনস্থিতা কালী এই সকল কহিয়া বিরত হইলেন।৬১।৬২ অনন্তর, কেশব ও বিধাতা পরমকল্যাণী মহা-কালীকে নমস্কার করিয়া, বিস্ময়াবিষ্ট মানসে উভয়ে বিশ্বরাজ্যে রাজত্ব করিতে লাগিলেন।৬৩ হে গিরিজাত্মজে কুলনায়িকে! এই আমি তোমাকে পুরাতন, অতি, গুহ্যবৃত্তান্ত কহিলাম।৬৪

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বর সংবাদে পঞ্চদশ পটল।

ষোড়শ পটলঃ।

শ্রীদেব্যুবাচ।

শ্রুতং হি পূর্ব্ববৃত্তান্তং সর্ব্বেষামপ্যগোচরং।
ইদানীং শ্রোতুমিচ্ছামি কালীরূপা ভবেৎ কথং ॥১

ঈশ্বর উবাচ।

শৃণু দেবি পরং গুহ্যং ব্রহ্মাদিনামগোচরং।
সারাৎসারতরঃ দেবি ভুক্তিমুক্তিপ্রদায়কং ॥২
একদা ব্রহ্মবিষ্ণু তৌ বিরোধন্তৌ পরস্পরং।
ঈশ্বরোঽহমীশ্বররোঽহমুক্তবন্তৌ জলার্ণবে।৩
তয়োঃ শান্ত্যৈ মহেশানি প্রাদুর্ভূতং জলার্ণবে।
অপ্রমেয়ং মহালিঙ্গং মদীয়ং পাবনং পরং ॥৪
জ্ঞানাজ্ঞানময়, দিবং দুর্নিরীক্ষ্যং ভয়ঙ্করং।

দেবি কহিলেন, ত্রিলোচন! সকলেরই অগোচর পুরাতন বৃত্তান্ত শ্রবণ করিলাম; এখন কালীরূপা কিরূপে হইলেন, তাহাই শ্রবণ করিতে বাসনা করি ১

ঈশ্বর কহিলেন, হে দেবি! ব্রহ্মাদিরও অগোচর সারাৎসার ভোগ-মোক্ষ প্রদ পরম ও গুহ্যবিষয় বলিতেছি শ্রবণ কর।২ এক সময়ে জলার্ণবে ব্রহ্মা ও বিষ্ণু, আমি ঈশ্বর, আমি ঈশ্বর, এই বলিয়া দুইজনে বিরোধ আরম্ভ করিয়াছেন ৩ হে মহেশ্বরি! তাঁয়েদের বিবাদ শান্তির জন্য আমার অপ্রমেয়, জ্ঞানাজ্ঞানময় দিব্য দুর্নিরীক্ষ ভয়ঙ্কর পরম পাবন

তন্মধ্যেঽহং রুদ্ররূপে বিভ্রাম বৃষবাহনঃ ॥৫
দৃষ্ট্বা তু তৌ তদশ্চর্য্যং ভয়কম্পিতবিগ্রহৌ।
স্তুত্বা চ বিবিধৈস্তোত্রৈস্তু চতুর্ম্মাং পুনশ্চ তৌ।৬

ব্রহ্মবিষ্ণু উবাচ।

কস্ত্বং বদ ভীমরূপং! উত্থিতেঽসি জলার্ণবে॥৭

রুদ্ররূপ উবাচ।

পরস্পরং বিরুদ্ধৌ যুবা দৃষ্টা জলার্ণবে।
উত্থিতোঽহং চ ভবতোরীশ্বরত্বং পরীক্ষিতুং।৮
ইত্যুদীরিতমাকর্ণ্য স্থগিতৌ ব্রহ্মকেশবৌ।
নিগূঢ়ং ধ্যানতো জ্ঞাত্বা সন্তোষো মাধবোঽভবৎ॥৯
উদ্বিগ্ন চেতসা ব্রহ্মা ধ্যাত্বা সজ্ঞানমাপ্তবান্!

মহালিঙ্গ জলার্ণব হইতে তিনি উত্থিত হইল।৪ আমি রুদ্ররূপ ও বৃষভবাহন হইয়া তন্মধ্যে ভ্রমণ করিতে লাগিলাম। তাহা দেখিয়া তাঁহারা উভয়ে ভয়ে কম্পিত হইতে লাগিলেন এবং বহুবিধ স্তোত্র দ্বারা আমার স্তব করিয়া, পুনর্ব্বার আমাকে বলিতে আরম্ভ করিলেন।৫।৬

ব্রহ্মা বিষ্ণু কহিলেন, হে ভীমরূপ! জলার্ণব হইতে উত্থিত হইতেছে, তুমি কে বল?।৭

রুদ্ররূপী কহিলেন, তোমাদের পরস্পর বিবাদ দর্শন করিয়া তোমাদের ঈশ্বরত্ব পরীক্ষা করিবার নিমিত্ত, এই স্থানে আবির্ভূত হইলাম।৮ বিরিঞ্চি ও কেশব এই বাক্য শ্রবণ করিয়া চুপ করিয়া রহিলেন। তদনন্তর মাধব ধ্যানযোগে নিগূঢ়তত্ত্ব অবগত হইয়া সন্তোষপ্রাপ্ত হইলেন।৯ ব্রহ্মা উদ্বিগ্ন-

কেবলং রুদ্ররূপং মাং স্থাত্বসৌ কমলাসনঃ ॥১০

বিচিকিৎসা পরো ভূত্বা বিষ্ণুমাহ তদা বিধিঃ ॥১১

ব্রহ্মোবাচ।

ভো বিষ্ণো মৎকপালাদ্‌যোজাতোরুদ্রেঽপ্যসত্তমঃ ॥১২

ঈশ্বর উবাচ।

একমুক্ত্বা চোপহাসং কৃত্বা বিগর্হিতং।

চকার বহুধা দেবি বিঘ্নং দত্তং সুদারুণং ॥১৩

ত্বয়া তস্মৈ ব্রহ্মণে তদ্বিগর্হিতাবনিশ্মিতং।

অবিঘ্ন মহাসুরোভূত্বা মধ্যাহ্নসময়োরবিঃ।

জাতোদেহাৎ স ত্রিপুরনাম্না চ দানবঃ শিবে ॥১৪

সর্ব্বেষাং সকলং নীত মন্ত্রাদীনা—মহেশ্বরি।

তেন দৈত্যেন দেবেশি ততোবিক্ষোহিতং জগৎ ॥১৫

চিত্তে ধ্যান করিয়া আমাকে বিশেষরূপে জানিতে পারিলেন না, কেবল রুদ্ররূপ অবগত হইয়া।১০ বিচিকিৎসাসিবৃত্ত হইলেন অর্থাৎ যথার্থ তত্ত্ব অবগত হইতে না পারিয়া বিষ্ণুকে কহিতে লাগিলেন।১১ ব্রহ্মা বলিলেন, হে বিষ্ণো! আমার কপালবশে এই অসত্তম রুদ্র আবির্ভূত হইয়াছে।১২

ঈশ্বর কহিলেন, এইরূপে বিধাতা উপহাস ও বহুতর নিন্দা করিতে লাগিলেন। হে দেবি! তখন আমি নিদারুণ বিঘ্ন প্রদান করিলাম।১৩ সেই বিঘ্ন মধ্যাহ্ন মার্ত্তণ্ডতুল্য মহাসুররূপে আবির্ভূত হইল; ঐ দানবের নাম ত্রিপুর।১৪ সে মদীয় দেহ হইতে সঞ্জাত হইয়া ইন্দ্রের ইন্দ্রত্ব অধিক কি কহিব সকলেরই সকল অধিকার অপহরণ করিয়া লইল।১৫ সেই

গরুড়ঞ্চ বিনা লক্ষ্মীমন্যৎ সর্ব্বং হৃতং বলাৎ।
হৃতস্তেনৈব দৈত্যেন ব্রহ্মণঃ কমলাসনং ॥১৬
ততঃ পলায়িতা দেবা ব্রহ্মবিষ্ণুপুরোগমাঃ।
হিমালয়ং সমাসাদ্য বিষ্ণুরাহ তদা বিধিং ॥১৭॥
শিবনিন্দা কৃতা ধাত ত্বয়া পূর্ব্বং জলার্ণবে।
তেনৈব চাপরাধেন বয়ং সর্ব্বে প্রপীড়িতাঃ ॥১৮
ততস্তু পরমেশানং তোষ্যামাত্র গিরৌ পুনঃ।
তদেব মঙ্গলং লেভে ভূয়ো মে রোচতে হৃদি ॥১৯

ঈশ্বর উবাচ।

সমাশ্রিত্য তপস্তেপূর্ব্বব্রহ্মবিষ্ণুপুরোগমঃ।
হিমালয়ে তদা দেবাঃ প্রসাদোমে, ভবেত্তদা ॥২০

দৈত্য বিষ্ণু গরুড় ও লক্ষ্মী ব্যতিরেকে অখিল জগৎ বলে অপহরণ করিল। ১৬ সেই দৈত্য ব্রহ্মার কমলাসন হরণ করিলে, ব্রহ্মা বিষ্ণু ইন্দ্রাদি সমস্ত দেবগণ পলাইয়া আমার আলয়ে উপস্থিত হইলেন এবং মাধব আমার সমক্ষে বিধাতাকে কহিতে লাগিলেন। ১৭

বিষ্ণু কহিলেন, হে বিধাতঃ! তুমি পূর্ব্বে জলার্ণবে শিবনিন্দা করিয়াছ, সেই অপরাধেই আমরা সকলেই প্রপীড়িত হইতেছি। ১৮ তবে এখন এস আমরা এই কৈলাসাচলে তাঁহার সন্তোষ সাধন করি। আমার হৃদয়ে বোধ হইতেছে যে তাহাই আমাদের মঙ্গলকর হইবে। ১৯

ঈশ্বর কহিলেন, হে দেবগণ! তোমরা সকলে মিলিত হইয়া তপস্যা কর, তারপর হিমাচলে আমার প্রসাদ লাভ করিতে সমর্থ হইবে। ২০

পৃথিবীঞ্চ রথং কৃত্বা চক্রে চন্দ্রদিবাকরৌ ।
ব্রহ্মাণং সারথিং কৃত্বা বেদান্ রজ্জুং স্তথৈব চ ।
দেবান্ কৃত্বা রথাঙ্গানি অশ্বশ্চৈব রথা পুনঃ ।
ধনুঃ কৃত্বা সুমেরুঞ্চ ল্যাঞ্চ কৃত্বা তু বাসুকীং ।
বিশ্বঞ্চ সকলং কৃত্বা রথস্থং যচ্চরাচরং ।
বাণং বিষ্ণুং বিধায়ৈব ত্রিপুরং ভস্মসাৎ কৃতং ।২১।২৩
চরাচরেণ সহিতং দেবদৈত্যাদিভিঃ সহ ।
ময়া তত্র মহেশানি পুনঃ স্থষ্টিঃ কৃতা ততঃ ॥২৪
যত্র ভস্ম কৃতং দেবি জগদেতচ্চরাচরং ।
মহৎ শ্মশানস্তু বিদ্ধি সর্ব্বেষাং লয়কারণং ॥২৫
মৃতানাং সর্ব্ববেদানাং তেজস্তত্র ব্যবস্থিতং ॥২৬
পঞ্চক্রোশত্মকং ভূত্বা তেজসা জগতাং তথা ।
নির্ম্মায় মায়য়া দেহং ত্রৈপুরং তস্য বক্ষসি ॥২৭

হে দেবি! তদনন্তর আমি পৃথিবীকে রথ, চন্দ্রসূর্য্যকে চক্র, ব্রহ্মাকে সারথি, বেদ সকলকে রজ্জু, দেবগণকে অন্যান্য রথাঙ্গ ও অশ্ব সুমেরুকে, শরাসন, বাসুকিকে গুণ, সচরাচর অখিল বিশ্বকে রথস্থ এবং বিষ্ণুকে বাণ করিয়া চরাচর ও দেবদৈত্যাদির সহিত ত্রিপুরাসুরকে ভস্ম করিলাম।২১-২৩ হে মহেশ্বরি! তদনন্তর আমি তথায় পুনর্ব্বার সৃষ্টি করিলাম।২৪ যে স্থানে এই চরাচর ভস্মীভূত হইল, সেইস্থান অখিলের লয়কারণ মহাশ্মশান জানিবে।২৫ তথায় সমস্ত মৃত দেবগণের তেজ নিহিত আছে, সেই স্থানের উপরিভাগে জগতের তেজঃ।২৬ ও মায়া দ্বারা পঞ্চক্রোশাত্মক ত্রৈপুর দেহ নির্ম্মাণ করিয়া।২৭ তথায় আমি মৃত্যুস্থলে

তত্র মৃত্যুচ্ছলেনাহং তুষ্টাব পরমেশ্বরীং।
তত্তেজসি মহাকালং পরাং চৈতন্যরূপিণীং।
ততস্তেজসী সা কালী প্রাদুর্ভূতা পরা কলা।
মহাদীপপ্রমাণন্তু তেজঃ কালিতি কির্ত্তিতং।২৮।২৯
মুখমাত্রং সমাতুষ্টং মহাকাল্যাস্তু তেজসি।
অতো গিরিমুখং নাম মুনিভিঃ পরিগীয়তে ॥৩০
তদ্দৃষ্টা পরমেশানি আনন্দোমেব যায়তে।
আনন্দ কাননং তস্মাদ গীয়তে বেদবাদিভিঃ ॥৩১
কালীময়ং হি তত্তেজঃ সকলং সংবভুবহ ॥৩২
যথা তু সাগরে গচ্ছন্ শীকরঃ সাগরো ভবেৎ।
তথা সূর্য্যাদিতেজোহি কালীতেজোবভুব হ ॥৩৩
তথা নানাজলং দেব গঙ্গায়াং পতিতযদি।
গঙ্গেব জায়তে সর্ব্বং তথা তেজঃ সুরেশ্বরি ॥৩৪

পরমা চৈতন্যরূপিণী পরমেশ্বরী মহাকালীর স্তব করিতে আরম্ভ করিলাম। পরমাকলা মহাকালীর সেই তেজঃ মহাদ্বীপ প্রমাণ তাহা কালী এই নামে কীর্ত্তিত হইয়া থাকে ২৮।২৯ সেই তেজে মহাকালীর মুখমাত্র দৃষ্ট হইয়া থাকে, এই হেতু মুণিগণ সেই স্থানের গিরিমুখ' এই আখ্যা প্রদান করিয়াছেন ।৩০ হে পরমেশানি! তাহা দর্শন করিলে দর্শকের মনে অতুলানন্দের সম্ভব হয়। সেই নিমিত্ত বেদবাদিগণ তাহার আনন্দ কানন' এই নাম প্রদান করিয়াছেন ॥৩১ সেই তেজ সকলেই কালীময় হইল। যেরূপ বারিবিন্দুও সাগরে পতিত হইয়া জলরূপে পরিগণিত হয়, সেইরূপ সূর্য্যাদির তেজও কালীতেজ হইল। ।৩২ যেমন অন্যান্য বহুবিধ জল গঙ্গায় পতিত হইয়া গঙ্গাই হইয়া থাকে, হে মহেশ্বরি! সেই-

সর্ব্বং কাল্যভবৎ পূর্ণং নাস্তি ভেদো মহেশ্বরি ।
সর্ব্বং তদমৃতং দেবি জানিহি সুরসুন্দরি ॥৩৫
তামসামনিশং দেবি শিরসা ধারয়াম্যহং ।
ততোহি শঙ্করত্বং মে নিশ্চিতং সত্যমেব ॥৩৬
তাং কালীং শিরসাধার পঞ্চক্রোশময়ীং সতা ।
অহর্নিশং পূজয়ামি পরামনন্দবৃংহিতঃ ॥৩৭
অতো বিশ্বেশ্বরত্বং মে সদৈব নাত্র সংশয় ।
ব্রহ্মবিষ্ণ্বাদিকানাঞ্চ ঈশ্বরো যঃ সুরেশ্বরি ॥৩৮
বিশ্বেশ্বরঃ স এব স্যাৎপরঃ পরমেশ্বরি ।
কেবলানন্দবান্ ভূত্বা পূজয়ামি পূরং সদা ।
তত্র অস্যাঃ কৃপা জাতা বাগ্ভবা যা শরীরিণী ॥৩৯

রূপ অন্য সকল তেজ ও কালীময় হইয়া থাকে, সন্দেহ নাই ৩৩।৩৪ কালীই পূর্ণরূপা, হে পরমেশ্বরি ! তাঁহার ভেদ দৃষ্ট হয় না হে দেবি সত্য ! সেই সমস্তই অমৃত বলিয়া অবগতি করিবে।৩৫ হে দেবি আমি তাঁহাকে নিরন্তর শিরে ধারণ করিয়া আছি ; সেই হেতুই আমার শঙ্করত্ব সত্য, সত্যই নিশ্চিত হইয়াছে।৩৬ সেই পঞ্চক্রোশময়ী সেই কালীকে শিরে ধারণপূর্ব্বক পরমানন্দে সম্বর্দ্ধিত হইয়া, আমি অহর্নিশ তাঁহার পূজা করি। ৩৭ এই কারণেই আমি বিশ্বেশ্বর হইয়াছি, সন্দেহ নাই। সুরেশি ! পরমেশ্বরি ! সেই বিশ্বেশ্বরই ! ব্রহ্মা বিষ্ণু প্রভৃতির ঈশ্বর, অপর কেহই ঈশ্বর নহে।৩৮ আমি কেবলানন্দময় হইয়া সততই সেই মহাকালীর পূজা করিয়া থাকি। তিনি তথায় আমাকে অশরীরিণী বাক্যদ্বারা করুণা প্রকাশ করিলেন।৩৯

শ্রীকাল্যু উবাচ।

ভো দেব পরমানন্দ মমানন্দঃ কৃতস্ত্বয়া।
অতঃ কাশ্যাং মৃতানাং ত্বমানন্দং দেহি সর্ব্বদা ॥৪০

ঈশ্বর উবাচ।

ইতি শ্রুত্বা বস্তস্যা মগ্নোঽমমৃতার্ণবে।
দদামি পরমং, ব্রহ্ম মুমূর্ষোঃ কর্ণগোচরে ॥৪১
বারণাস্যাং সদা দেবি স্থিত্বা ধ্যানপরঃ শিবে।
জলে স্থলে চান্তরীক্ষে বারাণাস্যাং মৃতাশ্চ যে ॥৪২
দদামি পরমং ব্রহ্ম তেষাং হি কর্ণ গোচরে।
হিত্বা হি সকলং কর্ম্মং সুকৃতং দুষ্কৃতং হি তে।
ভবেচ্চ ব্রহ্ম নির্ব্বাণং মমোপদেশতঃ ক্ষণাৎ ॥৪৩

কালী কহিলেন, ভো পরমানন্দদায়িনী দেব! তুমি আমার আনন্দবর্দ্ধন করিলে, অতএব তুমি কাশীতে মৃত ব্যক্তিগণকে সর্ব্বদাই আনন্দ প্রদান করিবে।৪০

ঈশ্বর কহিলেন, মহাকালীর এই বাক্য শ্রবণ করিয়া কহিলাম, হে শিবে! আমি অমৃতার্ণবে মগ্ন হইলাম। হে দেবি! আমি বারাণসীতে নিয়তই ধ্যানপর হইয়া অবস্থিতিপূর্ব্বক মুমূর্ষুগণের কর্ণগোচরে পরম ব্রহ্মজ্ঞান প্রদান করিয়া থাকি।৪১ যে যে ব্যক্তিগণ, বারানসীতে জলে, স্থলে বা অন্তরীক্ষে প্রাণ পরিহার করে, আমি তাহাদিগের কর্ণগোচরে পরমব্রহ্ম মন্ত্র প্রদান করি।৪২ সেই মাণবগণ সমস্ত সুকৃত ও দুষ্কৃতকর্ম্ম পরিত্যাগপূর্ব্বক আমার উপদেশে তৎক্ষণাৎ ব্রহ্মনির্ব্বাণ লাভ করিয়া থাকে।৪৩ হে মহে-

তৎসর্ব্বং সুকৃতং কর্ম্ম দুষ্কৃতং বা মহেশ্বরি।
ভবেদ্ভস্ম মহাকাল্যা প্রসাদাজ্জ্ঞানোজ্জগতঃ ॥৪৪
কাশীলগ্নং হি যৎকিঞ্চিৎ কাশী ভবতি তৎক্ষণাৎ।
কাশীস্পর্শনমাত্রাৎ তু পাপরাশির্বিনশ্যতি ॥৪৫
শূলী কর্ম্ম দহেৎ কালীতেজঃ স্পর্শাৎ ক্ষণাত্তথা।
তুলারাশিং দহত্যগ্নিঃ কিঞ্চিৎ কালাদ্‌যথা শিবে ॥৪৬
তথা দহেৎ কর্ম্মরাশিং কাশীজন্মৈকতো নৃণাং।
কাশী স্থানং পুণ্যচয়ং কিং বাহং কথয়ামি তে ॥৪৭
অপি চেৎ ত্বৎসমা নারী মৎসমঃ পুরুষোঽস্তি চেৎ।
তদা কাশীফলং কিঞ্চিৎ দেবী বক্তুং ক্ষমো ভবেৎ ॥৪৮
অণ্ডজা উষ্মজাশ্চৈব উদ্ভিজ্জাশ্চ জরায়ূজাঃ।
তে সর্ব্বে মুক্তিমায়ান্তি কাশ্যাঞ্চেদ্‌ভাগ্যতোমৃতাঃ ॥৪৯

শ্বরি! সেই সমস্ত সুকৃত ও দুষ্কৃত মহাকালীর প্রসাদলব্ধ জ্ঞানাগ্নিদ্বারা ভস্মীভূত হইয়া যায়।৪৪ যাহা কিছু কাশীতে লগ্ন হয়, তাহাই কাশীর স্বরূপ হয়। কাশীর স্পর্শমাত্রেই পাপরাশি বিনাশ পায়।৪৫ কালীর তেজঃস্পর্শহেতু শূলীমহাদেব ক্ষণমাত্রেই কর্ম্ম দহন করে। হে শিবে! অগ্নি যেমন স্পর্শমাত্রেই ক্ষণমধ্যেই তুলারাশি দাহ করে, সেইরূপ কাশী মানবের একজন্মেই সর্ব্বজন্মের কর্ম্মরাশি দহন করে।৪৬ কাশীস্থান পুণ্যরাশিসম্পন্ন, হে দেবি! পুণ্যরাশি কাশীর কথা আমি তোমাকে আর কি বলিব।৪৭ যদি তোমার সমান নারী এবং আমার সমান পুরুষ হয়, তবে কাশীর কিঞ্চিৎ ফল বর্ণন করিতে সমর্থ হয়, তাহা অন্যের অনির্ব্বচনীয়।৪৮ অণ্ডজ, উষ্মজ, উদ্ভিজ্জ ও এই চতুর্ব্বিধ জীবই

ইদং বারাণসী দেব মহাতেজোময়ী শুভা।
যুগভেদাজ্জনৈষের দৃশ্যতে হি চতুর্ব্বিধা ॥৫০
কৃতে রত্নময়ী কাশী ত্রেতায়াং স্বর্ণজা স্মৃতা।
দ্বাপরে সা শিলারূপা কলৌ ভূমিময়ী শুভা ॥৫১
নাতঃপরতরং ক্ষেত্রং ত্রিষু লোকেষু বিদ্যতে।
সত্যং সত্যং মহাদেবি শপথেন বদামি তে ॥৫২
সংসারবর্ত্মনা দেবি মুক্তিমিচ্ছতি যঃ পুনঃ।
পাষাণ সদৃশোভূত্বা তিষ্ঠেৎ কাশ্যাং নযন্ত্রিতঃ ॥৫৩
স এব পণ্ডিতো জ্ঞানী স এব কুলপাবনঃ।
প্রাণান্তেহপি মহাদেবি কাশীং ন নিস্ত্যজেদ্বুধঃ। ৫৪

যদি ভাগ্যবশে কাশীতে জীবন বিসর্জ্জন করে, তবে সেই সকলেই মুক্তি প্রাপ্ত হয় সন্দেহ নাই।৪৯ হে দেবি! এই বারাণসী মহাতেজোময়ী ও কল্যাণদায়িনী। সত্যযুগে রত্নময়ী, ত্রেতায় স্বর্ণময়ী, দ্বাপরে শিলাময়ী ও কলিযুগে মৃণ্ময়, যুগভেদে কাশী এই চতুর্ব্বিধা দৃষ্ট হইয়া থাকেন ৫০ কাশী সত্যযুগে রত্নময়ী, ত্রেতায় স্বর্ণময়ী, দ্বাপরে শিলারূপা কলিতে ভূমিময়ী জানিবে॥৫১ হে মহাদেবি! কাশী অপেক্ষা শ্রেষ্ঠতম ক্ষেত্র ত্রিলোক মধ্যে আর নাই, ইহা আমি তোমাকে সত্য সত্যই শপথ করিয়া বলিতে পারি, ।৫২ যে ব্যক্তি সংসারবর্ত্মে অবস্থিত হইয়া মুক্তিলাভের কামনা করে সে পাষাণ সদৃশ হইয়া মনঃসংযমপূর্ব্বক কাশীতে অবস্থান করিবেক।৫৩ হে মহাদেবি! যে ব্যক্তি প্রাণান্তেও কাশী পরিত্যাগ না করে সেই ব্যক্তি পণ্ডিত, জ্ঞানী, কুলপাবন ও বোধবান্, সন্দেহ নাই।৫৪ যে নর কাশীপ্রাপ্ত হইয়া পরিত্যাগ করে, তাহার তুল্য পরম

স এব পরমোমূর্খঃ স এব কুলনাশকঃ।
বৃথৈব মুর্খলোকেন কাশীংপ্রাপ্য সমুজ্ঝিতঃ ॥৫৫
বহুভির্জন্মভিঃ পুণৈর্য্যদি কাশী লভেৎ পুনঃ।
তদা নৈব ত্যজেৎ কাশীং প্রাণান্তেঽপি কদাচন ॥৫৬
অনায়াসেন সংসারসাগরং যস্তিতীর্ষতি।
স গচ্ছেদপি যত্নেন মম বারাণসীং পুরীং ॥৫৭
অন্নং দদ্যাদন্নপূর্ণা জ্ঞানং দদ্যাৎ সরস্বতী।
প্রাণান্তে মুক্তিদাতাহং কাশ্যাং স্থিতা সদৈব হি ॥৫৮
এবন্তে কথিতং দেবি যং পৃষ্টং গিরিজে ময়ি।
পরমং পাবনং মোক্ষং কিমিতঃ শ্রোতুমিচ্ছসি ॥৫৯
ইতি শ্রীযোগিনীতন্ত্রে দেবীশ্বরসম্বাদে চতুর্ব্বিংশতিসাহস্রে
ষোড়শঃ পটলঃ।

মূর্খ ও কুলনাশক আর নাই। মূর্খলোকেই কাশী প্রাপ্ত হইয়া পরিত্যাগ করে।৫৫ যে বুদ্ধিমান মানব অনায়াসে সংসারসাগর পার হইবার বাসনা করে সে যত্নপূর্ব্বক আমার বারাণসীপুরে গমন করিবে।৫৭ তথায় অন্নপূর্ণা অন্নদান করেন, সরস্বতী জ্ঞানদান করেন এবং আমি সততই অবস্থিতি করিয়া প্রাণান্তকালে মুক্তিদান করিয়া থাকি।৫৮ হে গিরিজে দেবি! তুমি যাহা জিজ্ঞাসা করিলে সেই পরমপাবন মোক্ষবিষয় আমি তোমাকে কহিলাম অতঃপর আর শুনিতে ইচ্ছা কর।৫৯

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে ষোড়শ পটল।

সপ্তদশ পটলঃ

শ্রীদেব্যুবাচ

গুরু স্ত্বং সর্ব্বলোকানাং পরমেশ পুরাতন
জগদূর্দ্ধকলাধীশ বদ কোলানিপাতং ॥১

ঈশ্বর উবাচ।

শৃণু দেবি প্রবক্ষ্যামি কোলাসুরং নিপাতনং।
মহাকালীপ্রসঙ্গেন বৃত্তান্তমিদদ্ভুতং ॥২
পাপং জাতং ব্রহ্মশাপাদ্ বিষ্ণোরতুলতেজসঃ।
পীড়িতস্তেন পাপেন তপশ্চক্রে স সর্ব্ব বৎ ॥৩
হিমালয়ন্তিকে গত্বা তৎপাপক্ষরাত্মকং।
অষ্টাক্ষরীং মহাবিদ্যাং মহাকল্যাঃ সদাজপন্ ॥৪

দেবী কহিলেন, হে পুরাতন! পরমেশ! আপনি সর্ব্বলোক গুরু। হে জগতের উর্দ্ধকলাধীশ্বর! এক্ষণে কোলানিপাতন বর্ণন করুণ।১

ঈশ্বর কহিলেন, দেবি! কোলাসুর নিপাতন কহিতেছি শ্রবণ কর। মহাকালীর প্রসঙ্গে এই বৃত্তান্ত পরম অদ্ভুত।২ ব্রহ্মশাপবলে অতুল তেজস্বী বিষ্ণুর পাপ উৎপন্ন হইল। সেই সর্ব্বজ্ঞদেব সেই পাপে পীড়িত হইয়া, তপস্যা করিতে লাগিলেন।৩ তিনি হিমাচলসন্নিধানে গমন করিয়া, সেই পাপের ক্ষয়কারী মহাকালীর অষ্টাক্ষরী মহাবিদ্যা সতত্ই জপ করিতে আরম্ভ করিলেন।৪ হে মহেশ্বরি! দশসহস্র বৎসরান্তে মহাকালীর সন্তোষ হইল। তাহার সন্তোষ মাত্রই বিষ্ণুর হৃদয়পঙ্কজ হইতে কোলানামক

দশবর্ষ সহস্রান্তে তস্তোযস্তু মহেশ্বরি।
তস্যাঃ সন্তোষমাত্রেণ বিষ্ণোর্হৃদয়পঙ্কজাৎ।
কোলানামাসুরো ভূত্বা নির্গতো সহসা হি সঃ॥৫
তেন দৈত্যেন বলিনা সর্ব্বং নীতং দুরাত্মনা।
ইন্দ্রাদিসকলান দেবান্ বিনির্জ্জিত্য মহাসুরঃ।
কৃত্বা চ বৈষ্ণবং ধাম ব্রহ্মণঃ কমলাসনং॥৬
ততোবিষ্ণাদরো দেবাঃ কালীং গত্বা সনাতনী।
তুষ্টাবুর্ভক্তিযোগেন রক্ষ রক্ষেতি বাণিঃ॥৭

কাল্যুবাচ।

ইদানীং রে বৎস বিষ্ণো হ'ন্ম কোলান্ সবান্ধবান্।
কোলা নগরমাস্থায় কুমারীরূপমাস্থিতা॥৮

ঈশ্বর উবাচ।

এবং শ্রুত্বা কালবাণীংব্রহ্মাষিষ্ণ্বাদয় সুরাঃ
এবং শ্রুত্বা কালবাণীং ব্রহ্মবিষ্ণাদয়ঃ সুরাঃ।
আনন্দজলধৌ মগ্নাং শিখিবন্ননৃতুর্ঘনাৎ।৯

মহাসুর সহসা নির্গত হইল।৫ সেই দুরাত্মা বলবান্ দৈত্য ইন্দ্রাদি দেবতা-গণকে পরাজিত করিয়া, আখণ্ড মণ্ডল, বিষ্ণুর বৈকুণ্ঠ, ব্রহ্মার কমলাসন প্রভৃতি সকলই জয় করিয়া লইল।৬ অনন্ত বিষ্ণু প্রভৃতি দেবগণ, সনাতনী কালীর নিকট গমন করিয়া, "রক্ষ, রক্ষ" ইত্যাদি বাক্যে ভক্তিপূর্ব্বক স্তব করিতে লাগিলেন।৭ ঈশ্বর কহিলেন রে বৎস! বিষ্ণো! এক্ষণে আমি কুমারীরূপ ধারণ করিয়া, কোলানগরী গমনপূর্ব্বক সেই অসুরকুলবর্ব্বর কোলাসুরকে সবান্ধবে হনন করিব।৮

ঈশ্বর উবাচ।

অতঃকালী করালাস্যা দ্বিজবাল্যস্বরূপতঃ।
গত্বা কোলাপুরং দেবি কোলাসুরসমীপতঃ।
তমযাচতভক্ষ্যং কুমারী দৈত্যপুঙ্গবং ॥১০

কাল্যুবাচ

মাতৃতাতবিহিনাহং সহায়পরিবর্জ্জিতা।
ক্ষুধিতাহং মহারাজ ভোজ্যং মহং প্রদীয়তাং ॥১১

ঈশ্বর উবাচ।

ততকোলাসুরো দেবি মায়সা পরিমোহিতঃ।
দয়য়া তাং করে ধৃত্বা বিবেশান্তপুরে স্বয়ম্ ॥১২
উবাচ ভোজ্যং দাস্যামি তুভ্যং যত্তে স্বভক্ষিতং।
অত্রোপবিশ বালে ত্বং আসনে মণিরঞ্জিতে ॥১৩

ঈশ্বর কহিলেন, ব্রহ্মাবিষ্ণু প্রভৃতি দেবতাগণ মহাকালীর এইরূপ বচন-পরম্পরা শ্রবণপূর্ব্বক আনন্দসাগরে নিমগ্ন হইয়া, মনুষ্যতুল্য নৃত্য করিতে লাগিলেন।৯ তদনন্তর করালবদনী মহাকালী বিপ্রকুমারীর রূপ ধারণ পূর্ব্বক কোলাপুরে কোলাসুর সন্নিধানে গমন করিয়া, সেই দৈত্যরাজকে কিঞ্চিৎ ভক্ষ্য দ্রব্য যাচ্ঞা করিলেন।১০

কালী কহিলেন, আমি মাতৃতাবিহীনা, সহায়বিহীনা, হে মহারাজ! আমাকে কিঞ্চিৎ খাদ্যদ্রব্য প্রদান করুন ১১

ঈশ্বর কহিলেন, হে দেবি! তদনন্তর কোলাসুর মায়ায় মোহিত হইয়া কৃপাপ্রকাশপুরঃসর সেই কুমারীর করে ধারণপূর্ব্বক স্বয়ং তাহাকে অন্তঃ-পুরে প্রবেশ করাইলেন।১২ এবং কহিলেন, যাহা ইচ্ছা আমি সেই

ইত্যুক্ত্বাসৌ দদৌ ভোজ্যং নানাবিধমনেকশঃ।
ভুক্ত্বা সা সকলং দেবী পুনর্দ্দেহীতি ব্যদীনী।
পুনর্দ্দদৌ বহুতরং তচ্চাপি বুভুজে স্বয়ম্।
নাহং তৃপ্তা বদন্তীং তাং কোলোবাচ তদ্যসুরঃ॥১৪
যথা তৃপ্তির্ভবেদ্বালে তাবচ্ছ তত্তথা কুরু।
ইত্যদীরিতমাকর্ণ্যকালী বাল-স্বরূপিনী॥১৫
কোষং হয়ং হস্তিনঞ্চ রথং সৈন্যং সবান্ধবং।
অণেন বুভুজে কালী কোলাসুরং মহাবলং॥১৬
কালরুদ্রো যথা কালে ক্ষণাদ্‌যুগত্রয়ং নয়েৎ।
তথা কোলাপুরং শূন্যং কৃতং কাল্যা ক্ষণাচ্ছিবে॥১৭

ভোজ্যই তোমাকে প্রদান করিব। হে বালিকে! তুমি এই মনিরঞ্জিত আসনে উপবেশন কর। এই বলিয়া ঐ দৈত্য বহুবার বহুবিধ ভোজ্যদ্রব্য তাঁহাকে প্রদান করিল। বালিকা সেই সমস্তই ভক্ষণ করিয়া বলিলেন, ইহাতে আমার তৃপ্তি হইল না, পুনর্ব্বার ভোজ্য আনয়ন কর।১৩ দৈত্য-রাজ পুনর্ব্বার বহুতর খাদ্য প্রদান করিলে, সে সকলও ভক্ষণ করিয়া কহিলেন, আমার ইহাতে পরিতৃপ্ত হইল না। তাঁহার এই বাক্য শ্রবণ করিয়া, কোলাসুর কহিল, ১৪ হে বালে। যাহাতে তোমার তৃপ্তি হয়, তুমি তাহাই কর। বাল্যরূপিণী কালী কোলার এই বাক্য শ্রবণ করিয়া,।১৫ তাহার কোষ, অশ্ব, হস্তী, রথ, সৈন্য, বান্ধব এই সকল ভক্ষণ করিয়া, মহাবল কোলাসুরকে ভোজন করিলেন।১৬ হে শিবে! যেমন কালরুদ্র ক্ষণমধ্যে যুগত্রয়কে মহাকালমধ্যে আনয়ন করে, সেইরূপ মহাকালী ক্ষণ-শূন্য করিয়া ফেলিলেন।১৭ তদনন্তর বিষ্ণুপ্রমুখ দেবতাগণ অরি সকল

হতারয়স্ততোদেবা ব্রহ্মবিষ্ণুমুখস্তথা।
নিরন্তরং পুষ্পবৃষ্টিং চক্রুস্তে ননৃতঃ পরং ॥১৮
জগুঃ সুললিতং গীতং দেবগন্ধর্ব্বকিন্নরাঃ।
বিদ্যাধরী দেবপত্নীকিন্নরীভিঃ সমন্ততঃ ॥১৯
পূজিতাস্তৈঃ কুমারী সা কুসুমৈর্নন্দনোদ্ভবৈঃ।
সর্ব্বলোকৈঃ পূজিতাচ কুমারী সা গৃহে গৃহে।২০
ততঃ সান্তর্হিতা দেবী কুমারী ব্রহ্মবিগ্রহা।
এবং তেহস্ত ময়া প্রোক্তং কোলাসুরনিসূদনং ॥২১
ব্রহ্মশাপো দুরাধর্ষঃ ভ্রমতোঽপি মচাচরেৎ।
বাগ্‌বজ্রঞ্চ ব্রাহ্মণানাং সদা জানীহি কামানি ॥২২
অতোঽবিদ্যঃ সবিদ্যো বা বিপ্রঃপূজ্যঃসদা ভবেৎ।
সন্তুষ্য ব্রহ্মণান্ দেবি তুষ্টাবয়ং সদা সুরাঃ ॥২৩

হত হইব দেখিয়া, পুষ্পবৃষ্টি করিতে আরম্ভ করিলেন। দেব গন্ধর্ব্ব কিন্নরগণ এবং বিদ্যাধরী কিন্নরী ও দেবপত্নীগণ হর্ষভয়ে নৃত্যগীত আরম্ভ করিলেন।১৮-১৯ তদনন্তর সকলেই মিলিত হইয়া কুসুমচন্দনভাবে সেই কুমারীর পূজা করিলেন। তৎপরে সমস্ত লোক আপনাদের গৃহে কুমারীপূজা করিতে লাগিল।২০ তদনন্তর সেই ব্রহ্মরূপিণী কুমারী অন্তর্হিতা হইলেন। হে দেবি! এই তোমাকে কোলানিপাতন কহিলাম।২১ হে কুলবতী! ব্রহ্মশাপ দুর্দ্ধর্ষণীয়, ভ্রমেও ব্রহ্মশাপের কার্য্য করিবেন না, ব্রাহ্মণের অভিশাপ বাক্য বজ্রস্বরূপ জানিয়া কার্য্য করিবেন না, ব্রাহ্মণের অভিশাপ বাক্য বজ্রস্বরূপ জানিবে।২২ এই হেতু ব্রাহ্মণ বিদ্বান্ বা অবিদ্বান্ হইলেও সে দেবতুল্য! ব্রাহ্মণ সন্তুষ্ট থাকিলেই আমরা

বিতুষ্টে ব্রাহ্মণে দেবি বিতুষ্টাবয় মেব হি ॥২৪
যদ্যকার্য্যশতং দেবি ব্রাহ্মণঃ স্বমুপাচরেৎ।
আত্মমোহিতকামেন্ন তথাপি তং ন চোৎসৃজেৎ ॥২৫
নাপমানঞ্চ কর্ত্তব্যং সর্ব্বদা সুরপুঙ্গবে।
ব্রাহ্মণঃ নর্ব্বদেবাত্মা মোক্ষতেজোসমোহি সঃ ॥২৬
অপ্রসূতিশ্চ সা কালী কুমারীরূপধারিণী।
ততঃ প্রভৃতি দেবেশি কুমারী পূজ্যতেস্থরৈঃ ॥২৭
ব্রহ্মাবিষ্ণুমহেশাদ্যৈঃ কুমারী পূজ্যতে সদা।
অন্যৈঃ সর্ব্বৈঃ প্রপূজ্যেত ব্রহ্মাণ্ডতল গোচরৈঃ ॥২৮
কুমারী পূজনফলং বক্তুং নার্হামি সুন্দরি।
জিহ্বাকোটিসহস্রৈস্ত বক্ত্রকোটিশতৈরপি ॥২৯
তস্মাচ্চ পূজয়েদ্বালাং সর্ব্বজাতিসমুদ্ভবাং ॥
জাতিভেদো ন কর্ত্তব্যঃ কুমারীপূজনে শিবে ॥৩০

সকল দেবতাই সন্তুষ্ট থাকি।২৩ হে দেবি! ব্রাহ্মণ অসন্তুষ্ট হইলে, আমারও বিতুষ্ট হই।২৪ ব্রাহ্মণ যদিও শত শত অকার্য্য করেন, তথাপি তাঁহাকে পরিত্যাগ বা তাঁহার অপমান করা কর্ত্তব্য নয়।২৫ হে সুরবরে! ব্রাহ্মণ সর্ব্ব দেবময় এবং মোক্ষতেজঃসমান জানিবে।২৬

সেই কালী অপ্রসূতি কুমারীরূপধারিণী হইয়াছিলেন, সেই হেতু তদবধি দেবগণ কুমারীপূজা আরম্ভ করিলেন।২৭ ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরাদি সকলেই এবং তদনন্তর ব্রহ্মাণ্ডতলনিবাসী সর্ব্বলোকেই কুমারী পূজা করিতে লাগিলেন।২৮ হে সুন্দরী! আমি কোটিসহস্র জিহ্বা ও মুখ-দ্বারাও কুমারীপূজার ফল বর্ণন করিতে অক্ষম।২৯ হে মহেশানি! সেই

জাতিভেদান্মহেশানি নরকান্ন নিবর্ত্ততে ॥
বিচিকিৎসাপরোমন্ত্রী ধ্রুবঞ্চ পাতকী ভবেৎ ॥৩১
দেবী বুদ্ধ্যা মহাভক্ত্যা তস্মাত্তাং পরিপূজয়েৎ।
সর্ব্ববিদ্যাত্মরূপা হি কুমারী নাত্র সংশয়ঃ ॥৩২
একা হি পূজিতা বালা সর্ব্বং হি পূজনং ভবেৎ ॥৩৩
যদি ভাগ্যবশাদ্দেবি বেশ্যাকুলসমুদ্ভবাং।
কুমারীং লভ্যেতে কান্তে সর্ব্বস্বেনাপি সাধকঃ ॥
যত্নতঃ পুজয়েত্তাস্তু স্বর্ণরৌপ্যাদিভির্ম্মুদা ॥৩৪
তদা তস্য মহাসিদ্ধির্জায়তে নাত্র সংশয়ঃ।
মহা সিদ্ধির্ভবেদস্য স এব শ্রীসদাশিব ॥৩৫
লক্ষণং তস্য বক্ষ্যামি তচ্ছৃণুষ্ব প্রিয়ম্বদে।
বপুস্তস্য মহেশানি কাঞ্চনং পরিজায়তে ॥
সর্ব্বসিদ্ধিযুতোভুত্বা ক্রীড়তে ভৈরবো যথা ॥৩৬

হেতু সর্ব্বজাতীর কুমারীগণের পূজা করা কর্ত্তব্য, হে শিবে! কুমারীপূজায় জাতিভেদ নাই।৩০ ইহাতে জাতিভেদ বিচার করিলে, নরকে পতিত হইয়া আর পুনরাগমন করিতে পারে না। মন্ত্রবান্ ব্যক্তি অবিচারিত কর্ম্ম করিলে পাতকী হয়।৩১ অতএব মহাভক্তি ধারণ করিয়া, দেবীবোধে কুমারীর পূজা কর্ত্তব্য। কুমারী সর্ব্ববিদ্যার স্বরূপা সন্দেহ নাই।৩২ একটী কুমারীর পূজা করিলে সর্ব্বদেবদেবীর পূজা করা হয়।৩৩ হে দেবি! যদি ভাগ্যবশে বেশ্যাকুলসমুদ্ভবা কুমারী প্রাপ্ত হওয়া যায়, তবে সাধক ব্যক্তি তাহাকে স্বর্ণরৌপ্যাদি সর্ব্বস্ব প্রদানপূর্ব্বক ও যত্ন পূর্ব্বক পূজা করিবে।৩৪ এইরূপ করিলে সাধকের মহাসিদ্ধি হয় এবং সে সদাশিব তুল্য

স্বর্গে মর্ত্ত্যে চ পাতালে গতিস্তস্য সুনিশ্চিতং।
হঠাত্তু জায়তে সর্ব্বং যদ্‌যন্‌মনসি বর্ত্ত্যতে ॥৩৭
কাব্যেহ সমাসাদ্য সর্ব্বত্র ব্যোপকো ভবেৎ।
অব্যাহতঞ্চ সর্ব্বত্র যথা পুরন্দরঃ শিবে।৩৮
দেবদানব-গন্ধর্ব্ব-নাগ-কিন্নর কামিনী।
বিদ্যাধরী রাজনারী সেবতে তং দিবানিশং ৩৯
অন্তে প্রাপ্যতে তেক পরং নির্ব্বাণ মুত্তমং॥
কুমারী পূজনে কালে সাধকঃ শিবতাং ব্রজেৎ ॥৪০
কুমারী পূজ্যতে যত্র স দেশঃ ক্ষিতিপাবনঃ।
মহাপুণ্যতমোভূয়াৎ সমস্তাৎ ক্রোশপঞ্চকং ॥৪১

সিদ্ধ হয়, সন্দেহ নাই।৩৫ কুমারীসাধকের লক্ষণ কহিতেছি, হে প্রিয়ম্বদে! তুমি তাহা শ্রবণ কর। তাহার বপুঃ কাঞ্চনকান্তি হয়, এবং সে ব্যক্তি সর্ব্ববিধ সিদ্ধযুক্ত হইয়া, ভৈরবের ন্যায় বিহার করিয়া থাকে।৩৬ সে স্বর্গ, মর্ত্ত্য ও পাতাল সর্ব্বত্রই গমন করিতে পারে। যখনি যাহা মনে হয়, অমনি তদ্রূপ ধারণ করিতে পারে।৩৭ কায়া বিস্তারপ্রাপ্ত হইয়া, তৎক্ষণাৎ সর্ব্বত্রই ব্যাপক হইবার সামর্থ্য হয়। পুরন্দরের ন্যায় সর্ব্বত্রই তাহার আজ্ঞা অব্যাহতি।৩৮ দেব দানব, গন্ধর্ব্ব, নাগ, কিন্নরগণের কামিনীগণ এবং বিদ্যাধরী ও রাজনারীগণ সকলে সততই তাহার সেবা করিয়া থাকে।৩৯ এবং সেই সাধক অন্তকালে পরম নির্ব্বাণ প্রাপ্ত হয়। কুমারী পূজাকালে সাধক শিবত্ব লাভ করে।৪০ যে স্থানে কুমারী পূজা হয়, সেই স্থান ক্ষিতির মধ্যে পবিত্র ও সেই স্থান চারিদিকে পঞ্চক্রোশ সহিত পুণ্যময় হয়।৪১ এই ভারতমণ্ডলে কুমারীর পূজা করিলে, ঐ কুমারীর দেহ হইতে

কুমারীং পূজনং যত্র কুর্য্যাচ্চ পরমেশ্বরি।
স্ফুতের মহাজ্যোতিঃ প্রত্যক্ষং ভরিতে ভুবি ॥৪২
বিশ্বম্ভরোমাম রাজা চৈত্রবংশসমুদ্ভবঃ।
অপূজয়েৎ কুমারীং তাং বেশ্যাকুলসমুদ্ভবং।
কাঞ্চীনাম্নীং কৃষ্ণবর্ণাং সর্ব্বলক্ষণ পূরিতাং ॥৪৩
পূজাকালে মহাদেবী কাঞ্চী ভলেৎ স্ফুরৎপ্রভা।
তত্রপ্রভা পচলাচ্ছন্নো রাজা মোক্ষমবাপ্তবান্ ॥৪৪
সম্যক্প্রপূরিতা ন স্যাৎকাঞ্চী জ্যোতির্ম্ময়ী প্রভা।
ভূত্বা নিত্যাহি তৎ স্বপ্নে গৃহ্নাতি পূজনং সদা ॥৪৫
কাঞ্চীনাম্নী পুরীজাতা তৎস্থানস্ত মহাফলা।
মোক্ষদা সা পুরী জ্ঞেয়া পঞ্চক্রোশময়ী
শ্চিত্রমেতন্নগেন্দ্রজে ॥৪৬

প্রত্যক্ষরূপে প্রভাস্ফুরিত হয়।৪২ বিশ্বম্ভর নামে এক চৈত্রবংশীয় রাজা বেশ্যাকুলসমুদ্ভবা এক কুমারীর পূজা করিয়াছিলেন।৪৩ হে মহাদেবি! ঐ কুমারীর নাম কাঞ্চী, সে সর্ব্বসুলক্ষণসম্পন্না ও কৃষ্ণবর্ণা। পূজা কালে ঐ কুমারীর কৃষ্ণবর্ণ দেহ হইতে প্রভামণ্ডল স্ফুরিত হইতে লাগিল। রাজা সেই মহাপ্রভামণ্ডলে আচ্ছন্ন হইয়া মোক্ষপ্রাপ্ত হইলেন।৪৪ ঐ কুমারী কাঞ্চী প্রভাপূর্ণা ছিল না, কিন্তু সে তদবধি জ্যোতির্ম্ময়ী হইয়া সেই স্থানে পূজা গ্রহণ করিতে লাগিল।৪৫ হে দেবি! সেই স্থানে কাঞ্চী নাম্নী এক মহাফলদায়িনী পুরী হইল। চারিদিকে পঞ্চক্রোশ, সহিতা সেই পুরী কল্যাণপ্রদা ও মোক্ষদায়িনী।৪৬ হে নগেন্দ্রনন্দিনী!

অতঃ কাঞ্চীপুরী দেবি যুতাবারণী শুভা।
এবন্তু পূজিতা বালা কম্পিল্লেন মহাত্মনা ॥৪৭
কাম্পিল্লে নগরে পূর্ব্বং তামুস্তুতাং বরনিনে।
অদ্যাপি দৃশ্যতে লোকে শিলারূপেণ তিষ্ঠতা ॥৪৮
সর্ব্ব পুণ্যতমোবাসং সর্ব্বতীর্থসমাকুল।
সর্ব্বযজ্ঞযুতং দেবি মহর্ষীনাঞ্চ বেষ্টিতং ॥৪৯
সর্ব্বাশ্চর্য্যসমাক্রান্তং কাম্পিল্লে নগরে পরং।
যে বসন্তি মহাদেবী কাম্পিল্লনগরেপুরে।
ইহভুক্তা বরান্ ভোগান্ মম তুষ্টি প্রদায়কাম্ ॥
সর্ব্ব সম্পৎসমাকীর্ণা নস্তে দেব্যাঃ প্রসাদতঃ ॥
উলল্লজ্ঘ্য ব্রতলোকঃ বে দেব্যাঃ স্থানং সনাপ্নয় ॥৫০।৫২
যদি কামী ভবেৎ কেঽপি বৈকুণ্ঠং পরমং ব্রজেৎ।
মল্লোকং বা মহেশানি যথা মে মনিমন্দিরং ॥৫৩

সেখানে গৃহকর্ম্মাদি যাহা যাহা করা যায়, তদ্দারাই তাহার পূজা হয়। হে দেবি! ইহা অতি বিচিত্র।৪৭ হে মহেশানি। এই হেতু কাঞ্চী-পুরী বারানসীর ন্যায় কল্যাণদায়িনী জানিবে। পূর্ব্বে কাম্পিল্ল নামক নগরে কুমারীদেবীর পূজা হয়, অদ্যাপিও সেই কুমারী শিলারূপে তথায় অবস্থিতি করিতেছেন।৪৮ সেইস্থান পরম পুণ্যতম বসতিস্থান, উহা সর্ব্বযজ্ঞযুত ও সর্ব্বতীর্থসমাকুল, ঋষিগণ সেবিত ও সর্ব্বৈশ্বর্য্যময়।৪৯ হে দেবি! যে ব্যক্তি কাম্পিল্লনগরে বাস করে, সে দেবীর প্রসাদে ইহলোকে সর্ব্ববিধ উৎকৃষ্ট তুষ্টিপ্রদ ভোগ্য উপভোগবান্ এবং সর্ব্বসম্পত্তি বান্ হয়; পরকালে ব্রহ্মলোক উল্লঙ্ঘন পূর্ব্বক দেবীর স্থান প্রাপ্ত

এব্য তেহস্য ময়া প্রোক্তং কুমারীচরিতং শিবে।
কিঞ্চিদেব মহামায়ে পুনঃ কিং পরিকথ্যতে ॥৫৪
ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে চতুর্ব্বিংশতিসাহস্র্যে
সপ্তদশঃ পটলঃ।

অষ্টাদশ পটলঃ।

শ্রীদেব্যুবাচ।

শ্রুতং কুমারীচরিতং পূর্ব্বং হি দেবাঞ্ছিতং।
ইদানীং শ্রোতু মিচ্ছামি কহোচরিতং পরং ॥১

হয়।৫০।৫২ যদি কোন ব্যক্তি কামী হন, তবে সে বৈকুণ্ঠপুরে গমন করিয়া থাকে, অথবা আমার লোকে মণিমন্দিরে বাস করে।৫৩ হে শিবে! এই আমি তোমাকে অদ্য কিঞ্চিৎ কুমারীচরিত কহিলাম। হে মহামায়ে! আর কি কহিব, বল।৫৪

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসংবাদে চতুর্ব্বিংশতি
সাহস্র্যে সপ্তদশ পটল।

দেবী কহিলেন, হে মহাদেব! দেবতাবাঞ্ছিত পুরাতন কুমারীচরিত শ্রবণ করিলাম একণে পরমোৎকৃষ্ট কহোলচরিত শ্রবণ করিতে বাসনা হইতেছে।১ আপনি কৃপা করিয়া সেই সর্ব্বলোকহিতকর, যোগিগণের হৃদয়ার্থপ্রদ সাধুচরিত কীর্ত্তন করুন।২

আজ্ঞা পর মহাদেব কৃপয়া পরমা হি তৎ ।
হিতং হি সর্ব্বলোকানাং যোগিনাং হৃদয়ার্থদং ॥২

ঈশ্বর উবাচ ।

বেদবেদান্তবেদাঙ্গসর্ব্বশাস্ত্রস্বরূপভাক্ ।
সর্ব্বযোগী সর্ব্বতীর্থপূতঃ সর্ব্বাঘবর্জ্জিতঃ
সর্ব্ববিদ্যাসর্ব্বমন্ত্রকৃত সিদ্ধিঋ ষীশ্বরঃ ।
সর্ব্ববর্য্যঋষিশ্রেষ্ঠ পরিবভ্রাম মেদিনীং ।
চিন্তামবাপ মহতীমতীবোদ্বিগ্নমানসঃ ৩॥৪
সহস্রসূর্য্যসঙ্কশঃ স এবাসীৎ পুরা শিবে ॥৫
চিন্তিয়া পরয়া সোঽভূৎ প্রদীপ ইব চাপরে ।
তদকাশসমুদ্ভুতা শ্রুতা বাণী মহর্ষিণা ॥৬
কহোলয়াহি পূর্ব্বং ত্বং শঙ্করং দেব শঙ্করং ।
স গুরুঃ সর্ব্বসত্বানাং সকলং তে করিষ্যতি ।

ঈশ্বর কহিলেন, বেদবেদান্ত বেদাঙ্গতত্ত্বজ্ঞ ও সর্ব্বশাস্ত্রতত্ত্বগ্রাহী, সর্ব্ব-যজ্ঞকারী, সর্ব্বতীর্থসম্পূত, সর্ব্বপাপবিবর্জ্জিত, সর্ব্ববিদ্যা ও মন্ত্রদ্বারা কৃতসিদ্ধি, ঋষিগণের বরণীয় ঋষিশ্রেষ্ঠ, ঋষিশ্বর কহোল মেদিনীমণ্ডল পরিভ্রমণ করিতে লাগিলেন।৩।৪ সেইকালে তিনি এক মহতী চিন্তা প্রাপ্ত হইলেন ; তদ্দ্বারা তিনি অতীব উদ্বিগ্নমনা হইয়া পড়িলেন। পূর্ব্বে তিনি সহস্রসূর্য্যপ্রভ ছিলেন।৫ এক্ষণে মহতী চিন্তায় প্রদীপশিখার ন্যায় ক্ষীণ হইয়া পড়িলেন। তদনন্তর মহর্ষি এক আকাশবাণী শ্রবণ করিলেন।৬ অহে কহোল! তুমি পূর্ব্বদিকে কল্যাণকর শঙ্করদেবের নিকট গমন

শ্রুত্বা তাং গাগনীং বাণীং পরমানন্দসংস্তুতঃ।
গত্বোবাচ কহোলো মে বৃত্তান্ত সকলং হি তৎ।৭।৮
ততস্তস্মৈ ময়া দত্তা বিদ্যা কালী পরাকলা।
চন্দ্রক্ষরী সর্ব্বজ্ঞানভাবনী চিন্ময়ী।
দত্তশ্চ পরমাচারঃ শ্রীমদাগ্রমসম্মতঃ।
কথিতঞ্চ ময়া তস্মৈ কহোল পুত্র তচ্ছৃণু॥৯
অনেনাচার যোগেন গত্বা কালীং দিগম্বরীং।
ভাবয়িত্বা পূজয়েদ্ যঃ সর্ব্বাজ্ঞানবিভাষিনীং॥১০
ততস্তে সংশয়ো নষ্টো ভবেয়ুর্ভুবনেশ্বর॥১১
ইত্যাজ্ঞপ্তঃ কহোলঃ স ঋষি র্ব্বেদবিশারদঃ।
গত্বা কাশীং যজেৎ কালীং পঞ্চাচারযুতোমুদা॥১২

কর। তিনি সর্ব্বজীবের গুরু তিনিই তোমার সর্ব্বচিন্তা দূর করিয়া সর্ব্বকার্য্য সম্পাদন করিয়া দিবেন।" সেই আকাশবাণী শ্রবণ করিয়া আনন্দনীরে পরিপ্লুত হইয়া, পূর্ব্বদিকে গমন পূর্ব্বক আমার নিকট সমস্ত বৃত্তান্ত নিবেদন করিলেন।৭।৮ তদনন্তর আমি তাঁহাকে পরমাকলা কালীবিদ্যা অর্পণ করিলাম। ঐ বিদ্যা চন্দ্রাক্ষরী এবং সর্ব্বজ্ঞানদায়িনী চিন্ময়ী ও কল্যাণপ্রদা। আর তাঁহাকে শ্রীমদাগমসম্মত পরম সদাচার ও প্রদান করিয়া কহিলাম, হে বৎস কহোল! শ্রবণ কর।৯ এই আচার-যোগে কাশীতে দিগম্বরী কালীর নিকট গমন করিয়া, সেই সর্ব্বজ্ঞান বিভাষিনীর পূজা করবে।১০ তাহাতে ভুবনেশ্বর সান্নিধানে তোমার সর্ব্ব-সংশয় বিনষ্ট হইবে।১১ সেই বেদবিশারদ ঋষি কহোল আমার দ্বারা এইরূপ আদিষ্ট হইয়া কাশী গমন করিয়া, পঞ্চোপচারে কালীর পূজা

ততস্তে সংশয়াবিঘ্নাঃ পলায়ন্তে দিনে দিনে।
ঋষেস্তস্য কলোলস্য বেদমূর্ত্তের্ম্মহা মতে ॥১৩
ততস্তস্মিন্ কৃপা জাতা মহাকাল্যা ঋষেঃ শুভাঃ
তথাচ কৃপয়াপ্রাপ্য কহোলঋষিসত্তম্য ॥১৪
আত্মানং কালিকারূপং পরংব্রহ্ম সনাতনং।
জ্ঞানমায়াবিনির্ধূত মদ্বৈতং পরমং শিবে ॥১৫
সর্ব্বমায়াবিনির্ম্মুক্তোজাতঃ স ঋষিরুত্তমঃ
সর্ব্বং ব্রহ্মময়ং পশ্যেজ্জগতেচ্চরাচরং ॥
আত্মদেহাদিকং কিঞ্চিজ্জানাতি ন চ কর্হি চিৎ।
তেনৈব ব্রহ্মজ্ঞানেন দেহকর্ম্মাদিকং খলু।
ভস্মীভূতং মহেশানি ঋষেস্তস্য মহাত্মনঃ ॥১৭
ব্রহ্মভূতঃ কহোলর্ষির্ম্মহাকাল্যাঃ প্রসাদতঃ ॥১৮

করিল। ২ তদনন্তর তাহাতে মহামতি দেবমূর্ত্তি ঋষির সংশয়বিঘ্নসকল দিনে দিনে পলায়ন করিতে লাগিল।১৩ তদনন্তর সেই ঋষির প্রতি মহাকালীর কৃপা হইল। কালীর কৃপায় কহোলঋষি।১৪ আত্মস্বরূপ পরমব্রহ্ম সনাতন মায়াবিরহিত জ্ঞান নির্ধৌত অদ্বৈত পরম কালীরূপ প্রাপ্ত হইলেন।১৫ তদনন্তর তিনি সর্ব্বমায়া হইতে নির্ম্মুক্ত ও সংশয়শূন্য হইয়া এই অখিল চরাচর ব্রহ্মময় অবলোকন করিতে লাগিলেন।১৬ তিনি আত্মদেহাদি কিছুই জানিতে পারিলেন না। ব্রহ্মজ্ঞান দ্বারা সেই মহাত্মা ঋষির দেহকর্ম্মাদি সমস্তই ভস্মীভূত হইয়া গেল।১৭ মহাকালীর প্রসাদে সেই কহোলঋষি ব্রহ্মস্বরূপ হইলনে।১৮ তদনন্তর তিনি সর্ব্বপ্রকার

অত্যাচারেষু সর্ব্বেষু রতঃ স্যা স্ফুরতে হি সঃ।
এবমেব মহাকালী কহোলঋষিমানিতা ॥১৯
চকার লীনং ত মৃষিং স্বীয়দেহে তু কারণে ॥২০
যং যং ভাব মুপাশ্রিত্য যজেৎ কালীং হি সাধকঃ।
প্রাপ্নুয়াদচিরাদে মহাকাল্যাঃ প্রসাদতঃ ॥২১

শ্রীদেব্যুবাচ।

শ্রুতং কহোলচরিতং পূর্ব্বং বিস্ময়কারকং।
দেবাসুর মুনীন্দ্রণাং ভাবিতাত্মনাং।
ইদানীং শ্রোতুমিচ্ছামি গঙ্গাং ত্রৈলোক্য, পাবনী।
কাং বিদ্যাং প্রাপ্য সা জাতা তাং বদস্ব ময়ি প্রভো ॥২২

ঈশ্বর উবাচ।

শৃণু দেবি প্রবক্ষ্যামি যন্মাং ত্বং পরিপৃচ্ছসি।
শ্রবনাৎ সর্ব্বপাপানি নাশমায়ান্তি নান্যথা ॥২৩

অত্যাচারে দীপ্তি প্রকাশ পাইতে লাগিলেন। এইরূপে মহাকালী কহোলঋষি কর্ত্তৃক পূজিত হইয়া, সেই মহর্ষিকে স্বীয় কারণদেহে লীন করিয়া লইলেন।১৯।২০ যে সাধক যে ভাব অবলম্বন করিয়া কালীর আরাধনা করে, সে মহাকালীর প্রসাদে অচিরেই তাহা প্রাপ্ত হয়।২১

দেবী কহিলেন হে প্রভো! আমি দেব অসুর মুনি ঋষিগণের ও বিস্ময়কর পুরাতন কহোলচরিত্র শ্রবণ করিলাম, এক্ষণে ত্রৈলোক্যপাবনী গঙ্গার বিষয় শ্রবণ করিতে বাসনা করিতেছি এবং তিনি কোন্ বিদ্যা প্রাপ্ত হইয়া, জন্মগ্রহণ করিলেন, তাহা আমায় সবিস্তারে কীর্ত্তন করুন।২২

ঈশ্বর কহিলেন, হে দেবি! যাহা তুমি জিজ্ঞাসা করিতেছ, তাহা

মন্ত্রমাদৌ প্রবক্ষ্যামি ত্রৈলোক্যপাবনাভিধং।
মহাদেব্যা মহাকাল্যা মহাদেবেন ভাষিতং ॥২৪
নিজবীজং সমুদ্ধৃত্য সম্বোধন পদদ্বয়ং।
পুনশ্চ নিজবীজং হি বিদ্যাযশস্করী পরা ॥২৫
এষাং বিদ্যাং সমারাধ্য গঙ্গা ত্রৈলোক্যপাবনী।
মম জটাতটে স্থিতা জপেদ্বিদ্যা মহর্নিশং ॥২৬
তেন সা পাবনী গঙ্গা মোক্ষদা সর্ব্বদেহিনাং।
সিদ্ধিমন্ত্রপ্রভাবেন কালীতেজোপবৃংহিতা ॥২৭
অতঃ সা পাবনী ভূত্বা মোক্ষদা চ সদাশিবে।
অতোহি সর্ব্বতীর্থানাং সা বিদ্যা সর্ব্বপূজিতা ॥২৮
মহাত্ম্যং কিমু বক্ষ্যামি গঙ্গায়াশ্চ সুরেশ্বরি।
যন্নামস্মরণাদেব পাপিনো মুক্তিভাগিনঃ ২৯

শ্রবণ কর। ইহার শ্রবণে সর্ব্বপাপ বিনষ্ট হইয়া যায়।২৩ প্রথমে মহাদেবভাষিত মহাদেবী মহাকালীর ত্রৈলোক্যপাবন নামক মন্ত্র বলিব ২।৪ নিজবীজ উদ্ধার করিয়া সম্বোধন পদদ্বয় উদ্ধারপূর্ব্বক তৎপরে পুনশ্চ নিজবীজ উদ্ধারান্তে যশস্করী পরাবিদ্যা উচ্চারণ করিবে।২৫ ত্রৈলোক্যপাবনী গঙ্গা এই বিদ্যার আরোধনা করিয়া আমার জটাতটে অবস্থান পূর্ব্বক অহর্নিশি ঐ বিদ্যাজপ করিতে লাগিলেন।২৬ সেই মন্ত্রপ্রভাবে পাবনী গঙ্গা সর্ব্বদেহীর মোক্ষদায়িনী হইলেন। সিদ্ধ মন্ত্রের প্রভাবে কালীতেজে সম্বর্দ্ধিতা হইয়াই তিনি সর্ব্বদাই পাবনী ও মুক্তি প্রদা হইয়াছেন।২৭ হে শিবে! এই হেতুই সেই বিদ্যা সর্ব্বতীর্থ মধ্যে সম্পূজিতা হন।২৮ হে শিবে! গঙ্গার মহাত্ম্য কি বলিব, যাঁহার নাম

গঙ্গা গঙ্গেতি যো ব্রূয়াৎ পাপিনামপি পাতকী ।
তেষাঞ্চ পাতকং হিত্বা স গচ্ছেদ্বৈষ্ণবীং পুরীং ॥৩০
যানি কানি চ পাপাশি প্রোক্তানি তে মহেশ্বরি ।
প্রায়শ্চিত্তবিহিনানি প্রায়শ্চিত্তপরাণ্যপি ।
তানি সর্ব্বানি নশ্যন্তি গঙ্গাজলাভিষেকতং ।
নগরী বা পুরাত্বম্বুপাত্রাদগঙ্গাং প্রবাহয়েৎ ।৩১।৩২
সর্ব্বং গঙ্গা ভবত্যেব মন্ত্রমাহাত্ম্যতঃ শিবে ॥৩৩
যত্র দেশে বসদগঙ্গা ন দেশঃ পুন্যভাজনঃ ॥৩৪
পুণ্যক্ষেত্রং সমুদ্দিষ্টং পবিত্রং যোজনদ্বয়ং ।
যত্র তত্র ক্রিয়তে কর্ম্ম গঙ্গায়াং নাত্র সংশয় ॥৩৫
গঙ্গায়াং যৎ কৃতং দেবি তদক্ষয়ফলং লভেৎ ।
সাঙ্গং বা বিহিনং বাপি কথিতং শম্ভুবল্লভে ॥৩৬

স্মরণমাত্রেই পাপিগণ মুক্তিলাভ করে ।২৯ পাপিগণের মধ্যেও পাতকী এবং অতি পাতকী হইয়াও যে ব্যক্তি গঙ্গা গঙ্গা বলিয়া ডাকিয়া থাকে তাহার সমস্ত পাপ বিধ্বস্ত হইয়া যায় এবং সে বিষ্ণুলোকে গমন করে ।৩০ হে মহেশ্বরি ! যে পাপের প্রায়শ্চিত্ত আছে বা যাহার প্রায়শ্চিত্ত নাই, এবম্বিধ সমস্ত পাপই গঙ্গা নামে বিনষ্ট হয় । নগরী পুরী বা অন্যান্য স্থান হইতে প্রবাহিত বারি রাশি গঙ্গায় পতিত হইলেও ৩১।৩২ মন্ত্র-মাহাত্ম্যে তাহা গঙ্গাই জানিবে ।৩৩ যে দেশে গঙ্গাদেবী প্রবাহিত হন, সেই দেশ পুণ্যভাজন ।৩৪ গঙ্গার দুই যোজন দূর পর্য্যন্ত ভূমি পবিত্র পুণ্যক্ষেত্র বলিয়া নির্দ্দিষ্ট আছে ।৩৫ তথায় কোনও কার্য্য করিলে গঙ্গাতেই সেই কার্য্য করা হয়, সন্দেহ নাই । গঙ্গায় সাঙ্গ হীনরূপে যাহা

তত্রস্থাঃ প্রাণিনঃ সর্ব্বে দেবলোকবিনিঃসৃতাঃ।
ভুক্ত্বা চ বিবিধান্ ভোগান্ কৃত্বা চ সুকৃতিং সদা।
অনায়াসেন যাস্যন্তি স্থানং পরমদুর্ল্লভ ॥৩৭
মন্ত্র লোকানশোচন্তি দেবর্ষিগণসংস্তুতে।
গঙ্গায়াং ত্যজতে প্রাণান্ যস্তু পুণ্য স্বভাবতঃ।
জ্ঞানতো মোক্ষ মাপ্নোতি বৈকুণ্ঠং তদভাবতঃ।
স্বর্লোকাদ্যামহেশানি গঙ্গাপাপবিনির্জ্জিতাঃ।৩৮।৩৯
গঙ্গামুদিশ্য ব্রজতঃ পথি প্রাণান্ বিমুঞ্চিত।
বিষ্ণুলোকং বহুগুণং পাপী চেৎ সোঽপি গচ্ছতি ॥৪০
তত্তীরে যস্ত্যজেৎ প্রাণান্ ন্যায়তোঽন্যায়তোঽপি বা।
সোঽপি স্বর্গমবাপ্নোতি সর্ব্বসম্ভাবসংযুতঃ ॥৪১

কিছু করা যায়, তাহাই অক্ষয়ফলপ্রদ হইয়া থাকে।৩৬ হে শম্ভুবল্লভে! গঙ্গাস্থিত সকল প্রাণীই দেবলোক হইতে বিনিঃসৃত হইয়া গঙ্গাবাসী হইয়াছে। গঙ্গাবাসিগণ, বিবিধ ভোগ উপভোগপূর্ব্বক সততই সুকৃতি সাধন পূর্ব্বক অনায়াসেই শোকাদিশূন্য পরমদুর্ল্লভ স্থানে গমন করিয়া থাকে।৩৭ হে দেবর্ষিগণের বন্দিতা! যে ব্যক্তি জ্ঞানপূর্ব্বক গঙ্গায় প্রাণত্যাগ করে, সে মোক্ষ প্রাপ্ত হয়, অজ্ঞানে মরিলে বৈকুণ্ঠলাভ হইয়া থাকে। হে মহেশ্বরি! স্বর্গাদি লোক সকল গঙ্গা দ্বারাই নিধৌত কল্মষ হইয়াই পবিত্র স্থান হইয়াছে।৩৮।৩৯ গঙ্গার উদ্দেশে গমন করিয়া পথিমধ্যে প্রাণত্যাগ করিলে যদি সে পাপীও হয়, তথাপি বহুগুণ যুত বিষ্ণু-লোক প্রাপ্ত।৪০ যে ব্যক্তি ন্যায় বা অন্যায়েই হউক, গঙ্গাতীরে প্রাণ-ত্যাগ করে, তাহা হইলে সে সর্ব্বফলসমন্বিত স্বর্গলাভ করে।৪১ গঙ্গায়

যাবদস্থীনি গঙ্গায়াং নিক্ষিপন্তে মৃতস্য চ।
তাবদ্বর্ষসহস্রাণি স্বর্গলোকে মহীয়তে ॥৪২
গঙ্গাজলসমাযোগান্ম্রিয়তে যত্র কুত্রচিৎ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকে মহীয়তে ॥৪৩
গঙ্গাতীরে চতুর্হস্তে পিণ্ডং দদ্যাৎ সমাহিতঃ।
পিতৃণাং নিষ্কৃতিং ভ্রত্বা বিষ্ণুলোকে বসেন্নরঃ ॥৪৪
গঙ্গায়াং তর্পণং দেবি পুণ্যবান্ যঃ সমাচরেৎ।
মহাতৃপ্তির্ভবেৎ সত্যং পিতৃণাঞ্চ শতাব্দিকং ॥৪৫
ঋষীণাং দেবতানাঞ্চ তথৈব সমুদাহৃতং।
দিবা বা যদি বা রাত্রৌ সন্ধ্যায়াং বা মহানিশি।
স্নান দানং তপোহোমং তর্পণং পূজনং শিবে।
সর্ব্বং কুর্য্যাত্তু গঙ্গায়াং কালভেদং ন চাচরেৎ ।৪৬।৪৭

মৃতের যাবৎ অস্থি নিক্ষিপ্ত হয়, তাবৎ সহস্র পরিমিত বৎসর ঐ ব্যক্তি স্বর্গলোকে পূজ্য হয়।৪৩ যে কোনও ব্যক্তি, যে কোন স্থানে গঙ্গাজল সংযোগে প্রাণত্যাগ করিলে সে সর্ব্ববিধ পাপ হইতে বিমুক্ত হইয়া বিষ্ণুলোকে পরিপূজিত হয়।৪৩ গঙ্গাতীরে, গঙ্গা প্রবাহের চারহস্ত দূরে, সমাহিতচিত্তে পিতৃগণের পিণ্ড প্রদান করিলে পিতৃগণ নিষ্কৃতি প্রাপ্ত হন এবং পিণ্ডপ্রদ ব্যক্তি বিষ্ণুলোকে বাস করে।৪৪ হে দেবি! দিবা বা রাত্রি, সন্ধ্যাকাল, মহানিশা এইরূপ সকল কালেই গঙ্গায় স্নান, দান, তপঃ, হোম, তর্পণ পূজা, প্রভৃতি সর্ব্ব কার্য্যই সম্পাদন করিবে, তাহাতে কাল ভেদ বিচার কর্ত্তব্য নয়।৪৬।৪৭ হে শিবে! যদি কাল

কালভেদৰ্থং সমাচৰ্য্য যদি কৰ্ম্ম ত্যজেৎ শিবে ।
ততস্তু স্থাবরো ভূয়াদরণেং তদন্তরে ।
দাবাগ্নীনাং শিখা তস্য দগ্ধা মৃতনেকধা ।
তদন্তে পরমেশানি চাণ্ডালোনিত্যদুখিতঃ ।৪৮।৪৯
জায়তে সপ্তজন্মানি তদন্তে রজকো ভবেৎ ।
জন্মত্রয়ং মহেশানি তদন্তে শূদ্রযোনিষু ।
দশজন্ম মহেশানি ততোবৈশ্যত্ব মাপ্নুয়াৎ ।
চতুৰ্জ্জন্মব্যতীতে তু ক্ষত্রিয়ত্বং ত্রিজন্মতঃ ।
ব্রাহ্মণত্বং ততং প্রাপ্য লভেৎ পূণ্যগতিং নরঃ ।৫০।৫১
গঙ্গায়াং মরতে যোহি যৎ কিঞ্চিৎ পরমেশ্বরি ।
তস্য মোহন্ধিতমসৌ রৌরবান্নস্তি নিষ্কৃতিং॥৫২
আহূতং সংপ্লবং দেবি কথিত্য ত সুরেশ্বরি ।
গঙ্গাতীরে চ গঙ্গায়্যা প্রতি গৃহ্লাতি যো নরঃ ।
শ্বপচো জায়ঃত নিত্যং দশজন্মনি কামিনী ।৫৩

ভেদ সমাচারণ পূৰ্ব্বক গঙ্গায় দেহত্যাগ করে, তবে সে স্থাবর হইয়া অরণ্যে জন্মগ্রহণ করে, তদন্তর দাবাগ্নিশিখা বা অন্ত বহু প্রকারে বিনষ্ট হয়। হে পরমেশ্বরি! তারপর সেই ব্যক্তি দুঃখী চণ্ডাল হইয়া জন্মিয়া থাকে।৪৮।৪৯ তৎপরে তিনজন্ম রজক হয়। তদন্তর শূদ্র যোনিতে দশজন্ম যাপন করিয়া চারি জন্ম বৈশ্য হয়। তৎপরে তিন জন্ম ক্ষত্রিয়, ও তারপরে ব্রাহ্মণত্ব প্রাপ্ত হইয়া পুণ্যগতি লাভ করিতে পারে।৫০।৫১ হে পরমেশ্বরি! হে সুরেশ্বরি! যদি কোন মানব, গঙ্গায় কিঞ্চিন্মাত্র দ্রব্য ও হরণ করে, তবে সেই ব্যক্তি প্রলয়কাল পর্য্যন্ত মোহান্ধতামস ও

ততো দারিদ্র্যাদোষেণ পরিভ্রমতি মেদিনীং।
সপ্ত জন্ম মহাদেবী তদন্তে নিষ্কৃতিং লভেৎ ॥৫৪
এবন্তে কথিতং তস্যা মন্ত্রমাহাত্ম্যমুত্তমং ॥
কালিকায়া মহেশানি গঙ্গামাহাত্ম্যকারণং ॥৫৫
ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বরসম্বাদে চতুর্ব্বিংশতিসাহস্র্যে
অষ্টাদশঃ পটলঃ।

ঊনবিংশতি পটলঃ।

শ্রীদেব্যুবাচ।

ভো দেব পরমানন্দ করুণাময়বারিধে।
অপারে ঘোর সংসারে পতিতানাং মহার্ণবে।
আমৃতে কঃ সমুদ্ধর্ত্তা চান্তে ব্রহ্মাণ্ডমণ্ডলে ॥১

রৌরব নরকে পতিত হয়, কিছুতেই নিস্তার পায় না।৫২ যে নর, গঙ্গাতীরে বা গঙ্গায় প্রতিগ্রহ করে, সে শ্বপচ যোনিতে জন্মগ্রহণ করিয়া দশ জন্ম যাপন করে।৫৩ তদন্তর দারিদ্র্য দোষে সম্পীড়িত হইয়া সাতজন্ম মেদিনীমণ্ডলে ভ্রমণ করিয়া থাকে, তদনন্তর নিষ্কৃতি প্রাপ্ত হয়।৫৪ হে মহেশানি! এই আমি তোমাকে গঙ্গামাহাত্ম্যের কারণ কালিকার উত্তম মন্ত্রমাহাত্ম্য কহিলাম।৫৫

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বর সংবাদে অষ্টাদশ পটলঃ!

শ্রীদেবি কহিলেন, হে পরমানন্দ দেব! করুণাসিন্ধো! অপার এবং ঘোরতর সংসারার্ণবে পতিত মানবগণের উদ্ধারকর্ত্তা! আপনি ব্যতিরেকে

গুরুস্তঃ সর্ব্বসত্ত্বানাং ব্রহ্মাদীনাং যতোভবাম্‌।
পৃচ্ছামি ত্বামতোনাথ কৃপয়া পরয়া বদ ॥২
শ্রুতং সর্ব্বঃ জগন্নাথ তন্মুখাম্ভোজনির্গতং।
ইদানীং শ্রোতুমিচ্ছামি যত্র মে গতং ॥৩
কাং বিদ্যাং সমুপাশ্রিত্য করালভৈরবঃ স্বয়ং।
ক্রোধবক্ত্রো ভৈরবহভূৎ সর্ব্বসত্ত্বভয়প্রদঃ ॥৪
বিদ্রবন্তি ভয়ার্ত্তা বৈ যস্মাদ্দেবাসুরাদয়ঃ।
স্বাং স্বাং শ্রিয়ঞ্চ পলায়ন্তে ইতস্ততঃ ॥৫
তাং বিদ্যাং শ্রোতু মিচ্ছামি বদ নাথ দিগম্বর ॥৬

ঈশ্বর উবাচ।

অতি গুহ্যা মহাবিদ্যা গুহ্যাদ্‌গুহ্যতরা হি সা।
ব্রহ্মাবিষ্ণু শিবাদীনং সর্ব্বস্বং জীবনাবধি ॥

ব্রহ্মাণ্ডমণ্ডলে আর কে আছে।১ আপনিই ব্রহ্মাদি সমুদয় জীবগণের গুরু। হে নাথ! জগন্নাথ! এই হেতুই আপনাকে জিজ্ঞাসা করিতেছি, কৃপা প্রকাশপূর্ব্বক বলুন।২ হে দেব! আপনার মুখপদ্ম বিনির্গত সকলি শ্রবণ করিলাম। এক্ষণে আমার মনোনীতি শ্রবণ করিতে বাসনা হয়।৩ করালভৈরব কোন বিদ্যা অবলম্বন করিয়া সর্ব্বজীবের ভয়প্রদ ক্রোধযুক্ত ভৈরব হইলেন?৪ যাহাকে দর্শন পূর্ব্বক ভয়কাতর হইয়া দেব অসুরাদি সকলে স্ব স্ব ঐশ্বর্য্য সত্ত্ব প্রভৃতি পরিহার করিয়া পলায়ন করে।৫ হে নাথ! দিগম্বর! আমি সেই বিদ্যা শ্রবণ করিতে অভিলাষ করি।৬

ঈশ্বর কহিলেন, হে পরমেশ্বরি! সেই মহাবিদ্যা গুহ্যাৎ গুহ্যতরা, অতি গুহ্য, তাহা ব্রহ্মা বিষ্ণু মহাদেবাদির জীবন সর্ব্বস্ব; অতএব আমি

কথিতং নৈব শকোমে তাং বিদ্যাং পরমেশ্বরি।
কথ্যতে নামমাত্রং হি জ্ঞায়তাং কুলভৈরবি॥৭।৮
যত্র বৈ পরমেশানি সুন্দরী বরদায়িনী।
বিদ্যারাজ্ঞী ঘোরকালী অনিরুদ্ধস্বতী॥৯
গৃহীত্বা ত্বাং মহাবিদ্যামাদিনাথঃ সঃ ভৈরব।
মহাকালভৈরবাদ্যৈর্ষদ্গুরোঃ শ্রীমুখাচ্ছি॥
প্রাপ্তিমাত্রান্মহাদেবী করালভৈরবো মনো।
অকরোৎ পুতমাত্মানঃ সর্ব্বস্মাদধিকঃ স্বয়ং।
সর্ব্বসংসার নির্ম্মুক্তো ব্রহ্মাদিসুরবন্দিতঃ॥১০।১১
স তুদয়াচলং পূর্ব্বং তপস্তেপেঽতিদুষ্করং।
ভূর্দ্ধ চরণোদেবি বর্ষাণাং নিযুতদ্বয়ং॥
হিমাচলঞ্চৈকলক্ষঃ লক্ষঞ্চ মন্দরাচলে।
কনকাশ্রমে তথা লক্ষং উড্ডীয়ানে দ্বিলক্ষকং॥

সেই বিদ্যা কহিতে সমর্থ হইতেছি না। হে কুলভৈরবি! নাম মাত্র কহিতেছি তুমি জানিয়া লও।৭।৮ হে পরমেশানি! আদিনাথ সেই ভৈরব মহাকাল ভৈরবাদি সদ্গুরুর শ্রীমুখ হইতে, সুন্দরী, বরপ্রদা ঘোরকালী অনিরুদ্ধ সরস্বতী নামে শ্রেষ্ঠ বিদ্যা প্রাপ্ত হন।৯ করালভৈরব সে মহাবিদ্যার প্রাপ্তি মাত্র আপন আত্মাকে পবিত্র করিয়া স্বয়ং ব্রহ্মাদি সুরগণের বন্দিত এবং সর্ব্বসংসার হইতে নির্ম্মুক্ত হইয়া সকলের হইতে শ্রেষ্ঠ হইলেন।১০।১১ তিনি পূর্ব্বদিকে উদয়াচল গমন করিয়া দুষ্কর তপশ্চরণ করিতে লাগিলেন। তিনি ঊর্দ্ধপদে দুই নিযুত বৎস তপস্যা করিয়াছিলেন। হিমাচলে একলক্ষ মন্দরাচলে লক্ষ, কনকাশ্রমে লক্ষ

পঞ্চবিংশতিলক্ষ তথা জালন্ধরে শিবে।
পুণ্যশৈলে লক্ষং পঞ্চবিংশতি মানতঃ।
পঞ্চবিংশতিলক্ষঞ্চ কামাখ্যাযোনিমণ্ডলে।
এবং তপ্তং তপোহ্যেবং কোটিবর্ষ্যং সুদুস্করং ॥১২।১৫
কষ্টেন মহতা দেবী করালভৈরবেণ তে।
তথাপি তং প্রতি প্রীত মাভূৎ কালী কদাচন ॥১৬
ততঃ স-ভৈরবোদেবী গুরোরন্তিক মন্বগাৎ।
নিবেদয়ামাস তথা বৃত্তান্তং তপসঃ শিবে ॥১৭
শ্রুত্বা শ্রীমদাদিন থো মহাকালো মহেশ্বরঃ।
মন্নাথ: পরমেশানি ভাবনাবশতাং গতং ॥১৮
বিনা চ পরম চারং ন হি সির্দ্ধির্ভবেৎ কিল।
কথং ত্বাং পরমাচারং কথয়ামি সমাং সতঃ ॥১৯
স এব পরমাচার কালাহৃদয়সঙ্গতঃ।
গুহ্যাতি গুহ্য গুহ্যেতি ব্রহ্ম দীনাময়গোচর ॥২০

বৎসর এবং উড্ডীয়ানে দ্বিলক্ষ, জালন্ধরে পঞ্চবিংশতিলক্ষ পুণ্যশৈলে পঞ্চবিংশতিলক্ষ কামাখ্যা যোনিমণ্ডলে পঞ্চবিংশতি লক্ষ ১২।১৫ এইরূপে কোটিবৎসর করালভৈরব মহৎকষ্টে সুদুষ্কর তপস্যা করিয়াছিলেন। তথাপি কালী তাঁহার প্রতি প্রীত হইলেন না।১৬ তদনন্তর করাল ভৈরব গুরুর নিকটে গমন করিয়া তপস্যার সমস্ত বৃত্তান্ত নিবেদন করিলেন।১৭ হে শিবে! দেবি! তাহা শ্রবণ করিয়া মদীয়নাথ শ্রীমদাদিনাথ মহেশ্বর মহাকাল চিন্তা করিতে লাগিলেন।১৮ যে পরমাচার ব্যতিরেকে তাহা সিদ্ধ হইবার নহে, আমি কিরূপে পরমাচার কহিব।১৯ তাহা মহাকালীর

পরমুক্তিপ্রদঃ সাক্ষাৎ সর্ব্বসিদ্ধিবরপ্রদং।
কালী প্রত্যক্ষে বীজোহয়া মম সর্ব্বস্ব মেব চ ॥২১
কেবলং কথিতং সর্ব্বং শিবেন মৎসমো ভবেৎ।
স তু শান্তো মহাযোগী গোপিতস্তেন যত্নতঃ ॥২২
আচারার্থ স্বীয়পাদং কালরুদ্রে সমর্পিতং।
মম স্বস্বপদং শম্ভুনিরুদ্বেগোপাচেতসঃ।
পরং সঙ্গে পানেনৈব তথাচারাং সমাচরেৎ ॥২৩
সদাচারস্য নিগূঢ়ং তত্ত্বজ্ঞানং মহামতিঃ।
সর্ব্বেষা মধিপোভূতো বিশ্ববন্দ্যঃ সদাশিবঃ।
অজরামরতাং প্রাপ্তোমহাশান্তঃ পরমেশ্বরঃ ॥২৪
তদাচাররতং নিত্যং শান্তং দৃষ্ট্বা ময়া পুনঃ।
পদং মদিয়ং গুরুতাং দত্বা তস্মৈ সমাসতঃ ॥

হৃদয়গত রহিয়াছে। তাহা গুহ্যাতগুহ্য, ব্রহ্মাদিরও অগোচর।২০ এবং সর্ব্বসিদ্ধি বরপ্রদ ও সাক্ষাৎ মুক্তিপ্রদ। ইহা কালীর প্রত্যক্ষবীজ এবং আমার সর্ব্বস্ব।২১ ইহা কেবল কথিত হইলেই তাহা শ্রবণে শিবতুল্য ও সত্ত শান্ত মহাযোগী হয়, সেই হেতু যত্নপূর্ব্বক গোপিত রহিয়াছে।২২ আচারের নিমিত্ত ইহার পাদাংশ কালরুদ্রে প্রদত্ত হইয়াছে, ইহা আমার সর্ব্বস্ব। ইহা প্রাপ্ত হইয়া আমি নিরুদ্বেগ ও সুস্থচিত্ত রহিয়াছি! অতি সংগোপনে যত্নপূর্ব্বক এই আচারের অনুষ্ঠান করিতে হয়।২৩ সদাচারের নিগূঢ় তত্ত্বজ্ঞান প্রাপ্ত হইলে সে ব্যক্তি সকলের অধীশ্বর, মহামতি, বিশ্ববন্দ্য ও সদাশিব, মহাশান্ত ও পরমেশ্বর হইয়া।২৪ অজরত্ব ও অমরপ্রাপ্ত হয়। তদাচারনিরত নিত্যশান্ত ব্যক্তিকে দর্শন করিয়া আমি

অহন্তু তস্য দেহে বৈ তিষ্ঠামি সর্ব্বদা মুদা।
সর্ব্বেষান্তু সহস্রারে তিষ্ঠামি কমলে পরে ॥২৫।২৬
শিস্যে সকলং প্রাপ্য তিষ্ঠামি সর্ব্বদা হ্যহং।
শিবঃ শিবোঽহন্তু শিবো ন ভেদঃ কুত্রচিৎ সদা ॥২৭
ব্রহ্মবিষ্ণুশিবাদীনাং গুরুর্যত্র ততঃ শিবঃ।
সোঽপি শান্তো মহাযোগী আচারক্ষম এব সঃ ॥২৮
নান্যঃ কশ্চিৎ ক্ষমঃ ক্বাপি তদাচারং কদাচন।
শিবস্য কৃপয়া চৈব কেবলং সাধকঃ ক্ষমঃ ॥২৯
ক্ষমা সা গিরিজা দেবী মান্যঃ কশ্চিৎ কদাচন।
উগ্রভাবো ভীমকর্ম্মা করালভৈরব সদা ॥৩০
তমেব পরমাচারং কথং গোপ্তুং ক্ষমোভবেৎ।
যথা মে কালিকারাধ্যা তথাচারোঽয়মেব তি ॥৩১

মদীয় পদ ও গুরুত্ব প্রদান করিয়া থাকি। আমি তাহার দেহে নিয়তই আনন্দে বাস করি। আমি সকলের সহস্রারকমলে বাস করি।২৫।২৬ আমি তথায় শিবত্বময় হইয়া সর্ব্বদাই অবস্থিত করি। আমি শিব, আমি শিব, আমি শিব, আমার কোথাও কোনকালে প্রভেদ নাই।২৭ যেখানে ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরাদির গুরু, সেইখানেই শিব। এইরূপ চিন্তাশীল সেই ব্যক্তিই শান্ত ও মহাযোগী এবং তিনিই আচারক্ষম।২৮ অন্য কোন ব্যক্তি সেই আচারে সমর্থ নয়। সাধক ব্যক্তি শিবের কৃপাবলেই তাহাতে সক্ষম হয়, এবং সেই গিরিসুতা দেবী, সমর্থ হন।২৯ অন্য কেহই নহে। এই ভীমকর্ম্ম করাল ভৈরব সততই উগ্রভাব, তবে সেই পরমাচার গোপন করিতে কিরূপে সমর্থ হইবে ॥৩০ কালিকা আমার যেরূপ আরাধ্যা,

বিদ্যা রাজ্ঞীং সমারাধ্যঃ দাতুং যোগ্যঃ কদাপ্যহং।
যোগ্যা ন পরমাচারং দাতুং কালীহৃদঙ্গমং ॥
ইতি সম্ভাব্য মন্নাথঃ করালভৈরবং প্রতি।
আজ্ঞাপয়ামাস গচ্ছ পুত্র ত্রিলোচনং প্রতি ॥৩২।৩৩
দেবী শিবং সমারুহ্য তথাপি করুণাময়ী।
যাতা মাতুঃ কালিকায়াস্ততঃ স ভৈরব স্বয়ং ॥৩৪
ত্যক্তা তপস্তু সকলং ভাবয়ন্নন্তরাত্মনা।
যদ্‌যজ্জপ্তং তপোহ্যেবং যাতু যাতু বৃথা হি তৎ ॥৩৫
মম ভাগ্যবশাৎ সা হি গুর্ব্বাজ্ঞা বিফলা ভবেৎ।
অতঃ শরীরং ত্যক্ষ্যামি ন বক্ষ্যামি কদাচন ॥৩৬
প্রতিজ্ঞা মাদৃশীং কৃত্বা দেহং স ত্যক্তু মুদ্যতঃ।
তদা কাপি সমুদ্ভূতা বাণী সেয়ং সমীরিতা ॥৩৭

এই আচারও তদ্রূপ।৩১ আরাধ্যা বিদ্যারাজ্ঞী প্রদানে আমি কদাচিৎ যোগ্য, কিন্তু কালীর হৃদয়গত পরমাচার প্রদান করিতে কদাচিৎ যোগ্য নহি। শ্রীমান্ আদিনাথ এইরূপ ভাবনা করিয়া করাল ভৈরবকে আজ্ঞা করিলেন, হে পুত্র! তুমি ত্রিলোচন সন্নিধানে গমন কর।৩২।৩৩ তথায় করুণাময়ী কালী শিবোপরি আরোহণ করিয়া অবস্থিত আছেন। তদনন্তর ভৈরব মাতার নিকট গমন করিলেন।৩৪ তপস্যা ত্যাগ করিয়া অন্তরাত্মার সহিত যাহা যাহা জপ করিলেন তৎসমস্তই তপের ন্যায় বিফল হইল. অতএব আমি এই শরীর পরিত্যাগ করিব, কদাচ এই দেহভার আর বহন করিব না।৩৬ এইরূপ প্রতিজ্ঞা করিয়া তিনি শরীর পরিত্যাগে উদ্যত হইলেন। সেইকালে আকাশবাণী হইল।৩৭ ভৈরব তাহা শ্রবণ করিতে

শ্রুত্বা তেন করালেন ভৈরবেণ মহাত্মনা।
তামন্ত্রোং কথয়ামীশে শ্রুত্বা কর্ণেহবতংসয় ॥৩৮
গুর্ব্বাজ্ঞা বিফলা যাতু তব বৈ ভৈরবোত্তম।
বিনাচারে তপস্তপ্তং ত্বয়াত্মজ্ঞানতঃ সদা ॥৩৯
কথং তুভ্যং ন চাসিদ্ধিং দর্শনং বা দদাম্যহং ॥
পুনর্যাহি মহাকালভৈরবং ভবনাশনং।
আদিনাথং ভব গুরুং বৃত্তান্তং কথয়েদৃশং
তদাবশ্য মহাচারং তুভ্যং স তু প্রদাস্যতি ॥৪০।৪১
তেনৈবাচারতো দেব মমারাধনস্তুতব্রত।
অচিরাত্তং প্রদাস্যামি যদ্‌যন্মসি বর্ত্ততে ॥৪২
কালীতারামহামন্ত্রং হি তং মন্ত্রঞ্চ বৈ ধ্রুবং।
কুলাচারং বিনা যোহি জপেৎ স নারকী ভবেৎ ॥৪৩
কথং সিদ্ধির্ভবেৎ সোহি মুক্তিস্তিষ্ঠতি দূরতঃ ॥৪৪

লাগিলেন। হে ভৈরবোত্তম! তুমি শ্রবণ কর।৩৮ তোমার গুরু আজ্ঞা বিফল হইবার কারণ এই যে, তুমি আচার ব্যতিরেকে কেবল আত্মজ্ঞানানুসারে তপশ্চরণ করিয়াছ।৩৯ আমি তোমাকে কিরূপে দর্শন দিব, সুতরাং তোমার অসিদ্ধ ঘটিয়াছে। তুমি পুনর্ব্বার সেই আদিনাথ, ভবনাশন মহাকাল ভৈরব গুরুর নিকট গমন কর তিনি তোমাকে অবশ্যই মহাচার প্রদান করিবেন।৪০।৪১ হে সুব্রত তুমি সেই আচরণে, আমার আরাধনা কর, তাহা হইলে তোমার মনে যাহা যাহা আছে, তৎসমস্তই প্রদান করিলাম।৪২ কুলাচার ব্যতিরেকে যে ব্যক্তি কালীতারা মহামন্ত্র জপ করে, সে নারকী হয়।৪৩ তাহার সিদ্ধি হয় না এবং মুক্তি দূরে

এবমাজ্ঞাং মহাকাল্যা লব্ধা স ভৈরবোত্তমঃ ।
পুনর্গত্বা চ শ্রীনাথং আদিনাথং মহাপ্রভুং ।
মহাকালং মহাদেবং শূন্যরূপং জগদ্ গুরুম্ ।
নিবেদয়ামাস তদা যদযদ্বাচং সমীরিতং ॥৪৫।৪৬
মাতা কৃপা মহাকাল্যা, করালস্যৈরবোঽধুনা ।
ইতি মত্বানন্দিতঃ স গুরুণা শূন্যরূপিণী ॥৪৭
তদা নিয়মপূর্ব্বং হি করালভৈরবো বদেৎ ॥৪৮
কুলাচারং পরং গুপ্তং কালীতন্ত্রোদিতো হি যৎ ।
মহাকালো জগন্নাথোঽভিশিক্তং তঞ্চকার হ ॥৪৯
শাক্তাভিষেকবিধিনা পূর্ণাভিষেকতস্তথা ।
দদৌ নাম করালায় ক্রোধবক্ত্রেতিবিশ্রুতঃ ॥৫০

অবস্থান করে।৪৪ সেই ভৈরবোত্তম, মহাকালীর এইরূপ আজ্ঞা লাভ করিয়া পুনর্ব্বার গমন পূর্ব্বক মহাকালী যে যে বাক্য কহিলেন সেই সেই বাক্য, শ্রীনাথ মহাপ্রভু, মহাকাল, মহাদেব শূন্যরূপ, জগদ্গুরু আদিনাথকে নিবেদন করিলেন।৪৫।৪৬ করাল ভৈরবের প্রতি মহাকালী মাতার কৃপা হইয়াছে, এই ভাবিয়া শূন্যরূপী জগদ্গুরুর আনন্দোদয় হইল।৪৭ তখন নিয়মপূর্ব্বক কালীতন্ত্রোদিত পরম গুপ্ত কুলাচার কহিলেন।৪৮ মহাকাল জগন্নাথ, শাক্তাভিষেক ও পূর্ণাভিষেক বিধিদ্বারা তাহাকে অভিষিক্ত করিলেন।৪৯ এবং করালবক্ত্র ভৈরবকে, ক্রোধবক্ত্র ভৈরব এই নাম প্রদান করিলেন।৫০ সেই শূন্যরূপী স্বয়ং গুরু মহাকাল, তাহাকে দিব্যভাব ও বীরভাব প্রদানানন্তর, মদিরা মৎস্য ও মুদ্রা সহিত কারণ

দিব্যভাবঃ শ্রাবয়িত্বা বীরভাবং তদন্তরং ॥
নমদিরামৎস্যমুদ্রাস্তু পাত্রং কারণপূরিতং ॥
দদৌ তস্মৈ মহাকালং শৃন্যরূপী গুরুঃ স্বয়ং ॥৫১
তদানী শুশুভে সর্ব্বং জগদেতচ্চরাচরং।
ক্রোধবক্ত্রোঽপি নত্বা শ্রীমহাকালী পদাম্বুজং ॥৫২
মহাকালী তদা দেবী স্মৃত্বা শ্রীগুরুপাদুকাং।
গুর্ব্বাজ্ঞয়া ভাবযুক্তঃ স্বীকৃত্য কারণং পরং ॥৫৩
সবুদ্ধিমাংশ্চ তেজস্বী পরমানন্দপূরিতঃ।
আনন্দজলধৌ দেবি নিমগ্নঃ ক্রোধভূপতিঃ ॥
শক্তিপাদে মহেশানি ভূয়ো নত্বা গুরোঃ পদং।
অস্তৌষীৎ পরয়া ভক্ত্যা সংসারাগরে স্থিতঃ ॥৫৪।৫৫

ক্রোধবক্ত্র ভৈরব উবাচ।

নামামি নাথং সুরকল্পবৃক্ষং গুরুং চিদানন্দমহাবতারং।
নিত্যং হি বিজ্ঞানমানন্দ রূপাং পরাৎপরং ব্রহ্ম
শিবস্বরূপং ॥৫৬

পূরিত পাত্রের উপদেশ প্রদান করিলেন।৫১ তখন, চরাচর জগৎ শোভা পাইতে লাগিল। ক্রোধবক্ত ভৈরব শ্রীমহাকালীর পদাম্বুজে নমস্কার পূর্ব্বক।৫২ মহাকালীকে ও গুরুপাদুকা স্মরণ করিয়া গুরুর আজ্ঞায় ভাবোক্ত হইয়া কারণ স্বীকার করিলেন।৫৩ অনন্তর ক্রোধবক্ত ভৈরব, অনন্ত সমুদ্রে নিমগ্ন হইয়া শক্তিপদে বারম্বার প্রণামানন্তর, গুরুর পদ বন্দনা করিয়া, সংসারে অবস্থান পূর্ব্বক, পরমভক্তি সহকারে গুরুর স্তব করিতে লাগিলেন ৫৪ ৫৫

ক্রোধবক্ত ভৈরব কহিলেন যিনি চিরানন্দে মহাভবার, সুরকল্পবৃক্ষ,

জগন্নিবাসং জগদাদিমূলমজ্ঞাতমেকং পরহাত্মসঙ্গং।
ভেজেমিয়ং নিস্কলতত্ত্বভাবং ক্রিয়াবিহিনং পরমং নিরঞ্জন।
প্রপঞ্চহীনং পরিপূর্ণভাব মদান্তবন্ত্র প্রকৃতেঃ পরস্তাৎ।
অরূপরূপং স্পুত্বমেব সত্যং কৃপাবতরং খলু শূন্যরূপং।
অনাদিসংসারবিনাশবীজং পরং পবিত্রঞ্চ হ্যগোচরং গুরুম্।
শিবাঙ্গদাং কেবল নামযন্ত্রাত্র প্রকাশভাবং স্কণনামি নিত্যং ॥৫৯
রাণারণীয়া-র্স্মহতো মহীয়ান্ প্রপশ্যন্তি ত্বাদিবিদেচ বর্ষাঃ।
মজজ্ঞানজং লোচনমেব সত্যং স চ প্রবিষ্ট স্তয়িনাথ সত্যং ॥৬০
অসারসংসারসমুদ্রতারং বন্দেঽহংমাদ্যং পুরুষং পুরাণং।
ত্বমেব কালীং পরমার্থবীজং নমাম্যহং তচ্চরণারবিন্দং ॥৬১

শ্রীনাথ গুরু, বিজ্ঞানস্বরূপ, আনন্দময়, নিত্য, শিবব্রহ্মস্বরূপ পরাৎপর।৫৬ জগদাদ মূল, জগন্নিবাস, অজ্ঞাত এক, পরমা, অসঙ্গ, তেজোময়, নিস্কল তত্ত্বভাব, ক্রিয়াবিহীন, পরম নিরঞ্জন।৫৭ প্রপবিহীন, পরিপূর্ণভাব, অনাদ্যন্ত, প্রকৃতির পূর্ব্ববর্ত্তী, অরূপরূপ, সত্যস্বরূপ, কৃপাবতার, শূন্যরূপ।৫৮ অনাদিসংসার বিনাশবীজ সেই পরম পবিত্র গুরুকে প্রণাম করি। যিনি শিবময়, কেবল নামমন্ত্রেই যাঁহার প্রকাশভাব, সেই গুরুকে নমস্কার করি।৫৯ হে নাথ! হে গুরো! আদিবদ্ বরণীয়গন যাহাকে অণু হইতেও অণীয়ান্ এবং মহৎ হইতে মহান্ অবলোকন করেন এবং যাঁহার জ্ঞানজ লোচনই সত্য।৬০ তিনিই আপনাতে প্রবিষ্ট আছেন; সেই অসার সংসার সমুদ্রের তারক সেই আদ্য পুরাতন পুরুষকে আমি নমস্কার করি পরমার্থের বীজস্বরূপ মহাকালীকে নমস্কার।৬১ যে

স্তোত্রেণানেন যে ভক্ত্যা ত্বাং স্তোষ্যন্তি চ সাধকঃ।
প্রাতর্মধ্যাহ্নসায়াহ্নে তেষাং মুক্তিপ্রদা ভব ॥৬২

মহাকাল ভৈরব উবাচ।

স্তোত্রেণানেন সন্তুষ্টঃ সদাহং তব পুত্রক।
গচ্ছ শীঘ্রং যোনিপার্শ্বং দেবিশিখরমাশ্রিতঃ ॥
ভজ কালীং কুলাচারভাববেশ্যাপরায়ণঃ।
অচিরাদ্বাঞ্ছিত সিদ্ধির্ভাবিতা তে ন সংশয়ঃ ॥৬৩।৬৪
বেশ্যামধ্যগতং বীরং কদা পশ্যামি সাধকং।
এবং বদতি সা কালী তস্মাদ্বেশ্যাপরো ভব ॥৬৫
মন্ত্রাচারে হি সর্ব্বত্র ন হি দোষ কদাচন।
তস্মাদ্ভ্রান্তিঃ পরিত্যজ্য কুলধর্ম্মং সমাশ্রয় ॥৬৬
ভ্রান্তিস্তত্র ন কর্ত্তব্যা সিদ্ধিহানি র্যতোভবেৎ।
বিশুদ্ধচিত্তো ভূয়াচ্চেৎ সিদ্ধিঃ স্যাদপরার্দ্ধগা ॥৬৭

সাধকোত্তম প্রাতঃ, মধ্যাহ্ন ও সায়ংকাল এই স্তোত্র দ্বারা স্তব করিবে, তাহাকে মুক্তিপ্রদান কর।৬২

মহাকালভৈরব কহিলেন, হে পুত্র! তোমার এই স্তোত্র দ্বারা আমি সন্তুষ্ট হইলাম। তুমি সত্বর যোনিপীঠে গমন পূর্ব্বক দেবীশিখরে আশ্রয় করিয়া কুলাচারভাবে বেশ্যাপরায়ণ হইয়া কালীর ভজনা কর, তাহা হইলেই অচিরে সিদ্ধিলাভ করিতে পারিবে, সন্দেহ নাই।৬৩।৬৪ কালী কহিয়া থাকেন যে "বীরসাধককে কখন আমি বেশ্যামধ্যগত দেখিব ?" অতএব বীরসাধনে বেশ্যাপরায়ণ হইবে।৬৯ মন্ত্রাচারে সর্ব্বত্রই বেশ্যাদোষ-জনক হয় না; অতএব ভ্রান্তিপরিহার পূর্ব্বক কুলধর্ম্মের আশ্রয় কর।৬৬

ঈশ্বর উবাচ।

তত্যোনত্বা মহাকালী গুরুং বহুবিধ মুদা।
যোনিপীঠং সমাসাদ্য দেবীশিখরমাশ্রিতঃ ॥
উর্ব্বশীচ মনকারম্ভাপঞ্চচূড়াতিলোত্তমাঃ।
পঞ্চ বেশ্যারতো ভূত্বা কুলাচারপরায়ণঃ ॥
ভাবুশুদ্ধাং মহাবিদ্যাং জজাপ ক্রোধভূপতিঃ ॥৬৮।৬৯
বিদ্যারাজ্ঞীং ঘোরকালীং অনিরুদ্ধসরস্বতীঃ।
অষ্টোত্তরশত নৈব তস্য প্রত্যক্ষতাময়াৎ ॥৭০
কালী করালবদনা তোজোরূপা সনাতনী।
তেজসা পরিসংচ্ছাদ্য ব্রহ্মাণ্ডমণ্ডলং সদা ॥৭১
তদ্দৃষ্টা সুমহত্তেজা ভৈরবোভয়বিহ্বলঃ।
অনুপায়ো মূৰ্চ্ছিতঃ সন পততে পর্ব্বতাদ্ ভুবি ॥৭২

সাধনবিষয়ে ভ্রান্তিসিদ্ধি হানি করে; অতএব ক্লান্তি পরিত্যাগ করিবে। বিশুদ্ধচিত্ত হয়, তবে সিদ্ধি নিকটবর্ত্তিনী।৬৭

ঈশ্বর কহিলেন, তদনন্তর ভৈরব, কালী ও গুরুকে বহুবার নমস্কার করিয়া যোনীপীঠ আশ্রয় পূর্ব্বক উর্ব্বশী, রম্ভা, মেনকা, পঞ্চচূড়া ও তিলোত্তমা এই পঞ্চ বেশ্যায় নিরত হইয়া কুলাচারপরায়ণ হইলেন। অনন্তর ক্রোধভৈরব, বিদ্যারাজ্ঞী ঘোরকালী ও অনিরুদ্ধ সরস্বতী; ভাবশুদ্ধা মহাবিদ্যা মন্ত্র জপ করিতে লাগিলেন।৬৮।৬৯ অষ্টোত্তর শত বার জপ দ্বারা তাহার প্রত্যক্ষতা লাভ করিলেন।৭০ করালবদনা, তেজোরূপা, সনাতনী কালী, তেজোদ্বারা ব্রহ্মাণ্ডমণ্ডল আচ্ছাদন করিয়া রহিয়াছেন।৭১ সেই সুমহৎ তেজ দর্শন করিয়া ভৈরব ভয়বিহ্বল, মূর্চ্ছিত ও অবসন্ন

ততঃ কালী জগন্মাতা কৃপাসাগরসঞ্চয়া।
আশ্বাস্যোবাচ তং ক্রোধং বাচামৃতসমানয়া ॥৭৩

সমুত্থায় ততোদেবীং ভৈরবঃ পুলকান্বিতঃ।
অস্তৌষীৎ পরয়া ভক্ত্যা নানাবিধবিধানস্তঃ ॥
মুহুর্ম্মুহুর্নমামাসৌ ততঃ কালী মুবাচ হ ॥৭৪

ক্রোধবক্ত্র উবাচ।

পরংব্রহ্মং পরংধাম পরমাত্মা সনাতনী।
মমোঽভীষ্টং প্রয়চ্ছ ত্বং সর্ব্বদা মে মনোন্ময়ি ॥৭৫

কাল্যুবাচ।

ব্রহ্মবিষ্ণ্বাদিকানাঞ্চ ব্রহ্মাণ্ডেতরবাসিনাং।
নিত্যং নিগ্রাহক স্তং হি তব ভৈরবসত্তম ॥৭৬
কুলাচারেণ যঃ কোঽপি মামর্চ্চয়তি পুত্রক।
স মে পুত্রত্বমাগচ্ছেৎ সত্যং সত্যং ন সংশয় ॥৭৭

হইয়া পর্ব্বত হইতে ভূতলে পতিত হইলেন।৭২ তদনন্তর কৃপাসাগরসঞ্চয়া জগন্মাতা কালী বচনামৃত দ্বারা অভিষিক্ত করিয়া সেই ক্রোধ ভূপতিকে আশ্বাস প্রদান করিতে লাগিলেন।

ঈশ্বর কহিলেন, তদনন্তর ভৈরব পুলকিত হইয়া গাত্রোত্থানপূর্ব্বক পরম ভক্তি সহকারে নানাবিধ বিধানে কালিকার স্তব করিতে লাগিলেন এবং তৎপরে পুনঃ পুনঃ প্রণাম করিয়া মহাকালীকে কহিলেন।৭৪

ক্রোধবক্ত্র কহিলেন, হে মনোন্ময় মহাকালি! আপনি পরমব্রহ্ম পরমধাম, পরমাত্মা ও সনাতনী, আপনি আমাকে মনোঽভীষ্ট বর প্রদান করুন।৭৫

কালী কহিলেন, হে ভৈরবোত্তম! তুমি ব্রহ্মা, বিষ্ণু প্রভৃতির এবং

গৃহ্ণাতু বক্তুং দাস্যামি ব্রহ্মাণ্ডভয়দোভবান্।
বক্তুং কালরূপং সর্ব্বনিগ্রাহকং পরং ॥৭৮

ঈশ্বর উবাচ।

তব বক্তুং দত্বা ভৈরবায় ক্ষণাৎ শান্তিমগাৎ শিবে।
মহাকালী ভৈরবোহপি বজ্রপাণির্ব্বভুব সঃ ॥৭৯
করালভৈরবং রূপং ক্রোধবক্তো বভুব সঃ।
বজ্রপাণির্ম্মহাকালী প্রসাদাদ্যদীশ্বরা ভবঃ ॥৮০
ইতি যোগিনীতন্ত্রে পূর্ব্বার্দ্ধে কথিতং ময়া।
গোপনয়ং সদা ভদ্রে যোনিং পরনরে যথা ॥৮১
শ্রীযোগিনীতন্ত্রে দেবীশ্বরসম্বাদে চতুর্ব্বিংশতিসাহস্রেঃ
উনবিংশতিঃ পটলঃ।

ব্রহ্মাণ্ডেভরবাসী সকলেরই নিত্য নিগ্রাহক হও।৭৭ যে কুলাচার দ্বারা আমার অর্চ্চনা করে, সে সত্য সত্যই আমার পুত্র হয়। আমি তোমাকে ব্রহ্মাণ্ডমণ্ডলের ভয়প্রদ বক্তৃতা প্রদান করিতেছি, তোমার এই বক্ত কালরূপ এবং সকলেরই নিগ্রাহক হইবে।৭৮

ঈশ্বর কহিলেন, হে শিবে! ভৈরবকে বক্ত প্রদান করিয়া মহাকালী ক্ষণকালের নিমিত্ত শান্তিপ্রাপ্ত হইলেন; সেই ভৈরবও বজ্রপাণি হইল ৭৯ সেই করাল ভৈরবরূপ ক্রোধবক্ত হইল। মহাকালীর প্রসাদে। ঐ বজ্রপাণি ভৈরব ঈশ্বর নামে কথিত হইয়াছেন।৮০ এই আমি যোগিনা-তন্ত্রে পূর্ব্বার্দ্ধে পরম বিষয় সকল কীর্ত্তন করিলাম. হে ভদ্রে! ইহা পরনরে যোনির ন্যায় নিয়তই গোপন করিবে।৮১ ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বর-সংবাদে উনবিংশ পটলঃ।

ইতি যোগিনীতন্ত্রে দেবীশ্বর সম্বাদে চতুঃর্ব্বিশতি সাহস্রে উনবিংশ
পটল বা পূর্ব্বার্দ্ধ সম্পূর্ণ।

উত্তরখণ্ডম্।

—ঃ০ঃ—

ওঁ নমো কামাখ্যায়ৈঃ।

প্রধানসাধ রবিকল্পসত্তাস্বভাবাদ্ভুবনত্রয়স্য।

সা বিদ্যয়া ব্যক্তমপীহ নায়াজ্যোতিঃপরা পাতু জগন্তি নিত্যং ॥১

শ্রীদেব্যুবাচ।

উড্ডীয়ানাদিকং পাঠং শ্রুতোঽহং প্রাণবল্লভ।
ইদানীং শ্রোতু মিচ্ছামি কামরূপস্য নির্ণয়ং ॥২
যদুক্তং তত্তথা নাথ ঘোরপাপবিনাশকং।
কামাখ্যাসংজ্ঞকং পীঠঃ প্রকাশং কলিযুগেমতং ॥৩
কালসর্পস্য দংষ্ট্রাণাং বিচিত্রাণং চিকিৎসকং।
ভেষজং পরমং দেবি কিং মে তৎ কথ্যতাং বিভো ॥৪

যিনি প্রকৃতি ও আধার সহিত বিকল্পসত্তার স্বভাবভাবে এবং বিদ্যা দ্বারা ত্রিজগৎ ব্যক্ত করিয়াছেন সেই মায়াময়ী পরমাজ্যোতিঃ নিয়তই জগৎ পালন করুন।

দেবী কহিলেন, হে প্রাণবল্লভ! উড্ডয়নাদিপীট শ্রবণ করিলাম, এক্ষণে কামরূপের নির্ণয় শ্রবণ করিতে বাসনা হয়; হে নাথ! যাহার কীর্ত্তনে ঘোর পাপ বিনাশ হয়, সেই কামাখ্যানামক পীঠ কলিযুগে পুণ্যময় বলিয়া কথিত।৩ হে দেব! তবে কালিসর্পদষ্ট বিচিত্র মানবগণের চিকিৎসক পরম ভেষজ কি, তাহা আমার নিকট কীর্ত্তন করুন।

শ্রীভগবানুবাচ।

উড্ডীয়ানস্য দেবেশি প্রাদুর্ভাবঃ কৃতে যুগে।
পূর্ণ শৈলস্য সংভূতিস্ত্রেতাযুগমুখেঽভবৎ ॥৫
দ্বাপরে জলাশৈলস্য কামাখ্যাস্যকলৌ যুগে।
ঘোরস্য কলিপাপস্য বিনাশয় মহেশ্বরি ॥
প্রতিবর্ষে তব পীঠযুগ পীঠং যুগং যুগং।
ত্রয়ং ত্রয়ং মহাক্ষেত্রং পুণ্যারণ্যং ত্রয়ং ত্রয়ং ॥৬।৭
প্রতি পীঠে মহাদেবঃ প্রতিপীঠে চতুর্ভুজঃ।
প্রতিপীঠে স্থিতা গঙ্গা পার্ব্বতী প্রতিপীঠকে ॥৮।৯
প্রতিপীঠং প্রতিক্ষেত্রং পুণ্যরণ্যস্তু পীঠকে।
কলৌ গৃহাৎ সুদূরে চ তীর্থবুদ্ধিঃ প্রজায়তে ॥১০
কিন্তু তীর্থ্যানি বৈ সন্তি ভাবনাসিদ্ধিরিষ্যতে
প্রতিপীঠে পৃথগ্ ধর্ম্ম আচারশ্চ পৃথক্ পৃথক্ ॥১১

ভগবান্ কহিলেন, হে দেবেশি! সত্যযুগে উড্ডীয়ান, ত্রেতাযুগমুখে পূর্ণশৈল, দ্বাপরে জলশৈল এবং কলিযুগে কামাখ্যা প্রাদুর্ভূত হন।৫ হে মহেশ্বরি! ঘোরতর কাল পাপের বিনাশ নিমিত্ত প্রতিবর্ষে তোমার যুগল যুগল পীঠ ও উপপীঠ, তিন তিন মহাক্ষেত্র এবং তিন তিন পুণ্যক্ষেত্র রহিয়াছে।৬।৭ প্রতিপীঠেই চতুর্ভুজ, প্রতিপীঠেই গঙ্গা অবস্থিতা এবং প্রতিপীঠে পার্ব্বতী বিদ্যমানা আছেন।৮।৯ প্রতিপীঠ প্রতিক্ষেত্র, প্রতি পুণ্যারণই তীর্থ। কলিযুগে গৃহ হইতে দূরদেশে তীর্থবুদ্ধি হয়।১০ কিন্তু তীর্থসকল ভাবনাসিদ্ধ বলিয়াই কথিত। প্রতি পীঠে ধর্ম্ম ও আচার পৃথক্ পৃথক্।১১ দেশভেদে 'কুলাচার হেতুদ্বারা ভিন্ন ভিন্ন হয়। মর্ত্ত্যে

দেশে দেশে কুলাচারো মন্তব্যংনি চ হেতুভিঃ।
পৃথক্ পূজা পৃথক্ মন্ত্রো মর্ত্তে চ তীরপীঠকং ॥১২
ভদ্রপীঠং দাক্ষিণাত্যে মধ্যদেশস্য পার্ব্বতি।
জালন্ধরস্তু পাশ্চাত্যং পূর্ণপীঠন্তু পূর্ব্বতঃ ॥১৩
ঐশান্যাং পূর্ব্বভাগে চ কামরূপং বিজানীহি।
জালন্ধরস্তু বায়ব্যে কোলাপুরস্তু উত্তরে।
ঈশানে চৈব বিহারং মহেন্দ্র উত্তরে কিয়ৎ।
শ্রীহট্টমপি পূর্ব্বে চ উপপীঠান্যথো শৃণু ॥১৪।১৫
নৌকাযানেন দেবেশি অষ্টষষ্টিস্তু যোজনৈঃ।
প্রস্তাবে ওড্রপীঠস্থ আয়ামেতি গুণং ভবেৎ ॥১৬
শকটা কারং পীঠং চতুষ্কোণং সপীঠকং।
চতুর্দ্দারসমাযুক্তং বায়ুবিম্বেন চিহ্নিত ॥১৭
তীর্থকোটিদ্বয়যুতং সিন্ধুভদ্রপীঠকং।
যত্র সোমেশ্বরং লিঙ্গমাদি পীঠং তথাপরং। ১৮

তীরপীঠে পূজা ও মন্ত্র পৃথক্ পৃথক্।১২ হে পার্ব্বতি! মধ্যদেশের দাক্ষিণাত্যে ভদ্রপীঠ, পশ্চিমে জালন্ধর, পূর্ব্বে পূর্ণপীঠ।১৩ ঈশাণকোণে পূর্ব্বভাগে কামরূপ জানও। বায়ুকোণে জালন্ধর, উত্তরে কোলাপুর, ঈশানে বিহার, কিয়দ্দূর উত্তরে মহেন্দ্র ও পূর্ব্বে শ্রীহট্ট। অনন্তর উপপীঠ সকল শ্রবণ কর।১৪।১৫ হে দেবেশি! নৌকাযানদ্বারা অষ্টষষ্টিযোজন বিস্তারবিশিষ্ট ওড্রপীঠ, ইহার আয়াম বিস্তারের বহুগুণ।১৬ শকটাকার-পীঠ, পীঠযুক্ত ও চতুষ্কোণ, চতুর্দ্দারবিশিষ্ট, বায়ুবিম্বদ্বারা চিহ্নিত।১৭ এইস্থানে দুইকোটি তীর্থযুক্ত সিন্ধুভদ্রপীঠ আদিপীঠ, সোমেশ্বরলিঙ্গ।১৮

কামধেনুশ্চ যত্রৈব যত্র চক্রেশ্বরোহরঃ।
ক্ষেত্রং বিরজসংজ্ঞঞ্চ একমাত্রং তদনন্তরং ॥১৯
ভাস্করস্য মহাক্ষেত্রং যত্র মাতঙ্গাস্কর।
কুশস্থলী মহাপুণ্যা দণ্ডকস্য বনস্তথা ॥২০
সুমন্তশ্চ তথারণ্যং শিবযূশশ্চ পূর্ব্বতঃ।
পশ্চিমে ধেনুকারণ্যং উত্তরে তু গয়াশিরঃ ॥২১
দক্ষিণে চন্দ্রভাগা চ ওড্রপীঠং বরাননে।
ত্রিংশদ্‌যোজনবিস্তীর্ণমায়ামে শতযোজনং ॥২২
অত্র কামেশ্বরি দেবী যোনিমুদ্রাস্বরূপিণী।
ভূগোপালপীঠকঃ নাম যত্র বৈ গোলকেশ্বর।
ধর্ম্মপাঠং মহাপাঠং যত্র কামেশ্বরোহরঃ ॥২৩।২৪
অবিমুক্তঃ মহাক্ষেত্রং হংসপ্রপতনস্তথা।
ব্রহ্মধুপস্তু যত্রৈব যত্র শ্বেতবটঃ স্থিতঃ ॥২৫

কামধেনু এবং চক্রেশ্বর হর অবস্থিত আছেন। তদনন্তর বিরাটক্ষেত্র, তৎপরেই একাম্র।১৯ ভাস্করের মহাক্ষেত্র ও মাতঙ্গশঙ্কর! তদনন্তর মহাপুণ্যা কুশস্থলী ও দণ্ডকবন।২০ সুমন্তারণ্য এবং পূর্ব্বদিকে শিবযূপঃ পশ্চিমে ধেনুকারণ্য, উত্তরে গয়াশিরঃ, দক্ষিণে চন্দ্রভাগা ও ওড্রপীঠ, উহা বিস্তারে ত্রিশদ্‌যোজন ও দৈর্ঘ্যে শতযোজন।২২ এই স্থানেই যোনিমুদ্রাস্বরূপিণী কামেশ্বরী দেবী অবস্থিত আছেন এবং তথায় ভূগোলপীঠে গোলকেশ্বর বিদ্যমান আছেন। তৎপরে ধর্ম্মপীঠ ও মহাপীঠ, এইস্থানে কামেশ্বর হর অবস্থিত।২৩।২৪ তদনন্তর অবিমুক্তনামে মহাক্ষেত্র ও হংসপ্রপতন; তথায় ব্রহ্মযূক্ত ও শ্বেতবট বিদ্যমান আছে।২৫ সেই স্থানেই কুরুক্ষেত্র ও মায়াস্বনানদী।

কুরুক্ষেত্রস্তু তত্রৈব যত্র মায়াস্বনা নদী।
অযোধ্যারণ্যকং পুণ্যং ধর্ম্মাপণ্যংতথাপরং ॥২৬
কচাত্মকং মহারণ্যং যত্র পাতালশঙ্করঃ।
গণ্ডকী চ নদী পূর্ব্বে বিষ্ণুযুপশ্চ পশ্চিমে।
দক্ষিণে বৃষভং লিঙ্গং উত্তরে কদলীবনং।
এতন্মধ্যত্তমং পীঠং চাপাকারং মনোরমে ॥২৭।২৮
অনামাহং তথা পদ্মং রক্তবর্ণং বিভাবয়েৎ।
একাদশশতায়ামং যোজনাং তথা নব।
অশীত্যষ্টৌ চ প্রস্তারে ত্রিকোণং পীঠমুত্তমং।
প্রবররং পীঠকং তত্র পীঠঞ্চাশোকমেব চ।
সীতায়াশ্চ মহাক্ষেত্রং অগস্তস্যাশ্রমস্তথা ॥২৯।৩০
হরস্য পরমং ক্ষেত্রং ক্ষেত্রত্রয়মিদং প্রিয়ে।
মাধবারণ্যকং ক্ষেত্রং হরস্যারণ্যকস্তথা ॥৩১

তদন্তর পুণ্যময় অযোধ্যারণ্যক ধর্ম্মারণ্য ২৭ ও কচাত্মক মহারণ্য। এই স্থানে পাতালশঙ্কর অবস্থিত আছেন। অনন্তর পূর্ব্বে গণ্ডকী নদী ও পশ্চিমে বিষ্ণুযুগ, দক্ষিণে বৃষভলিঙ্গ এবং উত্তরে কদলীবন ; হে মনোরমে! ইহাই চাপাকার মধ্যপীঠ ।২৭।২৮ এখানে পদ্মরক্তবর্ণ বিভাবিত হয়। তদন্তর দৈর্ঘ্যে একাদশ শত নবযোজন ও বিস্তারে অষ্টাশীতি যোজন ত্রিকোণনামক উত্তম পীঠ, তথায় প্রবীরপীঠ ও অশোকপীঠ বিদ্যমান আছে। হে প্রিয়ে! তদনন্তর সীতার মহাক্ষেত্র ও অগস্ত্যাশ্রম ।২৯।৩০ এবং হরের মহাক্ষেত্র, এই তিনক্ষেত্র বিদ্যমান আছে। তৎপরে মাধবারণ্যকক্ষেত্র ও হরাণ্যক এবং ভর্গারণ্য এই তিনটী অরণ্য বিদ্যমান

অরণ্যঞ্চৈব ভর্গস্য এতদারণ্যকং ত্রয়ং ॥৩২
উত্তরে ব্রহ্মক্ষেত্রঞ্চ দক্ষিণে সাগরাবধি।
পূর্ব্বতোদয়কূটঞ্চ পশ্চাৎ শ্রীপর্ব্বতং প্রিয়ে ॥৩৩
এতন্মধ্যোত্তম পীঠং পুণ্যাখ্যং নাম নামতঃ।
পাদাৎ পদান্তরং যাবন্মধ্যহস্তদ্বয়ান্তরং।
শিবরাত্রৌ চ গমনা সৌমাসেন মাসকং।
কামরূপং বিজানীয়াৎ ষট্‌কোণাপ্রগর্ভক ॥৩৪।৩৫
তৎপুণ্যং তৎসমং বেশ্ম নববূ্যহং ত্রিমণ্ডলং।
পর্ব্বতৈর্দ্দশভির্যুক্তং বেদিমধ্যং প্রকীর্ত্তিতং ॥৩৬
মধ্যপীঠং মহাপীঠং যত্র কামেশ্বরো ভবেৎ।
তত্র পীঠে হি দেবেশি যত্র চম্পাবতী নদী ॥৩৭
কন্যাশ্রমং মহাক্ষেত্রং যত্র রুদ্র পদদ্বয়ং
একাম্রকং পরং ক্ষেত্র যত্র নাগাস্ক্ষশঙ্করঃ ॥৩৮

আছে।৩১৩২ উত্তরে ব্রহ্মক্ষেত্র, দক্ষিণে সাগর, পূর্ব্বে উদয়কুট ও পশ্চিমে শ্রীপর্ব্বত।৩৩ এই সকলের মধ্যে যে সকল পীঠ আছে যাহা পুণ্যাখ্যা নামে প্রোথিত। তথায় শিবরাত্রিতে সৌরমানে একমাস, মধ্যভাগে একপদ হইতে পদান্তর, হস্তদ্বয় অন্তরে অন্তরে গমন করিতে হয়। কামরূপ, ষট্‌কোণ ও প্রকৃষ্টগর্ভকা।৩৪।৩৫ তাহাতে কামরূপ সমান পুণ্যজনক নয়টী ব্যূহ ও তিনটী মণ্ডল আছে। তাহার বেদিমধ্যে দশটী পর্ব্বতযুক্ত বলিয়া পরিকীর্ত্তিত হয়।৩৬ তথায় মধ্যপীঠ ও মহাপীঠ আছে, সেই পীঠে কামেশ্বর বিদ্যমান আছেন; হে দেবি! সেই স্থানেই চম্পাবতীনদী প্রবাহমানা।৩৭ তৎপরে মহাক্ষেত্র কন্যাশ্রম, তথায় নাগাখ্যশঙ্কর বিদ্যমান আছেন। তৎপরে

মানসং ক্ষেত্রকঞ্চৈব যত্র বিশ্বেশ্বরো হরঃ।
নাটকারণ্যকঞ্চৈব চম্পকারণ্যকস্তথা ॥৩৯
পিচ্ছিলা বা দক্ষিণতো গৌতমস্য মহাফলা
পূর্ব্বে স্বর্ণনদীং যাবৎ করতোয়া চ পশ্চিমে।
দক্ষিণে মন্দশৈলশ্চ উত্তরে বিহগাচলঃ।
প্রস্তারে চৈব মাসার্দ্ধং যোজনানাঞ্চ পঞ্চকং ॥৪০।৪১
অযুতত্রয়ঞ্চ ত্রিস্রোত্য পঞ্চোদ্ভবং তথা দশ।
অষ্টকোণঞ্চ সৌসারং যত্র দিক্‌করবাসিনী।
তস্মিন বসতি সা দেবী জ্ঞানাদ্ ধ্যানাদ্ভবোঽপি
বা তেপিদেব্যাঃ প্রসাদেন স্থিতিং গচ্ছন্তি নান্যথা ৪২।৪৩
অথোদয়ো নবং পীঠং সৌমারাভ্যান্ত কথ্যতে।
বসত্যজয়ং প্রত্যক্ষং যত্র দিস্করবাসিনী ॥৪৪
কিঙ্করস্ত বায়ব্যে চ নীলপীঠং সুদুর্ল্লভং।
যত্র কামেশ্বর দেবী যোনিমুদ্রা স্বরূপিণী ॥৪৫

নাটকারণ্য ও চম্পকারণ্যক।৩৯ দক্ষিণদিকে গৌতমের মহাফলা পিচ্ছিলা নদী রহিয়াছে। পূর্ব্বে স্বর্ণনদী পশ্চিমে করতোয়া দক্ষিণে মন্দশৈল ও উত্তরে বিহগাচল।৪০।৪১ বিস্তারে যোজনার্দ্ধ এবং দৈর্ঘ্যে পঞ্চযোজন ত্রিস্রোত ও পঞ্চোদ্ভব। তদন্তর অষ্টকোণ তথায় দিক্‌করবাসিনী দেবী বাস করেন; তথায় জ্ঞানযোগে ধ্যান করিলে মুক্তিলাভ হয় ।৪২।৪৩ তত্রনিবাসী জনগণ দেবীর প্রসাদে সুখে অবস্থিতি করে। অনন্তর যেখানে দিক্‌করবাসিনী বাস করেন, সেই সৌমার হইতে আরম্ভ করিয়া নবপীঠ কথিত হইতেছে।৪৪ দিকরের বায়ুকোণে

পারিজাতং মহাক্ষেত্রং যত্রাদিত্যস্তু শঙ্করঃ।
কৌষেয়স্তু পুরুং ক্ষেত্রং তথা চামরকণ্টকং ॥৪৬
আরণ্য মাবিনশ্চৈব গৌতমারণ্যকং শিবং।
অরণ্যং শস্মিনাথস্য শৃণু পীঠবিধি প্রিয়ে ॥৪৭
পূর্ব্বে সৌরশিলাবণং পীঠং স্বর্ণাদি শুভা।
দক্ষিণে ব্রহ্মযুক্তস্তু উত্তরে মানসং সরঃ ॥৪৮
এতন্মধ্যগতং ভুক্তিমুক্তিপ্রদায়কং।
সোমারাখ্যং মহাপীঠং ষট্‌কোণস্তু ত্রিমণ্ডলং ॥৪৯
সহস্র যোজনব্যাম হয় তাম্রঞ্চ পঞ্চমং।
প্রস্তারে তু ব্যামহীনং কোলাপীঠং প্রকীর্ত্তিতং ॥৫০
সৌমারাখ্যাং মহাপীঠং শিবতল্পঞ্চ পীঠকং।
বক্রশৈবেশ্বরং লিঙ্গং যত্র বৈকমলা শিলা ॥৫১

সুদুর্ল্লভ নীলপীঠ তথায় যোনিমুদ্রাস্বরূপিণী কামেশ্বরী দেবী ৪৫। এবং পারিজাত মহাক্ষেত্র ও আদিত্যশঙ্কর অধিষ্ঠিত আছেন। তদনন্তর কৌষেয়ের পুর ও ক্ষেত্র এবং চামরকণ্টক।৪৬ আশ্বনারণ্য ও মঙ্গলপ্রদ গৌতমারণ্য। তদনন্তর শিবনাথের অরণ্য, হে প্রিয়ে! তাহা পীঠাদি হইতে শ্রবণ কর।৪৭ পূর্ব্বে শৌরশিলারণ্য, পশ্চিমে শুভঙ্করী স্বর্ণনদী, দক্ষিণে ব্রহ্মযুপ, উত্তরে মানস সরোবর।৪৮ এই সকলের মধ্যগতস্থান, ভোগমোক্ষ প্রদায়ক সোমাররাখ্য মহাপীঠ ষটকোণ ও ত্রিমণ্ডল।৪৯ হয়ত-ম্রাখী পঞ্চম, সহস্রযোজন পরিমানবিশিষ্ঠ। কোলাপীট পরিমানহীন।৫০ তদনন্তর সৌমারাখ্যা মহাপীঠ ও শিবতল্পপীঠ। তৎপরে বক্রশৈবেশ্বর লিঙ্গ তথায় কমলাশিলা অবস্থিত।৫১ অনন্তর কেদারক্ষেত্র প্রথম, সেখানে

কেদারক্ষেত্রং প্রথমং যত্র কেদারশঙ্করঃ ।
যত্র পিণ্ডকরং ক্ষেত্রং অরুণো যত্রং তিষ্ঠতি ॥৫২
দুর্গারণ্যং সোমারণ্য ভদ্রারণ্যং তথৈব চ ।
অশীতিযোজনং ক্ষেত্রং ষট্‌ত্রিংশদ্‌যোজনাযুতং ।
চৌহারাখ্যং মহাক্ষেত্রং যত্র গত্বা ন শোচিত ॥৫৩
ব্রহ্মক্ষেত্রং কলাক্ষেত্রং রঘুক্ষেত্রং তথৈব চ ।
নন্দনং পারিজাতঞ্চ শিবারণ্যং তথা পরং ।৫৪
দেশারণ্যং ততঃ প্রোক্তং সপ্তপীঠাবিধি প্রিয়ে ।
পূর্ব্বে তু হীরিকানাম নদী পুণ্যতমা স্মৃতা ॥৫৫
পশ্চিমে নাথকং লিঙ্গং উত্তরে কিলিপর্ব্বতঃ ।
দক্ষিণে নাথবৃক্ষ পীঠস্তু পরিকীর্ত্তি ॥৫৬
গোযানেন ত্রিভির্ম্মাসৈস্তথা চৈব দিনত্রয়ং ।
মাসহীনস্তু প্রস্তবে ত্রিপীঠন্নাম নামতঃ ॥৫৭

কেদারশঙ্কর শিব আছেন। তাহার নিকটে পিণ্ডকরক্ষেত্র তথায় অরুণ অবস্থিত আছেন ।৫২ তদনন্তর দুর্গারণ্য সোমারণ্য ও ভদ্রারণ্য। তারপর অশীতি যোজন বিস্তীর্ণ এবং ত্রিংশৎ অযুতযোজন পরিমান বিশিষ্ট চৌহারখ্যা মহাক্ষেত্র, তথায় গমন করিলে শোক পাইতে হয় না।৫৩ তদনন্তর ব্রহ্মক্ষেত্র, কলাক্ষেত্র, রঘুক্ষেত্র ও নন্দন, পারিজাত, শিবারণ্য ।৫৪ দেশরণ্য এই সপ্তপীঠ অবস্থিত আছে। পূর্ব্বদিকে পুণ্যতমা হীরিকানদী ।৫৫ পশ্চিমে নাথকলিঙ্গ, উত্তরে কিলিপর্ব্বতে দক্ষিণে নাথবৃক্ষপীঠ পরিকীর্ত্তিত হইয়াছে।৫৬ গোযান দ্বারা তিনমাস তিন দিন এবং প্রস্তার (নৌকা) দ্বারা মাসহীন অর্থাৎ দুই মাস তিনদিনে পীঠে ভ্রমণ সম্পন্ন হয় ।৫৭ বারাহী

বারাহী প্রথমং পীঠং দ্বিতীয়ং কোলপাঠকং।
কুমারক্ষেত্রং প্রথমং দ্বিতীয়ং নন্দনাহ্বয়ং।
তৃতীয়ং শাশ্বতীক্ষেত্রং মাতঙ্গং প্রথমং বনং।
সিদ্ধারণ্য দ্বিতীয়ন্তু তৃতীয়ং বিপুলং বনং।৫৮।৫৯
কোটিকোটিযুতং লিঙ্গং কোটিকোটিগণৈর্বৃতং।
পঞ্চতীর্থং ভবেৎ পূর্ব্বে পশ্চিমে ধনদা নদী॥
পঞ্চাখ্যা দক্ষিণে চৈব উত্তরে কুরুমকা বনম্।
এতন্মধ্যগতং দেবি শ্রীপীঠং নামনামতঃ॥৬১

ইতি যোগিনীতন্ত্রে দ্বাবিংশতিসাহস্র্যা কামরূপপীঠাধিকারে দ্বিতীয়ভাগে প্রথমঃ পটলঃ।

দ্বিতীয়ঃ পটলঃ।

ভগবানুবাচ।

নিত্যং নির্ব্বর্ত্ত্য স্বগৃহে পিতৃন্নান্দীমুখানপি।
অভ্যর্চ্চ্য বিধিবদ্‌ভক্ত্যা পশ্চাদ্‌যাত্রং সমাচরেৎ॥১

প্রথম পীঠ, কোল দ্বিতীয় পীঠ। কুমারক্ষেত্র প্রথম; নন্দন দ্বিতীয়, শাশ্বতীক্ষেত্র তৃতীয়। মাতঙ্গ প্রথম বন, সিদ্ধারণ্য দ্বিতীয়, বিপুল বন, তৃতীয় এই সকল কোটী কোটী লিঙ্গ ও কোটী কোটী গণে পরিবৃত।৫৮।৫৯ পূর্ব্বে পঞ্চতীর্থ, পশ্চিমে ধনদা নদী।৬০ দক্ষিণে পঞ্চাখ্য বন এবং উত্তরে কুরুবকাবন। হে দেবি! এই সকলের মধ্যগত স্থান শ্রীপীঠ নামে বিখ্যাত।৬১

ইতি যোগিনীতন্ত্রে কামরূপ পীঠকাধিকারে দ্বিতীয়ভাগে প্রথম পটল।

শ্রীভগবান্ কহিলেন, নিজগৃহে নিত্যকর্ম্ম সমাপন পূর্ব্বক পিতৃগণের

উত্তরস্থগতে শুক্রে সানুকুলে শুভে গ্রহে ॥
গুরুপিত্রো রনুজ্ঞাপ্য ব্রাহ্মণানং বিশেষতঃ।
ভোজয়িত্বা দ্বিজান্ সপ্ত ততোযাত্রাং সমাচরেৎ ॥২
সিংহে ধনুষি মেষে চ নাগচ্ছেৎ পূর্ব্বপীঠকং।
তুলায়াং কুম্ভে মীনে চ ন গচ্ছেৎ পশ্চিমং বুধঃ ॥৩
বৃষেহঙ্গনায়াং মকরে ন গচ্ছেদ্দক্ষিণালয়ং।
কর্কটে কীটমীনে চ ন গচ্ছেদুত্তরং সুধীঃ ॥৪
চাপে গব্যঙ্গনায়াঞ্চ ন গচ্ছেদ্বহ্নিকোণকং।
মকরে কর্কটে মীনে নৈঋতাং পরিবর্জয়েৎ ॥৫
বায়ব্যাং কুম্ভমেষে চ চাপে বিবর্জ্জয়েৎ।
সিংহে মীনে কর্কটে চ ঐশান্যাং তু ন চিন্তয়েৎ ॥৬

অর্চ্চনা ও নান্দীমুখা দমুখ সমাপন পূর্ব্বক ভক্তি সমন্বিত হইয়া তদনন্তর যথাবিধি যাত্রা করিবে।১ শুক্র উত্তরে অবস্থিত হইলে এবং শুভগ্রহ সকল সানুকুল হইলে, গুরু এবং পিতা মাতাদির ও বিশেষতঃ ব্রাহ্মণগণের অনুমতি গ্রহণপূর্ব্বক সপ্তবিপ্রবরকে ভোজন করাইয়া তদনন্তর যাত্রা করা কর্ত্তব্য।২ বুধগণ, সিংহ, ধনুঃ ও মেষ রাশিতে পূর্ব্বদিকে, তুলা মিথুন ও কুম্ভরাশিতে পশ্চিমদিকে।৩ বৃষ, কন্যা ও মকরে দক্ষিণদিকে কর্কট বৃশ্চিক ও মীনে উত্তরদিকে গমন করিবেন না।৪ সুধীগণ, ধনুঃ বৃষ ও কন্যায় বহ্নিকোণে, মকর, কর্কট ও মীনে নৈঋতকোণে ৫ কুম্ভ, মেষ ও ধনুরাশিতে বায়ুকোণে, সিংহ, মীন ও কর্কটে ঈশানকোণে গমন করিবেন না।৬ এই সকল স্থূলরূপে অবগতি করিও। হে শঙ্করি!

এতং স্থূলং বিজানীয়াদ্ যোগিনীং শৃণু শঙ্করি।
ন গচ্ছেন্মন্দবারে চ পূর্ব্বদেশং মম প্রিয়ে॥
পশ্চিমং স বিতুর্ব্বারে দক্ষিণং বধুবাসরে।
কুজবারে চোত্তরঞ্চ বুধোবাপি দিশং ভজেৎ ৭।৮
জীববারে তু নৈঋ্‌তাং বায়ব্যাং ভৃগুবাসরে।
শনিবারে তথৈশানাং সোমে চৈব বিশেষতঃ॥৯
পূর্ব্বদেশং মহেশানি প্রতিপন্নবতী তথা।
ন গচ্ছেদ্‌যা একো যাত্রাং যোগিনী সম্মুখা যতঃ॥১০
চতুর্দ্দশী তথা ষষ্ঠী পশ্চিমস্তু বিবর্জয়েৎ।
ত্রয়োদশী পঞ্চমী চ ন গচ্ছেদ্দক্ষিণাং দিশঃ॥১১
দ্বিতীয়া দশমী চৈব বর্জয়েদ্রাক্ষসীন্দিশং।
পূর্ণিমা সপ্তমী চৈব বায়ব্যাং সর্ব্বথা ত্যজেৎ॥১২
ন গচ্ছেচ্চৈব ঐশান্যামমাবাস্যান্তথাষ্টমীং।
বিষ্কুম্ভং প্রীতিরায়ুষ্মাম্ প্রতিপৎস্থু বিবর্জয়েৎ॥১৩

যোগিনী শ্রবণ কর। হে প্রিয়ে মন্দবারে অর্থাৎ শনৈশ্চরে পূর্ব্বদেশ, রবিবারে পশ্চিমদেশ, বুধবারে দক্ষিণদেশ, মঙ্গলবারে উত্তরদেশে গমন করিবেন না ৭।৮ বৃহস্পতিবারে নৈঋ্‌তকোণে, শুক্রবারে বায়ুকোণে, শনিবারে বিশেষতঃ সোমবারে ঈশানকোণে যাত্রা করিবেন না।৯ হে মহেশানি! যাত্রিকগণ, প্রতিপদ্ ও নবমীতে পূর্ব্বদিকে যাত্রা করিবে না যে হেতু উহাতে সম্মুখে যোগিনী হয়।১০ চতুর্দ্দশী ও ষষ্ঠীতে পশ্চিমদিক্ ত্রয়োদশী ও পঞ্চমীতে দক্ষিণদিক্।১১ দ্বিতীয়া ও দশমীতে নৈঋ্‌তদিক্, পূর্ণিমা ও সপ্তমীতে বায়ব্যদিক্।১২ এবং অমাবস্যা ও অষ্টমীতে ঈশা

সৌভাগ্যং শোভনঞ্চৈব দ্বিতীয়াঞ্চাতিগণ্ডকে।
সুকর্ম্মা বৈধৃতিশ্চৈব তৃতীয়ায়াং বিজানীহি ॥১৪
গণ্ডোবৃদ্ধিধ্রু'বশ্চৈব ব্যাঘাতশ্চ তথৈব চ।
চতুর্থ্যাং বর্জয়েদ্দেবি পঞ্চম্যাং হর্ষণস্তথা ॥১৫
বজ্রঃ সিদ্ধির্ব্যতীপাতৌ ষষ্ঠ্যাং জানীহি শঙ্করী।
বরীয়ান্ পরিঘশ্চৈব সপ্তম্যাং পরিবর্জয়েৎ ॥১৬
শিবঃ সিদ্ধিশ্চ সাধ্যঞ্চ বর্জ্জয়েদষ্টমীতিথৌ।
নবম্যাং শুভশুক্রশ্চ দশম্যাং ব্রহ্মমেব বা ॥১৭
একাদশ্যাং তথেন্দ্রস্তু দ্বাদশ্যাং বৈধৃতিং ত্যজেৎ।
উত্তরাত্রয়ং ত্রয়োদশ্যাং বিশাখান্তু চতুর্দ্দশীং ॥১৮
মঘার্দ্রং ভরণীঞ্চৈব পৌর্ণমাস্যা বিবর্জয়েৎ।
প্রতিপৎকৃত্তিকায়ান্তু দ্বিতীয়ায়ান্তু জ্যেষ্ঠকে।
ন যাত্রিকে চ নক্ষত্রে প্রস্থানে ন কদাচন ॥১৯

পরিত্যাগ করিবে প্রতিপদে, বিষ্কুম্ভ প্রীতি ও আয়ুষ্মান্ যোগ বর্জন কর্ত্তব্য।১৩ দ্বিতীয়ায় সৌভাগ্য শোভন ও অতিগণ্ড বর্জ্জনীয়। তৃতীয়ায় সুকর্ম্মা বৈধৃতি।১৪ চতুর্থীতে গণ্ড বৃদ্ধি ধ্রুব ও ব্যাঘাত, পঞ্চমীতে হর্ষণ।১৫ ষষ্ঠীতে বজ্র সিদ্ধি ও ব্যতিপাত; সপ্তমীতে বরীয়ান্ ও পরিঘযোগ পরিবর্জ্জন করিবে।১৬ অষ্টমীতে শিব, সিদ্ধি ও সাধ্য; নবমীতে শুভ্র শুক্র; দশমীতে ব্রহ্ম।১৭ একাদশীতে ইন্দ্র; দ্বাদশীতে বৈধৃতি ত্রয়োদশীতে উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া ও উত্তরভাদ্রপদ, চতুর্দ্দশীতে বিশাখা।১৮ পৌর্ণমাসীতে মঘা, আর্দ্রা ও ভরণী পরিবর্জ্জন কর্ত্তব্য। প্রতিপদে কৃত্তিকা, ও দ্বিতীয়ায় জ্যেষ্ঠা এইসকল যাত্রায় বা প্রস্থানে প্রশস্ত নয়।১৯ যাত্রাকালে করণ বিচরে কর্ত্তব্য নহে।

যাত্রায়াস্তু ন দুষ্টে তু করথস্য বিচিন্তনং।
জন্মমাসে জন্মদিবসে জন্মনক্ষত্রকে তথা।
অষ্টম্যাত্র নবমাঞ্চ সদাকালেষু বর্জয়েৎ ॥২০
আপৎকালে চ যাত্রায়াং উষাসম্পত্তিঃ পশ্চিমে।
গোধূলিসময়ে চৈব পূর্ব্বদেশে বিজানীহি ॥২১
মধ্যাহ্নে দক্ষিণে চৈব অপরাহ্নে তথোত্তরে।
ঐশান্যাঞ্চ তথা রাত্রৌ নৈঋর্ত্যাং সন্ধ্যয়োর্দ্বয়োঃ ॥২২
মধ্যন্দিনে তথাগ্নেয়ে বায়ব্যাং প্রাতরেব হি।
বারুণাদিষু যোগেষু যথাকালে সমাচরেৎ ॥২৩
বিনা জাতং দিনং তত্র অষ্টমীং নবমীং বিনা।
প্রাচীদিশং সমাগচ্ছেৎ যাত্রাং কুর্য্যাদুদঙমুখঃ ॥২৪
পশ্চিমে প্রাঙ্মুখঃ কুর্যাদ্ দক্ষিণে পশ্চিমামুখঃ।
উত্তরে দক্ষিণামুখোযাত্রাং কুর্য্যাৎ সুসিদ্ধয়ে ॥২৫

জন্মমাস জন্মদিন ও জন্মনক্ষত্রে, অষ্টমী ও নবমীতে সকল সময়েই যাত্রাদি বর্জনীয়।২০ আপৎ কালের যাত্রায়, পশ্চিমে উষায়, গোধূলি সময়ে পূর্ব্বদিকে।২১ মধ্যাহ্নে দক্ষিণে, অপরাহ্নকালে উত্তরে, রাত্রিকালে ঈশানকোণে, সন্ধ্যাদ্বয়ে নৈঋর্তকোণে।২২ মধ্যদিনে অগ্নিকোণে, প্রাতঃকালে বায়ুকোণে, এবং বারুণাদি যোগে যথাকালে যাত্রা করিবে।২৩ তাহাতে জন্মদিন, ও অষ্টমী নবমী ব্যতিরেকে যাত্রা কর্ত্তব্য।২৪ উত্তরমুখ হইয়া দক্ষিণদিকে, দক্ষিণমুখ হইয়া উত্তরদিকে যাত্রা করিলে কার্য্যসিদ্ধি হয়।২৫ যাত্রাকালে দক্ষিণভাগে কুসুম, বাবক, শঙ্খ, ভেরী দেবতা,

কুস্থমা যাবকঃ শঙ্খোভেরীবাদোন ভূমিপঃ ।
গাবঃ শতং রথং যানং দক্ষিণে শুভগাং স্মতাঃ ॥২৬
সিদ্ধানাং মাংসপিণ্ডতঞ্চ ভক্তং ভাজনভঙ্গুরং ।
যৎস্থপিণ্ডং পরাহারাঃ সর্ব্বশ্চ দক্ষিণে শুভাঃ ॥২৭
কন্যা বৈ মিথুন বেশ্যা পূর্ণকুম্ভাঃ স্ত্রিয় স্তথা ।
চরন্তঃ পশুপক্ষাশ্চ বামতঃ শুভকারকরাঃ ॥২৮
অগ্রে দধিফলং যাত্রা শুভদা পরিকীর্ত্তিত ।
তথা ক্রৌঞ্চময়ুরাশ্চ যুগ্মং গচ্ছন্তি গচ্ছতঃ ।
তদা সিদ্ধিং বিজানীয়াদশ্যথা বিঘ্নমাদিশেৎ ॥২৯
গৃধ্রঃ বা শ্যেনাশ্চ চিল্লাশ্চ পার্শ্বং গচ্ছন্তি বৈ যদা ।
ন কুর্য্যাদ্‌যাত্রিকোযাত্রাং বায়সেবনসংস্থিতে ॥৩০
চ্যুতে নিষ্ঠুরসম্ভাষং গৃহগোধারুতং তথা ।
ক্রন্দনং কলহংশ্রুত্বা ন গচ্ছন্তু কদাচন ॥৩১

ভূমিপতি, রথ ও যান ।২৬ এবং সিদ্ধান্ন, মাংসপিণ্ড, ভক্ত, ভঙ্গুরভাজন, ও উৎকৃষ্ট আহার দক্ষিণভাগে শুভকর হয় ।২৭ বামভাগে, কন্যা দম্পতী, (স্ত্রীপুরুষ) বেশ্যা ও পূর্ণকুম্ভ-স্ত্রী এবং চরণশীল পশুপক্ষিসকল শুভকর জানিবে।২৮ অগ্রভাগে দধি ও ফল শুভপ্রদ। আর গমনকালে যুগল ক্রৌঞ্চ ও ময়ুর গমন করিলে শুভফল প্রদান করে নতুবা বিঘ্নচরণ করে।২৯ যাত্রাকালে পার্শ্বদেশে যদি গৃধ্র শ্যেন ও চিল্ল গমন করে তবে যাত্রা কর্ত্তব্য নয়। যদি বায়স বনসংস্থিত ৩০ বা চ্যুতবৃক্ষস্থিত হইয়া নিষ্ঠুর ভাষণ করিতে থাকে, এবং গৃহকোণে (টিকটিকীর) শব্দ হয় তাহা হইলে গমন কর্ত্তব্য নয়। ক্রন্দন ও কলহ শুনিয়া যাত্রা অকর্ত্তব্য ৩১

গুর্ব্বাদিত্যে গুরৌ সিংহে শুক্রে চাস্ত মুপাগতে।
দেবতাদর্শনং যাত্রাং প্রতিষ্ঠাং নৈব কারয়েৎ ॥৩২
ব্রতারম্ভং তথাদ্বাহং গৃহপ্রসাদিকন্তথা ॥৩৩
বাপীকূপতড়াগানি যন্ত্রস্থারম্ভকন্তথা।
আরোপয়েদ্‌যজ্ঞবৃক্ষস্য আরামকরণন্তথা।
দেববৃতবৃষোৎসর্গং যজ্ঞস্যারম্ভথা।
কর্ণবেধঞ্চ বৃদ্ধা চ স্ত্রীণামায়নং ত্যজেৎ ॥৩৪।৩৫
প্রাগদর্শঞ্চ দেবাবাং বৈ ন কুর্ব্বীত কদাচন।
প্রাগারম্ভং ব্রতানাঞ্চ যাত্রাং সম্বৎসারৎ পরং ॥৩৬
তথা ব্যালব্রতং যত্তু তথা নিত্যং ব্রজেচ্চ বৈ।
ন কালনিয়মস্তত্র তথা চ রোহিণীব্রতে।
শিবরাত্রিব্রতে চৈব প্রয়াগস্য চ মুণ্ডনে।
দেশদাহে গ্রহাণাঞ্চ বিশুভং কর্ম্ম আরভেৎ ॥৩৭।৩৮
উজ্জয়িন্যামর্কশুদ্ধি র্মধ্যংদেশে বিধোঃশুভং।
কুজশুদ্ধি স্তনে পানে অরণ্যাস্ত বুধস্য চ ॥৩৯

গুর্ব্বাদিত্য যোগে এবং সিংহরাশিতে শুক্র উপগত হইলে দেবতা দর্শন, যাত্রা ও প্রতিষ্ঠা ৩২ ব্রতারম্ভ, উদাহ, গৃহ ও প্রসাদাদি ৩৩ বাপীকূপ তড়াগাদি খনন যন্ত্রারম্ভ যজ্ঞবৃক্ষরোপণ আরামকরণে দেবব্রত বৃষোৎসর্গ, যজ্ঞারম্ভ, কর্ণবেধ বৃদ্ধা, স্ত্রীগণের আনায়ন করিবে না।৩৪।৩৫ দেবগণের প্রথম দর্শনও তাহাতে কর্ত্তব্য নহে। ব্রতের প্রথমারম্ভ সম্বৎসরের পর যাত্রা ৩৬ বাল্যব্রত ও নিত্যব্রত কর্ত্তব্য তাহাতে কাল নিয়ম নাই। আর রোহিণীব্রত, শিবরাত্রিব্রত প্রয়োগে মস্তকমুণ্ডন ও দেশবাহ এই সকল বিষয়ে গ্রহাদি অশুভ থাকিলেও কর্ম্মারম্ভ করিবে।৩৭।৩৮ উজ্জয়িনীতে

গৌড়ে চান্ধ্ গুরোঃ শুদ্ধঃ কামরূপেভৃগোঃ স্মৃতা
মথুরায়া মর্কজস্য রাহো রঙ্গেতুবঙ্গকে ॥৪০
ধনুর্ব্বাণং তথা তদ্বদ্ ওড্রপীঠে ব্যবস্থিতং।
জালন্ধরে চতুর্হস্তঃ উর্ম্মিকং হস্তপূর্ণকে।
পংক্তিহস্তঃ কামরূপে সৌমারে তারহস্তকং।
কোল্বপীঠে তুর্য্যহস্তং চৌহারে দ্বিগুণং ভবেৎ ॥৪১।৪২
মহেন্দ্রে কলাহস্তং শ্রীহট্টে বহ্নিহস্তকং।
উপপীঠে তু পাতালে হস্তমেব বিজানীহি ॥
রত্নপীঠে তু ষড়্ হস্তং লোহিত্যা চৈব উত্তরে।
বলদেবাশ্রমে চৈব তথা কন্যাশ্রমেষু চ।
ন যোগনীমুখং গচ্ছেৎ স্নানধ্যানং বিবর্জ্জয়েৎ ॥৪৩
যানেনার্দ্ধফলং বিন্দ্যাত্তথা ছত্রে চ পাদুকে।
তীর্থযাত্রা ফলং হন্তি ব্যায়ামে মাংসভক্ষণে ॥৪৪

অর্কশুদ্ধি, মধ্যদেশে চন্দ্রশুদ্ধি. জনস্থানে কুজশুদ্ধি. অরণ্যে বুধশুদ্ধি।৩৯ গৌড় ও অন্ধ্রদেশে গুরুশুদ্ধি কামরূপে শুক্রশুদ্ধি মথুরায় শনৈশ্চর শুদ্ধি অঙ্গ ও বঙ্গদেশে রাহুশুদ্ধি শুভকর হয়।৪০ ওড্রপীঠে ধনুর্ব্বাণ ব্যবস্থিত আছে। জলন্ধরে চারিহস্ত উর্ম্মিকে পূর্ণহস্ত, কামরূপে পংক্তিহস্ত, সৌমারে তারহস্ত, কোল্বপীঠে তুর্য্য হস্ত, চৌহারে দ্বিগুণ ব্যবস্থিত আছে ৪১।৪২ মহেন্দ্রে কলাহস্ত, শ্রীহট্টে বহ্নিহস্তক এবং উড্রপীঠে ও পাতালে ও একহস্ত জানিবে, রত্নপীঠে, লোহিতীর উত্তরে বলদেবাশ্রমে ও কন্যাশ্রমে ষড়হস্ত ব্যবস্থিত। যোগিনীমুখে গমন ও স্নান এবং ধ্যান বর্জ্জন করিবে।৪৩ যানদ্বারা তীর্থ গমনে বা ছত্র পাদুকা যোগে তীর্থ গমনে অর্দ্ধফললাভ হয়। ব্যায়াম ও মাংসভক্ষণে তীর্থ যাত্রার ফল বনিষ্ট হয়।৪৪ অনুষঙ্গক্রমে তীর্থ

তীর্থ প্রাপ্যানুষঙ্গেন তীর্থস্য চ ফলং ভবেৎ।
জ্ঞানেন তু তদাপ্নোতি জ্ঞানহীনে তু নিষ্ফলং ॥৪৫
তীর্থে চাচমনং বর্জ্জেৎ পাদপ্রক্ষালনস্তথা।
শৌচমাচমনঞ্চৈব অন্যতীর্থপ্রশংসনং ॥৪৬
অন্যতীর্থরতিঞ্চৈব সদা তীর্থেষু দূষণম্।
ন মলং নির্ব্বপেত্তীর্থে ন কেশং নির্ব্বপেৎ কচিৎ ॥৪৭
বসন্তি ন তীর্থতীরে নিবসেদ্ দক্ষিণে তু বিশেষতঃ।
দক্ষিণে চৈব তীর্থস্য ন কর্ত্তব্যং স্নানাসিদ্ধ কদাচন ॥৪৮॥
তীর্থতীরে চ দক্ষিণে তত তীর্থানি পুণ্যান্যায়তনানি চ।
তীর্থে চোত্তরে ভাগে চ অষ্টকোটিসহস্রশঃ।
দক্ষিণে কুণ্ডতীর্থস্য সরিতাং বামতঃ প্রিয়ে ॥৪৯
তীর্থেষু ব্রাহ্মণং নৈব পরীক্ষেচ্চ কদাচন ॥৫০
যত্তীর্থে যস্য দেবস্য তত্তীর্থস্য দ্বিজস্য চ।
বন্দিতব্যাশ্চ পূজ্যাশ্চ তেষাং বাক্যেন পূততা ॥৫১

প্রাপ্ত হইলে তীর্থ ফললাভ হয়; জ্ঞানপূর্ব্বক তাহা ঘটিলেই সেই ফললাভ হয়, নতুবা নিষ্ফল হয়।৪৫ তীর্থে আচমন ও হাত ও ধুইয়া, শৌচ ও অন্যতীর্থ প্রশংসা কর্ত্তব্য নয়।৪৬ এক তীর্থে গমন করিয়া অন্য তীর্থে রতি অকর্ত্তব্য। তীর্থে মলত্যাগ ও কেশ কর্ত্তন করিতে নাই।৪৭ তীর্থতীরে ও তীর্থের দক্ষিণে নিবাস করিবে না। তীর্থের দক্ষিণে স্নান কদাচ কর্ত্তব্য নহে।৪৮ তীর্থের উত্তরভাগে, কুণ্ডতীর্থের দক্ষিণে ও নদীর বামভাগে অষ্টকোটিসহস্র তীর্থ ও পুণ্যায়তন অধিষ্ঠিত।৪৯ তীর্থমধ্যে ব্রাহ্মণ পরীক্ষা কর্ত্তব্য নয় ৫০। যে তীর্থে যে যে দেবতা

ন কালনিয়মঃ শ্রাদ্ধে পিণ্ডে তু বর্জ্জয়েন্মধু।
তীর্থং গত্বা ন দূরাত্তু বসেত্তীরে বিচক্ষণঃ ॥৫১
গ্রহণে চৈব তীর্থে চ তথা চ পিতৃবাসরে।
যজ্ঞারম্ভে সমাপ্তৌ চ ভূকম্পে তু বিশেষতঃ ॥
ব্রাহ্মণে দানযোগ্যা ন শ্রাদ্ধযোগ্যা ন তদ্ভবেৎ।
যদ্দীয়তে মহাদানং নিষ্ফলং পরকীর্ত্তিতং ॥৫২।৫৪
নবাহনং ন চার্ঘ্যঞ্চ ন চাগ্নৌ হবনন্তথা ॥৫৫
পবিত্রসেচনেনৈব তথাক্ষয্যাবধারণং ॥
তীর্থশ্রাদ্ধে ন কুর্ব্বী বাসঃসূত্রপ্রদাপনং।
ততঃ সপ্তদশান্ পিণ্ডান্ পিণ্ডকালেষু দির্ব্বপেৎ ॥৫৬।৫৭
শ্রাদ্ধং সমাপ্যেভৎ পিণ্ডং ন দদ্যাচ্চ কদাচন।
মজ্জমং প্রতিকুণ্ডে চ প্রতিতীর্থে মজ্জনং ॥৫৮

ও দ্বিজ বাস করেন, তাঁহারাই বন্দনীয় ও পূজনীয়। ঐ দ্বিজগণের বাক্যানুসারে কর্ম্ম করিলেই পবিত্র হয়।৫১ শ্রাদ্ধে কালনিয়ম নাই; পিণ্ডে মধু বর্জ্জন করিবে। তীর্থে গমন করিয়া বিচক্ষণ ব্যক্তি তীর্থের দূরতীরে বাস করিবে না।৫২ তীর্থস্থলে, গ্রহণে, পিতৃবাসরে, যজ্ঞারম্ভে, যজ্ঞাসমাপনে বিশেষতঃ ভূমিকম্পে ব্রাহ্মণগণ শ্রাদ্ধাদির দানযোগ্য নহেন; যদি মহাদানও করে, তাহাও নিষ্ফল হয়।৫৩।৫৪ আবাহন, অর্ঘ্যদান, অনলে হবন, ৫৫ পবিত্রসেচন, অক্ষয্যাবধারণ, বাসঃসূত্রপ্রদাপন, তীর্থশ্রাদ্ধে কর্ত্তব্য নয়। তীর্থশ্রাদ্ধকালে সপ্তদশ পিণ্ডপ্রদান করিবে।৫৬।৫৭ শ্রাদ্ধ সমাপন করিয়া এই পিণ্ড কদাচ প্রদান করিবে না। প্রতি তীর্থে ও প্রতি কুণ্ডে দশ, অষ্ট, পঞ্চ, সপ্ত বা তিনবার মজ্জন কর্ত্তব্য।৫৮ অতঃপর

দিবসে দশ চাষ্টৌ চ পঞ্চসপ্তত্র স্তথা।
অতঃ কৃত্বাভিষেকঞ্চ তীর্থেচ প্রতিপূজয়েৎ ॥৫৯
লোহিত্যে চৈব শোণে চ গয়ায়াং বিরজেষু চ।
কন্যাশ্রমেষগস্ত্যে চ পারিপাত্রে তথৈব চ।
মুকুরাঙ্গে চ একাম্রে মণ্ডনঞ্চ বিবর্জ্জয়েৎ ॥৬০
পাপরাশিস্তু কেশাগ্রে প্রপলাজ্যং প্রতিষ্ঠিতি।
তস্মাৎ শিখাং পরিত্যজ্য কর্ণমূলে চ স্থাপয়েৎ ॥৬১
ঘাটান্তে চৈব মাসান্তে ষন্মাসান্তে চ বৎসরে।
অষ্টাবষ্টৌ সমান্তে বা মুণ্ডমঞ্চ পুনশ্চরেৎ ॥৬২
ততঃ কুশময়ং বিপ্রং কৃত্বা তীর্থে নিধায় চ।
উত্তরাভিমুখোভূত্বা বান্ধবান্ স্নাপয়েদ্‌বুধঃ ॥ ৬৩
কুশোনিদ্বিতি মন্ত্রেণ ত্রিবারং স্নাপয়েৎ কুশৈঃ।
তত্তীর্থস্য তুরীয়াঙ্গং ফলং প্রাপ্য ন সংশয়ঃ।

অভিষেক করিয়া তীর্থে পূজা করিবে।৫৯ লৌহিত্যতীর্থে, শোণে গয়ায়, বিরজে, কন্যাশ্রমে অগস্ত্যে, পরিপাত্রে, মুকুরাঙ্গে ও একাম্রে মণ্ডন বর্জ্জন কর্ত্তব্য। পাপরাশি কেশাগ্রে অবস্থান করে, সেই হেতু শিখা পরিত্যাগ করিয়া কর্ণমূলে।৬০।৬১ ঘটান্তে স্থাপিত করিবে। মাসান্তে, ষন্মাসান্তে বা বৎসরান্ত বা অষ্ট অষ্ট বৎসরান্তে পুনঃমুণ্ডন বিধেয়।৬২ বুধগণ কুশময় বিপ্র নির্ম্মাণ করিয়া তীর্থ রক্ষা পূর্ব্বক উত্তরাভিমুখ হইয়া বান্ধবগণকে স্নান করাইবেন।৬৩ "কুশোনিদ্বঃ" এই মন্ত্রে তিনবার কুশ দ্বারা স্নান করাইলে সেই তীর্থস্নানের তুরীয়াঙ্গ অর্থাৎ পাদফল হইবে, সন্দেহ নাই।

গৃহীত্বা তু দ্বিজক্রোড়ে নামোচ্চারণ মজ্জনং।
কৃত্বা তীর্থফলস্যার্দ্ধঃ ব্রাহ্মণস্য বিধীয়তে॥৬৪।৬৫
বরং বিক্রয়ণং মাতুর্ব্বরং বিক্রয়ণং পিতুঃ।
ন স্নাপয়েচ্চাসগোত্রং ন তীর্থে তু পতিগ্রহং।৬৬
সিদ্ধক্ষেত্রেষু তীর্থেষু শাশীঃ কুর্য্যাৎ পরস্য ন।
যায়েদিতোঽন্যত্র হি বৈ তিলং গাঞ্চ বিশেষতঃ।
ন গৃহ্ণীয়াত্তু শূদ্রস্য যত্রে পাত্রী ভবেৎ ক্বচিৎ।
যস্য যজ্ঞস্য যৎ পাত্রং তস্য পাপেন লিপ্সতি
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন পরযজ্ঞং বিবর্জ্জয়েৎ॥৬৭।৬৮

ইতি যোগিনীতন্ত্রে কামরূপাধিকারে দ্বাবিংশতিসাহস্রে
উপরিতমে দ্বিতীয়ভাগে দ্বিতীয় পটলঃ।

দ্বিজক্রোড়ে গ্রহণপূর্ব্বক নামোচ্চারণ করিয়া মার্জ্জন করিলে ব্রাহ্মণের অর্দ্ধ ফল হয়।৬৪।৬৫ মাতার ও পিতার বিক্রয়ও বরং ভাল, তথাপি অসগোত্রের তীর্থস্নান করাইবে না এবং প্রতিগ্রহও করিবে না।৬৬ সিদ্ধিক্ষেত্রে ও তীর্থে পরের আশীর্ব্বাদ কর্ত্তব্য নয়। একস্থান হইতে অন্যত্র গমন করিবে, তথাপি শূদ্রের তিল ও গোগ্রহণ করিবে না, যেহেতু তাহা যজ্ঞে গৃহীতব্য হয় না। যে যজ্ঞের যে পাত্র তাহাই হইলে পাপস্পৃষ্ট হয় না, অতএব সর্ব্বপ্রযত্নে পরযজ্ঞবর্জ্জন করিবে।৬৮।৬৯

ইতি যোগিনীতন্ত্রে কামরূপাধিকারে দ্বিতীয়ভাগে দ্বিতীয় পটলঃ।

তৃতীয়ঃ পটলঃ।

শ্রীভগবানুবাচ।

কামরূপং মহাপীঠং গুহ্যাদ্‌গুহ্যতমং পরং।
সদা চ সংস্থিত স্তত্র পার্ব্বত্যা সহ শঙ্করঃ ॥১
ন চিরাৎ পূজিতোদেব স্তস্মিন্‌ পীঠে প্রসীদতি ॥
তত্‌ পীঠং প্রবক্ষ্যামি-শৃণু ত্বং সাম্প্রতং প্রিয়ে ॥২
নদীশতং যাত্রাকালং লিঙ্গকোটিগুণাবৃত।
বায়ুকূটস্য চরমে ধনুর্হস্তপ্রমাণতঃ ॥৩
বায়ূরূপঃ স্থিতস্তত্র স্তস্মান্নিঃসৃত্য মারুতঃ।
তস্ত বায়ুং সমভ্যর্চ্চ্য বায়ূলোকে মবাপ্নূয়াৎ।
পূর্ব্বং বায়ুগিরেঃ শৈলশ্চন্দ্রকূটইতি স্মৃতঃ।
মধ্যত শ্চৈব গোদন্তঃ ক্রান্তস্ত দক্ষিণে শুভ ॥৪-৫

শ্রীভগবান্‌ কহিলেন, কামরূপ মহাপীঠ, তাহা গুহ্য হইতেও পরম গুহ্যতম। তথায় মহাদেব পার্ব্বতীর সহিত নিত্য বাস করেন।১ সেই দেবদেব সেই পীঠে পূজিত হইয়া অচিরাৎ প্রসন্ন হন। হে প্রিয়ে! সম্প্রতি সেই পীঠ বলিব, শ্রবণ কর।২ বায়ুকূটের চরমভাগে ধনুর্হস্ত প্রমাণ কোটিলিঙ্গ সমাবৃত, নন্দীশত সংযুক্ত যাত্রাকাল।৩ তথায় বায়ুরূপ অবস্থিত। তাহা হইতে বায়ু নিঃসৃত হয়। সেই বায়ুর অর্চ্চনা করিলে বায়ুলোক প্রাপ্ত হয়। বায়ুগিরির পূর্ব্বে চন্দ্রকূটশৈল, মধ্যভাগে গোদান্ত,

মাধবশ্চন্দ্রকূটে তু গোদন্তে চ জটাধরঃ।
ষণ্মুখশ্চ জয়ন্তশ্চ অশ্বক্রান্তে জনার্দ্দনঃ॥৬
তত্তদ্বীজেন মন্ত্রেণ পূজয়েন্মধুপায়সৈঃ॥৭
যো বসেদ্বায়ুকূটে তু ধনানামধিপো ভবেৎ॥৮
চন্দ্রশৈলে নিবাসস্তু ক্ষয়ী ভবতি নান্যথা।
পাপী ভবতি গোদন্তে অশ্বক্রান্তে তু মুক্তিদঃ॥৯
চন্দ্রশৈলস্য পূর্ব্বে তু কিঞ্চিদাগ্নেয়গোচরে।
লৌহিত্যমধ্যে দেবেশি ধনুস্ত্রিংশৎপ্রমাণতঃ।
ইন্দ্রশৈল ইতি খ্যাত স্তত্র বামে মহাফলং॥১০
ইন্দ্রশৈলস্য মধ্যে তু কিঞ্চিদ্দক্ষিণগোচরে।
উত্তরে চন্দ্রশৈলস্য ত্যজেৎ ষোঢ়াঃ ধনুর্ব্বুধঃ॥১১
ধনুস্ত্রয়ঞ্চ প্রস্তারে ধনুষঃ শতকং মতং।
পঞ্চবিংশতিদৈর্ঘ্যেণ চন্দ্রকুণ্ডাহ্বয়ং সরঃ।

দক্ষিণে অশ্বক্রান্ত।৪।৫ চন্দ্রকূটে মাধব, গোদান্তে জটাধর, সম্মুখে ও জয়ন্ত অশ্বক্রান্তে জনার্দ্দন অবস্থিত আছেন। সেই সেই বীজমন্ত্রদ্বারা মধুপায়সে।৭ তাঁহাদের পূজা করিবে। যে বায়ুকূটে বাস করে, সে ধনাধিপ হয়।৮ চন্দ্রকূটে বাস করিলে ক্ষয়ী এবং গোদান্তে পাপী হয়। অশ্বক্রান্তে বাস করিলে মুক্তিপ্রাপ্ত হয়।৯ চন্দ্রশৈলের মধ্যে, কিঞ্চিৎ আগ্নেয়কোণ বিভাগে লোহিত্যে মধ্যে বামভাগে ত্রিংশতধনুঃ প্রমাণ ইন্দ্রশৈল, তথায় গমন করিলে মহাফল হয়।১০ বুধগণ ইন্দ্রশৈলের মধ্যে কিঞ্চিৎ দক্ষিণদিকে, চন্দ্রশৈলের উত্তরে ষোঢ়া (ছয়) ধনুঃ পরিত্যাগ করিবেন।১১ বিস্তারে ধনুস্ত্রয়ঃ দৈর্ঘে একশত পঞ্চবিংশতি ধনু প্রমাণ

তত্র পীত্বা চ স্নাত্বা চ নরঃ কৈবল্যমশ্নুতে ॥১২
চন্দ্রতীর্থং মহাতীর্থং তীর্থং পিণ্ডারকং সমং।
স্নাত্বা চানেন মন্ত্রেণ ব্রহ্মহত্যাং ব্যাপোহতি ॥১৩
সুধীবশবংশসম্ভূত মাধবপ্রীতিদায়ক।
সুধীশ্রবণমাহ্লাদ পাপং হর নমোঽস্তু তে।
ভৃগুঃ প্রায়ঃ সর্গযুতং আদিপংক্তিসমন্বিতং।
তদূর্দ্ধে চ ভৃগুর্দ্দণ্ডী জান্তুংশক্তিস্বরান্বিতং।
নাদবিন্দুসমাযুক্তং পুনর্জান্তং সুভাবিকং।
আক্ষরঞ্চ কোঙ্কালংমান্তুনার্ঘ্যং সমাপয়েৎ ॥১৪।১৬
মেষে মীনে পৌর্ণমাস্যাং জপন্ কামমনুং নিশি।
স্নাত্বা ব্রহ্মত্ব মাপ্নোতি দুর্গতিঞ্চ ন বিন্দতি ॥১৭
স্নানঞ্চ দিবসে কুর্য্যান্মহাপাতকনাশনং।
ইত্যনেন তু মন্ত্রেণ যঃ স্নায়শ্চান্দ্রপাথসি।

চন্দ্রকুণ্ড নামক সরোবর; নরগণ, তথায় স্নান, পান করিলে কৈবল্যলাভ করে।১৩ চন্দ্রতীর্থ মহাতীর্থ, তাহা পিণ্ডারক তীর্থের তুল্য, (চন্দ্রতীর্থং মহাতীর্থং তীর্থং পিণ্ডারকং সমং) এই মন্ত্রে স্নান করিলে ব্রহ্মহত্যা পাপ বিনষ্ট হইয়া যায়।১৩ "সুধী বংশসম্ভূত মাধব প্রীতি দায়ক সুধী শ্রবণ আহ্লাদ পাপহর নমোঽস্তুতে।" ভৃগুপ্রায় স্বর্গযুক্ত ও আদি পংক্তিসংযুত, তাহার উর্দ্ধে ভৃগু ও দণ্ডী এবং শক্তি স্বরান্বিত জান্তু। তদনন্তর পুনর্ব্বার নাদেবিন্দু সংযুক্ত সুভাবিত জান্তে অষ্টাক্ষর মন্ত্র জপ করিয়া অর্ঘ্য সমর্পন করিবে।১৪।১৬ মেষে, মীনে পৌর্ণমাসীতে, উপযুক্ত পরিমাণে জপ এবং স্নান করিলে ব্রহ্মত্ব প্রাপ্ত হয়। কদাচ দুর্গতিপ্রাপ্ত হয় না।১৭। দিবসেই স্নান কর্ত্তব্য। দিবসের স্নানে মহাপাতক নাশ হয়। এই

অবচ্ছিন্না মন্ত্রভিস্তু যাবত্তিষ্ঠতি মেদিনী
স এব চন্দ্রভবনং ধীরো যাতি পরং পদং।১৮।১৯
তস্য দক্ষিণদিগ্ ভাগো চতুর্দ্ধন্যপ্রমাণতঃ।
মানসং নাম তত্তীর্থং সর্ব্বপাপপ্রনাশনং॥২০
কার্ত্তিকে শুক্লপক্ষে তু স্নানং তত্র সমাচরেৎ।
বিষ্ণুলোকমবাপ্নোতি মন্ত্রেণ পরমেশ্বরি॥২১
তস্মান্ন সংশয়স্তীর্থঃ বিষ্ণুতুষ্টি প্রদায়কঃ।
যোগজ্ঞানাপ্তয়ে তুষ্টিং অর্ঘ্যং হর সরিৎপতে॥২২
তস্য দক্ষিণদিগ্ ভাগে অষ্টাবিংশধনুর্মিতং।
অযুতাখ্যং সরস্তত্র স্নাত্বাচ্যুতপদং ব্রজেৎ॥২৩
বর্ষাসু চাতুরে মাসান্ যস্তত্র স্নান মাচরেৎ।
স যাতি ব্রহ্মসদনং মধ্যাহ্নে যদি শঙ্করি॥২৪
মন্ত্রেণ স্নানং কুর্য্যাত্তু অর্ঘভাবেন সাধকঃ।

মন্ত্র দ্বারা যে মানব চান্দ্রপাক্ষে স্নান করে, সেই বীরব্যক্তি যতদিন বসুন্ধরায় বিদ্যমান থাকিবে ততদিন পরমগতি প্রাপ্ত হইবে।১৮।১৯ অবিদক্ষিণদিগ্ ভাগে চারিধনু প্রমাণ সর্ব্বপাপ বিনাশন মানস তীর্থ।২০ কার্ত্তিকে শুক্লপক্ষে তথায় মন্ত্রদ্বারা স্নান করিলে বিষ্ণুলোক প্রাপ্ত হয়।২১ হে পরমেশ্বরি! এই তীর্থ যে বিষ্ণুর তুষ্টিদায়ক, তাহাতে সংশয় নাই। যোগজ্ঞান প্রাপ্তির নিমিত্ত, সরিৎপতির সন্তোষার্থে অর্ঘ্য প্রদান কর্ত্তব্য॥২২ তাহার দক্ষিণদিগ্ ভাগে অষ্টাবিংশতি ধনুঃ পরিমিত অযুত নামক সরোবর তথায়, স্নান করিলে অচ্যুতপদ প্রাপ্তি হয় যে ব্যক্তি বর্ষাকালে চারিমাস মধ্যাহ্ন সময়ে তথায় স্নান করে সে ব্রহ্ম নিকেতনে গমন করিয়া থাকে।২৩।২৪ হে শঙ্করি! সাধকোত্তমগণ,

অমৃতাখ্য মহাপিণ্ডং সিদ্ধিং দেবাভিবন্দিতং।
অমৃতাং ধিবাসং সর্ব্বং প্রাণিনাং কিল্বিষাৎ পর ॥২৫
তদ্দক্ষিণে দশধনুঃ ঋণামোচনকং সরঃ।
গত্বা ঋণত্রয়ান্মুক্তো ভববন্ধং ন জায়তে ॥২৬
ভাদ্রে ললিতসপ্তম্যাং তত্র স্নাত্বা দিবং ব্রজেৎ।
মাঘে মাসি চতুর্দ্দশ্যাং স্নাতা মুক্তিঞ্চ বিন্দতি ॥২৭
ঋণগ্রস্তনরাঃ সর্ব্বে ববিদাৎ কর্ম্মবন্ধনাৎ।
ঋণদ্বয়ান্মোচয়িত্বা ঋণমোচনকং সরঃ ॥২৮
দক্ষিণে অশ্বক্রান্তস্য কিঞ্চিদাগ্নেয়গোচরে।
ধনুরর্ক প্রমাণেন অশ্বক্রান্তাহ্বয়ং সরঃ ॥২৯
নাগলোকাদুত্থিতশ্চ কল্কিরূপী জনার্দ্দনঃ।
স্নাত্বা তত্রৈব বিরজে অশ্বতীর্থং চকার হ ॥৩০

মন্ত্রদ্বারা স্নান করিয়া অর্ঘ্য প্রদান করিবে। তদনন্তর অমৃতাখ্যপিণ্ড প্রদান করিলে সিদ্ধিলাভ ও দেবলোকে পূজা প্রাপ্ত হয়। অমৃতার্থে অধিবাস করিলে প্রাণীগণ পাপ হইতে পরিত্রাণ পায়।২৫ তাহার দশধনু দক্ষিণে ঋণমোচনক সরোবর, তথায় গমন করিলে নরগণ পিতৃঋণ, ঋষিঋণ ও দেবঋণ এই ঋণত্রয় হইতে মুক্ত হইয়া ভববন্ধন হইতে মুক্তিলাভ করে।২৬ ভাদ্রমাসে ললিতাসপ্তমীতে তথায় স্নান করিলে স্বর্গলাভ এবং মাঘমাসের চতুর্দ্দশীতে স্নান করিলে মুক্তিলাভ হয়।২৭ এই ঋণমোচনক সরোবর এইরূপে নরগণকে বিবিধ কর্ম্ম বন্ধন ও ঋণত্রয় হইতে মুক্ত করিয়া থাকে।২৮ অশ্বক্রান্তের দক্ষিণে, কিঞ্চিৎ আগ্নেয় কোণবিভাগে দ্বাদশধনুঃ প্রমাণ অশ্বক্রান্ত নামক সরোবর ২৯ কল্কিরূপী জনার্দ্দন, নাগলোক হইতে উত্থিত হইয়া সেই বিরজে স্নান করিয়া অশ্বতীর্থ

উত্তরে মার্গস্থ তত্র অর্ঘ্যং বাপি সমাহরেৎ কলাধিকে।
গৃহাণার্ঘ্যং সক্ষীরঞ্চ মুক্তিং তত্র ভজাম্যহং।৩১
অক্রমেণ সম্ভূতপাপবিচ্যুতিকারক।
অযুতৈকনিদানায় অশ্বক্রান্তায় তে নমঃ॥৩২
ইতঃনেন তু মন্ত্রেণ স্নাতা যজ্ঞফলং লভেৎ।
অশ্বমেধাধিকং পুণ্যং মৌষল স্নানমাত্রতঃ॥৩৩
বিধিঞ্চ স্নানমাত্রেণ রাজসূয়ফলং লভেৎ।
দানমক্ষয়তাং যাতি পিতৃণাস্তর্পণস্তথা।
বিশখেস্থো যদা ভানুঃ কৃত্তিকাসু চ পুর্ণিমা।
স যোগঃ পদ্মকো নাম অশ্বক্রান্তে সুদুর্লভঃ।
অশ্বক্রান্তাদ্দেবতীর্থে ততঃ পৈতামহে শুভে।
স্নানং যেঽত্র করিষ্যন্তি তেষাং লোকা মহোদয়াঃ ৩৪।৩৬

করিয়াছিলেন ৩০ তথায় মার্গের উত্তরে অর্ঘ্য সমাহরণ পূর্ব্বক গন্ধতোয় ও ক্ষীরদ্বারা এই মন্ত্রদ্বারা মন্ত্রপূর্ব্বক পূজা কর্ত্তব্য ৩১ "ব্রাহ্মণা সেবিতে পুণ্যে বারাণস্যাঃ কলাধিকে। গৃহ্ণার্ঘ্য সক্ষীরঞ্চ তত্র মুক্তিং ভজাম্যহং। অশ্বক্রমেণ সম্ভূত পাপবিচ্যুতিকারক অযুতৈকনিদানায় অশ্বক্রান্তায় তে নমঃ।"৩২ এই মন্ত্রদ্বারা স্নান করিলে যজ্ঞফললাভ হয়। মৌষলতীর্থে স্নানমাত্রেই অশ্বমেধের অধিক ফললাভ এবং বিধিবৎ স্নান করিলে রাজসূয়যজ্ঞের ফললাভ হইয়া থাকে, ৩৩ এবং পিতৃ তর্পণ ও স্নান করিলে তাহা অক্ষয় হয়, দিনকর বিশাখানক্ষত্রস্থিত হইলে এবং কৃত্তিকায় পূর্ণিমা যোগ হইলে তাহাকে পদ্মকযোগ কহে, অশ্বক্রান্তে এই যোগ অত্যন্ত দুর্লভ। অশ্বক্রান্তের অন্তর্গত দেবতীর্থ, তদনন্তর শুভদায়ক পৈতামহ

ন স্পৃহা তেষু পুণ্যস্য কৃতস্যাপৎকৃতস্য চ।
করিষ্যন্তি মহেশানি সত্যমেতদ্ধুদাহৃতম্।
তীর্থানাং পরমং তীর্থং লোকেঽস্মিন্ ত্রিষু পঠ্যতে।
কার্ত্তিকী তু বিশেষতঃ পুণ্যপাপহরা পরা।
মন্ত্রৈর্দানৈস্তপোভিশ্চ যৎ কৃত্যং জায়তে দ্বিজৈঃ।
যদা তু স্নানমাত্রেণ শুভৈরপি সুভাবিতৈঃ।
দর্শনাৎ সুবিনিষ্ক্রান্তঃ মহাপাতকিনঃ প্রিয়ে।
উপপাতকসংসর্গাঃ স্বয়ং যান্তি মুমুক্ষয়ে।৩৭।৪০
তত্রোপবাসী যক্ষস্য পুণ্ডরীকস্য যৎ ফলং।
তৎ প্রাপ্নোতি নরঃ ক্ষিপ্রমনায়াসে চ শঙ্করি॥৪১
মাঘে স্নাত্বা তিলান্ যস্তু প্রযচ্ছতি চ নদ্দিজে।
যথাশক্ত্যা চ ভক্ত্যা চ স বিভোভুনে বসেৎ।৪২

তীর্থ, যাহারা এই তীর্থে স্নান করে তাহাদের মহৎলোক লাভ হয়।৩৪।৩৬ হে মহেশানি! সুজনগণ কহিয়া থাকেন, যে তথায় পুণ্যাপুণ্যের স্পৃহা কর্ত্তব্য নয়। এই তীর্থ সকল ত্রিলোকমধ্যে পরমোৎকৃষ্ট পাপপুণ্যহারিণী কার্ত্তিকী তীর্থ বিশেষরূপে শ্রেষ্ঠতমা জানিবে, তথায় মন্ত্র দান ও তপস্যা দ্বারা সুকৃতিলাভ এবং স্নানমাত্র মঙ্গলকর পুণ্যলাভ হয় এবং তাহা দর্শন করিলে মহাপাতকী পাপ হইতে পরিত্রাণ পায়। হে প্রিয়ে! শঙ্করি! উপপাতিকগণ, তথায় গমন করিলে মুক্তিলাভ করে।৩৭।৪০ উপবাসী পুণ্ডরীক যক্ষ যে ফললাভ করিয়াছিল, তথায় উপবাস করিলে অনায়াসে সেই ফললাভ করিতে পারে ৪১ যে মানব তথায় মাঘমাসে স্নান করিয়া সদ্বিপ্রগণকে ভক্তিপূর্ব্বক যথাশক্তি তিলদান করে সে ত্রিভুবনে বাসকরিয়া

তত্রোপবাসং স্নানঞ্চ তদ্বৈ গব্যাশনস্তথা।
যঃ করোতি নরঃ সোঽপি মৃতে স্বর্গমবাপ্নুয়াৎ ॥৪৩
বসন্তি তৎসমীপস্থা যে চ তৎ নরজাতয়ঃ।
তেঽপি তসানুভাবেন স্বর্গং যান্তি ন সংশয়ঃ ॥৪৪
যে যচ্ছন্তি দ্বিজঽপার্থং পূজনং ব্রহ্মশান্তিঃ।
তে মৃতাসণমারূঢ়াঃ পদ্মাসনচতুর্ভুজাঃ।
ব্রহ্মণা সহ সাযুজ্যং প্রাপ্নুবন্তপুনর্ভবং ॥৪৫
প্রায়োপবেশং যে তত্র প্রকুর্ব্বন্তি নরোত্তমাঃ।
তে হংসযানেন নরা দিবং যান্ত্যকুতোভয়াঃ ॥৪৬
নৃত্যন্তি পিতরস্তেষাং তুষ্টাশ্চৈব পিতামহাঃ।
লভন্তে তর্পণাত্তৃপ্তিং পিতুর্দ্দানাৎ ত্রিপিষ্টপং ॥৪৭
স্পৃষ্টা তু পাপিন স্তত্র মুচ্যতে ভববন্ধনাৎ।

থাকে।৪২ যে নর তথায় উপবাস স্নান ও গব্যাশন করে সে পরলোকে স্বর্গপ্রাপ্ত হয়।৪৩ তাহার সমীপে যে যে নরজাতি বাস করে, সেই তীর্থের প্রভাবে তাহারা পাপিগণের অগম্য পুণ্যবানদিগের অভীপ্সিত স্বর্গভূমি লাভ করে, সন্দেহ নাই।৪৪ যে নর ব্রহ্মশান্তিতে দ্বিজগণের অর্থ দান করে এবং তথায় পূজা করে, সে অন্তকালে পদ্মাসনে আরোহণ পূর্ব্বক চতুর্ভুজ হইয়া ব্রহ্মের সহিত সাযুজ্য প্রাপ্ত হয়, আর তাহাকে জন্মগ্রহণ করিতে হয় না।৪৫ যে নরোত্তমগণ তথায় প্রায়োপনিবেশ করে, সে হংসজানে আরোহণ করিয়া অকুতোভয়ে স্বর্গেগমন করে।৪৬ তাহার পিতৃপিতামহ-গণ তুষ্ট হইয়া হর্ষভরে নৃত্য করিতে থাকেন। তথায় তর্পণ করিলে পিতৃগণ পরিতুষ্ট এবং দান করিলে স্বর্গগামী হয়েন।৪৭ পাপিগণ সেই

অস্যগ্রাহণদ্ব্রহ্মণঃ ভবত্যনুচারঃ সদা ॥৪৮
অশ্বক্রান্ত মনুপ্রাপ্য ন স্নানেন মনঃ ক্বচিৎ।
ভুক্তে বা যদি বাঽভুক্তে দিবা বা যদি বা নিশি।
তত্তীর্থং সর্ব্বতীর্থানং স এব প্রবরং মতঃ।
পাপঘ্নং পুণ্যজননং প্রাণিনাংপরিকীর্ত্তিতং।৪৯।৫০
যে তুনর্ভবিতাত্মান স্তত্র স্নাত্বা জনার্দ্দনং।
পূজয়ন্তি যথাশক্ত্যা তে প্রয়ান্তি ত্রিপিষ্টপং ॥৫১
ব্রহ্মা বিষ্ণু স্তথা রুদ্রো নিত্যং সন্নিহিতা স্ত্রয়ঃ।
অশ্বতীর্থে মহেশানি নান্যৎ পুণ্যতমং ভুবি ॥৫২
বিরজনামঅমলতোয়ং ত্রিষু লোকেষু বিশ্রুতং।
ব্রহ্মলোকস্য যৎ স্থানং ধন্যাঃ পশ্যন্তি তীর্থকং ॥৫৩
যস্তু বর্ষশতং সাগ্ন্যং অগ্নিহোত্রমুপাসতে।

স্থান স্পর্শ করিলে ভববন্ধন হইতে মুক্ত হয়। তথায় দান করিলে ব্রহ্মার অনুচর হইয়া থাকে।৪৮ দিবায় বা নিশাতে ভুক্ত বা অভুক্ত থাকিয়া অশ্বক্রান্তে স্নান করিলে মন নির্ম্মল হয়, সুতরাং জ্ঞান প্রাপ্ত হইয়া মোক্ষ লাভ করে। সেই তীর্থ সকল তীর্থ অপেক্ষা পাপঘ্ন, পুণ্যজনক ও শ্রেষ্ঠ।৪৯।৫০ যে সকল মানব সংযত হইয়া তথায় স্নানান্তে জনার্দ্দনের পূজা করে সে স্বর্গপ্রাপ্ত হয়।৫১ এবং ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর নিয়তই তাহার সন্নিহিত থাকেন। হে মহেশানি! অশ্বতীর্থ অপেক্ষা পুণ্যতম তীর্থ ভূতলে আর নাই।৫২ বিরজনামক অমল তীর্থ তিন লোক বিখ্যাত। তথায় গমন করিলে ব্রহ্মলোকের স্থান সকল প্রাপ্ত হয়।৫৩ একশত বৎসর সাগ্নিক হইয়া অগ্নিহোত্রের অনুষ্ঠান করিলে যে ফল হয়,

কার্ত্তিকীং বামদেশেকাং তীর্থ সমমেব তৎ ॥৫৪
সর্ব্বযজ্ঞফলং তুল্যং সর্ব্বতীর্থফলপ্রদং।
অন্যেষাঞ্চৈব বেদানাং সমাপ্তিস্তেন বৈ কৃতা ॥৫৫
যেষাং অশ্বক্রান্তে চ সন্ধ্যাচ সমুপাসিতা।
সপত্নীবস্তদণ্ডেন অশ্বক্রান্তজলেন তু।
ভৃঙ্গারেণ করঙ্গেণ মৃণ্ময়েণাপি শঙ্করি।
আনীয় তৎ জলং পুণ্যং সন্ধ্যোপান্তে বিচক্ষণৈঃ।
সমাধিনা সমাধেয়া স প্রাণায়ামপূর্ব্বকা।
তস্যাং কৃতায়াং যৎ পুণ্যং তৎ শৃণুষ বরাননে ॥৫৬।৫৮
তেন দ্বাদশ বর্ষাণি ভবেৎ সন্ধ্যা সুবন্দিতা।
অশ্বমেধ ফলং স্নানে পানে দশগুণন্তথা।
উপবাসে হ্যনন্তঞ্চ প্রাপ্নোতি সুমহৎ ফলং।
তীর্থান্তরে গবাং কোটিং বিধিবদ্ যঃ প্রযচ্ছতি।

কার্ত্তিকী পূর্ণিমায় সেই তীর্থে বাস করিলে তাহার সমান ফল হয় ৫৪ এবং সেই ব্যক্তি সর্ব্বযজ্ঞের সর্ব্বতীর্থের, এবং সর্ব্ববেদপাঠ সমাপনের ফল প্রাপ্ত হয় সন্দেহ নাই।৫৫ যে ব্যক্তি অশ্বক্রান্তে গমন করিয়া সন্ধ্যোপাসনা করে, অথবা যে ব্যক্তি ভৃঙ্গার, করঙ্গ বা মৃণ্ময়পাত্র দ্বারা তথা হইতে জল আনয়ন পূর্ব্বক সমাধি দ্বারা প্রাণায়াম পূর্ব্বক সন্ধ্যোপাসনা করে তাহার ফল শ্রবণ কর ॥৫৬,৫৮ হে বরাননে! তদ্দ্বারা দ্বাদশবর্ষ সন্ধ্যোপাসনার ফল লাভ হয়! তাহাতে স্নান ও তাহার জল পান করিলে দশ গুণ ফল লাভ এবং তথায় উপবাস করিলে সুমহৎ অনন্ত ফল লাভ হয়। তীর্থান্তরে গোকোটি দান করিলে যে ফল হয়, সেই তীর্থে একাহ বাস

কাহং যোবসেতীর্থে স সর্ব্বং তৎফলং লভেৎ ।৫৯ ৬০
অর্দ্ধপাদপ্রমাণেব যস্তু স্বর্ণং প্রযচ্ছতি।
স্বর্ণমানফলং তস্মৈ তস্মাদ্দত্ত্বামতঃপরম্ ॥৬১
চন্দ্রশৈলং স্পৃহা ধারা জাহ্নবী সা প্রকীর্ত্তিতা।
অশ্বতীর্থ স্পৃশা ধারা মজ্জনেত্যভিধীয়তে ॥৬২
ইন্দ্রশৈলাস্পৃশা ধারা সা বিধেয়া সরস্বতী ॥৬৩
অশ্বক্রান্তে সঙ্গমস্তু বর্ষাসু চ প্রদৃশ্যতে।
প্রয়ান্তং তদ্বিজানীয়াৎ কার্ত্তিকেষু বিশেষতঃ ।৬৪
যস্তত্র মুণ্ডনং কুর্য্যাৎ প্রয়াগে মুণ্ডনং ফলং।
অদ্যাপি দৃশ্যতে দেবি গয়াকুণ্ডে দ্বিধারকং ॥৬৫
ইহ লোকে দরিদ্রো যো ভ্রষ্টরাজ্যোঽথবা পুনঃ।
অশ্বক্রান্তে জলে গত্বা মনু বৈষ্ণবকং জপেৎ।
কৃত্বা পূজোপহারঞ্চ দেবানাং পিতৃতর্পণং ॥৬৬
কৃত্বা পিণ্ডপ্রদানন্তু সোঽচিরাজ্জন্মবর্জ্জিতঃ।
পীকচক্রোভবেদ্রাজা সত্যমেতন্ন সংশয়ঃ ॥৬৭

করিলে সেই ফল লাভ হইয়া থাকে।৫৯,৬০ তথায় অর্দ্ধপদ স্বর্ণদান করিলে পূর্ণপাদ স্বর্ণদানের ফল প্রাপ্ত হয়।৬১ যে ধারা চন্দ্রশৈল স্পর্শ করে, তাহাকে সরস্বতী কহে ৬৩ বর্ষাকালে বিশেষতঃ কার্ত্তিকে অশ্বক্রান্তে সঙ্গম দৃষ্ট হয়; তাহাকে প্রয়ান্ত কহে।৬৪ যে মানব তথায় মুণ্ডন করে। তাহার প্রয়াগ মুণ্ডনের তুল্য ফল লাভ হয়। হে দেবি! অদ্যাবধি গয়াকুণ্ডে দ্বিধারা দৃষ্ট হয়।৬৫ যে নরগণ ইহলোকে দরিদ্র বা রাজ্যভ্রষ্ট হয়, তাহারা অশ্বক্রান্তজলে গমন পূর্ব্বক বৈষ্ণবমন্ত্র জপ করিয়া ৬৬ পূজা,

ইহ জন্মনি সৌভাগ্য ধনং ধান্যং বরস্ত্রিয়ঃ ।
ভবন্তি বিবিধাস্তস্য যৈর্যাত্রা কার্ত্তিকে কৃতা ।৬৮
ইদং যাত্রাবিধানে যঃ কুরুতে কারয়েৎ ত্বয়া ।
শৃণোতি বা স পাপৈস্তু সর্ব্বৈরেব প্রমুচ্যতে ॥৬৯
অগস্ত্যাগমনং যেন কৃতং যান্তীহ মানবাঃ ।
ব্রহ্মক্রিয়াপ্রলাভেন বহুবর্ষশতেন চ ।
যাত্রাং চৈত্রীং তথা কুর্য্যাদ্দেবসংস্কার মাপ্নুয়াৎ ॥৭০
কামস্যং বহুনোক্তেন ন তদস্তীতি ভাবিনি ।
প্রাপ্যং সংপ্রাপ্যতে তেন মাপং বা যন্ন পশ্যতি ।
সর্ব্বযজ্ঞফলাং তুল্যং সর্ব্বতীর্থফলপ্রদং ।
সর্ব্বষাঞ্চৈব দেবানাং সমষ্টি স্তেন বৈ কৃতা ।
যৈর্গত্বা অশ্বতীর্থে তু স্নাত্বা সকৃদ্ যথাবিধি ।

উপহার ও দেবতার্পণ, পিতৃতর্পণ ও পিণ্ড দান করিলে, চক্রবর্ত্তী রাজা হয়, তাহাতে সন্দেহ নাই ।৬৭ যাহারা কার্ত্তিকে যাত্রা করে তাহারা ইহজন্মে সৌভাগ্য, ধন ধান্য ও দিব্যাঙ্গনা প্রাপ্ত হয় ।৬৮ এই যাত্রাবিধানে যে কিছু কার্য্য করা যায়, বা করান যায় বা শ্রবণ করা যায়, তাহাতেই সর্ব্ববিধ পাপ হইতে মুক্তি লাভ হইয়া থাকে ।৬৯ হে মানব তথায় অগস্ত্যগমন যাত্রা করে, সে বহুশতবর্ষ ব্রহ্মক্রিয়ানুষ্ঠানের ফল প্রাপ্ত হয়। সেই স্থানে চৈত্রীযাত্রা করিলে দেবসংস্কার প্রাপ্ত হয় ।৭০ হে ভাবিনি! বহুবাক্য ব্যয়ে কি ফল, যাহা কিছু প্রাপ্যবিষয়ক থাকে, তৎসমস্তই প্রাপ্ত হওয়া যায় এবং পাপের দর্শন পর্য্যন্তও হয় না। ইহাতে সর্ব্বযজ্ঞফল, সর্ব্বতীর্থফল সর্ব্বদেবপূজনফল প্রাপ্ত হওয়া যায়। যে মানব অশ্বতীর্থে

পুত্রিণ্যা বৈ দুহিত্রা বন্ধুভিঃ সহিতাঃ কুলে।
শিখরিণীঞ্চ প্রদাতৃণাং যুবতীনাং ন সংশয়ঃ!
মোদতে তৎ তস্য তু বৈ সর্ব্বাঙ্গং পরিপূরিতং।৭১-৭৫
কাশীবাসং যুগান্যষ্টৌ দিনৈকং পুরুষোত্তমে।
তদেব কোটিগুণিতং বিরাজামুখদর্শনে॥
তৎসদৃশং গুণং বিন্দ্যাদশ্বতীর্থে ক্ষণে ক্ষণে।।৭৬
তদ্দর্শনেন হি বিরাজতে রাজসূয়ঃ
স্নানং জলে দশগুণং তব বাজপেয়াৎ।
গণ্ডূষমাত্র মপি চার্হতি চাশ্বমেধঃ।
সর্ব্বক্রতোরধিকমপ্যধিকং ভবান্তঃ।৭৭

ইতি যোগিনীতন্ত্রে কামরূপাধিকারে দ্বাবিংশতিসাহস্রে
উপরিতমে দ্বিতীয়ভাগে তৃতীয় পটলঃ।

গমন করিয়া বিধিক্রমে স্নান করে, সে পুত্রকন্যাগণে ও বহুধনে বর্দ্ধিত হইয়া কুলে বাস করে সন্দেহ নাই।৭১।৭৫ অষ্ট যুগ কাশীবাস ও একদিন পুরুষোত্তমবাসে যে ফল হয়, বিরাজমুখ দর্শন করিলে তাহার কোটিগুণ ফল লাভ হইয়া থাকে। অশ্বতীর্থে ক্ষণে ক্ষণে তৎসদৃশ ফল প্রাপ্ত হয়।৭৬ অশ্বতীর্থের দর্শনে রাজসূয় যজ্ঞের ফল, তথায় স্নান করিলে বাজপেয় যজ্ঞের দশগুণ এবং গণ্ডূষমাত্র পান করিলে অশ্বমেধ ফল এবং সর্ব্বযজ্ঞের অধিক ফল প্রাপ্ত হইয়া ভববন্ধন হইতে মুক্ত লাভ করে।৭৭

ইতি যোগিনীতন্ত্রে কামরূপপীঠাধিকারে দ্বিতীয়ভাগে তৃতীয় পটল।

চতুর্থ পটলঃ।

শ্রীদেব্যুবাচ।

যদি প্রসন্নোমে নাথ বরার্হা যদি বা তব।
তমেকং মে বদ বিভো কস্মিন্ স্থানে ভবনামিতঃ ॥১
কেষু কেষু চ হোমেষু ত্বাং পশ্যন্তি সদা দ্বিজাঃ।
নাম্না চ কতমং স্থানং শোভতে ধরণীতলে ॥২

শ্রীভগবানুবাচ।

পুষ্করেঽহং সুরেশানো গয়ায়াং বৈ সুশর্ম্মদঃ।
কান্যকুব্জে বেদগর্ভো ভৃগুকক্ষে পিতামহঃ ॥৩
কৌবের্য্যাং সৃষ্টিকর্ত্তা চ নন্দিপূর্য্যাং বৃহস্পতিঃ।
প্রভাসে পদ্মজন্মা স্বর্গানদ্যাং সুরপ্রিয়ঃ ॥৪

দেবী কহিলেন, হে নাথ! যদি আমার প্রতি আপনি প্রসন্ন হইয়া থাকেন এবং আমি যদি আপনার বরার্হ ও বল্লভা হই, তবে হে বিভো! আপনার কোথায় কি নাম তাহা কীর্ত্তন করুন।১ কোন কোন স্থানে দ্বিজগণ আপনারে দর্শন করেন, আপনি কোন কোন নামে কোন স্থানে অবস্থান করিয়া তথায় ধরণীতলের শোভা সম্পাদন করেন, তাহা কীর্ত্তন করিয়া আমার কৌতূহল চরিতার্থ করুন।২

ভগবান্ কহিলেন, আমি পুষ্কর তীর্থে সুরেশান, গয়ার সুশর্ম্মদ, কান্য-কুব্জে বেদগর্ভ, ভৃগুকচ্ছে পিতামহ ৩ কৌবেরীতে সৃষ্টিকর্ত্তা। নন্দিপুরীতে বৃহস্পতি, প্রভাসে পদ্মজন্মা, স্বর্গনদীতে সুরপ্রিয়া ৪ দ্বারাবতীতে বাগ্দেব

দ্বারাবত্যাস্তু বাগ্‌দেবো নাটকে নাটকেশ্বরঃ।
নীলাচলে চ কামেশঃ পিঙ্গলো হস্তিপর্ব্বতে ॥৫
কুশাবর্ত্তে তু বিজয়ো জয়ন্তঃ পুষ্করাচলে।
ভস্মাচলে ভয়ানন্দশ্চন্দ্রকূটে চ মাধবঃ ॥৬
অন্তর্গৃহে পদ্মহস্তো মঙ্গলায়াঞ্চ ত্র্যম্বকঃ।
ভদ্রপীঠে চ দিব্যেশো অশ্বক্রান্তে জনার্দ্দনঃ ॥৭
অহিচ্ছত্রে তুল্যানন্দঃ শ্রীশৈলে তু জগৎ প্রিয়ঃ।
পদ্মপাণিঃ কুশহস্ত মানশৈলে মুনীশ্বরঃ ॥৮
শ্রীকণ্ঠে শ্রীনিবাসশ্চ শ্রূয়তাং প্রাণবল্লভে।
কন্যাশ্রমে ভবেদ্রুদ্রো মৈনাকে বিশ্বনাদকঃ ॥৯
একাম্রে চৈব নাগেশো বিরজায়াং মহেশ্বরঃ।
মূলিকাখ্যে তথা বিষ্ণুর্মহেন্দ্রে ভার্গবস্তথা ॥১০
কৌশিক্যাস্তু তথা বোধিরযোধ্যায়াস্তু ভার্গবঃ।
মণিকূটে হয়গ্রীবো বরাহো বিন্দুপর্ব্বতে ॥১১
জটাধরস্তু গোদন্তে গোমন্তে জাঙ্গলেশ্বরঃ।

নাটকে নাটকেশ্বর, নীলাচলে কামেশ, হস্তি পর্ব্বতে পিঙ্গল।৫ কুশাবর্ত্তে বিজয়, পুষ্করাচলে জয়ন্ত; ভস্মাচলে ভয়ানন্দ, চন্দ্রকুটে মাধব, অন্তগৃহে পদ্মহস্ত, মঙ্গলায় ত্র্যম্বক, ভদ্রপীঠে দিব্যেশ, অশ্বক্রান্তেঃ জনার্দ্দন।৭ অহিচ্ছত্রে তুল্যানন্দ, শ্রীশৈলে জগৎপ্রিয়, কুশহস্তে পদ্মপাণি, মানশৈলে মুনীশ্বর।৮ শ্রীকণ্ঠে শ্রীনিবাস, কন্যাশ্রমে রুদ্র, মৈনাকে বিশ্বনাদক।৯ একাম্রে নাগেশ, বিরজায় মহেশ্বর, মুলিকাখ্যে বিষ্ণু, মহেন্দ্রে ভার্গব।১০ কৌশিকীতে বোধি. অযোধ্যায় ভার্গব, মণিকুটে হয়গ্রীব, বিন্দুপর্ব্বতে বরাহ।১১ গোদন্তে জটাধর, গোমন্তে জাঙ্গলেশ্বর,

পরমেষ্ঠী ব্রহ্মপুত্রে বিশ্বশৈলে তু গহ্বরঃ ॥১২
চিত্রশৈলে তু চিত্রেশো দেবিকায়াঞ্চতুর্ভুজঃ।
বৃন্দাবনে পদ্মপাণিঃ কুশহস্তস্ত নৈমিষে ॥১৩
মন্দরে চ মহাবোধির্গোপীন্দ্রো হনুপর্ব্বতে।
ভাগীরথ্যাং পদ্মগর্ভং কাম্পিল্লে কনকাপ্রিয়ঃ ॥১৪
করণে চৈব কামীরঃ কাপোতেহব্যবাহনঃ।
বশিষ্ঠশ্চার্ব্বুদে চৈব শ্বেতনদ্যাং মনোভবঃ ॥১৫
ধবলয়োঃ পিনাকী চ পিচ্ছিলায়াং ত্রিবিক্রমঃ।
যজ্ঞগর্ভস্ত আগস্ত্যে উর্ব্বশ্যাং মধুসূদনঃ ॥১৬
রুক্মিণীশে হরিশ্চৈব পৈত্রিকে তু রুচিস্তথা।
বাসনশ্চ গোমন্তে চ কাশ্যাং বিশ্বেশ্বরাহ্বয়ঃ ॥১৭
প্রজাপতিঃ প্রয়াগে চ বিদর্ভায়াং দ্বিজপ্রিয়ঃ।
গঙ্গাধরে মন্ত্রপীঠে মাতঙ্গে চৈব ত্র্যম্বকঃ ॥১৮
ত্রিপুরারিনন্দশৈলে পাণ্ডুশৈলে ত্রিলোচনঃ।

ব্রহ্মপুত্রে পরমেষ্টি, বিশ্বশৈলে গহ্বর।১২ চিত্তশৈলে চিত্রেশ, দেবিকায় চতুর্ভুজ, বৃন্দাবনে পদ্মপাণি, নৈমিষে কুশহস্ত।১৩ মন্দরে মহাবোধি, হনুপর্ব্বতে গোপীন্দ্র, ভাগীরথীতে পদ্মগর্ভ, কাম্পিল্লে কনকাপ্রিয়ে।১৪ করণে কামীর, কপোতে হব্যবাহন, অর্ব্বুদে বশিষ্ঠ, শ্বেতনদীতে মনোভব।১৫ ধবলায় পিনাকী, পিচ্ছিলায় ত্রিবিক্রম, আগস্ত্যে যজ্ঞগর্ভ, উর্ব্বশীতে মধুসূদন।১৬ রুক্মিণীশে হরি, পৈত্রিকে রুচি, গোমন্তে বাসন, কাশীতে বিশ্বেশ্বর।১৭ প্রয়াগে প্রজাপতি, বিদর্ভায় দ্বিজপ্রিয়, মন্ত্রপীঠে গঙ্গাধর, মাতঙ্গে ত্র্যম্বক।১৮ নন্দশৈলে ত্রিপুরারি, পাণ্ডুশৈলে

গঙ্গাহ্রদে ত্রিলোকেশো ভিত্তিপূর্য্যাং দিবাকরঃ ॥১৯
যমটে মিঙ্গিলানাখো দারুশৃঙ্গে কলানিধঃ।
দারুবনে মহালিঙ্গ অশোকেতু বিনাশকঃ ২০
হরিসেনশ্চ ল্লুকায়াং পর্ণাটে তু অনন্তকঃ।
মার্কণ্ডেয়োবটে চৈব ইক্ষুদ্বারে দিবাকরঃ ॥২১
গোকর্ণে চ বিকর্ণাখ্যো মন্দারে মধুসূদনঃ।
অষ্টোত্তরশতং স্থানং ময়া তে পরিকীর্ত্তিতম্ ॥২২
যত্র বৈ মম সান্নিধ্যং নিত্যন্তু তব সুব্রতে।
এতেষামপি যস্ত্বেকং পশ্যেৎ স ভক্তিমান্নরঃ।
স্নানং বিরজঃ সংলব্ধা মোদন্তে শাশ্বতী সমাঃ ॥২৩
মানসং বাচিকঞ্চৈব কায়িকং যচ্চ দুষ্কৃতং।
তৎ সর্ব্বং বৈ শমং যাতি নাত্র কার্য্যা বিচারণা ॥২৪

ত্রিলোচন গঙ্গাহ্রদে ত্রিলোকেশ ভিত্তিপুরীতে দিবাকর।১৯ যমটে মিঙ্গিলানাথ, দারুশৃঙ্গে কলানিধি, দারুবনে মহালিঙ্গ, অশোকে বিনাশক।২০ চুল্লুকায় হরিসেন, পর্ণাটে অনন্ত, বটে মার্কণ্ডেয়, ইক্ষুদ্বারে দিবাকর।২১ গোকর্ণে বিকর্ণ, মন্দারে মধুসূদন। এই আমি তোমাকে অষ্টোত্তর শতস্থান কহিলাম।২২ এই সকল স্থানে আমার তোমার নিত্য সান্নিধ্য আছে। হে সুব্রতে! নরগণ ভক্তিমান্ হইয়া যদি ইহার একটিও দর্শন করে অথবা একটিতেও স্নান করে, তবে সে বিরজঃভবন প্রাপ্ত হইয়া নিত্যকাল নিত্যসুখে অবস্থিত করে সন্দেহ নাই।২৩ এবং মানসিক, বাচিক ও কায়িক যাহাকিছু দুষ্কৃত, তৎসমস্তই প্রশমিত হয়। যাহা, তাহাতে বিচারণার বিষয় কিছুই

যানি তানি চ সর্ব্বাণি গত্বা মাং পশ্যতে নরঃ।
ভবতে মোক্ষমার্থী চ যত্রাহং তত্র সংস্থিতা ॥২৫
পুষ্পোপহারৈর্ধূপৈশ্চ ব্রাহ্মণানাঞ্চ তর্পণৈঃ।
ধ্যানেন চ স্থিরেণাশু প্রাপ্স্যতে পরমেশ্বরি ॥২৬
অশ্বক্রান্ত স্যোত্তরতঃ ঋণমোচনপশ্চিমে।
দ্বাবিংশতিধনুর্ম্মাণং ক্ষেত্রং পরমদুর্ল্লভম্ ॥২৭
ক্ষেত্রং দ্বিপঞ্চকং নাম সর্ব্বদেবনমস্কৃতম্।
পূজয়িত্বা তত্র-রুদ্রং জ্যোতিষ্টোমফলং লভেৎ ॥২৮
ষণ্মা সান্নিয়তাহারে ব্রহ্মচর্য্যসমাহিতঃ।
উষিত্বা তত্র দেবেশি প্রাপ্স্যতি পরমং পদম্।
কৃতে যুগে পুষ্করাণি ত্রেতায়াং নৈমিষং মতম্।
দ্বাপরে তু কুরুক্ষেত্রং অশ্বতীর্থং কলৌ যুগে ॥২৯

নাই।২৪ নরগণ যে যে তীর্থে গমন করিয়া আমাকে দর্শন করে, সেই সেই তীর্থেই আমি সন্নিহিত থাকিয়া তাহাদিগকে মোক্ষ প্রদান করি।২৫ পুষ্প বলি, উপহার, ধূপদান ও ব্রাহ্মণ তৃপ্তি এবং অচলধ্যান দ্বারা আমাকে প্রাপ্ত হয়।২৬ হে পরমেশ্বরি! অশ্বক্রান্তের উত্তরে এবং ঋণমোচনের পশ্চিমে দ্বাবিংশতি ধনুঃ পরিমিত সর্ব্বদেবনমস্কৃত দ্বিপঞ্চক নামে এক পরম দুর্ল্লভ ক্ষেত্র আছে।২৭ তথায় রুদ্রদেবের পূজা করিলে জ্যোতিষ্টোমের ফললাভ হয়।২৮ হে দেবেশি! তথায় নিয়তাহার, ব্রহ্মচর্য্যাবলম্বন পূর্ব্বক ছয়মাস বাস করিলে পরমপদ প্রাপ্ত হয়। সত্যযুগে পুষ্কর, ত্রেতায় নৈমিষ, দ্বাপরে কুরুক্ষেত্র, কলিযুগে অশ্বতীর্থ শ্রেষ্ঠতম জানিবে।২৯ অতএব তাহার উত্তর তীরে

তস্মাত্তত্তুত্তরে তীরে সাধয়েন্মানসেপ্সিতং।
দ্বাপরে তু কুরুক্ষেত্রং তত্রদানেঽক্ষয়ং ফলম্ ॥৩০
দুষ্করং পঞ্চকে দানং পঞ্চকে সর্ব্বদুষ্করম্।
যদন্যত্র কৃতং পাপং তীর্থে যাতি চ লাঘবম্।
তত্তীর্থে কৃতেঽন্যত্র ক্বচিদন্যো ব্যপোহতি ॥৩১
দ্বাদশাহং দশাহম্বা মাসার্দ্ধং দশচৈব বা ॥৩২
ড়দ্রস্যার্দ্ধাসনগতা মেরুপৃষ্ঠে যশস্বিনী।
মহাদেবং ততোদেবী প্রণতা পরিপৃচ্ছতি ॥৩৩

শ্রীদেব্যুবাচ।

জন্মান্তরসহস্রেষু যৎ পাপং পূর্ব্বসঞ্চিতম্।
কথতং ক্ষময়াপ্নোতি তণ্মামাচক্ষয় শঙ্কর ॥৩৪

শ্রীভগবানুবাচ।

শৃণু দেবি প্রবক্ষ্যামি গুহ্যাদ্‌গুহ্যমনুত্তমম্।

মনোভিলাষ সাধন করিবে। দ্বাপরে কুরুক্ষেত্র শ্রেষ্ঠ তীর্থ, তথায় দান করিলে অক্ষয় ফললাভ হয়।৩০ পঞ্চক তীর্থে দান দুষ্কর, পঞ্চকে সকলি দুষ্কর জানিবে। অন্যস্থানে কৃতপাপ তীর্থে বিনষ্ট হয়, সেই তীর্থে পাপ করিলে, অন্যত্র কোথাও বিনষ্ট হয় না।৩১

অনন্তর যশস্বিনী পার্ব্বতী, দশাহ, দ্বাদশাহ মাসার্দ্ধ।৩২ ইত্যাদি-রূপে মেরুপৃষ্ঠে বাস করিতে করিতে রুদ্রের আসনার্দ্ধে উপবেশনপূর্ব্বক প্রণতা হইয়া মহাদেবকে জিজ্ঞাসা করিলেন।৩৩

দেবী কহিলেন, সহস্র জন্মান্তরে পূর্ব্বসঞ্চিত যে পাপ, তাহা কিরূপে ক্ষয় প্রাপ্ত হয়, হে শঙ্কর তাহা আমাকে বলুন।৩৪

সর্ব্বতীর্থেষু বিখ্যাতমশ্বক্রান্তমতঃপরম্ ॥৩৫
যস্যোত্তরে তু যৎ ক্ষেত্র ময়া যুক্তং বিযুক্তকম্।
এতদেব পরং জ্ঞানমেতদেব পরন্তপঃ ॥৩৬
এতদেব পরংব্রহ্ম এতদেব পরং পদম্।
তথা নারায়ণঃ শ্রেষ্ঠোদেবানাং পুরুষোত্তমঃ।
তথেশ্বরাণাং গিরিশঃ স্থানানামেতদুত্তমং ॥ ৩৭
দত্তং জপ্তং হুতং শেষ তপস্তপ্তং কৃতঞ্চ যৎ।
ধ্যান মধ্যয়নং জ্ঞানং সর্ব্বং ভবতি চাক্ষয়ম্ ॥৩৮
অশ্বক্রান্তে পরোযোগ অক্রান্তে পরা গতিঃ।
অশ্বক্রান্তে পরোমোক্ষস্তীর্থং নৈবাস্তি তাদৃশম্ ॥৩৯
মেরুমন্দর, তুল্যোঽপি রাশিঃ পাপস্য সর্ব্বশঃ।
অশ্বক্রান্তং সমাসাদ্য সর্ব্বোব্রজতি সংক্ষয়ম্ ॥ ৪০

ভগবান্ কহিলেন, হে দেবি! পরম গুহ্যতম বিষয় কহিতেছি শ্রবণ কর। দেবাভিলষিত অশ্বক্রান্ত তীর্থ সর্ব্বতীর্থ অপেক্ষা বিখ্যাত।৩৫ ইহার উত্তরে যে সকল ক্ষেত্র আছে, তাহা আমি তোমাকে কহিয়াছি। এই অশ্বক্রান্তই পরমজ্ঞান, ইহাই পরম তপস্যা।৩৬ ইহাই পরমব্রহ্ম ও ইহাই পরমপদ। যেমন দেবগণের মধ্যে পুরুষোত্তম নারায়ণ শ্রেষ্ঠ এবং ঈশ্বরগণের মধ্যে গিরিশ শ্রেষ্ঠ, সেইরূপ স্থান সকলের মধ্যে এই অশ্বক্রান্তই শ্রেষ্ঠ।৩৭ তথায় দান, জপ, হোম, তপ, ধ্যান অধ্যয়ন জ্ঞানাদি যাহা কিছু অনুষ্ঠিত হয়, সেই সমস্তই অক্ষয় হয়।৩৮ অশ্বক্রান্তে পরমযোগ, অশ্বক্রান্ত পরমাগতি, অশ্বক্রান্তে পরম মোক্ষপ্রাপ্ত হওয়া যায়, অতএব ইহার তুল্য তীর্থ আর নাই ৩৯ অশ্বক্রান্তে গমন করিলে মেরুমন্দরাচল

অশ্বক্রান্তস্থিতাঃস্পৃষ্টাঃ পাংশুভির্ব্বায়ুসেবিতৈঃ।
যদি দুষ্কৃতকর্ম্মাণা যাস্যন্তি পরমাং গতিম্ ॥৪১
ন সা গতি্য কুরুক্ষেত্রে গয়াদ্বারে চ পুষ্করে।
যা গতি র্ব্বিহিতা পুংসাং অশ্বক্রান্তনিবাসিনাম্ ॥৪২
ন দানৈর্ন-তপোভির্ন-যজ্ঞৈ-র্নাপি চ বিদ্যয়া।
প্রাপ্যতে গতিরুৎকৃষ্টা অশ্বতীর্থে স লভ্যতে ॥৪৩
সংসর্গাচ্চ ভবেন্মোক্ষ ইতররাসৎপরিগ্রহাৎ।
আগস্ত্যাদপি চাগ্ন্যাদি ইদমেব মহত্তরম্ ॥৪৪
ব্রহ্মহাপ্যতি যোগচ্ছেদশ্বক্রান্তং কদাচন।
অশ্বক্ষেত্রস্য মহাত্ম্যাৎ ব্রহ্মহত্যা নিবর্ত্ততে।
ন তস্য পুনরাবৃত্তিঃ কদাচিদপি দৃশ্যতে ॥৪৫
উত্তরং দক্ষিণং ব্যাপি অন্যদ্বারং বিচিন্তয়েৎ ॥৪৬

তুল্য পাপরাশি সমস্তই ক্ষয় প্রাপ্ত হয়।৪০ মানব যদি পরম পাতকীও হয়, তথাপি অশ্বক্রান্তে বায়ুচালিত পাংশুদ্বারা স্পৃষ্ট হইয়াও পরমাগতি প্রাপ্ত হইয়া থাকে সন্দেহ নাই।৪১ অশ্বক্রান্ত নিবাসিগণ যেরূপ গতি লাভ করে, কুরুক্ষেত্রে, গয়াদ্বারে ও পুষ্করতীর্থেও সেইরূপ গতি প্রাপ্ত হয় না।৪২ অশ্বতীর্থে যেরূপ উৎকৃষ্ট গতিলাভ হয়, দান, তপস্যা, যজ্ঞ, বিদ্যাদ্বারাও সেরূপ গতিলাভ হয় না।৪৩ অশ্বতীর্থের সংসর্গে মোক্ষলাভ, সৎপরিগ্রহে পবিত্র গতি, লাভ হইয়া থাকে। আগস্ত্যাদি তীর্থ হইতেও এই এই তীর্থ মহত্তর।৪৪ ব্রহ্মঘাতী নরও যদি অশ্বক্রান্তে যোগ করে, তবে সে তাহার মাহাত্ম্যবলে ব্রহ্মহত্যা পাপ হইতে নিষ্কৃতি লাভ করিতে সমর্থ হয় এবং তাহাদিগকে আর পুনর্জ্জন্ম গ্রহণ করিতে হয় না।৪৫ হে বরাননে! উত্তর বা দক্ষিণ অথবা অন্য যে

সর্ব্বোহপ্যস্য শুভঃ কালঃ অশ্বক্রান্তে বরাননে ।
মহাদানেন তল্লাভো যৎফলং লভতে নরঃ ॥৪৭
অশ্বতীর্থে তু কাকিন্যাং দত্তায়াং লভতেঽক্ষয়ম্ ।
একাহমুপবাসং যঃ করোতীহ মম প্রিয়ে ।
ফলং বর্ষসহস্রস্য লভতে মৎপরায়ণঃ ॥৪৮
তীর্থান্তরে গবাং কোটিং বিধিবদ্ য প্রযচ্ছতি ।
একাহঞ্চ বসেচ্চাত্র তয়োস্তুল্যং ফলং ভবেৎ ॥৪৯
প্রয়াগে মাঘমাসে তু সম্যক্ স্নানেন যৎ ফলং ।
তৎফলং কোটিগুণিতং অশ্বতীর্থে ক্ষণে ক্ষণে ॥৫০
ষষ্টিকোটিসহস্রাণি ষষ্টিকোটিশতানি চ ।
সেবনাচ্চৈ মধ্যাহ্নে অপরাহ্নে চ শঙ্করি ॥৫১
মেরুমন্দরতুল্যোহি রাশিঃ পাপস্য সর্ব্বশঃ ।
অশ্বক্রান্তং সমাসাদ্য সর্ব্বোব্রজতি সংক্ষয়ম্ ॥৫২

কোন দ্বারা ।৪৭ বা যে কোন কালে অশ্বক্রান্ত তীর্থ শুভকর হয়। অন্যতীর্থে নরগণ মহাদান দ্বারা যে ফল লাভ করে ৪৭ এই অশ্বতীর্থে কাকিনীমাত্র দান করিয়া সেইরূপ অক্ষয় ফললাভ করিতে পারে। হে প্রিয়ে! মৎপরায়ণ ব্যক্তি এইস্থানে একদিবস মাত্র উপবাস করিলে সহস্র বৎসর উপবাসের ফললাভ করিতে সমর্থ হয় ।৪৮ তীর্থান্তরে বিধিপূর্ব্বক কোটিসংখ্যক গোদান করিলে যে ফল হয়, অশ্বক্রান্তে একাহ উপবাস করিলে সেই ফললাভ হইতে পারে।৪৯ প্রয়াগে মাঘমাসে সম্যক্‌রূপে স্নান করিলে যে ফল হয়, অশ্বতীর্থে ক্ষণে ক্ষণে তাহার কোটি কোটি গুণফল লাভ হয়।৫০ হে শঙ্করি! মধ্যাহ্ন বা অপরাহ্নকালে অশ্বতীর্থ সেবা করিলে তীর্থান্তর সেবনে ষষ্টিকোটি সহস্র ও ষষ্টিকোটি

কীটাঃ পতঙ্গামশকাশ্চ বৃক্ষাজলেঃস্থলে যে বিচরন্তি জীবাঃ
মণ্ডুক মৎস্যাঃ ক্রমশোঽশ্বক্রান্তে ত্যক্ত্বা
শরীরং শিবমাপ্নুবন্তি ॥৫৩
যোবসেৎ পঞ্চকে নিত্যং স গচ্ছেৎ পরমাং গতিম্ ॥৫৪
সর্ব্বেষামেব লোকানাং ব্রহ্মলোকোপরিস্থিতঃ।
যদীচ্ছেৎ তৎপদং গন্তুং স বসেদত্র দুষ্করম্ ॥৫৫
যথা সুরাণাং সর্ব্বেষামাদিস্তু মধুসূদন ॥
তথৈব সর্ব্বক্ষেত্রাণাং মাদিঃ পঞ্চকমুচ্যতে ॥৫৬
অনুলোমবিলোমাভ্যাং তথা ব্যস্তসমস্তয়োঃ।
স্নাতব্যং পঞ্চকং যচ্চ অশ্বতীর্থে বরাননে ॥৫৭
তথৈবোত্তরমাক্রণাং তদেব ফল মশ্নুতে।
বিধিবদ্‌পুণ্যমানেষু সর্ব্বতীর্থেষু সৎফল ॥

শতগুণফল প্রাপ্ত হওয়া যায়।৫১ অশ্বাক্রান্ত তীর্থ সেবায় মেরুমন্দর তুল্য পাপরাশি সমস্তই সংক্ষয় প্রাপ্ত হয়।৫২ কীট, পতঙ্গ, মশক, বৃক্ষ এবং মৎস্য মণ্ডুকাদি যে যে জীব তথায় জলে বা স্থলে বিচরণ করে, তাহারা অশ্বতীর্থে দেহ বিসর্জ্জন করিয়া শিবত্ব প্রাপ্ত হয়।৫৩ যে ব্যক্তি পঞ্চক-তীর্থে নিত্য বাস করে, সে পরমাগতি প্রাপ্ত হয়।৫৪ সর্ব্বলোকের উপরিভাগে ব্রহ্মলোক অবস্থিত পঞ্চক নিবাসী জনগণ, অভিলাষ করিলে সেই ব্রহ্মপদ প্রাপ্ত হইতে পারে।৫৫ যেরূপ মধুসূদন সকল দেবতাগণের আদিম,সেইরূপ পঞ্চকতীর্থ সর্ব্বগণের আদি বলিয়া উক্ত হয়।৫৬হে বরাননে পঞ্চকতীর্থে ও অশ্বতীর্থে অনুলোম বিলোম ক্রমে অর্থাৎ একটি হইতে অপরটি এবং অপরটি হইতে প্রথমটি এইরূপে এবং ব্যস্তসমস্ত ক্রমে স্নান

পঞ্চকালোকনা দেব নরঃ প্রাপ্নোতি তৎফলম্ ॥৫৮
দশকোটি সহস্রাণি তীর্থানাং বৈ মহীতলে।
সান্নিধ্যে মশ্বতীর্থে চ মুক্তিদ্বারসমীপতঃ ॥৫৯
যাবত্তিষ্ঠন্তি গিরিয়ো যাবত্তিষ্ঠন্তি সাগরাঃ।
তাবৎ পঞ্চকমৃত্যুনাং ব্রহ্মলোকে মহীয়তে ॥৬০
জন্মান্তরসহস্রৈশ্চ আজন্ম মরণান্তিকং।
নির্দ্দহেৎ পাতকং সর্ব্বং সকৃৎ স্নাত্বা তু শঙ্করি ॥৬১
যোগাভ্যাসেন যস্তিষ্ঠেৎ সম্যধ বর্ষত্রয়ং নরঃ।
একেন জন্মনা মুক্তিযোগন্মোক্ষঞ্চ বিন্দতি ॥৬২
ঋণমোচনান্তং দেবেশি সমন্তাৎ পঞ্চকং স্মৃতং।
ব্রহ্মণঃ সদনং ভদ্রে প্রসহ্য মপি পর্ব্বতঃ ॥৬৩

করা বিধেয় ।৫৭ তাহার উত্তরারণ্য গমন করিয়া তত্তুল্য ফল প্রাপ্ত হয়। বিধিপূর্ব্বক গম্যমান সমস্ত তীর্থের যে ফল, এক পঞ্চক তীর্থ দর্শনেই নরগণ সেই ফললাভ করিতে পারে ৫৮ মহীতলে দশ কোটি সহস্র তীর্থস্থান আছে, অশ্বক্রান্ত তীর্থে মুক্তিদ্বার সমীপে তৎসমুদায়েরই সান্নিধ্য আছে।৫৯ যে পর্য্যন্ত অচলসকল ও সাগরসকল অবস্থিত আছে, তাবৎ পঞ্চকে মৃত মানবগণের ব্রহ্মলোক লাভ হইবে সন্দেহ নাই ।৬০ হে শঙ্করি! পঞ্চকতীর্থে একবার স্নান করিলে জন্মান্তরসহস্র ও জন্মাবধি মরণ পর্য্যন্ত যে পাপ সঞ্চিত হইয়াছে তৎসমুদাই ভস্মীভূত হইয়া যায়।৬১ যে মানব পঞ্চকতীর্থে তিন বৎসর যোগাভ্যাস করিয়া অবস্থান করে, তাহার যোগভ্যাস হেতু একজন্মেই মোক্ষলাভ হয়।৬২ হে দেবেশি! ঋণমোচনক তীর্থের চারিদিকে পঞ্চকতীর্থ অবস্থিত এবং তাহার সর্ব্বদিকেই ব্রহ্মসদন ৬৩। ঐ

যত্র স্নানং জপোহোম শ্রাদ্ধং দানাদিকং স্মৃতম্।
একৈকশো যেশানি পুনাতি সপ্তমং কুলম্ ॥৬৪
অশ্বতীর্থে সমক্ষে তৎকিঞ্চিৎ পশ্চিমগোচরে।
ধনুরষ্টপ্রমাণেন সিদ্ধকুণ্ডমিহোচ্যতে।৬৫
অত্র স্নাত্বোদকং পাত্বা মুচ্যতে সর্ব্বপাতকৈঃ।
ত্রিরাত্রো পাষিতেনাত্র একরাত্রোষিতেন বা ॥৬৬
দ্বিজাতিনান্তু কথিতং তীর্থানামিহ সেবনম্।
যস্য বায়ু বশী ভদ্রে হস্ত পাদৌ চ সংযতৌ।
অনুলেপ্য ব্রহ্মচারী তীর্থানাং ফলমাপ্নুয়াৎ।৬৭
সিদ্ধকুণ্ডং মহাভোগং দেবতাভিঃ সুসংস্কৃতম্।
পুনাহি সর্ব্বপাপেভ্যস্তীর্থবর্য্য নমোঽস্তু তে।৬৮
ইত্যনেন তু মন্ত্রেণ বৈশাখে কৃষ্ণপক্ষকে।
ত্রয়োদশ্যাং স্নানমাত্রে পুনাত্যুভয়তঃ কুলম্ ॥৬৯

স্থানে স্নান, জপ হোম, শ্রাদ্ধ ও দানাদি করিলে, তাহার এক একটীই সপ্তমকুলপর্য্যন্ত উদ্ধার করিয়া থাকে।৬৪ অশ্বতীর্থের সন্নিধানে কিঞ্চিৎ পশ্চিমদিকে অষ্টধনুঃপ্রমাণ সিদ্ধিকুণ্ড তথায় স্নান ও উদকপান করিলে, সর্ব্ববিধ পাতক হইতে মুক্ত হয়।৬৫ দ্বিজগণ ত্রিরাত্র বা একরাত্র উপবাস করিয়া এই সকল তীর্থের সেবা করিবে।৬৬ হে ভদ্রে! যাহার প্রাণ পবনবশীভূত এবং যাহার হস্তপদ সংযত এবং যে ব্যক্তি অনুলেপ্য অর্থাৎ তিলকাদিধারী ও ব্রহ্মচারি, সেই ব্যক্তিই তীর্থের ফল লাভ করিতে সমর্থ হয়।৬৭ সিদ্ধিকুণ্ডং মহাভোগং দেবতাভিঃ সুসংস্কৃতম্। পুনাহি সর্ব্ব-পাপেভ্য স্তীর্থবীর্য্য নমোঽস্তুতে।৬৮ এই মন্ত্র দ্বারা বৈশাখ মাসের

পশ্চিমে তস্য তীর্থস্য কিঞ্চিৎবায়ব্য গোচরে।
চতুঃষষ্টি ধনুর্ম্মাণং তীর্থং ব্রহ্মসরঃ স্মৃতম্ ॥৭০
তত্র স্নাত্বা পিতৃন্ ভক্ত্যা তর্পয়িত্বা যথাবিধি।
পাপকর্ত্তৃনপি পিতৃন্ তারয়েন্মাত্র নংশয় ॥৭১
স্নাত্বা যাতি দ্বিজঃ সম্যক্ ততঃ সংস্কারতাং ব্রজেৎ।
স্বয়ম্ভু ব্রহ্মাণা ঘট্টং ঈশ্বরঃ প্রিয়কাম্যয়া।
স্বরম্ভ ব্রহ্মণা স্নাত তস্মাৎ পাবয় পারতঃ ॥৭২
ইত্যনেন তু মন্ত্রেণ স্নানং কৃত্বা যথাবিধি ॥
মাঘমাসি চতুর্দ্দশ্যাং শুক্লপক্ষে বিশেষতঃ।
দত্বা দানঞ্চ বিধিবৎ ব্রহ্মলোকে মহীয়তে।৭৩।৭৪
ইন্দ্রকূটস্য কৌরবে শীধনুরতি প্রমাণতঃ।
রাম ক্ষেত্রং বিজানীয়াৎ তস্য কুণ্ডং কুলে প্রিয়ে ॥৭৫
বিল্লকুন্দপ্রমাণস্তু স্নাতার্ভ্যচ্চ পিতৃনপিঃ।
তীর্থেভ্যঃ পরমং তীর্থং রামতীর্থং বরাননে ॥৭৬

কৃষ্ণপক্ষের ত্রয়োদশীতে স্নানমাত্র করিলেই, উভয়কুলই পবিত্র করিয়া থাকে।৬৯ কিঞ্চিৎ বায়ুকোণে সেই তীর্থের পশ্চিমে চতুঃষষ্টি ধনুপরিমাণ ব্রহ্মসরোবর।৭০ তথায় স্নান করিলে এবং ভক্তিপূর্ব্বক যথাবিধি পিতৃগণের তর্পণ করিলে, পাপকারি পিতৃগণেরও সদ্গতি লাভ হয়, তাহাতে সংশয় নাই।৭১ স্নাত্বা যত দ্বিজঃ সম্যক্ ততঃ সংস্কারতাং ব্রজেৎ। স্বয়ম্ভু ব্রহ্মণাঘট্টং ঈশ্বরঃ প্রিয়কাম্যয়া। স্বয়ম্ভু ব্রহ্মণাস্নাত তস্মাৎ পাবয়পারতঃ।৭২ এই মন্ত্রদ্বারা যথাবিধি স্নান করিলে, বিশেষতঃ মাঘমাসে শুক্লপক্ষে চতুর্দ্দশীতে বিধিপূর্ব্বক দান করিলে, ব্রহ্মলোকে পূজা প্রাপ্ত হয়।৭৩।৭৪ ইন্দ্রকুটের উত্তরে অশীতিধনুঃ প্রমাণ রামক্ষেত্র তাহার কূলে বিল্বকুন্দপ্রমাণ

ব্রাহ্মণানর্চ্চয়িত্বা তু ব্রহ্মলোকে মহীয়তে ।৭৭
তস্য তারে মহাভাগে শ্রীরামেণ মহাত্মনা।
পিতর স্তর্পিতাঃ সর্ব্বে তীর্থবার্য্য নমোস্তুহতে ॥৭৮
ইত্যনেন তু মন্ত্রেণ বৈশাখে কৃষ্ণ পক্ষকে।
একাদশ্যাং স্নানমাত্রে পুনাত্যুভয়তঃ কুলং ॥
তস্য পূর্ব্বে নবধনুঃ সীতা তীর্থ বরাননে।
তত্র স্নাত্বা দিবংকান্তে স্বশরীরা দ্বিজাতয় ॥৭৯
ক্রৌঞ্চঞ্চাপি মহাশ্রাদ্ধে অক্ষয়ং সমুদাহৃতং।
সীতয়া রামভদ্রেণ নির্ম্মিতং তীর্থমুত্তমং ॥৮০
তস্মাৎ পুনীহি মাং পাপাৎমোক্ষং কুরু সুরার্চ্চিতে ॥৮১
মৌনী ভূত্বা ত্রয়োদশ্যাং তত্র স্নাত্বা মহাফলং।
মন্ত্রোণানেন স্নাত্বা তু রত্নেনার্ঘ্যং প্রদাপয়েৎ।
মুচ্যতে সর্ব্বপাপেভ্যো ব্রহ্মলোকে বসেন্মৃতঃ॥৮২

তৎকুণ্ড অবস্থিত।৭৫ তাহাতে স্নান ও অর্চ্চনা করিলে ব্রহ্মলোকে গমন করে। হে বরাননে! রামতীর্থ তীর্থগণের মধ্যে উত্তম। ৭৬ তথায় ব্রাহ্মণগণের অর্চ্চনা করিলে ব্রহ্মলোকে পূজা প্রাপ্ত হয়।৭৬ তস্যতীরেমহাভাগেশ্রীরামেণ মহাত্মনা। পিতরস্তর্পিতাঃ সর্ব্বে তীর্থবর্য্যনমোহস্তুতে।৭৮এই মন্ত্রদ্বারা, বৈশাখমাসের শুক্লপক্ষ একাদশীতে স্নানমাত্র করিলে উভয় কুল পবিত্র হয়। সেই তীর্থের নবধনুঃ অন্তরে সীতাতীর্থ তথায় স্নান করিলে দ্বিজগণ স্বশরীরে স্বর্গেগমন করে।৭৯ ক্রৌঞ্চঞ্চাপী মহাশ্রাদ্ধে অক্ষয়ং সামুদাহৃতং। সীতয়ারামভদ্রেণ নির্ম্মিতং তীর্থ মুক্তং ।৮০ তস্মাৎ পুনামাম পাপেহঃ মোং কুরু সুরার্চ্চিত।৮১ এই মন্ত্রে ত্রয়োদশীতে মৌনী হইয়া তথায় স্নানানন্তর রত্নদ্বারা অর্ঘ্য প্রদান করিলে পরলোক পাপ হইতে মুক্ত হইয়া

দক্ষিণে চৈব সীতায়া ধনুর্দ্দশপ্রমাণতঃ।
তত্রাভিষেকমাষঞ্চ বিজশী সর্ব্বদা ভবেৎ।৮৩
তীর্থানাং পরমং তীর্থং বিজয়নাম শোভিতং।
তত্র লিঙ্গং মহেশস্য বিজয়ন্নামবিশ্রুতং।৮৪
যণ্মাসান্নিয়তাহারে ব্রহ্মচারী সমাহিতঃ উষিত্ব।
তত্র দেবেশি মুচ্যতে সর্ব্বপাতকাৎ॥৮৫
তীর্থানাং পরং তীর্থং যোগতীর্থেতি বিশ্রুতং।
সর্ব্বপাপহরং শম্ভো নিবাসঃ পরমেষ্ঠিনঃ।৮৬
দৃষ্ট্বা লিঙ্গন্তু দেবস্য যোগীশ নামবিশ্রুতং।
ঈপ্সিতান্ লভতে কামন রুদ্রস্য দয়িতো ভবেৎ॥৮৭
দ্বাবিংশত্তু ধনুর্ম্মানং মুক্তিতীর্থং বিজানীহি।
বক্ষমাণেন মন্ত্রেণ স্নাত্বার্ঘ্যং বিনিবেদয়েৎ॥৮৮

ব্রহ্মলোক বাস করে।৮২ সীতাতীর্থের দক্ষিণে দশধনুপরিমিত বিজয়নামক সুশোভিত তীর্থ আছে, সেই তীর্থ তীর্থগণের মধ্যে উত্তম তাহাতে স্নান করিলে, নিয়তই বিজয়প্রাপ্ত হয়।৮৩ তথায় বিজয় নামে বিখ্যাত মহেশ-লিঙ্গ আছে।৮৪ সেই স্থানে ছয়মাস নিয়তাহারী ব্রহ্মচারী ও সমাহিত হইয়া বাস করিলে সর্ব্বপাতক হইতে মুক্ত হয়।৮৫ তদনন্তর, যোগীতীর্থ নামে বিখ্যাত এক উত্তমতীর্থ আছে, সেই স্থানে ব্রহ্ম ও মহাদেব বসতি করেন।৮৬ তথায় যোগীনামে মহাদেব লিঙ্গ দর্শন করিলে অভিলষিত সকল প্রাপ্ত হইয়া রুদ্রদেবের প্রিয় হয়।৮৭ তদনন্তর দ্বাবিংশধনুঃ পরিমিত মুক্তিতীর্থ। মোক্ষাভিকাঙ্ক্ষিভির্য্যৈক্তৈর্ব্বন্দ্যসে পূজ্যসেহানশং। ষোপ-কুণ্ডং মহাভাগে মাংপুনাত্যময়ার্চ্চিতা। এই মন্ত্রে মুক্তি স্নান-

মোক্ষাভিকাঙ্খিভির্যুক্তৈর্ব্বন্দ্যসে পূজ্যসেঽনিশং।
যোগকুলং মহাভাগে মাং পুনাত্যমরার্চ্চিতা ॥৮৯
তশ্যাস্তিদূরে লোকস্য বৃত্তং কুণ্ডমনুত্তমং।
তত্রাপি স্নাত্বা বিধিবৎ সন্তর্প্য পিতৃদেবতাঃ।
ব্রাহ্মণেভ্যঃ প্রদায়ার্থ দানানি বিবিধানি চ।
স্নাত্বা কোলেন বীজেন তত্ত্বেনার্ঘ্যং নিবেদয়েৎ ।৯০।৯১
পশ্চাত্তু কোলেশ্বরঃ দৃষ্ট্বা মুচ্যতে ভববন্ধনাৎ ॥৯২
তিথিহস্তমিতং কুণ্ডং দেব গন্ধর্ব্বসেবিতং।
কুণ্ডে সিততৃতীয়ায়াং গ্রামং ধান্যং ধনং লভেৎ ॥৯৩
ইন্দ্রশৈলস্য গাম্যে তু ধনুর্দ্দাদশ মানতঃ।
সূর্য্যতীর্থ্যমিতি খ্যাতং তীর্থানাং তীর্থমুত্তমং ॥৯৪
অদৃশ্যমূর্ত্তির্ভগবান্ সপ্তসপ্তরথেরিতঃ।
আস্তে লোকহিতার্থায় ব্যাপী যোগতনুঃ স্বয়ং ॥৯৫

নন্তর অর্ঘ্য নিবেদন করিবে।৮৮।৮৯ লোকবৃত্তনামক অত্যুত্তম কুণ্ড তাহার অতিদূরে অবস্থিত; তথায় স্নানান্তর বিধিপূর্ব্বক পিতৃদেবতা-গণের তর্পণ করিয়া ব্রাহ্মণগণকে বিবিধ দান প্রদানপূর্ব্বক কোলবীজ মন্ত্র দ্বারা স্নানান্তর তত্ত্ব দ্বারা অর্ঘ্য নিবেদন করিবে।৯০।৯১ তদনন্তর কোলেশ্বরকে দর্শন করিলে ভববন্ধন হইতে মুক্তি লাভ করে।৯২ তাহার পঞ্চদশ হস্ত পরিমিত গন্ধর্ব্ব, সেবত কুণ্ড আছে. তথায় শুক্লপক্ষের তৃতীয়ায় স্নান করিলে গ্রাম, ধান ও ধন লাভ হয়।৯৩ ইন্দ্রশৈলের দক্ষিণে দ্বাদশধনুঃ পরিমিত সূর্য্যতীর্থ নামে বিখ্যাত এক তীর্থোত্তম আছে।৯৪ তথায় যোগতনু. অদৃশ্যমূর্ত্তিব্যাপী ভগবান্ স্বয়ং সপ্তসপ্তি

যদা হরশ্চ নিরতং নিবাসং কৃতবানিহ ।
তত্রৈব দেবতাঃ সর্ব্ব্যস্তস্যাঃ সেব্যা সমাগতাঃ ॥৯৬
ভানুবীজেন স্নাতা তু অর্ঘ্যং তারেণ দাপয়েৎ ।
রামক্ষেত্রং ততোগচ্ছেৎ সাধকঃ সিদ্ধিমানসঃ ॥৯৭
দুর্গকূপদ্বয়স্তত্র ব্রাহ্মযূপশ্চ তিষ্ঠতি ।
দুর্গকূপোদকঃ পীত্বা মাঘে মাসি চতুর্দ্দশী ॥৯৮
ভবেদ্ভক্ত্যা গর্ভধরা মন্ত্রাণামযুতং জপন্‌ ।
যূপং প্রদক্ষিণীকৃত্য যস্তু শ্রাদ্ধং প্রকল্পয়েৎ ।
পিতৃংশ্চ তারয়েত্তেন ব্রহ্মলোকে মহীয়তে ।৯৯।১০০
কাকিনীঞ্চ ন্যসেৎ কূপে সুবর্ণং রজতস্তথা ।
যস্য মিত্রস্য যদ্বিত্তং শোধয়েৎ পূর্ব্বজন্মনি ॥১০১

(সূর্য্যদেব) লোকহিতের নিমিত্ত স্বয়ং অবস্থিত আছেন ৯৫ যখন দেবদেব মহাদেব এই স্থানে নিয়ত বাস করেন, তখন সমস্ত দেবগণ তথায় সেব্যরূপে আগমন করেন।৯৬ তথায় ভানুবীজে স্নান ও তারামন্ত্রে অর্ঘ্যপ্রদান কর্ত্তব্য। তদনন্তর সিদ্ধির নিমিত্ত সাধকগণ রাম-ক্ষেত্র গমন করিবে।৯৭ তথায় দুর্গকূপদ্বয় ও ব্রহ্মকূপ অবস্থিত, মাঘমাসের চতুর্দ্দশীতে ভক্তিপূর্ব্বক দুর্গকূপোদক পান করিয়া।৯৮ অযুত মন্ত্র জপ করিলে এবং তত্রস্থ যূপ প্রদক্ষিণপূর্ব্বক শ্রাদ্ধ করিলে, পিতৃগণের উদ্ধার করিয়া ব্রহ্মলোকে পূজা প্রাপ্ত হয়।১০০ সেই কূপে কাকিনী (কড়ি) সুবর্ণ ও রজত নিক্ষেপ করিলে, পূর্ব্বজন্মের মিত্র ঋণাদি শোধ হয়।১০১ তদনন্তর দক্ষিণাভিমুখে ইন্দ্রশৈলে গমনান্তর

তত্যেগচ্ছদিগুশৈলং দক্ষিণাভিমুখেন তু।
মণীশ্বরং ততঃ পশ্যেন্নির্গতাচ্চ প্রমুচ্যতে ॥১০২
বধবন্ধনযুক্তোঽপি যুক্তোবাপ্যুপপাতকৈঃ।
ইন্দ্রকূটস্থিতং দৃষ্টা মণিনাথং স বায়ুনা।
ক্ষণেন মুচ্যতে দেবি নাত্র কার্য্যা বিচারণা ॥১০৩
চরমে লোমতীর্থসঃ ধনুঃপঞ্চপ্রমাণতঃ।
নাগতীর্থং ততোজ্ঞাতং পৃথিব্যাং খ্যাতিমাগতং ॥১০৪
নাগকুণ্ডেতি বৈকুণ্ঠ্যে স্নাত্বা নাগান্ সমর্চ্চয়েৎ।
পুণ্যস্তং সর্ব্বতীর্থেষু সর্পাণাং বিষনাশনং ॥১০৫
স্নানং কুর্ব্বন্তি যে মর্ত্ত্যা ভক্ত্যা শ্রাবণপঞ্চমীং।
ন তেষ্যা তৎকালে পীড়াংকুর্ব্বন্তি কর্হিচিৎ ন চ ॥১০৬
শ্রাদ্ধং পিতৃণাং যে তত্র করিষ্যন্তি নরাভুবি।
ব্রহ্মা তুষ্টং পরং স্থানং দাস্যতে নাত্র সংশয়ঃ ॥১০৭

মনীশ্বর দর্শন করিলে, পাপ হইতে পরিমুক্ত হয়।১০২ হে দেবি! ভববন্ধনযুক্ত বা উপপাতকবিশিষ্টই হউক ইন্দ্রকুণ্ডস্থিত মণিকনাথকে বায়ুসহিত দর্শন করিলে, ক্ষণমাত্রেই মুক্তিলাভ করে, তাহাতে সন্দেহ নাই।১০৩ লোমতীর্থের চরমে পঞ্চধনুঃপ্রমাণ পৃথিবীখ্যাত নাগতীর্থ।১০৪ "নাগকুণ্ডেতি বৈকুণ্ঠঃ" এই মন্ত্রে স্নান করিয়া নাগগণের অর্চ্চনা করিবে। এই তীর্থ সর্ব্বতীর্থ মধ্যে পুণ্যপ্রদ, ইহাতে স্নানাদি করিলে, সর্ব্ববিধ পাপ বিনষ্ট হয়।১০৫ যে মানব শ্রাবণপঞ্চমীতে ভক্তিপূর্ব্বক স্নান করে, সর্পগণ তাহার কুলে কদাচিৎ পীড়াদায়ক হয় না।১০৬ যে নর তথায় পিতৃশ্রাদ্ধ করে, ব্রহ্মা তাহার প্রতি

চন্দ্রদূরন্তরতঃ শৈলশ্চতুঃষষ্টি প্রমাণতঃ।
তত্র জলে গয়াকুণ্ডং ক্ষেত্রং তীরে তদুচ্যতে ॥১০৮
গয়াশীর্ষং পূর্ব্বভাগে ধনুর্দ্বাবিংশমামত।
যাবল্লোহিত পর্য্যন্তমুত্তরে ব্রহ্মযোনিকং ॥১০৯
গয়াতীর্থং পরং গুহ্যং পিতৃব্যঞ্চাতিবল্লভ।
কৃত্বা পিণ্ডপ্রদানস্তু ন ভূয়ো জায়তে নরঃ ॥১১০
আগস্ত্যোঽস্মিন্ গয়ায়াঞ্চ তথা নীলাচলে গমে।
যাত্রাভেদে দদেৎ গয়ামথ সকৃত্র প্রিয়ে ॥১১১
শোচন্তি পিতরস্তস্য বৃত্রাত্র চ পরিশ্রমঃ।
গায়ন্তি পিতরোগীতং কীর্ত্তয়ন্তি মহর্ষয়ঃ ॥১১২
গয়াং যাস্য ত যঃ কশ্চিৎ সোঽস্মাক্য তারয়িষ্যতি।
এষ্টব্যাবহবং পুত্রাঃ শীলবন্তো গুণান্বিতাঃ ॥
তেষাং তৎসমবেতানা যদোকোঽপি গয়াং ব্রজেৎ ॥১১৩

পরিতুষ্ট হইয়া, পরমস্থান প্রদান করেন, সন্দেহ নাই।১০৭ চন্দ্রশৈলের উত্তরে চতুঃষষ্টি হস্তপ্রমাণ গয়াক্ষেত্র, তাহার জলকে গয়াকুণ্ড ও তীরকে গয়াক্ষেত্র কহে।১০৮ তাহার পূর্ব্বভাগে লোহিত্য পর্য্যন্ত এবং উত্তরে ব্রহ্মযোনি পর্য্যন্ত।১০৯ দ্বাবিংশধনুঃ পরিমিত পিতৃবল্লভ পরমগুহ্য গয়াতীর্থ, তথায় পিণ্ডদান করিলে, মানবগণকে আর জন্মগ্রহণ করিতে হয় না।১১০ আগস্ত্যে গয়ায় ও নীলাচলে যাত্রাভেদে পিণ্ডদান, কিন্তু গয়ায় একবার মাত্র পিণ্ডদান করিবে।১১১ গয়ায় অনেক বার গমন করিলে বৃথা পরিশ্রমহেতু তাহার পিতৃগণ অনুশোচনা করেন। মহর্ষিগণ কহিয়া থাকেন।১১২ যে পিতৃগণ এই বলিয়া গান করেন

তস্মাৎ সর্ব্বং প্রযত্নেন ব্রাহ্মনস্তু বিশেষতঃ।
যো বিদ্যাদ্বিধিবৎ পিণ্ডান্ গয়াং গত্বা সমাহিতঃ ॥
ধন্যাস্তু খলু তে মর্ত্ত্যা গয়ায়াং পিণ্ডদায়িনঃ।
কুলান্যুভয়তঃ সপ্ত সমুদ্ধৃত্যমবাপ্নুয়াৎ ॥১১৪।১১৫
শরপিণ্ডপ্রদানং স নাম্ন বৈ পায়সেন তে ॥
কর্ত্তব্যমৃষিভির্দ্দিষ্টং পিণ্যাকো ন গৃহেন তু ॥
তিলপিণ্যাককৈর্দ্দেয়া ভক্তিমদ্ভির্নরৈঃ সদা।
শ্রাদ্ধস্তু তত্র কর্ত্তব্য মর্ঘ্যবিষিন বর্জিতং ॥
মূষিকগৃধ্রকাকাশ্চ নানুদৃশ্যং চরন্তি তে।
শ্রাদ্ধং তত্তীর্থকং প্রোক্তং পিতৃনাং তুষ্টিদং পরম ॥১১৬।১১৮

যে, যে কেহ গয়াগমন করিলেই আমাদিগকে তারণ করিতে পারে ।১১৩ নরনিচয় গুণবান্, শীলবান্ বহুপুত্রের অভিলাষ করিবে, যেহেতু তাহাদের মধ্যে একজনও গয়াগমন করিয়া আমাদিগকে উদ্ধার করিতে পারে। অতএব সকলেই বিশেষতঃ ব্রাহ্মণগণ, গয়ায় গমন করিয়া সমাহিতচিত্তে বিধিপূর্ব্বক সর্ব্বপ্রযত্নে পিণ্ডদান করিবে। গয়ায় পিণ্ডদানকরী মানবগণ ধন্য, তাহারা মাতৃকুল ও পিতৃকুল এই উভয়কুলের সপ্তপুরুষ পর্যন্ত উদ্ধার করিয়াথাকে ।১১৪।১১৫ পয়সা দ্বারা নামোচ্চারণপূর্ব্বক পরপিণ্ড প্রদান কর্ত্তব্য। ঋষিগণ কহেন যে পিণ্যাক দ্বারা তথায় শ্রাদ্ধ কর্ত্তব্য। নরগণ ভক্তিসমন্বিতচিত্তে তিলপিণ্যাক দ্বারা অর্ঘ্যবিহিন দ্বারা বর্জ্জিত শ্রাদ্ধকরিবে ।১১৬।১১৭ মূষিক গৃধ্র ও কাক সকল তাহা দর্শন করিতে না পারে, তদ্বিষয়ে সাবধান হইবে। এই তীর্থে শ্রাদ্ধ করিলে, পিতৃগণের সাতিশয় তৃপ্তি লাভ হয় ।১১৮ অতএব সর্ব্বপ্রযত্নে এই স্থলে

কর্ত্তুস্তত্র প্রযত্নেন ভুক্তিরেবাথ কারণং।
ভৃক্ত্যা তুষ্যন্তি পিতরস্তুষ্টাঃ কামেন্ দদাতি চ॥
আয়ুং পুত্রান্ ধনধান্যং কামাংস্তন্যান্ প্রযচ্ছতি।১১৯॥১২০
ভক্ত্যা চারামৃতং রুদ্রং নৃণাং পিতাঃ পিতামহাঃ।
অকালেঽপ্যথবা কালে গয়াশ্রাদ্ধং সদা নরৈঃ॥১২১
প্রাপ্তাচৈব সদা স্নানং কর্ত্তব্যং পিতৃতর্পণং।
পিণ্ডদানঞ্চ তেনাপ্তিং পিতৃনাঞ্চাতিবল্লভং॥১২২
পিতরোহি নিরীক্ষন্তেগগনং সমুপাগতঃ।
আশয়া পরয়া ভক্ত্যা আশামোহাং প্রপূরয়েৎ॥১২৩
বিলম্বোনৈব কর্ত্তব্যোধান চ বিঘ্নঃ সমাচরেৎ।
অচ্ছিন্না সন্ততিস্তেষাং সদাকালং ভবিষ্যতি॥১২৪
পিতর পুত্রদাতারো বৃদ্ধিশ্রাদ্ধোঽপি কঙ্খিণঃ॥১২৫

পিতৃগণের ভোগ প্রদান কর্ত্তব্য। পিতৃগণ ভোগদ্বারা সন্তুষ্ট হইয়া অভিলাষ কার্য্য সকল এবং আয়ুঃ, পুত্র ধন, ধান্য ও অন্যান্য বিবিধ প্রকার কাম্য প্রদান করেন।১১৯।১২০ তথায় ভক্তিপূর্ব্বক রুদ্রের আরাধনা করিলে, পিতৃপিতা মহাগণের সদ্গতি লাভ ও প্রীতিলাভ হয়। অকালেই হউক, নরগণ নিয়তই গয়াশ্রাদ্ধ করিবে।১২১ তথাগ্রে সর্ব্বদাই স্নান ও তর্পণ করিলে, দোষাবহ হয় না। তথায় পিণ্ডদান পিতৃগণের অত্যন্ত প্রিয়।১২২ গয়ায় গগন মণ্ডলে পিতৃকুলরা আগমন করিয়া পিণ্ড পাইবার আশায় সেইখানে অবস্থান করেন, সুতরাং ভক্তিসহকারে পিণ্ডদানে আশা পূরণ করা কর্ত্তব্য॥১২৩ তদ্বিষয়ে বিলম্ব কর্ত্তব্য নয়, তাহাতে বিঘ্ন বাধা গ্রাহ্য করিবেন। যাঁহারা গয়ায় পিণ্ডদান করেন তাঁহাদের সন্তানসন্ততি অবিচ্ছিন্ন থাকে।১২৪ বৃদ্ধি শ্রদ্ধাভিলাষী পিতৃগণ পুত্রদান করিয়া থাকেন।১২৫ অতএব কদাচই তাঁহাদিগকে নিরাশ করিবে না।

তেন তেষাঞ্চ তদ্দেয়ং লথোক্ত ন বিধানতঃ।
অন্তশ্রাদ্ধং পুরা প্রোক্তং স্বয়মেব স্বয়ম্ভূবা ॥
তে সত্বরং তত্তৎকার্য্যং দ্বিজঃপিতৃপরায়ণৈঃ ॥১২৬
তীর্থেঽক্ষতে গৃহ বাপি সংক্রান্তেঽপি বা।
বিষুবে তু তথা বাপি জন্মনক্ষত্র পীড়নে।
এতে বৈ শ্রাদ্ধকালা স্যুঃ পুরাস্বাম্ভূবোঽব্রবীৎ ॥১২৭
কৃতে শ্রাদ্ধে নবৈ লংসাং পীড়া ভবতি দেহজা।
ইহামুত্রকৃতং বাপি সর্ব্বং ত্যজতি দুষ্কৃতং ॥১২৮
য্যামানোফবত্তে পীড়া দ্রহহৌর নৃপাদকা।
দুষ্কৃতং নশ্যতে সর্ব্বং পরত্র চ গতিং শুভাং ॥১২৯
লভতে নাত্র সন্দেহঃ প্রজাপতি বরোযথা।
কামেশ্বরী সপ্তবেদ অশ্বক্রান্তন্তু কার্ত্তিকে।
মাতৃমুখ্যং গয়াশ্রাদ্ধং পিতৃমুখান্ত অন্যতঃ
পিণ্ডঞ্চ ষোড়শং দদ্যাদ্ বহুলং কারয়েৎ সুধীঃ ॥১৩০

পুরাকালে ভগবান্ স্বয়ম্ভু স্বয়ং অন্তঃ শ্রাদ্ধের বিষয় কীর্ত্তন করিয়াছেন। পিতৃপরায়ণ দ্বিজগণ ১২৬ সেই কার্য্য সত্বর সম্পাদন করিবেন। তীর্থে অক্ষতে বা গৃহে, সংক্রান্তমণকালে।১২৭ গ্রহণে বিষুবকালে, জন্মনক্ষত্র এই সকল প্রশস্ত শ্রাদ্ধকাল, ইহা ভগবান্ স্বয়ম্ভু কহিয়াছেন। শ্রাদ্ধ করিলে পুরুষগণের দেহপীড়া হয় না এবং ইহা পরলোকজ দুষ্কৃত।১২৮ ও যমযাতনা গ্রহচৌ নৃপাদিজনিত পীড়া ও সর্ব্বপাপ বিনষ্ট হয় এবং তাহারা পরলোকে শুভগতি প্রাপ্ত হইয়া থাকে, সন্দেহ নাই।১২৯ যেরূপ প্রজাপতির বর ব্যর্থ হয় না, সেইরূপ ঐ সকলও কদাচ ব্যর্থ হইবার নহে।

পাতয়েৎ ক্ষীরধারশ্চ আরোহং সোমপর্ব্বতং।
দাক্ষিণঃ সন্তু মে দেবাঃ ব্রহ্মাবিষ্ণুমহেশ্বরাঃ ॥
মহাগয়াং সমাসাদ্য অনহূতমৃগত্রয়াৎ ॥১৩১
ততোভের্য্যাদিশব্দেন আরোহেৎ শিবিকাং নরঃ ॥১৩২
গৃহং গত্বা সমভ্যর্চ্চ্য গৃহদেবীং যথাবিধি।
ব্রাহ্মণান্ ভোজয়েৎ পশ্চাৎ অক্ষয্যমুপধারয়েৎ ॥১৩৩
ভুঞ্জীত ব্রাহ্মণৈঃ সার্দ্ধং দক্ষিণামুপপাতয়েৎ ॥১৩৪
অস্মিন্ পিণ্ডপ্রদানেন আগস্ত্যে বিরজেষু চ।
দশাশ্বমেধিকৈশ্চৈব তথা বিষ্ণুপদেষু চ ॥১৩৫
একত্র পিণ্ডদং কশ্চিৎ পুণ্যং শ্রাদ্ধং বিবর্জ্জয়েৎ।
পুনরাকর্ষণং কৃত্বা শাপঃ পততি মূর্দ্ধনি ॥১৩৬

কামেশ্বরী সপ্তবেদ ও অশ্বক্রান্তে কার্ত্তিকে গমনাদি কর্ত্তব্য। গয়াশ্রাদ্ধ, মাতৃমুখ্য, অন্যত্রশ্রাদ্ধ পিতৃমুখ্য জানিবে। সুধীগণ প্রথমে ষোড়শ পিণ্ড প্রদান করিয়া, তৎপরে বহুল পিণ্ড প্রদান করিবে।১৩০ তদনন্তর 'দক্ষিণঃ সন্তুমে দেবা ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরা। মহাগয়াং সমাসাদ্য অনাহূত মৃগত্রয়াৎ' এই মন্ত্রে আরোহ সোমপর্ব্বতে ক্ষীরধারা সম্পাদিত করিবে। ।১৩১ তদনন্তর ভেরী প্রভৃতি শব্দ করিয়া, নরগণ শিবিকারোহণ করিবে। ১৩২ তৎপরে ব্রাহ্মণ ভোজন করাইবে ও অক্ষয্যাবধরণ করিবে।১৩৩ তদনন্তর ব্রাহ্মণগণের সহিত ভোজন করিয়া দক্ষিণাদান কর্ত্তব্য।১৩৪ গয়াতীর্থে, আগস্ত্যে ও বিরজে দশাশ্বমেধিকে, বিষ্ণুপদে একত্র পিণ্ডপ্রদান করিবে।১৩৫ তথায় পুনঃ শ্রাদ্ধবর্জ্জন করিবে। পুনর্ব্বার আকর্ষণ করিলে, মস্তকে অভিশাপ পতিত হয়।১৩৬ বিশেষতঃ গয়ায় তিন দিন

ত্রিদিনং পাতয়েৎ পিণ্ডং গয়ায়াঞ্চ বিশেষতঃ।
ততোমাতৃগয়ায়াঞ্চ একাহমপি পাতয়েৎ।
আগস্ত্যে বিরজে চৈব পাতয়েচ্চ দিনত্রয়ং ॥১৩৭

ইতি যোগিনীতন্ত্রে সর্ব্বভদ্রোত্তমে কামরূপাধিকারে দ্বাবিংশতি সাহস্রে দ্বিতীয়ভাগে চতুর্থঃ পটলঃ।

পঞ্চম পটলঃ।

ভগবানুবাচ।

ততঃ প্রভাতে বিমলে সাধকঃ সিদ্ধিমানসঃ।
সোমশৈলস্য ঐশান্যাং দৃষ্টিমাত্রান্তরে প্রিয়ে।
মানশৈলং তত্রোগত্বা গচ্ছেদ্বারাণসীং সরঃ ॥১
মণীশ্বরস্য ঐশানে কিঞ্চিৎ পূর্ব্বাদিগোচরে।
ধনুঃসপ্তান্তরে চৈব কুণ্ডং বারাণসীয়কং ॥২

পিণ্ডদান করিবে; তদনন্তর মাতৃগয়ায় একদিন পিণ্ডদান কর্ত্তব্য। আগস্ত্যে ও বিরজে তিন দিন পিণ্ডদান করিবে।১৩৭

ইতি যোগিনীতন্ত্রে কামরূপাধিকারে দ্বিতীয়ভাগে চতুর্থ পটলঃ।

শ্রীভগবান্ কহিলেন, তদনন্তর বিমল প্রাতঃকালে সিদ্ধাভিলাষী সাধক, সোমশৈলের ঈশানকোণে দৃষ্টিমাত্র অন্তরে অবস্থিত মান শৈলে গমনপূর্ব্বক বারাণসী সরোবরে গমন করিবে।১ মণীশ্বরের ঈশানকোণে

দ্বাবিংশদ্ধনুরায়ামং সর্ব্বদেবৈশ্চ সংযুতং।
দেবী ত্রিপথগা তত্র গোমতী চ সরস্বতী ॥৩
করতোয়াদিব্যনদঃ লোহিত্যোঘর্ঘরস্তুতঃ।
সরযূর্ধূতপাপা চ নর্ম্মদা চ মহানদী ॥৪
দৃশদ্বতী দেবিকা চ তথা চর্ম্মণ্বতী নদী।
কৃষ্ণবেণ্বা তথ পুণ্যা শোনঃ শ্যেনঃ মহানদঃ ॥৫
কাবেরী যমুনা চৈব যে চান্যে নানুকীর্ত্তিতাঃ।
মম প্রীত্যর্থ মায়ান্তি কুণ্ডং বারাণসীয়কং ॥৬
উদধির্গহ্বরাংশ্চৈব ক্ষীরোদশ্চ তথা পয়ঃ
ঘৃতোদশ্চৈব মদ্যোদো দধ্যোদ শ্চৈব সাগরঃ।
হ্রদাশ্চ সরিতশ্চৈব তীর্থানি বিবিধানি চ।
বধুমাসে চতুর্দ্দশ্যাং সময়ান্তি ন সংশয়ঃ ॥৭

কিঞ্চিৎ পূর্ব্ব দিগ্‌ভাগে সপ্তধনুঃ অন্তরে বারাণসীয়ক কুণ্ড।২ তাহা দৈর্ঘ্যে দ্বাবিংশৎধনুঃ পরিমিত, উহাতে দেবতাগণ সততই সন্নিহিত থাকেন। দেবী ত্রিপথগামিনী গোমতী, সরস্বতী, ও করতোয়া দিব্যনদ লোহিতা, ঘর্ঘরা সরযূ ও নিধৌত পাপ মহানদী নর্ম্মদা, ৪ দৃশবতী, দেবিকা, চর্ম্মণ্বতী, পুণ্যদায়িনী কৃষ্ণবেণ্বা, মহানদ শোন ও শ্যেন ৫ কাবেরী, যমুনা এবং অন্যান্য বহুতর নদনদী আমার প্রীতির নিমিত্ত বারাণসীয়ক কুণ্ডে আগমন করিয়া সন্নিহিত থাকে।৬ উদধি ও গহ্বরগণ, ক্ষীরোদ, পয়োদ, ঘৃতোদ, মধু, দধি ও সাগর, হ্রদ সকল সরিদগণ ও বিবিধ তীর্থ এই সকলই চৈত্র মাসের তৃতীয়ায় ও বৈশাখ মাসের তৃতীয়ায় তথায় আগমন করে,

বৈশাখস্য তৃতীয়ায়াং সমায়ান্তি সুসধামে।
স্নাত্বা তত্র দিবং যান্তি যাবদাহূতঃসংপ্লবঃ ॥৮
জগন্মায়ে জগদ্দীপে জগৎপাপপ্রণাশিনি।
অমৃতং দেহি মে কুণ্ডেবারাণসি নমোঽস্তু তে ॥৯
ইত্যনেন তু মন্ত্রেণ অন্তেনার্ঘ্যং নিবেদয়েৎ ॥১০
তস্য দক্ষিণদিগ্ভাগে ধনুঃপঞ্চ প্রমাণতঃ।
দ্বাত্রিংশতি ধনুর্ম্মানং কুণ্ডং মণিকর্ণিকাহ্বয়ং।
মণিকর্ণং সমং তীর্থং ন ভূতং ন ভবিষ্যতি।১১
সত্যং সত্যং পুনঃ সত্যং সত্যমেব সুনিশ্চিতং।
মণিকর্ণসমং তীর্থং নাস্তি ব্রহ্মাণ্ডগোলকে ॥১২
যুগাদিযু চ সংক্রান্তৌ উপরাগে মহেশ্বরি।
স্নানং মধ্যন্দিনে কুর্য্যান্মহাপাতকনাশনং ॥১৩
মণিকর্ণে সুরশ্রেষ্ঠে মণীশ্বরি মণিপ্রিয়ে।
অয়ং হরকৃতাবারো মণিকর্ণ নমোঽস্তু তে ॥১৪

সন্দেহ নাই। তথায় স্নান করিলে, প্রলয়কাল পর্য্যন্ত স্বর্গভোগ করে ॥৮ "জগন্মায়ে জগদ্দীপে জগৎপাপ প্রণাশিনি। অমৃতং দেহি মে কুণ্ডে বারাণসি নমোঽস্তু তে॥" ৯ এই মন্ত্রদ্বারা অর্ঘ্য নিবেদন করিবে।১০ তাহার দক্ষিণদিগ্ভাগে পঞ্চধনুঃ প্রমাণ দূরে দ্বাবিংশতিধনুঃ পরিমিত মণিকর্ণিকার কুণ্ড; হে মহেশ্বরি! মণিকর্ণ সমান তীর্থ হয় নাই; হইবারও নহে।১১ ইহা সত্য সত্যই বারম্বার কহিতেছি ব্রহ্মাণ্ড গোলকে মণিকর্ণসমান তীর্থ আর নাই, ইহা নিশ্চিতই জানিবে।১২ যুগাদিতে সংক্রমণে গ্রহণকালে মধ্যাহ্নসময়ে মণিকর্ণিকায় স্নান করিলে, মহাপাতক বিনাশ পায় ॥১৩ মণিকর্ণেসুরশ্রেষ্ঠ মণীশ্বরি মণিপ্রিয়ে। অয়ং হর-

মন্ত্রেণানেন স্নাত্বা তু প্রণিপত্য প্রপূজয়েৎ ॥১৫
ঐশান্যাং মণিশৈলস্য মঙ্গলা নাম বৈ নদী ॥
নীর নীর বহন্তীব পাপৌঘানি পুনীহি মে ॥১৬
মন্ত্রেণ স্নাত্বা দেবেশি প্রণিপত্য প্রসাদয়েৎ ।
মণীশ্বরং ততোগত্বা ক্ষলয়েৎ মনুমুচ্চরন্ ॥১৭
দ্বিতীয়কমেনং স্পৃষ্ট্বা তু তৃতীয়েনাভিপূজয়েৎ ॥১৯
কলাহস্তদয়াংশেন সিদ্ধক্ষেত্র মিহোচ্যতে ।
হংসোহর্ঘ্যাসনমারূঢ়ো রশ্মিবিন্দু সমাসিতঃ ॥১৯
মন্ত্রোহয়ং দেবদেবস্য ঋষিগর্গউদাহৃতঃ ।
ছন্দোহনুষ্টুপ ভবেদেব ইষ্টার্থে বিনিযোয়েৎ ॥২০
উদ্যৎ কিরীট শকলং বিমলং স দেবাবিভর্ত্তি বৈয়াঘ্রতনুশ্চতুর্ভিঃ ।
শূলঞ্চ যং বৈ বরঞ্চ বজ্রং রক্তং ত্রিনেত্রং পরমং মৃগস্থং ॥২১

কৃতাবাসো মণিকর্ণ নহোহস্তুতে ॥১৪ এই মন্ত্রে স্নান ও প্রণিপাত করিয়া পূজা করিবে ।১৫ ঐশান্যং মণিশৈলস্য মঙ্গলানামবৈনদী । নীর নীর বহন্তীব পাপৌঘানি পুনীহি মে ॥১৬ এই মন্ত্রে প্রণাম করিয়া প্রসাদন করিবে। তদনন্তর মণীশ্বরে গমন করিয়া, প্রথম মন্ত্র উচ্চারণপূর্ব্বক ক্ষালনানন্তর ॥১৭ এই স্থলে কলাহস্তংসিদ্ধয়স্থান, সিদ্ধিক্ষেত্র বলিয়া কথিত হয়। হংসোহর্ঘ্যাসনমারূঢ়ো রশ্মিবিন্দু সমাসিত ॥১৯ দেবদেবের এই মন্ত্র গর্গমুনি কহিয়াছেন, ইহার ছন্দঃ অনুষ্টুপ, ভব ইহার দেবতা, ইষ্টার্থ বিনিয়োগ করিবে ॥২০ যে দেবের কীরিটস্থিত মণিখণ্ড সকলের কিরণচ্ছটা উদ্ভাসিত হইতেছে, যিনি নিজদেহে ব্যাঘ্রকীত্তি ধারণ করিয়াছেন ; যিনি শূল, বর, অভয় ও বজ্র এতচ্চতুষ্টয়ে শোভমান ; যিনি লোহিত বর্ণ

মধ্যে দেবং পূজয়েৎ কৃত্তিবাসং ভীমং দেবং তৎ পুরস্তাৎ হরঞ্চ।
ভবীসামং শক্রমত্যেবিসংজ্ঞং পশ্চাদেবং বামনং কালসংজ্ঞকং ॥২২
যজেচ্ছক্তীঃ পদ্মপত্রেষু দেবী বারাণসীকীর্ত্তি স্তয়োঃপুবস্তাৎ।
শ্রীকণ্ঠাদাস্তদ্বহিঃ সংযজেদ্বৈ গৃহান্প পশ্চাৎ তৎপুরস্তাদ্দি-
গাদীশান ॥২৩
বামেঽনন্তং পূজিতং স্যাৎ পিণাকী দক্ষিণে ভাগে কমল
সর্ব্বতশ্চহি।
সিদ্ধেসাধ্যাদগ্রতশ্চ প্রপূজ্য স্বৈঃ।
স্বৈর্ম্মন্ত্রৈঃ স্বৈর্ম্মন্ত্রে স্বীয়ক্যল্লাদিতেশ্চ ॥২৪
মণিনাথাদিলিঙ্গং ব্রহ্মপাষাণ ন ক্ষয়ং।
ঐশান্যাং মঙ্গলা দেবি এতন্মধ্যগতং পিয়ে ॥২৫
ক্রোশত্রয় মিদং ক্ষেত্রং মণিপীঠং সুরার্চ্চিতে।
দক্ষবক্ত্রে চ কামেশী হয়গ্রীবস্তু পশ্চিমে ॥২৬

লোচনত্রয়ে বিরাজিত ২১ ও গৃহস্থ অঙ্গ ভীম মূর্ত্তি সেই পরমদেব, কীর্ত্তিবাস হর মহেশ্বর মধ্যভাগে পূজা করিবে। অনন্তর কালসংজ্ঞক বামনের পূজানন্তর ২২ তৎপরস্থিতা বারাণসী কীর্ত্তি শক্তি সকলের পদ্মপত্রে পূজা করিয়া, বিভাগে শ্রীকণ্ঠাদির জপপূর্ব্বকপূতৎপুরস্থিত দিগীশগণের ও বামভাগে অনন্তর অর্চ্চনা করিবে।২৩ দক্ষিণভাগে পিণাকী ও সর্ব্বতকমলাদেবী এবং অগ্রে সিদ্ধেসাধ্য দেবতা এই সকল দেবতার কল্পোক্ত স্ব স্ব মন্ত্র দ্বারা পূজা করিয়া।২৪ মণিনাথ আদিলিঙ্গ অক্ষয় ব্রহ্মপাষাণ ইহাঁদের পূজা করিবে। হে দেবি! ঈশানকোণভাগে মঙ্গলাদেবী অবস্থান করেন, ইহা মধ্যতম ক্ষেত্র।২৫ হে সুরার্চ্চিতে শঙ্করি! এই মণিপীঠক্ষেত্র তিনক্রোশ ব্যাপ্ত। ইহার দক্ষিণমুখে কামেশী পশ্চিমে

উত্তরে কমলং লিঙ্গং উত্তরায়াঃ সমুদ্ভবঃ।
পূর্ব্ববক্ত্রে চ বিরজা উত্তরে কালীকোদ্ভবং ॥২৭
অন্যত্র বৈ কোটিদ্বয়ং বামোদ্ভবং ভবেৎ।
রমণায়াঃ সমুদ্ভূতং কুণ্ডং পঞ্চশতং শতং ॥২৮
সার্দ্ধোকোটিস্তথা লিঙ্গং ত্রিংশতঞ্চ কলৌ যুগে।
ভূম্যন্তরস্থং লক্ষ্যঞ্চ সার্দ্ধলক্ষং জলে প্রিয়ে ॥২৯
দ্বিলক্ষ পর্ব্বতে চৈব পঞ্চলক্ষং গুহাসুচ।
ভূমিপীঠে লক্ষসপ্তং বৃক্ষমূলে তু লক্ষকং ॥৩০
কুণ্ডমধ্যগতং লিঙ্গং অর্দ্ধলক্ষং বিজসোহি।
সন্ধ্যা সন্ধ্যাং শকে চৈব কুণ্ডং লোহিত্য পাবনং ॥৩১
নবেন্দুশাকে দেবেশি বিদিতং সর্ব্বমেব তু।
ত্র্যংশে সন্ধ্যাং শকে চৈব যদা শূদ্রো ভবেন্নৃপঃ ॥৩২
তদা কামেশ্বরী দেবী স্ফুটিতা মধ্যমাংশে।
অন্তেনৈব শাকেশ্বরী স্ফুটিতা মধ্যমেহংশকে ॥৩৩

হয়গ্রীব, ২৬ উত্তরে উত্তরাসমুদ্ভূত কমললিঙ্গ। পূর্ব্ববক্ত্রে বিরজা, উত্তরে কালকোদ্ভব ২৭ অন্যত্র বামোদ্ভব দুই কোটী কুণ্ড এবং রমণাসম্ভব পঞ্চশতশত কুণ্ড ২৮ এবং সার্দ্ধকোটি লিঙ্গ আছে, কিন্তু কলিযুগে তিনশত লিঙ্গ বর্ত্তমান। হে প্রিয়ে! ভূমির অন্তরে লক্ষ, জলে সার্দ্ধলক্ষ, ২৯ পর্ব্বতে দ্বিলক্ষ, গুহায় পঞ্চলক্ষ, ভূমিপীঠে সপ্তলক্ষ, বৃক্ষমূলে লক্ষ, ৩০ কুণ্ডমধ্যে অর্দ্ধলক্ষ লিঙ্গ আছে। সন্ধ্যা সন্ধ্যাশকে পবিত্র লৌহিত্যকুণ্ড।৩১ নবেন্দুশাকে তাহা সর্ব্বত্র বিদিত হইয়াছে। সন্ধ্যায় ত্রিংশ শকে যখন শূদ্র নরপতি হইবে, ৩২ তখন কামেশ্বরী দেবী মধ্যমাংশক স্ফুটিতা হইবেন।৩৩

অন্ত্যাংশে চ শাকে দেবী সুব্যক্তা উর্ব্বশী তদা।
ভূযাকে মাধবে ব্যক্তাসুধাংশে বিরজা প্রিয়ে ॥৩৪
দিবেশ্বররস্তং যৎফলং রাজসূয়েন লভ্যতে।
তৎফলং প্রাপ্যতে দেবি পূজনাদ্বন্দনাৎ প্রিয়ে ॥৩৫
বায়ব্যে মানশৈলস্য বরাহো নারঃ পর্ব্বতঃ ।.৩৬
তস্য পূর্ব্ব-দক্ষিণে চ নরনারায়ণং সরঃ।
তত্র পাত্বা চ বিষ্ণুলোকে মহীয়তে ॥৩৭
তস্ত পশ্চিম তীরে চ লিঙ্গং সোমেশ্বরং হরং।
তীর্থং প্রভাসনামানাং মৃতানাং মুক্তিদং ফলং ॥৩৮
দেবনাৎ কৃতপিণ্ডনাং পাপজিতং কামং নণাং।
তত্র বৈনায়কং তীর্থং বায়ব্যে ধনুরষ্টকং ॥৩৯
স শতধনুরায়ামং প্রভাসং তীর্থমুত্তমং।
বায়ব্যে তস্য দেবেশি ধনুরর্ক প্রমাণতঃ ॥৪০

অনন্তর মধ্যমাংশকে শাকেশ্বরী স্ফুটিতা হইবেন। অন্ত্যাংশশকে উর্ব্বশী দেবী সুব্যক্তা হইবেন। ভূশ্যাকে মধ্যমাংশে বিরজা ব্যক্তা হইবেন।৩৪ হে দেবি! রাজসূয় দ্বারা যে দিবেশ্বরত্ব ফল লাভ হয়, তথায় পূজা বন্দনাদি করিলে, সেই ফল লাভ করিতে পারে সন্দেহ নাই।৩৫ হে প্রিয়ে! মানবশৈলের বায়ব্যকোণে বরাহ নামে এক পর্ব্বত আছে।৩৬ তাহার পূর্ব্বদিকে নারায়ণ বিগুমান আছে। তথায় স্নান পান করিলে স্বর্গলোকে পূজা প্রাপ্ত হয়।৩৭ তাহার পশ্চিমতীরে সোমেশ্বরলিঙ্গ শিব বিগুমান; সেই তীর্থের নাম প্রভাস। এই তীর্থ মৃতগণকে পরলোকে মুক্তি প্রদান করিয়া থাকে।৩৮ তথায় বায়ব্যে অষ্টধনু পরিমিত বৈনায়কতীর্থ।৩৯ প্রভাসতীর্থে শত ধনু আয়ামবিশিষ্ট। হে দেবি।

তীর্থং বিন্দুসরঃ পুণ্যং স্নানাৎ পাতকনাশং।
মনিসোমাচলান্তেন সহস্র পঞ্চকং ধনুঃ॥৪১
ভুলিঙ্গে চ ভবেৎ কোটিজ্যামুত্রা চ সরস্বতী।
ধনুষ্কোকিহকঃ শম্ভুর্লক্ষঃ কালরুদাহৃতাঃ॥৪২
নাটকাচল পূর্ব্বে তু মতঙ্গোনাম পর্ব্বতঃ।
অগ্নৌ হয়াচলং যাবৎ শিস্যান্তর্গৃহং স্মৃতং॥৪৩
অন্তগৃহ মৃতানাঞ্চ যাস্তি ব্রহ্মসনাতনং।
অক্ষয়ং সৎকৃতং তত্র যৎকৃতঞ্চ তদক্ষয়ং॥৪৪
মণিশৈলে স্থিতা যে চ যে মৃতান্তে পুনর্ভাবাঃ
তত্র দানং কুরুক্ষেত্র সমং ভবতি নান্যথা।৪৫
অশ্বতীর্থেন্দ্র মধ্যে তু ব্রহ্মাবধি রুদাহৃতঃ।
বরাহস্য মুখেতোয়ং দৃষ্টা মৎস্যোদরী তদা॥
আষাঢ়ে বর্ষণে বিষ্ণোর্যদা মৎস্যোদরং ফলেৎ॥৪৬

তাহার বায়ব্যকোনে দ্বাদশধনুঃ পরিমিত বিন্দুসরঃ নামক পতিতনাশন পুণ্যতীর্থ বিগুমান আছে।৪০ তাহা মণিসোমাচল পর্য্যন্ত পঞ্চসহস্র ধনুঃ বিস্তৃত।৪১ ভুলিঙ্গে কোটিধনু্য পরিমিতা সরস্বতী। তথায় ধনুষ্কো-কিলক শম্ভু ও লক্ষকালিকা অবস্থিত আছেন।৪২ নাটকাচলের পূর্ব্বে মতঙ্গ নামে পর্ব্বত; এখানে হয়াচল পর্য্যন্ত স্থান শিবের অন্তর্গৃহ বলিয়া উক্ত হয়।৪৩ যে মানব অন্তগৃহে প্রাণত্যাগ করে, তাহার অক্ষয় ব্রহ্মসনাতনপদ প্রাপ্ত হয় এবং তথায় যে কিছু সৎক্রিয়া করে তৎসমস্তই অক্ষয় হয়।৪৪ যাহারা মণি শৈলে অবস্থিতি করে, তাহাদিগকে আর পুনর্জ্জন্ম গ্রহণ করিতে হয় না। তথায় দান করিলে কুরুক্ষেত্র সমান ফল প্রাপ্ত হয়, সন্দেহ নাই।৪৫ অশ্বতীর্থেন্দ্রর মধ্যে ব্রহ্মাবধি উক্ত হয়।

তদা সর্ব্বপ্রযত্নেন স্নানং কুর্য্যান্মম প্রিয়ে।
শতজন্ম কৃতং পাপং স্নানান্নশ্যতি নিশ্চিতং ॥৪৭
ভাদ্রে বা শ্রাবনে বাপি তদার্দ্ধার্দ্ধং লভেৎ ফলং ॥
কার্ত্তিকে দৃশ্যতে কশ্চিৎ ফলং দশগুণোত্তররং ॥৪৮
হস্তাচলস্য পূর্ব্বে তু কিঞ্চিদৈশান্যগোচরে।
ভস্মাচলং স্থিরং ভূত্বা সমীক্ষ্যাৎ কামমুচ্চরণ ॥৪৯
কলিকাচরমে ভাগে নাক্রান্তং সূত্রপাতয়েৎ ॥৫০
তৎক্ষেত্রস্যোত্তরে ভাগে ধনুর্বর্ক প্রমাণতঃ।
উর্ব্বশী সা সমাখ্যাতা সর্ব্বকিল্বিনাশিনী।৫১
মাঘে মাসি সিতে পক্ষে দ্বাদশ্যাঞ্চ সমাহিতঃ।
স্নাত্বাশ্বমেধজং পুণ্যং লভতে সংক্রমণেসু চ ॥৫২
দিনক্ষায় চ গ্রহণেন ন স্নায়াদ্ধি কদাচন।
নাশোঽপি জ্যেষ্ঠপুত্রস্য ধনস্য পরমেশ্বরী ॥৫৩

তখন বরাহের মুখে তোয় ও মৎস্যোদরী দর্শন করিবে। আষাঢ়বর্ষণকালে যখন বিষ্ণুর মৎস্যোদর হয়।৪৬ তখন সর্ব্ব প্রযত্নে তথায় স্নান কর্ত্তব্য। এই স্থানে শতজন্ম কৃত পাপ নিশ্চিতই বিনষ্ট হইয়া যায়।৪৭ ভাদ্রে কি শ্রাবণে অর্দ্ধেক ফল, কার্ত্তিকে তাহার দশগুণোত্তম ফল লাভ হয়।৪৮ হস্তাচলের পূর্ব্ব কিঞ্চিৎ ঐশানগোচরে স্থির মন্ত্রোচ্চারণপূর্ব্বক ভস্মাচল দর্শন করিবে।৪৯ কলিকের চরমভাগে আক্রান্ত সূত্রপাত করিবে না।৫০ সেই ক্ষেত্রের উত্তরভাগে দ্বাদশ ধনু পরিমাণ সর্ব্বকল্মষবিনাশিনী উর্ব্বশী, তথায় মাঘমাসের শুক্লদ্বাশীতে এবং সংক্রমণে সমাহিত হইয়া স্নান করিলে অশ্বমেধতুল্য ফললাভ হয়।৫২ হে পরমেশ্বরি! সায়ংকালে বা গ্রহণে কদাচ

তারং শ্রবণশূন্যঞ্চ বরাহা স শিখী স্থিতঃ।
সমার্ণকো বহ্নিজায়াঽনন্তোঽয়ং প্রকীর্ত্তিতঃ ॥৫৪
পৃথিব্যাং যানি তীর্থানি আসমুদ্রসরাংসি চ।
উর্ব্বশ্যন্তানি সর্ব্বাণি পাপং হর নমোঽস্তুতে ॥৫৫
মন্ত্রেণ বিধিবৎ স্নাত্বা উত্তরাপা মুখেন তু।
বারুণেন চ মন্ত্রেণ দদ্যাদর্ঘ্যং বিভূতয়ে ॥৫৬
পূর্ব্বাশা মজ্জনং কৃত্বা মহালক্ষ্যার্ব্বিচ্যতে।
ধনং ধান্যং প্রজাবৃদ্ধিঃ কুবেরা শাবিমজ্জনাৎ ॥৫৭
নিমন্ত্রিস্তো যদি গৃহে ভুঙক্তে বিপ্রঃ কথঞ্চন।
স গচ্ছেৎ কালসূত্রঞ্চ শৌকরীং যোনিমাবিশেৎ ॥৩০৪

দেবধান্য শ্রাদ্ধে যোজনা করিবে। বসন্তকালে রোপিত ধান্য যত্নপূর্ব্বক পরিত্যাগ করিবে।২৯৮ সেই অন্ন ভক্ষণ করিলে পাপ সংক্রমিত হয়। শ্রাবণান্ন ভক্ষণ করিলে দরিদ্র হয়।২৯৯ সোমধান্য ভক্ষণ করিলে চান্দ্রায়ণ ব্রতানুষ্ঠান করিবে। বৃদ্ধধান্য ভক্ষণ করিলে বিভব হয়।৩০০ রাজধান্য ও সিন্নধান্য ভক্ষণে বিষ্ণুলোক ভজনা করিয়া থাকে। রক্ত-শালিধান্য ভক্ষণ করিলে বিজয়শ্রী প্রাপ্ত হওয়া যায়।৩০১ নারায়ণ মাধবভোগ ও যাদব ধান্য ও ভক্ষণ করিয়া, নরগণ খ্যাতিলাভ করে।৩০২ নিমন্ত্রিত ব্রাহ্মণ শ্রাদ্ধে পরিবর্জ্জন করিলে, প্রলয়কাল পর্য্যন্ত নরকে গমন করিয়া থাকে।৩০৩ যদি নিমন্ত্রিত বিপ্র গৃহে ভোজন না করে,

নিমন্ত্রিতো ব্রতস্থশ্চ ব্রহ্মচর্য্যোঽথবা পুনঃ।
নাতিক্রমেচ্চ তৎশ্রাদ্ধং ন দোষো মধুভক্ষণে ॥৩০৫

সদ্যোঘৃতং সদা ধান্যং মাংসং তৈল তথৈবচ।
ব্রতস্থভক্ষণে দেবি ন দোষঃ পিতৃযজ্ঞকে ॥৩০৬

গয়াশ্রাদ্ধে প্রেতপক্ষে তথানুমরণে প্রিয়ে।
গ্রহণে তীর্থশ্রাদ্ধে চ ন জিঘ্রেৎ পিণ্ডকং প্রিয়ে ॥৩০৭

মুক্তিতীর্থং বিনা বিপ্রা নানুগচ্ছেৎ স্বকং পতিং।
পৃথক্ চিতা নানুগচ্ছেন্মুক্তিমার্গেষু সর্ব্বদা ॥৩০৮

ক্রিয়া কার্য্যা দশাহেন অন্যত্র তু নিবারকং।
উদ্বন্ধনমৃতশ্চৈব তথা জলগতে শবে।
পর্য্যুষিতে শবে চৈব ক্ষয়কুষ্ঠিশবে তথা।
নানুর্গচ্ছেচ্চ ব্রাহ্মণ্যা মুক্তিতীর্থাদৃতে প্রিয়ে ॥৩০৯

তবে সেই গৃহস্বামী কালসূত্র নরক লাভ করে; তদনন্তর শূকরযোনি প্রাপ্ত হয়।৩০৪ অতএব নিমন্ত্রিত; ব্রতস্থ ও ব্রহ্মচারী দ্বিজকে কদাচই অতিক্রম করিবে না। শ্রাদ্ধে মধুভক্ষণে দোষ হয় না।৩০৫ ব্রতস্থ ব্যক্তি পিতৃযজ্ঞে সদ্যোকৃত, ধান্য, মাংস ও তৈল ভক্ষণে দোষের নিমিত্ত হয় না।৩০৬ হে প্রিয়ে! গয়াশ্রাদ্ধে, প্রেতপক্ষে, অনুমরণে, গ্রহণে, তীর্থশ্রাদ্ধে পিণ্ড আঘ্রাণ কর্ত্তব্য নয়।৩০৭ ব্রাহ্মণী মুক্তিতীর্থব্যতিরেকে নিজপতির অনুগমন করিবে না। মুক্তিমার্গে সর্ব্বদাই পৃথক চিতায় অনুগমন না করিয়া একচিতাতেই আরোহণ করেন।৩০৮ হে প্রিয়ে! ব্রাহ্মণী মুক্তিতীর্থ ব্যতিরেকে উদ্বন্ধন মৃত, জল গতশব, পর্য্যুসিত শব ক্ষয়কুষ্ঠ যুক্ত শবের অনুগমন করিবে না।৩০৯ বহুপুত্রা সগর্ভা ও রজস্বলা,

বহুপুত্রা সগর্ভা চ তথা চৈব রজস্বলা ।
পতিতা কলহা চৈব অসতী ন কদাচন ॥৩১০
ততোঽনুগমনার্থঞ্চ একাহং স্থাপয়েৎ শবং ।
অনুগচ্ছেৎ পরেহ্যশ্চ দোষস্তত্র ন জায়তে ।
বিদেশমরণে চৈব ভর্ত্তু র্যদ্বস্তু বিদ্যতে ।
তদ্‌দ্রব্যং হৃদয়ে কৃত্বা ক্ষত্রাদীনা মনুব্রজেৎ ॥৩১১
ভাবানুরক্তা বাথ সতী শূদ্রা ভবেৎ কচিৎ ।
তস্যানুমরণং কুর্য্যাদ্ বৈশ্যস্য চ বিধিঃ স্মৃতঃ ॥৩১২
তৃতীয়ায়া মৃতোভর্ত্তা চতুর্থ্যা মাপ্যনুব্রজেৎ ।
ভর্ত্তুরেব তিথৌ তস্যাঃ কুর্য্যাৎসম্বৎসরে বুধঃ ॥৩১৩
একত্র মরণে দেবি একত্র পিণ্ডনির্ব্বপেৎ ।
যুগপৎ কারয়েৎ শ্রাদ্ধ সমাপেবং ন তদ্ভবেৎ ।৩১৪

পতিতা ও কলহরতা ও অসতী নারী কদাচই অনুগমন করিবে না ।৩১০ অনুগমনার্থ শব একাহ রক্ষিত হইতে পারে । তৎপর দিনে অনুগমন করিলে, দোষ হয় না । ক্ষত্রাদি বর্ণত্রয়ের এই বিধি নির্দ্দিষ্ট আছে যে, যদি পতির বিদেশে মরণ হয়, তবে পতির যে বস্তু নিকটে বিদ্যমান থাকে, সেই বস্তু হৃদয়ে ধারণ করিয়া অনুগমন করিবে ।৩১১ শূদ্রা যদি ভাবানুরক্তা হইয়া সতী হয়, তবে সে অনুমরণ করিতে পারে । বৈশ্যের ও বিধি উক্তরূপ জানিও ।৩১২ ভর্ত্তা যদি তৃতীয়ায় মৃত হয়, তবে চতুর্থীতে ও অনুমরণ করিতে পারে । যে তিথিতে স্বামীর মরণ হয়, সম্বৎসর পরে সেই তিথিতে পিণ্ডদান কর্ত্তব্য ।৩১৩ হে দেবি ! একত্র মরণে একত্র পিণ্ড প্রদান করিবে এবং একেবারেই

দম্পত্যোশ্চৈব পিণ্ডঞ্চ বর্ত্তু কারয়েন্নরঃ।
বস্ত্রেণাবরণং কুর্য্যান্মধুক্ষারং নিপাতয়েৎ।৩১৫
ন পিণ্ডেন সহক্ষীরং শুষ্কম্রাং ন কদাচন।
ন ঘৃতং মহিষাজ্যঞ্চ ধাত্রিকং লকুচন্তথা।
দাড়িম্বং বীজপুরঞ্চ উর্ব্বারুককফলস্তথা।
জম্বুফলঞ্চ পদ্মাক্ষং কদলীং রামকং ত্যজেৎ॥৩১৬-৩১৭
কশেরুঞ্চ যুগানঞ্চ কপিলাক্ষীরমেব চ।
তথা জম্বুফলং পক্কং শ্রাদ্ধে দেয়ানি যত্নতঃ॥৩১৮
ব্রহ্মসংমমধুক্ষীরঃ মূলকং করমর্দ্দকং।
বিল্বঞ্চ তিন্দুকঞ্চৈব মধু চ মধুরী তথা।
জম্বুফলঞ্চ পদ্মাক্ষং জীবন্তীশ্চ নিবেদয়েৎ॥৩১৯
ব্রাহ্মণৈঃ ক্ষত্রিয়ৈর্ব্বৈশ্যৈঃ শ্রাদ্ধং স্থচবসোদিতং।
কুলধর্ম্মমনুজ্ঞাপ্তির্দ্দাতব্যং মন্ত্রপূর্ব্বকং॥৩২০

শ্রাদ্ধ কর্ত্তব্য ৩১৪ পতিপত্নীর পিণ্ড বর্ত্তুলাকার করিয়া, তাহা বস্ত্রাচ্ছাদনপূর্ব্বক তদুপরি মধু ও ক্ষীর নিপাতন করিবে।৩১৫ পিণ্ডের সহিত ক্ষীর, শুষ্কাম্র, ঘৃত, মাহিষাজ্য, ধাত্রিক, লকুচ, দাড়িম, বীজপুর, উর্ব্বারুক, (কর্কটীফল) জম্বুফল, পদ্মাক্ষ, কদলীফল, রামক কদাচই প্রদান করিবে না।৩১৬-৩১৭ কশেরু, যুগান, কপিলাক্ষীর, পক্ক জম্বুফল শ্রাদ্ধকর্ম্মে যত্নপূর্ব্বক দাতব্য।৩১৮ ব্রহ্মসংস, মধুক্ষীর মূলক করমর্দ্দক, বিল্ব, তিন্দুক, মধু, মধুরী, জম্বুফল, পদ্মাক্ষ, জীবন্তী, এই সকল নিবেদন করিবে।৩১৯ ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্য এই তিন বর্ণ কুলধর্ম্মানুসারে গুরু ব্রাহ্মণাদির অনুমতি লইয়া, মন্ত্রপূর্ব্বক স্থচবসোদিত

ত্রিভির্ব্বর্ণৈর্ব্বরৈঃ শূদ্রৈর্দ্দেয়ং বিপ্রানুশাসনাৎ।
মন্ত্রবর্জ্জঞ্চ বিধিবদ্ বহ্নিপাক বিবর্জ্জিতঃ।
পুষ্করাদিষু তীর্থেষু পুণ্যেষ্বয়াতনেষু চ।
শিখরেষু গিরীন্দ্রাণাং পুণ্যদেশে তু শঙ্করি।
সরিৎসু পুণ্যতোয়েষু সরিৎসু চ নদেষু চ।
সঙ্গমেষু নদীনাঞ্চ সাগরেষু চ সপ্তসু।
দেবতায়তনে চৈব গোষ্ঠে চ ধাত্রীমূলকে।
দিব্যপাদপমূলেষু তুলসীমধ্যগেষু চ
দশার্ণেষু কুমার্য্যেষু মগধেষু কুশেষু চ।
বিরজস্যোত্তরে তীরে লোহিতস্য চ দক্ষিণে।
দক্ষিণে নর্ম্মদায়াশ্চ আগস্ত্যস্য চ দক্ষিণে।
পূর্ব্বেষু করতোয়ায়া ন দেয়ং শ্রাদ্ধ মুচ্যতে ॥৩২২-৩২৫
শ্রাদ্ধং দেয়ম্বদন্তীহ মাসি মাসি উপক্ষয়ে।
পৌর্ণমাসীষু শ্রাদ্ধঞ্চ কর্ত্তব্যমক্ষগোচরে ॥৩২৬

শ্রাদ্ধ করিবে।৩২০ শূদ্রগণ বিপ্রের অনুশাসনানুসারে বিধিপূর্ব্বক মন্ত্রহীন ও বহ্নিপাকবর্জ্জিত শ্রাদ্ধ করিবে।৩২১ শাস্ত্রজ্ঞগণ কহিয়াছেন যে, পুষ্করাদি তীর্থে, পুণ্যায়তনে, গিরীন্দ্রশিরে, পুণ্যদেশে, সরিৎসকলে পুণ্যসলিল নদী ও নদে নদীসঙ্গমে, সপ্তবাসরে, দেবতায়তনে, গোষ্ঠে, ধাত্রীমূলকে, দিব্যপাদপমূলে, তুলসীমধ্যস্থলে, দশার্ণদেশে, কুমার্য্যে, মগধে ও কুশে, বিরজের উত্তর তীরে, লোহিতের দক্ষিণে, নর্ম্মদার দক্ষিণে ও আগস্ত্যের দক্ষিণে, করতোয়ার পূর্ব্বদিকে শ্রাদ্ধদান কর্ত্তব্য নয়।৩২২।৩২৫ পণ্ডিতগণ কহিয়াছেন যে, মাসে মাসে উপক্ষয়কালে শ্রাদ্ধ কর্ত্তব্য।

নিত্যশ্রাদ্ধং যদৈবঞ্চ মনুষ্যৈঃ সহ গীয়তে।
নৈমিত্তিকং সুরৈঃ সার্দ্ধং নিত্যং নৈমিত্তিকস্তথা।
কাম্যানি যানি শ্রাদ্ধানি প্রতিসম্বৎসরং দ্বিজৈঃ।
বৃদ্ধিশ্রাদ্ধঞ্চ কর্ত্তব্যং কর্ম্মাকর্ম্মাদিকেষু চ ॥৩২৭
তত্র স্নানং হি জানীহি মাতৃপূর্ব্বাংস্তু শঙ্করি।
কন্যাগতে সবিতরি দিনানি দশ পঞ্চ চ।
পার্ব্বণেন বিধানেন শ্রাদ্ধং কুর্য্যাদ্বিচক্ষণঃ ॥৩২৮
যো দদাতি গুড়ৈর্ম্মিশ্রান্ তিলান্ বা শ্রাদ্ধকর্ম্মণি।
মধুনা মধুমিশ্রাণি চাক্ষয়ং মনুনৈব তৎ ॥৩২৯
কৃত্তিকাসু পিতৃনার্চ্চ্য মুক্তিমাপ্নোতি মানবঃ।
অপত্যকামো রোহিণ্যাং সৌম্য তেজস্বিতাং লভেৎ।
মঘাসু চ প্রজাং পুষ্টিং সৌভাগ্যং ফাল্গুনীযু চ।
অন্যেঃ স্বপি চ নক্ষত্রে কর্ত্তব্যং কামচারতঃ ॥৩৩০-৩৩১

পৌর্ণমাসীতে অক্ষগোচরে শ্রাদ্ধ কর্ত্তব্য।৩২৬ নিত্যশ্রাদ্ধ দৈবসহিত, নৈমিত্তিক শ্রাদ্ধ মনুষ্য সহিত, নিত্য নৈমিত্তিক সুরসহিত কর্ত্তব্য। দ্বিজগণ কাম্যশ্রাদ্ধ সকল প্রতি বৎসরেই করিবেন এবং কর্ম্মানুসারে বৃদ্ধিশ্রাদ্ধ করিবেন।৩২৭ হে শঙ্করি! তাহাতে মাতৃপূর্ব্বক স্নান জানিবে। সূর্য্য কন্যারাশিতে গমন করিলে পঞ্চদশদিনে বিচক্ষণগণ পার্ব্বণবিধানানুসারে শ্রাদ্ধ করিবেন।৩২৮ শ্রাদ্ধকর্ম্মে মন্ত্রযোগে গুড়মিশ্রিত তিল দান করিলে, তাহা অক্ষয় হয়।৩২৯ কৃত্তিকায় পিতৃগণের অর্চ্চনা করিলে, নরগণ মুক্তিলাভ করিতে পারে। রোহিণীতে পূজা করিলে অপত্য লাভ, সৌম্যে পূজা করিলে তেজস্বিতা, মঘায় পূজা ফল্গুনীতে পুষ্টি ও

অপনিঃ পিতরো যস্য মৃতাঃ শস্ত্রেণ বাহবে।
তেন কার্য্যশ্চতুর্দ্দশ্যাং তেষাং তৃপ্তি মভীপ্সিতা ॥৩৩২
যদা-প পঞ্চদশশ্রাদ্ধং কর্ত্তব্য কাম্যঃ ভাবতঃ।
চতুর্দ্দশ্যাঃ সমেতশ্চ ষোড়শশ্রাদ্ধ মিষ্যতে ॥৩৩৩
দশম্যাদিকমারভ্য পঞ্চম্যাদিকমেব চ।
তদা বর্জ্যং চতুর্দ্দশ্যাং তিথৌদৈবান্ সমাচরেৎ ॥৩৩৪
শ্রাদ্ধং কুর্য্যান্নমাবস্যাং মাসি মাসি তদা ক্বচিৎ।
সর্ব্বান্ কামানবাপ্নোতি স নর স্বর্গমশ্নুতে ৩৩৫
নিত্যশ্রাদ্ধে তর্পণে চ সুরার্চ্চা নিত্যপূজনে।
ভোজনে ব্রাহ্মণানাঞ্চ দক্ষিণা নহি বিদ্যতে ॥৩৩৬
শ্রাদ্ধাশক্তৌ প্রেতপক্ষে ব্রাহ্মণান্ ভোজয়েৎ প্রিয়ে।
দেবেভোঽন্নং জলং দদ্যাদেবঞ্চাপি নিবেদয়েৎ ।৩৩৭

সৌভাগ্য লাভ হয় অন্য নক্ষত্রেও স্বেচ্ছাক্রমে পিতৃতর্পণ কর্ত্তব্য ।৩৩০।৩৩১ যাহাদের পিতৃগণ যুদ্ধে অস্ত্রদ্বারা মৃত হইয়াছে, চতুর্দ্দশীতে তর্পণ করিলে তাহাদের বিশেষ তৃপ্তিলাভ হয়।৩৩২ তখন কাম্যভাবে পঞ্চদশ শ্রাদ্ধ কর্ত্তব্য। চতুর্দ্দশীতে সমবেতরূপে ষোড়শশ্রাদ্ধ করিবে।৩৩৩ দশমী আদি আরম্ভ করিয়া পঞ্চমাদি বর্জ্জনীয়। চতুর্দ্দশী তিথিতে দৈবশ্রাদ্ধ কর্ত্তব্য।৩৩৪ প্রতি মাসে অমাবস্যায় শ্রাদ্ধ করিলে, মানবগণ সর্ব্বকাম প্রাপ্ত হইয়া স্বর্গলাভ করে।৩৩৫ নিত্যশ্রাদ্ধে, তর্পণে, সুরার্চ্চনে, নিত্য-পূজায় ও ব্রাহ্মণ ভোজনে দক্ষিণা নাই।৩৩৬ হে প্রিয়ে! প্রেতপক্ষের শ্রাদ্ধে অশক্ত হইলে ব্রাহ্মণভোজন করাইবে। দেবগণকে অন্নজলদান করিবে।৩৩৭ হে দেবি! জীবিত পিতামাতার যজ্ঞাদিতে শ্রাদ্ধদিনে

পিত্রোশ্চ জীবতো দেবি যজ্ঞাদৌ শ্রাদ্ধবাসরে।
ভোজয়েদ্ভক্ষ্য ভোজ্যৈশ্চ ফলৈশ্চ বিবিধৈরপি ॥৩৩৮
অভোজিতে হতো যজ্ঞ শ্রাদ্ধঞ্চাপি হতং ভবেৎ।
বৃদ্ধৌ শ্রাদ্ধে পার্ব্বণে চ নিত্যশ্রাদ্ধং বিবর্জ্জয়েৎ ॥৩৩৯
ব্রাহ্মণানাং বহুনাঞ্চ ভোজনং চ মহেশ্বরি।
রাজসূয়াশ্বমেধায় যদিচ্ছেদ্দুর্ল্লভং পদম্।
গয়াং গঙ্গাং গতো গত্বা কুর্য্যাৎ শ্রাদ্ধং বিধানতঃ।
আপ্যম্বুশাকমূলান্নৈঃ শক্তুভির্যাবনীয়কৈঃ ॥৩৪০।৩৪১
তাবৎ পিতৃপূরী শূন্যা যাবদ্বিষ্ণোঃ প্রবোধনম্।
প্রবোধে সমতিক্রান্তে পিত্রা বা দৈবতৈঃ সহ।
নিঃশ্বস্য প্রতিগচ্ছন্তি শাপং দত্বা সুদুষ্করম্ ॥৩৪২
গয়াশ্রাদ্ধং গয়াস্নানং তথা চ তিলতর্পণম্।
খড়্গপাত্রেণ দেবেশি জীবৎপিত্রাদি বর্জ্জয়েৎ ॥৩৪৩

ভক্ষ্যভোজ্য ও বিবিধ ফল ভোজন করাইবে।৩৩৮ ভোজন না করাইলে যজ্ঞ ও শ্রাদ্ধ সমস্তই হত হয়। বৃদ্ধিশ্রাদ্ধে ও পার্ব্বণে নিত্যশ্রাদ্ধ এবং বহু ব্রাহ্মণ ভোজন বর্জ্জনীয়।৩৩৯ রাজসূয়, অশ্বমেধ আদি দুর্ল্লভপদ বাসনা করিলে, গঙ্গা ও গয়ায় গমন করিয়া, শাকমূল জল অন্ন শক্তু ও যাবনীয়ক দ্বারা বিধিমতে শ্রাদ্ধ করিবে।৩৪০-৩৪১ যে পর্য্যন্ত না বিষ্ণুর প্রবোধন হয়, তাবৎ পিতৃপুরী শূন্য থাকে। প্রবোধন না হইলে পিতৃগণ ও দৈবতগণ সুদারুণ শাপদান করিয়া নিঃশ্বাস পরিত্যাগ পূর্ব্বক প্রতিগমন করেন।৩৪২ হে দেবেশি। জীবৎপিতৃকগণ গয়াশ্রাদ্ধ গয়াস্নান ও খড়্গপাত্রে তিলতর্পণ বর্জ্জন করিবে।৩৪৩ সোমবারে ও

সোমবারেত্বমাবস্যা মৌনং স্নানং বিবর্জ্জয়েৎ ॥৩৪৪
যস্য মাতা মৃতা দেবি তস্য মাতৃগয়া প্রিয়ে।
যদিপ্রেতঃ পিতা দেবি পিতৃব্য মরণেঽপিবা।
মাতা পিত্রোর্জ্জীবতোশ্চ নাবিচার্য্যং গয়াং ব্রজেৎ ॥৩৪৫
পিতৃপিণ্ডং প্রদদ্যাত্তু ভোজয়েচ্চ পিতামহং ॥৩৪৬
প্রপিতামহস্য পিণ্ডেঽপিযু শাস্ত্রেষু নিশ্চিতং।
মৃতেযু পিণ্ডঃ দাতব্যং ব্রাহ্মণাংশ্চাপি ভোজয়েৎ ॥৩৪৭
সপিণ্ডীকরণং নাস্তি ন চ পার্ব্বণমিষ্যতে ॥৩৪৮
দক্ষিণাপূরণং সিদ্ধং বিরিক্তং শুভলক্ষণম্।
শুচিং দেশং বিরিক্তঞ্চ গোময়েনোপলেপয়েৎ ॥৩৪৯
পাবকে ভূমিভাগে চ পিতৃণাং নৈব নির্ব্বপঃ।
শমণীয়গ্রহে দেবি আগারঞ্চ বিবর্জ্জয়েৎ ॥৩৫০

অমাবস্যায় মৌনস্নান বর্জ্জনীয়।৩৪৪ হে দেবি! যাহার মাতার পরলোক হইয়াছে, তাহারই মাতৃগয়া হয়। হে দেবি! পিতা যদি প্রেত হয় বা পিতৃব্যের মরণ হয়, তবে গয়া গমন করিবে। পিতামাতা জীবিত-থাকিলে বিচার না করিয়া গয়া গমন করিবে না।৩৪৫ পিতৃপিণ্ড পিতামহ পিণ্ড ও প্রপিতামহ পিণ্ড প্রদান করিয়া, ব্রাহ্মণ ভোজন করাইবে।৩৪৬ শাস্ত্রে এইরূপ নিশ্চিত আছে যে মৃত হইলে পিণ্ড দাতব্য ও ব্রাহ্মণ ভোজন কর্ত্তব্য।৩৪৭ তাহাতে সপিণ্ডীকরণ ও পার্ব্বণ-শ্রাদ্ধ করিবে না।৩৪৮ দক্ষিণাপূরণ সিদ্ধ ও বিরিক্ত শুভ লক্ষণ জানিবে। বিরিক্ত ও শুচিদেশ গোময়ে উপলিম্পনপূর্ব্বক পবিত্র ভূমিভাগে পিতৃগণের নির্ব্বপণ করিবে।৩৩৯ হে দেবি! গ্রহপ্রশমনে

ভিক্ষুকব্রহ্মচারী চ ভোজনার্থমুপস্থিতঃ।
উপবিষ্টেষু শ্রাদ্ধেষু কামভৃদপি পূজয়েৎ ॥৩৫১
সহ ক্রিয়াং দেশকালৌ দ্রব্যব্রাহ্মণসম্পদঃ।
পঞ্চৈতে পিতরোহহন্তি তস্যাঙ্গে হেতু বিস্তরং ॥৩৫২
অপি বা যোজয়েদেবং ব্রাহ্মণং বেদপারগং।
ভূয়াংসি দেবি মে কার্য্যং মানবঃ করোতি যঃ।
ন কামমভবৎ শ্রাদ্ধং তন্ত্রেণাপি সমাপয়েৎ ॥৩৫৩
বৈশ্যদেবস্য পূজারম্ভে তস্ত শ্রাদ্ধঞ্চ বর্জ্জয়েৎ ॥৩৫৪
প্রসাদকরণে চৈব যাত্রায়াং গৃহকর্ম্মণি।
ন বিদ্যতে শ্যামপক্ষে তন্ত্রস্নানং বিবর্জ্জয়েৎ ॥৩৫৫

ইতি যোগিনীতন্ত্রে সর্ব্বতন্ত্রোত্তমে দ্বাবিংশতিসাহস্র্যে কামরূপাধিকারে প্রথমতমে দ্বিতীয়ভাগে পঞ্চমঃ পটলঃ।

আগার পরিত্যাগ করিবে।৩৫০ ভিক্ষুক ব্রহ্মচারী প্রভৃতি ভোজনার্থ উপস্থিত হইলে, শ্রাদ্ধকারী যথাকাম তাঁহাদের পূজা করিবে।৩৫১ ক্রিয়া, দেশ, কাল, দ্রব্য সম্পৎ ও ব্রাহ্মণসম্পৎ, এই পাঁচটি পিতৃগণকে হত করে, তাহার অঙ্গে বিস্তর হেতু বিদ্যমান।৩৫২ অথবা ইহাতে বেদপারগ ব্রাহ্মণ নিযুক্ত করিবে। হে দেবি! আমার কার্য্য বহুতর যে এইরূপ মনে করে তাহার শ্রাদ্ধ পর্য্যাপ্ত হয় না। তাহা হইলে তন্ত্র দ্বারাও কার্য্য সমাপন কর্ত্তব্য।৩৫৩ বৈশ্যদেবের পূজারম্ভে সেই শ্রাদ্ধ বর্জ্জন করিবে।৩৫৪ প্রসাদকরণ যাত্রা ও গৃহকর্ম্ম কৃষ্ণপক্ষে তন্ত্রস্নান বর্জ্জনীয়।৩৫৫

ষষ্ঠ পটলঃ।

শ্রীভগবানুবাচ।

দ্বিতীয়েঽহ্নিদিনে দেবি যৎ কৃতং শৃণু পার্ব্বতি।
চক্রতীর্থে নরঃ স্নাত্বা সর্ব্বপাপাদ্বিমুচ্যতে ॥১
লোহিত্যদক্ষিণং গত্বা বায়ব্যে কোলপর্ব্বতঃ।
তস্য পশ্চিমদিগ্‌ভাগে পাণ্ডুনাথো মহাবলিঃ ॥২
তস্য বায়ব্যভাগেতু ধনুর্দ্বাদশকং সরঃ।
ব্রহ্মকুণ্ডমিতি খ্যাতং সর্ব্বপাপপ্রণাশনং ॥৩
কিং জপৈঃ কিং তপোভিশ্চ কিং দানং কিং স্তুতৈরপি।
ব্রহ্মকুণ্ডে নরঃ স্নাত্বা সিদ্ধিং বিন্দতি তৎক্ষণাৎ ॥৪
ঈশ্বরানুজ্ঞয়া পূর্ব্বমুষন্তং ব্রহ্মণা পুরা।
স্নানার্থং সংপ্রধাবন্তি তত্তীর্থং দেবদানবাঃ। ৫

ভগবান্ কহিলেন হে দেবী পার্ব্বতি! অদ্য দ্বিতীয় দিনের কর্ত্তব্য শ্রবণ কর। নরগণ চক্রতীর্থে স্নান করিয়া সর্ব্বপাপ হইতে বিমুক্ত হয়।১ তদনন্তর লোহিত্যে দক্ষিণে গমন করিয়া, বায়ুকোণে কোলপর্ব্বতে গমন করিবে। তাহার পশ্চিমদিগ্‌ভাগে মহাবলি পাণ্ডুনাথ।২ তাহার বায়ব্য কোণে দ্বাদশধনুঃ পরিমাণ সর্ব্বপাপ প্রণাশন ব্রহ্মকুণ্ড নামক সরস্তীর্থ।৩ জপ তপ দান ও স্তবে প্রয়োজন কি? নরগণ ব্রহ্মকুণ্ডে স্নান করিয়া, তৎক্ষণাৎ সিদ্ধিলাভ করিতে পারে।৪ পুরাকালে ঈশ্বরাজ্ঞায় ব্রহ্মা ইহাতে প্রথমে স্নান করিয়াছিলেন তদনন্তর দেব, দানব।৫ ঋষি, সিদ্ধ

ঋষয়ঃ সিদ্ধগন্ধর্ব্বাস্তীর্থানি চ সরাংসি চ।
মহাত্ম্যমুত্তমং তস্য ব্রহ্মকুণ্ডস্য সুন্দরি ॥৬
তারেণ স্নাত্বা বিধিবদ্ দানং দত্ত্বাদ্‌যথাবিধি।
মণিকাঞ্চনরত্নানি যথাবিভমাত্মনঃ ॥
সম্ভবে সতি যো মোহাৎ ন স্নাতি চ নরাধমঃ।
পচ্যতে নরকেঘোরে যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশঃ ॥৮
তস্য দক্ষিণদিগ্‌ভাগে ধনুঃ পঞ্চ প্রমাণতঃ।
লোহিত্য নামতীর্থং স্নানান্নস্যতি পাতকং ॥৯
স্নানেন তীর্থরাজস্য তথা সর্ব্বাঘ সংক্ষয়ং।
তীর্থরাজসরঃপুণ্যং সর্ব্বতীর্থফল প্রদম্ ॥১০
ভূতলে যানি তীর্থানি সরিতশ্চ সরাংসি চ।
বিশন্তি সর্ব্বতীর্থানি সরিতশ্চ সরাংসি চ ॥১১

ও গন্ধর্ব্বগণ ইহাতে স্নানার্থ গমন করিয়াছিলেন। যাবতীয় তীর্থগণ ও সরঃসকল ইহাতে সন্নিহিত থাকেন। হে সুন্দরি! এই ব্রহ্মকুণ্ড তীর্থের মহাত্ম্য উত্তম জানিবে।৬ তথায় তারামন্ত্রে বিধিবৎ স্নানানন্তর যথাবিধি দান করিবে। আপনার বিভবানুসারে মণিরত্ন কাঞ্চন প্রভৃতি দান কর্ত্তব্য।৭ যে নরাধম সম্ভাবনা সত্বেও এই তীর্থে স্নান না করে, সে চতুর্দ্দশ ইন্দ্রের কালপর্য্যন্ত ঘোর নরকে পতিত হইয়া থাকে।৮ তাহার দক্ষিণদিগ্‌ভাগে লোহিত্য নামক তীর্থ তাহাতে স্নান করিলে পাতক বিনাশ হয়। তীর্থরাজে স্নান করিলে, সর্ব্ব পাপ ক্ষয় পায়। তীর্থরাজ সরোবর পুণ্যতীর্থ ও সর্ব্বতীর্থ ফলপ্রদ।১০ ভূতলে যে সকল তীর্থ সরিৎ ও সরোবর আছে, সেই সমস্তই তীর্থরাজে প্রবিষ্ট হইয়াছে।১১ সাগর

রাজা সমস্ততীর্থানাং সাগরঃ সরিতাং পতিঃ।
তস্মাৎ সমস্ততীর্থেষু শ্রেষ্ঠোঽসৌ সর্ব্বকামদঃ ॥১২
তমোনাশং তথা জ্যোতির্ভাস্করে উদিতে প্রিয়ে।
স্নানেন তীর্থরাজস্য তথা সর্ব্বাঘসংক্ষয়ং ॥১৩
তীর্থরাজসমং তীর্থং ন ভূতং ন ভবিষ্যতি।
অধিষ্ঠানং সদা যত্র প্রভোর্নারায়ণস্য বৈ।
কঃ শক্নোতি গুণান্ বক্তুং তীর্থরাজস্য মে প্রিয়ে।১৪
তিস্রো নবত্য স্মৃতানি যত্র তীর্থানি স্যন্তি বৈ।
তস্মাৎ স্নানঞ্চ দানঞ্চ হোমং জাপ্যং সুরার্চ্চনং।
যৎ কিঞ্চিৎ ক্রিয়তে পুণ্যং চক্ষিয়াং ভবতি প্রিয়ে ॥১৫
নমস্তে ব্রহ্মপুত্রায় নমঃ শান্তনু সূনবে ॥
ত্রিজন্মঞ্চ যৎ পাপং হর মে লোহিতাত্মক ॥১৬

যেমন সমস্ত সরিতের পতি, সেইরূপ এই তীর্থ সমস্ত তীর্থের মধ্যে শ্রেষ্ঠ ও কামদ।১২ হে দেবি! যেমন ভাস্করদেব উদিত হইলে সমস্ত তমোরাশি বিধ্বস্ত হইয়া যায় ও জ্যোতির উদয় হয়, সেইরূপ তীর্থরাজে স্নান করিলে সমস্ত পাপ রাশি ধ্বংস হইয়া যায় এবং পুণ্যের উদয় হয়।১৩ তীর্থরাজের সমান তীর্থ হয় নাই ও হইবে না। হে প্রিয়ে! তথায় নারায়ণদেব নিয়তই অধিষ্ঠান করেন। হে দেবি! তীর্থরাজের গুণ বর্ণন করিতে কে সমর্থ হইবে?১৪ তথায় তিরনব্বই অযুত তীর্থ নিরন্তর অধিষ্ঠান করিতেছে। অতএব সেই তীর্থে স্নান, দান হোম, জপ, সুরার্চ্চন যাহা কিছু করা যায়, তৎসমুদায় অক্ষয় ফলপ্রদ হয়।১৫ "নমস্তে ব্রহ্মপুত্রায় নমঃ শান্তনু সূনবে। ত্রিজন্মঞ্চ যৎ পাপং হর মে লোহিতাত্মক ॥"১৬

ইত্যনেন তু মন্ত্রেণ স্নাত্বা অর্ঘ্যং নিবেদয়েৎ।
পূজয়েৎ পরয়া ভক্ত্যা মন্ত্রেণানেন ভাবিনি।
তীর্থরাজবরং ষষ্ঠং হংসং বামাক্ষিসংযুতং।
শসনং হৃদয়ং বহ্নেঃ প্রিয়াক্রব বপূঃসরঃ।১৭।১৮
তস্য দক্ষিণতোভাগে নাতিদূরে চ সংস্থিতং।
কুলং ধাম্বন্তরং যাবদ্ বিষ্ণুকুণ্ডমিতি শ্রুতং॥১৯
বিষ্ণুকুণ্ডে নরঃ স্নাত্বা বীক্ষ্যেত পাণ্ডুশৌনকং।
গুরুচারুশিলারূপং অগ্রেমঞ্জুসমন্বিতং।
পঞ্চানামশ্বমেধানাং ফলং প্রাপ্নোতি মানুষঃ॥২০
প্রাণস্ত্বং সর্ব্বভূতানাং যোনিশ্চ সরিতাং পতিঃ।
বিষ্ণুকুণ্ডং নমস্তেঽস্তু ত্রাহি মাং সর্ব্বকিল্বিষাৎ॥২১
স্নাত্বানেন বরারোহে একাদশ্যাঞ্চ ফাল্গুনে।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ সর্ব্বদুঃখবিবর্জ্জিতঃ॥
বৃন্দারকসমঃ শ্রীমান্ রূপযৌবনগর্ব্বিতঃ॥

এই মন্ত্র দ্বারা স্নানানন্তর অর্ঘ্য নিবেদন করিবে। হে ভাবিনি! অনন্তর "রাজতীর্থ বরং ষষ্ঠং হংসং বামাক্ষি সংযুতং। শসনং হৃদয়ং বহ্নেঃ প্রিয়াক্রব বপূঃসরঃ॥" এই মন্ত্রদ্বারা ভক্তিপূর্ব্বক পূজা করিবে।১৭।১৮ তাহার দক্ষিণভাগে নাতিদূরে বিষ্ণুকুণ্ড নামে বিখ্যাত তীর্থ সংস্থিত আছে।১৯ বিষ্ণুকুণ্ডে স্নান করিয়া অগ্রভাগে মঞ্জুসমন্বিত গুরু চারুশিলা-রূপ পাণ্ডুশৌনক দর্শন করিলে, মনুষ্যগণ পঞ্চ অশ্বমেধের ফলপ্রাপ্ত হয়।২০ "প্রাণস্ত্বং সর্ব্বভূতানাং যোনিশ্চ সরিতাং পতিঃ। বিষ্ণুকুণ্ডং নমস্তেঽস্তু ত্রাহিমাং সর্ব্বকিল্বিষাৎ॥"২১ এই মন্ত্র দ্বারা ফাল্গুন মাসের একাদশীতে

বিমলেনার্কবর্ণেন দিব্যগন্ধর্ব্বসেবিনা ।
কুলৈকবিংশমুদ্ধৃত্য বিষ্ণুলোকঞ্চ গচ্ছতি ॥২২।২৩
তস্য দক্ষিণকাষ্ঠায়াং কিঞ্চিন্নৈঋর্ত্য গোচরে ।
একাদশধনুর্ম্মাণং শিবকুণ্ডমিতি শ্রুতং ॥২৪
তত্রাভিষেকমাত্রেণ রুদ্রলোকং স গচ্ছতি ।
শিবকুণ্ডে চতুর্দ্দশ্যাং মাসি মাসি মম প্রিয়ে ॥
স্নাত্বারুণোদয়ে কালে ন প্রেতো জায়তে ভুবি ॥২৫
তীর্থানাং পরমং তীর্থ বিষ্ণুস্নান সমুদ্ভবং ।
সরিৎপতে নমস্তেঽস্তু ত্রাহি মাং ত্বং শিবপ্রিয় ॥২৬
স্নাত্বাচানেন মন্ত্রেণ হংসেনার্ঘ্যং নিবেদয়েৎ ।
ততো ব্রজেৎ পাণ্ডুশৈল্যগন্ধতোয়েন স্নাপয়েৎ ।
পূজয়েৎ কমলৈঃশ্বৈত্যৈ করবীরৈঃ শ্বেতৈঃ শুভৈঃ ॥২৭

স্নান করিলে, সর্ব্বদুঃখ হইতে ও সমস্ত পাপ হইতে বিমুক্ত এবং দেবতুল্য শ্রীমান ও রূপ যৌবন সংযুক্ত এবং বিমলার্কতুল্য প্রভাবিশিষ্ট ও গন্ধর্ব্ব কর্ত্তৃক সেবিত হইয়া একবিংশতিকুল উদ্ধারপূর্ব্বক বিষ্ণুলোকে গমন করিয়া থাকে ।২২।২৩ তাহার দক্ষিণদিকে কিঞ্চিৎ নৈঋর্তকোণে একাদশ ধনুঃ পরিমিত বিখ্যাত শিবকুণ্ড আছে ।২৪ তথায় স্নানমাত্রই রুদ্রলোকে গমন করিয়া থাকে । হে প্রিয়ে! প্রতি মাসে চতুর্দ্দশীতে অরুণোদয় কালে শিবকুণ্ডে স্নান করিলে, তাহাকে প্রেত হইয়া আর ভূতলে জন্ম-গ্রহণ করিতে হয় না ।২৫ "তীর্থানাং পরমং তীর্থং বিষ্ণুস্নান সমুদ্ভবং । সরিৎপতে নমস্তেঽস্তু ত্রাহিমাং ত্বং শিবপ্রিয় ॥"২৬ এই মন্ত্রে স্নান করিয়া হংস মন্ত্র অর্ঘ্য নিবেদন করিবে। তদনন্তর পাণ্ডুশৈলে গমন

বিষ্ণবে পাদমাভাষ্য পাণ্ডুনাথায় সৎ পদং।
জবান্তঞ্চ নতিঃ পশ্চাৎ উদ্ধরেৎ জনকাদিষু॥২৮
চতুর্দ্দশার্ণো বালো যৎ শিখান্তং সমুদীরিতং।
নারদোঽস্য ঋষিশ্ছন্দোগায়ত্রী দেবতা হরিঃ।
বিনিয়োগঞ্চ সর্ব্বার্থে কাম্যেষু চ বিশেষতঃ॥২৯
শ্বেতঞ্চ দ্বিভুজং বিষ্ণুং চক্রশঙ্খলসৎকরং।
সর্ব্বলোকেশং বরদং দেবগন্ধর্ব্বসেবিতং।
ধ্যানঃ কৃতার্চ্চয়েদ্ধীমান্ পাত্রপূর্ব্বাদিতঃ ক্রমাৎ॥৩০
লক্ষ্মীং সরস্বতীং গঙ্গাং যমুনাং নর্ম্মদাং শিবাং।
বালাঞ্চকমলাঞ্চৈব তথা সংহর্ষণাদিকং।
দিক্পতীংশ্চ গ্রহাংশ্চৈব বিশ্বকৃসেনং প্রপূজয়েৎ॥৩১
লোহিতেবিধিবৎ স্নাত্বা পাণ্ডুনাথং প্রপূজয়েৎ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকে মহীয়তে॥৩২

করিয়া গন্ধতোয় দ্বারা স্নান করাইয়া সুশোভন শ্বেতসরোজ ও শ্বেত করবীর দ্বারা পূজা করিবে।২৭ তদনন্তর পাণ্ডুনাথ বিষ্ণুকে মন্ত্রোচ্চারণ পূর্ব্বক পূজা করিয়া প্রণাম করিলে, জনকাদি পিতৃগণের উদ্ধার হয়।২৮ যে সকল মন্ত্রের বর্ণচতুর্দ্দশ তাহা শিখান্তে উচ্চারিত করিবে, উহার ঋষিঃ নারদঃ, ছন্দঃ গায়ত্রী, দেবতা হরি এবং সর্ব্বার্থে বিশেষতঃ কাম্যার্থে বিনিয়োগ হয়।২৯ তদনন্তর ধীমান্ মানব শ্বেত, দ্বিভুজ শঙ্খচক্রশোভিতকর সর্ব্বলোকেশ, বরদ, দেবগন্ধর্ব্বসেবিত বিষ্ণুর ধ্যান করিয়া পূর্ব্বপাত্রাদিক্রমে অর্চ্চনা করিবে।৩০ তৎপরে লক্ষ্মী, সরস্বতী, গঙ্গা, যমুনা, নর্ম্মদা, শিবা, বালা, কমলা এবং সংহর্ষণাদি দিক্পতিগণ গ্রহগণ ও বিশ্বকৃসেন এই সকলেরই পূজা কর্ত্তব্য।৩১

মন্বন্তরগতং সাগ্রং জরামৃত্যুবিবর্জ্জিতঃ।
পুণ্যক্ষয়াদিহাগত্য কুলে সর্ব্বগুণান্বিতে।
জন্মপরিগ্রহং কৃত্বা প্রেতবদজাত্ত বৈষ্ণবং।
মন্ত্রং জপার্চ্চয়েদেব মিষ্টমন্ত্রেণ পূজয়েৎ।৩৩।৩৪
পাণ্ডুনাথ নমস্তেঽস্তু নমস্তে মোক্ষকারক।
ত্রাহি মাং সর্ব্বলোকেশ বিষ্ণুরূপ নমোঽস্তুতে।৩৫
নির্ম্মলান্দ সংকাশ নমস্তে পুরুষোত্তম।
নমস্তে পুণ্ডরীকাক্ষ পাণ্ডুনাথ নমোঽস্তুতে।৩৬
নমস্তে হেমগর্ভায় নমস্তে গরুড়ধ্বজ।
ব্রহ্মরূপ নমস্তেঽস্তু নারায়ণ নমোঽস্তুতে।৩৭
নমস্তেঽঞ্জনসঙ্কাশ নমস্তে ভক্তবৎসল।
পাণ্ডুনাথ নমস্তেঽস্তু ত্রাহি ত্রাহি নমোঽস্তুতে।।৩৮

বিধিপূর্ব্বক স্নান করিয়া পাণ্ডুনাথের পূজা করিলে, সর্ব্বপাপ হইতে বিমুক্ত হইয়া বিষ্ণুলোকে গমন করিয়া পূজাপ্রাপ্ত হয়।৩২ তৎপরে জরামৃত্যুবিবর্জ্জিত সেই ব্যক্তি মন্বন্তরকাল অবস্থিতি করিয়া পুণ্যক্ষয় হইলে, পুনর্ব্বার ইহলোকে সর্ব্বগুণান্বিত সৎকুলে জন্মগ্রহণপূর্ব্বক পুনশ্চ প্রেত হইয়া বৈষ্ণবপদ প্রাপ্ত হয়।৩৩।৩৪ "পাণ্ডুনাথ নমস্তেঽস্তু নমস্তে মোক্ষকারক। ত্রাহিমাং সর্ব্বলোকেশ বিষ্ণুরূপ নমোঽস্তুতে।৩৫ নির্ম্মলানন্দসংকাশ নমস্তে পুরুষোত্তম। নমস্তে পুণ্ডরীকাক্ষ পাণ্ডুনাথ নমোঽস্তুতে।।৩৬ নমস্তে হেমগর্ভাভ নমস্তে গরুড়ধ্বজ। ব্রহ্মরূপ নমস্তেঽস্তু নারায়ণ নমোঽস্তুতে।৩৭ নমস্তেঽঞ্জনসঙ্কাশ নমস্তে ভক্তবৎসল। পাণ্ডুনাথ নমস্তেঽস্তু ত্রাহি ত্রাহি নমোঽস্তুতে।৩৮ নমস্তে বিবুধাবাস

নমস্তে বিবুধাবাস নমস্তে বিবুধপ্রিয়।
নারায়ণ নমস্তেঽস্তু ত্রাহি মাং শরণাগতঃ ॥৩৯
নমস্তে বিবুধশ্রেষ্ঠ নমস্তে কমলোদ্ভব।
চতুর্মুখজগদ্ধাম পাণ্ডুরূপ নমোঽস্তুতে ॥৪০
নমস্তে নীলমেঘাভ নমস্তে ত্রিদশার্চ্চিত॥
ত্রাহি বিষ্ণো জগন্নাথ পাণ্ডুরূপ নমোঽস্তুতে ॥২১
নরসিংহ মহাবীর্য্য ত্রাহি মাং দীপ্তলোচন।
বিষ্ণুরূপ নমস্তেঽস্তু পণ্ডুনাথ নমোঽস্তু তে ॥৪২
দেবস্য নৈঋর্তে ভাগে ধনুঃপঞ্চ প্রমাণতঃ।
অশ্বত্থচিহ্নিতং ক্ষেত্রং ধর্ম্মক্ষেত্রং বিজানীহি ॥৪৩
সংহিতাং প্রজপেত্তত্র গীতশাস্ত্রঞ্চ সংজপেৎ।
চতুর্যুগেন সংজপ্যং মন্ত্রেণৈব তু তৎ ফলং।

নমস্তে বিবুধপ্রিয়। নারায়ণ নমস্তেঽস্তু ত্রাহিমাং শরণাগতং ॥৩৯ নমস্তে নমস্তে বিবুধশ্রেষ্ঠ। নমস্তে কমলোদ্ভব। চতুর্ম্মুখ জগদ্ধাম পাণ্ডুরূপ নমোঽস্তুতে ॥৪০ নমস্তে নীলমেঘাভ নমস্তে ত্রিদশার্চ্চিত। ত্রাহি বিষ্ণো জগন্নাথ পাণ্ডুরূপ নমোঽস্তুতে ॥২১ নরসিংহ মহাবীর্য্য! ত্রাহিমাং দীপ্তলোচন। বিষ্ণুরূপ নমোস্তেঽস্তু পাণ্ডুনাথ নমোঽস্তুতে ॥৪২ এই মন্ত্র দ্বারা পাণ্ডুনাথের অর্চ্চনা করিয়া ইষ্টমন্ত্রে পূজা করিবে। পাণ্ডুনাথের নৈঋর্তকোণে পঞ্চধনুঃপ্রমাণ অশ্বত্থ চিহ্নিত ক্ষেত্রে অবস্থিত, উহাকে ধর্ম্ম-ক্ষেত্র বলিয়া জানিবে ॥৪৩ তথায় সংহিতা, জপ ও গীতশাস্ত্র জপ কর্ত্তব্য। চতুর্যুগে বার বা অষ্টবার জপ করিলে মন্ত্র সকল সফল প্রাপ্ত হয় সন্দেহ নাই। তথায় একাবর্ত্তে অন্যত্র পাঠের সহস্র গুণ ফল লাভ হয়।

লভতে নাত্র সন্দেহ একাবর্ত্তে সহস্রকং।
ক্ষেত্রস্যারোহণাদ্দেবি কুরুক্ষেত্রফলং লভেৎ ॥৪৪।৪৫
দেবস্য পূর্ব্বভাগে তু ধনুস্তাবৎ প্রমাণতঃ।
স্বচ্ছাকৃতিশ্চারুশিলা সা লক্ষ্মীঃ পরিকীর্ত্তিতাঃ ॥৪৬
শ্রীবীজেন সমভ্যর্চ্চ মালতীকুসুমৈর্যজেৎ ॥৪৭
বিষ্ণুকুণ্ডে তত স্নাত্বা লক্ষ্মীং কৃত্বা বিধানতঃ।
পৌর্ণমাস্যং গুলার্কে তু লক্ষ্মীতস্যাচলা ভবেৎ।৪৮
তস্য দক্ষিণদিগ্‌ভাগে নাতিদূরে চ শাঙ্করি।
ধনুরষ্টপ্রমাণাঞ্চ কোলক্ষেত্রং বিজানীহি ॥৪৯
অশ্বত্থমূলে দেবেশং কৃষ্ণচারুশিলাময়ং।
লোকো দৃষ্ট্বার্চ্চয়েদ্ভক্ত্যা বিষ্ণুলোকং স গচ্ছতি ॥৫০
ব্রহ্মকূটস্য ধনদে শ্রীকুণ্ডং নাম বৈ সরঃ!
ধনুর্যুগ্মপ্রমাণেন তত্র স্নাত্বা শ্রিয়ং লভেৎ ॥৫১

হে দেবি! এই ক্ষেত্রে আরোহণ করিলে কুরুক্ষেত্র তুল্য ফল প্রাপ্ত হয়।৪৪।৪৫ দেবের পূর্ব্বভাগে তাবৎ ধনুঃ পরিমিত স্বেচ্ছাকৃতি এক মনোহর চারুশীলা প্রতিষ্ঠিত আছে, তিনিই লক্ষ্মী॥৪৬ শ্রীবীজ দ্বারা মালতী কুসুমে তাঁহার অর্চ্চনা করিয়া॥৪৭ বিষ্ণুকুণ্ডে স্নানানন্তর লক্ষ্মীর পূজা করিবে। যে নর, তুলায় পৌর্ণমাসিতে তাঁহার পূজা করে তাহার লক্ষ্মী অচলা হন।৪৮ হে শঙ্করি! তাহার দক্ষিণদিকভাগে নাতিদূরে অষ্টধনুঃপ্রমাণ কোলক্ষেত্র জানিবে॥৪৯ যে মানব, অশ্বত্থমূলস্থিত মনোহর কৃষ্ণ শিলাময় দেবেশ্বরকে দর্শন করিয়া ভক্তিপূর্ব্বক অর্চ্চনা করে, সে বিষ্ণুলোকে গমন করিয়া থাকে।৫০ ব্রহ্মকূটের উত্তরদিকে

চৈত্রে শুক্লদশম্যাঞ্চ একাদশ্যাং সিতেতরে।
মন্ত্রেণ স্নাত্বা শ্রীতীর্থে গতিমাপ্নোত্যনুত্তমাং ॥৫২
শ্রীবস্ত ভগবৎ শ্রেষ্ঠ আরোগ্যবিজয়প্রদ।
শ্রিয়ং দেহি যশো দেহি পাপং হর নমোঽস্তু তে ॥৫৩
তস্য পূর্ব্বে চ দ্বাবিংশদ্ধনুরেব প্রমাণতঃ।
তীর্থং কনখলং প্রোক্তং মহাপাতকনাশনং। ৫৪
বৈশাখস্য তৃতীয়ায়াং শুক্লপক্ষে বিশেষতঃ।
দক্ষিণামূর্ত্তিমন্ত্রেণ স্নাত্বা স্বর্গে মহীয়তে ॥৫৫
সরিৎশ্রেষ্ঠ মহাভাগ দেবগন্ধর্ব্বসেবিত।
দশজন্মার্জ্জিতং পাপং হর তীর্থ নমোঽস্তুতে ॥৫৬
তস্য দক্ষিণভাগে তু পর্ব্বতে চ মনোহরে।
ধনুর্ব্বেদ প্রমাণঞ্চ চম্পকেশং সমর্চ্চয়েৎ ॥৫৭

দুই ধনুঃ প্রমাণ শ্রীকুণ্ডনামক সরোবর, তথায় স্নান করিলে শ্রীলাভ হয় ॥৫১ চৈত্রমাসে শুক্ল দশমীতে এবং কৃষ্ণপক্ষের একাদশীতে শ্রী তীর্থে স্নান করিলে উত্তমা গতি প্রাপ্ত হয়।৫২ শ্রীবস্ত ভগবৎশ্রেষ্ঠ আরোগ্যবিজয়প্রদ। শ্রিয়ং দেহি যশোদেহি পাপং হর নমোঽস্তুতে ॥৫৩ এই মন্ত্রে শ্রীকুণ্ডে স্নান কর্ত্তব্য। তাহার পূর্ব্বে দ্বাবিংশধনুঃ প্রমাণ কনখল নামক মহাপাতকনাশন তীর্থ অবস্থিত ॥৫৪ বৈশাখের শুক্লতৃতীয়ার দক্ষিণামূর্ত্তি মন্ত্র দ্বারা তাহাতে স্নান করিলে স্বর্গলোকে পূজা প্রাপ্ত হয়।৫৫ "সরিৎক্ষেত্র মহাভাগ দেব গন্ধর্ব্ব সেবিত। দশজন্মার্জ্জিতং পাপং হরঃ তীর্থ নমোঽস্তুতে" ॥৫৬ এই মন্ত্রে স্নান পূজা প্রণামাদি সম্পন্ন করিবে। তাহার দক্ষিণভাগে মনোহর পর্ব্বতে চারি ধনুঃপ্রমাণ দূর-

কনখলং উপস্পৃস্য শুচিভাবসমন্বিতঃ।
মুচ্যতে সর্ব্বপাপৈশ্চ ব্রহ্মলোকং ব্রজেদ্‌যতঃ ॥৫৮
তস্য পূর্ব্বে সপ্তধনুঃ শুভে দেবি প্রমাণতঃ।
তীর্থং ত্রৈলোক্য বিখ্যাতং ব্রহ্মণঃ পরমেষ্ঠিনঃ।
পুষ্করং সর্ব্বপাপঘ্নং মৃতানাং ব্রহ্মলোকদং।
মনসা সংস্মরেদ্‌যস্তু পুষ্করন্তু মহেশ্বরি।
মুচ্যতে পাতকৈঃ সর্ব্বৈঃ শক্রেণ সহ মোদতে ॥৫৯।৬০
তত্র দেবাঃ সগন্ধর্ব্বাঃ সযক্ষোরগরাক্ষসাঃ॥
উপাসতে সিদ্ধসংঘা ব্রহ্মাণং পদ্মসম্ভবং ॥৬১
তত্র স্নাত্বা ভবেন্মুক্তো ব্রহ্মাণং পরমেষ্ঠিনং।
পূজয়িত্বা হি বরদং ব্রহ্মণাঞ্চ প্রপশ্যতি ॥৬২
তদাভিগম্য দেবেশং পুরহূতমনিন্দিতং।
স্বরূপো জায়তে মর্ত্ত্যঃ সর্ব্বান কামান্ সমস্নুতে।

স্থিত চম্পকেশ্বরকে অর্চ্চনা করিবে।৫৭ নরগণ, শুচিভাব সমন্বিত হইয়া কনখলে স্নানাদি সমাপন করিলে সর্ব্বপাপ হইতে মুক্ত হইয়া ব্রহ্ম-লোকে গমন করে।৫৮ হে দেবি! তাহার পূর্ব্বদিকে সপ্ত ধনুঃ প্রমাণ ত্রৈলোক্য বিখ্যাত পরমেষ্ঠী ব্রহ্মার পুষ্কর নামক তীর্থ, এই তীর্থ সর্ব্বপাপ বিনাশন এবং মৃতগণের মুক্তিপ্রদ। যে নর মনে মনেও পুষ্করতীর্থের স্মরণ করে, সে সর্ব্ব পাপ হইতে পরিমুক্ত হইয়া শক্র সহিত আনন্দ উপ-ভোগ করে সন্দেহ নাই ॥৫৯।৬০ দেব, গন্ধর্ব্ব, যক্ষ, উরগ ও রাক্ষসগণ তথায় আগমন পূর্ব্বক পরমেষ্ঠী ব্রহ্মার উপাসনা করিয়া থাকেন॥৬১ তথায় স্নান করিলে মানবগণ মুক্তিলাভ করে। তথায় পদ্মযোনির পূজা করিয়া বরদ ব্রহ্মাকে দর্শন করিবে॥৬২ তখন আনন্দিত দেবরাজ পুরন্দরকে

হে পুষ্কর মহাভাগ নমস্তে চ ত্রিপুষ্কর।
হুঁ হুঁ, হৌঁ সরিতাং নাথ পাপং মে হর পুষ্কর।
অনেন স্নানং কুর্য্যাত্তু অস্ত্রেনার্ঘ্যং নিবেদয়েৎ ॥৬৩
পুষ্করস্য চ নৈঋর্ত্যে কিঞ্চিদ্বামে মম প্রিয়ে।
অষ্টবিংশদ্ধনুর্ম্মাণং তীর্থং বদরিকাশ্রমং ॥৬৪
তত্র গত্বার্চ্চয়েদ্দেবং নারায়ণমনাময়ং।
গোসহস্রফলং প্রাপ্য স্নাত্বাভ্যর্চ্চ হরের্দিনে।
নারায়ণ স্যাশ্রমে তু যঃ কুর্য্যাদ্রোহিণীব্রতং।
একেন শতকোটীনাং ব্রতস্য ফলমাপ্নুয়াৎ ॥৬৫।৬৬
তত্র লিঙ্গং মহেশস্য বিভাণ্ডকমিতি শ্রুতং।
প্রসাদেন সমভ্যর্চ্চ্য রুদ্রত্বমধিগচ্ছতি ॥৬৭

দর্শন করিলে নরগণ তাহার স্বরূপ হইয়া সর্ব্বকাম ভোগ করিয়া থাকে। হে পুষ্কর মহাভাগ, নমস্তে চ ত্রিপুষ্কর। হুঁ হুঁ হৌঁ সরিতং নাথ পাপং মে হর পুষ্কর। এই মন্ত্র দ্বারা স্নান করিয়া অর্ঘ নিবেদন করিবে ॥৬৩ হে প্রেয়সি! পুষ্করের নৈঋর্ত কোণে কিঞ্চিদ্ বামে অষ্টবিংশধনুঃ পরিমিত বদরিকাশ্রম তীর্থ ॥৬৪ তথায় গমনপূর্ব্বক নারায়ণ দেবকে অর্চ্চনা করিবে। তথায় হরির দিনে স্নানানন্তর পূজা করিলে গোসহস্র দানের ফল প্রাপ্ত হয়। যে নর নারায়ণের আশ্রমে রোহিণী ব্রত আচরণ করে সে সেই এক ব্রত দ্বারা শতকোটি ব্রতের ফল লাভ করে ৬৫।৬৬ তথায় বিভাণ্ডক নামে বিখ্যাত মহেশের একলিঙ্গ আছে, প্রসাদমন্ত্রে তাঁহার অর্চ্চনা করিলে রুদ্রত্বলাভ হয়।৬৭ পঞ্চগোদাবরী

পঞ্চগোদাবরীং তীর্থং ব্রহ্মাদৈঃ সেবিতং পরং।
পূজয়িত্বা তত্র রুদ্রং প্রসন্নং পরমেশ্বরং।
আরাধয়া মাসহরং পাপক্ষয়ঃ নারায়ণং।
পূজয়িত্বা নমস্কুর্য্যাৎ গোশতানাং ফলং লভেৎ ॥৬৮।৬৯
পুষ্করস্য চ পূর্ব্বে তু কুমারং নাম বৈ সরঃ।
কুমারতীর্থে যঃ স্নায়াদ্‌গাণপত্যঞ্চ বিন্দতি ॥৭০
কুমারতীর্থস্যাগ্নেয়ে পঞ্চাশদ্ধনুরায়তং
নরনারণ্যকং দেবি সর্ব্বদেবগণৈর্বৃতং।
নরনারণ্যকং দেবি সর্ব্বদেবগণৈর্বৃতং ॥৭১
কুমারেশপুরে রাশবিষ্ণোঃ প্রয়স্থিতে রতঃ।
ওঁ ওঁ ঈং হ্রূঁ জগদ্ব্যাপ্ত পাপং হর কুমারকঃ ॥৭২
অনেন মজ্জনং কৃত্বা সুরেশার্ঘ্যং নিবেদয়েৎ ॥৭৩
তত্র দেবো মহাদেবঃ স্থাণুরিত্যভিধীয়তে।
তং দৃষ্ট্বা সর্ব্বপাপেভ্যো মুচ্যতে তৎক্ষণান্নরঃ।৭৪

তীর্থ অতি উৎকৃষ্ট, ব্রহ্মাদি দেবতাগণ উহার সেবা করিয়া থাকেন, তথায় প্রসন্ন পরমেশ্বর রুদ্রদেবকে পূজা করিয়া পঞ্চাক্ষর মন্ত্রে হরের আরাধনা করিয়া নমস্কার করিলে গোশত দানের ফল লাভ হয়।৬৮।৬৯ পুষ্করের পূর্ব্বদিকে কুমার নামক সরোবর তথায় স্নান করিলে গাণপত্য লাভ হয়।৭০ কুমারতীর্থের, অগ্নিকোণে পঞ্চাশৎ ধনুঃপ্রমাণ নরনারীর তীর্থ, উহা নিয়তই দেবগণে পরিবৃত থাকে ॥৭১ কুমারেশ পুরেবাস বিষ্ণোঃ প্রিয়হিতেব্রত। ওঁ ও ঈ হ্রূং.জগদব্যাহ্ন পাপং হর কুমারক।৭২ এই মন্ত্রে মর্জ্জন করিয়া সুরেশার্ঘ্য নিবেদন করিবে।৭৩ তথায় দেবদেব

চম্পকেশস্য ধনদে ধনুর্দ্বিষষ্ঠিমানতঃ।
তদ্বনং চম্পকং নাম সিদ্ধব্রহ্মর্ষিবন্দিতং॥
পুণ্যমায়তনং বিষ্ণোস্তত্রাস্তে পুরুষোত্তমঃ।
ব্রহ্মকূটস্য ধনদে শিলাপঞ্চকমধ্যগাং॥
দুর্গাকূপং মহাকূপং সর্ব্বতোদ্বারমেব হি।
দশাক্ষরেণ মন্ত্রেণ স্নাত্বা কামানবাপ্নুয়াৎ ।৭৫।৭৭
দুর্গা কূপে তথাষ্টম্যাং স্নাত্বা কামমনুং জপন্।
ত্রিঃকৃত্বা পঞ্চমংবাথ কৃষ্ণবিজয় পুষ্পকৈঃ।
পূজয়িত্বা নরস্তত্র পীলুশ্রুতিধরো ভবেৎ ॥৭৮
কাকবন্ধ্যা তু যা নারী মৃতপত্যা চ যা ভবেৎ।
সাপি সন্ততিমাপ্নোতি শরৎকালে বিশেষতঃ ॥৭৯

মহাদেব 'স্থাণু' নামে অভিহিত হইয়া থাকেন। তাহাতে নরগণ দর্শন করিয়া তৎক্ষণাৎ সর্ব্বপাপ হইতে মুক্ত হয়। চম্পকেশের উত্তরে দ্বিষষ্টি ধনু পরিমিত চম্পক নামক বনসিদ্ধ ও ব্রহ্মর্ষিগণ নিয়তই তাঁহার সেবা করেন। তাহা বিষ্ণুর পুণ্য আয়তন তথায় পুরুষোত্তম বাস করেন। ব্রহ্মকূটের উত্তরদিকে শিলাপঞ্চকের মধ্যগত দুর্গাকূপ ইহা এক মহা কূপ জানিবে ইহার সকলদিকেই দ্বার। দশাক্ষর মন্ত্রে ইহাতে স্নান করিলে সর্ব্বকাম প্রাপ্ত হয়।৭৫।৭৭ অষ্টমীতে দুর্গাকূপে স্নানানন্তর কাম মন্ত্র জপ করিলে এবং কৃষ্ণবিজয় পুষ্প দ্বারা তিনবার বা পঞ্চবার পূজা করিলে নরগণ পীলুশ্রুতিধর হয়।৭৮ কাকবন্ধ্যা বা মৃতপত্যা নারী যদি শরৎকালে পূজা করে তবে সে সন্ততি প্রাপ্ত হয়। তথায় কামেশ্বরী দেবীকে বন্ধুক ও বিল্বপত্র দ্বারা পূজা করিলে শাশ্বতী সিদ্ধি লাভ হয়।৭৯।

বন্ধুকৈঃ পূজয়েত্তত্র দেবীং কামেশ্বরীং যদি।
বিল্বপত্রেণ দেবেশি শাশ্বতীং সিদ্ধিমাপ্নুয়াৎ ॥৮০
সাধয়েদীপ্সিতান্ কামান্ তত্র সিদ্ধিঞ্চ বিন্দতি।৮১
কৌলশ্চ বিষ্ণুশৈলঞ্চ পরমেশি চ শঙ্করঃ।
ঈশশ্চ পারিজাতশ্চ কুমারশ্চ গণেশ্বরঃ।
নীলঃশ্বেতোথভুন্নীত উত্তরে সংস্থিতাচলাঃ ॥৮২
মধ্যে বিষ্ণুস্তথাস্থাণুঃ পর্ব্বতোঽথবলস্তথা।
কমলশ্চ শিখা চৈব কপোতোমরুতাচলঃ।৮৩
পূর্ব্বে পাতকূপাদিশ্চ পর্ব্বতঃ পরিকীর্ত্তিতঃ।
আগ্নেয়ে চাচলো দেবি হস্তিকর্ণ বিকর্ণকঃ।
অমাচলো দক্ষিণে তু মরুবকোঽথ প্রজেশ্বরঃ ॥৮৪
দ্যুমন্তঃ কনৈকশ্চৈব বায়ব্যোনীললোহিতঃ।
মানশৈলঃ কামাহ্বয়ঃ বহ্নিরিন্দ্রং শতক্রতুঃ ॥৮৫
লোহিতঃ কমলশ্চৈব নৈঋ‍র্তে নিঋ‍র্তিস্তথা।
গন্ধর্ব্বো লাক্ষণশ্চৈব পিশাচো বিহগাচলঃ ॥৮৬

---

৮০ এবং অভিলষিত কাম্য সকল লাভ করিয়া সিদ্ধি প্রাপ্ত হয়।৮১ হে পরমেশি! কৌলপর্ব্বত, বিষ্ণুশৈল, ঈশ, পারিজাত, কুমার, গণেশ্বর, নীল, শ্বেত, ভুন্নীত এই সকল পর্ব্বত উত্তরে সংস্থিত আছে।৮২ মধ্যে, বিষ্ণুস্থাণু, বল, কমল, শিখা, কপোত, মরুতাচল।৮৩ পূর্ব্বে পাতকূপাদি অচল। হে দেবি! আগ্নেয়কোণে হস্তিকর্ণ ও বিকর্ণক। দক্ষিণে আমাচলো মরুবক, প্রজেশ্বর।৮৪ সুমন্ত ও কনক। বায়ব্যে নীল লোহিত মানশৈলকামাহ্বয়, বহ্নি, ইন্দ্র, শতক্রতু।৮৫ লোহিতক ও কমল। নৈঋ‍র্ত-

পশ্চিমে ব্রহ্মযূপশ্চ হয়মেধো গিরীশ্বরঃ।
উত্তরে উত্তরশ্চৈব তথা চোত্তর পাণ্ডুকঃ ॥৮৭
আদিত্যো বায়ুকোণে তু বায়ুর্ভল্লাতকস্তথা।
ধনদশ্চ মহীধ্রশ্চ জনকশ্চ নলস্তথা ॥৮৮
ঐশান্যাং মণ্ডলশ্চৈব অশ্বক্রান্তঃ সচন্দ্রকঃ।
যমশ্চিত্রবহশ্চৈব গ্রহশ্চৈব যথাক্রমাৎ ॥৮৯
ততো গচ্ছেন্নীলশৈলং মধ্যাহ্নে পরমেশ্বরি।
অষ্টম্যাঞ্চ ত্রয়োদশ্যাং চতুর্দ্দশ্যামথাপি বা ॥
বিষুবে অয়নে বাথ রবিসংক্রমণে তথা।
পূর্ব্বদ্বারি যদা গচ্ছেৎ প্রাপ্নুয়াদ্বিপুলং ধনং ॥৯০।৯১
উত্তরে মুক্তিকামস্তু রাজ্যকামস্তু পশ্চিমে।
যদা দক্ষিণমার্গেণ আরোহেন্নীলকূটকং।
হতরাজ্যো ভবেদ্রাজা অন্যেষাং জায়তে ক্ষয় ॥৯২

কোণে নৈঋৃতি, গন্ধর্ব্ব, লাক্ষণ, পিশাচ ও বিহগাচল।৮৬ পশ্চিমে ব্রহ্মযূপ, হয়মেধ ও গিরীশ্বর। উত্তরে উত্তর, উত্তর পাণ্ডুক।৮৭ ও আদিত্য। বায়ুকোণে বায়ু, ভল্লাতক, ধনদ, মাহীধ্র, জনক ও নল।৮৮ ঈশাণকোণে মণ্ডল, অশ্বক্রান্ত, চন্দ্রক, যম, চিত্রবহ ও গ্রহ।৮৯ হে পরমেশ্বরি! তদনন্তর, মধ্যাহ্নকালে নীল শৈলে গমন করিবে। অষ্টমী, ত্রয়োদশী, চতুর্দ্দশী, বিষুব অয়ন বা রবি সংক্রমণে পূর্ব্বদ্বারে গমন করিলে বিপুল ধন প্রাপ্ত হয়।৯০।৯১ মুক্তিকাম ব্যক্তি, উত্তরদিক্ দিয়া, রাজ্যকাম ব্যক্তি পশ্চিম দিয়া, হতরাজ্য ব্যক্তি দক্ষিণ দিক্ দিয়া নীলকূটে আরোহণ করিলে যথাক্রমে মোক্ষ ও রাজ্য পুনর্ব্বার প্রাপ্ত হয়। অন্যদিক্

ঐশানে তু তদা গচ্ছেৎ বিপুলাং শ্রিয়মাপ্নুয়াৎ।
বায়ব্যে চাগ্নিনৈঋ্ত্যে মহাভয়ঙ্করং ভবেৎ ॥৯৩

নীলং দশভুজং শান্তং মণিকুণ্ডলমণ্ডিতং।
নাগহারোত্তরীয়ঞ্চ বৃষভস্থং বিচিন্তয়েৎ ॥৯৪

পূজয়েদ্বহ্নিবীজেন নমস্কৃত্বা বিধানতঃ।
মন্ত্রেণারোহয়েৎ শৈলং অশ্বমেধফলং লভেৎ।
পূর্ব্বদ্বারে গৃহস্থস্য আরোহোন্নীলপর্ব্বতং ॥৯৫

নীলষ্ঠৈব মহাবাহো ধর্ম্ম কামার্থ মোক্ষদ।
আরোহয়ামি শিখরং পাপং হরপ্রসীদ মে ॥৯৬

দুর্গা কূপে তু পূর্ব্বস্যাং দেবনাম্রাতকেশ্বরং।
ধনুস্ত্রয়ান্তরে দেবি পূজয়েৎ কেশবাদিনা।৯৭

দিয়া আরোহণ করিলে ক্ষয়প্রাপ্ত হয়।৯২ যদি ঈশানকোণ দিয়া আরোহণ করে, তবে স্ত্রীলাভ হয়, বায়ব্যে, আগ্নেয়ে ও নৈঋ্তে আরোহণ করিলে মহাভয় উপস্থিত হয়।৯৩ নীলদেবকে দশভুজ, শান্ত, মণিকুণ্ডল মণ্ডিত, নাগহারোত্তরীয় বৃষভস্থ বলিয়া ভাবনা করিবে।৯৪ বহ্নীবীজে পূজানন্তর বিধিপূর্ব্বক নমস্কার করিয়া মন্ত্রদ্বারা শৈলে আরোহণ করিলে অশ্বমেধের ফল লাভ হয়। গৃহস্থের পূর্ব্বদ্বারে নীল পর্ব্বতে আরোহণ কর্ত্তব্য।৯৫ "নীলষ্ঠৈব মহাবাহো ধর্ম্মকামার্থ মোক্ষদ আরোহয়ামি শিখরং পাপং হর প্রসীদ মে"। ইহাই আরোহণ মন্ত্র।৯৬ হে দেবি! দুর্গাকূপের পূর্ব্বদিকে তিন ধনু অন্তরে, আম্রতাকেশ্বর দেবকে, কেশবাদির সহিত পূজা

তস্য দেবস্য যাম্যে তু ধনুরষ্টান্তরে প্রিয়ে।
গজাকারং কৃষ্ণবর্ণং পূজয়েদ্গণনায়কং ॥৯৮
তস্য পূর্ব্বেণৈব ধনুঃ সংস্থিতশ্চ ত্রিবিক্রমঃ।
তং প্রণম্য নরো ভক্ত্যা সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ।৯৯
তস্যাংশ পঞ্চকং যাবৎ ধনুরেব প্রমাণতঃ ॥
চত্বারিংশদ্ধনুমানং সৌভাগ্যং নাম বৈ সরঃ।১০০
ক্রীড়া পুষ্করিণী সা তু কামাখ্যায়াঃ সুরেশ্বরি।
শক্রেণোপাসিতং পূর্ব্বং সহদেবৈঃ প্রজাপতিঃ।১০১
তস্য পশ্চিমতীরে চ স্নাত্বা তত্র চ মণ্ডলং।
কৃত্বা সম্যগ্বিধানঞ্চ উপবাসং সমাচরেৎ ॥১০২
পঞ্চকেঽন্যদিনে প্রাপ্তে জলে স্নাত্বা বিধানত।
ক্রীড়াপুষ্করিণীং গত্বা কামেশীং যস্তু পূজয়েৎ।
পিতৄন্ সন্তারয়ত্যাশু দেবীলোকে প্রমোদতে ॥১০৩

করিবে।৯৭ হে প্রেয়সি! তাহার দক্ষিণদিকে অষ্ট ধনুঃ অন্তরে স্থিত, গজাকার কৃষ্ণবর্ণ গণনায়কের পূজা কর্ত্তব্য।৯৮ তাহার এক ধনুঃ প্রমাণ পূর্ব্বভাগে, ত্রিবিক্রম দেব সংস্থিত আছেন, নরগণ ভক্তিপূর্ব্বক তাঁহার পূজা করিলে সর্ব্বকাম প্রাপ্ত হয়।৯৯ সেই স্থান ধনুঃ প্রমাণ, তাহার অংশপঞ্চক অবস্থিত। তদনন্তর চত্বারিংশদ্ধনুঃ পরিমিত সৌভাগ্য নামক সরোবর।১০০ সুরেশ্বরি! তাহাই কামাখ্যা দেবীর ক্রীড়া পুষ্করিণী। তথায় পূর্ব্বে ইন্দ্র, দেবগণের সহিত মিলিত হইয়া প্রজাপতির পূজা করিয়াছিলেন।১০১ তাহার পশ্চিমতীরে স্নানানন্তর প্রদক্ষিণ করিয়া বিধিপূর্ব্বক তথায় উপবাস করিবে।১০২ অন্য দিনে পঞ্চকের জলে

সৌভাগ্য সরিদাবর্ত্তে বিমলে মানসপ্রিয়ে।
নমোঽস্কারৌ বষট্ স্বাহা পাপংহর নমোঽস্তুতে।
মন্ত্রেণ মজ্জনং কৃত্বা কামেনার্ঘ্যং নিবেদয়েৎ ॥১০৪
ঐশান্যে তস্য কুণ্ডস্য লৌহিত্যো নাম বৈ সরঃ।
ধ্রুবেণ স্নাত্বা দেবেশি মুচ্যতে ভববন্ধনাৎ ॥১০৫
অগ্নৌকুণ্ডং কালহস্তং যামলং নাম বৈ সরঃ।
তত্র স্নাত্বা চ পার্শ্বেন রূপবান্ জায়তে ভুবি ॥১০৬
নৈঋর্ত্যে পঞ্চকং হস্তং সৌভাগ্যে পরমেশ্বরি।
গঙ্গাসরং বিজানীয়াৎ সর্ব্বতীর্থোদ্ভবং জলং ॥১০৭
কোলামন্তর্গতং কুণ্ডং সৌভাগ্যং পরিকীর্ত্তিতং।
তিস্রঃ কোটার্দ্ধ কোটী চ দিবিভুব্যন্তরীক্ষকে ॥

বিধিপূর্ব্বক স্নান, ক্রীড়াপুষ্করিণী গমনানন্তর কামেশ্বরী পূজা করিলে মানবগণ পিতৃগণের তারণানন্তর দেবীলোকে আনন্দলাভ করে।১০৩ সৌভাগ্য সরিদাবর্ত্তে বিমলে মানসপ্রিয়ে। নমঃ ওঁকারৌ বষট্ স্বাহা পাপং হর নমোঽস্তুতে। এই মন্ত্রে মজ্জনানন্তর কাম মন্ত্রে অর্ঘ্য নিবেদন করিবে।১০৪ সেই কুণ্ডের ঈশানকোণে লৌহিত্যনামক সরোবর, হে দেবেশি! তথায় ধ্রুব মন্ত্রে স্নান করিলে, ভব-বন্ধন হইতে মুক্তিলাভ হয়।১০৫ তদনন্তর অগ্নিকুণ্ড, কালহস্ত ও যামলনামক সরঃ, তথায় পার্শ্ব মন্ত্রে স্নান করিলে ভূতলে রূপবান্ হইয়া জন্মগ্রহণ করে।১০৬ হে পরমেশ্বরি! তাহার নৈঋর্ত-কোণে পঞ্চকহস্ত গঙ্গাসরঃ, তাহাতে সর্ব্বতীর্থসম্ভূত বারি বিদ্যমান আছে।১০৭ কোলার অন্তর্গত তীর্থ সৌভাগ্যনামে পরিকীর্ত্তিত। স্বর্গে অন্তরীক্ষে ও ভূতলে সার্দ্ধত্রিকোটী কুণ্ড, সেই সমস্তই সৌভাগ্য বলিয়া

সৌভাগ্যে তানি সর্ব্বানি মন্দীভূতে দিবাকরে।
তস্মাৎ সমাচরে স্নানং কর্ত্তব্যং মকরে রবৌ॥
তুলাবিষুবসংক্রান্ত্যাং যস্তু স্নানং সমাচরেৎ।
অভার্য্যো লভতে ভার্য্যাং দেবীলোকে প্রমোদতে॥১০৮।১০৯
সৌভাগ্যে সরিদাবর্ত্তে বিমলে মানসপ্রিয়ে।
নমোস্কারো বষট্ স্বাহা পাপং হর নমোঽস্তুতে॥
মন্ত্রেণ মজ্জনং কৃত্বা কামেনার্ঘ্যং নিবেদয়েৎ॥১১০
ঐশান্যে ত্বস্য কুণ্ডস্য লৌহিত্য নাম বৈ সরঃ।
তত্র স্নাত্বা চ পার্শ্বেন রূপবান্ জায়তে ভুবি॥১১১
নৈঋর্ত্যে পঞ্চকং হস্তং সৌভাগ্যে পরমেশ্বরি।
গঙ্গাসরং বিজানীয়াৎ স্নাত্বা বিষ্ণুপুরং ব্রজেৎ॥১১২
গোধিকাকাররূপেণ ব্যক্তাব্যক্তশিলা চ যা।
অনন্তাখ্যং বিজানীয়াৎ কুণ্ডং তস্যোপরি প্রিয়ে॥১১৩

জানিবে। সূর্য্যদেব মকরগত হইলে দিবাকর মন্দীভূত হইলে, তাহাতে স্নান কর্ত্তব্য। তুলাবিষুব সংক্রমণে তথায় স্নান করিলে, ভার্য্যাহীন নরগণ, ভার্য্যা লাভ করিয়া দেবীলোকে গমন করিয়া প্রমোদ প্রাপ্ত হয়। ১০৮।১০৯ সৌভাগ্য সরিদাবর্ত্তে বিমলে মানসপ্রিয়ে। নমোস্কার বষট স্বাহা পাপং হর নমোঽস্তুতে॥ এই মন্ত্রে মজ্জন করিয়া কামমন্ত্রে অর্ঘ্য দান করিবে।১১০ তাহার পর ঈশানকোণে লৌহিত্যনামক সরোবর, তথায় পার্শ্বমন্ত্রে স্নান করিলে রূপবান হইয়া ভূতলে জন্মগ্রহণ করে।১১১ হে পরমেশ্বরি! সৌভাগ্য পঞ্চকহস্ত গঙ্গাসরঃ তথায় স্নান করিলে, বিষ্ণুলোকে গমন করে।১১২ হে প্রিয়ে! গোধিকাকাররূপাঃ যে ব্যক্তাব্যক্ত

অনন্ত পশ্চিমে পার্শ্বে পূর্ব্বে কৃষ্ণশিলা চ যা।
বরাহং তং বিজানীয়াৎ সর্ব্বতীর্থোদ্ভবং জলং ॥১১৪
তুলায়াং বাথ কন্যায়াং শুক্লাষ্টম্যাং বিশেষতঃ।
স্নাত্বা সংবীক্ষয়েদ্দেবীমগ্নিমষ্টো ফলং লভেৎ ॥১১৫
তর্পয়েৎ পিতৃদেবাংশ্চ কাম্যানন্যাংশ্চ তর্পণে।
সর্ব্বতীর্থেষু দেবেশি ন কুর্য্যাৎ কাম্যতর্পণং ॥১১৬
অস্মিন কুণ্ডে অশ্বক্রান্তে আগস্ত্যে চ প্রয়াগকে।
বারাণসীহ্রদে চৈব ভার্গবে মেরুপুষ্করে ॥
গঙ্গাহ্রদে ব্রহ্মসরে দুর্গা কূপে চ ভাবয়েৎ ॥১১৭
পৃথ্বী প্রদক্ষিণে যচ্চ ফলং প্রোক্তং মহর্ষি ভিঃ।
তৎফলং প্রাপ্যতে তস্য কুণ্ডস্যৈব প্রদক্ষিণে ॥১১৮
কুণ্ডস্যাগ্নেয়ভাগে চ তুলাদূরে ব্যবস্থিতং।
কম্বলাখ্যং শিবং দৃষ্ট্বা মুচ্যতে ভববন্ধনাৎ ॥১১৯

শিলা, তাহাই অনন্তাখ্যা কুণ্ড।১১৩ তাহার পশ্চিম ভাগে পূর্ব্বপার্শ্ব দেশে যে কৃষ্ণবর্ণ শিলা, তাহাই বরাহকুণ্ড, তাহাতে সর্ব্বতীর্থ সম্ভূত জল বিদ্যমান।১১৪ তুলা বা কন্যায়, বিশেষতঃ শুক্লাষ্টমীতে স্নানানন্তর দেবী দর্শন করিলে অগ্নিষ্টোমের ফল প্রাপ্ত হয়।১১৫ তথায় পিতৃগণের তর্পণ ও অন্যান্য কাম্যঃ তর্পণ কর্ত্তব্য। হে দেবি! সকল তীর্থেই কাম্যতর্পণ করিবে না।১১৬ এই কুণ্ডে অশ্বতীর্থে, আগস্ত্যে, প্রয়াগে, বারাণসীহ্রদে, ভার্গবে, মেরুপুষ্করে গঙ্গাহ্রদে, ব্রহ্মসরে ও দুর্গাকূপে কাম্যতর্পণ কর্ত্তব্য। ১১৭ হে দেবি! মহর্ষিগণ পৃথিবী প্রদক্ষিণ যে ফল করিয়াছেন, সেই কুণ্ড প্রদক্ষিণ করিলে, সেই ফল লাভ হয়।১১৮ কুণ্ডের অগ্নিকোণে

স্বরেণভাবযুক্তেন নত্যন্তেন প্রপূজয়েৎ ॥১২০
নমো নমস্তে দেবেশ মন্ত্রবৎ সবিভূষিতঃ।
লক্ষ্মীকান্ত নমস্তেঽস্তু অনন্তপুরুষোত্তম ॥
দেবদানবগন্ধর্ব্বপাদপদ্মার্চ্চিত শুভ।
নমো দরদলিঙ্গায় কমলায় নমো নমঃ ॥১২১-১২২
কৃষ্ণাকৃতিং বিষ্ণুরূপং নমস্কৃত্বা মম প্রিয়ে।
স্তুত্বা প্রদক্ষিণং কৃত্বা ততো দেবীগৃহং ব্রজেৎ ॥১২৩
গত্বা শবাসনং জপ্তাবীক্ষেত্তারেণ শাঙ্করি।
স্পৃষ্ট্বা মদনপ্রায়েণ নমোকামেন শাঙ্করি।
পঞ্চামৃতেন তোয়েন স্নাপয়েৎ শুভৈর্জ্জলৈঃ।
মুলমন্ত্রেণ চাচম্য পত্রেণ চ বিমার্জ্জয়েৎ ॥১২৪-১২৫

তুলা পরিমিত দূরে অবস্থিত কম্বলাখ্য শিবকে দর্শন করিলে, ভববন্ধন হইতে মুক্ত হয়।১১৯ ভাবযুক্তমানসে মহামন্ত্রে প্রণামপূর্ব্বক পূজা করিবে।১২০ নমো নমস্তে দেবেশ। মন্ত্রবৎ সবিভূষিত। লক্ষ্মীকান্ত নমস্তেঽস্তু অনন্তর পুরুষোত্তম। দেবদানব গন্ধর্ব্ব পাদ পদ্মার্চ্চিত শুভ। নমো দরদলিঙ্গায় কমলায় নমো নমঃ।১২১-১২২ এই মন্ত্রদ্বারা কৃষ্ণাকৃতি বিষ্ণুরূপকে নমস্কার, স্তুতি ও প্রদক্ষিণ করিয়া তদনন্তর দেবী গৃহে গমন করিবে।১২৩ হে শঙ্করি! তথায় গমন পূর্ব্বক শবাসনে জপ করিয়া তারামন্ত্রে বীক্ষণ ও মদন প্রায়মন্ত্রে স্পর্শন এবং কামমন্ত্রে নমস্কার করিয়া পঞ্চামৃত তোয়ে ও শুভ বারি দ্বারা স্নান করাইবে। তদনন্তর মূলমন্ত্রে আচমন ও পদ্মমন্ত্রে মার্জ্জন করিয়া।১২৪-১২৫ দক্ষিণ-

কামতন্ত্রং কুশীতেন লিঙ্কে দক্ষে মম প্রিয়ে ।
বামে কামং লিখিত্বা তু পুজাং সমাচরেৎ ।১২৬
দেবাঙ্গে চিত্রকে পুষ্টিণৌ খড়্গে চ শঙ্করি ।
শ্মশানে চ মহালিঙ্গে প্রতিমায়াং জলে তথা ।
যন্ত্রে তন্ত্রে শালগ্রামে মণ্ডলঞ্চ বিসর্জ্জয়েৎ ॥১২৭
মহাহোমে মণ্ডলঞ্চ মহাপাতকমাপ্নুয়াৎ ।
ন গৃহ্লাতি চ তৎপুজাং পদং ত্যক্ত্যা ব্রজেৎ পুরং ॥১২৮
ন চ যোন্যন্তরগতং শ্মশানস্য চ পুর্ব্বতঃ ।
মহামণ্ডলকং দেব্যাঃ সাস্থিতস্তত্র পুজয়েৎ ॥১২৯
সপ্তাশীতি ধনুর্ম্মাণং লক্ষ রক্তশিলা চ যা ।
অষ্টহস্তং সপুলকং লিঙ্গং লক্ষার্দ্ধসংযুতং ।
চতুর্হস্তসমং ক্ষেত্রঃ পশ্চিমে যোণিমণ্ডলং ।
বহুমাত্রমিতশ্চৈব প্রস্তারে দ্বাদশাঙ্গুলং ॥
আপাতালং জলং তত্র যোনিমধ্যে প্রতিষ্ঠিতং ॥১৩০।১৩১

ভাগে কুশীত দ্বারা কামমন্ত্র লিখিত করিবে। বামে কামমন্ত্র লিখিয়া তথায় অর্চ্চনা কর্ত্তব্য।১২৬ দেবীর অঙ্গে চিত্রপটে, পুষ্টিমণিতে, খড়্গে, শ্মশানে মহালিঙ্গে প্রতিমায়, জলে, যন্ত্রে, তন্ত্রে, শালগ্রামে, মণ্ডল বর্জ্জন করিবে।১২৭ মহাহোমে মণ্ডল করিলে মহাপাতক প্রাপ্ত হয়। তাহাতে মণ্ডল করিলে সেই স্থান পরিহার পূর্ব্বক স্বস্থানে গমন করেন।১২৮ অন্যযোনিতে, ও মণ্ডল কর্ত্তব্য নয়। শ্মশানের পূর্ব্বভাগে দেবীর মহামণ্ডল সংস্থিত তথায় পূজা করিবে।১২৯ সপ্তাশীতি ধনুঃ পরিমান যে লক্ষ রক্তশিলা বিশিষ্ট এবং সংপুলক অষ্ট হস্ত লক্ষার্দ্ধ লিঙ্গযুক্ত চতুর্হস্ত

উর্ব্বশী যমুনা ধারা কাবেরী চ সরস্বতী।
ব্রহ্মকুণ্ডে সমুদ্ভূতং মণিকূটে চ নির্ম্মলং ॥১৩২
যাতি নাস্তত্র সন্দেহো গত্বা বারাণসী হ্রদে।
প্লাবিত্বা মণ্ডলং দেব্যা ব্যক্তং ব্রহ্মসরে প্রিয়ে ॥১৩৩
মাসত্রয়্যাধিকে ষষ্ঠীবর্ষে শুষ্কবলা ভবেৎ।
দ্বিমাসং ত্রিদিনশ্চৈব নির্ব্বিঘ্নং তিষ্ঠাতি ধ্রুবং।
ষণ্মাসং সুস্থিতে দেবি মহাবিপৎকরী মৃতা ॥১৩৪
কুল্যধ্বরা যদা শুষ্কা বিণ্মূত্রং সন্ত্যজেদ্বহিঃ।
বর্ষে বর্ষে শুষ্ক ধারা যদা ভবতি শঙ্করি।
বাহ্যদেশে চ দুর্ভিক্ষং রোগো ভবতি নিশ্চিতং।
গর্ভে শুষ্কে রাজ্য নাশো সর্ব্বে শুষ্কে ফলং শৃণু ।১৩৫

সমক্ষেত্র পশ্চিমে অবস্থিত, তাহাই যোনিমণ্ডল। সেই যোনিমধ্যে বাহুমাত্র পরিমিত, বিস্তারে দ্বাদশ অঙ্গুল জল, পাতাল পর্য্যন্ত প্রতিষ্ঠিত আছে।১৩০।১৩১ উর্ব্বশী যমুনা ধারা কাবেরী ও সরস্বতী ব্রহ্মকুণ্ডে উদ্ভূত হইয়া মণিকূটে গমন করিয়াছে সন্দেহ নাই।১৩২ তদনন্তর বারাণসী হ্রদে গমনান্তর দেবীর মণ্ডল প্লাবিত করিয়া ব্রহ্মসরে ব্যক্ত হইয়াছে।১৩৩ যাটিবৎসর তিন মাসে শুষ্কবলা হয়। উহা দুইমাস তিন দিন নির্বিঘ্নে অবস্থিত হয়। ছয় মাস অবস্থিতি করিলে বিপৎকারী হইয়া উঠে।১৩৪ যখন কুল্যের শুষ্কধারা হয়, তখন বহির্ভাগে বিণ্মূত্র পরিত্যাগ কর্ত্তব্য। হে শঙ্করি! যখন বর্ষে বর্ষে শুষ্ক ধারা হয়, তখন বাহ্যদেশে দুর্ভিক্ষ ও রোগ হয় সন্দেহ নাই। গর্ভশুষ্ক হইলে রাজ্যনাশ সর্ব্বশুষ্ক হইলে তৎফল

ভবেদ্রাজা রাজ্যভ্রষ্টাব পররাষ্ট্র সমাগমঃ।
এবং বহুবিধা দোযা সম্ভবন্তি বরাননে।
শান্তি কুর্য্যাদ্ বিধাননে তদ্দোষ প্রশমনায় বৈ।
ঘৃতপ্লুতৈঃ করবরৈ দ্বিলক্ষং হোমমাচরেৎ।
পায়সৈর্বা রক্তপুষ্পৈরথবা শ্রীফলৈঃ সুধীঃ ॥১৩৬-১৩৭
কিম্বা ত্রিমধুভির্ভদ্রে গোধামাংসৈ দ্বিলক্ষকং।
ত্রিমধু মেলানাং যৎ স্যাৎ শর্করামধুসর্পি যাং ॥১৩৮
আবর্ত্তিতেন ক্ষীরেণ ঘৃত যুক্তেন হোময়েৎ।১৩৯
অনন্তস্য পশ্চিমে চ অসিনাম্না স্থিতা নদী।
তস্যাঃ পশ্চিমে যা ধারা সা ভবেদ্ বরুণা নদী।
তস্যাঃ স্বচ্ছোদকং পীত্বা ন পুনর্জায়তে ভুবি।১৪০
সিদ্ধেশ্বরং কোটীলিঙ্গং হেরুকং মুক্তিমণ্ডলং।
তথা বারানসীক্ষেত্রং দেব্যা হ্যন্তগৃহং স্মৃতং ॥১৪১

শ্রবণ কর।১৩৫ তাহাতে রাজা রাজ্যভ্রষ্ট, এবং পররাষ্ট্র সমাগম হয়, এইরূপ নানাবিধ দোষ সংঘটিত হইয়া উঠে। তাহাতে শান্তি করা বিধেয়। সুধীগণ ঘৃতপ্লুতকরবীরে দুইলক্ষ হোম করিবেন। অথবা রক্তপঙ্কজ পায়স অথবা শ্রীফল।১৩৬।১৩৭ কিম্বা ত্রিমধুদ্বারা বা গোধা মাংস দ্বারা ঐ দুইলক্ষ হোম করিবেন। শর্করা মধু ও ঘৃত ইহাদিগের সম্মিলনের ত্রিমধু বলে।১৩৮ ঘৃতযুক্ত আবর্ত্তিত ক্ষীরদ্বারা হোম করিবে।১৩৯ অনন্তরে পশ্চিমদিকে অসি নামে এক নদী আছে, তাহার পশ্চিমে যে ধারা, তাহার নাম বরুণানদী, তাহার স্বচ্ছোদক পান করিলে আর জন্মগ্রহণ করিতে হয় না।১৪০ সিদ্ধেশ্বর, কোটি লিঙ্গ, হেরুক, মুক্তিমণ্ডল, বারাণসীক্ষেত্র

পুস্তকে প্রতিমায়াঞ্চ স্থণ্ডিলে চ মহেশ্বরি।
পাদুকায়াং চিত্রপটে তথাখড়্গেঽহনলেজলে ॥১৪২
লৌহিত্যে চ গঙ্গায়াঞ্চ সাগরে তীর্থসঙ্গমে।
প্রতিপীঠে বিল্বমূলে লিঙ্গস্থাং দেবীমর্চ্চয়েৎ।
কথ্যতে যা কালশিলা তৎপীঠং মণিপূরকং।
অন্তর্গেহ মহাপীঠং তদেব মণিপীঠকং ॥১৪৩।১৪৪
শিলায়াং পর্ব্বতাগ্রে চ তথা পর্ব্বতগহ্বরে।
নিত্যঞ্চ পূজয়েদ্দেবিং নরো ভক্তি সমন্বিতঃ।
বারাণস্যাং পূর্ণফলং দ্বিগুণং পুরুষোত্তমে।১৪৫
সর্ব্বক্ষেত্রে চ তীর্থে চ কালগিরি সমং ফলং।
কৌমারে চত্বষ্টগুণং চৌহারে তৎসমং ফলং ॥১৪৬

এই সকল দেবীর অন্তর্গৃহ বলিয়া উক্ত হইয়াছে জানিও।১৪১ পুস্তকে প্রতিমায়, স্থণ্ডিলে, পাদুকায়, চিত্রপটে, খড়্গে, অনলে।১৪২ লৌহিত্যে গঙ্গায়, সাগরে, তীর্থসঙ্গমে, প্রতিপীঠে বিল্বমূলে ও বিল্বমুখে লিঙ্গস্থা দেবীর পূজা করিবে। যাহাকে কালশিলা কহে তাহাই মণিপূরক পীঠ অন্তগৃহ মহাপীঠ, তাহাই মণিপীঠ বলিয়া উক্ত হয়।১৪৩।১৪৪ মানবগণ, ভক্তি সমন্বিতহইয়া শিলায়, পর্ব্বতাগ্রে পর্ব্বত গহ্বরে নিত্যই দেবীর পূজা করিবে। বারাণসীতে দেবী পূজা সম্পূর্ণদায়িনী পুরুষোত্তমে তাহার দ্বিগুণ ফলপ্রদা হয়।১৪৫ সমস্ত ক্ষেত্রে ও তীর্থে পূজা করিলে কাল গিরির সমান ফল হয়। কৌমারে অষ্টগুণ, চৌহারে তাহার সমান ফল হয়।১৪৬ আর্য্যাবর্ত্তে, মধ্যদেশে, ব্রহ্মাবর্ত্তে শ্রীহট্টে মণিপূরবৎ ফলদায়িনী হয়।১৪৭

আর্য্যাবর্ত্তে মধ্যদেশে ব্রহ্মাবর্ত্তে শ্রীহট্টকে ।
মণিপুরসমং দেবী পূজিতা ফলদায়িনী ॥১৪৭
আগস্ত্যে চাশ্বমেধিকে চতুর্গুণফলং ভবেৎ ।
তস্য চতুর্গুণং দেবি জল্পেশ্বরে চ নিশ্চিতং ॥১৪৮
যত্র বিরাজতে যোনিঃ ফলং দশগুণং স্মৃতং ।
তস্য চতুর্গুণং দেবি একাম্রে পরমেশ্বরি ॥১৪৯
মণিকুট শতগুণং মণিশৈলে সহস্রকং ।
জলে স্থলে বাশ্বতীর্থে উক্তং দশগুণং ফলং ॥১৫০
জলে স্থলে কাম্যরূপেপূজনাচ্চ সমং ফলং ।
কামরূপে যথা বিষ্ণুঃ সর্ব্বশ্রেষ্ঠাল ক্ষ্মী মহেশ্বরী ।
কামরূপে তথা দেবি পূজা সর্ব্বোত্তমা স্মৃতা ॥১৫১
কামরূপং দেবীক্ষেত্রং কুত্রাপি তৎ সমং ন চ ।
অন্যত্রে বিরলা দেবি কামরূপে গৃহে গৃহে ॥১৫২

আগস্ত্যে ও অশ্বমেধিকে তাহার চতুর্গুণ এবং জল্পেশ্বরে তাহার চতুর্গুণ ফল নির্দ্দিষ্ট আছে।১৪৮ যেখানে যোনি বিরাজিত আছে, সেখানে তাহার দশগুণ ফললাভ হয়। হে পরমেশ্বরি! একাম্রে তাহার চতুর্গুণ।১৪৯ মণিকুটে তাহার শতগুণ, মণিশৈলে তাহার সহস্রগুণ। অশ্বতীর্থে জলে বা স্থলে তাহার দশগুণ ফল কীর্ত্তিত হইয়াছে।১৫০ কামরূপের জলে স্থলে সর্ব্বত্র পূজায় সমান ফল লাভ হয়। হে প্রিয়ে! মহেশ্বরি যেমন বিষ্ণু সর্ব্বশ্রেষ্ঠ এবং লক্ষ্মী সর্ব্বোত্তমা হন, সেইরূপ কামরূপে দেবীর পূজা সর্ব্বোত্তমা হয় ।১৫১ কামরূপে দেবী ক্ষেত্র, তাহার সমান আর অন্যত্র নাই। দেবী অন্যত্র বিরলা, কিন্তু

কামাখ্যায়াং মহামায়াং যঃ পূজয়তি মানবঃ।
সর্ব্বকামমিহপ্রাপ্য পরলোকে শিবোভবে ॥১৫৩
নহি তৎ সদৃশং কার্য্যং অন্যত্র ভূবি বিদ্যতে।
বাঞ্ছিতার্থং নরো লব্ধা চিরায়ুর্ভবতি ধ্রুবং ॥১৫৪
স্নানকালে চার্দ্ধরাত্রে মহাপূজা সমাপনে।
সান্নিধ্যাং মহামায়ায়াঃ নৈব গচ্ছেৎ স্পৃশেন্ন চ ॥১৫৫
কুমারনে মহাষ্টম্যাং নিশায়াঞ্চ দিনক্ষয়ে।
যুগাদৌ কাত্তিকে মাসি দেবীং পশ্যেন্নবৈ নরঃ ॥১৫৬
দেব্যানী রাজশং শূদ্রো হ্যারতিংবা প্রপশ্যতি।
রূপবান্ স ভবেদ্দেবি সদ্গতিং লভতে ধ্রুবং।
বিধবা ব্রাহ্মণী পশ্যেন্ মহামায়াঞ্চ সর্ব্বদা।১৫৭

কামরূপে গৃহে গৃহে বিরাজিতা আছেন।১৫২ যে মানব, কামাখ্যায় মহামায়ার পূজা করিয়াছে সে ইহলোকে সর্ব্বকাম ও পরলোকে শিব-স্বরূপতা লাভ করিয়াছে সন্দেহ নাই।১৫৩ তাহার সদৃশ কার্য্য অন্যত্র আর কোথাও নাই। তাহাতে নরগণ বাঞ্ছিতার্থ লাভ করিয়া চিরায়ু হইতে পারে।১৫৪ সিদ্ধিকাম মানব স্নানকালে অর্দ্ধরাত্রে মহা পূজার অবসান সময়ে মহামায়ার নিকটে গমন বা স্পর্শন করিবে না।১৫৫ কুমা-রণে মহা অষ্টমীতে নিশাভাগে, দিনক্ষয়ে (সায়ং) যুগাদিতে কার্ত্তিক মাসে দেবীকে দর্শন করিবে না।১৫৬ যে শূদ্র দেবীর নীরাজনা বা আরতি দর্শন করে সে রূপবান হইয়া সদ্গতি লাভ করে। বিধবা ব্রাহ্মণী সদাকালই মহামায়াকে দর্শন করিবে।১৫৭ স্নানকালে মধ্যাহ্নে,

স্নানকালে চ মধ্যাহ্নে নির্ম্মাল্যস্য বিসর্জ্জনে।
ন পশ্যেচ্চ স্ত্রিয়োদেবীং যুবত্যশ্চবিশেশতঃ।১৫৮
পৌষাষ্টম্যাং নবম্যাঞ্চ ত্রয়োদশ্যান্তথৈবচ।
ন গচ্ছেৎ পার্ব্বতীগেহং কর্কটাদ্য দিনত্রয়ে॥
কালেষ্বেতেষু স্পৃষ্টায়াং শাপঞ্চায়ূ ক্ষয়ং লভেৎ।১৫৯
দীক্ষিতস্যার্চ্চনাশস্তা নাদীক্ষিতসঃ চৈবহি।
অতএব চ দীক্ষার্থী রক্তাম্বরধরস্তথা॥
রক্তচন্দনভূষাঢ্যঃ নাগজৈস্তিলকক্রিয়ঃ।
মৃগচর্ম্মণুপাবিস্য দীক্ষাং গৃহ্ণাতি ভক্তিতঃ।১৬০
দীয়তে পরমং জ্ঞানং ক্ষীয়তে পাপবন্ধনাৎ।
অতো দীক্ষে'তি নাম্নো চ খ্যায়তে তত্ত্বচিন্তকৈঃ॥১৬১

নির্ম্মাল্য বিসর্জ্জনকালে স্ত্রীগণ বিশেষতঃ যুবতীগণ দেবীকে দর্শন করিবে না।১৫৮ হে ভদ্রে! পৌষমাসে অষ্টমীতে নবমী ও ত্রয়োদশীতে, কর্কটের আদি তিন দিন, পার্ব্বতী গৃহে গমন করিবে না। ঐ সকল কালে স্পর্শ করিলে অভিশাপ প্রাপ্ত এবং দর্শন করিলে আয়ুক্ষয় হয়।১৫৯ দীক্ষিত ব্যক্তিরই পূজাদি প্রশস্ত, অদীক্ষিতের তৎসমুদায় প্রশস্ত নহে। অতএব দীক্ষা প্রার্থী মানব রক্তাম্বর ধারণপূর্ব্বক রক্তচন্দনে বিভূষিত হইয়া, নাগজের তিলক ধারণপূর্ব্বক মৃগচর্ম্মে উপবেশন করিলে।১৬০ পরমজ্ঞান দান করেন এবং পাপবন্ধন ক্ষয় অর্থাৎ ছেদন করেন বলিয়া তত্ত্বচিন্তক ঋষিগণ "দীক্ষা" এই নাম প্রদান করিয়াছে৯।১৬১ মন

মনসা ক্রিয়য়া বাচা যচ্চপাপ মুপার্জ্জিতং।
নিঃশেষং নাশয়িত্বা চ পরং জ্ঞানং প্রদাস্যতি॥
অতো দীক্ষেতি লোকেঽস্মিন্ কীর্ত্ততে শাস্ত্রকোবিদৈঃ॥১৬২
বিজ্ঞানফলদাচাদ্যে দ্বিতীয়ে লয়কারিণী।
তৃতীয়ে মুক্তিদাপ্রোক্তা ততো দীক্ষেতি গীয়তে॥১৬৩
দ্বিধা দীক্ষা সাধারা চ নিরাধারা তথৈবচ।
নিত্যে নৈমিত্তিকে কাম্যে যস্যা চৈবা বিকারিতা॥১৬৪
সাধারা চ সা প্রোক্তা নিরাধারা চ মুক্তিদা।
নির্ম্মলা সা চ বিজ্ঞেয়া কথ্যতে তত্ত্বচিন্তকৈঃ॥
কুণ্ডঞ্চ মণ্ডলং কৃত্বা সৎপাত্রেভ্যঃ প্রদীয়তে।
ততো দীক্ষা ফলবতী অন্যথা বিফলা ভবেৎ॥১৬৫
অপাত্রেভ্যঃ প্রদত্তা চ দীক্ষা সাপি মহেশ্বরি।
মনোব্যাপারমাত্রেণ নির্বীর্য্যা-ভবতি ধ্রুবং॥১৬৬

কর্ম্ম ও বাক্য দ্বারা যে পাপ উপার্জ্জন করিয়াছে তৎসমুদায় নিঃশেষরূপে নষ্ট করেন এবং পরমজ্ঞান প্রদান করেন, এই নিমিত্তই শাস্ত্রকোবিদগণ ইহার "দীক্ষা" এই নাম কীর্ত্তন করেন।১৬২ প্রথমে বিজ্ঞান ফলদা, দ্বিতীয়ে লয়কারিণী, তৃতীয়ে মুক্তিদা এই নিমিত্ত লোকে "দীক্ষা" এই নাম সংগীত হইয়া থাকে।১৬৩ দীক্ষা দুই প্রকার সাধারণ ও নিরাধারা। নিত্য, নৈমিত্তিক ওকাম্যে যাহার অধিকারিতা আছে।১৬৪ (তাহাই সাধারা) যাহা মুক্তিদা অতএব নির্ম্মদা তাহা নিরাধারা জানিবে। কুণ্ড ও মণ্ডল বিরচনপূর্ব্বক সৎপাত্রে দীক্ষা প্রদান করিলে তাহাই ফলবতী হয়।১৬৫ অপাত্রে দীক্ষা প্রদান করিলে মনের ব্যাপার

অপুত্রো মৃতপুত্রশ্চ কুণ্ডো বা বামন স্তথা।
কুনখী শ্যাবদন্তশ্চ অধিকাঙ্গঃ স্ত্রিয়া জিতঃ।
আচার্য্যো যো ভবেদ্দেবি তৎ সকাশা কদাচন ॥১৬৭
সুমুক্তিশ্চ কুলীনশ্চ জ্ঞানাচারো গুণৈর্যুতঃ।
সময়াচার বিচ্চৈব মন্ত্রং দদ্যাদ্ বিচক্ষণঃ ॥১৬৮
ন গৃহ্লীয়াৎ দেবি দীক্ষাং সত্যঙ্গতং ব্রবীমিতে।
মাতামহাৎ পিতুশ্চৈব মন্ত্রং ন গৃহ্লীয়ান্নরঃ॥
স্বপ্নলব্ধং স্ত্রীদত্তঞ্চ সংস্কারেণৈব শুধ্যতি ॥১৬৯
স্বপ্নলব্ধ মন্ত্রসিদ্ধ্যৈ গুরোঃ প্রাণং নিবেশয়েৎ।
বটপত্র কুঙ্কুমেন লিখিত্বা গ্রহণং তথা।
ততঃ শুদ্ধিমবাপ্নোতি অন্যথা বিফলং ভবেৎ ॥১৭০
অয়নে বিষুবে চৈব গ্রহণে চন্দ্রসূর্য্যয়োঃ
রবেঃ সংক্রান্তিদিবসে যুগাদ্যায়াং সুরেশ্বরি।
মন্বন্তরাসু তিথিষু চতুর্দ্দশ্যষ্টমীষু চ।

মাত্রই তাহা নির্বীর্য্য হইয়া যায়।১৬৬ হে দেবি! অপুত্র মৃতপুত্র, কুণ্ড, বামন, কুনখী শ্যাবদন্ত, অধিকাঙ্গ, স্ত্রীজিত আচার্য্যের নিকট দীক্ষাগ্রহণ উচিত নয়।১৬৭ সুমুক্তি কুলীন, জ্ঞানাচার গুণবান্ ও সময়াচারবিদ ব্যক্তিকেই দীক্ষা প্রদান করিবেন।১৬৮ পিতা ও মাতামহের নিকট হইতে মন্ত্রগ্রহণ কর্ত্তব্য নয়! স্বপ্নলব্ধ ও স্ত্রী দত্ত মন্ত্র সংস্কার দ্বারা শুদ্ধ হয়।১৬৯ স্বপ্নলব্ধ মন্ত্র সিদ্ধ করিতে হইলে কলসে গুরুর প্রাণ নিবেশিত করিবে, তদনন্তর বটপত্রে কুঙ্কুমদ্বারা লিখিয়া গ্রহণ করিবে তাহাতেই মন্ত্র শুদ্ধ হয় অন্যথা বিফল হইয়া যায়।১৭০ ভক্তি শ্রদ্ধান্বিত ব্যক্তিগণ, সংযতমানস

মহাপূজাদিনে বাপি শিষ্যশুদ্ধিদিনেষু চ।
গৃহ্নীয়াৎ প্রযতোভূত্বা ভক্তিশ্রদ্ধাসমন্বিতঃ ।১৭১-১৭২
দেবীপূজাবিধৌ যস্তু মনুষ্যো ভক্তিতৎপরঃ।
স এব দীক্ষাং নান্যস্তু সর্ব্বশাস্ত্রার্থতৎপরঃ ॥১৭৩
চৈত্রে দুঃখায় দীক্ষা স্যাৎ বৈশাখে সর্ব্বসিদ্ধিদা।
জ্যৈষ্ঠে মৃত্যু প্রদা সা স্যাৎ আষাঢ়ে বহু বৎসকা ॥১৭৪
শ্রাবণে বহুহানিঃ স্যাৎ ভাদ্রে চ দুঃখদা মতা।
আশ্বিনে সর্ব্বসিদ্ধ্যৈ সা কার্ত্তিকে জ্ঞান বৃদ্ধিদা ॥১৭৫
শুভকৃন্মার্গশীর্ষে চ পৌষে জ্ঞানবিনাশিনী।
মাঘে চ মেধাং বৃদ্ধিঃ স্যাৎ ফাল্গুনে সর্ব্বশস্যকৃৎ ॥১৭৬
গ্রহণে চ মহাতীর্থে নাস্তি কালস্য নিশ্চয়ং ॥
গয়ায়াং ভাস্করক্ষেত্রে বিরজে চন্দ্রপর্ব্বতে।

হইয়া, অয়নে বিষুবে, চন্দ্র সূর্য্যের গ্রহণে, রবির সংক্রান্তি দিবসে যুগাদ্যে মন্বন্তরায়, চতুর্দ্দশী ও অষ্টমী তিথিতে, মহাপূজায় বা বিশুদ্ধি দিনে দীক্ষা গ্রহণ করিবে।১৭১।১৭২ যে মনুষ্য দেবীর পূজায় ভক্তি তৎপর হয়, সেই সর্ব্বশাস্ত্রার্থতৎপর ব্যক্তির দীক্ষাই সফলা জানিবে।১৭৩ চৈত্রে দীক্ষা দুঃখপ্রদা, বৈশাখে সর্ব্বসিদ্ধিদা, জ্যৈষ্ঠে মৃত্যুপ্রদা আষাঢ়ে বহু বৎসদায়িনী।১৭৪ শ্রাবণে বহু হানিকারী, ভাদ্রে দুঃখদায়িনী, আশ্বিনে সর্ব্বসিদ্ধিদা ও কার্ত্তিকে জ্ঞানবৃদ্ধি প্রদা।১৭৫ মার্গশীর্ষে শুভকরি, পৌষে জ্ঞান-নাশিনী, মাঘে মেধাবৃদ্ধিকারী ফাল্গুনে সর্ব্বশস্যদায়িনী হয়।১৭৬ গ্রহণে ও মহাতীর্থে কাল নির্ণয় গয়ায়, ভাস্করক্ষেত্রে বিরজে, চন্দ্রপর্ব্বতে কোঙ্কনে, মতঙ্গে, কন্যাশ্রমে, এই সকল তীর্থে দীক্ষা

কোঙ্কনে চ মতঙ্গে চ তথা কন্যাশ্রমেষু চ।
নগৃহ্ণীয়াত্ততো দীক্ষাং তীর্থেষ্বেতেষু পার্ব্বতি।
কর্ত্তব্যং দীক্ষিতৈঃ শিষ্যৈর্গুরোঃ সাসনমুত্তমং।১৭৭ ১৭৮
দেবতা হৃদয়ো যঃ স্যাদ্ গুরুপূজাপরায়ণঃ।
পুরশ্চরণাচারো স্যাৎ বিশুদ্ধাত্মা জিতেন্দ্রিয়ঃ॥১৭৯
মন্ত্রতন্ত্রপুরাণানি ভারতঞ্চ গয়াদিষু।
প্রাপ্তুমিত্যেব মানোঽপি গুরুণাজ্ঞাপিতঃ সদা।১৮০
ন স্ত্রী হিংসা চ কর্ত্তব্য প্রসঙ্গং চ মহেশ্বরি॥১৮১
সযবং চক্রবাকঞ্চ ক্রৌঞ্চং পারাবতন্তথা।
নীলশৈলাদি শৈলঞ্চ সদা তস্য প্রিয়ো ভবেৎ॥১৮২
ইত্যেবং দীক্ষিতে নৈব কর্ত্তব্যং দিবসন্তথা।
রাত্রৌ ভুক্ত্বা তথা যত্নাৎ ধ্যাত্বা সংপূজয়েদ্বুধঃ॥১৮৩
তস্যোপ্যপূর্ব্বদিবসং হবিষ্যং বা নিরামিষং।
ভুক্ত্বা পরস্মিন দিবসে হবিষ্যঞ্চ সমাচরেৎ॥১৮৪

গ্রহণ করিবে না, দীক্ষিত শিষ্যগণ গুরুর উত্তম আজ্ঞা প্রতিপালন করিবে।১৭৭।১৭৮ যে শিষ্য ইষ্টদেবতাকে হৃদয়ে করিয়া, গুরুপূজাপরায়ণ, পুরশ্চরণকারী, বিশুদ্ধাত্মা ও জিতেন্দ্রিয় হয়।১৭৯ সেই যথার্থ শিষ্য, সে গুরুর আজ্ঞা গ্রহণ করিয়া, মন্ত্র তন্ত্র পুরণাদি অধ্যয়ন ও ভারতাদি পাঠ ও গয়া গমনাদি সকল কার্য্যই করিয়া থাকে।১৮০ হে মহেশ্বরি! স্ত্রী হিংসা ও প্রসঙ্গ তাহার কর্ত্তব্য নয়।১৮১ যব, চক্রবাক ক্রৌঞ্চ পারাবত ও নীল শৈলাদি পর্ব্বত সকল তাহার প্রিয় হয়।১৮২ দীক্ষিত ব্যক্তি এইরূপে দিবাবিধি সমাপন করিয়া পূজা ধ্যান সমাপনপূর্ব্বক রাত্রিযোগে যত্নের সহিত ভোজন করিবে।১৮৩ তাহার পূর্ব্বদিবসে হবিষ্য নিরামিষ

চরুং চিপিত্বা ভাগার্দ্ধং দেবতায়ৈ নিবেদয়েৎ।
তদর্দ্ধং গুরবে দত্বাৎ পূর্ণন্তু স্বয়মেব হি ॥১৮৫
ভুক্ত্বা চ গুরুণা সার্দ্ধং সর্ব্বদীক্ষাস্বয়ং বিধিঃ।
মন্ত্রং দত্বা গুরুশ্চৈব উপবাসং যদা চরেৎ ॥১৮৬
মোহান্ধকার নরকে কৃমির্ভবতি নান্যথা ॥
দীক্ষাং কৃত্বা যদা মন্ত্রী উপবাসং চরেদ্‌যদি।
তস্য দেবঃ সদা রুষ্টঃ শাপং দত্বা ব্রজেৎ পুরং ॥১৮৭
ইতি যোগিনীতন্ত্রে সর্ব্বতন্ত্রোত্তমে দ্বাবিংশতিসাহস্র্যে
প্রথমতমে দ্বিতীয়ভাগে ষষ্ঠঃ পটলঃ।

ভোজন করিয়া পর দিবসে হবিষ্য করিবে।১৮৪ চরু পাকান্তে দেবতাকে অর্দ্ধ ভাগ নিবেদন পূর্ব্বক তদর্দ্ধভাগ গুরুকে নিবেদন করিয়া অবশিষ্ট স্বয়ং গুরুর সহিত ভোজন করিবে।১৮৫ সর্ব্বদীক্ষাতেই এই বিধি। গুরু, মন্ত্রদান করিয়া উপবাস করেন, তবে তিনি মোহান্ধকার নরকে কৃমি হইয়া বাস করেন।১৮৬ শিষ্য দীক্ষা গ্রহণ করিয়া যদি উপবাস করে তবে দেবতা তাহার প্রতি রুষ্ট হইয়া অভিশাপ প্রদানপূর্ব্বক স্বস্থানে গমন করিয়া থাকেন।১৮৭

ইতি যোগিনীতন্ত্রে দ্বাবিংশতি দ্বিতীয় ভাগে ষষ্ঠ পটল।

সপ্তমঃ পটলঃ।

শ্রীভগবানুবাচ।

শোভনে নির্জ্জনে দেশে নিগূঢ়ে শুভমণ্ডপে।
পুষ্পপ্রকারসংকীর্ণে গন্ধপুষ্পাদিবাসিতে।
তৃতীয় বর্জ্জিতে দেশে পশুদৃষ্টিবিবর্জ্জিতে।
ফলিকাদৌ ততো মন্ত্রী মন্ত্রং তত্র সমুদ্ধরেৎ।১.২
বিনা যন্ত্রং সমুদ্ধরেৎ স্বল্লাল্লফলদাং মতং।
যন্ত্রে সমুদ্ধরেন্মন্ত্রং সম্পূর্ণং বা প্রপূরিতং ॥৩
নভূমৌ বিলিখেদ্বর্ণং পুস্তকে চ সমালিখেৎ।
নভূমৌ পুস্তকং স্থাপ্যং আহরেড্ডাকিনী ততঃ।
ভূকম্পে গ্রহণে চৈব অক্ষরং বাথ পুস্তকং
ভূমৌ তিষ্ঠতি দেবেশি জন্মজন্মনি মূর্খতা।
তদা ভবতি দেবেশি তস্মাক্তং পরিবর্জ্জয়েৎ ॥৫

শ্রীভগবান্ কহিলেন, তদনন্তর মন্ত্রী, শিষ্য, সুশোভন নিগূঢ় নির্জ্জন, তৃতীয় বর্জ্জিত, পশুদৃষ্টিবিরহিত, পুষ্পসমূহসংকীর্ণ, গন্ধপুষ্পাদিবাসিত প্রদেশে শুভমণ্ডপে ফলিকাদিতে মন্ত্র সমুদ্ধার করিবে।১।২ যন্ত্র ব্যতিরেকে সমুদ্ধার করিলে অল্লাল্ল ফল হয়। যন্ত্রে মন্ত্র সমুদ্ধার করিলে সম্পূর্ণ ও পূরিত ফললাভ হয়।৩ ভূমিতে বর্ণ লিখন না করিয়া পুস্তকে লিখিবে। পুস্তক ভূমিতে রাখিয়া দিবে না, তাহা হইলে ডাকিনীগণ হরণ করে।৪ হে দেবেশি! ভূকম্পে গ্রহণে পুস্তক বা অক্ষর ভূমিতলে রাখিলে জন্মমূর্খতা

বংশেনানুল্লিখেদ্বর্ণং তস্ত হানির্ভবেদ্ ধ্রুবং।
তাম্রসূচ্যা হি বিভবো ভজতে নক্ষয়ং ভবেৎ ॥৬
মহালক্ষ্মীপ্রদশ্চৈব স্বুবর্ণস্য শলাকয়া।
বৃহন্নলস্য সূচ্যা বা মতিবৃদ্ধিশ্চ জায়তে ॥৭
তথা অগ্নিময়ে দেবি পুত্রপৌত্রধনাগমঃ।
রৈত্যেন বিপুলা লক্ষ্মীঃ কাংস্যেন মরণং ভবেৎ ॥৮
অষ্টাঙ্গুলপ্রমাণেন দশাঙ্গুলমথাপি বা।
চতুরঙ্গুল সূচ্যা বায়ো লিখেৎ পুস্তকং শুভে।
তত্তদক্ষরসংখ্যানং স্বল্পায়ুর্য্যাতিবৈ দিনে।৯
মানং বক্ষ্যে পুস্তকস্য শৃণু দেবি সমাসতঃ।
মানেনাপি ফলং বিন্দ্যাদমানে শ্রীর্হতা ভবেৎ ॥১০
হস্তমাত্রমুষ্টিমাত্রং আবাহুং দ্বাদশাঙ্গুলং।
দশাঙ্গুলং তথাষ্টৌ চ অতো হীনং ন কারয়েৎ ॥১১

প্রাপ্ত হয়, অতএব হে দেবেশি! কদাচিৎ তাহা কর্ত্তব্য নয়।৫ যে ব্যক্তি বংশলেখনীদ্বারা বর্ণ লিখন করে, তাহার নিশ্চয়ই হানি হয়। তাম্রসূচী দ্বারা লিখিলে অক্ষয় বৈভব লাভ হয়।৬ স্বুবর্ণ শলাকায় মহালক্ষ্মী লাভ বৃহৎনল সূচিদ্বারা মতিবৃদ্ধি হয়।৭ হে দেবি! অগ্নিময়ে পুত্র পৌত্রলাভ ও ধনাগম, দৈত্যদ্বারা বিপুলা লক্ষ্মীলাভ হয়। কাংস্য দ্বারা মরণ হয়।৮ অষ্টাঙ্গুল বা দশাঙ্গুল বা চতুরাঙ্গুল সূচিদ্বারা পুস্তক লিখিলে তাহার অক্ষর সংখ্যানুসারে দিনে দিনে স্বল্পায়ু হইয়া থাকে।৯ হে কল্যাণি! পুস্তকের পরিমাণ সংক্ষেপে কহিতেছি, শ্রবণ কর। পরিমাণানুসারে পুস্তক লিখিলে ফললাভ, পরিমাণ করিয়া পুস্তক লিখিলে

বেধদ্বয়ং মুষ্টিহস্তে বাহুমাত্রে চিরন্তনং।
সমভাগে মহেশানি হস্তাদৌ রূপবন্ধকং।
অষ্টাঙ্গুলং পরিত্যজ্য মধ্যে বেধং চ কারয়েৎ।
প্রাদেশাদৌ ভবেদ্রাজ্ঞা দ্ব্যঙ্গুলে বা সমাচরেৎ।১২।১৩
পুস্তকস্য চ আদ্যন্তে যস্তু বেধং প্রকল্পয়েৎ।
ভার্য্যাহানির্ভবেদাশু ধনানাং বা ক্ষয়ো ভবেৎ॥১৪
ভুর্জ্জে বা তেজপত্রে বা হ্যথবা তালপত্রকে।
অগুরুং নাতি দেবশে পুস্তকং কারয়েৎ প্রিয়ে॥১৫
সম্ভবে স্বর্ণপত্রে চ তাম্রপত্রে চ শঙ্করি।
অন্যে বৃক্ষত্বচি দেবি তথা কেতকিপত্রকে।
মৃত্তাম্রপত্রে রৌপ্যে বা বটপত্রে বরাননে।
অন্যপত্রে বহুদলে লিখিত্বা যঃ সমভ্যসেৎ।১৬-১৭

শ্রীনাশ হয়।১০ হস্ত মাত্র ও মুষ্টিমাত্র, বহিঃ পর্য্যন্ত দ্বাদশাঙ্গুল অথবা দশাঙ্গুল ও অষ্টাঙ্গুল, ইহা অপেক্ষা ন্যূন করিবে না।১১ মুষ্টিহস্তমানে বেধদ্বয়, চিরন্তন পুস্তক বাহুমাত্রমানে কর্ত্তব্য। হে মহেশ্বরি! হস্তাদিতে সমভাগে রূপ বন্ধন করিবে। অষ্টাঙ্গুল পরিত্যাগপূর্ব্বক মধ্যভাগ বিদ্ধ করিবে। প্রাদেশাদি পরিমিত পুস্তকে দুই অঙ্গুল পরিত্যাগপূর্ব্বক বেধন কর্ত্তব্য।১২।১৩ যে ব্যক্তি পুস্তকের আদ্যন্ত বেধন করে, তাহার ভার্য্যা-হানি বা ধনক্ষয় হয়।১৪ ভূর্জ্জপত্রে বা তেজপত্রে, অথবা তালপত্রে কিঞ্চিৎ গুরু করিয়াও পুস্তক করাইবে।১৫ হে প্রিয়ে! সম্ভব হইলে স্বর্ণপত্রে, তাম্রপাত্রে পুস্তক লেখা কর্ত্তব্য। অন্য বৃক্ষত্বকে, কেতকীপত্রে, মৃৎপত্রে, তাম্রপত্রে রৌপ্যপত্রে বা বটপত্রে, কিম্বা অন্য বহু দলপত্রে লিখিয়া, যে

সদুর্গতিমবাপ্নোতি ধনহানির্ভবেদ্ ধ্রুবং।
দেবস্য লিখনং কৃত্বা যঃ পঠেৎ ব্রহ্মহা ভবেৎ ॥১৮
পুস্তকং বা গৃহে স্থাপ্যং বজ্রপাতো ভবেদ্ধ্রুবং।
দগ্ধরন্ধ্রে ভবেৎ পীড়া বর্ত্তুলং শুভদং ভবেৎ।
চতুষ্কোণে বিপ্লবস্তু ত্রিকোণে মরণং ভবেৎ।১৯
সত্যেঽক্ষরে স্থিতঃ শম্ভু শূলপাণিস্ত্রিলোচনঃ।
প্রজাপতির্দ্বাপরে চ ত্রেতায়াংসূর্য্য এব চ।
কৃতে যুগে পিণাকী চ কলৌ লিপ্যক্ষরে হরিঃ ॥২০
আরম্ভে চ সমাপ্তে চ লিখিতং প্রতিপূজয়েৎ।
বিষ্ণুং গন্ধপুষ্পাদ্যৈর্বস্ত্রৈশ্চ সুমনোহরৈঃ।
যাবদক্ষরসংখ্যানং প্রতিপত্রেচ শঙ্করি।
ভবেদ্যুগসহস্রাণি স্বর্গলোকে বসেচ্চিরং।২১-২২

অভ্যাস করে।১৬।১৭ তাহার নিশ্চয়ই ধন হানি হয়, এবং দুর্গতি প্রাপ্ত হইয়া থাকে। দেবের লিখন করিয়া যে পাঠ করে, সে ব্রহ্মঘাতী হয়।১৮ ঐ পুস্তক গৃহে রাখিলে উহাতে বজ্রপাত হয়। দগ্ধ করিয়া রন্ধ্র করিলে পীড়া হয়। বর্ত্তুল রন্ধ্রই শুভদ, চতুষ্কোণে বিপ্লব ও ত্রিকোণ রন্ধ্রে মরণ হইয়া থাকে।১৯ সত্যযুগে অক্ষরে শূলপাণি ত্রিলোচন শম্ভু, দ্বাপরে প্রজাপতি, ত্রেতায় সূর্য্য, কৃতযুগে পিণাকী ও কলিযুগে লিপ্যক্ষরে হরি অধিষ্ঠিত, আছেন।২০ লিখনির আরম্ভে ও সমাপনে মনোহর গন্ধপুষ্প বস্ত্রাদি দ্বারা হরির পূজা করিলে, প্রতিপত্রে যাবৎ পরিমাণ অক্ষর সংখ্যা আছে তাবৎ যুগসহস্র স্বর্গলোকে বাস করে।২১।২২ পুস্তক লিখিয়া

বেতনঞ্চ ন গৃহ্ণীয়াৎ লিখিত্বা পুস্তকস্য চ।
যাবদক্ষসংখ্যানং তাবচ্চ নরকে বসেৎ॥২৩
ব্যঞ্জনক্ষিতিমারূঢ়ং বামনেত্রেন্দুসংযুতং।
মহাবীজং বিজানীয়াৎ জপেৎ মুক্তিমবাপ্নুয়াৎ॥২৪
প্রণবাৎ প্রণবং বক্ষ্যে বষড়ন্তে চ ঠদ্বয়ং।
স্বয়ং বদেৎ স্বরান্তে চ নতিঞ্চৈব হৃদাত্মকং।
আদ্যমেব গ্রহস্থস্য প্রণবং সর্ব্বমন্ত্রকে।
আদ্যন্তবর্ণসংস্থস্য আত্মজ্ঞান বিবৃদ্ধয়ে ২৫।২৬
মন্ত্রবিদ্যাবিভাগে তু দ্বিবিধং জায়তে প্রিয়ে।
মন্ত্রাঃপুং দেবতাঃ প্রোক্তা বিদ্যা স্ত্রী দেবতাঃ স্মৃতাঃ॥২৭
পুংমন্ত্রা হুঁফড়ন্তাঃ স্যুঃ দ্বিঠান্তাঃ স্যুঃ স্ত্রিয়ো মতাং।
নপুংসকা নমোঽন্তাঃ স্যুর্ম্মনবশ্চ ত্রিধা মতাঃ॥২৮

বেতন গ্রহণ করিলে, যাবৎ সংখ্যক অক্ষর পুস্তকে বিদ্যমান থাকে, তাবৎ যুগ নরকে বাস করিতে হয়।২৩ ব্যঞ্জন ক্ষিতি আরূঢ়, বামনেত্র ও ইন্দু সংযুত মহাবীজ জানিবে, তাহা জপ করিলে মুক্তিলাভ হয়।২৪ প্রণবের পর প্রণব উচ্চারণ করিয়া বষট্ এর পর ঠদ্বয়ের উচ্চারণপূর্ব্বক হৃদাত্মক মন্ত্রে নমস্কার করিবে। গৃহস্থের সকল মন্ত্রের আদিতেই প্রণব প্রযোজ্য। আদ্যে ও অন্ত্যবর্ণের পর প্রণবোচ্চারণ আত্মজ্ঞান বুদ্ধির নিমিত্ত হয়।২৫।২৬ মন্ত্রবিদ্যা বিভক্ত হইয়া দুই প্রকার হয়। পুং দেবতার উদ্দেশে যাহা প্রযুক্ত হয়, তাহাই মন্ত্র এবং স্ত্রীদেবতার উদ্দেশে যাহা প্রযুক্ত হয় তাহাই বিদ্যা।২৭ পুংদেবতারমন্ত্রান্তে হুঁ ফট্ প্রযুক্ত হয় এবং স্ত্রীদেবতার মন্ত্রান্তে ঠদ্বয় প্রযুক্ত হইয়া থাকে। নপুংসক মন্ত্রের অন্তে নমঃ এই পদ প্রযুক্ত

এতৎশূন্যা ভবেদ্বিস্থা মহাশব্দেন কীর্ত্তিতা।
পরমেষ্ঠি ঋষিশ্ছন্দো গায়ত্র্যাং সমুদাহৃতং।
দেবতা ত্রিপুরাখ্যাতা সর্ব্বার্থে বিনিযোজয়েৎ ॥২৯
বিধিনা স্থাপয়েদ্দেবীং বারিনা প্রথমং প্রিয়ে।
মুখপ্রক্ষালনং কৃত্বা পুনঃ স্নানং সমাচরেৎ ॥৩০
দিনদ্বয়ান্তরে দেবী উত্থায়াষ্টদিনান্তরে।
তৈলেনোদ্বর্ত্তনং কুর্য্যাৎ কষায়ে নাতি রুক্ষয়েৎ ॥৩১
পক্ষান্তে চৈব মাসান্তে মহাস্নানং সমাচরেৎ।
মূলবীজেন দেবেশি দ্রব্যমন্ত্রেণ বা প্রিয়ে ॥
বৈদিকে নাথ মন্ত্রেণ মায়য়া বা সমাচরেৎ।
কলসৈঃ স্নাপয়েৎ পশ্চাৎ অর্ঘ্যস্নানমনন্তরং ॥৩২।৩৩
অর্ঘ্যস্নান ততঃ কৃত্বা পুনঃ স্নানং করোতি চ।
দেবী লোকচ্যুতির্ভবতি ধনহানিশ্চ জায়তে ॥৩৪

হয়, এইরূপে বিভক্ত হইয়া মন্ত্র তিন প্রকার জানিবে।২৮ এই শূন্যবিস্থা মহাশব্দে কীর্ত্তিত হয়। পরমেষ্ঠি ঋষি, গায়ত্রী ইহার ছন্দঃ, দেবতা ত্রিপুরাখ্যা, ইহা সর্ব্বার্থে বিনিয়োগ করিবে।২৯ হে প্রেয়সি! দেবীকে বিধিপূর্ব্বক স্থাপিত করিয়া প্রথমে বা করদ্বারা মুখ প্রক্ষালনপূর্ব্বক পুনর্ব্বার স্নান করিবে।৩০ হে দেবি! তদনন্তর দুই দিন অন্তরে উত্থিত হইয়া অষ্টদিনান্তরে তৈলদ্বারা উদ্বর্ত্তন করিয়া কাষায় দ্বারা অতি রুক্ষ করিবে।৩১ পক্ষান্তে ও মাসান্তেও দেবীর মহা স্নান কর্ত্তব্য। হে দেবি! মূল বীজমন্ত্রে বা দ্রব্যমন্ত্রে অথবা বৈদিক মন্ত্রে কিম্বা মায়ামন্ত্রে দেবীর ঐ স্নানাচরণ করিবে। তদন্তর কলসে স্নান করাইয়া অর্ঘ্য স্নান করাইবে। ৩২।৩৩ অর্ঘ্য স্নানান্তর পুনর্ব্বার স্নান করাইলে সে দেবীলোক হইতে চ্যুত

বারিণা প্রথমং স্নানং ক্ষীরেণ তদনন্তর।
দধ্না ঘৃতং পিণ্ডদ্বয়ং শর্করাঞ্চ গুড়ং মধু।
তিলক্ষীরং দধিতিলং মধুক্ষীরেণ স্নাপয়েৎ ॥৩৫
উষ্ণোদকং ফলঞ্চৈব তথাচৈব কুশোদকং।
গন্ধোদকঞ্চ রত্নানামুদকং পুষ্পতোয়কং।
বিল্বোদকং সপ্তপত্রং রক্ত পুষ্পোদকন্তথা।
স্বর্ণ শঙ্খোদকঞ্চৈব তাম্রাধারমনন্তরং ॥
ঘটোদকং কুশঞ্চৈব অর্ঘ্যস্নানং সমাচরেৎ ॥৩৬।৩৭
পঞ্চগব্যেন যো দেবীং তথা দুগ্ধকুশোদকৈঃ।
স্নাপয়েদ্বিবিধৈর্ম্মন্ত্রৈর্ব্রহ্মস্নানং হি তৎ স্মৃতং ॥৩৮
কপিলাপঞ্চগব্যেন তথা ক্ষীরযুতেন চ।
স্নানং শতগুণং প্রোক্তং তথা ইক্ষুরসেনচ ॥৩৯

হয় এবং তাহার ধনহানি হইয়া থাকে।৩৪ বারিদ্বারা প্রথম স্নান, তদন্তর ক্ষীরদ্বারা, তৎপরে দধিদ্বারা, ঘৃত পিণ্ডদ্বয়, শর্করা গুড় মধু তিলক্ষীর দধিতিল ও মধুক্ষীর দ্বারা ক্রমশঃ স্নান করাইবে।৩৫ তদনন্তর উষ্ণোদক, ফল কুশোদক, গন্ধোদক, রত্নোদক, পুষ্পতোয়, বিল্বোদক, সপ্তপত্র, রক্ত পুষ্পোদক স্বর্ণ শঙ্খোদক, তাম্রাধার, ঘটোদক ও কুশদ্বারা ক্রমে অর্ঘ্যস্নান করাইবে।৩৬ ৩৭ পঞ্চগব্য দ্বারা দুগ্ধ কুশোদক দ্বারা বিবিধমন্ত্রে দেবীকে স্নান করাইলে তাহাই ব্রহ্মস্নান বলিয়া উক্ত হয়।৩৮ হে দেবি! ক্ষীরযুক্ত কপিলা পঞ্চগব্যদ্বারা এবং ইক্ষুরস দ্বারা স্নান করাইলে শতগুণ ফল লাভ হয়।৩৯ হে দেবি! যে মানব শ্রদ্ধা ভক্তি সমন্বিত হইয়া ক্ষীর-

ক্ষীরেণ স্নাপয়েদ্যস্তু শ্রদ্ধাভক্তিসমন্বিতঃ।
কামাখ্যাং বিধিবদ্দেবি ইন্দ্রলোকে মহীয়তে ॥৪০
ঘৃতাভ্যঙ্গেন দেবাঙ্গং ঘৃতেন বিধিবৎ প্রিয়ে।
দশপূর্ব্বান্ দশপরান আত্মানঞ্চ বিশেষতঃ ॥
ভবার্ণবাৎ সমুদ্ধৃত্য দুর্গালোকে মহীয়তে ॥৪১
স্নাপয়েদ্বিধিবদ্যস্তু দধ্না দূর্ব্বাক্ষতেন চ।
রাজতেন বিমানেন শিবলোকে মহীয়তে ৪২
কামাখ্যাং স্নাপয়েদ্ যস্তু নবইক্ষুরসেন চ।
গরুড়েন বিমানেন বিষ্ণুনা সহ মোদতে ॥৪৩
স্নাপয়িত্বা নরো দুর্গাং গন্ধচন্দনবারিণা।
চন্দ্রাংশু নির্ম্মলঃ শ্রীমান্ চন্দ্রলোকে মহীয়তে ॥৪৪
সুগন্ধপুষ্পতোয়েন স্নাপয়িত্বা নরঃ ক্বচিৎ।
নাগলোকং সমাসাদ্য ক্রীড়তে সহ পন্নগৈঃ ॥৪৫

দ্বারা কামাখ্যা দেবীকে স্নান করায়, সে ইন্দ্রলোকে পুজা প্রাপ্ত হয়, সন্দেহ নাই।৪০ হে প্রিয়ে! ঘৃতদ্বারা বিধিপূর্ব্বক দেবীর অঙ্গ অভ্যঙ্গ করাইলে, পূর্ব্ব দশ পুরুষ ও পর দশ পুরুষ এবং আপনাকে ভবার্ণব হইতে উদ্ধার করিয়া দুর্গালোকে গমনপূর্ব্বক পূজা-প্রাপ্ত হয়।৪১ যে নর দধি ও অক্ষত দ্বারা দেবীর স্নান সম্পাদন করে, সে বিমানে আরোহণ পূর্ব্বক বিরাজিত হইয়া শিবলোকে গমন করিয়া থাকে।৪২ যে ব্যক্তি নব ইক্ষুরসে দেবীকে স্নান করায়, সে গরুড়বিমানে আরোহণ করিয়া বিষ্ণুর সহিত প্রমোদলাভ করে।৪৩ যে নর, গন্ধচন্দনবারি দ্বারা দুর্গা-দেবীর স্নান সম্পাদন করে, সে চন্দ্রাংশুতুল্য নির্ম্মল ও শ্রীমান হইয়া চন্দ্রলোকে গমন পূর্ব্বক পূজিত হইয়া থাকে।৪৪ নরগণ, সুগন্ধ পুষ্প-

স্নাপয়িত্বা তু কামেশীং শ্রুতয়া হেমবারিণা।
সৌবর্ণযানমারূঢ়ো মোদতে বসুভিঃ সহ ॥৪৬
রত্নোদকেন বিধিবৎ স্নাপয়েদ্যস্তু মানবঃ।
স দিব্যযানমারুহ্য মোদতে হরিণা সহ ॥৪৭
দ্রোণপত্র-বিল্বপত্র-করবীরোৎপলানি চ।
স্নানকালে প্রযোজ্যানি দেবী প্রীতি করাণি চ ॥৪৮
এষামেকতং স্নানং কৃত্বা বৈ শ্রদ্ধায়ান্বিতঃ।
ভগবত্যে নারোভক্ত্যা বিষ্ণুলোকে মহীয়তে ॥৪৯
স্নাপয়েদ্যস্তু বৈ দেবী নরঃ কর্পূরবারিণা।
স গচ্ছতি পরং স্থানং যত্র কামেশ্বরি স্থিতা ॥৫০
পিতৃমুদ্দিশ্য যো দেবীং ক্ষীরেণ মধুনাথবা।
স্নাপয়েদ্বিধিবদ্ভক্ত্যা তস্য পুণ্যফলং শৃণু ॥৫১

বারি দ্বারা দেবীকে স্নান করাইয়া, নাগ লোকে গমন পূর্ব্বক পন্নগগণের সহিত ক্রীড়া করে।৪৫ যে নর, পরিশ্রুত হেমবারি দ্বারা কামাখ্যা দেবীর স্নান সম্পাদন করে, সে সুবর্ণযানে আরোহণ করিয়া বসুগণের সহিত প্রমুদিত হয়।৪৬ যে মানব রত্নোদকদ্বারা বিধিপূর্ব্বক দেবীর স্নান সম্পাদন করে, সে দিব্যযানে আরোহণ করিয়া হরির সহিত আনন্দ লাভ করে।৪৭ স্নানকালে দ্রোণপত্র, বিল্বপত্র, করবীর ও উৎপল প্রদান করিলে দেবীর উত্তম প্রীতিকর হয়।৪৮ শ্রদ্ধান্বিত হইয়া ঐ সকল স্নানের মধ্যে এক প্রকার স্নান করাইলে ভক্তিবান্ বিষ্ণুলোকে গমনপূর্ব্বক পূজালাভ করে।৪৯ যে নর, কর্পূরবারি দ্বারা দেবীকে স্নান করায় সে কামেশ্বরীর অধিষ্ঠিত স্থানে গমন করিয়া থাকে।৫০ যে ব্যক্তি

তৃপ্তা ভবন্তি পিতর তস্য বর্ষ-শতদ্বয়ং।
পঞ্চামৃতস্য প্রত্যেকং ফলনাঞ্চ শতং শতং॥
শতঞ্চ বারিকুম্ভানাং মহাস্নানে নিয়োজয়েৎ॥৫২
অপাং কুম্ভশতেনৈব তৈলস্যাপি ত্রিভিঃ পলৈঃ।
মঞ্জিষ্ঠস্তু মহাস্নানমেবমাহুর্মনীষিণঃ॥৫৩
মধ্যমন্তু তদর্দ্ধেন স্নানং যত্র বিধীয়তে।
তদর্দ্ধন্তু কনিষ্ঠং স্যাদতোহীনং ন কারয়েৎ॥৫৪
এবং যঃ কারয়েৎ স্নানং নরাঃ কশ্চিৎ কদাচন।
সপ্তজন্মকৃতাৎ পাপাৎ তৎক্ষণাদেব হীয়তে।৫৫
আয়ুর্ব্বলং যশোবর্চ্চঃ সৌভাগ্যং পুষ্টিরেব চ।
স্নাপয়িত্বা তু কামাখ্যাং লভতে নাত্র সংশয়ঃ।৫৬
এবং যস্তু মহাস্নানং করোতি ভক্তিমান্নরঃ।
শরীরারোগ্য মায়ূষ্যং প্রাপ্নোতি শ্রিয়মুত্তমাং॥৫৭

পিতৃগণের উদ্দেশে, ক্ষীর বা মধু দ্বারা ভক্তিপূর্ব্বক দেবীকে বিধিৎ স্নান করায়, তাহার পুণ্যফল শ্রবণ কর।৫১ তাহার পিতৃগণ তদ্দ্বারা দুইশত বৎসর পর্য্যন্ত তৃপ্ত থাকেন। পঞ্চামৃত এক একটি শত শত ফল শত বারি-কুম্ভ মহাস্নানে নিয়োজিত করিবে।৫২ শত কুম্ভবারি ও তিন পল তৈল ও মঞ্জিষ্ঠায় স্নান করাইলে, মনীষিগণ তাহাকেই মহাস্নান কহেন।৫৩ তাহার অর্দ্ধদ্বারা মধ্যম স্নান এবং তদর্দ্ধদ্বারা স্নান করাইলে কনিষ্ঠস্নান হয়, ইহার অপেক্ষা ন্যূন কর্ত্তব্য নয়।৫৪ যে নর, এইরূপে কখন স্নান করায়, সে তৎক্ষণাৎ সপ্তজন্মকৃত পাপ হইতে মুক্ত হয় সন্দেহ নাই।৫৫ কামাখ্যা দেবীকে স্নান করাইয়া মানবগণ আয়ু, বল, যশঃ কান্তি, সৌভাগ্য ও পুষ্টিলাভ করে, তাহাতে সংশয় নাই।৫৬ যে নর, ভক্তিমান্ হইয়া এইরূপ

দশতোলকমানেন দ্রব্যানাঞ্চ পৃথক্ পৃথক্।
চতুস্তোলিকয়া বাথ হীন স্নানে বিধীয়তে ॥৫৮
অষ্টাঙ্গুলং মুখং তস্য একবিংশাঙ্গুলোদরং।
অরত্নি মাত্রমুৎসেধং মণিকুম্ভং তদুচ্যতে ॥৫৯
গবাক্ষমার্গে সূর্য্যস্য যা রশ্মিসাহি লেখিকা।
লেখিকাষ্টৌ ভবেদ্ধূলী ধূলিরষ্টৌ চ সর্ষপঃ ॥৬০
সর্ষপাণাং চতুষ্কোণ রক্তিকেত্যভিধীয়তে।
রক্তিকানাং বিংশকন্তু পাদকংপরিকীর্ত্তিতং ॥৬১
তোলিকা চ চতুষ্পাদৈশ্চতুস্তোল প্রসৃতিতঃ।
প্রসৃতী দ্বেকর্ষকঞ্চ দ্বেকর্ষৈতুপলং ভবেৎ ॥৬২
পলার্দ্ধেন ভবেন্মুক্তির্দ্বিমুক্তা গুড়কং মতং।
এবং স্নানং ততঃ কৃত্বা গাত্রং সম্মার্জ্জয়েৎ সুধীঃ ॥৬৩

মহাস্নান সম্পাদন করে, সে শারীরিক আরোগ্য আয়ুঃ ও উত্তমা স্ত্রীলাভ করে।৫৭ প্রত্যেকে দশতোলক পরিমিত পৃথক্ পৃথক্ দ্রব্য এবং হীন স্নানে প্রত্যেক চতুস্তোলক পরিমিত পৃথক্ পৃথক্ দ্রব্য প্রয়োগ করিবে।৫৮ যাহার মুখ অষ্ট অঙ্গুল, উদর একবিংশতি এবং যাহার আরত্নিমাত্র উৎসেধ তাহাকে মণিকুম্ভ কহে। গবাক্ষ মার্গে যে সূর্য্য রশ্মি গমন করে, তাহাই লেখিকা, অষ্টলেখিকায় এক ধূলি, অষ্ট-ধূলিতে একসর্ষপ।৬০ চারি সর্ষপে এক রক্তিকা, বিংশ রক্তিকায় এক পাদক।৬১ চারি পাদে এক তোলিকা, চারিতোলিকায় এক প্রসৃতী, দুই প্রসৃতীতে এক কর্ষক, দুই কর্ষকে একপল।৬২ অর্দ্ধপলে এক মুক্তি, দুই মুক্তিতে এক গুড়ক। এইরূপে স্নান করাইয়া সুধিগণ গাত্র মার্জ্জনা

চন্দনেন সুগন্ধেন কারয়েং স্তিলকং সুধীঃ।
কটিসূত্রঞ্চ বস্ত্রঞ্চ যজ্ঞসূত্রং নিবেদয়েৎ ॥৬৪
ময়ূরপিচ্ছ-সঙ্কাশং স্নিগ্ধচারুসুকেশিকাং ॥
চিন্তয়েৎ লম্বোষ্ঠীংরক্তনেত্রাং সুবস্ত্রিতাং।৬৫
যচ্চ বৈ লোহিতং চাস্যং সুব্যক্তকজ্জলপ্রভং।
ত্রিপুরেশি সমাখ্যাতং ত্রৈলোক্যনিলয়ং পরং ॥
সম্ভূক্তংনরকেশেন পূর্ব্ববক্ত্রমনুত্তমং।
মৃত্তিকায়াং মহেশানি লক্ষ্মীকামো বিভাবয়েৎ ॥৬৬।৬৭
করালং যস্তু বৈ বক্ত্রং কৃষ্ণং দক্ষিণগোচরং।
কামাখ্যেতি চ বিখ্যাতং দিব্যং দংষ্ট্রাসমন্বিতং।
সর্ব্বসিদ্ধিপ্রদঞ্চৈব সর্ব্বার্থস্য চ সাধকং।
দেবস্য দক্ষিণেনৈব পীতবক্ত্রঞ্চ চিন্তয়েৎ ॥৬৮।৬৯

করিয়া দিবেন।৬৩ তদনন্তর সুগন্ধচন্দনে তিলক করিয়া দিয়া কটিসূত্র, বস্ত্র ও যজ্ঞসূত্র নিবেদন করিবে।৬৪ ময়ূরপিচ্ছসঙ্কাশা, স্নিগ্ধ চারুকেশ-সম্পন্না, লম্বোষ্ঠী, রক্তনেত্রা, সুবস্ত্রসম্পন্নাদেবীকে চিন্তা করিবে।৬৫ হে ত্রিপুরেশ্বরি! যে লোহিত ও সুব্যক্তকজ্জল প্রভবক্ত্র, তাহা ত্রৈলোক্য নিলয় বক্ত্রনামে বিখ্যাত, এই অত্যুত্তম বক্ত্র, নরকেশ্বর পূর্ব্বে সম্ভোগ করিয়াছিলেন। হে দেবেশি! লক্ষ্মীকাম ব্যক্তি এই মৃত্তি-কাস্থিত বক্ত্রের পূজা করিবে।৬৬ ৬৭ দক্ষিণদিকে দিব্যদংষ্ট্রসমন্বিত করাল কৃষ্ণবক্ত্র আছে, তাহা কামাখ্যা বক্ত্রনামে বিখ্যাত। তাহা সর্ব্বসিদ্ধিদায়ক ও সর্ব্বার্থের সাধক। দেবের দক্ষিণদিকে পীতবক্ত চিন্তা

কৌবেরীনিলয়ং যচ্চ বদনং শ্যামলং শিবং।
শতবীতাঙ্গবিজ্ঞেয়মদ্ভুতং ভুবনেশ্বরি।
অব্যক্তং রুচিরং দিব্যং কুব্জিকা-বদনোত্তমং।
নরকেশেন সন্তুক্তং ধ্যেয়ং বিজয়কাঙ্ক্ষিভিঃ ॥৭০।৭১
শুদ্ধস্ফটিকসঙ্কাশং তাম্বুলাদ্রসমন্বিতং।
সর্ব্বজ্ঞানময়ং জ্ঞেয়ং কালবাগীশ্বরীমুখং ॥৭২
বৃষভাস্কেণ ভৃঙ্গেন নিপীতং মধুসঞ্চয়ং।
ঈশানং বদনং দেব্যাশ্চিন্ত্যং সর্ব্বজ্ঞতার্থিভি ॥৭৩
সূর্য্যকোটিসহস্রাংশু যদ্বক্ত্র মূর্দ্ধজং প্রিয়ে।
পীঠকামেশ্বরী তদ্বৎ বিজ্ঞেয়ং পরমং মহৎ ॥৭৪
পরজ্যোতির্ম্মুখংভদ্রে নরকেশেন চুম্বিতং।
ভবপাশ বিনাশায় কেবলং তদ্বিভাবয়েৎ ॥৭৫

করিবে।৬৮।৬৯ হে ভুবনেশ্বরি! উত্তরদিকে যে শ্যামল, শিবদ অদ্ভুত বদন আছে, তাহাই শতবীতাঙ্গ নামে বিখ্যাত জানিবে। বিজয়কাঙ্ক্ষী জনগণ, অব্যক্ত, রুচির, দিব্য ও উত্তম নরকেশ কর্ত্তৃক সম্ভুক্ত কুব্জিকাবদন ধ্যান করিবে।৭০।৭১ বিশুদ্ধ স্ফটিকপ্রভ, সর্ব্বজ্ঞানময়, কালবাগেশ্বরী মুখ তাম্বুল ও আদ্রকসংযুক্ত জানিবে।৭২ যাহাতে দিব্য মধু সঞ্চিত রহিয়াছে, সেই বৃষভাস্করূপ ভৃঙ্গনিপীত ঈশান নামক, দেবীর মুখ, সর্ব্বজ্ঞাভিলাষী মানবগণ নিয়তই চিন্তা করিবে।৭৩ হে প্রেয়সি! কোটি সূর্য্যসঙ্কাশ মূর্দ্ধজাত যে বক্ত্র, তাহা পরম মহৎপীঠ, কামেশ্বরী মুখ বলিয়া জানিবে।৭৪ হে ভদ্রে! নরকেশ্বর চুম্বিতপরজ্যোতির্মুখের ধ্যান করিলে নরগণ ভববন্ধন হইতে মুক্তিলাভ করে।৭৫ হে গণমাতঃ!

ত্রিপুরা দেবতা চাস্য কামাখ্যাস্য গণান্বিকে ।
এতা মণ্ডল সংস্থাশ্চ দেব্যঃ শক্তিসমন্বিতাঃ ॥৭৬
সিংহচর্ম্মোত্তরাসঙ্গা কামাখ্যা বিপুলোদরা ।
বৈয়াঘ্রচর্ম্মবসনা যথা চৈব হরোদরা ।
পরমানন্দসংভূতা সাট্টহাসা মহোৎসবা ।
সুনন্দা লোকনপ্রীতা ব্যক্তাষ্টাদশলোচনা ।
চারুমাণিক্যসংপূর্ণ কুণ্ডলদ্বয় শোভিতা ।
রৌদ্রাকারৈ স্তথা রৌদ্রী ভৃঙ্গালী সহ মালিকা ।
মুকুটকোটিসুভ্রাংশুকমলজ্যোতিরাজিতা ।
নানামণিগণাকীর্ণ কণ্ঠভূষণধারিণী ।
মৃণালীকোমলৈঃ স্নিগ্ধা যুক্তাদ্বাদশবাহুভিঃ ।
অস্থিরত্নাচিতৈর্দ্দিব্যৈ পদ্মকর্দ্দমমালিভিঃ ।

কামাখ্যার দেবতা ত্রিপুরা। এই সকল শক্তিসমন্বিতা দেবীগণ কামাখ্যা-মণ্ডলে অবস্থিত আছেন।৭৬ কামাখ্যা দেবী সিংহচর্ম্মোত্তরাসঙ্গা ও বিপুলোদরা হয়েন এবং ব্যাঘ্রচর্ম্ম বসনা, হরোদরা, পরমানন্দসম্ভূতা, সাট্টহাসা, মহোৎসবা, সুনন্দা, আলোকণপ্রীতা, ব্যক্তাষ্টাদশ, লোচনা, চারুমাণিক্যসংপূর্ণ, কুণ্ডলদ্বয়ে সুশোভিতা ও রৌদ্রাকৃতিদ্বারা রৌদ্রী ভৃঙ্গালীযুক্তমালিকা. মুকুটকোটিশুভ্রাংশুকমল জ্যোতিরাজিতা, নানা-মণিগণাকীর্ণ কণ্ঠভূষণধারিণী, মৃণাল কোমল স্নিগ্ধা ও দ্বাদশবাহুযুক্তা হয়েন, তাঁহার গলদেশে অস্থিরত্ননির্ম্মিত, দিব্য পদ্মমালা লম্বমানা হইয়া শোভা বিস্তার করিতেছে, তাহার কর্ণদেশে সূত্র নিবদ্ধ, শব যুগল আন্দোলিত হইতেছে। দক্ষিণভাগের ও বামভাগের ছয় বাহু দ্বারা যাহা ধারণ

কর্ত্তৃকাশবদন্তোলিস্সূত্রচক্রাংশু মাং স্তথা।
ষড়্ভিশ্চ বাহুভির্ধত্তে দক্ষিদক্ষিণৈর্ব্বাহুভিঃ শৃণু।
কোদণ্ডমুণ্ডখট্বাঙ্গমৃণালনালনীরজং।
কপালং পুস্তিকাঘণ্টাং মুণ্ডমালানিবীতিনীং
তুলাকোটিপরাক্রান্তা পাদপদ্মচয়াশ্রিতা।
সিংহাসনোদ্ধসংস্মুপ্তা শবাসনকৃতাশ্রয়া।
মণিপ্রভাবিধানেন শিবেন পরমেষ্ঠিনা।
নবকেশেন সংশ্লিষ্টা কামাখ্যা পরমেশ্বরী ।৭৭।৮৪
এবং ধ্যান্বান্যসেদ্দেবি মাতৃকাং পরমেশ্বরীং।
সনামগ্রহনক্ষত্রং শ্রীকণ্ঠন্যাসপূর্ব্বকং।
কলান্যাসং পীঠন্যাসং মন্ত্রন্যাসং সমাচরেৎ ॥৮৫
দশধা যন্ত্রসংস্থাপ্য সংস্কৃত্য চ যথাবিধি।
বিকিরান্ বিকিরেত্তত্র পীঠপূজাং সমাচরেৎ ॥৮৬

করিতেছেন, তাহা শ্রবণ কর কোদণ্ড, মুণ্ড, খটাঙ্গ, মৃণালনালনীরজ, কপাল ও পুস্তিকা, ঘণ্টা, মুণ্ডমালা, মালিকা ও ধনুর্ব্বাণ বর ও অভয় এই সকল ধারণ করিয়া শোভা পাইতেছেন, কোটী কোটী সুরবৃন্দ পদতলে আশ্রয় গ্রহণ করিয়াছেন। তিনি, সিংহাসনের অর্দ্ধভাগে প্রসুপ্তশবাসন আশ্রয় করিয়াছেন। এবং মণিপ্রভ পরমেষ্ঠী নবকেশ্বর শিব কর্ত্তৃক আলিঙ্গিতা হইয়া পরমেশ্বরী কামাখ্যা বিরাজিত রহিয়াছেন।৭৭।৮৪ এইরূপে মাতৃকা পরমেশ্বরীর ধ্যান করিবে। নাম গ্রহনক্ষত্রযুক্ত শ্রীকণ্ঠন্যাসপূর্ব্বকং। কলান্যাস মন্ত্র পীঠন্যাস ও মন্ত্রন্যাস করিয়া ৮৫ দশপ্রকার যন্ত্রসংস্থাপনপূর্ব্বক, যথাবিধিসংস্কার করিয়া তথায় বিকির দ্রব্য

পূর্ব্বাদিক্রমযোগেন গণেশঞ্চ গণাধিপং।
গণনাথং গণক্রীড়ং গদী সর্গাস্তিকো মনুঃ।
পূর্ব্বে শ্রিয়ং পূজয়েচ্চ গোবটন্তদনন্তরং।
মন্বন্তরেণ দীর্ঘেণ তারযুক্তেন চার্চ্চয়েৎ।৮৭-৮৮
ক্রীড়াসরো দক্ষিণে তু মন্দরং বামনেত্রকং।
রশ্মিবিন্দুসমাযুক্তং লোহজঙ্ঘন্ত পশ্চিমে।
নারসিংহেন বীজেন ক্ষেত্রেশং পরিপূজয়েৎ॥৮৯
উত্তরে ভূতনাথঞ্চ মন্দরেণ সমন্বিতং।
গৌরীপুত্রঞ্চ বটুকং তথা সময়পুত্রকং।
জ্ঞানপুত্রং সময়পুত্রং পূর্ব্বাদিষু যথাক্রমাৎ।
হংসেত্যনেন মন্ত্রেন ধ্যাত্বা রক্তেন চার্চ্চয়েৎ।৯০-৯১
শান্তিকানাং দ্বারপাল তথা বিন্দুকলা পরা।
নিবৃত্তিশ্চ কলা পশ্চাৎ প্রতিষ্ঠা চ কলাততঃ।

বিক্ষিপ্ত করিয়া পীঠপূজা সম্পাদন করিবে।৮৬ অনন্তর পূর্ব্বাদিক্রম যোগে গণেশ, গণাধিপ গণক্রীড়কে সর্গাস্তিক মনুদ্বারা পূজা করিবে। পূর্ব্বে শ্রীদেবীর তদনন্তর গোবটের পূজা কর্ত্তব্য। তারযুক্ত দীর্ঘ মন্ত্রান্তর দ্বারা এই অর্চ্চনা সম্পন্ন করিবে।৮৭.৮৮ দক্ষিণে ক্রীড়াসরঃ মন্দর ও বামনেত্রক, পশ্চিমে রশ্মি বিন্দু সংযুক্তলোহজঙ্ঘ। নারসিংহ মন্ত্র দ্বারা ক্ষেত্রেশ্বরের পূজা করিবে।৮৯ উত্তরে, পূর্ব্বাদিক্রমে মন্দর সমন্বিত ভূতনাথ গৌরীপুত্রক, বটুক, সময়পুত্রক, জ্ঞানপুত্র সময় পুত্র: হংস এই মন্ত্র দ্বারা ইঁহাদের ধ্যান করিয়া রক্ত মন্ত্র দ্বারা পূজা করিবে।৯০।৯১ তদনন্তর শান্তিগণের দ্বারপাল ও পরমা বিন্দুকলা

মায়াবীজেন পূর্ব্বাদি তত্র বৈ হেতুকাদিকং।
হেতুকং ত্রিপুরঘ্নঞ্চ অগ্নি বেতালকন্তথা।
বায়ব্যাদিক্রমেণৈব কালঞ্চৈব করালক,।
একাপাদং তথা ভীমং চতুর্ণাং গগনো মনুঃ।
অসিতাঙ্গাদয়শ্চৈব ব্রাহ্ম্যাদি সিদ্ধিসংযুতাঃ।
চর্চ্চিকাঃ দশকং পূজ্যাৎ ষট্‌কোণেষু ভগাদিতঃ ॥৯২-৯৫
ষট্‌কোণাগ্রে চ মদনং রতী পুত্রীং স্বপার্শ্বয়োঃ।
পঞ্চবাণাংস্তথা চাগ্রে গ্রহাংশ্চৈব তু দিকপতীন্ ॥৯৬
আসনং পূজয়িত্বা চ উপর্য্যুপরিভাবতঃ।
ধ্যাত্বাচারোপয়েদ্দেবী মিমং মন্ত্রমুদাহরেৎ ॥৯৭
এহ্যেহি পরমেশানি সান্নিধ্যমিহমণ্ডলে।
কুরুষ্ব জগতাং মাতঃ সংসারার্ণবতারিণি।

তৎপরে নিবৃত্তিকলা তৎপশ্চাৎ প্রতিষ্ঠাকলা, মায়াবীজ দ্বারা তথায় ঐ সকলের এবং হেতুকাদিক, হেতুক, ত্রিপুরঘ্ন ও অগ্নিবেতালকের পূজা করিবে। তৎপর বায়ব্যাদিক্রমে, কাল পরালক, একপাদ ও ভীম এই চারি দেবের গগন মন্ত্রে পূজা কর্ত্তব্য। তদনন্তর ষট্‌কোণ সকলে ভাগ্যাদি-ক্রমে অসিতাঙ্গাদি ও সিদ্ধিযুক্ত ব্রহ্মাদি চর্ব্বিক ও দশকের পূজা করিবে।৯২।৯৫ ষট্‌কোণাগ্রে মদন, রতী পুত্রী স্বপার্শ্বদ্বয়ে পঞ্চবাণ অগ্রে গ্রহগণ ও দিকপতিগণ, এই সকলের ধ্যানানন্তর।৯৬ আসনপূজা করিয়া উপর্য্যুপরিভাবে আরোপণ করিবে অনন্তর দেবীর প্রতি এই মন্ত্র উচ্চারণ কর্ত্তব্য।৯৭ যথা এহ্যেহি পরমেশানি। সান্নিধ্যমিহমণ্ডলে। কুরুষ্বজগতাং

মহাপদ্মবনান্তস্থে কারণানন্দবিগ্রহে।
শব্দ ব্রহ্মময়ে স্বচ্ছে কামেশ্বরি প্রসীদ মে ॥৯৮-৯৯
কামেশস্যাবাহনং কুর্য্যাদিতিমন্ত্রেণ শাঙ্করি।
নমো ভবায় সর্ব্বায় রুদ্রায় বরদায় চ।
পশূনাং পতয়ে চৈব সর্ব্বানন্দাত্মনে সদা।
ত্রিজটায় ত্রিশীর্ষায় সদা ত্রিশূলধারিণে।
ত্রিনেত্রায় ত্রিকালায় ত্রিপুরঘ্নায় বৈ নমঃ।
নমশ্চণ্ডায় মুণ্ডায় বিশ্বদণ্ডধরায় চ।
লোহিতায় চ ধূম্রায় নীলকণ্ঠায় বৈ নমঃ।
নম স্ত্রিপুররূপায় বিরূপায় নমো নমঃ।
সূর্য্যায় সূর্য্যপতয়ে সিদ্ধনাথায় বৈ নমঃ।১০০।১০৪
তস্মাদরুণ্যোত্তরতো নাতিদূরে ব্যবস্থিতা।
খর্ব্বা শ্বেতা কৃষ্ণবর্ণা গোধিকায়াঃ শিলা যতঃ।
পশ্চিমে তু শিবস্তস্য পূর্ব্বপূর্ব্বং বিজানীহি ॥১০৫

মাতঃ সংসারার্ণবতারিণী। মহাপদ্মবনান্তস্থে কারণানন্দবিগ্রহে। শব্দব্রহ্মময়ে-স্বচ্ছে কামেশ্বরি প্রসীদমে।৯৮।৯৯ হে শঙ্করি! তদনন্তর নমো ভবায় সর্ব্বায় রুদ্রায় বরদায়চ। পশূনাং পতয়েচৈব সর্ব্বানন্দাত্মনে সদা॥ ত্রিজটায় ত্রিশীর্ষায় সদা ত্রিশূলধারিণে। ত্রিনেত্রায় ত্রিকালায় ত্রিপুরঘ্নায় বৈ নমঃ। নমশ্চণ্ডায় মুণ্ডায় বিশ্বদণ্ডধরায়চ। লোহিতায় চ ধূম্রায়, নীলকণ্ঠায় বৈ নমঃ। নমঃ স্ত্রিপুররূপায় বিরূপায় নমো নমঃ, সূর্য্যায় সূর্য্যপতয়ে সিদ্ধনাথায় বৈ নমঃ।১০০—১০৪ এই মন্ত্র দ্বারা কামেশের আহ্বান করিবে। সেই অরণ্যের উত্তরে নাতিদূরে খর্ব্ব শ্বেত কৃষ্ণবর্ণা গোধিকার

গয়াতীর্থঞ্চ উদরে উত্তরে পরিকীর্ত্তিতং।
চতুর্ব্বর্গপ্রমাণেন শীর্ষে চৈব গয়াশিরঃ।
শীর্ষপার্শ্বে রামগয়া রামপিণ্ডস্তু দক্ষিণে।
পুচ্ছে তু মানসং তীর্থং দক্ষিণে তু মহানদী ॥১০৬।১০৭
তত্র স্নানং প্রকুর্ব্বীত বিধিপূর্ব্বেণ কর্ম্মণা।
তস্যোত্তরে ইষুক্ষেপযুগস্যৈবান্তরপ্রিয়ে।
তীর্থং প্রেতশিলাখ্যঞ্চ শ্রাদ্ধী স্বর্গং নয়েৎ পিতৃন্।
মহানদ্যাং কৃতে শ্রাদ্ধে পিতরঃস্বর্গমাপ্নুয়ুঃ।
তথাক্ষয়বটে শ্রাদ্ধী ব্রহ্মলোকং নয়েৎ পিতৃন।
গয়াতীর্থে নরস্নাত্বা সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে।১০৮।১১০
আত্মযোনি মহেশানি গয়ায়াস্তু তিলৈর্ব্বিনা।
পিণ্ডনির্ব্বপনং শেষমপি কুর্ব্বন্তি মানবঃ।১১১

শিলা, তাহার পশ্চিমে শিব আছেন. এইরূপ পূর্ব্বে পূর্ব্বে ব্যবস্থিত জানিবে।১০৫ উদরে উত্তরভাগে গয়াতীর্থ, চতুর্ব্বর্গ প্রমাণে শীর্ষে গয়াশির, পার্শ্বে রামগয়া, দক্ষিণে রামপিণ্ড ও পুচ্ছে মানসতীর্থ, দক্ষিণে মহানদী।১০৬।১০৭ তথায় বিধিপূর্ব্বক কর্ম্ম করিয়া স্নান করিবে। তাহার উত্তরে ইক্ষুক্ষেপদ্বয়ান্তরে প্রেতশিলাখ্য তীর্থ, তথায় শ্রাদ্ধ করিলে পিতৃগণ স্বর্গ প্রাপ্ত হন॥ মহানদীতে শ্রাদ্ধ করিলে পিতৃগণ স্বর্গে গমন করেন। অক্ষয়বটে শ্রাদ্ধ করিলে পিতৃগণ ব্রহ্মলোকে গমন করিয়া থাকেন। নরগণ, গয়াতীর্থে স্নান করিয়া সর্ব্বপাপ হইতে পরিমুক্ত হয়।১০৮।১১০ হে মহেশানি! আত্ম সম্বন্ধী ব্যক্তি গয়ায় তিল ব্যতিরেকেশেষ পিণ্ড নির্বপন করিবে।১১১ বাসুদেবের

পশ্চিমে বাসুদেবস্য ধনুরষ্টাদশান্তরে।
দীর্ঘাকারং পঞ্চকোণ মুত্তরং মুনিসংস্কৃতং ॥১১২
উত্তরে মানসে শ্রাদ্ধী ন ভূয়ো জায়তে নরঃ।
দক্ষিণে কোটিলিঙ্গস্য চতুষ্কোণশ্চ যঃ শিব।
দক্ষিণঃ মানসং তদ্ধি সর্ব্বপাপপ্রণাশনং।
দক্ষিণে মানসে শ্রাদ্ধী ব্রহ্মলোকং নয়েৎ পিতৃন্।১১৩-১১৪
মহানদ্যাং কৃতে শ্রাদ্ধে ব্রহ্মলোকং নয়েৎ পিতৃন্।
শ্রাদ্ধী রামহ্রদে দেবি ব্রহ্মলোকং নয়েৎ পিতৃন্ ॥১১৫
গয়াশিরে পিণ্ডদানাৎ গয়া পুচ্ছে তথোত্তরে।
ত্রিদিনং পাতয়েৎ পিণ্ডং কুলঞ্চৈব সমুদ্ধরেৎ।
কাঙ্ক্ষন্তি পিতরঃ পুত্রান্ নরকাদ্ভয়ভীরবঃ।
গয়াং গচ্ছতি যঃ কশ্চিৎ সোহস্মান্ সন্তারয়িষ্যতি।১১৬

পশ্চিমে অষ্টাদশ ধনুঃ অন্তরে দীর্ঘাকার মুনিসংস্কৃত পঞ্চকোণ উত্তর।১১২ উত্তর মানসে শ্রাদ্ধ করিলে নরগণকে আর পুনর্ব্বার জন্মগ্রহণ করিতে হয় না। কোটিলিঙ্গের দক্ষিণে চতুষ্কোণ যে শিব আছেন, তাহাই সর্ব্বপাপ-বিনাশন দক্ষিণ মানস। দক্ষিণ মানসে শ্রাদ্ধ করিলে, পিতৃগণ ব্রহ্মলোক প্রাপ্ত হয়।১১৩।১১৪ মহানদীতে শ্রাদ্ধ করিলে পিতৃগণ ব্রহ্মলোকে গমন করেন। রামহ্রদে শ্রাদ্ধ করিলে পিতৃগণ ব্রহ্মলোক প্রাপ্ত হন।১১৫ গয়াশিরে ও উত্তরে গয়াপুচ্ছে যদি তিন দিন পিণ্ডদান ও পিণ্ডপাতন করে, তবে নিজকুল উদ্ধার করিতে পারে। পিতৃগণ নরক ভয়ে ভীত হইয়া পুত্রগণের কামনা করেন, তাহাদের মধ্যে যে কেহ গয়ায় গমন

পশ্চিমে কামনাথস্য সপ্তধন্বন্তরে স্থিতাং।
দৃষ্ট্বা দীর্ঘেশ্বরীং দেবীং সর্ব্বকামফলপ্রদাং।
ষষ্টিবর্ষসহস্রাণি দেববদ্ভুবি মোদতে॥১১৭
মায়াবীজেন দেবেশি অষ্টম্যাং প্রতিপূজয়েৎ।
সর্ব্ববিদ্যামবাপ্নোতি বাগীনামগ্রণীর্ভবেৎ॥১১৮
কল্পবৃক্ষং ততো গত্বা তিন্তিড়ীসংজ্ঞকং তরু।
প্রদক্ষিণত্রয়ং কৃত্বা মন্ত্রেণানেন পূজয়েৎ।
ওঁ নমো ব্যক্তরূপায় সর্ব্বদেবস্তুতায় চ।
শিবাধিষ্ঠানরূপায় তিন্তিড়ীবৃক্ষরূপিণে॥১১৯।১২০
প্রশস্তঃ সর্ব্বমন্ত্রেষু কাম্যে মোক্ষে চ দক্ষিণে।
বামহস্তস্য সংস্পর্শে মালায়াং গ্রহণে তথা॥১২১
ভূগতশ্চ পরৈঃ স্পৃষ্টে ছিন্নে সম্বৎসরান্তরে।
সংস্কুর্য্যাৎ মালিকাং দেবি তাম্রপাত্রে নিবেশয়েৎ॥১২২

করিয়া আমাদিগকে উদ্ধার করিতে পারে।১১৬ কামনাথের পশ্চিমে সপ্তধনুঃ অন্তরে স্থিতা সর্ব্বকামফলপ্রদা, দীর্ঘেশ্বরী, দেবীকে দর্শন করিলে ষষ্টিসহস্রবৎসর দেবতুল্য হইয়া ভূতলে মহানন্দে কাল যাপন করে।১১৭ হে দেবি! মায়াবীজ মন্ত্র দ্বারা অষ্টমীতে পূজা করিলে সর্ব্ববিদ্যা প্রাপ্ত হইয়া বহুতর জনের অগ্রণী হয়।১১৮ তদনন্তর তিন্তিড়ীনামক কল্পতরু সন্নিধানে গমন পূর্ব্বক তিন বার প্রদক্ষিণ করিয়া "ওঁ নমো ব্যক্তরূপায় সর্ব্বদেব স্তুতায় চ। শিবাধিষ্ঠান রূপায় তিন্তিড়ী বৃক্ষ রূপিণে।" এই মন্ত্রে পূজা করিবে।১১৯।১২০ উক্ত মন্ত্র কাম্য, মোক্ষ ও দক্ষিণে সর্ব্ব কার্য্যেই প্রশস্ত। বামহস্ত দ্বারা স্পর্শদ্বারা স্পর্শ-পূর্ব্বক মালা গ্রহণ করিলে।১২১ ভূতলে পতিত হইলে, অন্যকর্তৃক স্পৃষ্ট

গায়ত্র্যা প্রথমং প্রোক্ষ্য পঞ্চগব্যৈরনন্তরং ।
পশ্চাত্তেনৈব মন্ত্রেণ হুঁ সিদ্ধ্যৈঃ নমইত্যুত ॥১২৩
গন্ধোদকেন তৎ পশ্চাৎ গন্ধপুষ্পৈঃ পৃথ গ্বিধৈঃ ।
কুম্ভত্রয়েণ সংস্থাপ্য রক্তপুষ্পৈঃ প্রপূজয়েৎ ॥১২৪
যবক্ষারবলিং দত্বা দেবপ্রাণং নিবেশয়েৎ ।
তদানীয় স্পৃশেন্মালামন্তরীক্ষেষু বিন্যসেৎ ॥১২৫
আনীয় রাত্রৌ পীঠে চ স্থাপয়েন্মালিকাং ততঃ ।
গন্ধচন্দনকং দত্বা তথা দূর্ব্বাক্ষতানি চ ।
পুনর্দ্দেবস্য পীঠে চ তদ্রাত্রে চ নিবেশয়েৎ ॥১২৬
শতং সাহস্রকঞ্চৈব অযুতং নিযুতন্তথা ।
লক্ষঞ্চৈব তথা কোটিং জপহোমস্থ মানকং ।
প্রতিমানে চাষ্টহস্তং সর্ব্বপর্ব্বণি সংজপেৎ ॥১২৭

হইলে, ছিন্ন হইলে, অথবা একবৎসর পুরাতন হইলে মালার সংস্কার কর্ত্তব্য। হে দেবি! মালা সংস্কার করিতে হইলে, প্রথমে ঐ মালিকা তাম্রপাত্রে নিবেদন করিয়া ১২২ গায়ত্রী দ্বারা প্রক্ষালনপূর্ব্বক পঞ্চগব্য প্রদান করিয়া পশ্চাৎ সেই মন্ত্রে এবং "হুঁ সিদ্ধৈ নমঃ ।১২৩ এই মন্ত্রদ্বারা গন্ধোদকে তৎপরে পৃথক্‌বিধ রক্তগন্ধপুষ্পে তিন কুম্ভের উপরে স্থাপন করিয়া রক্তপুষ্প দ্বারা পূজা করিবে।১২৪ অনন্তর যবক্ষার বলিপ্রদান করিয়া দেবপ্রাণ নিবেশিত করিবে। তখন মালা আনিয়া স্পর্শ করিয়া অন্তরীক্ষে লম্বমান রাখিবে ।১২৫ তদনন্তর রাত্রিযোগে মালা আনিয়া পীঠে সংস্থাপন করিয়া গন্ধ চন্দন ও দূর্ব্বাক্ষত প্রদানপূর্ব্বক সেই রাত্রে পুনর্ব্বার দেবপীঠে নিবেশিত করিবে।১২৬ তদনন্তর শত, সহস্র, অযুত

অথবা চাষ্টভির্ব্বীজৈস্ত্রীণি তত্রাপি যোজয়েৎ ॥১২৮
মালে মালে মহামালে সর্ব্বত্রৈব স্বরূপিণি।
চতুর্ব্বর্গস্ত্বয়িন্যস্তস্তন্মালে সিদ্ধিদা ভব।
পুষ্করী সখিবীজস্ত্বং সূক্ষ্মঃ সূক্ষ্মান্বিতস্তথা।
আকাশশশিসংযুক্তং সিদ্ধ্যৈ হৃদয়সংজ্ঞকং।১২৯-১৩০
এষ পঞ্চাক্ষরোমন্ত্রো মালায়াঃ পরিকীর্ত্তিতঃ।
গ্রহণে স্থাপনে চৈব পূজনে বিনিযোজয়েৎ ॥১৩১
জপাদৌ শিবং বিন্যস্য জপান্তে তু স্তুতিং পঠেৎ।
বলিদানং ততঃ কুর্য্যাৎ দদ্যাদ্বিভবমাত্মনঃ।
অনুলোমবিলোমেন মূলমন্ত্রেণ পূজয়েৎ ॥১৩২
অম্বে অম্বিকে মন্ত্রেণ তথা পৌরাণিকেন চ।
জয়কামেশি চামুণ্ডে জয় ভূতাপহারিণি ॥১৩৩

নিযুত লক্ষ বা কোটি জপ হোম কর্ত্তব্য। ঐ মালা পরিমাণে অষ্টহস্ত হইবে।১২৭ সকপর্দ্দেই অষ্টবীজ সংযোগে জপ কর্ত্তব্য।১২৮ "মালে মালে মহামালে সর্ব্বত্রৈব স্বরূপিণি। চতুর্ব্বর্গস্ত্বয়িন্যস্তস্তন্মালে সিদ্ধিদা ভব। পুষ্করী সখা বীজস্ত্বং সূক্ষ্মং সূক্ষ্মান্বিতং তথা। আকাশ শশিসংযুক্তং সিদ্ধৈ হৃদয় সংজ্ঞকং"।১২৯.১৩০ ইহাই মালার পঞ্চাক্ষর মন্ত্র পরিকীর্ত্তিত হয়। গ্রহণ, স্থাপন ও পূজনে এই মন্ত্র বিনিয়োগ করিবে।১৩১ জপের আরম্ভে শিবকে সংস্থাপিত করিয়া জপান্তে স্তুতিপাঠ কর্ত্তব্য। তদনন্তর আপনার বিভবানুসারে পূজোপহার বলি প্রভৃতি প্রদান করিবে। পরে অনুলোম বিলোমক্রমে মূলমন্ত্রে ১৩২ ও অম্বে অম্বিকে এই পৌরাণিক মন্ত্রে পূজা করিয়া স্তুতিপাঠ করিবে। স্তুতি যথা—হে কামেশি! চামুণ্ডে! তুমি জয়যুক্ত হও, হে ভূতাপহারিণি।১৩৩ তুমি জয়! হে সর্ব্বগতে দেবি!

জয় সর্ব্বগতে দেবি কামেশ্বরি নমোঽস্তুতে।
বিশ্বমূর্ত্তে শুভে শুদ্ধে বিরূপাক্ষি ত্রিলোচনে ॥১৩৪
ভীমরূপে শিবে বিদ্যে কামেশ্বরি নমোঽস্তুতে।
মালাজয়ে জয়ে জম্ভে ভূতাক্ষি ক্ষুভিতেঽক্ষয়ে।
মহামায়ে মহেশানি কামেশ্বরি নমোঽস্তুতে ॥১৩৫
ভীমাক্ষি ভীময়ে দেবি সর্ব্বভূতক্ষয়ঙ্করি।
করালী বিকরালী চ কামেশ্বরি নমোঽস্তুতে ॥১৩৬
কালিকরালি বিক্রান্তে কামেশ্বরি হরপ্রিয়ে।
সর্ব্বশাস্ত্রভূতে দেবি কামেশ্বরি নমোঽস্তুতে ।১৩৭
কামরূপপ্রদীপা চ নীলকূটনিবাসিনী।
নিশুম্ভশুম্ভমথনি কামেশ্বরি নমোঽস্তুতে ॥১৩৮

তুমি জয়, হে কামেশ্বরি! তোমাকে প্রণাম করি। হে বিশ্বমূর্ত্তে! শুভে! শুদ্ধে! বিরূপাক্ষি! ত্রিলোচনে! ১৩৪ ভীমরূপে! শিবে, বিদ্যে কামেশ্বরি, তোমাকে প্রণাম করি। হে মালাজয়ে! জয়ে! হে জম্ভে! ভূতাক্ষি। হে ক্ষুভিতে! অক্ষয়ে! হে মহামায়ে মহেশ্বরি! কামেশ্বরি। আমি তোমাকে প্রণাম করি।১৩৫ হে ভীমাক্ষি! ভীময়ে! দেবি! হে সর্ব্বভূতক্ষয়ঙ্করি! তুমি করালী ও বিকরালী। হে কামেশ্বরি! তোমাকে আমি প্রণাম করি॥১৩৬ হে করাল বিক্রান্তে! হরপ্রিয়ে! কামেশ্বর! কালি! হে সর্ব্বশাস্ত্রস্বরূপিণি দেবি! কামেশ্বরি! আমি তোমাকে প্রণাম করি।১৩৭ তুমি কামরূপপ্রদীপা, তুমি নীলাচলনিবাসিনী, হে শুম্ভনিশুম্ভমথনি! কামেশ্বরি! আমি তোমাকে

কামাখ্যে কাপরূপস্থে কামেশ্বরি হরপ্রিয়ে।
কামাংশ্চ দেহি মে নিত্যং কামেশ্বরি নমোঽস্তুতে ॥১৩৯
রুধিরাসবপানাঢ্যবক্তে ত্রিভুবনেশ্বরি।
মহিষাসুরবধে দেবি কামেশ্বরি নমোঽস্তুতে ॥১৪০
ছাগতুষ্টে মহাভীমে কামাখ্যে সুরবন্দিতে।
জয় কামপ্রদে তুষ্টে কামেশ্বরি নমোঽস্তুতে ॥১৪১
ভ্রষ্টরাজ্যো যদা রাজা নবম্যাং নিয়তঃ শুচিঃ।
অষ্টম্যাঞ্চ চতুর্দ্দশ্যাং উপবাসী নরোত্তমঃ।
সম্বৎসরেণ লভতে রাজ্যং নিষ্কণ্টকং পুনঃ।
য ইদং শৃণুয়াদভক্ত্যা তব দেবি সমুদ্ভবং।
সর্ব্বাপাপবিনির্ম্মুক্তঃ পরং নির্ব্বাণমৃচ্ছতি ॥১৪২-১৪৩

প্রণাম করি।১৩৮ হে কামরূপস্থে! কামাখ্যে! হে হরপ্রিয়ে! কামেশ্বরি! আমার মনস্কামনা সততই পূর্ণ করুন। হে কামেশ্বরি! আমি তোমাকে প্রণাম করি।১৩৯ হে রুধিরাসবপানাঢ্য বদনে ভুবনেশ্বরি! হে মহিষাসুরবিনাশিনি! দেবি! কামেশ্বরি! আমি তোমাকে প্রণাম করি।১৪০ হে মহাভীমে! হে ছাগতুষ্টে! সুরবন্দিতে! কামাখ্যে! তুমি জয়যুক্ত হও। হে কামপ্রদে! তুষ্টে! কামেশ্বরি! আমি তোমাকে প্রণাম করি।১৪১ এইরূপে কামাখ্যার স্তুতি করিলে, সর্ব্বাভিলাষ পূর্ণ হয়। যখন রাজা রাজ্য ভ্রষ্ট হন, তথা নিয়ত শুচি হইয়া অষ্টমী নবমী ও চতুর্দ্দশীতে উপবাস করিয়া সম্বৎসর মধ্যেই নিষ্কণ্টকরাজ্য পুনঃ প্রাপ্ত হন। হে দেবি! তোমার এই উত্তম স্তব যে মানব শ্রবণ করে, সে সর্ব্বপাপ হইতে মুক্ত হইয়া পরম নির্ব্বাণ প্রাপ্ত হয়।১৪২।১৪৩ হে সুরাসুর

কামেশ্বরি দেবি সুরাসুরপ্রভে।
প্রকাশিততাম্ভোজনিয়ন্ত্রিতে নমঃ।
সুরারিব্রহ্মবিঘ্নপাটনোৎসুকে।
ত্রয়ীময়ে দেবী চ তে নমামি ॥১৪৪
সিতাসিতে রক্তপিশঙ্গবিগ্রহে
রূপাণি যস্যাঃ প্রতিপত্তিতানি।
করে কপালে চ বিকল্পিতানি
শুভাশুভানামপি তাং নমামি ॥১৪৫
কামরূপসমুদ্ভূতে কামপীঠাবতংশকে।
বিশ্বাধারে মহামায়ে কামেশ্বরি নমোঽস্তুতে ॥১৪৬
অব্যক্তবিগ্রহে শান্তে সন্ততে কামরূপিণী।
কালগম্যে পরেশান্তে কামেশ্বরি নমোঽস্তুতে ॥১৪৭

প্রভে! দেবি কামেশ্বরি! হে প্রকাশিত মুখাম্ভোজে! হে নিয়ন্ত্রিতে দেবি! আমি তোমাকে নমস্কার করি। হে দেবাদি ব্রহ্মঘ্নকুলপাটনোৎসুকে! ত্রয়ীময়ে দেবি! আমি তোমাকে প্রণাম করি।১৪৪ হে সিতাসিতে! শোণিতপিশঙ্গবিগ্রহে দেবি! তোমার বিবিধরূপ প্রতিভাত হইতেছে এবং করে ও কপালে শুভাশুভের বিকল্পিত রূপ বিভাত হইতেছে। হে দেবি। কামেশ্বরি! আমি তোমাকে প্রণাম করি।১৪৫ হে কামরূপসমুদ্ভূতে, হে কামরূপাবতংসরূপিণা! বিশ্বাধারে! মহামায়ে কামেশ্বরি দেবি! আমি তোমাকে নমস্কার করি।১৪৬ হে অব্যক্ত-বিগ্রহে! শান্তে! সন্ততে! কামরূপিণী! হে কালগম্যে পরমে! শ্রান্তে! কামেশ্বরি! আমি তোমাকে নমস্কার করি।১৪৭

সুষুম্নান্তারলস্থা চিন্ত্যতে জ্যোতিরূপিণী।
প্রণতোঽস্মি পরাং বীরাং কামেশ্বরি নমোঽস্তুতে ॥১৪৮
দংষ্ট্রকরালবদনে মুণ্ডমালোপশোভিতে।
সর্ব্বতঃ সর্ব্বগে দেবী কামেশ্বরি নমোঽস্তুতে ॥১৪৯
স্নানকালে চ প্রত্যূষে ভোজনে দন্তধাবনে।
তথা বিগতবস্ত্রে চ দশনং ন তু সংস্পৃশেৎ ॥১৫০
মধুমাসে ত্রয়োদশ্যাং চতুর্দ্দশ্যাং বৃষস্য চ।
ন স্ত্রীদেবীং স্পৃশের্জ্জাতু তদ্দিনে দর্শনং ত্যজেৎ ॥১৫১
দর্শনে ভয়দংবিন্দ্যাৎ শাপং পততি মূর্দ্ধনি।
এবং জ্যৈষ্ঠসিতাষ্টম্যাং কুমারো নাবলোকয়েৎ ॥১৫২
কুমার্যশ্চ স্বরূপাশ্চ ন সাধকোঽপি কদাচন।
ন রাত্রৌ সংস্পৃশেন্নারী বলিং ন স্পর্শয়েৎ ক্বচিৎ।
লিঙ্গস্থাঞ্চ মহাদেবীং কস্যাচিদপি ন ব্রজেৎ ॥১৫৩

যিনি সুষুম্নার অন্তরালস্থিতা জ্যোতিরূপিণী হইয়া যোগিগণ কর্ত্তৃক চিন্তিতা হন, সেই পরমাবীরা কামেশ্বরি দেবীকে আমি প্রণাম করি।১৪৮ হে কামেশ্বরি! আমি তোমাকে নমস্কার করি। হে দংষ্ট্রাকরালবদনে, হে মুণ্ডমালাসুশোভিতে! সর্ব্বতঃসর্ব্বগে।১৪৯ দেবি! কামেশ্বরি! আমি তোমাকে প্রণাম করি।১৫০ এইরূপ কামেশ্বরীর স্তুতি ও নমস্কার কর্ত্তব্য। স্নানকালে, প্রত্যূষে, ভোজনে ও দন্তধাবনে, বস্ত্রপরিবর্ত্তনে দশনস্পর্শ করিবে না।১৫১ চৈত্র মাসের ত্রয়োদশীতে ও বৃষের অর্থাৎ জ্যৈষ্ঠ মাসের চতুর্দ্দশীতে স্ত্রীগণ দেবীকে স্পর্শ করিবে না এবং সেই দিনে

বিপ্রাণাং ক্ষীরবলয়ঃ শাল্যন্নং বাথ পায়সং।
ঘৃতপ্লুতং চর্ব্ব্যফলং পুষ্পং তস্য ঘৃতান্বিতং।
দদ্যাৎ ক্ষীরঞ্চ দুগ্ধান্নং ভক্তান্নং বা নিবেদয়েৎ।১৫৪
শাল্যন্নং বাথ সমধু কৃষরং খণ্ডমোদকং।
রাজ্ঞাং হি পশবঃ শস্তা বৈশ্যানাং ব্রীহয়স্তথা।
ক্ষৌদ্রং বৃষলং জাতীনাং সর্ব্বেষ পশবোঽথবা॥১৫৫
নিবেদয়েৎ শোনতুণ্ডং মানুষং বা লুলাপকং
বরাহং বাঘ ছগলং চামরং বরুণন্তথা।
মেষঞ্চাথ বরাহঞ্চ গোধিকাঞ্চ নিবেদয়েৎ।১৫৬
চামরাণাঞ্চ দশকং ছাগৈলকং বিশিষ্যতে।
দশভিশ্চ্ছাগলৈরেব কূর্ম্ম একঃ প্রশস্যতে॥১৫৭

দর্শনও করিবে না।১৫১ দর্শন করিলে ভয় উপস্থিত এবং মস্তকে অভিশাপ পতিত হয়। এইরূপে জ্যৈষ্ঠ মাসের শুক্লাষ্টমীতে কুমারগণ এবং স্বরূপা কুমারীগণ দেবীকে দর্শন করিবে না।১৫২ সাধকও রাত্রি-কালে নারীস্পর্শ করিবে না ও পূজাদ্রব্য স্পর্শ করাইবে না। লিঙ্গস্থিতা মহাদেবীর নিকট কদাচই গমন করিবে না।১৫৩ ক্ষীরভোগ, শালি অন্ন, পায়স, ঘৃতপ্লুত চর্ব্বফল ও ঘৃতান্বিত পুষ্প, ক্ষীর দুগ্ধান্ন, ভক্তান্ন মধুসহিত কৃষর (তিল নামক) ও খণ্ড মোদক এই সকল দ্রব্য বিপ্রগণ নিবেদন করিতে পারিবেন।১৫৪ রাজগণের পশু প্রদান এবং বৈশ্যগণের ব্রীহিদান, সর্ব্বশূদ্রগণের মধু দান বা পশু প্রদান কর্ত্তব্য।১৫৫ অথবা শূদ্রগণ শোণতুণ্ড মনুষ্য বলি, বা মহিষ বলি, কিম্বা বরাহ, ছাগল, চামর, বরুণ বা মেষ সহ বরাহ বা গোধিকা নিবেদন করিবে।১৫৬ দশচামর হইতে এক ছাগল বিশেষ হয়। দশ ছাগল অপেক্ষা এক কূর্ম্ম প্রশস্ত।১৫৭

কূর্ম্মস্য চ শতেনাপি শশকৈকং বিশিষ্যতে।
শশকস্য সহস্রাণাং বরাহস্তু বিশিষ্যতে ॥১৫৮
দ্বে সহস্রে বরাহস্য মাহিষং শ্রেষ্ঠমুচ্যতে।
দ্বে সহস্রে লুলাপস্য খড়্গমেকং বিশিষ্যতে ॥১৫৯
খড়্গিনাস্তু সহস্রেণ মানুষং চাতুলং ফলং।
দ্বে সহস্রে মানুষস্য শোণতুণ্ডং প্রশস্যতে ॥১৬০
দ্বে শতে শোণতুণ্ডস্য শ্বেতগ্রীবং প্রশস্যতে।
শ্বেতগ্রীব শতেনাপি গোধিকাপি বয়ং মতং ॥১৬১
গোধিকানাং শতং দেবি নরস্য চ কুমারকং।
পশুনাঞ্চৈব ষন্মাসাৎ পতরশ্চ বলির্ভবেৎ ॥১৬২
ছাগলং কৃষ্ণশ্বেতং বা দ্বিবর্ষাৎ পরতো যদি।
সংজাতে গুগ্‌গুলুশুদ্ধে শোণাখ্যং জম্বুকস্তথা ॥১৬৩
স্নানং গন্ধমৃগঞ্চৈব ছাগঞ্চ পার্ব্বতীয়কং।
মুষকঞ্চ করালঞ্চ ক্ষুদ্রমার্জ্জারমেব চ ॥১৬৪

শত কূর্ম্ম অপেক্ষা এক শশক প্রশস্ত, সহস্র শশক অপেক্ষা এক বরাহ বিশিষ্ট।১৫৮ দুই সহস্র বরাহ অপেক্ষা এক মহিষ শ্রেষ্ঠ, দুই সহস্র মহিষ অপেক্ষা এক খড়্গ (গণ্ডার) শ্রেষ্ঠ।১৫৯ সহস্র খড়্গি অপেক্ষা এক মনুষ্যে অতুল ফল হয়। দুই সহস্র মনুষ্য অপেক্ষা এক শোণতুণ্ড প্রশস্ত।১৬০ দুইশত শোনতুণ্ড অপেক্ষা এক শ্বেতগ্রীব শ্বেতগ্রী প্রশস্ত, সহস্র অপেক্ষা এক গোধিকা শ্রেষ্ঠ।১৬১ শত গোধিকা অপেক্ষা এক নরকুমার শ্রেষ্ঠ জানিবে। পশুগণের বয়ঃক্রম ছয় মাস হইলেই বলি যোগ্য হয়।১৬২ কৃষ্ণ শ্বেত ছাগ দুই বৎসরের হইলে, আর শোণাখ্য জম্বুক।১৬৩ স্নান, গন্ধমৃগ পার্ব্বতীয় ছাগ এই সকল গুগ্‌গুলুশ্রাদ্ধ হইলে

কাকোলং কালবিঙ্কঞ্চ রাজহংসঞ্চ শারিকং।
শূকং গৃধ্রঞ্চ কোকিলং ময়ূরং চিত্রকন্তথা ॥১৬৫
অশ্বঞ্চ বেণুপৃষ্ঠঞ্চ কৃষ্ণাপারাবতঞ্চ যৎ।
বৃহৎ কপোতকঞ্চৈব খঞ্জরীটস্তথৈব চ।১৬৬
বকঞ্চৈব বলাকঞ্চ প্রযত্নেন বিবর্জ্জয়েৎ।
সংহতোং বলিদানেন স্ত্রিয়স্তু ন বিচারয়েৎ ॥১৬৭
মিথুনে দীয়মানে তু ন দোষো জায়তে প্রিয়ে।
শ্মশানে মহিষং দদ্যাদ্দেবকস্য চ সন্নিধৌ ॥১৬৮
সযাতি ব্রহ্মলোকঞ্চ শিবদ্ভুবি চ মোদতে।
অন্তর্গৃহে ত্মৃতানাঞ্চ সযাতি ব্রহ্ম শাশ্বতং ।১৬৯
অদ্যাপি দৃশ্যতে ব্রহ্ম যস্ত দক্ষিণতঃ প্রিয়ে।
পততে নাত্র সন্দেহো জ্ঞানদাতা সদাশিবঃ ।১৭০

বলি যোগ্য হয়। মূষক করাল, ক্ষুদ্র মার্জ্জার।১৬৪ কাকোল কলবিঙ্ক (চড়ুই) রাজহংস শারিক শূক, গৃধ্র, কোকিল, ময়ূর চিত্রক।১৬৫ অশ্ব বেণুপৃষ্ঠ, কৃষ্ণপারাবত, বৃহৎ কপোত, খঞ্জরীট।১৬৬ বক বলাক এই সকল যত্নপূর্ব্বক পরিবর্জ্জন করিবে। বলিদানে স্ত্রীপদান করিলে তজ্জনিত পাপের বিচার করিতে হয় না।১৬৭ মিথুন প্রদান করিলে তাহাতে দোষ হয় না। হে প্রিয়ে! শ্মশানে দেবতার সন্নিধানে মহিষ প্রদান কর্ত্তব্য।১৬৮ তাহা হইলে সে ব্রহ্মলোকে গমন করে, এবং ভূতলে শিবতুল্য প্রমোদিত থাকে। যাহারা অন্তর্গৃহে মৃত হয়, তাহারা শাশ্বত ব্রহ্মপদ প্রাপ্ত হয়।১৬৯ হে প্রিয়ে! অদ্যাপি দক্ষিণদিকে ব্রহ্মদৃষ্ট হয়,

তস্মাদ্দক্ষিণকর্ণেন ভূমৌ পততি বৈ নরঃ।
মহাপাতকযুক্তোঽপি যুক্তো বাপ্যুপপাতকৈঃ ॥১৭১
শ্মশানে বলিদানে তু মুক্তো গচ্ছেৎ শিবালয়ং।
অকামো বা সকামো বা প্রাণাংস্ত্যজতি তত্র বৈ।
ত্যক্তদেশোপি ভবতি স্বয়মেব গণেশ্বরঃ ॥১৭২
পরদেশার্জ্জিতং বাথ কৃত্বা দত্বা বলিং নৃপঃ।
মহাপাতকিনং চৌরং মূর্খং বা চৈকবীরকং।
স্ত্রীজিতং ব্রহ্মদ্বিট্ চৈব প্রযত্নেন ন যোজয়েৎ ॥১৭৩
মণিমুক্তা সুবর্ণানাং দেবে দত্তানি যানি চ।
ন নির্ম্মাল্যং দ্বাদশাহং তাম্রপাত্রং তথৈব চ ॥১৭৪
পট্টি শাটী চ ষন্মাসং নৈবেদ্যং দত্তমাত্রতঃ।
মোদকং কৃষরঞ্চৈব যামার্দ্ধেন মহেশ্বরি।১৭৫

তথায় জ্ঞানদাতা শিবযোগ মনে করেন সন্দেহ নাই।১৭০ সেই হেতু দক্ষিণকর্ণে নরগণ ভূমি পতিত হয়। মহাপাতক যুক্তই হউক, অথবা উপপাতক যুক্তই বা হউক।১৭১ শ্মশানে বলিদান মুক্ত হইয়া শিবালয়ে গমন করে। অকাম বা সকামই হউক, তথায় প্রাণত্যাগ করিয়া সেই দেশ পরিত্যাগ করিলেই স্বয়ং গণেশ্বর হয়।১৭২ নৃপগণ, পরদেশ হইতে আনিত, মহাপাতকী, চৌর, মূর্খ, বা বংশের একমাত্র বীর, স্ত্রীজিত ব্রহ্মদ্বেষী এই সকলকে যত্নপূর্ব্বক পরিত্যাগ করিবে।১৭৩ মণিমুক্তা প্রবালাদি সুবর্ণাদি ও তাম্রপাত্র দেবে প্রদত্ত হইলে দ্বাদশাহ পর্য্যন্ত নির্ম্মাল্য করিবে না অর্থাৎ দেবস্থান হইতে অন্যত্র লইবে না।১৭৪ পট্টী ও শাটী ছয় মাস দেবস্থানে রক্ষিতব্য, নৈবেদ্য দত্ত মাত্র। মোদক

পট্টবস্ত্রং ত্রিমাসাচ্চ যজ্ঞসূত্রমহঃস্মৃতং।
যাবদুষ্ণং ভবেদন্নং পরমান্নন্তথৈব চ ॥১৭৬
মস্তকং রুধিরঞ্চৈব অর্দ্ধরাত্রেণ পার্ব্বতি।
মুহূর্ত্তং দধি দুগ্ধঞ্চ আজ্যং যামেন শাঙ্করি ॥১৭৭
করবীরং মহোরাত্রং বিল্বপত্রং তথৈব চ।
জবাবন্ধুকমাল্যঞ্চ নির্ম্মাল্যং সার্দ্ধমাসকে ॥১৭৮
মাল্যং বৈ করবীরস্য পদ্মস্য বিল্বকস্য চ।
মাসান্তেন মহেশানি তাম্বুলং দত্তমাত্রতঃ ॥১৭৯
খর্জ্জুরংপনসং দ্রাক্ষা মাতুলুঙ্গঞ্চ শাবকং।
কদলীনাগরঙ্গঞ্চ তথা জম্বূফলানি চ।
শালুকং মধুকঞ্চৈব প্রযত্নেন নিবেদয়েৎ ॥ ১৮০
ফলং বিল্বঞ্চ দাড়িম্বং জয়ন্তীং কর্কটীন্তথা।
ত্রপুষঞ্চৈব বার্ত্তাকী দেবীপ্রীতিকরাণি চ।
ন নির্ম্মাল্যঞ্চ দাড়িম্বং তথা বিল্বফলং প্রিয়ে।
সৌগন্ধিকঞ্চ কদলং প্রযত্নেন নিয়োজয়েৎ ॥১৮১

রুষর অর্দ্ধ প্রহর থাকিতে পারে।১৭৫ পট্টবস্ত্র তিনমাসে, যজ্ঞসূত্র একাহে, অন্ন ও পরমান্ন যাবৎ উষ্ণ থাকিবে, তৎপরে নির্ম্মাল্য করিবে।১৭৬ মস্তক ও রুধির অর্দ্ধরাত্রে পরে, দধি ও দুগ্ধ মুহূর্ত্তকালান্তে, আজ্য প্রহরান্তে।১৭৭ করবীর ও বিল্বপত্র অহোরাত্রে, জবামাল্য ও বন্ধুকমাল্য দেড় মাসান্তে॥১৭৮ করবীর মাল্য, পদ্মমাল্য ও বিল্বমাল্য মাসান্তে ও তাম্বুল দত্তমাত্রেই নির্ম্মাল্য করিবে।১৭৯ খর্জ্জূর, পনস, দ্রাক্ষা, মাতুলুঙ্গ, শাবক, কদলী নাগরঙ্গ জম্বূফল, শালুক, মধুক এই সকল যত্নপূর্ব্বক নিবেদন করিবে।১৮০ বিল্বফল, দাড়িম্ব,

কদলং বীজপূরঞ্চ দুগ্ধং পক্কং নিবেদয়েৎ ।
কন্দুপক্কং কশেরুঞ্চ জম্ববালপ্রিয়ং ভবেৎ ।১৮২
আর্দ্রকং লবণঞ্চৈব জীরকং পিপ্পলীয়কং ।
জাতীকোষং তিন্দুকঞ্চ দেব্যাঃ প্রিয়তরং মহৎ ॥১৮৩
রামরম্ভাফলং পুষ্পকদলং ধূম্র তাপিতং ।
ন যোজয়েন্মহাদেব্যৈ উৎপলস্য চ বীজকং ॥
ধান্যং শ্রাবণকং মর্ত্ত্যং দ্বিঃস্বন্নঞ্চ বিবর্জ্জয়েৎ ॥১৮৪
নারিকেলং স্নুবর্ণাভং নারিকেলঞ্চ বামকং ।
নিবেদয়েন্মহাদেব্যৈ তোয়ন্তস্য বিশেষতঃ ।১৮৫
নারিকেলঞ্চ ভাণ্ডীরং দৈবে শ্রাদ্ধে বিবর্জ্জয়েৎ ॥১৮৬
বকুলস্য পক্কং পদ্মস্য চ ফলন্তথা ।
নিয়োজয়েন্মহাদেব্যৈ চান্দ্রায়ণফলং লভেৎ ॥১৮৭

জয়ন্তী, কর্কটী, ত্রিপুর, পার্ত্তাকী এই সকল দেবীর প্রীতিকর জানিবে। হে প্রিয়ে! দাড়িম্ববিল্বফল নির্ম্মাল্য নয়, সৌগন্ধিক দল যত্নপূর্ব্বক নিয়োগ করিবে ।১৮১ বীজপূরকদল দুগ্ধে পক্ক করিয়া নিবেদন করা উচিত। কন্দু পক্ক, কশেরু, ও জম্ববাল দেবীর প্রিয়কর ।১৮২ আদ্রক, লবণ জীরক, পিপ্পলীয়ক, জাতীকোষ ও তিন্দূক দেবীর মহাপ্রিয়তর ॥১৮৩ রাম রম্ভাফল, পুষ্প, কদল ও উৎপলবীজ ধূম্রতাপিত করিয়া দেবীকে প্রদান করা কর্ত্তব্য নয়। দুইবার স্বিন্ন শ্রাবণক ধান্য ও মর্ত্ত্য বর্জ্জনীয়।১৮৪ নারিকেলও সুবর্ণাভ নারিকেলবামক বিশেষতঃ নারিকেলজল মহাদেবীকে নিবেদন করিবে ।১৮৫ দেবশ্রাদ্ধে নারিকেল ও ভাণ্ডীর বর্জ্জনীয়।১৮৬ দেবীকে পক্কবকুল ফল ও পদ্মফল প্রদান করিলে, চান্দ্রায়ণব্রতের ফল লাভ হয়।১৮৭ হে দেবি!

শৃণু দেবী প্রবক্ষ্যামি পুষ্পাধ্যায়ং সমাসতঃ ॥১৮৮
ঋতুকালোদ্ভবৈর্ম্মল্লিকাজাতিপুষ্পকৈঃ।
সিতরক্তৈস্তথাপুষ্পৈর্নীলৈঃ পদ্মৈ যঃ পাণ্ডবৈ ॥
কিংশুকৈস্তগরৈশ্চৈব জবাকনচম্পকৈ।
বকুলৈশ্চৈব মন্দারেঃ কুন্দপুষ্পৈঃ করণ্টকৈ ॥১৮৯।১৯০
ধুস্তরকাদিযুক্তৈশ্চ বন্ধুকাগস্ত্যসম্ভবৈঃ।
মদনৈ সিন্ধুবারৈশ্চ দূর্ব্বাঙ্কুরসুকোমলৈঃ ॥১৯১
পত্রৈশ্চ তুলসীনাঞ্চ বিল্লপত্রৈঃ সুকোমলৈ।
করবীরস্য মাঘাস্য সহস্রাণি দদাতি যঃ।
সকামান প্রাপ্যচাভীষ্টা দেবি লোকে মহীয়তে ॥১৯২
একেন করবীরেণ পদ্মনাং দ্বে সহস্রকং
নোৎসৃজ্য দদ্যাৎ পুষ্পাণি বনস্থানি কদাচন ॥১৯৩
ন শক্রুবন্তি বৈ দেব্যাঃ সমাকর্ষিতুমুত্থতাঃ ॥
একৈককং কুসুমং যক্ষা রক্ষন্তি দশ বৈ যতঃ ॥

সংক্ষেপে পুষ্পাধ্যায়ের বিবরণ কহিতেছি শ্রবণ কর।১৮৮ যথা ঋতুসমুৎপন্ন মল্লিকা, জাতি, শ্বেত, ও রক্তপুষ্প সকল এবং নীল পাণ্ডুরপদ্ম কিংশুক, তগর, জবা, কনক, চম্পক, বকুল, মন্দার, কুন্দপুষ্প, করণ্টক, ।১৮৯।১৯০ ধুস্তূর বন্ধূক, বক, মদন, সিন্ধুবার, সুকোমল দূর্ব্বাঙ্কুর ১৯১ তুলসীপত্র, সুকোমল বিল্বপত্র দ্বারা দেবীর পূজা করিবে। যে নর সহস্র করবীর ও কুন্দপুষ্প দেবীকে প্রদান করে, সে সর্ব্বাভীষ্ট ও সর্ব্বকাম প্রাপ্ত হইয়া দেবীলোকে গমনপূর্ব্বক পূজা লাভ করে।১৯২ একটী করবীর পুষ্প দুই সহস্র পদ্মের সমান। বনস্থ পুষ্প উৎসর্গ না করিয়া, কদাচই দেবীকে প্রদান করিবে না।১৯৩ যেহেতু দেবীগণ ঐ পুষ্প আকর্ষণ করিতে

তথা যক্ষাঙ্গনাঃ পঞ্চ সর্ব্বতঃ কুসুমাবৃতাঃ।
তস্মাদাহৃত্য কুসুমং দদ্যাদ্দেবান্ পিতৃনপি ॥১৯৪।১৯৫
কূর্য্যাৎ পুষ্পগৃহং তত্র কামাখ্যা পরিশঙ্করি।
ইহ কামানবাপ্নোতি দুর্গালোকে মহীয়তে॥১৯৬
করবীরঃ সজাতিস্তু পূজয়েদ্বস্তু শাঙ্করী।
অগ্নিষ্টোমফলং লব্ধা সূর্য্যলোকে মহীয়তে॥১৯৭
পূজয়িত্বা নরোভক্ত্যা চণ্ডিকাং পদ্মমালয়া।
জ্যোতিষ্টোমফলং প্রাপ্য সূর্য্যোলোকে মহীয়তে॥১৯৮
বকপুষ্পং সজাতিস্তু তথা রুদ্রজটস্য চ।
বাজপেয়স্য যজ্ঞস্য ফলং প্রাপ্নোতি নান্যথা॥১৯৯
সর্ব্বেষামেব পুষ্পানাং প্রবরং নীলমুৎপলং।
নীলোৎপলসহস্রেণ যস্তু মালাং প্রযচ্ছতি॥
দুর্গায়াং বিধিবদ্দেব তস্য পূণফলং শৃণু॥২০০

উদ্ধৃতা হইয়া সমর্থা হন না। দশ দশ যক্ষ এবং পঞ্চ পঞ্চ যক্ষাঙ্গনা এক একটি কুসুম রক্ষা করিয়া থাকে। অতএব কুসুম আহরণ করিয়া দেবগণে ও পিতৃগণে প্রদান করিবে।১৯৪॥১৯৫ হে শঙ্করি! তথায় একটি পুষ্পগৃহ কর্ত্তব্য, এইরূপে পুষ্প প্রদান করিয়া, ইহলোকে সর্ব্বকাম প্রাপ্ত হইয়া দুর্গালোকে গমনপূর্ব্বক পূজা লাভ করে।১৯৬ হে শঙ্করি! যে নর, করবীর ও তজ্জাতীয় পুষ্প দ্বারা পূজা করে, সে অগ্নিষ্টোমের ফলপ্রাপ্ত হইয়া, সূর্য্যলোকে গমনপূর্ব্বক পূজাপ্রাপ্ত হয়।১৯৭ নরগণ ভক্তিপূর্ব্বক পদ্মমালায় চণ্ডিকার পূজা করিয়া, জ্যোতিষ্টোমের ফলপ্রাপ্ত হয় এবং সূর্য্যলোকে গমনপূর্ব্বক পূজা লাভ করে।১৯৮ বকপুষ্প ও তজ্জাতীয়

বর্ষকোটিসহস্রানি বর্ষকোটিশতানি চ।
দেব্যা অনুচরোভূত্বা রুদ্রলোকে মহীয়তে ॥২০১
বক্রধান্যোদ্ভবং যচ্চ সূক্ষ্মধান্যোদ্ভবন্তথা।
রাজধান্যোদ্ভবঞ্চৈব রক্তধান্যোদ্ভবন্তথা ॥
শস্তং তণ্ডুলমক্ষুণ্ণং সপ্তাষ্টনবসংখ্যয়া।
দূর্ব্বাঙ্কুরসমেতঞ্চ ভগবত্যৈ নিবেদয়েৎ ॥
অষ্টম্যাং বা নবম্যাং বা সোঽশ্বমেধফলং লভেৎ ॥২০২।২০৩
গন্ধানুলেপনং দত্বা জ্যোতিষ্টোমফলং লভেৎ ॥২০৪
কুঙ্কুমেন বিলিপার্ঘ্যং গোসহস্রফলং লভেৎ।
চন্দনাগুরুকর্পূরৈঃ শুক্লপুষ্পৈঃ সুকুঙ্কুমৈঃ ॥
বিলিপ্তাং পূজয়েদ্দূর্গাং বহ্নিষ্টোমফলং লভেৎ।২০৫
নিম্বপত্রঞ্চ কুন্দঞ্চ তমালামলকীদলং।
কহ্লারং তুলসীঞ্চৈব পদ্মঞ্চ হানিপুষ্পকং ॥২০৬

পুষ্পে ও রুদ্রজটে পূজা করিলে, বাজপেয় যজ্ঞের ফলপ্রাপ্ত হয়, সন্দেহ নাই।১৯৯ নীলোৎপল, সকল পুষ্পের মধ্যে শ্রেষ্ঠ; যে মানব নীলোৎপলসহস্রের মালা দুর্গা দেবীকে প্রদান করে, তাহার ফল শ্রবণ কর। ২০০॥ সে শতকোটি সহস্রকোটি বৎসর দেবীর অনুচর হইয়া রুদ্রলোকে পূজিত হইয়া থাকে।২০১ বক্রধান্যোদ্ভূত, সূক্ষ্মধান্যজাত, রাজধান্যোৎপন্ন এবং রক্তধান্যজ অক্ষুন্ন তণ্ডুল প্রশস্ত, তাহাদের সপ্ত অষ্ট নবসংখ্যক তণ্ডুল দূর্ব্বাঙ্কুরের সহিত অষ্টমী বা নবমীতে প্রদান করিলে অশ্বমেধের ফল লাভ হয়।২০২।২০৩ দেবীকে গন্ধানুলেপন প্রদান করিলে জ্যোতিষ্টোম যজ্ঞের ফল।২০৪ এবং কুঙ্কুম বিলেপিত অর্ঘ্য প্রদান করিলে সহস্র গোদানের

এতৎ পর্য্যুষিতং ন স্যাৎ যচ্চান্যৎ কলিকাত্মক
ন দূষ্যেৎ ছিন্নভিন্নঞ্চ জাতিপুষ্পঞ্চ শাঙ্করি ॥২০৭
পদ্মদূর্ব্বাঙ্কুরঞ্চৈব তুলসীদলমেব চ।
নাশু পর্য্যুষিতং নস্যাৎ কুসুমস্য চ শাঙ্করি ॥২০৮
নার্চ্চয়েৎ ঝিন্টিপুষ্পেণ পীতেন তগরেণ চ।
শ্বেতওড্রেণ কৃষ্ণেন বিজয়েন ন চার্চ্চয়েৎ ॥২০৯
ত্রিলক্ষং প্রজপেন্মন্ত্রং পুরশ্চরণসিদ্ধয়ে।
ন্যাসঞ্চ তর্পণঞ্চৈব হোমং পঙ্ক্ত্যষ্টকঞ্চরেৎ।
জিতেন্দ্রিয়ো মহেশানি, সোঽগ্নিষ্টোমফলং লভেৎ ॥২১০
শুক্লপক্ষে নবম্যান্তু অষ্টম্যাং পরমেশ্বরীং।
ত্রিকাল পূজয়েদ্‌যস্তু চতুর্দ্দশ্যাং মম প্রিয়ে ॥২১১
স গচ্ছতি পরং স্থানং যত্র দেবী ব্যবস্থিতা।
ক্রীড়য়িত্বা চিরং কালং রাজা ভবতি ভূতলে ॥২১২

ফললাভ হয়। চন্দন, অগুরু, কর্পূর ও কুঙ্কুমে বিলিপ্ত শুক্ল পুষ্প দ্বারা দুর্গাদেবীর পূজা করিলে অগ্নিষ্টোমের ফল প্রাপ্ত হয়।২০৫ বিল্বপত্র, কুন্দ, তমালদল ও আমলকীদল বহুলর, তুলসী, পদ্ম ও হানিপুষ্প এই সকল পুষ্প।২০৬ ও অন্যান্য কলিকাত্মক পুষ্প পর্য্যুষিত হয় না। হে শঙ্করি! ছিন্ন ভিন্ন জাতি পুষ্প।২০৭ পদ্ম দূর্ব্বাঙ্কুর ও তুলসীর ধূষণীয় হয় না। হে শঙ্করি! কুসুম সকলই আশুই পর্য্যুষিত হয় না।২০৮ ঝিন্টিপুষ্প, পীত তগর, শ্বেত ওড্র ও কৃষ্ণবর্ণ বিজয় পুষ্পে অর্চ্চনা করিবে না।২০৯ পুরশ্চরণ সিদ্ধির নিমিত্ত ত্রিলক্ষ মন্ত্রজপ, ন্যাস, তর্পণ হোম ও পংক্ত্যষ্টকের অনুষ্ঠান করিলে সেই জিতেন্দ্রিয় ব্যক্তি অগ্নিষ্টোমের ফল প্রাপ্ত হয়।২১০ হে প্রিয়ে!

স্নাত্বোপবাসনিয়মঃ পূজাজাগরমার্জ্জনৈঃ ।
সর্ব্বকালেষু সর্ব্বেষু কামেশীং যস্তু পূজয়েৎ ।
বিমানবরমারুহ্য ধ্বজমালাকুলন্তথা ।
ব্রহ্মলোকে নরো যাতি মোদতে শাশ্বতীঃ সমাঃ ।২১৩।২১৪
সদা ভক্তিরতোভূত্বা তস্মাদ বিভববিস্তরৈঃ ।
পূজয়েৎ সততং দুর্গাং মহাপুণ্যফলেচ্ছয়া ॥ ২১৫
অয়নে বিষুবেচৈব ষড়শীতিমুখে । প্রিয়ে ।
মাসৈশ্চতুর্ভির্যৎপুণ্যং বিধিনা পূজ্যচণ্ডিকাং ॥
তৎফলং লভতে দেবীং নবম্যাং কার্ত্তিকস্য চ ॥২১৬
মাসি চাশ্বযূজে দেবীং শুক্লপক্ষে মহেশ্বরীং ।
নবম্যাং পুজয়েদযস্তু তস্য পুণ্যফলং শৃণু ॥২১৭
অশ্বমেধ সহস্রস্য বাজপেয়শতস্য চ ।
তৎফলং সমবাপ্নোতি নাত্র কিঞ্চিৎপ্রপদ্যতে ॥২১৮

যে মানব শুক্লপক্ষের অষ্টমী, নবমী, ও চতুর্দ্দশীতে ত্রিকালে পরমেশ্বরীর পূজা করে।২১১ সে ব্যক্তি দেবীর অধিষ্ঠিত পরম স্থানে গমন করে। তথায় সুচির কাল ক্রীড়া করিয়া তদনন্তর ভূতলে রাজা হইয়া জন্মগ্রহণ করে।২১২ যে নর সর্ব্বকালেই স্নান উপবাস নিয়মপরায়ণ হইয়া পূজা-জাগরণ ও মার্জ্জনাদি দ্বারা কামেশ্বরী পূজা করে, সে ধ্বজমালা সুশোভিত বিমানে আরোহণ পূর্ব্বক ব্রহ্মলোকে গমন করিয়া নিত্যকাল আনন্দ ভোগ করে।২১৩ ২১৪ অতএব নিয়তই ভক্তিনিরত হইয়া বৈভব বিস্তার অনুসারে মহাপুণ্যফল লাভেচ্ছায় দেবীর সততই পূজা করিবে।২১৫ হে প্রেয়সি! অয়নে, বিষুবে ষড়শীতিমুখে ও চারিমাসে বিধিনা চণ্ডিকার

হনূমতশ্চোত্তরে চ একবিংশধনুর্ম্মিতং ।
মুক্তিমণ্ডপিকোনামস্থানং পরম দুর্ল্লভং ॥২১৯
স স্থিতাং প্রজপেত্তত্র পরাং গতিমবাপ্নুয়াৎ ।
তত কৃতাঞ্জলির্মুদ্রাং কৃত্বা দেবীং প্রসাদয়েৎ ॥২২০
নমস্তে সর্ব্বদেবেশি ভক্তানাং ভয়ং হারিণি ।
সংসারসাগরে মগ্নং ত্রাহি মাং পরমেশ্বরি ॥২২১
এবং প্রসাদ্য তাং দেবীং দণ্ডবৎ প্রণিপাত্য চ ।
ততোঽর্চ্চয়েদগুরুং ভক্ত্যা পুষ্পাগন্ধানুলেপনৈঃ ॥২২২
কুমারীং ভোজয়েত্তত্র জাগরং কারয়েন্নিশি ।
মাহাত্ম্যঞ্চ মহাদেব্যা গীতিকাংশ্চাপি কারয়েৎ ॥২২৩
ধ্যায়ংস্তুবন্ পরাং দেবীং প্রেরয়েদ্রজনীং বুধঃ ।
মাসি মাসি তথাষ্টম্যাং চতুর্দ্দশ্যাং বিশেষতঃ ।
গোধূলিসময়ে দেবি নয়েৎ কামেশ্বরালয়ং ॥২২৪

পূজা করিয়া যে ফল লাভ হয়, কার্ত্তিকমাসের নবমীতে ।২১৬ দেবীর পূজা করিলে সেই ফল প্রাপ্ত হইয়া থাকে। আশ্বিন-মাসের শুক্লপক্ষের নবমীতে দেবীর পূজার ফল শ্রবণ কর ।২১৭ সহস্র অশ্বমেধ ও শত বাজপেয়ের যে ফল, সেই ফল লাভ হয়, তাহাতে সন্দেহ নাই ।২১৮ হনূতীর্থের উত্তরে একবিংশতি ধনুঃ পরিমিত মুক্তি মণ্ডপিক নামে এক পরম দুর্লভ স্থান আছে ।২১৯ তথায় সংস্থিত হইয়া জপ করিলে পরম গতি প্রাপ্ত হয়। তদনন্তর কৃতাঞ্জলি হইয়া মুদ্রাদ্বারা দেবীকে প্রসন্ন করাইবে ।২২০ হে সর্ব্বদেবেশি! হে ভক্তভয়হারিণি! আমি তোমাকে নমস্কার করিতেছি আমি সংসার-সাগরে নিমগ্ন হে পরমেশ্বরি! আমাকে পরিত্রাণ করুন ।২২১ এইরূপে

রথে বা শিবিকায়াং বা দৃষ্টা তত্র কদাচন।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো দেবীলোকে মহীয়তে ॥২২৫
মুক্তিমণ্ডপিকাং নীত্বা পূজয়েদ্‌যস্তুশাঙ্করি।
দশাশ্বমেধে যৎ পুণ্য লভতে নাত্রসংশয়ঃ ॥২২৬
ন কুর্য্যাদ্দিবসে যাত্রাং ন চ রাত্রৌ মহানিশি।
শরৎকালস্য সপ্তম্যাং নয়েন্নগরদক্ষিণে ॥
সায়ং কালে মহেশানি সর্ব্বযজ্ঞফলং লভেৎ ॥২২৭
অষ্টম্যাং পূজয়িত্বা চ নবম্যাং স্রোতক জলে।
যশ্চৈব স্নাপয়েদ্দেবীং দিবসে চন দৃষ্যতি ॥২২৮
ততঃ স্পৃষ্ট্বা রথে দেবীং নশোকা জায়তে ভুবি।
স্কন্ধে দেবীং বহেদ্‌যস্তু অশ্বমেধং পদে পদে ॥
তস্মাৎ প্রযত্নতো ভক্ত্বা শিবিকাং কারয়েদ্ বৃহৎ ॥২২৯

দেবীকে প্রসন্ন করাইয়া দণ্ডবৎ প্রণাম করিবে। তদনন্তর ভক্তিসহকারে পুষ্প, গন্ধ ও অনুলেপন দ্বারা গুরুপূজা সম্পাদনপূর্ব্বক।২২২ তথায় কুমারী ভোজন করাইয়া রাত্রি জাগরণ করিবে। মহাদেবীর মাহাত্ম্য পাঠ ও গীতিকা গান করাইবে।২২৩ এইরূপে ধ্যান ও স্তবাদি দ্বারা বুধগণ দেবীর প্রসন্নতা সম্পাদন করিবেন। প্রতিমাসের অষ্টমীতে বিশেষতঃ চতুর্দ্দশীতে গোধূলি সময়ে রথে বা শিবিকায় আরোহণ করাইয়া মহাদেবীকে কামেশ্বরালয়ে লইয়া যাইবে।২২৪ তথায় দেবীদর্শন করিলে সর্ব্বপাপ হইতে পরিমুক্ত হইয়া দেবীলোকে পূজ্য হয় ২২৫ যে নর দেবীকে মুক্তিমণ্ডপিকে লইয়া গিয়া পূজা করে, সে দশাশ্বমেধের ফল প্রাপ্ত হয় সন্দেহ নাই।২২৬ দিবসে বা রজনীযোগে মহানিশায় দেবীকে

ত্রিংশধন্বন্তরে দেব্যা স্নানার্থং পর্ব্বতস্তথা ।
পশ্যেৎ কামেশ্বরং দেবং ভূমিপীঠে ব্যবস্থিতং ॥ ২৩০
তস্যোত্তরে কামসরো ভানুহস্তপ্রমানতঃ ।
নং জপ্ত্বা স্নাত্বা কামানবাপ্নুয়াৎ ॥২৩১
কামকুণ্ডে নরঃ স্নাত্বা যঃ পশ্যেৎ কামমীশরং ।
ন তস্য পুনরাবৃত্তী রুদ্রলোকে মহীয়তে ॥২৩২
চতুর্ভুজং শূলহস্তং খট্বাঙ্গঞ্চ বরাভয়ং ।
পদ্মস্থং পূজয়েদ্দেবং সর্ব্বপাপপ্রাণাশনং ॥
দক্ষিণামূর্ত্তিমন্ত্রেণ পূজয়েচ্চ প্রসাদয়েৎ ॥২৩৩
ওঁ নমঃ শিবায় তন্নিশাময়ায় নমঃ শিবায় শিবার্চ্চিতায় ।
তুভ্যং ।
কৃপা পরায় নমো মায়াগেহে নাশ্রময়ে মমোঽস্তু ।
শোধায় মহান্ধকারায় নমঃ ।
শরণ্যাগয় নমো গণায় নমোঽস্তু ভীমগণাগ্রগায় ।
নমোঽস্তু নানা ভুবনাদিকত্রে ॥২৩৪

লইয়া যাত্রা করিবে না। শরৎকালের সপ্তমীতে সায়ংকালে নগরের দক্ষিণ-ভাগে দেবীকে লইয়া গিয়া পূজা করিলে সর্ব্ব যজ্ঞের ফলপ্রাপ্ত হয় ।২২৭ অষ্টমীতে পূজা করিয়া নবমীতে স্রোতজলে দেবীকে স্নান করাইবে, দিবসে স্নান করাইলে দোষের নিমিত্ত হয় না।২২৮ তদনন্তর রথস্থিতা দেবীকে স্পর্শ করিলে, ভূতলে, আর শোকপ্রাপ্ত হয় না। যে শিবিকা-স্থিতা দেবীকে স্কন্ধে বহন করে, পদে পদে তাহার অশ্বমেধের ফল লাভ হয়। অতএব যত্নপূর্ব্বক দেবীর বৃহৎ শিবিকা প্রস্তুত করাইবে।২২৯ ত্রিংশৎধনুঃ অন্তরে দেবীর স্নানার্থ পর্ব্বত অবস্থিত, তথায় ভূমিপীঠে অবস্থিত।২৩০ কামেশ্বরকে দর্শন করিবে। তাহার উত্তরে দ্বাদশহস্তপ্রমাণ

স্নাপয়িত্বা ঘৃতক্ষৌদ্রৈর্গন্ধৈর্দীপৈশ্চ পূজয়েৎ।
কনকৈর্ব্বিল্বপত্রৈশ্চ রক্তরুদ্রজটৈরপি॥
জয়শব্দৈস্তবৈশ্চৈব নানানৈবেদ্যবেদনৈ॥২৩৫
চৈত্রেমাসি ত্রয়োদশ্যাং শুক্লায়াং কামমীশ্বরং।
যে পশ্যন্তি সুরশ্রেষ্ঠং তে যান্তি পরমং পদং॥২৩৬
অষ্টম্যাঞ্চ নিশাভাগে নয়েৎ কামেশ্বরীগৃহং।
অত্র সংপূজয়েদ্দেবং দেব্যাসহ বিশেষতঃ॥
অগ্নিষ্টোমফলস্তস্য লভতে নাত্র সংশয়ঃ॥২৩৭
দর্শানাৎ ফলমাপ্নোতি দৃষ্ট্বা কামেশ্বরীং ততঃ।
যং যং প্রার্থয়তে তত্র তত্তদেব ন সংশয়॥২৩৮
কম্বলস্য চ যামেত দেবী দেবেন সঙ্গতা।
ধনুরষ্টান্তরে ভদ্রে যবেৎ কোটীশ্বরীং পরাং॥২৩১

কামসরঃ অবস্থিত, তথায় স্নানানন্তর কাম ও আসনমন্ত্র জপ করিলে, সর্ব্বকাম লাভ করিতে পারে।২৩১ যে নর কামকুণ্ডে স্নান করিয়া, কামেশ্বর দর্শন করে, তাহাকে আর পুনরাবৃত্তি করিতে হয় না, সে রুদ্রলোকে পূজ্য হয়।২৩২ চতুর্ভূজ, শূলহস্ত, খট্টাঙ্গ বরাভয়ধারী পদাঙ্কিত দেবকে পূজা করিলে সর্ব্বপাপ বিনাশ পায়। দক্ষিণমূর্ত্তি মন্ত্র দ্বারা কামেশ্বরদেবকে পূজন ও প্রসাদন করিবে।২৩৩ ‘ওঁ নমঃ শিবায় ত্রিনিশাময়ায় নমঃ শিবায় শিবাচ্চিতায় তুভ্যং। কৃপাপরায় নমো মায়াগৃহে নাত্রময়ে নমোঽস্তুশোষায়মহান্ধকারয় নমঃ। শরণ্যায় নমো গণায় নমোঽস্তু ভীমগণনানুগায় নমোঽস্তু নানা ভুবনাদিকত্রে।২৩৪ এই মন্ত্রে স্নান করাইয়া ঘৃত মধু গন্ধ দীপাদি দ্বারা পূজা করিবে। কনক বিল্বপত্র, রক্তরুদ্রজট দ্বারা এবং জয়শব্দ স্তব, নানা নৈবেদ্য নিবেদন পূর্ব্বক।২৩৫ চৈত্রমাসের

দৃষ্টা চ ন স্পৃশেদ্দেবী পুত্রার্থী ন কদাচন।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো রুদ্রলোকে মহীয়তে ॥২৪০

ইতি যোগিনীতন্ত্রে সর্ব্বতন্ত্রোত্তমে দ্বাবিংশতিসাহস্রে
প্রথমতমে দ্বিতীয়ভাগে সপ্তম পটলঃ ॥

অষ্টমঃ পটলঃ।

শ্রীভগবানুবাচ।

ততোঽস্মিন দিবসে দেবি প্রায়াদাকাশবাহিনীং।
লোক চক্ষুরিতি খ্যাতা সর্ব্বপাপহরাং শুভাং ॥ ১

শুক্ল ত্রয়োদশীতে পূজা করিয়া যে ব্যক্তি সুরেশ্বর কামেশ্বর দর্শন করে, সে পরম পদ প্রাপ্ত হয়।২৩৬ অষ্টমীর নিশাভাগে কামেশ্বর দেবকে কামেশ্বরী গৃহে লইয়া গিয়া তথায় দেবীর সহিত তাঁহার পূজা করিলে অগ্নিষ্টোমের ফল লাভ করে সন্দেহ নাই।২৩৭ তথায় কামেশ্বরী দর্শন করিলে যে যে ফল প্রার্থনা করে তৎসমুদায়ই প্রাপ্ত হয়, সন্দেহ নাই॥ ২৩৮ কহ্নলের দক্ষিণে অষ্ট ধনু অন্তরে কোটীশ্বরী দেবী দেবের সহিত একত্র অবস্থান করেন, তথায় পরমাদেবী কোটীশ্বরীর পূজা কর্ত্তব্য॥ ২৩৯ পুত্রার্থী মানব, তথায় দেবীকে দর্শন করিবে. স্পর্শন করিবে না। এইরূপ তথায় দেব ও দেবী কোটীশ্বরীর পূজা করিলে সর্ব্বপাপ পরিমুক্ত হইয়া রুদ্রলোকে গমন করিয়া পূজা প্রাপ্ত হয় সন্দেহ নাই।২৪০

ইতি যোগিনী তন্ত্রে দ্বিতীয় ভাগে সপ্তম পটলঃ।

শ্রীভগবান কহিলেন হে দেবি! অনন্তর এই দিবসে সর্ব্বপাপবিনাশিনী কল্যাণদায়িনী লোকচক্ষুঃ।১ এই নামে বিখ্যাতা আকাশবাহিনীতে গমন

দেব্যা দক্ষিণতশ্চৈব ইক্ষুক্ষেপদ্বয়ান্তরে ॥
ত্রিধারা দৃশ্যতে তত্র মধ্যধারা সরস্বতী ॥২
দক্ষিণে বরুণা ধারা উত্তরে যমুনা স্মৃতা ।
যামুনে চ কৃতস্নানে মুচ্যতে ঘোরকিল্বিষাৎ ।৩
সরস্বত্যাং কৃতস্নানো বিষ্ণুলোকে মহীয়তে ।
বরুণায়াং কৃতস্নানো মুক্তিমাপ্নোত্যনুত্তমাং ।৪
ত্রিধারাসঙ্গমং যত্র অনন্তং পরিদৃশ্যতে ।
আকাশগঙ্গা সা দেবী মহাপাতকনাশিনী ॥৫
নমো দেবী সহস্রাক্ষে ভববন্ধন প্রণাশিনি ।
নীলশৈলস্থিতে ভদ্রে পাপং মে হর জাহ্নবি ॥
অনেন স্নানং কৃত্বা তু শব্দবীজেন পূজয়েৎ ॥৬
তস্যাঃ কৌবেরদিগ্‌ভাগে নাতিদূরে ব্যবস্থিত ।
শুক্লাকৃতিশ্চারুরূপো বাসুদেবঃ প্রকীর্ত্তিতঃ ॥৭

করিবে। তথায় দেবীর দক্ষিণদিকে ইক্ষুক্ষেপদ্বয় অন্তরে ত্রিধারা দৃষ্ট হয়, তাহার মধ্যধারার নাম সরস্বতী।২ দক্ষিণে ধারা ও উত্তরে যমুনা ধারা প্রবাহিত হইতেছে। যমুনা ধারায় স্নান করলে ঘোরতর পাপ হইতে মুক্ত হয়। সরস্বতী ধারায় স্নান করিলে বিষ্ণুলোকে পূজ্য হয়। বরুণায় স্নান করিলে উত্তমা মুক্তি লাভ হয়।৩ যেখানে ত্রিধারা অনন্তরূপে প্রতিভাত হয়, তাহাকেই মহাপাতকনাশিনী দেবী আকাশগঙ্গা বলিয়া জানিবে।৫ নমো দেবি সহস্রাক্ষে ভববন্ধপ্রনাশিনি! নীল শৈলস্থিতে ভদ্রে পাপং মে হর জাহ্নবি॥ এই মন্ত্র দ্বারা স্নান করিয়া শব্দ বীজ মন্ত্রে তাঁহার পূজা করিবে।৬ তাঁহার উত্তর দিকে অনতিদূরে

স্মরেণ পুজয়েল্লিঙ্গং গন্ধাদ্যৈঃ পায়সৈরপি।
দ্বাদশ্যাং কার্ত্তিকে মাসি দৃষ্ট্বা মুক্তিঞ্চ বিন্দতি॥
রাত্রৌ জাগরণাদত্র মুচ্যতে সর্ব্বপাতকং ॥৮
দক্ষিণে চৈব গঙ্গায়াশ্চতুর্ধন্বন্তরে স্থিতঃ।
মহাশ্মশানে ভগবান্ ক্রীড়তে স্ত্রীগণৈঃ সহ।৯
তত্র দেবাঃ সগন্ধর্ব্ব ঋষয় সহ চারাণাঃ।
প্রসাদনার্থং দেবস্য নিত্য মায়ান্তি চাদৃতাঃ।১০
তত্রারাধ্য মহাদেবং ভাবভূতৈ র্গণেশ্বরং।
প্রাপ্তবান্ গাণপত্যং হি দেবানামপি দুর্ল্লভং॥১১
অদ্যাপি দৃশ্যতে তত্র প্রত্যহং মহদদ্ভুতং।
নিঃক্ষিপ্য মানুষাস্থীনি ভস্মীভূয় প্রজাপতি॥১২
তত্র গত্বা মহাদেবং যঃ পুজয়তি মানবঃ।
দিব্যলোকমাপ্নোতি ভিন্নদেহে ন সংশয়ঃ।১৩

শুভাকৃতি, মনোরমরূপ বাসুদেব অবস্থিত আছেন।৭ স্মরমন্ত্রে, গন্ধপুষ্পাদি ও পায়স দ্বারা লিঙ্গ পূজা করিবে। কার্ত্তিক মাসের দ্বাদশীতে তাঁহাকে দর্শন করিলে মুক্তিলাভ হয়।৮ এখানে রাত্রি জাগরণ করিলে সর্ব্বপাতক হইতে মুক্ত হয়। গঙ্গার দক্ষিণে চারি ধনু অনন্তরে অবস্থিত ভগবান্ মহাশ্মশানে স্ত্রীগণের সহিত ক্রীড়া করেন।৯ দেবগণ, গন্ধর্ব্বগণ, ঋষিগণ, চারণগণ দেবের প্রসাদনার্থ নিত্যই আদরে আগমন করে।১০ তথায় ভক্তিভাবে মহাদেব গণপতির পূজা করিলে, দেবদুর্ল্লভ গাণপত্য লাভ হয়।১১ অদ্যাপি তথায় মহৎ অদ্ভুত হয়। মনুষ্যাস্থিসকল নিক্ষেপ করিলে ভস্মীভূত হইয়া প্রজাপতি হয়।১২ যে মানব, তথায় গমন করিয়া মহা-

কার্ত্তিকে মাসি শুক্লায়াং চতুর্দ্দশ্যাং বিশেষতঃ।
সংপূজ্য তত্র দেবেশং সর্ব্বপ্রীতং পিতামহং।
তাবৎ প্রীত্যা তু সর্ব্বেষাংরুদ্র স্যানুচরো ভবেৎ ॥১৪
ত্র্যংশঞ্চ দৃশ্যতে তত্র উত্তরাঙ্গং হরং শ্রুতং।
পশ্চিমাঙ্গং হেরুকঞ্চ বিষ্ণুরূপিণমব্যয়ং ॥১৫
ভৈরবী দক্ষিণাংশশ্চ ত্রিপুরেত্যভিধীয়তে।
প্রদানেন তু মন্ত্রেণ পূজয়েৎ পরমেশ্বরং।
বাজিমেধস্য যজ্ঞস্য লভতে ফলমুত্তমং ॥১৬
কুলাদ্যেন ত্রিকুন্দেন পূজয়েদ্ভক্তি মান্নরঃ।
মহাবিদ্যামবাপ্নোতি পূজনান্নাত্র সংশয়ঃ ॥১৭
হেরুকং দ্বাদশবর্ণেন বাসুদেবস্বরূপিণং।
সর্ব্বোলোকেশ্বরো জাতি জাতিশ্রেষ্ঠোভিজায়তে।১৮

দেবের পূজা করে, সে অন্যদেহে দিব্যলোক প্রাপ্ত হয়, সন্দেহ নাই।১৩ কার্ত্তিক মাসের শুক্লপক্ষে বিশেষতঃ চতুর্দ্দশীতে সর্ব্বপ্রীত পিতামহ দেবেশ্বরের পূজা করিলে, তাঁহাদের প্রীতিবশাৎ রুদ্রের অনুচর হয়।১৪ তথায় তাঁহার অংশ দৃষ্ট হয়, তাহাতে উত্তরাঙ্গ হয়, পশ্চিমাঙ্গ বিষ্ণুরূপী অব্যয়।১৫ হেরুক দক্ষিণাঙ্গ ভৈরবী ত্রিপুরা নামে কথিত হন। প্রসাদ মন্ত্রে পরমেশ্বরের পূজা করিলে, বাজিমেধ যজ্ঞের উত্তম ফল লাভ হয়।১৬ ভক্তিমান্ নরগণ কুলাদি ত্রিকুণ্ড মন্ত্রে পূজা করিলে পূজনফলে মহাবিদ্যা প্রাপ্ত হয়, সন্দেহ নাই।১৭ বাসুদেবরূপী হেরুককে দ্বাদশবর্ণ মন্ত্রে পূজা করিলে সর্ব্বলোকের ঈশ্বর হইয়া জাতিশ্রেষ্ঠ হইয়া জন্মগ্রহণ করেন।১৮

রুধিরৈর্ম্মাংসমদ্যৈশ্চ পূজয়েৎ পরমেশ্বরীং।
রাজন্যাং সংপ্রদদ্যাত্তু কূর্ম্মমাংসং কদাচন ॥১৯
চামরং মদগুরং মৎস্যং প্রযত্নেন বিসর্জ্জয়েৎ।
চিঞ্চাং ভুক্ত্বা নীলশৈবং পিশাকং বা প্রমাদতঃ।
মহাভয়ঙ্করং বিদ্যাৎ স্পৃষ্ট্বা শাপং প্রযচ্ছতি ॥২০
ন স্পৃশেৎ সপ্তরাত্রঞ্চ শাকং কামেশ্বরি প্রিয়ে।
চন্দ্রায়ণত্রয়ং কৃত্বা ততঃ শুদ্ধির্ভবিষ্যতি ॥২১
রাজিবং চ রজনিঞ্চ শাকং চামরসম্ভবং।
ভুক্ত্বা প্রমাদতো দেবতদেবং ব্রতমাচরেৎ ॥২২
কর্কন্ধুশর্করাযুক্তং দন্তশাকং তথৈব চ ॥
কুষ্মাণ্ডংপার্ব্বতীয়ঞ্চ দূরতঃ পরিবর্জ্জয়েৎ ॥২৩

রুধির মাংস ও মদ্য দ্বারা পরমেশ্বরীর পূজা করিবে। রজনীতে কূর্ম্মমাংস কথন প্রদান করিবে না।১৯ চামর ও মদগুর মৎস্য যত্নপূর্ব্বক বর্জ্জন করিবে। প্রমাদবশতঃ নীলশৈব বা চিঞ্চাশাক ভোজন করিলে, মহা ভয় উপস্থিত হয় তাহাতে দেবতা প্রভিশাপ প্রদান করেন।২০ হে প্রিয়ে! কামেশ্বরি! সাতরাত্রি শাকস্পর্শ করিবে না। তাহা হইলে তিন চান্দ্রায়ণব্রত করিয়া তবে শুদ্ধিলাভ করিতে পারিবে।২১ রাজিব রজনী ও চামর সম্ভব শাক প্রমাদবশতঃ ভোজন করিলে চান্দ্রা-য়ণের অনুষ্ঠান করিবে।২২ কর্কন্ধু ও শর্করাযুক্ত দন্তশাক ও পার্ব্বতীয় কুষ্মাণ্ড বিশেষতঃ অষ্টমী নবমী ও ত্রয়োদশীতে যত্নপূর্ব্বক পরিবর্জ্জন করা উচিত।২৩ একবিংশতিসূত্রের তিনগুণ একত্রযোগে ত্রিংশক

অষ্টম্যাঞ্চ নবম্যাঞ্চ ত্রয়োদশ্যাং বিশেষতঃ ।
একবিংশতি সূত্রেণ তথা ত্রিগুণিতেন চ ।
ত্রিগুণেনৈকযোগেন পদে তু ত্রিংশকর্ম্মতং ।
কোষতঃ পট্টসূত্রেণ অভাবে রক্তকং ন্যসেৎ ॥২৪।২৫
অন্যত্রেণ দর্শয়েন্মালাং ন স্পৃশেদ্বামপাণিনা ।
বাণপ্রস্থো রতিশ্চৈব ব্রহ্মচারী তথা প্রিয়ে ।
বিষ্ণুমন্ত্রস্য জাপ্যে তু সমন্ত্রস্যাপি চ প্রিয়ে ।
বামহস্তে ততো ধৃত্বা সপ্তবীজাক্ষরং প্রিয়ে ।
সঞ্জপেদ্দক্ষিণেনৈব প্রতিবীজং বরাননে ॥২৬-২৭
গৃহদ্বারে বরদায় তিন্তিড়ীকায় বৈ নমঃ ।
সহস্রান্মুচ্যতে পাপাৎ জীর্ণত্ব চ ইবোরগঃ ॥২৮
কামেশ্বরস্য পৃষ্ঠে তু যাবৎ সিদ্ধেশ্বরঃ স্থিতঃ ।
তদনন্তর্গতখণ্ডঞ্চ ছায়া রুদ্রঃ প্রকীর্ত্তিতঃ ॥২৯

মাল্য হয়। কোষের পট্টসূত্র দ্বারা অভাবে রক্তকসূত্রে মাল্য গ্রন্থণ করিবে।২৪।২৫ অন্যকে সেই মালা দেখাইবে না এবং তাহা বামকর দ্বারা স্পর্শ করিবে না। বাণপ্রস্থ বতি ও ব্রহ্মচারী বিষ্ণুমন্ত্র জপে বামহস্তে ধরিয়া, সপ্তবীজাক্ষর জপকরণান্তর দক্ষিণ করে প্রতিবীজ জপ করিবে।২৬।২৭ "গৃহদ্বারে চ দেবায় তিন্তিড়িকায় বৈ নমঃ।" এই মন্ত্র সহস্রবার জপ করিলে, জীর্ণত্বক্ হইতে উরগের ন্যায় মুক্ত হয়।২৮ কামেশ্বরের পশ্চাদ্ভাগে যেখানে সিদ্ধেশ্বর অবস্থিত। হে বরাননে! তাহার অন্তর্গত খণ্ডস্থান "ছায়ারুদ্র" নামে কীর্ত্তিত হইয়া থাকে।২৯

স্থানং দেহি পরিত্যাগশ্ছায়া চাত্র বিধীয়তে ।
যঃ করোতি বৃষোৎসর্গং তস্মিন্ ক্ষেত্রে বরাননে ।
অগ্নিষ্টোমশতং পুণ্যং লভতে নাত্র সংশয় ॥৩০
মাঘেমাসি মহেশানি ছায়ারুদ্রে তিলৈর্ব্বিনা ।
পিণ্ডনির্ব্বপণং কৃত্বা পিতৃণামনৃনো ভবেৎ ॥৩১
ততো বিন্ধ্যাচলং গত্বা কৃষ্ণারক্তা চ যা শিলা ।
বিন্ধ্যেশী সা সমাখ্যাতা প্রযজেৎ কমলাদিনা ॥৩২
কামেশ্বর্য্যাশ্চ মন্ত্রেণ সা পূজ্যা পরমেশ্বরি ।
গবামযুতদানেন যৎফলঃ যত্র পার্ব্বতি ।
তৎফলং লভতে সত্যং বিন্ধ্যেশী দর্শনেন চ ॥৩৩
তস্যাঃ পূর্ব্বোত্তরে দেশে ইক্ষুক্ষেপশতাধিকে ।
আকাশগঙ্গাচিহ্নে তু যা শিলা স্বরদাধিকা ।

ছায়া এই স্থানকে কদাচই পরিত্যাগ করে না। হে বরাননে! সেই ক্ষেত্রে বৃষোৎসর্গ করিলে, শত অগ্নিষ্টোমের ফল লাভ হয়, সন্দেহ নাই ।৩০ হে মহেশানি! ছায়ারুদ্রক্ষেত্রে মাঘমাসে তিল ব্যতিরেকে পিণ্ড প্রদান করি। নরগণ পিতৃঋণ হইতে মুক্ত হয়।৩১ তদনন্তর বিন্ধ্যাচলে গমন করিয়া যে রক্তবর্ণ শিলা দর্শন করিবে, তাহাই বিন্ধ্যেশ্বরীনামে বিখ্যাতা। কমলা, কমলাদি দ্বারা তাঁহার পূজনান্তর।৩২ কামেশ্বরীর মন্ত্রে পুনর্ব্বা পূজা করিবে। হে পরমেশ্বরি! পার্ব্বতি! অযুত গোদান করিলে যে ফল হয়, বিন্ধ্যাচলে বিন্ধ্যেশী দর্শন করিলে, সেই ফল লাভ হয়, তাহাতে সংশয় নাই।৩৩ তাহার পূর্ব্বোত্তর দেশে শত ইক্ষুক্ষেপ অন্তরে আকাশগঙ্গা চিহ্নিতা যে স্বরদীঘিকা শিলা আছে, দক্ষিণে তাহার

দক্ষিণেন চ তস্যাগ্রং কিঞ্চিদুচ্চে চ সংস্থিতা ।
যা খ্যাতা ললিতা কান্তা ব্রহ্মহত্যাপহারিণী ॥৩৪।৩৫
অশ্বত্থং নন্দিরূপঞ্চ মূলে কূর্ম্মাকৃতিঃ শিলা ।
দৃষ্ট্বা নরশ্চতদ্দেবং ন পশ্যত্যেব পাতকং ।৩৬
তত্রযোনি গতং লিঙ্গং চতুর্হস্তপ্রমাণতঃ ।
গতিপ্রদীপিকাকারং কুণ্ডং সর্ব্বাঘনাশনং ।
তত্র ব্যাসেশ্বরং দেবং দৃষ্ট্বা নয়তি পাতকং ॥৩৭
ব্যাসতীর্থে নরঃ স্নাত্বা ললিতাং যোভিপূজয়েৎ ।
অশ্বমেধসহস্রস্য তৎফলং লভতে মহৎ ॥৩৮
বিংশদ্ধন্বন্তরে প্রাচ্যাং বনদাবধি চিহ্নিতং ।
পদ্মপত্রাকৃতিং পত্রং নির্য্যাসৈরুপচিহ্নিতং ।
তস্য মূলস্থিতা দেবী উচ্চাবরণরূপিণী ।
তস্যাঃ সম্পূজনাদেব গ্রহদোষৈর্ন লিপ্যতে ॥৩৯

অগ্রভাগ কিঞ্চিৎ উচ্চে সংস্থিতা রহিয়াছে, সেই কমনীয়া ব্রহ্মহত্যা পাপবারিণী শিলার নাম ললিতা ।৩৪।৩৫ তথায় নন্দিরূপ অশ্বত্থ তাহার মূলে কূর্ম্মাকৃতি শিলা অবস্থিতা আছে। নরগণ সেই দেবকে দর্শন করিলে, পাতক বিনষ্ট হয় ।৩৬ তথায় চতুর্হস্ত প্রমাণ যোনিগত লিঙ্গ এবং প্রদীপাকার সর্ব্বপাপবিনাশন এক কুণ্ড আছে, তথায় ব্যাসেশ্বরদেবকে দর্শন করিলে, পাপ হইতে মুক্ত হয় ।৩৭ যে নর ব্যাসতীর্থে স্নানানন্তর ললিতার পূজা করে, সে সহস্র অশ্বমেধের মহাফল প্রাপ্ত হয় ।৩৮ তাহার পূর্ব্বদিকে বিংশতি ধনু অন্তরে বনদা নামক নির্য্যাস পরিচিহ্নিত পদ্ম-পত্রাকৃতি পত্র বিশিষ্ট এক দাড়িম্ব বৃক্ষ আছে, তাহার মূলদেশে উচ্চাবরণ-

বৃক্ষং স্পৃষ্ট্বা ভক্তিমতী বন্ধ্যা গর্ভধরা ভবেৎ।
ছিন্নহস্তো লভেৎ হস্তং কালেনাঙ্গং লভেৎ পুনঃ ॥৪০
দাড়িমস্য চ পূর্ব্বে তু নাতিদূরে প্রতিষ্ঠিতং।
নবহস্তমিতং রন্ধ্রং তদ্দেবং ভুবনেশ্বরং।
পূজয়েৎ কামবীজেন বিজয়ী জায়তে নরঃ।৪১
তস্য বায়ব্যভাগে তু অগস্ত্যস্যাশ্রমে শুভে।
দেবং গদাধরন্তত্র পূজয়েৎ কুসুমাদিনা ॥৪২
নাতিদূরে তু দেবস্য যা শিলা শ্বেতমুজ্জ্বলং।
জল্লেশং তং মহালিঙ্গং পূজয়েন্মন্ত্রমুচ্চরন্ ॥
সৌভাগ্যে বিধিবৎ স্নাত্বা জল্লীশং যস্তু পূজয়েৎ ॥
অগ্নিষ্টোমফলন্তস্য ভবিষ্যতি মম প্রিয়ে।৪৩।৪৪

রূপিণী দেবী আছেন, তাঁহার পূজা করিলে, নরগণ গ্রহদোষে লিপ্ত হয় না।৩৯ বন্ধ্যানারী ভক্তিমতি হইয়া সেই বৃক্ষস্পর্শ করিলে গর্ভবতী হয়। ছিন্নহস্ত, হস্তলাভ ও কালক্রমে অঙ্গহীনাঙ্গও লাভ করিতে পারে।৪০ দাড়িমের পূর্ব্বদিকে অনতিদূরে নবহস্তমিত রন্ধ্রপ্রতিষ্ঠিত আছে; তথায় ভুবনেশ্বর দেব অবস্থিত কামবীজ মন্ত্রে তাঁহার পূজা করিলে, নরগণ. বিজয় লাভ করে।৪১ তাহার বায়ুকোণে অগস্ত্যের শুভকর আশ্রমে গদাধর দেব অবস্থিত আছেন কুসুমাদি দ্বারা তাঁহার পূজা করিবে।৪২ তাহার অনতিদূরে, যে শ্বেতবর্ণ উজ্জ্বল শিলা আছে, তাহাই জল্লীশ মহালিঙ্গ, মন্ত্রোচ্চারণ পূর্ব্বক তাঁহার অর্চ্চন করিবে। সৌভাগ্যে বিধিপূর্ব্বক স্নানান্তর জল্লীশের পূজা করিলে, তাহার অগ্নিষ্টোমের ফল লাভ হয়।৪২।৪৩ হে প্রিয়ে! তাহার পশ্চিমে পাতাল ভুবনাধিপ নামে

পশ্চিমে তস্য পাতালভুবনাধিপচিহ্নিতং।
একবিংশতিভূভাগে স্থিতস্তত্র সদাশিবঃ॥
তং প্রণম্য নরোভক্ত্যা ন ভূয়োজায়তে ক্বচিৎ॥৪৫
তস্য দেবস্যৎভূভাগে শঙ্করি কালহস্তকে।
গোবিন্দপর্ব্বতে রম্যে শুক্লবর্ণেন যা শিলা॥৪৬
গোবিন্দং তং বীজানিয়াৎ পুজয়েদ্ধরিবাসরে।
তস্য পূর্ব্বে নবধনু র্যা শিলা শোণসন্নিভা॥
শরণেশী সমাখ্যাতা মহাপাতকনাশিনী॥৪৭
শিবাচলে চ তুঙ্গে চ প্রকটাখ্যা পরা শিবা।
তাঞ্চ সম্পূজ্য যত্নেন মহতীং শ্রিয়মাপ্নুয়াৎ॥৪৮
বিন্ধ্যাচলস্যোত্তরে চ ইষুক্ষেপনবান্তরে।
মহালক্ষ্মীঃ স্থিতা তত্র সিতপুষ্পেণ পূজয়েৎ॥৪৯

সদাশিব আছেন, নরগণ ভক্তিপূর্ব্বক যদি তাঁহাকে পুজা ও প্রণাম করে, তবে তাহাদিগকে আর জন্মগ্রহণ করিতে হয় না।৪৫ হে শঙ্করি! সেই দেবের কালহস্তক ভূভাগে মনোহর গোবিন্দপর্ব্বতে শুক্লবর্ণ যে শিলা আছে।৪৬ তাঁহাকে গোবিন্দ বলিয়া অবগতি করিবে; হরিবাসরে তাঁহার পূজা কর্ত্তব্য। তাহার পূর্ব্বে নবধনু পরিমিত শোণবর্ণা যে শিলা, তাহা পাতকনাশিনী শরণেশী।৪৭ উচ্চতর শিবাচলে প্রকটা নামে পরমা শিবা আছেন যত্নপূর্ব্বক তাঁহার পূজা করিলে মহালক্ষ্মী লাভ হয়।৪৮ বিন্ধ্যাচলের উত্তরে নব ইষুক্ষেপ অন্তরে মহালক্ষ্মী অবস্থিতা আছেন, শ্বেতপুষ্পে তাঁহার অর্চ্চনা করিবে।৪৯ হে মহেশানি!

শ্রীপর্ব্বতে মহেশানি শ্রীকুণ্ডে স্নানমাচরেৎ।
স্নাত্বা কুণ্ডে ধ্রুবে নাম পৌর্ণমাস্যাং তথাশ্বিনে॥
দৃষ্ট্বা সম্পূজয়েদ্ভক্ত্যা ধরাণামীশ্বরো ভবেৎ॥৫০
গৌতমস্যাশ্রমং গত্বা সংপূজ্য বৃষভধ্বজং।
নরো ন নিরয়ং গচ্ছেৎ পাপস্য চ ক্ষয়োভবেৎ॥৫১
পশ্চিমাদুত্তরং তাবৎ যাবদ্দক্ষিণমানসং।
তদন্তর্গতক্ষেত্রে চ নাতি দূরে চ শাঙ্করি॥
গত্বা তত্র সমভ্যর্চ্চ্য ব্রহ্মলোকমবাপ্নুয়াৎ॥৫২
তত্রৈব সরসস্তীরে হংসতীর্থমনুত্তমং।
দ্বাদশাদিত্যমভ্যর্চ্চ্য উত্তমাং দীপ্তিমাপ্নুয়াৎ।৫৩
রেবন্তং পূজয়িত্বাথ গতিং প্রাপ্নোত্যনুত্তমাং।
অভ্যর্চ্চ্যেন্দ্রং মহৈশ্বর্য্যং গৌরি সৌভাগ্যমাপ্নুয়াৎ॥৫৪

শ্রীপর্ব্বতে শ্রীকুণ্ডে স্নান করিয়া আশ্বিনমাসের পৌর্ণমাসীতে ধ্রুব কুণ্ডে স্নানানন্তর ভক্তিপূর্ব্বক পূজা করিলে ধরণীশ্বর হয়।৫০ গৌতমের আশ্রমে গমনপূর্ব্বক বৃষধ্বজের পূজা করিলে মানবগণকে আর নিরয় ভোগ করিতে হয় না, তাহাদের সকল পাপ সংক্ষয় হইয়া যায়।৫১ হে শঙ্করি! তাহার অনতিদূরে পশ্চিম উত্তর ও দক্ষিণ মানসের মধ্যে এক ক্ষেত্র আছে তথায় গমনপূর্ব্বক পূজা করিলে ব্রহ্মলোক লাভ হয় ৫২ সেই সরোবরের তীরে অত্যুত্তম হংসতীর্থ, তথায়, দ্বাদশাদিত্যের অর্চ্চনা করিলে উত্তম দীপ্তি লাভ হয়।৫৩ অনন্তর রেবন্ত দেবের পূজা করিলে উত্তমাগতি লাভ করিয়া থাকে। হে গৌরি। তথা ইন্দ্রদেবের অর্চ্চনা করিলে মহৈশ্বর্য্য ও সৌভাগ্য প্রাপ্ত হয়।৫৪ পুরুষোত্তমের পূজা করিলে

সর্ব্বান্ কামানবাপ্নোতি সংপূজ্য পুরুষোত্তমং।
নারায়ণন্তু সংপূজ্য নরাণামধিপোভবেৎ ॥৫৫
দৃষ্ট্বা নত্বা নারসিংহং সংগ্রামে বিজয়ী ভবেৎ।
বরাহং পূজয়িত্বা তু ভূমিরাজ্যমবাপ্নুয়াৎ ॥৫৬
সোমনাথং সমভ্যর্চ্চ্য রুদ্রলোকে মহীয়তে।
পাণ্ডুকূটস্য যা ধরা সা ধারা নর্ম্মদা নদী।
তস্যাং স্নাত্বা চতুর্দ্দশ্যাং বাজিমেধঞ্চ বিন্দতি ॥৫৭
শিববিষ্ণোর্ম্মধ্যগতা যা চ যোনির্ব্বিনিঃসৃতা।
মহানদী সা বিজ্ঞেয়া সর্ব্বপাপ প্রণাশিনী ॥৫৮
নিতম্বধনয়োর্ম্মধ্যে সা ধারা পরমেশ্বরি।
মঙ্গলানাম সা ধারা সর্ব্বমঙ্গলকারিণী ॥৫৯
বিম্ব ॥পর্ব্বতান্তে চ যা ধারা সা সরস্বতী।
তস্যাঃ স্বচ্ছোদকং পাত্বা কবীনাম গ্রণীর্ভবেৎ ॥৬০

সর্ব্বকাম প্রাপ্ত হয়। নারায়ণের পূজা করিলে নরগণের অধীশ্বর হয়।৫৫ নারাসিংহকে দর্শন ও প্রণাম করিলে সংগ্রামে বিজয়ী হয়। বরাহ দেবের পূজা করিলে ভূমিরাজ্য লাভ করে।৫৬ সোমনাথের অর্চ্চনা করিলে রুদ্রলোকে গমনপূর্ব্বক পূজা প্রাপ্ত হয় পাণ্ডুকুটের যে ধারা তাহাই নর্ম্মাদা নদী, তাহাতে চতুর্দ্দশীতে স্নান করিলে অশ্বমেধের ফল লাভ করে।৫৭ শিব ও বিষ্ণুর মধ্যগতা হইয়া যে যোনি বিনিঃসৃত হইয়াছে, তাঁহাকেই সর্ব্বপাপবিনাশিনী মহানদী বলিয়া জানিবে।৫৮ হে পরমেশ্বরি! নিতম্ব ও ধনের মধ্যে যে ধারা তাহাই সর্ব্বমঙ্গলসাধিনী মঙ্গলা নদী।৫৯ তাহার স্বচ্ছবারি পান করিলে কবিগণের অগ্রণী

মতঙ্গস্য চ যা ধারা নর্ম্মদা সা ন সংশয়ঃ।
কামকুণ্ডস্য যো ধারাকামগঙ্গা সমুচ্যতে ॥৬১
কামাখ্যায়াশ্চ যা ধারা সা গঙ্গা পরিকীর্ত্তিতা।
নন্দিকুণ্ডস্য যা ধারা সা জ্ঞেয়া চ মধুস্রবা ॥৬২
কামধেনোশ্চ যা ধারা সা বিজ্ঞেয়া সুধর্ম্মিণী।
পদ্মশৈলস্য যা ধারা সা গঙ্গা উর্ব্বশী স্মৃতা ॥৬৩
নীলকুণ্ডস্য যা ধারা শুভদ্রা পরিকীর্ত্তিতা।
ব্যাসকুণ্ডস্য যা ধারা চন্দ্রভাগা চ সা স্মৃতা ॥৬৪
শক্রশৈলস্য যা ধারা উর্ব্বশী সা নিগদ্যতে।
সোমকুণ্ডস্য যা ধারানদী বৈতরণী চ সা ॥৬৫
যমশৈলস্য যা ধারা সা চ গোদাবরী স্মৃতা।
ভগুীশস্য চ যা ধারা স্নাত্বা পীত্বা প্রণম্য চ।
অগ্নিষ্টোম শতস্যাপি লভতে ফলমুত্তমং ॥৬৬

হয়।৬০ মতঙ্গের যে ধারা, তাহাই নর্ম্মদা সন্দেহ নাই। কামকুণ্ডের যে ধারা, তাহাই কামগঙ্গা নামে উক্ত হয়।৬১ কামাখ্যার যে ধারা, তাহাই গঙ্গা নামে কীর্ত্তিত হয়। নন্দিকুণ্ডের যে ধারা তাহাকে মধুস্রবা বলিয়া জানিবে।৬২ কামধেনুর যে ধারা, তাহাই সুধর্ম্মিণী। পদ্মশৈলের যে ধারা তাহা উর্ব্বশীগঙ্গা নামে বিখ্যাত।৬৩ নীলকুণ্ডের যে ধারা তাহার নাম শুভদ্রা। ব্যাসকুণ্ডের যে ধারা, তাহা চন্দ্রভাগা।৬৪ শক্রশৈলের যে ধারা, তাহা উর্ব্বশী নামে কথিত হয়। সোমকুণ্ডের ধারার নাম বৈতরণী।৬৫ যমশৈলের ধারাই গোদাবরী নামে পরিকীর্ত্তিত

ধর্ম্মারণ্যং ততো গত্বা স্নাত্বা রামহ্রদে প্রিয়ে।
কোটি লিঙ্গং ততো বীক্ষ্যেৎ প্রাপয়েদামরীং তনুঃ ॥৬৭
কামস্যৈবোত্তরে দেশে ত্রিংশদ্ধন্বন্তরে প্রিয়ে।
কোটিলিঙ্গন্তু যঃ পশ্যেদ্বাজপেয়ফলং লভেৎ ॥৬৮
প্রাণদণ্ডায় নিত্যায় নমস্তে লোহিতায় চ।
নমঃ সহস্রশীর্ষায় কোটিলিঙ্গ নমোঽস্তুতে।
নমো গিরিপতে নিত্যং গিরিবৃক্ষপ্রিয়ায় চ।
নমো যজ্ঞাধিপতয়ে কোটিলিঙ্গ নমোঽস্তুতে ॥৬৯।৭০
ইত্যনেন তু সংপূজ্য জবাপুষ্পৈ প্রপূজয়েৎ।
পায়সঞ্চ বলিং দত্বা স্তুত্বা জপ্ত্বা বিসর্জ্জয়েৎ ॥৭১
তস্য দক্ষিণপার্শ্বেন যা শিলাপার্শ্বসংগতা।
সেতোস্কং তং মহাদেবং বামে বিষ্ণুদ্বিকর্ণকং।
পুষ্পাঞ্জলিং গৃহীত্বা তু পঠেন্মন্ত্রমনন্যধীঃ ॥৭২

হয়। ভণ্ডেশ্বরের ধারায় স্নান, তাহার বারি পান ও তাহাকে প্রণাম করিলে শত অগ্নিষ্টোমের ফল লাভ হয়।৬৬ তদনন্তর ধর্ম্মারণ্যে গমন করিয়া রামহ্রদে স্নানানন্তর কোটিলিঙ্গ দর্শন করিলে দেব দেহ প্রাপ্ত হয়।৬৭ কামের উত্তর দেশে ত্রিংশৎধনু অন্তরে কোটিলিঙ্গ অবস্থিত, তাহা দর্শন করিলে বাজপেয় যজ্ঞের ফল লাভ হয়।৬৮ "প্রাণদণ্ডায় নিত্যায় নমস্তে লোহিতায় চ। নমঃ সহস্রশীর্ষায় কোটিলিঙ্গ নমোঽস্তুতে। নমো গিরিপতে নিত্যং গিরিবৃক্ষপ্রিয়ায় চ। নমো যজ্ঞাধিপতয়ে, কোটিলিঙ্গ নমোঽস্তুতে।৬৯।৭০" এই মন্ত্রে জবাপুষ্প দ্বারা পূজা করিয়া পায়স বলি প্রদানপূর্ব্বক স্তব ও জপ করিয়া বিসর্জ্জন

ধর্ম্মকামার্থমোক্ষায় ক্রূরায় কথনায় চ।
সংখ্যায় সাংখ্যমুখ্যায় বেতালায় নমোনমঃ।
কৃষ্ণাজিনোত্তরীয়ায় পীতবস্ত্রধারায় চ।
ত্বমেব ব্রহ্মা বিশ্বেশ ব্রহ্মরূপ নমোঽস্তুতে।৭৩।৭৪
তস্যাগ্রেতে ব্রহ্মযোনিং গত্বা চ মন্ত্রমুচ্চরন্।
ব্রহ্মযোনিং বিবেদ্ যস্তু ন পুনর্যোনিমাবিশেৎ॥৭৫
তির্য্যগ্‌যোনিং ন গচ্ছেত্তু ব্রহ্মণং পদমাবিশেৎ।
শিববল্লভদেশে তু মোক্ষমার্গনিবোধকে।
প্রসন্নো দেবদেবেশ ত্রাহি মাং যোনিসঙ্কটাৎ॥৭৬

করিবে।৭১ তাহার দক্ষিণভাগে পার্শ্বসংগতা যে শিলা, তাহাকে বেতাল মহাদেব, এবং বামভাগস্থিত বেতালকে দ্বিকর্ণক বলিয়া জানিবে। পুষ্পাঞ্জলি গ্রহণ পুর্ব্বক অনন্য চিত্তে এই মন্ত্র পাঠ করিবে।৭২ "ধর্ম্মকামার্থ মোক্ষায়, ক্রূরায় কথনায় চ। সংখ্যায় সাংখ্যমুখ্যায় বেতালায় নমো নমঃ কৃষ্ণাজিনোত্তরীয়ায় পীতবস্ত্র ধরায় চ। ত্বমেব ব্রহ্মাবিশ্বেশ ব্রহ্মরূপ নমোঽস্তুতে।"৭৩।৭৪ এই মন্ত্রে পুজাদি কর্ত্তব্য। তাহার আগেই ব্রহ্মযোনি, তথায় গমনপুর্ব্বক মন্ত্রোচ্চারণ করিয়া পুজা করিলে আর পুনর্ব্বার যোনি প্রবিষ্ট হইতে হয় না। সে কদাচই তির্য্যগ্‌যোনি প্রাপ্ত হয় না, সে নিশ্চিতই ব্রহ্মপদ প্রাপ্ত হয়। ব্রহ্মযোনি হইতে নিঃসৃত হইয়া সাধক মোক্ষমার্গের বোধক এবং শিববল্লভদেশে।৭৬ "প্রসন্নোভব-দেবেশ ত্রাহিমাং যোনিশঙ্কটাৎ।" এই মন্ত্রে দ্বারস্থিত শিলোৎশ্রেষ্ঠ

নিঃসৃতো ব্রহ্মযোনিং তাং গণেশং দ্বারি পূজয়েৎ।
মহাকায়ং শিলোৎশ্রেষ্ঠং মন্ত্রেণানেন সাধকঃ ॥৭৭
নমো লম্বোদরশ্রেষ্ঠ দেবানামিষ্টদায়ক।
অখিলাখ্যং প্রভো নাথ নমস্তে যোনিসঙ্কটং ॥৭৮
ততো গচ্ছেন্মুক্তিমার্গং শক্রস্যাভিমুখে যদি।
বামদক্ষিণপার্শ্বে দ্বে যুগে চ সত্যসম্ভবে।
উর্দ্ধং কৃতযুগঞ্চৈব পার্শ্বে ত্রেতা চ দ্বাপরে।
বলিবক্ত্রে স্থিতং লিঙ্গং গুপ্তাখ্যং ভুবনেশ্বরং।
তং প্রণম্য নরো ভক্ত্যা প্রাপ্নুয়াদৈশরং পদং।৭৯।৮০
চতুর্যুগং নমস্কৃত্য স্পৃষ্ট্বা দেবঃ কপর্দ্দিনং।
ন জায়তে পুনর্গর্ভে যুগদোষৈর্ন লিপ্যতে ॥৮১

মহাকায় গনেশের পুজা করিবে।৭৭ "নমো নমো লম্বোদর শ্রেষ্ঠ দেবানামিষ্টদায়ক। অখিলাখ্য প্রভোনাথ নমস্তে যোনিশঙ্কটং" ।৭৮ এই মন্ত্রে তাঁহাকে প্রণাম করিবে। তদনন্তর শক্রাভিমুখে মুক্তিমার্গে গমন কর্ত্তব্য। বামপার্শ্বে ও দক্ষিণপার্শ্বে সত্য সম্ভব দুই যুগ, উর্দ্ধে কৃত যুগ পার্শ্বে ত্রেতা ও দ্বাপর। বলিবক্ত্র স্থিত গুপ্তাখ্য ভুবনেশ্বর লিঙ্গকে ভক্তি-পুর্ব্বক প্রণাম করিয়া নরগণ ঈশ্বর পদ প্রাপ্ত হয়।৭৯।৮০ চতুর্যুগকে নমস্কার ও কপর্দ্দি দেবকে স্পর্শ করিয়া মানবগণকে পুনর্ব্বার গর্ভে জন্মগ্রহণ করিতে এবং যুগদোষে লিপ্ত হইতে হয় না।৮১ যিনিই জগজ্জ্যোতি স্বরূপধারী যুগাধীশ্বর, তিনিই ভরণপোষণে পর্য্যাপ্ত এবং ত্রেতাযুগের নরেশ্বর। তিনিই সত্য সাধনে সত্য ও নরনারায়ণাত্মক। তিনি

যুগানামধিপঃ সোহি জগজ্জাতি স্বরূপধৃক্।
তদ্যুগে যৎকৃতং পাপং ত্রাহি ত্বং পরমেশ্বর ॥৮২
সংভূতির্ভূতিপর্য্যাপ্তঃ ত্রেতাযুগনরেশ্বরঃ।
তদ্যুগে তৎকৃতং পাপং তদ্ব্যপোহতু ভূমিজং ॥৮৩
সত্যসাধনসত্যশ্চ নরনারায়ণাত্মকঃ।
হেতুভূতঃ কৃতাদীনাং সত্যধর্ম্ম নমোঽস্তুতে ॥৮৪
বিজয়াদৌ বাস্য রাজ্ঞা যুগচক্রাবলীশ্বর।
নমামি সততং ভক্ত্যা পাপং হর নমোঽস্তুতে ॥৮৫
পঞ্চাক্ষরেণ মন্ত্রেণ পূজয়েচ্চ কপর্দ্দিনং।
রাজসূয়াশ্বমেধস্য তৎফলং প্রাপ্নুয়ান্নরং ॥৮৬
কামধেনুঃ ততো দৃষ্ট্বা সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ।
পূজয়িত্বা নমস্কৃত্য ব্রাহ্মণান্ ভোজয়েত্ততঃ ॥৮৭

কৃতাদির হেতুভূত। হে পরমেশ্বর! তুমি আমাকে পরিত্রাণ কর।৮২ হে ঈশ্বর। তুমিই আমার তত্তদ্যুগকৃত ভূমিজপাপ বিনষ্ট কর।৮৩ হে সত্যধর্ম্ম! আমি তোমাকে প্রণাম করি। হে যুগচক্রাবলীশ্বর! আপনিই বিজয়াদিতে রাজগণ কর্ত্তৃক উপাসিত হইয়া থাকেন, আমি আপনাকে প্রণাম করি।৮৪ আপনি আমার পাপ হরণ করুন, আমি আপনাকে ভক্তিপূর্ব্বক নমস্কার করিতেছি।৮৫ এইরূপ স্তব ও প্রণাম করিয়া পঞ্চাক্ষর মন্ত্রে কপর্দ্দি দেবের পূজা করিলে নরগণ রাজসূয় ও অশ্বমেধ যজ্ঞের ফল প্রাপ্ত হয়।৮৬ তদনন্তর কামধেনু দর্শন করিয়া নরগণ সর্ব্বকাম প্রাপ্ত হয়। তাঁহাকে পূজা ও নমস্কার করিয়া তদনন্তর ব্রাহ্মণ ভোজন করাইবে।৮৭ "সৌভাগ্যৈ নমস্তভ্যং কামগেকামচারিণী।

পৌরভার্য্যৈ নমস্তুভ্যং কামগে কামচারিণি।
ধেনুরূপে চ সা দেবী মম পাপং ব্যপোহতু ॥৮৮
সন্দিষ্টা চ কুরুক্ষেত্রে রাহুগ্রস্তে দিবাকরে।
তুলাপুরুষদানেন যৎ ফলং সমুদাহৃতং।
তৎফলং সমবাপ্নোতি কামধেনোশ্চ দর্শনে ॥৮৯
দক্ষিণাং গুরুবে দদ্যাৎ সবিত্রেঽর্ঘ্যং নিবেদয়েৎ।
শান্তিং কৃত্বা ততো দেবি আসন কুর্য্যাদনন্যধীঃ ॥৯০
উত্থায় সূর্য্য সংবীক্ষ্য পঠেন্মন্ত্রদ্বয়ং প্রিয়ে।
নমোঽস্তু কাল্যৈ গিরিজায়ৈ কামেশ্বৈর্য্য নমোঽস্তুতে ॥৯১
নমোঽস্তু দেব্যৈ গিরিসম্ভবায়ৈ নমোঽস্তু গৌর্য্যৈ
বৃজিনান্তকায়ৈ ॥
অতীর্থে তীর্থনিষ্ঠেভ্যো বাসাদিভ্যো নমোনমঃ ॥৯২

ধেনুরূপে চ সা দেবি মম পাপং ব্যপোহতু।"৮৮ এই মন্ত্রে প্রণাম ও বন্দনা করিবে। কুরুক্ষেত্রে সূর্য্য গ্রহণ সময়ে তুলা পুরুষ দান করিলে যে ফল হয়, কামধেনুর দর্শন করিলে সেই ফল প্রাপ্ত হয় সন্দেহ নাই ॥৮৯ হে দেবি! তদনন্তর গুরুদক্ষিণা-প্রদান পূর্ব্বক সূর্য্যদেবকে অর্ঘ্যপ্রদান কর্ত্তব্য। তৎপরে শান্তি করিয়া অনন্যচিত্তে আসন করিবে।৯০ অনন্তর উত্থাপনপূর্ব্বক সূর্য্য সন্দর্শন পূর্ব্বক মন্ত্রদ্বয় পাঠ করিবে। নমোঽস্তু কালৈঃ গিরিজায়ৈ কামে শ্বর্য্যৈ নমোঽস্তুতে।৯১ নমোঽস্তু দেব্যৈ গিরিসম্ভবায়ৈ নমোঽস্তু গৌর্য্যৈ বৃজীনান্তকায়ৈ!" "অতীর্থে তীর্থনিষ্ঠেভ্যো ব্যাসাদিভ্যো নমোনমঃ।৯২

গণেভ্যো রক্ষকেভ্যশ্চ ক্ষত্রিশেভ্যো নমোনমঃ।
পোণ্ড্র বিঘ্ন নমস্তেঽস্তু নমস্তে কালভৈরব।
নমস্তে দক্ষিণামূর্ত্ত্যে দণ্ডপাণে নমোঽস্তুতে ॥৯৩
তীর্থং গত্বোপবাসশ্চ শ্রদ্ধা চ জপকর্ম্ম চ।
করিষ্যতাতি বিশ্বাস এতৎ সিদ্ধেস্তু লক্ষণং ॥৯৪

শ্রীদেব্যুবাচঃ।

যো নরঃ পাপকর্ম্মাচ ক্ষেত্রেঽস্মিন্ নিবসেৎ সদা।
সুরাদিপাতকং ঘোরং স কিং মোক্ষং গমিষ্যতি ॥৯৫

ঈশ্বর উবাচ।

পুণ্যক্ষেত্রে স্থিতো যো বৈ পাতকেষু রতঃ সদা।
যোনিং প্রবিশ্য তির্য্যশ্চাং বর্ষাণামযুতং ভবেৎ ॥৯৬
পরা পুরেব তত্রৈব জ্ঞানং সম্পদ্যতে ততঃ
মোক্ষং গমিষ্যতি সোঽপি গুহ্যমেতন্মম প্রিয়ে ॥৯৭

গণেভ্যো বৃক্ষকেভ্যশ্চ ক্ষত্রিশেভ্যো নমোনমঃ। পৌণ্ড্র বিঘ্ন নমস্তেঽস্তু নমস্তে কালভৈরব। নমস্তে দক্ষিণামূর্ত্ত্যে দণ্ডপাণে নমোঽস্তুতে।৯৩ তীর্থে গমন করিয়া উপবাস, শ্রদ্ধা, জপকর্ম্ম ও বিশ্বাস করিবে, সেই সকল সিদ্ধিরই লক্ষণ জানিবে।৯৪

দেবী কহিলেন, যে নর পাপকর্ম্মা হইয়া এই ক্ষেত্রে বাস করে, সে ব্যক্তি কি সেই ঘোর পাতক হইতে মোক্ষলাভ করিতে পারে।৯৫

ঈশ্বর কহিলেন যে মানব নিয়ত ঘোর পাপকর্ম্মে রত হইয়া পুণ্যক্ষেত্রে বাস করে, সে অযুত বৎসর তির্য্যগ যোনিতে প্রবেশ করিয়া, ৯৬ তদনন্তর উত্তমপুরে বাসানন্তর তথায় জ্ঞান প্রাপ্ত হইয়া মোক্ষলাভ করে।

স্থলভোহন্যত্র লোহিত্যেঃ পঞ্চস্থানেষু দুর্ল্লভঃ
অগস্তস্য মহাতীর্থে মণিকর্ণহ্রদ তথা
অপুনর্ভবেচন্দ্রকুণ্ডে স্থানপঞ্চকমীরিতং ॥৯৮
অক্ষতেন বিশেষণ শতমার্গসহস্রকৈঃ।
ক্ষেত্রবাহ্যস্থিতৈঃ শূন্যে কশ্চিদ্বিশেষরক্ষিতা ॥৯৯
কামাখ্যোরণভদ্রশ্চ সৌরভশ্চ মহাবলঃ।
বেতালশ্চ বিকণ্টশ্চ এতে পূর্ব্বে স্থিতাগণাঃ ॥১০০
এতজ্জঙ্ঘা নলশ্চৈব কর্দ্দমালিপ্তবিগ্রহঃ।
ঘণ্টাকর্ণস্ততোর্দ্ধশ্চ দক্ষিণং পার্শমাস্থিতা ॥১০১
বলনাশোভীষণশ্চ পশ্চিমায়াং ব্যবস্থিতঃ।
পঞ্চমোলোহিতাক্ষশ্চনন্দনশ্চ তথা মতঃ ॥১০২
কেশবশ্চক্রপাণিশ্চ ধনদস্যোত্তরাগণাঃ।
মধুনোমধুকশ্চৈব জয়ন্তশ্চ মধুশ্রিয়ঃ ।১০৩

হে প্রিয়ে! ইহা আমার গুহ্য বিষয় জানিবে ৯৭ হে দেবি! অন্যত্র বাস সুলভ, কিন্তু লৌহিত্য, অগস্ত্য তীর্থ মণিকর্ণহ্রদ, অপুনর্ভব ও চন্দ্রকুণ্ড এই পঞ্চস্থানে বাসদুর্ল্লভ।৯৮ তীর্থের শত সহস্রমার্গে ক্ষেত্র বাহ্যে ও শূন্যমার্গে অক্ষত শরীরে অবস্থিত হইয়া রক্ষকগণ, বিশেষরূপে তীর্থ করেন ৯৯ কাম, রণভদ্র মহাবল সৌরভ বেতাল, বিকণ্ট ইহারা পূর্ব্বদিকে অবস্থিত গণ।১০০ একজঙ্ঘ, নল কর্দ্দমালিপ্ত বিগ্রহ, ঘণ্টাকর্ণ ইহারা উর্দ্ধে ও দক্ষিণপার্শ্বেস্থিত গণ।১০১ বলনাশ ও ভীষণ পশ্চিম দিকে অবস্থিত। পঞ্চম লোহিতাক্ষ চন্দন।১০২ কেশব চক্রপানি ইহারা উত্তরস্থিত গণ। মধুম মধুক ও মধুশ্রীক জয়ন্ত, এই তিনজন

অবিশেষেণ রক্ষন্তি ত্রয়ঃকামেশ্বরীস্থিতাঃ ।
গণেশঃ কাল দণ্ডশ্চ বিকর্ণশ্চ কপিধ্বজং ।
দ্বারং রক্ষতি বৈ সর্ব্বং মণ্ডপঞ্চ স্বয়ং হরঃ ॥১০৪
কন্দর্পোমকরন্দশ্চ প্রবলশ্চানুদোধরঃ ।
সোমশ্চ বিপুলশ্চৈব অশ্বতীর্থে স্থিতাগণাঃ ॥১০৫
শতসাহস্রযক্ষিণ্যো মুক্তিদ্বারঞ্চ রক্ষতি ।
দশসাহস্রকশ্চৈব অন্তর্গেহঞ্চ রক্ষতি ॥১০৬
কুব্জতীর্থং ততোহপ্যষ্টৌ সহস্রৈদশভিযুতৈঃ ।
তীর্থে প্রসাদকরণে ধর্ম্মারম্ভে বিশেষতঃ ।
ব্রতযজ্ঞসমারম্ভে বিঘ্নানি নিবসন্তি বৈ ।১০৬
তেষাং সংপূজয়েদাদৌ বলিভির্মোদকাদিভিঃ ॥
অন্যথা জায়তে বিঘ্নমিতি জানীহি মে প্রিয়ে ॥১০৮

কামেশ্বরী সন্নিধানে থাকিয়া তীর্থরক্ষা করেন ।১০৩ গণেশ, কালাদন্ত, বিকর্ণ ও কপিধ্বজ, ইহারা সর্ব্বদার রক্ষা করেন, স্বয়ং মহাদেব মণ্ডপ রক্ষা করেন ।১০৪ কন্দর্প, মকরন্দ, প্রবল অনুদোধর সোম ও বিপুল ইহারা অশ্বতীর্থেস্থিত গণ ।১০৫ শত সহস্র যক্ষিণীগণ, মুক্তি দ্বার রক্ষা করেন । দশসহস্র যক্ষিণী অন্তর্গেহ রক্ষা করেন ।১০৬ দশ সহস্র যক্ষিণী কুব্জতীর্থ রক্ষা করেন । তীর্থে প্রসাদ করণে বিশেষতঃ ধর্ম্মারম্ভে ব্রতযজ্ঞারম্ভে বিঘ্ন সকল উপস্থিত হয় ।১০৭ তাহাকে মোদকাদি বলি দ্বারা প্রথমে পূজা করিতে হয় অন্যথা হইলে বিঘ্ন উপস্থিত হয় । ১০৮ হে প্রিয়ে ! অন্য অপর বিঘ্ন, সকল শরীরে বাস করে। হে প্রেয়সি ।

অথাপরাণি বিঘ্নানি শরীরে নিবসন্তি বৈ।
মানসানি জ্ঞানঘ্নানি তান্ শৃণুষ্ব মম প্রিয়ে ॥১০৯
কশ্চিন্নিবর্ত্তকো দেবি কশ্চিৎ প্রবর্ত্তকস্তথা ॥১১০
সন্নিকর্ষং বিদূরত্বা সহস্রং লক্ষমেব বা।
পাপানুস্মরণঞ্চৈব আলস্যঞ্চাপি দূষণং ॥১১১
শোকমোহ জরাব্যাধিতারুণ্যধননাশকং।
কলহং ভার্য্যয়া সার্দ্ধং দুর্ভিক্ষং গৃহসঙ্কটং ॥১১২
নানাব্রতসমাকীর্ণং ধার্ম্মিকোঽস্মীতিমানসঃ।
প্রাপ্তশোকত্ত্ব ধর্ম্মস্য করণে হীনপাতকং ॥১১৩
বৃক্ষপত্রঞ্চ তুলসী ধাত্রী বৃক্ষফলস্তথা।
শালগ্রামশিলাখণ্ডং প্রতিমা দারুজস্তথা ॥১১৪
মানুষঃ ব্রাহ্মণশ্চৈব স্বয়ম্ভূর্ব্বর্ত্তুলং শিবঃ।
শঙ্খশম্বুকভেদঞ্চ খড়্গাস্য মাংসসম্ভবং ॥১১৫

সেই সকল বিঘ্ন জ্ঞান নাশক তাহা তুমি শ্রবণ কর।১০৯ হে দেবি! কেহ নিবর্ত্তক কেহ প্রবর্ত্তক।১১০ সন্নিকর্ষ ও বিদূর সহস্র ও লক্ষবার পাপানুস্মরণ আলস্যপর দূষণ।১১১ শোক, মোহ, জরা, ব্যাধি, তারুণ্য ধননাশ, ভার্য্যার সহিত কলহ, দুর্ভিক্ষ, গৃহ শঙ্কট।১১২ বহুব্রতানুসরণ আমি ধার্ম্মিক এইরূপ বুদ্ধি প্রাপ্তশোকত্ব, অধর্ম্ম করণে পাপহীনত্ব জ্ঞান ১১৩ তুলসীকে বৃক্ষপত্র ধাত্রীকে বৃক্ষফলজ্ঞান, শালগ্রামকে শিলাখণ্ড-জ্ঞান, প্রতিমায় দারুত্ব বুদ্ধি।১১৪ ব্রাহ্মণে মনুষ্যত্বজ্ঞান, স্বয়ম্ভু শিবে বর্ত্তুলত্ব বুদ্ধি, শঙ্খে শম্বুক বিশেষত্বজ্ঞান, খড়্গে মাংস সম্ভবত্বজ্ঞান।১১৫

দৃষ্টা দারা ভবেদেবং তীর্থজাতং জলন্তথা।
গঙ্গায়াং বা নদীরূপং পুণ্যক্ষেত্রঞ্চ ভূমিকা ॥১১৬
ইত্যেনানি চ বিঘ্নানি সংযান্তি চ পুনঃ পুনঃ।
মনত্রবোস্তুরেন্নিত্যং মন এবাত্র কারণং।
মন এব মনুষ্যাণাং কারণং বন্ধমোক্ষয়োঃ ॥১১৭
তন্নিষ্ঠস্তৎপরং জাতং তন্মুখ্যং দুঃখকারণং।
চিন্তমন্তর্গতং দুষ্টং তীর্থস্নানে নিষিধ্যতে ॥১১৮
পঠেদ্‌যঃ শৃণুয়াদ্বাপি ভক্তিমুক্তিমবাপ্নুয়াৎ।
পুত্রার্থী লভতে পুত্রং কীর্ত্যার্থী কীর্ত্তিমাপ্নুয়াৎ ॥১১৯
বিদ্যার্থী লভতে বিদ্যাং জয়ার্থী লভতে জয়ং।
ব্রহ্মহত্যাদিপাপঞ্চ পাপশুদ্ধিমবাপ্নুয়াৎ ॥১২০
বন্ধ্যাপি লভতে পুত্রং কন্যা বিন্দতি সৎপতিং।
মোক্ষার্থী লভতে মোক্ষং ভোগার্থী ভোগমাপ্নুয়াৎ ॥১২১

তীর্থে জলবুদ্ধি, গঙ্গায় নদীবুদ্ধি, পুণ্যক্ষেত্রে ভূমিবুদ্ধি।১১৬ এই সকল বিঘ্ন পুনঃ পুনঃ ঘটিতে থাকে। মনই নিত্য, মনই উহাতে কারণ, মনই মনুষ্যগণের বন্ধমোক্ষের হেতু।১১৭ মনঃস্থিত দুষ্টভাবে নিষ্ঠা, তৎপরতা ও আভিমুখ্য হইলে তাহা দুঃখের কারণ হয়। মনঃস্থিত দুষ্টভাব, তীর্থ-স্নান করিতে নিষেধ করে।১১৮ যে ব্যক্তি ইহা শ্রবণ করে, সে ভোগও মোক্ষ উভয়ই প্রাপ্ত হয়. পুত্রার্থী পুত্র, কীর্ত্তিপ্রার্থী কীর্ত্তি।১১৯ বিদ্যার্থী বিদ্যা, জয়ার্থী জয়, বন্ধ্যা পুত্র, কন্যা সৎপতি. মোক্ষার্থী মোক্ষ, ভোগার্থী ভোগে, কাব্যার্থী সারাৎসার কবিত্ব, জ্ঞানার্থী সর্ব্বসংসার মুদ্গর জ্ঞান প্রাপ্ত হয় এবং ব্রহ্মহত্যাদি পাপকারিগণ সেই সকল পাপ হইতে মুক্তিলাভ

কাব্যার্থী চ কবিত্বঞ্চ সারং নিঃসারমাপ্নুয়াৎ।
জ্ঞানার্থী লভতে জ্ঞানং সর্ব্বসংসারমুদ্গরং ॥১২২
ইদং স্বাস্ত্যয়নং ধন্যং যোগিনীনামৃতন্ত্রকং।
নাকালে মরণং তস্য শ্লোকমেকন্তু যঃ পঠেৎ।
শ্লোকার্দ্ধপঠনাদস্য দুষ্টগ্রহক্ষয়ো ভবেৎ ॥১২৩

ইতি যোগিনীতন্ত্রে সর্ব্বতন্ত্রোত্তমে দ্বিতীয়ভাগে অষ্টমঃ পটলঃ।

নবমঃ পটলঃ।

শ্রীভগবানুবাচ।

শৃণু দেবি প্রবক্ষ্যামি নির্ম্মলং ভুবি দুর্ল্লভং।
লিঙ্গ শতষ্টকযুতং হরিক্ষেত্রসমং শুভং ॥১
বিষ্ণুপুষ্করকং ক্ষেত্রং শতাষ্টতীর্থসংযুতং।
হৃষ্টপুষ্টজনাকীর্ণং নরনারীসমন্বিতং ॥২

করিয়া থাকে। এই যোগিনীতন্ত্র স্বস্ত্যয়ন, ধন্য, ইহার একশ্লোকমাত্র পাঠ করিলে অকালে মরণ হয় না। শ্লোকার্দ্ধমাত্র পাঠ করিলে দুষ্ট গ্রহক্ষয় হয়।১২০।১২৩

ইতি শ্রীযোগিনীতন্ত্রে সর্ব্বতন্ত্রোত্তমে দ্বিতীয়ভাগে অষ্টম পটল সমাপ্ত।

শ্রীভগবান্ কহিলেন, দেবি! শ্রবণ কর, ভূতলে দুর্ল্লভ অতি নির্ম্মল, হরিক্ষেত্র সদৃশ শুভকর।১ অষ্টোধিক শত লিঙ্গযুক্ত ও অষ্টাধিক তীর্থ সম্বলিত বিষ্ণুপুষ্কর নামে এক পুণ্যক্ষেত্র আছে। ঐ স্থানে হৃষ্টপুষ্টজনগণে

বিদ্বন্নিকরভূয়িষ্ঠং ধনধান্যাদিসংযুতং।
গৃহাণাং পুর সংযুক্তং ভুবি চত্বারভুষিতং ॥৩
নানামণিগণাকীর্ণং নানারত্নোপশোভিতং।
পুরাট্টালকসংকীর্ণং বীথীভিঃ সমলঙ্কৃতং ॥৪
রাজহংসনিভৈঃ শুভ্রৈঃ প্রাসাদৈরুপশোভিতং।
সততোপি জলৈধৌতং সুরাভাণ্ডমিবাশুচিঃ ॥৫
যদি বসতি গুহায়াং পর্ব্বতাগ্রে চিরস্থা।
যদি ধরতিত্রিদণ্ডং ভস্মকাচ্ছাদনং বা।
যদি পঠতি পুরাণং দেবসিদ্ধান্ততত্ত্বং।
যদি হৃদয়মশুদ্ধং সর্ব্বমেতদ্বিরুদ্ধং ॥৬
ন তীর্থানি ন দানানি ন ব্রতানি ন চাশ্রমাঃ।
দুষ্টাশয়ঃ দুষ্টরতিঃ প্রণষ্টব্যাধিচেন্দ্রিয় ॥৭

আকীর্ণ। তথায় দিব্যকান্তি নরনারীগণ ২। ও বহুবিধ বিদ্বদ্গণ বসতি করিয়া থাকে। ঐ স্থান ধনধান্যে ও চত্বরে শোভিত গৃহ সমূহে পরিপূর্ণ।৩ ও নানাবিধ রত্ন মণি দারা সুশোভিত। ঐ স্থানে অট্টালবিশিষ্ট বিপণি সকল।৪ এবং জল ধৌত সদৃশ শুভ্রাকার প্রাসাদনিচয় শোভা পাইতেছে। যদি মানস বিশুদ্ধ হয়, তবে সকল স্থলই পুণ্যজনক হয়, যদি মানস অশুদ্ধ হয়, তবে সুরাভাণ্ডের ন্যায় সতত অশুচি থাকে।৫ যদি মানবগণ, পর্ব্বতাগ্রে বা পর্ব্বত গুহায় বাস ত্রিদণ্ড ধারণ, ভস্ম ম্রক্ষণ এবং বেদ সিদ্ধান্ত তত্ত্ব ও পুরাণ পাঠ করে, তথাপি হৃদয় অশুদ্ধ হইলে নিষ্ফল ও বিরুদ্ধ হয়।৬ তাহার তীর্থ, দান ব্রত, আশ্রম, সকলি নিষ্ফল। দুষ্ট আশা ও দুষ্ট রতি মনুষ্যকে ব্যাধির ন্যায় বিনষ্ট করে।৭ অতএব ইন্দ্রিয়

ইন্দ্রিয়াণি বশীকৃত্য যত্র তত্র বসেন্নরঃ।
তত্র তস্য কুরুক্ষেত্রং প্রয়াগং পুষ্করং গয়া ॥৮
ন লঙ্ঘয়েৎ পানধর্ম্মং দেশধর্ম্মং স লঙ্ঘয়েৎ।
যস্মিন্ পীঠে য আচারঃ স আচারো বিধি স্মৃতঃ।৯
ওড্রে পুরুষোত্তমক্ষেত্রে পীঠে চ বরবর্ণিনি।
অন্নং ন দূষয়েৎ তত্র ব্রাহ্মণেন চ বৃত্যতা ॥১০
স্পৃষ্টাস্পৃষ্টং যোনিদোষং পানদোষং ন গণ্যতে।
বিবাহব্যত্যয়স্তত্র পরিবিত্তিং ন দূষ্যতি।
শয়নঞ্চৈব শেষে তু স্ত্রীজনাসন্নউদ্ভবঃ ॥১১
জালন্ধরে মহেশানি দূষয়েন্মৎস্যমাংসকং।
পাদুকায়াবিশুদ্ধিশ্চ শুভ্রং তক্রঞ্চ গর্হিতং ॥১২
পূর্ণং সন্ধ্যা সধর্ম্মেণ কালধর্ম্মো ন বিদ্যতে।
সর্ব্বেশোযোগিনীপীঠে ধর্ম্মকৈরাতজং মতং ॥১৩

সংযমন পূর্ব্বক যেথানে সেখানে বাস করিলে, তাহার কুরুক্ষেত্র প্রয়াগ ও গয়াস্বরূপ। পান ধর্ম্ম ও দেশধর্ম্ম লঙ্ঘন করিবে না।৮ যে পীঠে যে আচার নির্দ্দিষ্ট, সেই পীঠে তাহাই বিধি।৯ হে বরবর্ণিনি! ওড্র ও পুরুষোত্তম অন্ন ও ব্রাহ্মণের বৃত্যতা,।১০ স্পৃষ্টাস্পৃষ্ট ও যোনি দোষ ও পানদোষ গণ্য নহে! বিবাহব্যত্যয় ও পরিবিত্ত অর্থাৎ জ্যেষ্ঠ বিদ্যমানে কনিষ্ঠের বিবাহ দোষের নিমিত্ত হয় না। স্ত্রীজনের অন্ত-সন্নিধানে কথোপকথন শয়নাদি দূষণীয় নয়।১৩ হে মহেশানি! জাল-ন্ধর মৎস্য মাংস ও পদে পাদুকা প্রদান ও শুভ্র তক্র গর্হিত।১২ পূর্ণাসন্ধ্যা ও কাল ধর্ম্ম না। সর্ব্বেশ যোগিনী পীঠে কিরাত ধর্ম্ম প্রচলিত।১৩

কামরূপেণ সন্ন্যাস স্তথা দীর্ঘস্মতং প্রিয়ে।
ন ত্যজেৎ সামিষং দেবি ব্রহ্মচর্য্যমতং ন চ ॥১৪
সংসর্গপাতকেনৈব স্ত্রীধর্ম্মষর্ম্মনাশ্রয়ং।
ন শুক্রদর্শনং স্ত্রীণাং তাম্বুলাশা সদা ভবেৎ ॥১৫
হংসপারাবতং ভক্ষ্যং কূর্ম্মং বারাহমেব চ।
কামরূপে পরিত্যাগদ্দুর্গতিস্তস্য সম্ভবঃ ॥১৬
হীনাচারস্তু সৌমারে সর্ব্বাশী সর্ব্ববিক্রয়ী।
তত্র নারী সদা রোধাতত্র রাজা সুপুণ্যবান্ ॥১৭
কোল্বপীঠে জাতিধর্ম্মান্ স্বজাত্যুক্তেন বর্ত্তয়েৎ।
ধর্ম্মাধর্ম্মবিচারেণ স্বং রূপং স্বনিরূপকং ॥১৮
মহেন্দ্রে চৈব যোগী চ ব্রহ্মজ্ঞানী সুবুদ্ধিমান্।
শ্রীহট্টেপানবিপুলং ম চান্নস্য পরিক্রিয়া ॥১৯

কামরূপে দীর্ঘতম সন্ন্যাস। তথা আমিষ পরিত্যাগ করে না, সুতরাং ব্রহ্মচর্য্য মত নাই।১৪ স্ত্রী ধর্ম্ম কর্ম্মে পাতকের সংসর্গ নাই। স্ত্রীগণের শুক্র দর্শন নাই, তাহারা সততই তাম্বুল চর্ব্বণ করে।১৫ কামরূপে হংস পারাবত, কূর্ম্ম ও বরাহ ভক্ষ্য, এই সকল পরিত্যাগ করিলে তথায় দুর্গতি লাভ হয়।১৬ সৌমারে নরগণ হীনাচার সর্ব্বভক্ষী ও সর্ব্ব বিক্রয়ী, তথায় নারী সর্ব্বদাই নিরুদ্ধ এবং রাজা সুপুণ্যবান জানিবে।১৭ কোলব পীঠে স্বজাত্যুক্ত মতে জাতিধর্ম্ম প্রবর্ত্তিত হয়। ধর্ম্মাধর্ম্ম আচারে তাহারা স্বয়ং নিরূপণ ও আচরণ করে।১৮ মহেন্দ্রে সুবুদ্ধি ব্রহ্মজ্ঞানী যোগী বাস করেন। শ্রীহট্ট পান বহুল, তথায় অন্নপরিক্রিয়া নাই।১৯ হে দেবি!

এতৎ সর্ব্বং সমাখ্যাতং যৎ পৃষ্টং হি ত্বয়াধুনা।
নাশিষ্যায় ন দাতব্যং দেবব্রাহ্মণনিন্দকে ॥২০
পিশুনায় ন দাতব্যং দেবভক্তিবিবর্জ্জিতে।
দাতব্যং ভক্তিযুক্তায় স্বধর্ম্মনিরতায় চ ॥২১
নীলরক্তৈস্তথা শুভ্রৈঃ প্রাসাদৈরুপশোভিতং।
রক্ষিতং শাস্ত্রসংঘৈশ্চ পরিখাভিরলঙ্কৃতং ॥২২
সিতরক্তৈস্তথা পীতৈঃ কৃষ্ণৈশ্চান্যৈশ্চ বর্ণ কৈঃ।
ধূমৈঃ সমীরণৈর্ধূ্মৈঃ পতাকৈশ্চস্বলঙ্কৃতং ॥২৩
নিত্যোৎসব প্রমুদিতং নানাবাদিত্র নিঃস্বনং।
বীণাবেণুমৃদঙ্গৈশ ক্ষেপণীভিরলঙ্কৃতং ॥২৪
দেবতায়তনৈর্দ্দিব্যৈঃ প্রাকামাদোন মণ্ডিতৈঃ।
পূজাবিচিত্ররচিতৈঃ সর্ব্বতঃ সমলঙ্কৃতং ॥২৫

যাহা তুমি জিজ্ঞাসা করিলে, আমি তৎসমুদায় কীর্ত্তন করিলাম। ইহা ব্রাহ্মণ নিন্দক, অশিষ্য।২০ খল বেদভক্তি, বিবর্জ্জিত ব্যক্তিগণকে কদাচই প্রদান করিবে না, ভক্তিযুক্তা ও স্বধর্ম্ম নিরত ব্যক্তিকে প্রদান করিবে।২১

হে দেবি! নীলরক্ত ও শুভ্রবর্ণ প্রাসাদমণ্ডলে পরিশোভিত, শাস্ত্র-সমূহে পরিরক্ষিত, পরিখালঙ্কৃত ॥২২ শ্বেত-রক্তপীত কৃষ্ণ ধূম্রাদি বিবিধ-বর্ণ পতাকাবলী দ্বারা পরিশোভিত ॥২৩ বিবিধ বাদিত্রধ্বননিনাদিত, নিত্যোৎসবে প্রমোদিত, বীণাবেণু মৃদঙ্গ ক্ষেপণীগণে অলঙ্কৃত।২৪ দিব্য-দেবায়তনবিশিষ্ট প্রভূত উদ্যানপরম্পরায় পরমণ্ডিত, বিবিধ পূজোপকরণে

স্ত্রিয়স্তত্র প্রমুদিতা দৃশ্যন্তে তনুমধ্যমাঃ ।
হারভারর্পিতগ্রীবাঃ পদ্মপত্রায়তেক্ষণাঃ ॥২৬
পানোন্নতকুচযুগাঃ পূর্ণচন্দ্রসমাননাঃ ।
স্থিরালকাঃ সুকপোলাঃ কাঞ্চীনূপুরনাদিতাঃ ॥২৭
সুকল্পচারুজঘনাঃ কর্ণান্তায়তলোচনাঃ ।
নানাজলাশয়ৈশ্চাশ্যৈঃ পদ্মিনীশতমণ্ডিতৈঃ ॥২৮
সরাংসি চ মনোজ্ঞানি প্রসন্নসলিলানি চ ।
কুমুদৈঃপুণ্ডরীকৈশ্চ তথ নীলোৎপলৈঃশুভৈঃ ॥২৯
কদম্বৈশ্চক্রবাকৈশ্চ তথৈব জলকুক্কুভৈঃ ।
কারণ্ডবোৎকরৈর্হংসৈস্তথা নৈর্জলচারিভিঃ ॥৩০

সর্ব্বত্র পরিশোভিত ।২৫ অপুনর্ভব নামে এক মনোহর পুণ্যপ্রদ তীর্থক্ষেত্র আছে। তথাকার স্ত্রীগণ মধ্যমতনু এবং নিয়ত প্রমুদিত পরিদৃষ্ট হয়। ঐ আয়তলোচনা রমণীগণের গ্রীবাদেশ মনোহর হারাবলী দ্বারা সুশোভিত, তাহাদের কুচযুগল পীন ও উন্নতি আনন পূর্ণচন্দ্র সমান, কপোলফলক মনোহর, অলকাবলী স্থিরতর, জঘনদেশ সুচারু ও মনোহর লোচনযুগল, কর্ণ পর্য্যন্ত বিস্তৃত। তাহাদের কাঞ্চী ও নূপুরনিস্বনে নিনাদিত হইয়া ঐ স্থান জনগণের মনোহরণ করিয়া থাকে ।২৬ ২৮ এবং ঐ স্থান শত শত সরোজমণ্ডলে পরিশোভিত প্রসন্নসলিল জলাশয় সরোবরে একান্ত মনোহর। ঐ জলাশয় সকল কুমুদ পুণ্ডরীক নীলোৎপল প্রভৃতি সুশোভন জলজপুষ্পে এবং কদম্বচক্রবাক, জলকুক্কুভ, কারণ্ডব হংস প্রভৃতি মনোহর কলকণ্ঠ জলচরগণে সমলঙ্কৃত রহিয়াছে ।২৯।৩০ ঐ সকল

এবং নানাবিধৈর্বৃক্ষৈঃ পুনৈর্নানাবিধৈরবৈঃ।
নানাজলাশয়ৈশ্চান্যৈঃ শোভিতং তৎসমন্বিতং ॥৩১
আস্তেতত্র স্বয়ং দেবো হয়গ্রীবোজনার্দ্দনঃ।
পৃথিব্যাং যানি তীর্থানি সরিতশ্চ সরাংসি চ॥
পুষ্করিণ্যস্তড়াগানি ব্যাপঃ কুণ্ডশ্চ সাগরাঃ ॥৩২
তেভ্যঃ পূর্ব্বং সমাহৃত্য জলানি চ পৃথক্ পৃথক্।
সর্ব্বলোকহিতার্থায় রুদ্রঃ সোমো গণৈঃ সহ ॥৩৩
তীর্থপুনর্ভবোনাম তস্মিন্ ক্ষেত্রে বরাননে।
চকার কামিভিঃসার্দ্ধং ততোঽপুনর্ভবং স্মৃতং ॥৩৪
অস্মিংশ্চ বিপুলে ক্ষেত্রে মাঘে মাসি মম প্রিয়ে।
যস্তত্র যাত্রাং কুরুতে বিপুলে ত্রিজিতেন্দ্রিয়ঃ।
বিধিবৎ সরসি স্নাতা ততঃ শ্রদ্ধাসমন্বিতঃ ॥৩৫

জলাশয় তীরজাত বিবিধ ফলকণ্ঠ পক্ষিকুল নিনাদিত প্রসূত প্রসূন পাদপগণে পরিশোভিত। এই স্থান অন্যান্য বহুতর জলাশয়ে অলঙ্কৃত রহিয়াছে।৩১ তথায় স্বয়ং দেব জনার্দ্দন হয়গ্রীব বসতি করিতেছিলেন। পৃথ্বীতলে যে কিছু তীর্থ, সরিৎ সরঃ ও পুষ্করিণী, তড়াগ, বাপী, কুণ্ড ও সাগর আছে।৩২ তাহাদিগের হইতে পৃথক্ পৃথক্ বারি আহরণ করিয়া, সর্ব্বলোকর হিতের নিমিত্ত, সর্ব্বগণ সহিত রুদ্র ও সোম এইস্থানে অবস্থিতি করেন।৩৩ হে বরাননে! সেই অপুনর্ভব তীর্থক্ষেত্রে, কাম্য বস্তুর উপভোগ করিয়াও বাস করিলে আর জন্মগ্রহণ করিতে হয় না। এই নিমিত্ত এই স্থানের নাম অপুনর্ভব হইয়াছে।৩৪ হে প্রেয়সি! মাঘমাসে সংযতেন্দ্রিয় যে হইয়া মানব এই বিপুল তীর্থক্ষেত্রে যাত্রা করে এবং

দেবানৃষীন্মনুষ্যাংশ্চ পিতৃন্ সন্তর্পয়েত্ততঃ।
তিলোদকেন বিধিবন্নামগোত্রবিধানতঃ।
স্নাত্বৈবং বিধিবত্তত্র সোঽশ্বমেধফলং লভেৎ ॥৩৬
গ্রহোপরাগবিষুবে সংক্রান্ত্যাময়নে তথা।
যুগাদৌ ষড়শীনাঞ্চ তথান্যে চ শুভে তিথৌ।
যস্তত্র দানং বিপ্রেভ্যঃ প্রযচ্ছতি ধনাদিকং।
অন্যতীর্থাচ্ছতগুণং ফলন্তুপ্রাপ্নুবন্তি বৈ ॥৩৭।৩৮
পিণ্ডং তত্র প্রযচ্ছন্তি পিতৃভ্যঃ সরসস্তটে।
পিতৃণামক্ষয়াং তৃপ্তিং তৎ কুর্ব্বন্তি ন সংশয়ঃ ॥৩৯
ধনুরষ্টপ্রমাণঞ্চ কুণ্ডমানং প্রকীর্ত্তিতং।
বরাহকাময়োর্ম্মধ্যে তত্তীর্থং সর্ব্বকামদং ॥৪০
পুনর্ভবনং যস্মাদপুনর্ভব তৎসরঃ ॥
তত্র স্নাতা নরোযাতি ভাস্করস্যালয়ং প্রতি ॥৪১

শ্রদ্ধাভক্তি সমন্বিত হইয়া, ।৩৫ সরসীজলে বিধিপূর্ব্বক স্নানানন্তর, দেবঋষি মনুষ্য ও পিতৃগণের তর্পণ এবং বিধিপূর্ব্বক নাম গোত্র বিধানে তিলোদকে স্নান করে, সে অশ্বমেধের ফল প্রাপ্ত হয় সন্দেহ নাই।৩৬ গ্রহণে বিষুবে, সংক্রমণে, অয়নে, ষড়শীর যুগাদিতে ও অন্যান্য শুভ তিথিতে যে ব্যক্তি তথায় বিপ্রগণকে ধনাদি দান করে, তবে সে অন্যান্য তীর্থ অপেক্ষা শতগুণ ফল লাভ করে সন্দেহ নাই।৩৭।৩৮ যে নর, তথায় সরস্তটে পিতৃগণকে পিণ্ড প্রদান করে, তদ্দ্বারা তাহার পিতৃগণের অক্ষয় তৃপ্তি লাভ হয় সন্দেহ নাই।৩৯ বরাহ ও কামরূপের মধ্যস্থিত সর্ব্বকামপ্রদ সেই কুণ্ডের পরিমাণ অষ্টধনুঃ। ৪০ তাহাতে স্নানাদি

ন পুনর্জ্জায়তে জন্তুর্যস্মাৎ ত্বয়ি নিমজ্জনাৎ ॥
অতঃস্নামিমহাতীর্থপাপংহরনমোঽস্তুতে ॥
অনেন স্নানং কুর্য্যাত্তু পশ্যদ্দেবং ত্রিলোচনং ॥৪২
গোকর্ণঞ্চ বিকর্ণঞ্চ যোগীশং সর্ব্বকামদং ॥
গোকর্ণবৃষভাকারং বিকর্ণ পুরুষাকৃতিং ॥৪৩
অধস্তাচ্চৈব যোগানাং যোগজ্ঞানং ততঃ পরং ।
উত্তরে চ সরস্তীরে পর্ব্বতে ভদ্রকাশকে ॥৪৪
যা শিলা পৌত্রবিত্তা চ মধ্যে শোণচ্যুতিঃ প্রিয়ে।
পঞ্চধম্বন্তরে যাবদ্ধরবীথীতি ক্ষেত্রকং ॥৪৫
তস্যাঃ শৈবশিলায়াস্তু স্বভাবে দেবতাত্রয়ং ।
সম্পাছ্য বিধিবদ্ভক্ত্যা গন্ধৈঃ পুষ্পৈঃ পৃথগ্বিধৈঃ ।
চতুর্দ্দশ্যাঞ্চ মিথুনে মৃতে মোক্ষমবাপ্নুয়াৎ ॥৪৬

করিলে পুনর্ভব অর্থাৎ পুনর্জন্ম হয় না বলিয়া উহার নাম অপুনর্ভব। নরগণ তথায় স্নান করিয়া ভাস্করালয়ে গমন করে।৪১ "ন পুনর্জায়তে জন্তুর্যস্মাৎ ত্বয়িনিমজ্জনাৎ। অতঃস্নামি মহাতীর্থ পাপংহর নমোঽস্তুতে" এই মন্ত্রে স্নান করিয়া ত্রিলোচন দেবকে দর্শন করিবে।৪২ তদনন্তর গোকর্ণ সর্ব্বকামপ্রদ যোগীশ ও বিকর্ণ। গোকর্ণের আকার বৃষভের ন্যায় বিকর্ণের আকৃতি পুরুষ সদৃশ।৪৩ এই স্থানে যোগীদর্শনে যোগিগণের পরম যোগজ্ঞান লাভ হয়। উত্তর সরস্তীরে ভদ্রকাশ পর্ব্বতে।৪৪ পৌত্রবিত্তাঙ্গিলা ও মধ্যভাগে শোণচ্যুতিশিলা আছে। তাহার পঞ্চধনু অন্তরে হরবীথী নামে বিখ্যাত ক্ষেত্র।৪৫ সেই শৈবশিলার স্ব স্ব ভাগে ঐ তিনটী দেবতা আছেন, ভক্তিপূর্ব্বক আষাঢ়মাসে গন্ধ পুষ্পাদি দ্বারা

ত্রিশূলাভয়হস্তায় চ ষর্জ্জটাভারবিধারিণে।
বৃষধ্বজায় দেবায় গোকর্ণায় নমো নমঃ॥
যুগরূপায়দেবায় চন্দ্রহস্তায় বিষ্ণবে।
গদাশারঙ্গহস্তায় বিকর্ণায় নমো নমঃ॥
মহেশায় বৃষস্থায় জ্ঞানরূপায় জ্ঞানিনে।
ধর্ম্মজ্ঞায় স্বরূপায় যোগীন্দ্রায় নমোঽস্তুতে।৪৭-৪৯
অপুনর্ভবপূর্ব্বেতু নবধন্বন্তরায় চ।
সপ্তধান্বন্তরং যাবৎ কুণ্ডং বারাণসীয়কং।
তত্র স্নাত্বা মহেশানি মৃতে মোক্ষমবাপ্নুয়াৎ॥৫০
চৈত্রে কামত্রয়োদশ্যাং মন্ত্রেণানেন যত্নতঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তঃ স গচ্ছেৎ ব্রহ্মণঃ পদং॥৫১
সর্ব্বতীর্থেষু যৈঃ স্নানং কৃতং বর্ষশতৈরপি।
সকৃদ্‌বারাণসীকুণ্ডে তৎফং লভতে ক্ষণাৎ॥৫২

পূজা করিলে মোক্ষ লাভ হয়।৪৬ গোকর্ণের প্রণাম যথা "ত্রিশূলাভয় হস্তায় জটাভার বিধারণে। বৃষধ্বজায় দেবায় গোকর্ণায় নমোনমঃ।" বিকর্ণের প্রণাম যথা, "যুগরূপায় দেবায় চন্দ্রহস্তায়বিষ্ণবে। গদাশারঙ্গ হস্তায় বিকর্ণায় নমোনমঃ।" যোগীন্দ্রের প্রণাম যথা—মহেশ্বরে, বৃষস্থায় জ্ঞানরূপায় জ্ঞানিনে, ধর্ম্মজ্ঞায় স্বরূপয়ে, যোগীন্দ্রায় নমোস্তুতে" ৪৭।৪৯ অপুনর্ভবের পূর্ব্বভাগে নবধনু অন্তরে, সপ্তধনু পর্য্যন্ত বিস্তৃত বারাণসীয়ক কুণ্ড, হে মহেশানি! তথায় স্নান করিয়া মরণান্তে মোক্ষপ্রাপ্ত হয়।৫০ চৈত্রমাসের কামত্রয়োদশীতে, মন্ত্রপূর্ব্বক তথায় স্নান করিলে, সর্ব্বপাপ হইতে মুক্ত হইয়া ব্রহ্মপদ লাভ করে সন্দেহ নাই।৫১ সর্ব্বতীর্থে শতবৎসর

তস্য পূর্ব্বে ধনুঃ পঞ্চ দৈর্ঘ্যমানেন শাঙ্করি।
মার্কণ্ডেয়হ্রদো নাম তত্র স্নাতা ব্রজেচ্ছিবং ॥৫৩
উত্তরেণ সরস্তীরে মার্কণ্ডেশ্বরসংজ্ঞিতং।
যে বা পশ্যন্তি চ স্নাত্বা কুণ্ডে মাহেশ্বরং ততঃ ॥৫৪
আদিত্যমর্চ্চিতং তত্র দেবদেবং ত্রিলোচনং।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিমানবরমাস্থিতঃ ॥
উদ্গীয়মানো গন্ধর্ব্বৈঃ শিবলোকং ব্রজন্তি বৈ।
তিষ্ঠন্তি তত্র মুদিতাঃ কল্পমেকং বরাননে ॥৫৫-৫৬
মার্কণ্ডেয়ো মুনিশ্রেষ্ঠস্তপস্তেপে মহামতিঃ।
মার্কণ্ডেয়হ্রদো নাম পাপং মম হৃদো হর ॥৫৭॥
অনেন মজ্জনং কৃত্বা কুর্য্যান্মুণ্ডস্য মুণ্ডনং।
শ্রাদ্ধং কুর্য্যাৎ প্রযত্নেন উপবাসং সমাচরেৎ ॥৫৮

স্নান করিয়া যে ফল হয়, বারাণসীকুণ্ডে একবার স্নান করিয়া তৎক্ষণাৎ সেই ফল লাভ হইয়া থাকে।৫২ হে শঙ্করি! তাহার পঞ্চধনু অন্তরে মার্কণ্ডেয় হ্রদ, তথায় স্নান করিলে শিবত্ব লাভ হয়। সরসীর উত্তরতীরে মার্কণ্ডেয় নামে মহেশ্বর আছেন, ঐ সরোবরে স্নান করিয়া দেবদেব ত্রিলোচন ও আদিত্যের অর্চ্চনা করিলে সর্ব্বপাপে বিমুক্ত হইয়া বিমানে আরোহণ পূর্ব্বক, গন্ধর্ব্বগণ কর্তৃক উপগীয়মান হইয়া শিবলোকে গমন করে! হে বরাননে! তথায় প্রমুদিতচিত্তে অল্পকাল বাস করে।৫৪,৫৬ "মার্কণ্ডেয়ো মুনিশ্রেষ্ঠ স্তপস্তেপে মহামতিঃ। মার্কণ্ডেয় হ্রদোনাম পাপং মম হ্রদো হর" ।৫৭ এই মন্ত্রে মর্জ্জন করিয়া মস্তক মুণ্ডন করিবে। সেই

ততঃ প্রভাতে বিমলে নিত্যং নির্ব্বর্ত্ত্য সাম্প্রতং।
গোকর্ণস্য বিকর্ণস্য নাতিদূরে মহেশ্বরি ॥৫৯
কুণ্ডং ব্রহ্মসরো নাম একবিংশতিমানতঃ।
তত্র স্নাত্বা ক্লমহরং ন পুনর্ভবমাদিশেৎ ॥৬০
মুক্তয়ে সর্ব্বপাপানাং ব্রহ্মণা নির্ম্মিতং পুরা।
ব্রহ্মকুণ্ড মহাভাগ ত্রাহি মাং ভবসাগরাৎ ॥৬১
স্নাত্বা চানেন মন্ত্রেণ সরস্তস্যৈব পশ্চিমে।
কৃষ্ণাখ্যশৈলরূপশ্চ বরাহো নাম নামতঃ ॥৬২
তং প্রণম্য নরোভক্ত্যা বিষ্ণুলোকে প্রমোদতে ॥৬৩
পিশঙ্গরোমাঞ্চিততুঙ্গকায় দংষ্ট্রাগ্রভাগে চ ধরাধরায়
নীলাচলাঙ্গকলেবরায় মহাবরাহায় নমো নমস্তে ॥৬৪
গোকর্ণস্য তদৈশান্যাং ইষুক্ষেপত্রয়ান্তরে।
সদনে পর্ব্বতে রম্যে গত্বা পশ্যেচ্চ শঙ্করং ॥৬৫

